দিয়েনে ইয়াকুবর বংশধর। ইয়াকুব আর বিল্হার এই বংশধরগিন মোট আছিল্ সাতজন।

26 ইয়াকুবর লগে যারা মিসর দেশত্ গেইয়্যেল, মানি তেঁইর নিজর বংশধরগিন আছিল্ মোট
ছষট্যিজন; এই সইংক্যার মইধ্যে তেঁইর ফোয়াগিনর বউঅক্যলরে ধরা নঅঅ অঅ।

27 মিসর দেশত্ ইউসুফর যে দুয়া ফোয়ার জন্ম অইয়্যেল্ আর ইয়াকুরর ফরিবারর যারা মিসরত্
গেইয়্যেল্ য়িতারা আছিল্ মোট সোত্যোরজন।

হযরত ইয়াকুব (আঃ)-র লগে ইউসুফ (আঃ)-র দেহ্যা গরা

28 ইয়াকুব আগে এহুদারে ইউসুফর হাছে ফাটাই দিয়্যেল্ যেন্ ইউসুফ এহুদারে গোশনত যাইবার ফথ
দেহ্যাই দেএ। শেষ ফইয্যন্ত য়িতারা বেক্যিনে য়েডে যাইয়েনে আজির অইল্।

29 ইউসুফ তেঁইর বাবা ইসরাইলর লগে দেহ্যা গরিবার লাই তেঁইর ঘোড়ারগাড়ি সাজাই লইয়েনে
গোশনত্ গেল্। বাবার লগে দেহ্যা অইতেই তেঁই য়িবার গলা বেরাই ধরি বউতক্যন হাঁদিল্।

30 ফরদি ইসরাইল্ ইউসুফরে হইল্, "তুঁই দে এহনঅ বাঁচি আছ য়িয়ান আঁই নিজর চোগেই দেকিলাম।
এহন আঁই মরিবার লাই তৈয়ার আছি।"

31 ইয়ারফর ইউসুফ য়িবার ভাইঅক্যলরে আর য়িবার বাবার ফরিবারর অইন্যাইন্য মানুষগিনরে
হইল্, "আঁই ফেরাউনর হাছে যাইয়েনে হইয়্যোম, 'আঁর ভাইগিন আর আঁর বাবার বংশর মানুষজন
কেনান দেশর ত্যুন আঁর হাছে আইস্যে।

32 ফশুফালনই য়িতারার হাম; য়িতারা সঅল আর ভেরা চরায়, আর য়িয়ানর লাই লগে গরিয়েনে
য়িতারা য়িতারার সঅল, ভেরা, গরু আর বেক জিনিসফাতি আইন্যে।'

33 ফেরাউন তোঁয়ারারে ডাকিয়েনে যহন ফুছার গরিবো, 'অনরা কি হাম গরন?'

34 তহন তোঁয়ারা হইবা, 'অনর এই গোলামগিন আর য়িতারার ফুর্বফুরুষগিন ছোডহালর ত্যুন এই
ফইয্যন্ত ফশুফালন গরি আইয়্যের।' য়িয়ানত তোঁয়ারা গোশনত্ থাকিবার অনুমতি ফাইবা। যারা
সঅল আর ভেরা চরায় মিসরিয়অক্যলে য়িতারারে ঘিনার চোগে দেকে।"

তোরাত শরিফ: ফয়দায়েশ 47

মিসর দেশত্ হযরত ইয়াকুব (আঃ)-র ফরিবার

1 ইউসুফ ফেরাউনর হাছে যাইয়েনে হইল্, "আঁর বাবা আর ভাইগিন য়িতারার সঅল, ভেরা, গরু
আর য়িতারার বেক কিছু লইয়েনে কেনান দেশ ছারি চলি আইস্যে। য়িতারা এহন গোশনত আইয়েনে
ফোঁইছ্যে।"

2 ভাইঅক্যলর মইধ্যর ত্যুন ফাঁচজনরে বাছি লইয়েনে তেঁই ফেরাউনর সাম্নদি আজির গরিল্।

3 ফেরাউন য়িতারারে ফুছার গরিল্, "অনরা কি হাম গরন?" য়িতারা হইল্, "অনর এই গোলামগিন
সঅল আর ভেরা চরায়। য়িতারার ফুর্বফুরুষগিনঅ য়েই হাম গইত্যে।"

4 য়িতারা আরো হইল্, "আঁরা এই দেশত্ কিছু হালর লাই থাইক্তাম আস্যি। কেনান দেশত্ এহন
বিরাট দুর্বিক্য চলের বুলি য়েডে আঁরার সঅল আর ভেরার চরি হ্যাইবার খের নাই। য়িয়ানর লাই
দয়া গরি অনর গোলামগিনরে গোশনত থাকিবার অনুমতি দঅন।"

5 ফেরাউন ইউসুফরে হইল্, "তোঁয়ার বাবা আর ভাইগিন তোঁয়ার হাছেই আইস্যে।

6 গোডা মিসর দেশগানই তঅ তোঁয়ার সাম্নদি ফরি থাইক্যে। দেশর বেক্যিনর ত্যুন ভালা জাগাত্
তোঁয়ার বাবা আর ভাইঅক্যলরে থাইক্তো দঅ। য়িতারা গোশনতই থাকক। য়িতারার ভিতরে
যৈগ্য মানুষ ফাইলে য়িতারার উঅর আঁর ফশুর ঝাঁকরঅ ভার দঅ।"

7 ইয়ারফর ইউসুফ য়িবার বাবা ইয়াকুবরে আনি ফেরাউনর সাম্নদি আজির গরিল্, আর ইয়াকুব
ফেরাউনরে দোয়া গরিল্।

8 ফেরাউন ইয়াকুবরে ফুছার গরিল্, "অনর বয়স হত অইল্?"

9 ইয়াকুব হইল্, "এই দুনিয়াত্ কিছু দিনর বাসিন্দা ইসাবে আঁর একশো তিরিশ বছর হাডি গেইয়্যে।
এই দিনগিনর সইংক্যা বউত বেশি নঅঅ, আর য়েগিন দুক্যেই হাইট্যে। তঅ কিছু দিনর বাসিন্দা
ইসাবে আঁর ফুর্বফুরুষগিন যেতদিন হাডাই গেইয়্যে আঁই ততদিন হাডাইত্ নঅ ফারি।"

10 তারবাদে ইয়াকুব ফেরাউনরে দোয়া গরিয়েনে য়ের ত্যুন বিদায় লইল্।

11 ইউসুফ য়িবার বাবা আর ভাইঅক্যলর এস্তায়িভাবে থাকিবার বেবস্তা গরিল্। ফেরাউনর উকুম
মতন মিসর দেশর বেক্যিনর ত্যুন ভালা জাগাগানই তেঁই য়িতারারে সম্বত্যি ইসাবে দান গরিল্।
জাগাগানর নাম আছিল্ রামিষেষ।

12 ইউসুফ তেঁইর বাবা, ভাইঅক্যল আর য়িতারার ফরিবারগিনরে হ্যানার যোগান দিতো লাগিল্।
ফোয়াঅক্যলর সইংক্যা ইসাবেই য়েগিন দেয়া অইতো।

বিরাট দুর্বিক্য

13 ফরদি দুর্বিক্যর অবস্তা এন্ বিরাট অই উটিল্ দে, গোডা দেশর হনঅ মিক্যা আর হ্যানা নঅ
রইল্। দুর্বিক্যর হারনে মিসর আর কেনান দেশ এক্যবারে হাইল্ অই ফরিল্।

14 মিসর আর কেনান দেশর মানুষগিন যে শইস্য কিনিল্ য়েগিনর দাম বাবদ ইউসুফ য়েই দুইয়ান
দেশত্ যেত টিঁয়া আছিল্ য়েগিন তুলি লইয়েনে ফেরাউনর রাজবাড়িত জমা দিল্।

15 যহন মিসর আর কেনান দেশর বেক টিঁয়া ফুরাই গেল্ তহন মিসরিয়অক্যলে ইউসুফর হাছে
আইয়েনে হইল্, "আঁরারে হ্যাইতো দঅন। আঁরা কি অনর চোগর সাম্নদিই মরি যাইয়োম না? টিঁয়া-
ফুইসা আঁরার যেগিন আছিল্ বেক ফুরাই গেইয়্যে।"

16 ইউসুফ হইল্, "তইলে তোঁয়ারার গরু-ভেরা বেক্যিন আঁরে দঅ। তোঁয়ারার টিঁয়া যহন ফুরাই
গেইয়্যে তহন য়েগিনর বদলেই আঁই তোঁয়ারারে হ্যানা দিয়োম।"

17 তহন য়িতারা য়িতারার বেক গরু-ভেরা ইউসুফর হাছে আইন্তো লাগিল্। সঅল, ভেরা, গরু,
ঘোড়া আর গাধার বদলে তেঁই য়িতারারে হ্যানা দিতো লাগিল্। বেক ফশু জমা রাকিয়েনে তেঁই
গোডা বছরগানই য়িতারারে হ্যাবাইল্।

18 য়েই বছরগান হাডি গেলে ফর য়িয়ানর ফরর বছরে মানুষঅক্যলে আইয়েনে ইউসুফরে হইল্,
"উজুরর হাছে আঁরা নঅ লুকাইয়োম দে, আঁরার টিঁয়া-ফুইসা বেক্যিন হ্যরস অই গেইয়্যে, আর
আঁরার ফশুগিনঅ উজুরর। এহন আঁরার এই শরিল আর জাগা-জমি ছারা উজুররে দিবার মতন
আর আঁরার কিছুই নাই।

19 য়িয়ানর লাই জমিউদ্যা আঁরা বেক্যিনে অনর চোগর সাম্নদিই শেষ অই যাইয়োম কিঅর লাই?
য়িয়ানর লাই অনে আঁরারে আর আঁরার জাগা-জমি বেক লই লন, আর য়িয়ানর বদলে আঁরারে

হ্যানা দঅন। জাগা-জমিউদ্যা আঁরা বেক্যিনে ফেরাউনর গোলাম অই থাইক্যোম। ইয়ার ফরদি আঁরা যেন্ মারা নঅ যাইয়েনে ফরানে বাঁচি থাকিত্ ফারি য়িয়ানর লাই অনে আঁরারে কিছু বিচিঅ দন্। তইলে আঁরার জমিঅ নষ্ট অইতো নঅ।”

20 তহন ইউসুফ মিসর দেশর বেক জমি ফেরাউনর নামে কিনি লইল্। দুর্বিক্য এন্ বিরাট অইল্ দে, মিসরিয়অক্যলে বেক্যিনেই য়িতারার জাগা-জমি বেচি দিল্। এন্ গরি মিসর দেশর বেক জাগা-জমি ফেরাউনর আতত্ আই গেল্।

21 ইউসুফ মিসর দেশর এক সিমানার ত্যুন অইন্য সিমানা ফইয্যন্ত যেত মানুষ আছিল্ য়িতারা বেক্যিনরে শঅরত্ সরাই আনিল্।

22 তেঁই হ্যালি ইমামঅক্যলর জাগা-জমি নঅ কিনিল্। এই ইমামগিন ফেরাউনর হাছর ত্যুন ভাতা ফাইতো আর য়েগিন দিয়েনেই য়িতারা সইল্তো। য়িয়ানর লাই য়িতারা য়িতারার জমি নঅ বেচে।

23 ইউসুফ মানুষঅক্যলরে হইল্, “চঅ, ফেরাউনর ফক্যর ত্যুন আঁই আজিয়া তোঁয়ারারে আর তোঁয়ারার জাগা-জমি কিনি লইলাম। তোঁয়ারা এহন এই বিচি লঅ, আর য়েগিন লইয়েনে জবিনত্ লাগঅ।

24 ফসল হাডিবার ফর তোঁয়ারা বেক ফসলর ফাঁচ ভাগর একভাগ ফেরাউনরে দিবা, আর বাকি চাইর ভাগ জমির বিচির লাই আর নিজর ও ফরিবারর মানুষগিনরে আর ফোয়াছার হ্যানার লাই রাকিবা।”

25 তহন মানুষগিন হইল্, “অনে আঁরার ফরান বাঁচাইয়্যোন। উজুরর দয়া ফাইলে আঁরা ফেরাউনর গোলাম অই থাইক্যোম।”

26 ফরদি ইউসুফ মিসর দেশর জাগা-জমি সম্যন্দে এই আইন ফাশ গরিল্ দে, বেক ফসলর ফাঁচ ভাগর একভাগ ফেরাউনর অইবো। এই আইনগান আইজঅ মিসর দেশত্ চলের। হ্যালি ইমামঅক্যলর জমিগিনই ফেরাউনর সম্বত্যির মইধ্যে নঅ ফরে।

হযরত ইয়াকুব (আঃ)-র অনুরোধ

27 ইসরাইলিয়অক্যলে মিসর দেশর গোশনত্ থাইক্তো লাগিল্। য়েডে য়িতারা জাগা-জমি গরিল্। য়িতারার বউত ফোয়াছা অইল্ আর য়িতারা সইংক্যায় বউত বারি উঢিল্।

28 ইয়াকুব মিসর দেশত্ আরো সাতারো বছর বাঁচি রইল্। হাজেই তেঁই মোট একশো সাতচল্যিশ বছর বাঁচি আছিল্।

29 মরি যাইবার কিছুদিন আগদি ইসরাইল তেঁইর ফোয়া ইউসুফরে ডাকিয়েনে হইল্, “যুদি আঁর লাই তোঁয়ার টান থাকে তইলে আঁর রানর নিচদি তোঁয়ার আত রাকিয়েনে আঁরে হতা দঅ দে, তুঁই আঁর লগে তোঁয়ার হত্যইব্যে বিশস্ত থাকিবা। আঁরে মিসরত দাফন নঅ গইজ্যো,

30 হারন আঁই আঁর ফুর্বফুরুষঅক্যলর মইধ্যে হব্যর ফাইতাম চাই। তুঁই আঁর মরালাশ মিসর দেশর
ত্যুন বাইর গরি লই যাইয়েনে আঁর ফুবফুরুষঅক্যলে যেডে হব্যর ফাইয়্যে য়েডেই আঁরে দাফন
গইজ্যো।" ইউসুফ হইল্, "তুঁই যিয়ান হইলা আঁই য়িয়ানই গইজ্যোম।"

31 তহন ইয়াকুব হইল্, "তইলে তুঁই আঁর হাছে সোঅন হ্যঅ।" ইউসুফ য়িবার হাছে সোঅন হ্যাইল্।
তহন ইসরাইল বিছানার মাথার মিক্যা সইদাত ফরিয়েনে আল্লাহ্র এবাদত গরিল্।

তোরাত শরিফ: ফয়দায়েশ 48

হযরত ইউসুফ (আঃ)-র ফোয়াঅক্যলর লাই হযরত ইয়াকুব (আঃ)-র দোয়া

1 ইয়ার কিছুদিন ফরদি ইউসুফ হ্যবর ফাইল্ দে, য়িবার বাবা বেরাইম্যা অই ফইজ্যে। তহন তেঁই
তেঁইর দুই ফোয়া মানশা আর আফরাহিমরে লগে লইয়েনে য়েডে গেল্।

2 যহন ইয়াকুবরে হোয়া অইল্ দে, তেঁইর ফোয়া ইউসুফ তেঁইর হাছে আইস্যে, তহন য়িবা য়িবার
বেক শক্তি দিয়েনে নিজরে টানি তুলি বিছানার উঅর উটি বইল্।

3 তারফর ইয়াকুব ইউসুফরে হইল্, "সর্বশক্তিমান আল্লাহ্ কেনান দেশর লুস শঅরত্ আঁরে দেহ্যা
দিয়েনে দোয়া গইজ্যেল্।

4 তেঁই আঁরে হইয়্যেল্, 'আঁই তোঁয়ারে বউত ফোয়াছার বাবা অইবার হ্যমতা দিলাম আর তোঁয়ার
বংশর মানুষর সইংক্যা বাড়াই দিয়োম। আঁই তোঁয়ার মইধ্যর ত্যুন উগ্যুয়া বউত গুষ্টির জাতি সিষ্টি
গইজ্যোম, আর তোঁয়ার ফরদি এই দেশগান আঁই চিরহালর সম্বত্যি ইসাবে তোঁয়ার বংশর
মানুষগিনরে দিয়োম।'

5 আঁই তোঁয়ার হাছে আইবার আগদি তোঁয়ার যে দুয়া ফোয়ার মিসর দেশত জন্ম অইয়্যে ইতারারে
আঁর ফোয়াঅক্যলর মইধ্যেই ধরা অইবো। রুবেন আর শিমিয়োন যেন্ আঁর য়েইরহম আফরাহিম
আর মানশাঅ আঁর।

6 কিন্তু এগিনর ফরদি তোঁয়ার আর যেতাক্যিন ফোয়াছা অইবো য়িতারারে তোঁয়ার বুলিই ধরা
অইবো। সম্বত্যির ওয়ারিশ অইবার সমত্ মানশা বা আফরাহিমর নামে য়িতারার ত্যুন য়েইরহম
অঅন ফরিবো।

7 ফদ্যনর ত্যুন বাইর অইয়েনে কেনান দেশর ইফ্রাথার ত্যুন কিছু দুরে থাইক্তেই রাহেলা ইন্তেহাল
গরিল্, আর য়িয়ানত আঁই বউত দুক্য ফাইলাম। ইফ্রাথর ফথদি, মানি বেথেলহেমর ফথত্ আঁই
য়িবারে দাফন গরিলাম।"

8 তারবাদে ইউসুফর ফোয়াগিনর মিক্যা চাইয়েনে ইসরাইল ফুছার গরিল্, "য়িতারা হন্?"

9 জোয়াবে ইউসুফ য়িবার বাবারে হইল্, "য়িতারা আঁর ফোয়া। আল্লাহ্ এই দেশত্ই য়িতারারে আঁরে
দিয়্যে।" ইসরাইল হইল্, "য়িতারারে আঁর হাছে লই আন। আঁই য়িতারারে দোয়া গইত্যাম চাই।"

10 বুরা বয়সত চোগে দেকিবার হ্যমতা হোমিযঅনএ হোমি গইয়্যে ইসরাইল ভালা গরি নঅ
দেইক্তো আছিল্। য়িয়ানর লাই ইউসুফ য়িবার ফোয়াগিনরে য়িবার বাবার হাছে লই গেল্। তহন
ইসরাইল য়িতারারে বেরাই ধরি চুম দিল্।

11 তেঁই ইউসুফরে হইল্, "আঁই আর তোঁয়ার মুক দেকিত্ ফাইজ্যোম বুলি নঅ ভাবি, কিন্তু আল্লাহ্
হ্যালি তোঁয়ারে নঅঅ, তোঁয়ার ফোয়াগিনরেঅ আঁরে দেইক্তো দিয়্যে।"

12 তহন ইউসুফ য়িবার বাবার আঁটুর ফাশর ত্যুন য়িবার ফোয়াগিনরে সরাই দিয়েনে মেডিত্ উইত্
অই য়িবার বাবারে সম্যান দেহ্যাইল্।

13 ইউসুফ তারফর তেঁইর দুই ফোয়ারে আবার ইসরাইলর হাছে আনিল্। তেঁই আফরাহিমরে ডাইন
আতে ধরি ইসরাইলর বামমিক্যা আর মানশারে বাম আতদি ধরি য়িবার ডাইন মিক্যা রাকিল্।

14 কিন্তু ইসরাইল আড়াআড়ি ভাবে আত বারাইয়েনে ডাইন আত ইউসুফর ছোড ফোয়া
আফরাহিমর মাথাত্ রাকিল্; আর মানশা ইউসুফর উঁর ফোয়া অইলেঅ য়িবার মাথাত্ রাকিল্
য়িবার বাঁ আত।

15 তারফর তেঁই ইউসুফরে দোয়া গরিয়েনে হইল্, "যেই আল্লাহ্, যিবার ইছ্যামতন আঁর ফুর্বফুরুষ
ইব্রাহিম আর ইসহাক সইল্তো, আঁর জিবনর ফইল্যা ত্যুন আইজ ফইয্যন্ত যিবা আঁরে ফশুচরাইন্যার
মত ফালন গরি আইয়্যের,

16 যেই ফেরেস্তা, যিবা আঁরে বেক বিফদর আতর ত্যুন উদ্যার গইজ্যে, তেঁই এই ফোয়াগিনরে
দোয়া গরক। ইতারার মইধ্য দিয়েনেই আঁর আর আঁর ফুর্বফুরুষ ইব্রাহিম আর ইসহাকর নাম বাঁচি
থাকক। আঁরার দেশর মইধ্যে য়িতারার বংশর মানুষগিন সইংক্যায় বউত বারি উঢক।"

17-18 বাবা য়িবার ডাইন আত্গান আফরাহিমর মাথার উঅর রাইক্যে দেকি ইউসুফ খুশি নঅ
অইল্। তেঁই য়িয়ান আফরাহিমর মাথার উঅরর ত্যুন সরাইয়েনে মানশার মাথার উঅর রাকিবার
উদ্যেশ্যে তেঁইর বাবার আত ধরিয়েনে হইল্, "বাবা, এইল্যা নঅঅ। ইবা তঅ আঁর উঁর ফোয়া।
তোঁয়ার ডাইন আত ইবার উঅরদি রাক।"

19 কিন্তু য়িবার বাবা য়িয়ানত আফত্যি জানাইয়েনে হইল্, "আঁই য়িয়ান জানি বাবা, আঁই য়িয়ান
জানি। তেঅ বউত বিরাট অইবো আর য়িবার বংশর মানুষগিন উগ্যয়া জাতি অইয়েনে গড়ি
উঢিবো। কিন্তু য়িবার ছোড ভাই য়িবার ত্যুনঅ উঁর অইবো আর য়িবার বংশর মানুষগিনর মইধ্য
ত্যুন বউত জাতি গড়ি উঢিবো।"

20 ইসরাইল য়িয়ানর ফরদি ফোয়া দনুয়ারে দোয়া গরিল্ আর হইল্, "ইসরাইলিয়অক্যলে কেউঅরে
দোয়া গরিবার সমত্ তোঁয়ারার নাম গরি হইবো, 'আল্লাহ্ তোঁয়ারে আফরাহিম আর মানশার মতন
গরক।'" এই হতা হই তেঁই মানশা ত্যুন আফরাহিমরে উঁর জাগা দিল্।

21 তারফর ইসরাইল ইউসুফরে হইল্, "চঅ, আঁর মরনর সময় ঘনাই আইস্যে। কিন্তু আল্লাহ্
তোঁয়ারার লগে থাকিবো আর তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর দেশত্ তোঁয়ারারে ফিরাই লই যাইবো।

22 তোঁয়ার ভাইঅক্যল ত্যুন কিছু বেশি সম্বত্যি আঁই তোঁয়ারে দিলাম। যে জাগাগান আঁই তলোয়ার আর ধনুক দিয়েনে যুদ্য গরি আমোরিয়অক্যলর আত ত্যুন লই লইলাম য়েই জাগাগানই আঁই তোঁয়ারে দিলাম।”

তোরাত শরিফ: ফয়দায়েশ 49

ফোয়াঅক্যলর লাই হযরত ইয়াকুব (আঃ)-র শেষ দোয়া

1 ফরদি ইয়াকুব য়িবার ফোয়াগিনরে ডাকিয়েনে হইল্, “তোঁয়ারা বেক্যিন আঁর হাছে আইয়্যো। ভবিষ্যতে তোঁয়ারার জিবনত্ যেগিন ঘটিবো য়েগিন আঁই তোঁয়ারারে হই যাইর।

2 “ইয়াকুবর ফোয়াঅক্যল, তোঁয়ারা বেক্যিন আঁর হাছে আইয়্যো; তোঁয়ারার বাবা ইসরাইল কি হঅর য়েগিন উন।

3 “রুবেন, তুঁই আঁর উঁর ফোয়া; তুঁই আঁর বল, আঁর যোবনর শক্তির ফইল্যা ফল; তুঁই সম্যান আর শক্তিতে তোঁয়ার ভাইগিনর বেক্যিনর উঅরে।

4 কিন্তু তুঁই যেন্ অশান্ত ফানির মাতামাতি, য়িয়ানর লাই তোঁয়ার য়েই উচুল জাগা আর থাইক্তো নঅ। আঁর বউঅর হাছে যাইয়েনে তুঁই আঁর বিছানা অফবিত্র গইজ্যো।

5 “শিমিয়োন আর লেবি দুই ভাই; য়িতারা অনিষ্ট গরিবার লাইই তলোয়ার ধরে।

6 য়িতারার গোফন ষড়যন্ত্রে আঁর হনঅ অংশ নাই, আঁই য়িতারার দলত্ নঅ। য়িতারা গোস্যার বশে মানুষ খুন গইজ্যে, আর নিজরার খিয়াল খুশি মতন গরুর ঠেংগর রগ হাডি দিয়্যে।

7 য়িতারার এই ভয়ংকর গোস্যা, এই নিঠুর গোস্যার উঅর বদদোয়া ফরক। আঁই য়িতারার গুষ্টি ইয়াকুবর বংশগিনর মইধ্যে ভাগ গরি দিয়োম, আর ইসরাইলিঅক্যলর মইধ্যে য়িতারারে ছরাই দিয়োম।

8 “এহুদা, তোঁয়ার ভাইগিন তোঁয়ার ফশংসা গরিবো। শত্রুঅক্যলর ঘেঁডি ধরিয়েনে তুঁই য়িতারারে জব্দ গরিবা; তোঁয়ার ভাইঅক্যলে মেডিত উইত অইয়েনে তোঁয়ারে সম্যান দেহ্যাইবো।

9 এহুদা, তুঁই সিংহর বাইচ্যা; শিয়ার-গরা গোস্ত হ্যানা শেষ গরিয়েনে আঁর এই ফোয়া উডি আইয়্যে; সিংহ আর সিংহির মতন গরিয়েনে য়িবা বইয়্যে আর উউতি ফরে। হনে তারে অজাগ গরিবো?

10 যেতদিন না শিলো আইয়্যে আর বেক জাতি য়িবার উকুম মানি চলে, ততদিন রাজদন্ড এহুদারই বংশত্ থাকিবো; আর য়িবার দুই আঁটুর মাঝদি থাকিবো বিচার দন্ড।

11 এহুদা আংগুর গাছত য়িবার গাধা বাঁধিবো, আর আংগুরর সেরা ডালত্ বাঁধিবো গাধার বাইচ্যাগান।

আংগুর-রস দিই য়িবা য়িবার হঅর ধুইবো, আর আংগুরর লাল রস দিয়েনে ধুইবো ফোশাক।

12 য়িবার চোগর রং আংগুর-রসর রংগর ত্যুনঅ বেশি হরা রং অইবো, আর য়িবার দাঁত দুধ ত্যুনঅ সাদা অইবো।

13 “সবুলুন সাগরর ধারে থাকিবো; য়িবা জাঁআস ভিড়িবার বন্দর অইবো; য়িবার দেশর সিমানা সিডনর মিক্যা চলি যাইবো।

14 “ইষাখর যেন্ উগ্যয়া শক্তিশালি গাধা। য়িবার উউতিবার জাগা অইবো ভেরার হোয়াইল্ দুইয়ানর মাঝদি।

15 য়িবা দেকিবো য়িবার জিরাইবার দেশগান সুন্দর আর আরামর, য়িয়ানর লাই ফোজা বোইবার লাই য়িবা ঘেঁড়ি নিচে গরিবো আর গোলামর মতন হোটিনমিন্যোতরে মানি লইবো।

16 “দান ইসরাইলর উগ্যয়া গুষ্টি ইসাবে য়িবার মানুষগিনর বিচার গরিবো।

17 য়িবা অইবো চলার ফথর আঁফ, ভয়ংকর বিষাক্ত আঁফ; য়িবা ঘোড়ার ঠেংগত ঠোঁর মারিবো, আর ঘোড়ার উঅরর মানুষ উল্টি ফরি যাইবো।

18 “অ মাবুদ, তুঁই উদ্যার গরিবা আঁই য়েই অফেক্যাত আছি।

19 “গাদরে সৈন্যর দল হামলা গরিবো, কিন্তু য়িবাঅ য়িতারারে ফাল্টা হামলা গরিবো।

20 “আশেরর জবিনত্ বউত ফরিমানে ভালা ফসল অইবো; য়িবা বাদশার উফযুক্ত হ্যানা যোগান দিবো।

21 “নফ্তালি যেন্ বাঁধা-ছাড়া মায়িল্যি অরিন; য়িবার মুকত আছে সুন্দর সুন্দর হতা।

22 “ইউসুফ যেন্ ফলে ভরা গাছ, ফানির কিনারার ফলে ভরা গাছ; তার ঢেইল-ফালাগিন দেবাল ছারি গেইয়্যে।

23 ধনুকধারিঅক্যলে য়িবারে শক্ত গরি হামলা গইজ্যে, তির মারিয়েনে য়িবারে বিফদত ফেইল্যে।

24 কিন্তু য়িবার ধনুক য়েইল্যা ইস্তির রইয়্যে আর আত রইয়্যে য়েইল্যা ফটু, হারন ইয়াকুবর য়েই শক্তিশালি আল্লাহ্র আত্ য়িবার ফিছদি রইয়্যে। য়িবার ফিছদি রইয়্যে য়েই ফশুচরাইন্যা, ইসরাইলর য়েই ফাত্যোর।

25 তোঁয়ার বাবার আল্লাহ্ তোঁয়ারে সাইয্য গরিবো। সর্বশক্তিমান আল্লাহ্ তোঁয়ারে উঅরর ত্যুন আসমানর দোয়া আর মেটির নিচর ত্যুন ঝন্যার দোয়া দিবো। বউঅর গর্ভত ফোয়াছা দিয়েনে আর য়িবার বুগত্ দুধ দিয়েনে তেঁই তোঁয়ারে দোয়া গরিবো।

26 তোঁয়ার বাবার ফাওয়া দোয়া য়িবার ফুর্বফুরুষঅক্যলর ফাওয়া দোয়ারে ছারাই গেইয়্যে; য়িয়ান বউত হাল আগর ফাআর ফইয্যন্ত যাইয়েনে ফোঁইছ্যে। য়েই দোয়া ইউসুফর মাথার উঅর ফরক; ফরক য়িবারই মাথাত্ যিবা য়িবার ভাইগিনর মইধ্যে মেইন।

27 “বিন্‌ইয়ামিন যেন্ উগ্যয়া হিংস্র নেগ্‌রে বাঘ; বেইন্যা য়িবা হ্যাআ শিয়ারর ফশু আর আঁজুইন্যা লুটর জিনিসর ভাগ গরে।”

28 ইতারাই অইল্ ইসরাইলর বারউয়া গুষ্টি। য়িতারার বাবা য়িতারারে দোয়া গরিবার সমত্ এই হতাগিনই হইয়্যেল্। তেঁই ফত্যিজনরেই য়িবার ফাওনা দোয়া দিয়্যেল্।

হযরত ইয়াকুব (আঃ)-র ইন্তেহাল

29 ফরদি ইয়াকুব য়িবার ফোয়াঅক্যলরে এই উকুম দিল্, “ফুর্বফুরুষঅক্যলর হাছে চলি যাইবার সময় আঁর আই গেইয়্যে। হিট্যিয় ইফ্রোনর জবিনত যে গাঁতাগান আছে য়েই গাঁতাত আঁর ফুর্বফুরুষঅক্যলর মইধ্যে আঁরে দাফন গইজ্যো।

30 ইয়ানই কেনান দেশর মম্রির হাছে মকফেলার জবিনর য়েই গাঁতা। হবরএস্তান গরিবার লাই ইব্রাহিম জবিনউদ্যা এই গাঁতা হিট্যিয় ইফ্রোনর হাছর ত্যুন কিনি লইয়্যেল্।

31 য়েডেই ইব্রাহিম আর য়িবার বউ সারারে দাফন গরা অইয়্যে। ইসহাক আর য়িবার বউ রেবেকারেঅ য়েডে দাফন গরা অইয়্যে। য়েডেই আঁই লেয়ারে দাফন গজ্যি।

32 গাঁতাউদ্যা এই জবিনগানই হিট্যিয়অক্যলর হাছর ত্যুন কিনা অইয়্যেল্।”

33 ইয়াকুব য়িবার ফোয়াঅক্যলরে উকুম দেয়া শেষ গরিয়েনে বিছানার উঅর য়িবার ঠেং দুইয়ান তুলি লইয়েনে উউতি ফরিল্। তারফর শেষ নিয়স ফেলিয়েনে য়িবার ফুর্বফুরুষঅক্যলর হাছে গেল্ গই।

তোরাত শরিফ: ফয়দায়েশ 50

হযরত ইয়াকুব (আঃ)-রে দাফন

1 তহন ইউসুফ য়িবার বাবার মুকর উঅর ফরিয়েনে হাঁইন্‌তো লাগিল্ আর য়িবারে চুম দিল্।

2 ফরদি তেঁই য়িবার অধিন ডাক্তোরঅক্যলরে উকুম দিল্ যেন্ য়িতারা য়িবার বাবার মরা শরিলগান হ্যোশবু মসলা দিয়েনে রক্যা গরিবার বেবস্তা গরে। য়িতারা য়েই রহমই গরিল্।

3 ইয়ানত য়িতারার চল্যিশ দিন হাডি গেল্। এই হামত চল্যিশ দিনই লাইগ্‌তো। মিসরিয়অক্যলে ইসরাইল্‌র লাই সোত্যোর দিন ধরি দুক্য ফকাশ গরিল্।

4 এই দুক্য ফকাশ গরিবার সময় ফার অই গেলে ফর ইউসুফ ফেরাউনর বাড়ির হর্মচারিঅক্যলরে হইল্, “যুদি তোঁয়ারা আঁর উঅর সন্তুষ্ট থাক তইলে ফেরাউনরে যাইয়েনে আঁর এই হতাগান জানঅ দে,

5 বাবা মরি যাইবার সমত আঁরে এই বুলি সোঅন হ্যাবাইয়্যে, আঁই যেন্ কেনান দেশত্ য়িবার ঠিগ গরি রাকা হব্যরগানত য়িবারে দাফন গরি। য়িবারে এই অনুরোধ গর যেন্ তেঁই য়েই হামর লাই আঁরে যাইতো দেঅ। য়িবারে হঅ হাম শেষ গরিয়েনেই আঁই আবার ফিরি আইস্যোম।”

6 ইয়ানর জোয়াবে ফেরাউন হই ফাটাইল, “তেঁই তোঁয়ারে যে সোঅন হ্যাবাইয়্যে য়েইমতনই তুঁই যাইয়েনে য়িবারে দাফন গর।”

7 তহন ইউসুফ য়িবার বাবারে দাফন গরিবার লাই গেইল্। ফেরাউনর বেক হর্মচারি, মানি য়িবার দরবারর আর মিসরর বেক সম্যানিত মানুষ ইউসুফর লগে গেল্।

8 এগিন বাদে ইউসুফর নিজর আর য়িবার বাবার ফরিবারর বেক্যিনে আর য়িবার ভাইঅক্যলেঅ য়িবার লগে গেল্। গোশনত্ য়িতারা হালি রাকি গেল্ য়িতারার ছোড ফোয়াছারে আর য়িতারার গরু-ভেরার ঝাঁক।

9 বউত ঘোড়াগাড়ি আর ঘোড়া-চালক লইয়েনে য়িতারা উগ্যয়া বিরাট দল অই ইউসুফর লগে চলিল্।

10 জর্দান দইজ্যার অইন্য ফারত আটদর হ্যামার বাড়ি ফইয্যন্ত যাইয়েনে ইউসুফ সাত দিন ধরি য়িবার বাবার লাই দুক্য গরিল্। মানুষগিনঅ বউত জোরে জোরে হাঁদাহাঁদি গরিল্।

11 আটদর হ্যামারত্ য়িতারারে এন্ গরি দুক্য গইত্যো দেকিয়েনে য়েই দেশর বাসিন্দাঅক্যলে, মানি কেনানিয়অক্যলে হইল্, “মিসরিয়অক্যলর ইয়ান এক্যান বিরাট দুক্য।” য়িয়ানর লাই জর্দান দইজ্যার অইন্য ফারর এই জাগাগানর নাম দেয়া অইয়্যেল্ আবেল্-মিস্রয়িম (যার মানি “মিসরিয়অক্যলর দুক্য”)।

12 ইসরাইল য়িবার ফোয়াগিনরে যেগিন গইত্যো হইয়্যেল্ য়েগিন য়িতারা গরিল্।

13 য়িতারা য়িবার লাশ কেনান দেশত লই গেল্ আর মম্রির হাছে মক্ফেলার জবিনর গাঁতত্ য়িবারে দাফন গরিল্। হবরএস্তান গরিবার লাই জবিন উদ্যা এই গাঁতাগানই ইব্রাহিম হিট্যিয় ইফ্রোনর হাছর ত্যুন কিনি লইয়্যেল।

14 বাবারে দাফন গরিবার ফর ইউসুফ, য়িবার ভাইঅক্যল আর যেত মানুষ য়িবার বাবারে দাফন গইত্যো গেইয়্যেল য়িতারা বেক্যিনে মিসরত ফিরি গেল্।

হযরত ইউসুফ (আঃ) ভাইগিনরে সান্তনা দিল্

15 বাবা মরি গেইয়্যে দেকিয়েনে ইউসুফর ভাইঅক্যলে নিজরার ভিতর হোয়া হই গইত্যো লাগিল্, “ইউসুফর মনত যুদি আঁরার উঅর ফতিশোধ লইবার চিন্তা থাকে, আর আঁরা য়িবার উঅর যে অন্যায় গজ্যি যুদি য়িবা য়িয়ানর ফতিশোধ লঅ, তহন আঁরা কি গইজ্যোম?”

16-17 এই ভাবিয়েনে য়িতারা ইউসুফরে হই ফাঠাইল্, “বাবা মরি যাইবার আগদি তেঁই আঁরারে এই হতা তোঁয়ারে হইতো হই গেইয়্যে দে, আঁরা তোঁয়ার লগে যে অন্যায় বেবার গজ্যি তুঁই যেন্ য়েই অন্যায় বেবার আর গুনাহ্ মাফ গরি দঅ। য়িয়ানর লাই আঁরার অনুরোধ তুঁই তোঁয়ার বাবার আল্লাহ্র গোলামগিনর অন্যায় বেবার মাফ গর।” য়িতারার হতা উনিয়েনে ইউসুফ হাঁদিল্।

18 তারবাদে য়িবার ভাইঅক্যলে য়িবার সাম্নদি আইয়েনে মেডিত্ উইত অই ফরি হইল্, “আঁরা তোঁয়ার গোলাম।”

19 কিন্তু ইউসুফ য়িতারারে হইল্, “তোঁয়ারা নঅ ডরাইয়ো। আল্লাহ্র জাগাত্ থিয়াইবার আঁই হন?

20 তোঁয়ারা আঁর হোতি গইত্যা চাইয়্যিলা, কিন্তু আল্লাহ্ য়িয়ানর ভিতর দিয়েনে ভালার ফরিহল্ফনা গইজ্যেল্ যেন্ বউত মানুষর ফরান রক্যা ফায়; আর আজিয়া য়িয়ানই অঅর।

21 হাজেই তোঁয়ারা নঅ ডরাইয়ো। আঁই তোঁয়ারার আর তোঁয়ারার ফোয়াছার হ্যানার যোগান দিয়োম।” এতাক্যিন আশার হতা হইয়েনে তেঁই য়িতারারে সান্তনা দিল্।

হযরত ইউসুফ (আঃ)-র ইন্তেহাল

22 ইউসুফ আর য়িবার বাবার ফরিবারর মানুষগিন মিসর দেশত্ই থাইক্তো লাগিল্। ইউসুফ একশ দশ বছর বাঁচি আছিল্।

23 তেঁই আফরাহিমর তিন ফুরুষ ফইয্যন্ত দেকি গেইয়্যেল্। এছাড়া মাখিরর ফোয়াছাগিনরেঅ জন্মর ফর ইউসুফর হোলতই রাকা অইয়্যেল্। মাখির আছিল্ মানশার ফোয়া।

24 ফরদি এক সমত্ ইউসুফ য়িবার ভাইঅক্যলরে হইল্, “আঁর মরিবার সময় অই আইস্যে, তঅ ইয়ান নিচ্যিত দে আল্লাহ্ তোঁয়ারার দেহ্যাশুনা গরিবো। তেঁই ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবরে যে দেশ দিবো বুলি সোঅন হ্যাইয়েনে ওয়াদা গইজ্যেল্ য়েই দেশত্ই তেঁই তোঁয়ারারে এ ত্যুন লই যাইবো।”

25 তারফর ইউসুফ ইসরাইলিয়অক্যলরে সোঅন হ্যাবাই হইল্, “আল্লাহ্ নিচ্যয় তোঁয়ারারে দেহ্যাশুনা গরিবো। এ ত্যুন যাইবার সমত্ তোঁয়ারা আঁর আঁড্যিগিন তুলি লই যাইয়ো।”

26 একশ দশ বছর বয়সত্ ইউসুফ ইন্তেহাল গরিল্। তহন য়িবার মরা-শরিলগান হ্যোশ্বু-মসল্যা দিয়েনে উগ্যয়া হোফিন বক্সত্ গরি মিসর দেশত্ই রাকা অইল্।

তোরাত শরিফ: হিজরত 1

মিসরত বনি-ইসরাইলঅক্যলর উঅর জুলুম

1-2 ইসরাইলর, মানি ইয়াকুবর লগে য়িবার যেতাক্যিন ফোয়া নিজর নিজর ফরিবার লইয়েনে মিসর
দেশত গেইয়্যেল য়িতারার নাম অইল্ রুবেন, শিমিয়োন, লেবি, এহুদা,

3-5 ইষাখর, সবুলুন, বিন্ইয়ামিন, দান, নফ্তালি, গাদ আর আশের। এগিন বাদে ইউসুফ আগদিই
মিসরত গেইয়্যেল। ইয়াকুবর বংশর এই মানুষগিন সইংক্যায় আছিল্ মোট সোত্যোরজন।

6 ফরদি ইউসুফ, য়িবার ভাইগিন আর য়িতারার সময়র বেক্যিন ইন্তেহাল গরিল্।

7 কিন্তু বনি-ইসরাইলঅক্যলর বংশ বারাইবার হ্যমতা হম নঅ আছিল্; য়িতারা সইংক্যায় বারি উটি
চাইরোমিক্যা ছরাই-ছিঁড়াই ফরিল্ ও বউত শক্তিশালি অই উটিল্, আর য়িতারারে দিয়েনে মিসর
দেশগান ভরি গেল্।

8 ফরদি এক সমত মিসর দেশর বেক হ্যমতা এন্ একজন নয়া বাদশার আতত গেল্ যিবা ইউসুফর
বিষয় কিছুই নঅ জাইন্তো।

9 তেঁই তেঁইর ফ্রজাঅক্যলরে হইল্, "চঅ, বনি-ইসরাইলগিন আঁরার ত্যুন সইংক্যায় আর শক্তিদি
বারি উঢের।

10 য়িতারার সইংক্যা যেন্ আর বারিত্ নঅ ফারে য়িতার লাই আইয়্যো, আঁরা য়িতারার লগে
কোশল হ্যাডাই চলি; য়েইল্যা নইলে যুদ্যর সমত য়িতারা অঅত আঁরার শত্রুঅক্যলর লগে আত
মিলাইয়েনে আঁরার বিরুদ্যে যুদ্য গরিবো আর ফরদি দেশ ছারি যাইবো গই।"

11 য়িতার লাই হঠিন মিন্যোতর মইধ্যে দিয়েনে বনি-ইসরাইলঅক্যলর উঅর জুলুম গরিবার উদ্যেশ্যে
মিসরিয়গিন য়িতারার উঅর সদ্যার বোয়াইল্। ফেরাউনর শইস্য মজুদ গরিবার লাই বনি-
ইসরাইলগিন ফিথোম আর রামিষেষ নামে দুয়া শঅর তৈয়ার গরিল্।

12 কিন্তু য়িতারার উঅর যেতই জুলুম গরা অইল্ ততই য়িতারা সইংক্যায় বারি যাইয়েনে দেশর
বেক মিক্যাদি ছরাই-ছিঁড়াই ফরিল্। ইয়ানত বনি-ইসরাইলঅক্যলর হারনে মিসরিয়অক্যলর মনত
বউত ডর অইল্।

13 তারা য়িতারারে আরো হঠিন মিন্যোত গইত্যে বাইধ্য গরিল্।

14 খেতর অইন্য বেক হামর লগে তারা য়িতারার উঅর চুনা-সুরকি আর ইটর হামর হঠিন
মিন্যতঅ চাবাই দিল্ আর য়িতারার জিবন তিতা গরি তুলিল্। এতাক্যিন হঠিন হাম গরাইতো
যাইয়েনে মিসরিয়গিনে য়িতারার লগে বউত নিঠুর বেবার গইত্যো।

15 এগিন বাদে শিফ্রা আর ফুয়া নামে দুইজন ইব্রানি, মানি ইসরাইলিয় ধাত্রিরে মিসরর বাদশা হই
দিল্,

16 “ফোয়াছা অইবার সমত ইব্রানি মাইয়্যাফোয়াঅক্যলরে সাইয্য গইত্যো যাইয়েনে তোঁয়ারা ভালা
গরি খিয়াল গরিবা য়িতারার ফোয়াছাগিন মরতফোয়া না মাইয়্যাফোয়া; মরতফোয়া অইলে
য়িতারারে মারি ফেলিবা আর মাইয়্যাফোয়া অইলে বাঁচাই রাক্যিবা।”

17 কিন্তু য়েই ধাত্রিগিন আল্লাহ্‌রে ডরাই সইল্‌তো। য়িতার লাই মিসরর বাদশার উকুম মতন হাম
নঅ গরিয়েনে য়িতারা মরতফোয়াঅক্যলরেঅ বাঁচাই রাইকতো লাগিল্‌।

18 তহন বাদশা য়েই ধাত্রিগিনরে ডাকাই আনি হইল্‌, “কিঅর লাই তোঁয়ারা এই হাম গইল্যা?
মরতফোয়াগিনরে বাঁচাই রাইকতো লাইগ্যো কিঅর লাই?”

19 জোয়াবে তারা ফেরাউনরে হইল্‌, “ইব্রানি মাইয়্যাফোয়াগিন মিসরিয় মাইয়্যাফোয়াঅক্যলর মতন
নঅঅ। য়িতারার শক্তি এত বেশি দে, ধাই য়িতারার হাছে ফোঁছিবার আগদিই য়িতারার ফোয়াছা
অই যাআ।”

20 আল্লাহ্‌ য়েই ধাত্রিগিনরে রহমত দান গরিল্‌। বনি-ইসরাইলঅক্যলর জনসইংক্যা বাইত্যোই থাকিল্‌
আর য়িতারা বউত শক্তিশালি অই উঠিল্‌।

21 য়েই ধাত্রিগিন আল্লাহ্‌রে ডরাইতো বুলিয়েনে তেঁই য়িতারার ফোয়াছারে দিয়েনে বংশ গড়ি তুলিল্‌।

22 ফরদি ফেরাউন তেঁইর ফ্রজাঅক্যলর উঅর এই উকুম জারি গরিল্‌, “ইব্রানিঅক্যলর মইধ্যে হনঅ
ফোয়ার জন্ম অইলে তোঁয়ারা তারে নিল দইজ্যাত ফেলাই দিবা, কিন্তু মাইয়্যাঅক্যলর বেক্যিনরে
বাঁচাই রাক্যিবা।”

তোরাত শরিফ: হিজরত 2

হযরত মুসা (আঃ)-র জন্ম

1 এই সমত লেবির গুষ্টির একজন মানুষ একই গুষ্টির উগ্যয়া মাইয়্যারে বিয়া গরিল্‌।

2 মাইয়্যাউয়া গর্ভিতা অইল্‌ আর য়িবার উগ্যয়া মরতফোয়া অইল্‌। ফোয়াউয়া দেইক্‌তো বউত
সুন্দর আছিল্‌। য়িতার লাই য়িবার মা য়িবারে তিন মাস ফইয্যন্ত লুকাই রাকিল্‌।

3 কিন্তু যহন য়িবারে আর লুকাই রাকা সম্ভব নঅ অইল্‌ তহন তেঁই নল খরি দিয়েনে বানাইন্যা
উগ্যয়া টুঁরি লই য়িয়ানত মেইট্যা তেল আর আল্‌কাত্‌রা লিফি দিল্‌ আর ফোয়াউয়ারে য়িয়ানর
মইধ্যে শোয়াইয়েনে য়িয়ান নিল দইজ্যার ফারত ফানির মইধ্যে এক্যান নলবনত রাকি আইল্‌।

4 ফোয়াউয়ার দশা কি অঅ য়িয়ান চাইবার লাই য়িবার বোইন য়ের ত্যুন কিছু দুরে থিয়াই রইল্‌।

5 কিছুক্যন ফরদি ফেরাউনর মাইয়্যা দইজ্যাত গোসল গইত্যো আইল্‌। য়িবার বাঁদিগিন তহন
দইজ্যার ফারত ঘুরাফিরা গইত্যো আছিল্‌। এন্‌ সমত তেঁই নলবনর মইধ্যে য়েই টুঁরিগান দেকিত্‌
ফাইয়েনে য়িয়ান তেঁইর হাছে লই আইবার লাই একজন বাঁদিরে ফাটাই দিল্‌।

6 য়িয়ান খুলিয়েনে তেঁই আচ্যাইয্য অই দেকিল্‌ উগ্যয়া ফোয়া য়িয়ানর মইধ্যে হাঁদের। ফোয়াউয়ার
উঅর শাহ্‌জাদির বউত মায়া অইল্‌। তেঁই হইল্‌, “ইবা ইব্রানিঅক্যলর হনঅ ফোয়া।”

7 তহন ফোয়াউয়ার বোইন আইয়েনে ফেরাউনর মাইয়্যারে হইল্, “আঁই কি অনর লাই একজন
ইব্রানি মাইয়্যাফোয়া ডাকি আইন্যোম না, যিবা ইবারে বুগর দুধ হ্যাবাইত্ ফারিবো?”

8 তেঁই হইল্, “জি, যঅ।” তহন মাইয়্যাউয়া যাইয়েনে ফোয়াউয়ার মারেই ডাকি আনিল্।

9 ফেরাউনর মাইয়্যা তেঁইরে হইল্, “এই ফোয়াউয়ারে লই যাইয়েনে আঁর অই তোঁয়ার বুগর দুধ
হ্যাবাই লালন-ফালন গর। ইতার লাই আঁই তোঁয়ারে বেতন দিয়োম।” তহন য়েই মাইয়্যাফোয়াউয়া
ফোয়াউয়ারে লই যাই দুধ হ্যাবাইয়েনে তারে লালন-ফালন গইত্যো লাগিল্।

10 ফোয়াউয়া এক্যানা উঁর অইলে ফর মাইয়্যাফোয়াউয়া য়িবারে ফেরাউনর মাইয়্যার হাছে লই
গেল্, আর তেঁই য়িবারে নিজর ফোয়া ইসাবে হবুল গরিল্। তেঁই হইল্, “ওরে আঁই ফানির ত্যুন তুলি
আন্যি।” য়িতার লাই তেঁই তার নাম দিল্ মুসা।

মাদিয়ান দেশত হযরত মুসা (আঃ)

11 ফরদি উঁর অইয়েনে মুসা একদিন তেঁইর নিজর জাতির মানুষঅক্যলর লগে দেহ্যা গইত্যো
যাইয়েনে দেকিল্, কি হঠিন মিন্যোত য়িতারার ত্যুন গরন ফরের। তেঁইর চোগত ফরিল্ দে, তেঁইর
নিজর ইব্রানি জাতির একজন মানুষরে একজন মিসরিয় মাইরধোইর গরের।

12 তেঁই ইক্যা উইক্যা চাইয়েনে আশেফাশে কেউঅরে নঅ দেকিল্। তহন তেঁই য়েই মিসরিয়রে মারি
ফেলিয়েনে বালু চাবা দিই রাকিল্।

13 ফরদিন মুসা আবার বাইরে যাইয়েনে দুইজন ইব্রানিরে মারামারি গইত্যো দেকিল্। যিবা দুষি
য়িবারে তেঁই হইল্, “কিঅর লাই তুঁই তোঁয়ার ভাইঅরে মাইত্যা লাইগ্যো?”

14 মানুষ্যুয়া হইল্, “হনে তোঁয়ারে আঁরার নেতা আর শাসনহত্যা গইজ্যে? য়েই মিসরিয়র মতন
আঁরেঅ মারি ফেইল্তা চঅ না?” এই হতা উনিয়েনে মুসা ডরাই গেল্। তেঁই ভাবিল্, নিচ্যয়ই
বেফারগান জানাজানি অই গেইয়্যে।

15 ফেরাউন এই ঘটনা জানিত্ ফারিয়েনে মুসারে মারি ফেলিবার চেষ্টা গইত্যো লাগিল্। কিন্তু মুসা
ফেরাউনর হাছর ত্যুন ধাই যাইয়েনে মাদিয়ান দেশত থাকিবার লাই গেল্ গই। য়েডে যাইয়েনে তেঁই
উগ্যুয়া কুঁয়ার হাছে বই রইল্।

16 য়েডিয়ার মাদিয়ানিয় ইমামর সাত্যুয়া মাইয়্যা আছিল্। য়িতারা য়িতারার বাবার ভেরাগিনরে
ফানি হ্যাবাইবার লাই ফানি তুলি গামলাত ভইত্যো য়েই জাগাত গেল্।

17 কিন্তু হয়েকজন ভেরাচরাইন্যা আইয়েনে কুঁয়ার হাছর ত্যুন য়েই মাইয়্যাগিনরে দুঁরাই দিল্। এই
বেফার দেকিয়েনে মুসা উঠি য়িতারারে সাইয্য গরিল্ আর য়িতারার ভেরাগিনরে ফানি হ্যাইতো
দিল্।

18 য়েই মাইয়্যাগিন য়িতারার বাবা রুয়েল মানি শোয়াইবর হাছে ফিরি গেলে ফর তেঁই ফুছার
গরিল্, “আজিয়া তোঁয়ারা এত তরাতরি কি গরি ফিরি আইলা?”

19 য়িতারা হইল্, “ভেরাচরাইন্যাঅক্যলর আতর ত্যুন একজন মিসরিয় আঁরারে বাঁচাইয়ে। হ্যালি য়িয়ানই নঅঅ, তেঁই ফানি তুলিয়েনে আঁরার ভেরাগিনরেঅ ফানি হ্যাবাইয়ে।”

20 তেঁই তেঁইর মাইয়্যাঅক্যলরে ফুছার গরিল্, “মানুষ্যুয়া হডে? তোঁয়ারা য়িবারে ফেলি আইলা কিঅর লাই? য়িবারে ডাকি আনিয়েনে কিছু হ্যাইতো দঅ।”

21 ফরদি মুসা য়েই ইমামর লগে থাইক্তো রাজি অইল্ আর তেঁই মুসার লগে তেঁইর মাইয়্যা সফুরার বিয়া দিল্।

22 সফুরার উগ্যয়া ফোয়া অইলে ফর মুসা য়িবার নাম রাকিল্ গের্শোম, হারন তেঁই হইয়্যেল্, “আঁই ফরদেশর বাসিন্দা অই আছি।”

23 ইয়ার বউত দিন ফরদি মিসরর বাদশা ইন্তেহাল গরিল্। ইক্যাদি বনি-ইসরাইলগিন য়িতারার গোলামির হারনে হাতর অইয়েনে হাহাকার গইত্যো লাগিল্। এই অবস্তার ত্যুন উদ্যার ফাইবার লাই য়িতারার এই ফরিয়াদ উঅরদি আল্লাহ্র হাছে যাইয়েনে ফোঁছিল্।

24 আল্লাহ্ য়িতারার হাতর আবাজ উনিল্ আর ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর লাই যে বেবস্তা তেঁই এস্তাফন গইজ্যেল্ য়েই হতা ভাবিল্।

25 তেঁই বনি-ইসরাইলঅক্যলর মিক্যা চাই দেকিল্ আর য়িতারার মিক্যা মনোযোগ দিল্।

তোরাত শরিফ: হিজরত 3

হযরত মুসা (আঃ)-র লাই মাবুদর ডাক

1 একদিন মুসা য়িবার ওঅর শোয়াইব, মানি রুয়েলর সঅল-ভেরার ঝাঁক চরাইতো আছিল্। শোয়াইব আছিল্ মাদিয়ানিয়অক্যলর একজন ইমাম। সঅল-ভেরার ঝাঁক চরাইতে চরাইতে মুসা মরুভুমির অইন্য ধারে আল্লাহ্র ফাআর, তুর ফাআরর হাছে যাইয়েনে ফোঁছিল্।

2 য়েডে উগ্যয়া ঝোফর মাঝদি জলন্ত আগুনর মইধ্যর ত্যুন মাবুদর ফেরেস্তা য়িবারে দেহ্যা দিল্। মুসা দেকিল্ দে, ঝোফগানত আগুন জলিলেঅ য়িয়ান ফুড়ি নঅ যার।

3 এই বেফার দেকিয়েনে তেঁই মনে মনে হইল্, “আঁই একফাশদি যাইয়েনে এই আচ্যাইয্য বেফারগান চাইয়োম, চাইয়োম ঝোফগান ফুড়ি নঅ যার কিয়া।”

4 ঝোফগান চাইবার লাই মুসা একফাশদি যার দেকিয়েনে মাবুদ আল্লাহ্ ঝোফর মইধ্যর ত্যুন ডাকিল্, “মুসা, মুসা।” মুসা হইল্, “এই দে আঁই।”

5 মাবুদ হইল্, “আঁর হাছে নঅ আইস্যো। তুঁই ফাক-ফবিত্র জাগাত থিয়াই আছ। তোঁয়ার ঠেংগর জুতা খুলি ফেল।

6 আঁই তোঁয়ার বাবার আল্লাহ্; আঁই ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর আল্লাহ্।” তহন মুসা তেঁইর মুক ঘুরি ফেলিল্, হারন আল্লাহ্র মিক্যা চাইতে তেঁইর ত্যুন ডর অইল্।

7 মাবুদ হইল্, “মিসর দেশত আঁর মানুষঅক্যলর উঅরদি যে জুলুম অঅর য়েগিন আঁর নজর নঅ এরায়। মিসরিয় সদ্যারঅক্যলর জুলুমে বনি-ইসরাইলগিন যে হাহাকার গরের য়েগিন আঁই উন্যি। য়িতারার দুক্য-হষ্টর হতা আঁই জানি।

8 মিসরিয়অক্যলর আতর ত্যুন ইতারার রক্যা গরিবার লাই আঁই লামি আস্যি। আঁই য়িতারারে য়েই দেশর ত্যুন বাইর গরি কেনানিয়, হিট্যিয়, আমোরিয়, ফরিষিয়, হিব্যিয় আর যিবুষিয়অক্যলর দেশত লই যাইয়োম। দেশগান বউত উঁর আর সুন্দর; য়েডে দুধ, মধু আর হনঅ কিছুর অভাব নাই।

9 বনি-ইসরাইলঅক্যলর ফরিয়াদ এহন আঁর হাছে আইয়েনে ফোঁইছ্যে। মিসরিয়গিন কেন্ গরি য়িতারার উঅর জুলুম গরের য়েগিনঅ আঁই দেক্যি।

10 হাজেই তুঁই এহন যঅ। আঁই তোঁয়ারে ফেরাউনর হাছে ফাটাইর। তুঁই যাইয়েনে আঁর বান্দাঅক্যলরে, মানি বনি-ইসরাইলঅক্যলরে মিসরর ত্যুন বাইর গরি আনিবা।”

11 কিন্তু মুসা আল্লাহ্রে হইল্, “আঁই এন্ কেউ নঅ দে, ফেরাউনর হাছে যাইয়েনে মিসরর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে বাইর গরি আনিত্ ফারি।”

12 আল্লাহ্ হইল্, “আঁইই তোঁয়ার লগে থাইক্যোম। তুঁই মিসরর ত্যুন মানুষঅক্যলরে বাইর গরিয়েনে আনিবা আর তোঁয়ারা এই ফাআরতই আঁর এবাদত গরিবা। আঁইই দে তোঁয়ারে ফাটাইলাম ইয়ানই অইবো তোঁয়ার হাছে ইবার চিন্য।”

13 তহন মুসা আল্লাহ্রে হইল্, “কিন্তু আঁই যাইয়েনে বনি-ইসরাইলঅক্যলরে যহন হইয়্যোম য়িতারার ফুর্বফুরুষঅক্যলর আল্লাহ্ আঁরে য়িতারার হাছে ফাটাইয়্যে, তহন য়িতারা অঅত আঁরে ফুছার গরিবো, ‘য়িবার নাম কি?’ য়েই সমত আঁই য়িতারারে কি জোয়াব দিয়োম?”

14 আল্লাহ্ মুসারে হইল্, “যিবা ‘আঁই আছি’ আঁইই য়িবা। তুঁই বনি-ইসরাইলঅক্যলরে হইবা দে, ‘আঁই আছি’ য়িতারার হাছে তোঁয়ারে ফাটাইয়ে।

15 তুঁই য়িতারারে আরো হইবা দে, য়িতারার ফুর্বফুরুষ ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর মাবুদ আল্লাহ্ তোঁয়ারে য়িতারার হাছে ফাটাইয়ে। আঁর চিরহালর নাম ‘মাবুদ।’ বংশর ফর বংশ ধরিয়েনে আঁরে এই নামেই মাইন্ষ্যে মনত রাকিবো।

16 তুঁই যাইয়েনে ইসরাইলিয় বুরা নেতাঅক্যলরে একলগে জমায়েত গরিয়েনে য়িতারারে হইবা দে, য়িতারার ফুর্বফুরুষ ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর মাবুদ আল্লাহ্ই তোঁয়ারে দেহ্যা দিয়েনে হইয়্যে, ‘তোঁয়ারার মিক্যা আর মিসরত তোঁয়ারার লগে যেগিন গরা অঅর য়েগিনর মিক্যা আঁর খিয়াল আছে।

17 য়িতার লাই আঁই হইর, মিসরর জুলুমর ত্যুন বাইর গরিয়েনে আঁই তোঁয়ারারে কেনানিয়, হিট্যিয়, আমোরিয়, ফরিষিয়, হিব্যিয় আর যিবুষিয়অক্যলর দেশত লই যাইয়োম। য়েডে দুধ, মধু আর হনঅ কিছুর অভাব নাই।’

18 “ইসরাইলিয় বুরা নেতাগিন তোঁয়ার হতাত হান দিবো। তুঁই আর য়িতারা মিলিয়েনে মিসরর বাদশার হাছে যাইয়েনে হইবা, ‘ইব্রানিঅক্যলর মাবুদ আল্লাহ্ই আঁরার লগে দেহ্যা দিয়েনে হতা হইয়্যে। হাজেই অনে দয়া গরি আঁরারে যাইতো দঅন, যেন্ আঁরা মরুভুমির মইধ্যে তিন দিনর ফথ যাইয়েনে আঁরার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে ফশু হোরবানি দিত্ ফারি।’

19 আঁই জানি শক্ত আতত ফইল্যেঅ মিসরর বাদশা তোঁয়ারারে যাইতো দিতো নঅ।

20 হাজেই আঁর কুদরতি বেবার গরি আঁই এন্ হতাক্যিন কেরামতির মইধ্য দিয়েনে মিসররে আঘাত গইজ্যোম যেগিনর হারনে ফেরাউন তোঁয়ারারে যাইতো দিবো।

21 বনি-ইসরাইলঅক্যলর লাই মিসরিয়অক্যলর মনত আঁই এন্ এক্যান দয়ার মনোভাব সিষ্টি গইজ্যোম যেন্ মিসরর ত্যুন বাইর অই যাইবার সমত তোঁয়ারার ত্যুন হ্যালি আতে যঅন নঅ ফরে।

22 ফত্যিউয়া ইব্রানি মাইয়্যাফোয়া য়িবার ফতিবাসি আর নিজর ঘরত আছে এন্ হতাক্যিন মিসরিয় মাইয়্যাফোয়াঅক্যলর হাছর ত্যুন সোনা আর রুফার জিনিস আর হঅর-সোর চাই লইবো। তার ফর য়েগিন দিয়েনে তোঁয়ারা তোঁয়ারার ফোয়ামাইয়্যাঅক্যলরে সাজাইবা। এন্ গরিয়েনেই মিসরিয়অক্যলর জিনিস বনি-ইসরাইলগিনে আদায় গরি লইবো।”

তোরাত শরিফ: হিজরত 4

হযরত মুসা (আঃ)-রে কেরামতির হ্যমতা দান গরা

1 এই হতার জোয়াবে মুসা হইল্, “কিন্তু যুদি বনি-ইসরাইলগিনে আঁরে অবিশ্যাস গরে আর আঁর হতা নঅ উনে? য়িতারা তঅ হইত্ ফারে, ‘না, মাবুদ তোঁয়ারে দেহ্যা নঅ দেঅ।’”

2 তহন মাবুদ য়িবারে হইল্, “তোঁয়ার আতত য়িয়ান কি?” তেঁই হইল্, “এক্যান লাটি।”

3 মাবুদ হইল্, “য়িয়ান মেডিত ফেল্।” মুসা লাটিগান মেডিত ফেইল্তেই য়িয়ান উগ্যয়া আঁফ অই গেল্। তহন মুসা য়িয়ানর হাছর ত্যুন দুঁরি ধাই গেল্।

4 কিন্তু মাবুদ মুসারে হইল্, “তোঁয়ার আত বারাইয়েনে য়িয়ানর লেজ ধর্।” মুসা য়িয়ান গইত্যেই তেঁইর আতত আবার য়িয়ান লাটি অই গেল্।

5 তার ফর মাবুদ হইল্, “তুঁই ইয়ান গরিবা যেন্ য়িতারা বিশ্যাস গরিত্ ফারে দে, য়িতারার ফুর্বফুরুষ ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর মাবুদ আল্লাহ্ আঁসা-আঁসাই তোঁয়ারে দেহ্যা দিয়্যে।”

6 মাবুদ য়িবারে আবার হইল্, “তোঁয়ার আত হোঁঅর-বাঁদনির উঅরর মিক্যা হঅরর ভাঁজর ভিতরে রাক্।” মুসা য়িয়ানই গরিল্। কিন্তু যহন তেঁই য়িয়ান বাইর গরি আনিল্ তহন দেহ্যা গেল্ চামরা বেরামে য়িবার আতর উঅর যেন্ বরফর আস্তর ফরি গেইয়্যে।

7 তহন মাবুদ হইল্, “তোঁয়ার আত আবার য়েডে রাক্।” তেঁই য়িয়ানই গরিল্। যহন তেঁই আতগান বাইর গরি আনিল্ তহন দেহ্যা গেল্ য়িবার আতগান য়িবার শরিলর অইন্যাইন্য অংশর মতন ভালা অই গেইয়্যে।

8 তহন মাবুদ হইল্, “যুদি য়িতারা তোঁয়ারে অবিশ্যাস গরে বা ফইল্যা চিন্যগানর হনঅ দাম নঅ
দেএ তইলে অঅত য়িতারা দিতিয়গান বিশ্যাস গরিবো।

9 কিন্তু যুদি য়িতারা এই দুইয়ানর হনঅগানই বিশ্যাস নঅ গরে বা তোঁয়ার হতাত হান নঅ দেএ
তইলে তুঁই নিল দইজ্যার ত্যুন এক্যানা ফানি তুলি লইয়েনে মেডির উঅর ঢালি দিবা। য়িয়ানত
মেডির উঅরর য়েই ফানিগিন রক্ত অই যাইবো।”

10 মুসা মাবুদরে হইল্, “কিন্তু মালিক, আঁই হনঅ হালেই ভালা গরি হতা হইত্ নঅ ফারি। আগদিঅ
নঅ ফারি আর তোঁয়ার এই গোলামর লগে তুঁই হতা হইবার ফরদিঅ নঅ ফারির। আঁর মুকত হতা
আটকি যাআ, আঁর জিল্ফা ভারি।”

11 কিন্তু মাবুদ য়িবারে হইল্, “মানুষর মুক হনে তৈয়ার গইজ্যে? হনে য়িবারে বোবা, বঅরা বা আঁধা
গইজ্যে? আর হনেই বা তারে চোগে দেকিবার শক্তি দিয়্যে? য়িবা কি আঁই মাবুদ নঅ?

12 তুঁই এবার যঅ। আঁই নিজেই তোঁয়ারে হতা হইতে সাইয্য গইজ্যোম আর যেগিন হইবার য়েগিন
তোঁয়ারে শিক্যাই দিয়োম।”

13 জোয়াবে মুসা হইল্, “অ মালিক, আঁই মিনতি গরির, আর কেউঅরে দিয়েনে তুঁই এই হ্যবর ফাটাই
দঅ।”

14 এই হতা উনিয়েনে মাবুদ মুসার উঅর গোস্যায় জলি উঠিল্। তেঁই হইল্, “তোঁয়ার ভাই লেবিয়
হারুন কি নাই না? আঁই জানি য়িবা বউত ভালা গরি হতা হইত্ ফারে। য়িবা তোঁয়ার লগে দেহ্যা
গইত্যো আইয়্যের। তোঁয়ারে দেকিয়েনে য়িবা বউত খুশি অইবো।

15 তুঁই যহন য়িবার লগে হতা হইবা তহন য়িবারে হই দিবা কি হঅন ফরিবো। আঁই তোঁয়ারা
দুইজনরে হতা হইতে সাইয্য গইজ্যোম আর কি গরন ফরিবো য়েগিন তোঁয়ারারে শিকাই দিয়োম।

16 তোঁয়ার অইয়েনে হারুনই মানুষর লগে হতা হইবো, যেন্ য়িবার মুকই তোঁয়ার মুক আর তুঁইই
যেন্ য়িবার আল্লাহ্।

17 তোঁয়ার এই লাটিগান তুঁই আতত গরি লই যাইবা আর য়িয়ান দিয়েনেই য়েই কেরামতিগিন
দেহ্যাইবা।”

হযরত মুসা (আঃ)-র মিসরত রঅনা

18 ইয়ার ফর মুসা য়িবার ওঅর শোয়াইবর হাছে ফিরি যাইয়েনে য়িবারে হইল্, “মিসর দেশত আঁর
আত্যিয়-সজনঅক্যলর হাছে আঁরে ফিরি যাইতো দঅন। আঁই যাইয়েনে দেইক্তাম চাই য়িতারা
এহনঅ বাঁচি আছে কিনা।” শোয়াইব মুসারে হইল্, “আইছ্যা, সইসালামতে যঅ।”

19 মাদিয়ান দেশত থাইক্তেই মাবুদ মুসারে হইয়্যেল্, “তুঁই এহন মিসরত ফিরি যঅ। যে মানুষগিন
তোঁয়ারে মারি ফেইল্তো চাইয়্যেল্ য়িতারা আর বাঁচি নাই।”

20 তহন মুসা য়িবার বউ আর ফোয়াঅক্যলরে উগ্যয়া গাধার ফিটত বোয়াইল্ আর য়িতারারে
লইয়েনে মিসর দেশত ফিরি চলিল্। আল্লাহ্র য়েই লাটিগানঅ তেঁই আতত গরি লইল্।

21 মাবুদ মুসারে হইল্, “আঁই তোঁয়ারে যেতাক্যিন কেরামতি হাম গরিবার হ্যমতা দিয়্যি তুঁই মিসর দেশত ফিরি যাইয়েনে ফেরাউনর সাম্নদি য়েগিনর বেক্যিনই গরিবা। কিন্তু আঁই য়িবার মন এন্ হঠিন গরি দিয়োম যার লাই য়িবা মানুষঅক্যলরে যাইতো দিতো নঅ।

22 তার ফরদি তুঁই ফেরাউনরে হইবা দে, মাবুদ হঅর, ‘ইসরাইল আঁর ফইল্যা ফোয়া।

23 আঁর এবাদত গরিবার লাই আঁর ফইল্যা ফোয়ারে যাইতো দিতো আঁই তোঁয়ারে হইয়্যিলাম। কিন্তু তুঁই তারে যাইতো নঅ দিলা বুলি আঁই তোঁয়ার ফইল্যা ফোয়ারে মারি ফেইল্তাম যাইর।’”

24 মিসরত যাইবার ফথদি এক্যান রাইত হাডাইবার জাগাত মাবুদ মুসারে মারি ফেলিবার উদ্যেশ্য লইয়েনে য়িবার মুকামুকি অইল্।

25 তহন সফুরা এক্যান ধার আলা ফাত্যোর দিয়েনে য়িবার ফোয়ার ফুরুষাংগর সাম্নর চামরা হাডি লইল্। তার ফর য়িয়ান মুসার ঠেংগত সোঁয়াইয়েনে হইল্, “তুঁই রক্তফাত গরি ফঅইন্যা আঁর জামাই।”

26 তহন মাবুদ মুসারে রেহাই দিল্। সুন্যত গরাইবার বেফারে সফুরা য়েই হতা হইয়্যেল্।

27 ইয়ার ফরদি মাবুদ হারুনরে হইল্, “মরুভুমিত যাইয়েনে তুঁই মুসার লগে দেহ্যা গর্।” তহন তেঁই গেল্ আর আল্লাহ্র ফাআরত মুসার দেহ্যা ফাইয়েনে য়িবারে চুম দিল্।

28 মাবুদ মুসারে যেগিন হইতো ফাটাইয়্যেল য়েগিন মুসা হারুনরে জানাইল্। এগিন বাদে যে কেরামতি হামগিন দেহ্যাইবার উকুম মাবুদ য়িবারে দিয়্যেল্ য়েগিনঅ মুসা হারুনরে বুঝাই হইল্।

বনি-ইসরাইলঅক্যলর সাম্নদি হযরত মুসা (আঃ) আর হারুন (আঃ)

29 ইয়ার ফরদি মুসা আর হারুন মিসরত যাইয়েনে বেক ইসরাইলিয় বুরা নেতাঅক্যলরে একলগে জমায়েত গরিল্।

30 মাবুদ মুসারে যে হতাগিন হইয়্যেল্ য়েগিন বেক্যিনই হারুন য়িতারারে জানাইল্ আর মানুষঅক্যলর সাম্নদি য়েই কেরামতিগিন দেহ্যাইল্।

31 য়িয়ানত মানুষঅক্যলে বিশ্যাস গরিল্। য়িতারা যহন উনিল্ দে, মাবুদ বনি-ইসরাইলঅক্যলর দুক্য-দুরদশা দেইক্যে আর য়িতারার হতা ভাইব্যে তহন য়িতারা মাবুদরে সইদা গরিল্।

তোরাত শরিফ: হিজরত 5

ফেরাউনর সাম্নদি হযরত মুসা (আঃ) আর হারুন (আঃ)

1 ফরদি মুসা আর হারুন যাইয়েনে ফেরাউনরে হইল্, “আল্লাহ্, যিবা বনি-ইসরাইলঅক্যলর মাবুদ, তেঁই হঅর, ‘আঁর বান্দাগিন যেন্ মরুভুমিত যাইয়েনে আঁর লাই এক্যান ইদ ফালন গরিত্ ফারে য়িতার লাই য়িতারারে যাইতো দঅ।’”

2 কিন্তু ফেরাউন হইল্, “হন আবার এই মাবুদ, যে আঁই য়িবার উকুম মানিয়েনে বনি-ইসরাইলঅক্যলরে যাইতো দিয়োম? এই মাবুদরেঅ আঁই নঅ চিনি আর ইসরাইলিয়অক্যলরেঅ আঁই যাইতো নঅ দিয়োম।”

3 তহন য়িতারা হইল্, “ইব্রানিঅক্যলর আল্লাহ্ আঁরারে দেহ্যা দিয়্যে। য়িতার লাই অনে দয়া গরিয়েনে আঁরারে যাইতো দঅন যেন্ আঁরা মরুভুমিত তিন দিনর ফথ যাইয়েনে আঁরার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে ফশু-হোরবানি দিত্ ফারি। য়িয়ান নইলে তেঁই অঅত হনঅ মআমারি বা তলোয়ারর মইধ্য দিয়েনে আঁরার উঅর গজব আনিবো।”

4 জোয়াবে মিসরর বাদশা য়িতারারে হইল্, “মুসা আর হারুন, তোঁয়ারা হামর ত্যুন মানুষঅক্যলর মন সরাই দিতা লাইগ্যো কিঅর লাই? যঅ, তোঁয়ারা হামত ফিরি যঅ।

5 চঅ, দেশত তোঁয়ারার মানুষজন এহন বারি গেইয়্যে, আর তোঁয়ারার হারনে য়িতারা হাম বন্ধ গরি দেএর।”

6 ফেরাউন য়েই দিনই গোলামঅক্যলর উঅর বানাইন্যা জুলুমবাজ সদ্যারঅক্যলরে আর ইসরাইলিয় ফরিচালকঅক্যলরে এই উকুম দিল্,

7 “ইট বানাইবার লাই মানুষঅক্যলরে তোঁয়ারা আর খেরকুডা নঅ দিয়ো। য়িতারা নিজরাই নিজরর লাই খের যোগাড় গরি লইবো।

8 কিন্তু তঅ য়িতারা আগদি যেতাক্যিন ইট তৈয়ার গইত্যো ঠিগ ততগিনই তোঁয়ারা য়িতারার হাছর ত্যুন বুঝি লইবা, উগ্যয়াঅ নঅ হমাইবা। মানুষগিন অলস বুলিই য়িতারা যাইয়েনে য়িতারার আল্লাহ্র উদ্যেশ্যে ফশু হোরবানি দিবার হতা লই অই-চই গরের।

9 তোঁয়ারা য়িতারার উঅর আরো ভারি হাম চাবাই দঅ, যেন্ মিছা হতাত হান নঅ দিয়েনে য়িতারা হাম লই বেস্ত থাকে।”

মিসরিয়অক্যলর অমানুষি বেবার

10 তহন গোলামঅক্যলর উঅর বানাইন্যা জুলুমবাজ সদ্যারগিন আর ইসরাইলিয় ফরিচালকগিন বাইরে যাইয়েনে মানুষঅক্যলরে হইল্, “ফেরাউন হঅ দে, তেঁই আর তোঁয়ারারে খেরর যোগান দিতো নঅ।

11 তোঁয়ারা যেডে ফঅ য়েডের ত্যুন খেরকুডা যোগাড় গরি লইবা। কিন্তু য়িয়ানত তোঁয়ারার হাম এক্যানাঅ হমাই দেয়া অইতো নঅ।”

12 হাজেই মানুষগিন খেরর বদলে নারা যোগাড় গরিবার লাই মিসর দেশর বেক জাগাত ছরাই-ছিঁডাই ফরিল্।

13 য়েই সদ্যারগিন য়িতারারে তাগাদা দিয়েনে হইতো লাগিল্, “আগে খের যোগান দিবার সমত তোঁয়ারা ফত্যিদিন যেতাক্যিন ইট তৈয়ার গইত্যা এহনঅ তোঁয়ারার ত্যুন ঠিগ ততাক্যিনই তৈয়ার গরি দঅন ফরিবো।”

14 ফরদি একদিন ফেরাউনর য়েই সদ্যারগিন য়িতারার বানাইন্যা ইসরাইলিয় ফরিচালকঅক্যলরে
মাইরধোইর গরিয়েনে হইল্, "যেতাক্যিন গরি ইট ফত্যিদিন তোঁয়ারার ত্যুন তৈয়ার গরিবার হতা
তোঁয়ারা আগর মতন য়েগিন নঅ গইত্যা লাইগ্যো কিঅর লাই? তোঁয়ারা আজিয়াঅ য়েগিন নঅ
গর আর য়িতার আগর দিনঅ নঅ গর।"

15 ইয়ানত ইসরাইলিয় ফরিচালকগিন ফেরাউনর হাছে যাইয়েনে হাঁদাহাঁদি গরি হইল্, "অনর
গোলামঅক্যলর লগে অনে ইয়ান কি রহম বেবার গইত্যা লাইগ্যোন?

16 হনঅ খেরকুডা আঁরারে দেয়া নঅ অঅর, অথচ সদ্যারগিন আঁরারে ইট তৈয়ার গইত্যো হঅ।
আর সঅন, অনর গোলামঅক্যলরে মাইরধোইর গরা অঅর, কিন্তু দোষগান অনর নিজর
মানুষঅক্যলই।"

17 জোয়াবে ফেরাউন য়িতারারে হইল্, "তোঁয়ারা অলস, বউত অরিফ। য়িতার লাইই তোঁয়ারা
হইতা লাইগ্যো, 'মাবুদর উদ্যেশ্যে ফশু হোরবানি দিবার লাই আঁরারে যাইতো দঅ।'

18 যঅ, হাম গর যাইয়েনে। তোঁয়ারারে আর খেরকুডা দেয়া অইতো নঅ, তঅ তোঁয়ারার ত্যুন
যেতাক্যিন ইট তৈয়ারি গরিবার হতা য়েগিন গরনই ফরিবো।"

19 তহন ইসরাইলিয় ফরিচালকগিন বুঝিল্ দে, য়িতারা বিফদত ফইজ্যে, হারন য়িতারারে হোয়া
অইয়্যেল্ আগদি ফত্যিদিন য়িতারা যেতাক্যিন গরি ইট তৈয়ার গইত্যো এহনঅ ঠিগ ততাক্যিনই
গরন ফরিবো।

20 য়িতারা ফেরাউনর সাম্নর ত্যুন নেলি আইয়েনে মুসা আর হারুনর দেহ্যা ফাইল্। য়িতারা
ইসরাইলিয় ফরিচালকঅক্যলর লাইই অফেক্যা গইত্যো আছিল্।

21 ফরিচালকগিন য়িতারারে হইল্, "মাবুদ যেন্ অনরারে শাস্তি দেএ, হারন ফেরাউন আর য়িবার
হর্মচারিঅক্যলর হাছে অনরা আঁরারে এক্যান বাশর মতন গরি তুইল্যোন, আর য়িয়ানত আঁরারে
মারি ফেলিবার তলোয়ার য়িতারার আতত তুলি দিয়োন।"

22 তহন মুসা ফিরি যাইয়েনে মাবুদরে হইল্, "অ দিন-দুনিয়ার মালিক, এই জাতিরে কিঅর লাই তুঁই
হষ্টত ফেইল্যো? কিঅর লাইই বা তুঁই আঁরে ফাটাইয়্যো?

23 তোঁয়ার নামে ফেরাউনর হাছে হতা হইবার ফরর ত্যুনই এই মানুষঅক্যলর উঅর বিফদ লামি
আইস্যে। হই তুঁই তোঁয়ার বান্দাঅক্যলরে রক্যা গইল্যা না?"

তোরাত শরিফ: হিজরত 6

উদ্যারর লাই আল্লাহ্র ওয়াদা

1 মাবুদ মুসারে হইল্, "তুঁই চাই লইয়্যো, ফেরাউনর অবস্তা এবার আঁই কি গরি। আঁর শক্ত আতত
ফরিয়েনে য়িবা মানুষঅক্যলরে ছারি দিবো। জি, আঁর শক্ত আতত ফরিয়েনে য়িবা য়িবার দেশর
ত্যুন য়িতারারে দুঁরাইয়েনে বাইর গরিবো।"

2 আল্লাহ্ মুসারে আরো হইল্, "আঁই মাবুদ।

3 সর্বশক্তিমান আল্লাহ্ ইসাবে আঁই ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবরে দেহ্যা দিতাম, কিন্তু মাবুদ
ইসাবে আঁই দে কি, য়িয়ান য়িতারার হাছে নঅ দেহ্যাইতাম।
4 আঁই য়িতারার লাই আঁর বেবস্তা এস্তাফন গজ্যিলাম। য়েই বেবস্তাত আঁই হইয়্যিলাম দে, য়িতারা
বিদেশি ইসাবে যেডে থাইক্তো য়েই কেনান দেশগান আঁই য়িতারারে দিয়োম।
5 মিসরিয়গিন বনি-ইসরাইলঅক্যলরে গোলাম বানাই রাইক্যে। য়িতারার ফরিয়াদ উনিয়েনে য়েই
বেবস্তার হতা আঁই ভাবিলাম।
6 য়িতার লাই তুঁই বনি-ইসরাইলঅক্যলরে হঅ দে, মাবুদ হঅর, 'আঁই মাবুদ। মিসরিয়অক্যলর
চাবাই দেয়া বোজার তলার ত্যুন আঁই তোঁয়ারারে বাইর গরিয়েনে লই আইস্যোম। য়িতারার
গোলামির ত্যুন আঁই তোঁয়ারারে উদ্যার গইজ্যোম। আত বারাই য়িতারারে বউত বিরাট শাস্তি
দিয়েনে আঁই তোঁয়ারারে মুক্ত গইজ্যোম।
7 তারফর আঁর নিজর বান্দা ইসাবে আঁই তোঁয়ারারে হবুল গইজ্যোম আর তোঁয়ারার আল্লাহ্
অইয়্যোম। তহন তোঁয়ারা জানিত্ ফারিবা দে, আঁই আল্লাহ্ই তোঁয়ারার মাবুদ, আর
মিসরিয়অক্যলর বোজার তলার ত্যুন আঁইই তোঁয়ারারে বাইর গরি আন্যি।
8 যে দেশ দিবার সোঅন আঁই ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর হাছে হ্যাইয়িলাম য়েই দেশতই আঁই
তোঁয়ারারে লই যাইয়োম আর য়েই দেশর অধিকার আঁই তোঁয়ারারে দিয়োম। আঁইই মাবুদ।'"
9 মুসা যাইয়েনে এই হতাগিন বনি-ইসরাইলঅক্যলরে জানাইল্, কিন্তু অনাচারর মইধ্যে গোলামর
হাম গইত্যে গইত্যে মন-মরা অই ফইজ্যেল্ বুলি য়িতারা মুসার হতাত হান নঅ দিল্।
10 তহন মাবুদ মুসারে হইল্,
11 "তুঁই মিসরর বাদশা ফেরাউনরে যাইয়েনে হঅ যেন্ য়িবা য়িবার দেশর ত্যুন বনি-
ইসরাইলঅক্যলরে যাইতো দেঅ।"
12 জোয়াবে মুসা মাবুদরে হইল্, "কিন্তু বনি-ইসরাইলগিনেই যুদি আঁর হতা নঅ উনে তইলে ফেরাউন
আঁর হতাত হান দিবো কিঅর লাই, বিশেষ গরি আঁর হতা যহন বাজি যাআ?"
13 তহন মাবুদ মুসা আর হারুনরে হইল্, "তোঁয়ারা বনি-ইসরাইলঅক্যলরে আর মিসরর বাদশা
ফেরাউনরে জানঅ দে, মাবুদ তোঁয়ারারে উকুম দিয়্যে যেন্ তোঁয়ারা বনি-ইসরাইলঅক্যলরে
মিসরর ত্যুন বাইর গরি লই যঅ।"

হযরত মুসা আর হারুন (আঃ)-র বংশ তালিকা

14 ইতারাই আছিল্ রুবেন, শিমিয়োন আর লেবি বংশর মেইন: ইসরাইলর উঁর ফোয়া রুবেনর
ফোয়াগিন অইল্ হনোক, ফল্যু, হিস্রোন আর কর্মি। ইতারা রুবেনর গুষ্টির বংশ-বাফ আছিল্।
15 শিমিয়োনর ফোয়াগিন অইল্ যিমুয়েল, যামিন, ওহদ, যাক্যিন, সোহর আর তেঁইর কেনানিয়
বউঅর গর্ভর ফোয়া শোল। ইতারা শিমিয়োনর গুষ্টির বংশ-বাফ আছিল্।

16 জন্ম ইসাবে ফর ফর লেবির ফোয়াগিন অইল্ গের্শোন, কহাত আর মরারি। লেবি এক্শ
সাত্তিরিশ বছর বাঁচি আছিল্।

17-19 লেবি গুষ্টির বিন্য বিন্য বংশর তালিকা ইসাবে ইতারাই আছিল্ বংশর মেইন: গের্শোনর
ফোয়াগিন লিব্নি আর শিমিয়ি; কহাতর ফোয়াগিন ইমরান, যিষ্হর, হেবরন আর উষিয়েল;
মরারির ফোয়াগিন মহলি আর মুশি। কহাত এক্শ তেত্রিশ বছর বাঁচি আছিল্। ইতারা বেক্যিন
লেবি গুষ্টির বংশ-বাফ আছিল্।

20 ইমরানর ফোয়াগিন অইল্ হারুন আর মুসা। ইমরান য়িবার বাবার বোইন ইউক্যাবেজরে বিয়া
গইজ্যেল্ আর য়িবার গর্ভত ইতারার জন্ম অইয়্যেল্। ইমরান এক্শ সাতত্তিরিশ বছর বাঁচি আছিল্।

21 যিষ্হরর ফোয়াগিন অইল্ কারুন, নেফগ আর সিক্রি।

22 উষিয়েলর ফোয়াগিন অইলো মিশায়েল, ইলসাফন আর সিথ্রি।

23 হারুনর ফোয়াগিন অইল্ নাদব, অবিহু, ইলিয়াসর আর ইথামর। হারুন অম্যিনাদবর মাইয়্যা
নহশোনর বোইন ইলিশেবারে বিয়া গইজ্যেল্ আর য়িবার গর্ভত ইতারার জন্ম অইয়্যেল্।

24 কারুনর ফোয়াগিন অইল্ অসির, ইলকানা, অবিয়াসফ। ইতারা কারুনিয়অক্যলর বংশ-বাফ
আছিল্।

25 ইলিয়াসরর ফোয়া অইল্ ফিনহস। হারুনর ফোয়া ইলিয়াসর ফুটিয়েলর মাইয়্যারে বিয়া গইজ্যেল্
আর য়িবার গর্ভত ফিনহসর জন্ম অইয়্যেল্। ইতারাই আছিল্ লেবি গুষ্টির বিন্য বিন্য বংশর মেইন
মানুষ।

26 এই হারুন আর মুসারেই মাবুদ হইয়্যেল্ যেন্ য়িতারা সৈন্যদলর মতন গরিয়েনে বনি-
ইসরাইলঅক্যলরে মিসর দেশর ত্যুন বাইর গরি লই আইয়্যে।

27 এই মুসা আর হারুনই মিসর দেশর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে বাইর গরি লই যাইবার হতা
মিসরর বাদশা ফেরাউনরে হইয়্যেল্।

হযরত মুসা আর হারুন (আঃ)-র লাই আল্লাহ্র উকুম

28-29 মাবুদ মিসর দেশত মুসার লগে হতা হইবার সমত হইয়্যেল্, "আঁই মাবুদ। আঁই তোঁয়ারে
যেগিন হইর য়েগিন বেক্যিনই তুঁই মিসরর বাদশা ফেরাউনরে জানাইবা।"

30 কিন্তু মুসা তহন মাবুদরে হইয়্যেল্, "ফেরাউন আঁর হতাত হান দিবো কিঅর লাই, বিশেষ গরি
আঁর হতা যহন বাজি যাআ?"

তোরাত শরিফ: হিজরত 7

1 তহন মাবুদ মুসারে হইল্, "চঅ, ফেরাউনর হাছে আঁই তোঁয়ারে আল্লাহ্র মতন গইজ্যোম, আর
তোঁযার ভাই হারুন অইবো তোঁয়ার নবি।

2 আঁই তোঁয়ারে যেতাক্যিন উকুম দিইর য়েগিন বেক্যিন তুঁই দেহ্যাই দিবা। তোঁয়ার ভাই হারুন
ফেরাউনরে হইবো, যেন্ য়িবা য়িবার দেশর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে যাইতো দেএ।

3-4 কিন্তু আঁই ফেরাউনর মন হঠিন গইজ্যোম যেন্ আঁই মিসর দেশত বউত চিন্য আর কেরামতি
হাম দেহ্যাইত্ ফারি। য়িবা কিছুতেই তোঁয়ারার হতা উইন্তো নঅ। য়িতার লাই আঁই মিসর দেশর
উঅরদি আঁর আত তুইল্যোম আর বউত বিরাট শাস্তি দিয়েনে আঁই আঁর সৈন্যঅক্যলরে, মানি আঁর
বান্দা বনি-ইসরাইলঅক্যলরে য়েই দেশর ত্যুন বাইর গরি আইন্যোম।

5 আঁই যহন আঁর কুদরত বেবার গরিয়েনে মিসর দেশর মইধ্যর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে বাইর
গরি আইন্যোম তহন মিসরিয়গিন বুঝিত্ ফারিবো দে, আঁই মাবুদ।”

6 মাবুদ মুসা আর হারুনরে যেন্ উকুম দিয়্যেল্ য়িতারা ঠিগ য়েনই গরিল্।

7 ফেরাউনর লগে হতা হইবার সমত মুসার বয়স আছিল্ আশি আর হারুনর তিরাশি।

হযরত হারুন (আঃ)-র কেরামতির লাটি

8 মাবুদ মুসা আর হারুনরে আরো হইল্,

9 “ফেরাউন যহন তোঁয়ারারে হনঅ কেরামতি হাম গরি দেহ্যাইতো হইবো, তহন তুঁই হারুনরে
হইয়্যো, ‘ফেরাউনর সাম্নদি তোঁয়ার লাটিগান ফেল্,’ আর য়িয়ানত য়িয়ান আঁফ অই যাইবো।”

10 মাবুদ য়িতারারে যেগিন হইয়্যেল্ মুসা আর হারুন ফেরাউনর হাছে যাইয়েনে ঠিগ য়েগিনই
গরিল্। হারুন তেঁইর লাটিগান ফেরাউন আর য়িবার হর্মচারিঅক্যলর সাম্নদি ফেলিল্, আর য়িয়ান
আঁফ অই গেল্।

11 ফেরাউন গুনিনঅক্যলরে আর নেশার জিনিস হামে লাগাইন্যা কুহকিঅক্যলরে, মানি তেঁইর
যাদুগরঅক্যলরে ডাকি ফাঠাইল্। য়িতারাঅ য়িতারার যাদুমন্ত্রর জোরে য়েই একই হাম গরিল্।

12 য়িতারা ফত্যিজনই য়িতারার লাটি মেডিত ফেলিল্ আর য়েগিনঅ আঁফ অই গেল্, কিন্তু হারুনর
লাটিগান য়িতারার লাটিগিনরে গিলি ফেলিল্।

13 তঅ মাবুদ য়িতারারে যেগিন হইয়্যেল্ য়েগিনই অইল্। ফেরাউনর মন হঠিন অই রইল্; তেঁই মুসা
আর হারুনর হতা নঅ উনিল্।

মিসরর উঅর ফইল্যা গজব — রক্ত

14 তহন মাবুদ মুসারে হইল্, “ফেরাউনর মন শক্ত অই আছে, য়িতার লাই য়িবা মানুষঅক্যলরে
যাইতো নঅ দেএর।

15 হালিয়া বেইন্যা ফেরাউন যহন বাইরে দইজ্যার ঘাঁটত যাইবো, তহন তুঁই য়িবার লগে দেহ্যা
গরিবার লাই নিল দইজ্যার ধারে থিয়াই থাইক্যো। যে লাটিগান আঁফ অই গেইয়্যেল য়িয়ানঅ আতত
রাইক্যো।

16 য়িবারে হইয়্যো, ‘ইব্রানিঅক্যলর মাবুদ আল্লাহ্ আঁরে এই হতা হইতো অনর হাছে ফাটাইয়্যে দে, তেঁইর মানুষগিন যেন্ মরুভুমিত তেঁইর এবাদত গরিত্ ফারে য়িতার লাই অনে যেন্ য়িতারারে যাইতো দঅন। কিন্তু এই ফইয্যন্ত অনে তেঁইর হতাত হান নঅ দঅন।

17 য়িতার লাই মাবুদ হঅর, তেঁইই দে মাবুদ য়িয়ান অনে এই চিন্য দেকিয়েনে বুঝিত্ ফারিবান।’ তুঁই হইবা, ‘আঁই এহন আঁর আতর এই লাটিগান দিয়েনে নিল দইজ্যার ফানিত আঘাত গইত্যাম যাইর আর য়িয়ানত দইজ্যার ফানি রক্ত অই যাইবো।

18 ইয়ার হারনে বেক মাছ মরি যাইবো আর এন্ ফুঁসা বাশ বাইর অইবো দে, ফানি হ্যাইতো যাইয়েনে মিসরিয়গিন ঘিনায় মুক ফিরাই লইবো।’”

19 ফরদি মাবুদ মুসারে হইল্, “হারুনরে হঅ যেন্ য়িবা য়িবার লাটিগান আতত লঅ আর মিসরর বেক দইজ্যা, হ্যাল, ফইর আর জমা গরি রাকা ফানির মিক্যা য়িবার আতগান বারাইয়েনে ঘুরাই আনে। য়িয়ানত বেক ফানি রক্ত অই যাইবো। মিসর দেশর বেক জাগাতই রক্ত দেহ্যা যাইবো; এন্ কি, গাছ আর ফাত্যোরর বানাইন্যা জিনিসর ফানিঅ বাদ যাইতো নঅ।”

20 মুসা আর হারুন মাবুদর উকুম মতন বেক কিছু গরিল্। ফেরাউন আর য়িবার হর্মচারিঅক্যলর সাম্নদি হারুন তেঁইর লাটিগান তুলিয়েনে নিল দইজ্যার ফানিত আঘাত গরিল্। য়িয়ানত নিল দইজ্যার বেক ফানি রক্ত অই গেল্।

21 দইজ্যার বেক মাছ মরি যাইয়েনে এন্ বাশ বাইর অইতো লাগিল্ দে, মিসরিয়গিন য়েই ফানি হ্যাইত্ নঅ ফারিল্। মিসর দেশর বেক জাগাতই রক্ত দেহ্যা গেল্।

22 তহন মিসরিয় যাদুগরগিনে য়িতারার যাদুমন্ত্রর জোরে য়েই একই হাম গরিল্। য়িতার লাই ফেরাউনর মন আরো হঠিন অই উটিল্। মাবুদ যেগিন হইয়্যেল্ য়েগিনই অইল্; মুসা আর হারুনর হতা ফেরাউন নঅ উনিল্,

23 কিন্তু ফিছন ফিরি নিজর বাড়িত যাইয়েনে ঢুকিল্। তেঁই য়েইক্যা হনঅ খিয়ালই নঅ গরিল্।

24 দইজ্যার ফানি হ্যা নঅ গেল্ দেকিয়েনে মিসরিয়গিন ফানির লাই দইজ্যার আশেফাশে মেডি কুদিল্।

25 নিল দইজ্যার উঅর মাবুদর এই গজব লামি আইবার ফর সাতদিন হাডি গেল্।

তোরাত শরিফ: হিজরত 8

মিসরর উঅর দিতিয় গজব — বেংগর উত্ফাত

1 তারফর মাবুদ মুসারে হইল্, “ফেরাউনরে যাইয়েনে এই হতা হঅ দে, মাবুদ হঅর, ‘আঁর এবাদত গরিবার লাই আঁর বান্দাঅক্যলরে যাইতো দঅ।

2 যুদি তুঁই য়িতারারে যাইতো নঅ দঅ তইলে গোডা দেশর উঅর আঁই বেংগর উত্ফাত সিষ্টি গইত্যাম যাইর।

3 নিল দইজ্যা বেংগে ভরি যাইবো, আর দইজ্যার ত্যুন য়েগিন উটি আইবো আর তোঁয়ার ঘর-
বাড়িত, তোঁয়ার শোয়ার ঘরত, তোঁয়ার বিছানাত, তোঁয়ার হর্মচারিঅক্যলর ঘরত, তোঁয়ার
মানুষঅক্যলর ঘরত, তোঁয়ার চুলাত আর তোঁয়ার মোইদা মাকিবার জিনিসত যাইয়েনে উটিবো।
4 য়েই বেংগিন তোঁয়ার উঅর আর তোঁয়ার মানুষঅক্যলর আর তোঁয়ার হর্মচারিঅক্যলর উঅর
যাইয়েনে উটিবো।'"
5 তার ফর মাবুদ মুসারে হইল্, "তুঁই হারুনরে এই হতা হইবা, 'মিসর দেশর বেক দইজ্যা, হ্যাল আর
ফইরর উঅরদি লাটি চঅ তোঁয়ার আতগান বারাইয়েনে দেশর উঅর বেং তুলি লই আইয়্যো।'"
6 তহন হারুন মিসরর বেক ফানির উঅর তেঁইর আত বারাই দিল্। য়িয়ানত বেং উটি আইয়েনে
দেশগান ছাঁই ফেলিল্।
7 যাদুগরগিনঅ য়িতারার যাদুমন্ত্রর জোরে য়েই একই হাম গরিল্। য়িতারাঅ মিসর দেশত বেং
আনিল্।
8 ফেরাউন তহন মুসা আর হারুনরে ডাকাই আনিয়েনে হইল্, "তোঁয়ারা মাবুদর হাছে মিনতি গর্
যেন্ তেঁই আঁর আর আঁর মানুষঅক্যলর উঅরর ত্যুন এই বেংগর উত্ফাত সরাই লঅ। তহন আঁই
মানুষঅক্যলরে যাইতো দিয়োম যেন্ য়িতারা যাইয়েনে মাবুদর উদ্যেশ্যে ফশু হোরবানি দিত্ ফারে।"
9 মুসা ফেরাউনরে হইল্, "বেংগিন যেন্ অনরে আর অনর ঘর-বাড়ি ছারি যাই গইয়েনে হালি
দইজ্যার মইধ্যে থাকে, য়িতার লাই হঅন হঁত্যে আঁই অনর আর অনর হর্মচারি আর মানুষঅক্যলর
লাই মিনতি গইজ্যোম। সময়গান অনেই ঠিগ গরন।"
10 জোয়াবে ফেরাউন হইল্, "তইলে য়িয়ান হালিয়াই অক।" মুসা হইল্, "য়িয়ানই অইবো। ইয়ানত
অনে বুঝিত্ ফারিবান দে, আঁরার মাবুদ আল্লাহ্র মতন কেউ নাই।
11 বেংগিন অনরে আর অনর বাড়ি-ঘর, অনর হর্মচারি আর অনর মানুষঅক্যলরে ছারি যাইবো
গই। য়েগিন হালি নিল দইজ্যার মইধ্যেই থাকিবো।"
12 এই হতা হইয়েনে মুসা আর হারুন ফেরাউনর হাছর ত্যুন গেল্ গই। ফেরাউনর উঅর মাবুদ যে
বেংগর উত্ফাত আইন্যেল য়েই সম্যন্দে মুসা মাবুদর হাছে ফরিয়াদ জানাইয়্যেল।
13 তহন মাবুদ মুসার হতা মতনই হাম গরিল্। ঘর-বাড়ি, উঢান আর জাগা-জমিত যেত বেং
আছিল্ বেক মরি গেল্।
14 মানুষগিন য়েগিন আনিয়েনে নানা জাগাত জমা গরিল্ আর য়িয়ানত দেশর মইধ্যে এক বিরাট
বাশ বাইর অইল্।
15 কিন্তু বেংগর উত্ফাতর ত্যুন রেহাই ফাইয়েনে ফেরাউন আবার তেঁইর মন শক্ত গরিয়েনে মুসা
আর হারুনর হতা নঅ উনিল্। মাবুদ যেগিন হইয়্যেল্ য়েগিনই অইল্।

মিসরর উঅর তিতিয় গজব — মোশার উত্ফাত

16 তহন মাবুদ মুসারে হইল্, “হারুনরে য়িবার লাটি তুলিয়েনে মেডিত ধুলার উঅর আঘাত গইত্যো হঅ। য়িয়ানত য়েই ধুলা মোশা অইয়েনে সারা মিসর দেশগান ছাঁই ফেলিবো।”

17 হারুন আর মুসা য়েল্যাই গরিল্। হারুন তেঁইর আতগান বারাইয়েনে লাটি দিই মেডিত ধুলার উঅর আঘাত গরিল্ আর য়িয়ানত মানুষ ও ফশুর উঅর মোশার উত্ফাত দেহ্যা গেল্। মিসর দেশর বেগ্যিন ধুলাই মোশা অই গেল্।

18 যাদুগরগিনঅ য়িতারার যাদুমন্ত্রর জোরে মোশা লই আইবার চেষ্ঠা গরিল্ কিন্তু নঅ ফারিল্। মানুষ আর ফশুর উঅর মোশা বইস্তো লাগিল্।

19 এই অবস্থা দেকিয়েনে যাদুগরগিন ফেরাউনরে হইল্, “ইয়ানত আল্লাহ্র অঁলর ছুঁয়া রইয়্যে।” কিন্তু তঅ ফেরাউনর মন হঠিনই রই গেল্; তেঁই মুসা আর হারুনর হতাত হান নঅ দিল্। মাবুদ যেগিন হইয়্যেল্ য়েগিনই অইল্।

মিসরর উঅর চাইর লম্বর গজব — ফোকর উত্ফাত

20 ফরদি মাবুদ মুসারে হইল্, “তুঁই ফজরত উটিবা আর ফেরাউন যহন বাইরে দইজ্যার ঘাডত যাইবো তহন তুঁই য়িবার সাম্নদি যাইয়েনে থিয়াইবা। য়িবারে হইবা দে, মাবুদ হঅর, ‘আঁর এবাদত গরিবার লাই আঁর বান্দাঅক্যলরে যাইতো দঅ।

21 যুদি য়েইল্যা নঅ দঅ তইলে আঁই তোঁয়ার উঅর আর তোঁয়ার বেক হর্মচারি ও তোঁয়ার মানুষঅক্যলর উঅর ও তোঁয়ার বাড়ি-ঘরত ঝাঁকে ঝাঁকে ফোক ফাটাইর। মিসরিয়অক্যলর বাড়ি-ঘর আর বেক জাগা নানারহম ফোকে ভরি যাইবো।

22 কিন্তু য়েই দিন আঁই গোশন এলাহাগান বাদ দিয়োম, হারন আঁর বান্দাগিন য়েডে থাকের। য়েডে হনঅ ফোকর উত্ফাত থাইক্তো নঅ। য়িয়ানর ত্যুন তোঁয়ারা জানিত্ ফারিবা দে, আঁই মাবুদই এই দেশত আছি।

23 আঁর মানুষঅক্যলরে আঁই রেহাই দিয়োম, তোঁয়ার মানুষঅক্যলরে নঅঅ। আইয়েদ্যে হালিয়া এই আচ্যাইয্য বেফার দেহ্যা যাইবো।’”

24 মাবুদ য়েইল্যাই গরিল্। ফেরাউনর রাজবাড়িত আর তেঁইর হর্মচারিঅক্যলর বাড়িত ঝাঁকে ঝাঁকে ফোক ঢুকিল্। এই ফোকগিনর উত্ফাতে গোডা মিসর দেশগানর সর্বনাশ অইতো লাগিল্।

25 তহন ফেরাউন মুসা আর হারুনরে ডাকাই আনি হইল্, “তোঁয়ারা এই দেশর মইধ্যেই হনঅ মিক্যা যাইয়েনে তোঁয়ারার আল্লাহ্র উদ্যেশ্যে ফশু হোরবানি দঅ।”

26 মুসা হইল্, “কিন্তু ইয়ান গরন কি ঠিগ অইবো না? আঁরার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে আঁরা যিয়ান হোরবানি গইজ্যোম য়িয়ান মিসরিয়অক্যলর হাছে ঘিনার জিনিস। মিসরিয়গিন যিয়ান ঘিনা গরে য়িয়ানই যুদি আঁরা য়িতারার চোগর সাম্নদি হোরবানি গরি তইলে কি য়িতারা আঁরারে ফাত্যোর নঅ মারিবো না?

27 য়িতার লাই আঁরার মাবুদ আল্লাহ্‌র উকুম মতনই মরুভুমির মইধ্যে তিন দিনর ফথ যাইয়েনে তেঁইর উদ্যেশ্যে আঁরার ত্যুন ফশু হোরবানি দঅন ফরিবো।”

28 ফেরাউন হইল্‌, “তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র উদ্যেশ্যে ফশু হোরবানির লাই আঁই মরুভুমিতই তোঁয়ারারে যাইতো দিয়োম। কিন্তু তোঁয়ারা বেশি দুরে নঅ যাইবা। এবার তোঁয়ারা আঁর লাই মিনতি গর।”

29 মুসা হইল্‌, “আঁই অনর হাছর ত্যুন যাইয়েনেই মাবুদর হাছে মিনতি গইজ্যোম যেন্‌ হালিয়াই মআরাজ আর য়িবার হর্মচারিঅক্যলর আর য়িবার মানুষঅক্যলর উঅরর ত্যুন এই ফোকর উত্‌ফাত যাআগই। কিন্তু মাবুদর উদ্যেশ্যে ফশু হোরবানি দিবার লাই যাইতো নঅ দিয়েনে মআরাজ যেন্‌ আঁরারে আবার ফাঁকি নঅ দেএ।”

30 ইয়ার ফর মুসা ফেরাউনর হাছর ত্যুন যাইয়েনে মাবুদর হাছে মিনতি গরিল্‌,

31 আর মাবুদঅ মুসার হতামতন হাম গরিল্‌। তেঁই ফেরাউন আর য়িবার হর্মচারি ও য়িবার মানুষঅক্যলর উঅরর ত্যুন ফোকর উত্‌ফাত সরাই দিল্‌। উগ্যুয়া ফোকঅ আর নঅ রইল্‌।

32 কিন্তু এবারঅ ফেরাউন য়িবার মন শক্ত গরিল্‌ আর মানুষঅক্যলরে যাইতো নঅ দিল্‌।

তোরাত শরিফ: হিজরত 9

মিসরর উঅর ফাঁচ লম্বর গজব — ফশুর মআমারি

1 ইয়ার ফরদি মাবুদ মুসারে হইল্‌, “ফেরাউনর হাছে যাইয়েনে হঅ দে, ইব্রানিঅক্যলর মাবুদ আল্লাহ্‌ হঅর, ‘আঁর এবাদত গরিবার লাই আঁর বান্দাঅক্যলরে যাইতো দঅ।

2 কিন্তু য়েইল্যা নঅ দিয়েনে যুদি তুঁই য়িতারারে ধরিই রাক,

3 তইলে মাঢত তোঁয়ার ঘোড়া, গাধা, উট, গরু, ভেরা, সঅল, এক হতাত তোঁয়ার বেক ফশুর ঝাঁকর উঅর আঁই বউত তরাতরি নিজর আতে এক বিরাট মআমারির বেবস্তা গইজ্যোম।

4 কিন্তু আঁই বনি-ইসরাইলঅক্যলর ফশুর ঝাঁকগিনরে মিসরিয় ফশুর ঝাঁকর ত্যুন আলিদা গরি চাইয়োম। য়িতারার ত্যুন যেতাক্যিন ফশু আছে তার উগ্যুয়াঅ মইত্যো নঅ।’”

5 মআমারিগান হঁত্যে অইবো য়িয়ানঅ মাবুদ ঠিগ গরিল্‌। তেঁই হইল্‌, “হালিয়াই এই দেশর উঅর আঁই ইয়ান ঘটাইয়োম।”

6 ফররদিন মাবুদ য়েইল্যাই গরিল্‌। য়িয়ানত মিসরিয়অক্যলর বেক ফশু মরি গেল্‌, কিন্তু বনি-ইসরাইলঅক্যলর ঝাঁকর ত্যুন উগ্যুয়া ফশুঅ নঅ মরিল্‌।

7 ফেরাউন মানুষ ফাটাইয়েনে হ্যোজ-হ্যবর লই জানিত্‌ ফারিল্‌ দে বনি-ইসরাইলঅক্যলর উগ্যুয়া ফশুঅ নঅ মরে। তঅ ফেরাউনর মন শক্ত অই রইল্‌; তেঁই মানুষঅক্যলরে যাইতো নঅ দিল্‌।

মিসরর উঅর ছয় লম্বর গজব — ফোড়া

8 তারফর মাবুদ মুসা আর হারুনরে হইল্, “চুলার ত্যুন তোঁয়ারা হয়েক মুট হালি লঅ। ফেরাউনর
চোগর সাম্নদিই মুসা য়েগিন আকাশর মিক্যা ফাক মারক।

9 য়েগিন ফাঁক্যি ধুলার মতন অইয়েনে গোডা মিসর দেশত লামি আইবো। য়িয়ানত গোডা মিসর
দেশর মানুষ আর ফশুর গাত ফোড়া উটিয়েনে ঘা অই যাইবো।”

10 তহন মুসা আর হারুন চুলার ত্যুন হালি লইয়েনে ফেরাউনর সাম্নদি থিয়াইল্। মুসা য়েগিন
আকাশত ফাক দিলে ফর মানুষ আর ফশুর গাত ফোড়া উটিয়েনে ঘা অই গেল্।

11 যাদুগরগিন মুসার সাম্নদি থিয়াইত্ নঅ ফারিল্, হারন অইন্যাইন্য মিসরিয়অক্যলর মতন
য়িতারারঅ ফোড়া অইয়্যেল্।

12 কিন্তু মাবুদ ফেরাউনর মন হঠিন গরিল্। য়িয়ানত মাবুদ যেগিন হইয়্যেল্ য়েগিনই অইল্। মুসা
আর হারুনর হতাত ফেরাউন হান নঅ দিল্।

মিসরর উঅর সাত লম্বর গজব — শিলাঝড়

13 তহন মাবুদ মুসারে হইল্, “তুঁই বেইন্যা ফজরত উটিয়েনে ফেরাউনর সাম্নদি যাইয়েনে থিয়াইবা,
আর য়িবারে হইবা দে, ইব্রানিঅক্যলর মাবুদ আল্লাহ্ হঅর, ‘আঁর এবাদত গরিবার লাই আঁর
বান্দাঅক্যলরে যাইতো দঅ,

14 হারন ইতার ফর তোঁয়ার উঅরদি আর তোঁয়ার হর্মচারি আর মানুষঅক্যলর উঅরদি আঁই আঁর
বেক গজবর বেবস্তা গইজ্যোম। তহন তুঁই বুঝিত্ ফারিবা দে, গোডা দুনিয়াত আঁর মতন কেউ
নাই।

15 ইয়ার মইধ্যেই আঁই আঁর কুদরত বেবার গরিয়েনে তোঁয়ার আর তোঁয়ার মানুষঅক্যলর উঅর
এন্ এক মআমারির বেবস্তা গরিত্ ফাইত্যাম যেন্ তোঁয়ারা দুনিয়ার ত্যুন তচনচ অই যাইতা।

16 কিন্তু আঁই তোঁয়ারে বাঁচাই রাক্যি যেন্ তোঁয়ারে আঁর কুদরতি দেহ্যাইত্ ফারি আর গোডা
দুনিয়াত যেন্ আঁর নাম ফ্রচার অঅ।

17 তুঁই এহনঅ আঁর বান্দাঅক্যলর বিরুদ্যে নিজরে থিয়া গরাই রাইক্যো আর য়িতারারে যাইতো নঅ
দিতা লাইগ্যো।

18 য়িতার লাই হালিয়া ঠিগ এই সমত আঁই এন্ এক ভয়ংকর শিলাঝড় ফাটাই দিয়োম যিয়ান মিসর
দেশর শুরুর ত্যুন আজিয়া ফইয্যন্ত আর হনঅ দিনঅ নঅঅ অঅ।

19 ইতার লাই মাঢত তোঁয়ার যেতাক্যিন ফশু আর মানুষ আছে মানুষ ফাটাইয়েনে য়িতারারে
আশ্রয়র জাগাত লই আইয়্যো। হনঅ মানুষ বা ফশু ঘরত নঅ আই যুদি মাঢত থাকি যাআ তইলে
শিলার আঘাতে য়িতারা মরি যাইবো।’”

20 তহন ফেরাউনর হর্মচারিঅক্যলর মইধ্যে যারা মাবুদর হতাত ডরাইল্ য়িতারা তরাতরি
য়িতারার গোলামঅক্যলরে আর ফশুর ঝাঁক ঘরত লই আইল্।

21 কিন্তু যারা য়িয়ান অগ্রায্য গরিল্ য়িতারা য়িতারার গোলামঅক্যলরে আর ফশুর ঝাঁক মাঢতই রাকি দিল্।

22 ফরদি মাবুদ মুসারে হইল্, "আকাশর মিক্যা তোঁয়ার আত বারাই দঅ। য়িয়ানত গোডা মিসর দেশর মানুষ, ফশু আর মাঢর গাছ-গাছড়ার উঅর শিল ফরিবো।"

23 তহন মুসা আকাশর মিক্যা তেঁইর লাঢি উচুল গরি ধরিল্। য়িয়ানত মাবুদ এন্ গরিল্ যিয়ানর হারনে মেউলা গর্জাইতো আর শিলাঝড় অইতো লাগিল্ আর মেডির উঅর ঠাডার ফইত্যো লাগিল্। এন্ গরিয়েনেই মাবুদ মিসর দেশর উঅর শিলাঝড় ফাঠাইল্।

24 হ্যালি দে শিলা ফরিল্ য়িয়ান নঅঅ, য়িয়ানর লগে লগে অনবরত বিজলি চমকাইতো লাগিল্। মিসর রাইজ্যোর শুরুর ত্যুন এই ফইয্যন্ত গোডা দেশত এইল্যা তুমুল ঝড় আর হনঅ দিনঅ নঅঅ অঅ।

25 মিসর দেশর মাঢগিনত যেতাক্যিন মানুষ আর ফশু আছিল্ শিলা য়েগিনর কেউঅরে রেহাই নঅ দিল্। শিলার আঘাতে মাঢর বেক ফসল নষ্ট অই গেল্ আর গাছর ডেইলফালা ভাঁগি ফরিল্।

26 কিন্তু বনি-ইসরাইলগিন যেডে থাইক্তো য়েই গোশন এলাহাত শিলা নঅ ফরিল্।

27 ফেরাউন তহন মুসা আর হারুনরে ডাকাই আনি হইল্, "এবার আঁই গুনাহ্ গজ্যি। মাবুদ ঠিগ হাম গইজ্যে। আঁই আর আঁর মানুষগিনই দুষি।

28 তুঁই মাবুদর হাছে মিনতি গর। মেউলার গর্জন আর শিলা ফরা বউত অইয়্যে। এবার আঁই তোঁয়ারারে যাইতো দিয়োম। এডে আর তোঁয়ারার ত্যুন থাকন ফইত্যো নঅ।"

29 মুসা য়িবারে হইল্, "শঅরর ত্যুন বাইর অই যাইয়েনেই আঁই মাবুদর হাছে আত তুলিয়েনে মুনাজাত গইজ্যোম। য়িয়ানত মেউলার গর্জনঅ থামি যাইবো, শিলাঅ আর ফইত্যো নঅ। ইয়ানত অনে বুঝিত্ ফারিবান দে, দুনিয়াগান মাবুদরই।

30 কিন্তু আঁই জানি দে, অনে আর অনর হর্মচারিগিন মাবুদ আল্লাহ্রে এহনঅ নঅ ডরন।"

31 শিলাঝড়র হারনে মিসরর বেক মসিনা আর যব এক্যবারে নষ্ট অই গেইয়্যেল। য়েই সমত যবর খোঁর বাইর অইয়্যেল্ আর মসিনা গাছত ফুল আইস্যেল্,

32 কিন্তু সরস আর নিরস গেঁউঅর হনঅগিনই নষ্ঠ নঅঅ অঅ হারন তহনঅ য়েগিন ফাগিবার সময় নঅঅ অঅ।

33 ইয়ার ফর মুসা ফেরাউনর হাছর ত্যুন গেল্ গই। শঅরর ত্যুন বাইর অইয়েনে তেঁই মাবুদর হাছে আত তুলিয়েনে মুনাজাত গরিল্। তহন মেউলার গর্জন আর শিলা ফরা বন্ধ অইল্। মেডির উঅর ঝুম্ঝুইম্যা ঝড় ফরাঅ থামি গেল্।

34 কিন্তু ফেরাউন আর য়িবার হর্মচারিগিন যহন দেকিল্ দে, ঝড়, শিলা আর মেউলার গর্জন বন্ধ অই গেইয়্যে তহন য়িতারা আবার গুনাহ্ গইত্যো লাগিল্। য়িতারা আবার য়িতারার মন শক্ত গরিল্।

35 মাবুদ মুসার মইধ্য দিয়েনে যেইল্যা হইয়্যেল্ য়েইল্যা ফেরাউনর মন হঠিন অই রইল্; তেঁই বনি-ইসরাইলঅক্যলরে যাইতো নঅ দিল্।

তোরাত শরিফ: হিজরত 10

মিসরর উঅর আষ্ট লম্বর গজব — ফরিংগর উত্ফাত

1-2 ইয়ার ফর মাবুদ মুসারে হইল্, "তুঁই ফেরাউনর হাছে যঅ। আঁই ফেরাউন আর য়িবার হর্মচারিঅক্যলর মন হোঠিন গজ্যি যেন্ য়িতারা আঁর এই কুদরতির চিন্যগিন দেকিত্ ফাআ আর যেন্ ফরদি তুঁই তোঁয়ার ফোয়াঅক্যলরে আর নাতিঅক্যলর হাছে হইত্ ফার মিসরিয়অক্যলরে আঁই কেন্গরি বোকা বানাইয়্যি আর আঁর কুদরতির চিন্য দেহ্যায়্যি। ইয়ানত তোঁয়ারা বুঝিত্ ফারিবা দে, আঁইই মাবুদ।"

3 মুসা আর হারুন তহন ফেরাউনর হাছে যাইয়েনে হইল্, "ইব্রানিঅক্যলর মাবুদ আল্লাহ্ হঅর, 'আর হতদিন তুঁই আঁর সাম্নদি মাথা উইত গইত্যে অসিকার গরিবা? আঁর এবাদত গরিবার লাই আঁর বান্দাঅক্যলরে যাইতো দঅ।

4 যুদি তুঁই আঁর বান্দাঅক্যলরে যাইতো দিতো রাজি নঅ অঅ তইলে হালিয়াই আঁই তোঁয়ার দেশর মইধ্যে ফরিং লই আইস্যোম।

5 য়েগিন আইয়েনে দেশগান এন্ গরি ঘুরি ফেলিবো দে, মেডি ফইয্যন্ত দেহ্যা যাইতো নঅ। শিলাঝড়র আতর ত্যুন যেগিন রেহাই ফাইয়্যে য়েগিন বেক্যিন এই ফরিং হ্যাই ফেলিবো। মাঢত যেতাক্যিন গাছ্ফালা জালাই উঢের য়েগিনঅ য়িতারা হ্যাই ফেলিবো।

6 তারফর তোঁয়ার আর তোঁয়ার বেক হর্মচারির আর অইন্যাইন্য বেক মিসরিয়অক্যলর বাড়ি-ঘর এই ফরিংগিনে ভরি যাইবো। এই দেশত আইবার ফরর ত্যুন আইজ ফইয্যন্ত তোঁয়ার বাফ-দাদাগিন আর য়িতারার বাফ-দাদাগিনেঅ হনঅ দিনঅ এইল্যা অইতো নঅ দেকে।'" এই হতা হইবার ফর মুসা ফিছ্দি ফিরিয়েনে ফেরাউনর হাছ্র ত্যুন গেল্ গই।

7 তহন ফেরাউনর হর্মচারিগিন য়িবারে হইল্, "এই মানুষ্যুয়া আর হতদিন আঁরার ফাঁদ অই থাকিবো? ঐ মানুষগিন যেন্ য়িতারার মাবুদ আল্লাহ্র এবাদত গরিত্ ফারে য়িতার লাই য়িতারারে যাইতো দঅন। অনে কি বুঝিত্ নঅ ফাইত্যা লাইগ্যোন দে, মিসর দেশগান এক্যবারে তচনচ অই গেল্?"

8 হাজেই মুসা আর হারুনরে আবার ফেরাউনর হাছে লই আনা অইল্। ফেরাউন য়িতারারে হইল্, "যঅ, তোঁয়ারা যাইয়েনে তোঁয়ারার মাবুদ আল্লাহ্র এবাদত গর। কিন্তু তোঁয়ারার লগে আর হন হন যাইবো?"

9 জোয়াবে মুসা হইল্, “আঁরার গুরাফোয়া আর বুরা, আঁরার ফোয়ামাইয়্যা আর আঁরার গরু-ভেরা
বেক্যিনই আঁরার লগে যাইবো, হারন মাবুদর উদ্যেশ্যে আঁরার ত্যুন উগ্যয়া ইদ ফালন গরন
ফরিবো।”

10 তহন ফেরাউন য়িতারারে হইল্, “যুদি হনঅ দিন আঁই ফোয়ামাইয়্যাঅক্যলরে লই তোঁয়ারারে
যাইতো দিই তইলে তোঁয়ারার য়েই মাবুদগানঅ যেন্ তোঁয়ারার লগে থাকে। হবদ্যার! তোঁয়ারার
উদ্যেশ্য ভালা নঅঅ।

11 না, য়েইল্যা অইতো নঅ। তোঁয়ারা তঅ মাবুদর এবাদত গইত্যা যাইতা চাইতা লাইগ্যো, তইলে
হ্যালি মরতফোয়াগিনই যক।” ইয়ার ফর ফেরাউনর সাম্নর ত্যুন মুসা আর হারুনরে দুঁরাই দেয়া
অইল্।

12 ফরদি মাবুদ মুসারে হইল্, “মিসর দেশর উঅর তোঁয়ার আত বারাই দঅ। য়িয়ানত মাঢর
হোস্যুয়া বেক কিছু, মানি শিলাঝড়র ত্যুন রেহাই ফঅইন্যা বেক কিছু ফরিং আইয়েনে হ্যাই
ফেলিবো।”

13 তহন মুসা মিসর দেশর উঅরদি তেঁইর লাটিগান বারাই ধরিল্; আর মাবুদ এন্ গরিল্ যার
হারনে য়েই দেশর উঅর গোডা দিন আর গোডা রাইত ধরিয়েনে ফুকমিক্যার বাতাস বোইতো
থাকিল্। বেইন্যা ফজরত য়েই ফুকমিক্যার বাতাস ঝাঁকে ঝাঁকে ফরিং লই আইল্।

14 ইয়ানত গোডা মিসর দেশর উঅর অগনিত ফরিং আইয়েনে বেক জাগাত বইল্। এত বেশি ফরিং
আগে আর হনঅ দিনঅ দেহ্যা নঅঅ যাআ, হনঅ দিন দেহ্যা যাইতোঅ নঅ।

15 য়েই ফরিংগিন গোডা দেশগান এন্ গরি ঘুরি ফেলিল্ দে, মেডির উঅরগান হালা দেহ্যাইতো
লাগিল্। মাঢত হোস্যুয়া বেক কিছু আর গাছত যে ফলগিন শিলাঝড়র ত্যুন রক্যা ফাইয়্যেল য়েগিন
বেক্যিন য়িতারা হ্যাই ফেলিল্। গোডা মিসর দেশর গাছফালাত হোস্যুয়া হইতে কিছুই নঅ রইল্।

16 তহন ফেরাউন তরাতরি গরি মুসা আর হারুনরে ডাকাই আনি হইল্, “তোঁয়ারার মাবুদ আল্লাহ্
আর তোঁয়ারার বিরুদ্যে আঁই গুনাহ্ গজ্যি।

17 য়িতার লাই দয়া গরিয়েনে তোঁয়ারা হ্যালি এবারর মতন আঁর গুনাহ্ মাফ গরি দঅ। তোঁয়ারার
মাবুদ আল্লাহ্র হাছে মিনতি গর যেন্ তেঁই আঁর উঅরর ত্যুন এই মরনর ছায়া সরাই লঅ।”

18 তহন মুসা ফেরাউনর হাছর ত্যুন যাইয়েনে মাবুদর হাছে মিনতি গরিল্।

19 য়িয়ানত মাবুদ বাতাসর মোড় ঘুরাই দিল্ আর ফছিম মিক্যার ত্যুন উগ্যয়া জোর বাতাস
আইয়েনে ফরিংগিন উড়াই লইয়েনে লোহিত সাগরত ফেলিল্। গোডা মিসর দেশত আর উগ্যয়াঅ
ফরিং নঅ রইল্।

20 কিন্তু মাবুদ ফেরাউনর মন হঠিন গরিল্; তেঁই বনি-ইসরাইলঅক্যলরে যাইতো নঅ দিল্।

মিসরর উঅর নয় লম্বর গজব — আঁধার

21 ফরদি মাবুদ মুসারে হইল্, “আকাশর মিক্যা তোঁয়ার আত বারাই দঅ। য়িয়ানত আত দিয়েনে ধরার মতন আঁধারে দেশগান ডুফি যাইবো।”

22 তহন মুসা আকাশর মিক্যা আত বারাই দিল্, আর য়িয়ানত তিন দিন ফইয্যন্ত ঘুটঘুইট্যা আঁধারে গোডা মিসর দেশগান ডুফি রইল্।

23 য়েই তিন দিন ফইয্যন্ত কেউ কেউঅরে দেকিত্অ নঅ ফাইল্ আর ঘর ছারিয়েনে কেউ বাইরেঅ নঅ গেল্। কিন্তু বনি-ইসরাইলগিন যেডে আছিল্ য়েডে ফঅরর অভাব নঅ অইল্।

24 তহন ফেরাউন মুসারে ডাকাই আনিয়েনে হইল্, “যঅ, যাইয়েনে মাবুদর এবাদত গর। তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিনঅ তোঁয়ারার লগে যাইত্ ফারিবো, কিন্তু তোঁয়ারার গরু-ভেরার ঝাঁক এডে থাকিবো।”

25 জোয়াবে মুসা হইল্, “আঁরার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে ফোড়ানো আর অইন্যাইন্য হোরবানির ফশু অনর ত্যুনই যোগাড় গরি দঅন ফরিবো।

26 আঁরার গরু-ভেরাগিনঅ আঁরার লগে লই যঅন ফরিবো। য়েগিনর উগ্যয়া খুরঅ আঁরা এডে ফেলি যাইত্ ফাইত্যান নঅ। আঁরার মাবুদ আল্লাহ্র এবাদতর লাই এগিনর মইধ্যর ত্যুন হতাক্যিন আঁরার দরহারে লাগিবো। য়েডে নঅ যঅন ফইয্যন্ত আঁরা বুঝিত্ নঅ ফারির মাবুদর এবাদতর লাই হন্ হন্ ফশু আঁরার ত্যুন লাগিবো।”

27 মাবুদ কিন্তু ফেরাউনর মন হঠিন গরিল্ আর য়িয়ানত য়িতারারে যাইতো দিতো তেঁই রাজি নঅ অইল্।

28 ফেরাউন মুসারে হইল্, “আঁর হাছর ত্যুন দুর অঅ। হবদ্যার! আর হনঅ দিনঅ আঁর সাম্নদি নঅ আইস্যো। যেদিন তুঁই আঁর সাম্নদি ফরিবা য়েই দিনই তোঁয়ার মরন অইবো।”

29 মুসা হইল্, “অনে যিয়ান হইলান য়িয়ানই অইবো। আঁর নিজর ইছ্যাতে আঁই আর অনর সাম্নদি নঅ আইস্যোম।”

তোরাত শরিফ: হিজরত 11

মিসরর উঅর দশ লম্বর গজব — ফইল্যা ফোয়ার মরন

1 তহন মাবুদ মুসারে হইল্, “আঁই ফেরাউন আর মিসর দেশর উঅর আর এক্যান গজব নাজেল গইজ্যোম। য়িয়ানর ফরদি ফেরাউন এডের ত্যুন তোঁয়ারারে যাইতো দিবো। কিন্তু য়িবা যহন তোঁয়ারারে যাইতো দিবো তহন এডের ত্যুন তোঁয়ারারে য়িবা এক্যবারে দুঁরাইয়েনেই বিদায় গরিবো।

2 তুঁই বনি-ইসরাইলঅক্যলরে হইবা, মাইয়্যাফোয়া-মরতফোয়া বেক্যিনেই যেন্ য়িতারার ফতিবাসিঅক্যলর হাছর ত্যুন সোনা আর রুফার জিনিস চাই লঅ।”

3 ইক্যাদি মাবুদ বনি-ইসরাইলঅক্যলর লাই মিসরিয়অক্যলর মনত এক্যান দয়ার ভাব জাগাই দিল্। তার বাদে মুসাঅ ফেরাউনর হর্মচারিঅক্যলর আর মিসরর মানুষঅক্যলর চোগত একজন মহত্ মানুষ আছিল্।

4 মুসা ফেরাউনরে হইল্, “মাবুদ হঅর, তেঁই আধা রাইতত মিসর দেশর মইধ্য দিয়েনে যাইবো।

5 য়িয়ানত মিসর দেশর বেক ফরিবারর ফইল্যা ফোয়া মরি যাইবো। সিংহাসনর অধিকারি ফেরাউনর ফইল্যা ফোয়ার ত্যুন শুরু গরিয়েনে জাঁতা ঘুরাইন্যা বাঁদির ফইল্যা ফোয়া ফইয্যন্ত কেউ বাদ যাইতো নঅ। এগিন বাদে ফশুগিনরঅ ফইল্যা মদ্যা বাইচ্যা মরি যাইবো।

6 ইয়ানত গোডা মিসর দেশত এন্ হাঁদানির রোল উটিবো যিয়ান আগদি হনঅ দিনঅ নঅ উঢে আর হনঅ দিনঅ উইট্যোঅ নঅ।

7 কিন্তু বনি-ইসরাইলঅক্যলর মইধ্যে উগ্যয়া কুত্যার ডাক ফইয্যন্ত উনা যাইতো নঅ, য়িয়ান মানুষ দেকিয়েনেই অক বা ফশু দেকিয়েনেই অক। ইয়ানত অনরা জানিত্ ফারিবান দে, মাবুদ মিসরিয় আর বনি-ইসরাইলঅক্যলরে আলিদা গরি দেকে।

8 অনর এই হর্মচারিগিন আইয়েনে আঁর সাম্নদি আঁচু ফাতি হইবো, ‘অনে অনর বেক মানুষজন লইয়েনে বাইর অই যঅন!’ য়িয়ানর ফরদি আঁই যাইয়োম গই।” এই হতা হইয়েনে মুসা গোস্যায় আগুন অইয়েনে ফেরাউনর হাছর ত্যুন গেল্ গই।

9 মাবুদ মুসারে হইয়্যেল্, “মিসর দেশত আঁর কেরামতি হামর সইংক্যা যেন্ বারি যাআ য়িতার লাইই ফেরাউন তোঁয়ার হতা উইন্তো নঅ।”

10 এই কেরামতি হামগিন মুসা আর হারুন ফেরাউনর সাম্নদি গরিল্, কিন্তু মাবুদ ফেরাউনর মন হঠিন গরিল্ বুলি তেঁই য়িবার দেশর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে যাইতো নঅ দিল্।

তোরাত শরিফ: হিজরত 12

উদ্যার ইদ

1 ফরদি মাবুদ মিসর দেশত্ মুসা আর হারুনরে হইল্,

2 “এই মাসগানই অইবো তোঁয়ারার লাই ফইল্যা মাস, তোঁয়ারার বছরর ফইল্যা মাস।

3 তোঁয়ারা বেক বনি-ইসরাইলঅক্যলরে জমা গরিয়েনে হই দঅ যেন্ এই মাসর দশ তারিকত ফত্যিউয়া ফরিবার হত্যা নিজর ফরিবারর লাই উগ্যয়া গরি ভেরার বাইচ্যা বাছি লঅ। ফত্যি বাড়ির লাই উগ্যয়া গরি ভেরার বাইচ্যা লঅন ফরিবো।

4 হনঅ ফরিবারর লাই যুদি উগ্যয়া গোডা ভেরার বাইচ্যা নঅ লাগে, তইলে ফাশর বাড়ির মানুষঅক্যলর লগে য়িয়ান ভাগ গরি লঅন ফরিবো। দুই ফরিবারর মানুষর সইংক্যা ইসাবে ফত্যিজন কি ফরিমানে হ্যাইত্ ফারিবো য়িয়ান বুঝিয়েনে ভেরার বাইচ্যাগান লঅন ফরিবো।

5 য়েই বাইচ্যাগান অইবো সঅলর বা ভেরার ঝাঁকর ত্যুন বাছি লোআ উগ্যয়া এক বছরর মদ্যা বাইচ্যা। য়িয়ানর গাত যেন্ হনমিক্যা হনঅ খুঁত নঅ থাকে।

6 বাইচ্যাউয়া এই মাসর সৈদ্য তারিক ফইয্যন্ত রাকন ফরিবো। য়িয়ানর ফর য়েইদিন বেইল ডুফি গেলে ফর গোডা ইসরাইল সমাজর ফত্যিউয়া ফরিবার নিজর নিজর ভেরার বাইচ্যা জবাই গরিবো।

7 য়িয়ানর ফর যে ঘরগিনত্ য়িতারা য়েই ভেরার গোস্ত হ্যাইবো য়েই ঘরগিনর দরজার চোহাটর দুইফাশদি আর উঅরদি কিছু রক্ত লইয়েনে লাগাই দিবো।

8 য়েই রাইতেই য়িতারা য়েই গোস্ত আগুনত সেঁকি ইস্ট ছারা রুটি আর তিতা শাকর লগে হ্যাইবো।

9 য়েই গোস্ত তোঁয়ারা কেঁচা বা ফানিত সিদ্য গরি নঅ হ্যাইবা, কিন্তু মাথা, ঠেং আর ভিতরর অংশগিন উদ্যা য়েগিন আগুনত সেঁকি লই হ্যাইবা।

10 ফজর ফইয্যন্ত য়েগিনর হনঅ কিছুই ফেলি নঅ রাইক্যো। যুদি কিছু বাঁকি থাকে তইলে য়েগিন আগুনত ফুড়ি ফেলিবা।

11 তোঁয়ারা এই অবস্তাত য়েগিন হ্যাইবা: তোঁয়ারার হঅর থাকিবো হোঁঅরত গুঁজাইন্যা, ঠেংগত থাকিবো জুতা আর আতত লাটি। তোঁয়ারা তারাহুরা গরি হ্যাইবা, ইয়ান অইল্ মাবুদর উদ্যেশ্যে উদ্যার ইদর হ্যানা।

12 য়েই রাতিয়াই আঁই মিসর দেশর ভিতর দিয়েনে যাইয়োম আর মানুষর ফইল্যা ফোয়া ও ফশুর ফইল্যা মদ্যা বাইচ্যা মারি ফেইল্যোম। আঁই মিসরর বেক দেব-দেবিঅক্যলর উঅর গজব নাজেল গইজ্যোম; আঁই মাবুদ।

13 কিন্তু তোঁয়ারার ঘরত যে রক্ত লাগাইন্যা থাকিবো য়িয়ানই অইবো তোঁয়ারার চিন্য। আর আঁই য়েই রক্ত দেকিয়েনে তোঁয়ারারে বাদ দিয়েনে আগাই যাইয়োম। য়িয়ানত মিসর দেশর উঅর আঁর গজবর বিফদর ত্যুন তোঁয়ারা রেহাই ফাই যাইবা।

14 তোঁয়ারার লাই য়েই দিনগান অইবো উগ্যয়া মনত রাকিবার মতন দিন। মাবুদর উদ্যেশ্যে এই ইদগান উগ্যয়া চিরহালর নিয়ম ইসাবে তোঁয়ারা বংশর ফর বংশ ধরিয়েনে ফালন গরিবা।

15 "তোঁয়ারা সাতদিন ফইয্যন্ত ইস্ট ছারা রুটি হ্যাইবা। তোঁয়ারার বাড়িত যেতাক্যিন ইস্ট আছে ফইল্যা দিনই তোঁয়ারা য়েগিন বেক্যিন সরাই ফেলিবা। এই সাতদিনর মইধ্যে যুদি কেউ ইস্ট দেয়া রুটি হ্যায় তইলে য়িবারে বনি-ইসরাইলঅক্যলর মইধ্যর ত্যুন ফুছি ফেলা অইবো।

16 ফইল্যা আর সাতদিনর দিন তোঁয়ারা ফবিত্র মিলন-মাহ্ফিল গরিবা। এই দুই দিন তোঁয়ারা নিজরার হ্যানা তৈয়ার গরা ছারা আর হনঅ হাম নঅ গরিবা।

17 ইস্ট ছারা রুটির এই দে ইদ য়িয়ান এক্যান চিরহালর নিয়ম ইসাবে তোঁয়ারা বংশর ফর বংশ ধরিয়েনে ফালন গরিবা, হারন এই দিনতই সৈন্যদলর মত গরিয়েনে আঁই মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যোম।

18 তোঁয়ারা ফইল্যা মাসর সৈদ্য তারিকর আঁজুইন্যার ত্যুন শুরু গরিয়েনে য়েই মাসর একুইশ তারিকর আঁজুইন্যা ফইয্যন্ত ইস্ট ছারা রুটি হ্যাইবা।

19 এই সাতদিন তোঁয়ারার বাড়িত যেন্ হনঅ ইস্ট নঅ থাকে। যুদি কেউ ইস্ট দেয়া হনঅ কিছু
হ্যাআ, তইলে য়িতারে ইসরাইলিয় সমাজর ত্যুন ফুছি ফেলা অইবো, য়িবা তোঁয়ারার জাতির মানুষই
অক বা অইন্য জাতির মানুষই অক।

20 তোঁয়ারা যেডেই থাকিবা থাকো এই সাতদিন তোঁয়ারা ইস্ট দেয়া হনঅ কিছু নঅ হ্যাইবা; রুটিঅ
হ্যাইবা ইস্ট ছারা।"

21 তহন মুসা বনি-ইসরাইলঅক্যলর বুরা নেতাঅক্যলরে ডাকিয়েনে হইল্, "তোঁয়ারার ফরিবারর
লাই ভেরার বাইচ্যা বাছি লইয়েনে উদ্যার ইদর উদ্যেশ্যে য়েগিন জবাই গরিবা।

22 তারফর এসোব গাছর ত্যুন এক গোছা ঢেইল লইয়েনে ফেঁলাত রাকা রক্তত ডুফাইয়েনে য়েই রক্ত
দরজার চোহাটতর দুইফাশদি আর উঅরর গাছত লাগাই দিবা; আর ফজর নঅ অন ফইয্যন্ত কেউ
ঘরর বাইরে নঅ যাইবা।

23 মিসরিয়অক্যলরে আঘাত গরিবার সমত মাবুদ যহন মিসর দেশর ভিতর দিয়েনে যাইবো তহন
তোঁয়ারার দরজার চোহাটত রক্ত দেকিয়েনে তেঁই তোঁয়ারার দরজা বাদ দিয়েনে আগাই যাইবো।
যিবা এই তচনচর হাম গরিবো য়িবারে তেঁই তোঁয়ারার বাড়িত ঢুকিয়েনে তোঁয়ারারে আঘাত
গইত্যো দিতো নঅ।

24 "এই ইদ অক্যল সমত তোঁয়ারা আর তোঁয়ারার বংশধরগিন এক্যান নিয়ম ইসাবে ফালন গরিবা।

25 মাবুদ যে দেশ তোঁয়ারারে দিবো বুলি ওয়াদা গইজ্যে য়েই দেশত যাইয়েনেঅ তোঁয়ারা এই ইদ
ফালন গরিবা।

26 তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন যহন তোঁয়ারারে ফুছার গরিবো, 'এই ইদর মানি কি?'

27 তহন তোঁয়ারা হইবা, 'ইয়ান অইল্ মাবুদর উদ্যেশ্যে উদ্যার ইদর হোরবানি, হারন মিসর দেশত
থাকিবার সমত তেঁই বনি-ইসরাইলঅক্যলর বাড়িগিন বাদ দিয়েনে আগাই গেইয়্যেল। তেঁই
মিসরিয়অক্যলরে মারি ফেইল্যেল কিন্তু আঁরারে রক্যা গইজ্যেল্।'" ইয়ার ফর বনি-ইসরাইলগিন
মাবুদরে সইদা গরিল্।

28 মুসা আর হারুনরে মাবুদ যে উকুম দিয়্যেল্ বনি-ইসরাইলগিন ফিরি যাইয়েনে য়েই মতন হাম
গরিল্।

29 তারফর সৈদ্য তারিকর আধারাইতে মাবুদ মিসর দেশর ফত্যিউয়া ফইল্যা ফোয়ারে মারি
ফেলিল্। ইয়ানত রাজ-সিংহাসনর অধিকারি ফেরাউনর ফইল্যা ফোয়ার ত্যুন জেলহ্যানার আসামির
ফইল্যা ফোয়া ফইয্যন্ত, এন্ কি ফশুগিনরঅ ফইল্যা মদ্যা বাইচ্যা মরা ফরিল্।

30 য়েই রাইতে ফেরাউন আর য়িবার বেক হর্মচারি আর মিসরর ফত্যিউয়া মানুষ ঘুমর ত্যুন
অজাগ অই উঠিল্; আর গোডা মিসর দেশত এক্যান হাঁদাহাঁদির রোল ফরি গেল্, হারন এন্
এক্যানঅ বাড়ি নঅ আছিল্ যেডে কেউ মারা নঅ যাআ।

মিসরর ত্যুন রঅনা শুরু

31 ফেরাউন য়েই রাতিয়াই মুসা আর হারুনরে ডাকাই আনিয়েনে হইল্, "তোঁয়ারা বনি-ইসরাইলঅক্যলরে লগে লইয়েনে আঁর মানুষঅক্যলর ত্যুন বাইর অই যঅ। তোঁয়ারা যেইল্যা হইলা য়েনগরি যাইয়েনে মাবুদর এবাদত গর।

32 তোঁয়ারার হতামতন যাইবার সমত তোঁয়ারার গরু-ভেরার ঝাঁকঅ লই যাইয়্যো, আর আঁরেঅ দোয়া গইজ্যো।"

33 মিসরিয়অক্যলরঅ ডর অইল্ দে য়িতারাঅ অঅত মারা ফরিবো। ইতার লাই য়িতারা বনি-ইসরাইলঅক্যলরে তাগাদা দিতো লাগিল্ যেন্ য়িতারা তরাতরি গরিয়েনে য়িতারার দেশর ত্যুন বাইর অই যাআ।

34 ইয়ানত বনি-ইসরাইলগিন ইস্ট মিশাইবার আগদিই য়িতারার মোইদা মাকিবার বাসন উদ্যা মোইদার দলাগিন য়িতারার হঅরত বাঁধি লইয়েনে হাঁদত ফেলিল্।

35 বনি-ইসরাইলগিন মুসার হতামতন মিসরিয়অক্যলর হাছর ত্যুন সোনা-রুফার জিনিস আর হঅর-সোর চাই লইল্।

36 য়িতারা যেগিন চাইবো মিসরিয়গিন যেন্ য়িতারারে য়েগিনই দেএ য়িতার লাই মাবুদ আগদিই মিসরিয়অক্যলর মনত বনি-ইসরাইলঅক্যলর লাই এক্যান দয়ার মনোভাব সিষ্টি গইজ্যেল্। এন্ গরিয়েনে য়িতারা মিসরিয়অক্যলর বউত কিছু অধিকার গরি লইয়্যেল।

37 য়িয়ানর ফর বনি-ইসরাইলগিন রামিষেষর ত্যুন সুক্যোতর মিক্যা রঅনা অইল্। ফ্রায় ছয় লাক মরতফোয়া আঁটি চলিল্। য়িতারার লগে মাইয়্যাফোয়া আর ফোয়াছাগিনঅ আছিল্।

38 বনি-ইসরাইলগিন ছারা আরো বউত মানুষ আর গরু-ভেরা উদ্যা উগ্যয়া বিরাট ফশুর দলঅ য়িতারার লগে আছিল্।

39 যে ইস্ট ছারা মোইদার দলা য়িতারা মিসরর ত্যুন লই আইস্যেল্ ফথদি য়িতারা য়েগিন দিয়েনে রুটি তৈয়ার গরি লইল্। এত তারাহুরা গরিয়েনে মিসরর ত্যুন য়িতারারে বাইর গরি দেয়া অইয়্যেল্ দে, য়িতারা মোইদার লগে ইস্ট মিশাইবারঅ সময় নঅ ফাআ আর ফথদি হ্যাইবার লাই হনঅ কিছু তৈয়ারঅ গরি লইত্ নঅ ফারে।

40 মিসর দেশত বনি-ইসরাইলগিন মোট চাইরশো তিরিশ বছর থাইক্যেল্।

41 চাইরশো তিরিশ বছর শেষ অইবার দিনই মাবুদর বেক বান্দা সৈন্যদলর মতন গরি মিসর দেশ ছারি বাইর অই আইস্যেল্।

42 মাবুদ য়েই রাতিয়াই ফাআরা দিয়েনে মিসর দেশর ত্যুন য়িতারারে বাইর গরি আইন্যেল বুলি বংশর ফর বংশ ধরিয়েনে বনি-ইসরাইলঅক্যলর ত্যুনঅ মাবুদর হতা মনত গরিয়েনে য়েই রাইতগান অজাগ থাকি হাডন ফরে।

উদ্যার-ইদ ফালনর নিয়ম

43 ফরদি মাবুদ মুসা আর হারুনরে হইল্, “উদ্যার-ইদর ভেরার বাইচ্যা সম্যন্দে হতাক্যিন নিয়ম আঁই তোঁয়ারারে দিইর। অইন্য হনঅ জাতির মানুষ এগিনর গোস্ত হ্যাইত্ ফাইত্যো নঅ।

44 টিঁয়া দিয়েনে কিনা গোলাম সুন্যত গরাইবার ফরদি য়েগিন হ্যাইত্ ফারিবো।

45 তোঁয়ারার মইধ্যে থাইক্তো আইস্যে বা টিঁয়া দিয়েনে হাডানো অঅর এন্ অইন্য হনঅ জাতির মানুষ য়েগিন হ্যাইত্ ফাইত্যো নঅ।

46 যে বাড়িত ভেরার বাইচ্যা জবাই গরা অইবো য়েই বাড়িতই য়েগিন হ্যন ফরিবো। বাড়ির বাইরে য়েগিন লই যঅন সইল্তো নঅ আর য়েই ভেরার এক্যান আঁড্যিঅ ভাংগা সইল্তো নঅ।

47 “ইসরাইলিয়অক্যলর বেক্যিনর ত্যুনই এই ইদ ফালন গরন ফরিবো।

48 তোঁয়ারার মইধ্যে থাকা অইন্য জাতির হনঅ মানুষ যুদি মাবুদর উদ্যেশ্যে গরা এই উদ্যার-ইদ ফালন গইত্যো চাআ তইলে আগদি য়িবার ফরিবারর বেক মরতফোয়ার সুন্যত গরন ফরিবো। তারফর য়িবা বনি-ইসরাইলঅক্যলর মতনই য়িয়ান ফালন গরিত্ ফারিবো। কিন্তু সুন্যত গরানো নঅঅ অঅ এন্ হনঅ মানুষ এই ইদর গোস্ত হ্যাইত্ ফাইত্যো নঅ।

49 বনি-ইসরাইলঅক্যলর লাই আর তোঁয়ারার মইধ্যে থাকা অইন্যাইন্য জাতির মানুষঅক্যলর লাই এই একই নিদ্যেশ রইল্।”

50 মাবুদ মুসা আর হারুনরে যে উকুম দিয়্যেল্ বনি-ইসরাইলগিন ঠিগ য়েইল্যাই গইজ্যেল্।

51 মাবুদ য়েই দিনই সৈন্যদলর মতন গরি বনি-ইসরাইলঅক্যলরে মিসর দেশর ত্যুন বাইর গরি আইন্যেল।

তোরাত শরিফ: হিজরত 13

আল্লাহ্র উদ্যেশ্যে ফইল্যা ফোয়ারে আলিদা গরা

1 মাবুদ মুসারে হইল্,

2 “বনি-ইসরাইলঅক্যলর মইধ্যে ফত্যিউয়া ফইল্যা মরত ফোয়া আঁর উদ্যেশ্যে আলিদা গর, য়িবা মানুষর অক বা ফশুর অক। ফত্যিউয়া ফইল্যা মরত ফোয়া আঁর।”

3 তহন মুসা মানুষঅক্যলরে হইল্, “এই দিনগানর হতা মনত গরিবার লাই তোঁয়ারা দিনগান ফালন গরিবা, হারন এই দিনতই তোঁয়ারা মিসরর গোলামির ত্যুন বাইর অই আইস্যো। মাবুদই তেঁইর কুদরতি দেহ্যাইয়েনে য়েই দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যে। এই দিনত তোঁয়ারা ইস্ট দেয়া কিছু নঅ হ্যাইবা।

4 আবিব মাসর এই দিনতই তোঁয়ারা বাইর অই আইস্যো।

5 যহন মাবুদ তোঁয়ারারে কেনানিয়, হিট্যিয়, আমোরিয়, হিব্যিয় আর যিবুষিয়অক্যলর দেশত লই যাইবো তহন তোঁয়ারা বছরর এই মাসতই এই ইদ ফালন গরিবা। য়িয়ানই য়েই দেশ যিয়ান মাবুদ

তোঁয়ারারে দিবো বুলি তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর হাছে হসম হ্যাইয়্যেল্। য়েডে দুধ, মধু আর হনঅ কিছুর অভাব নাই।

6 "এই ইদ ফালন গরিবার সমত সাতদিন ধরিয়েনে তোঁয়ারা ইস্ট ছারা রুটি হ্যাইবা। তারফর সাতদিনর দিন মাবুদর উদ্যেশ্যে উণ্ড্যয়া ইদ ফালন গরিবা।

7 এই সাতদিন তোঁয়ারার হ্যাইবার রুটি অইবো ইস্ট ছারা। তোঁয়ারার গোডা দেশর মইধ্যে য়েই দিন যেন্ ইস্ট আর ইস্ট দেয়া হনঅ কিছু ফাআ নঅ যাআ।

8 য়েই দিন তোঁয়ারা ফত্যিজন তোঁয়ারার ফোয়ারে হইবা, 'আঁই যহন মিসর দেশর ত্যুন বাইর অই আস্যিলাম তহন মাবুদ আঁর লাই যেগিন গইজ্যেল্ য়েগিন মনত গরিয়েনে আঁই ইয়ান গজ্যি।'

9 এন্ গরি তোঁয়ারা মাবুদর দেয়া এই নিদ্যেশর হতা শিক্যা দিবা। এই নিয়ম ফালন এন্ এক্যান চিন্য অইবো যিয়ান আত আর হোয়ালর মনত-রাকিবার চিন্যর মতন তোঁয়ারারে মনত গরাই দিবো দে, মাবুদ তেঁইর কুদরতি দেহ্যাইয়েনে মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যে।

10 বছরর ফর বছর ধরিয়েনে নিদ্যিষ্ট সমত তোঁয়ারা এই নিয়ম ফালন গরিবা।

11 মাবুদ তোঁয়ারার আর তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর হাছে হসম হ্যাইয়েনে যে ওয়াদা গইজ্যেল্ য়েই ওয়াদা মতন তেঁই যহন কেনানিয়অক্যলর দেশত তোঁয়ারারে লই যাইয়েনে অধিকার ইসাবে য়িয়ান তোঁয়ারারে দিবো,

12 তহন তোঁয়ারাঅ তোঁয়ারার ফত্যিউয়া ফইল্যা মরত ফোয়ারে মাবুদর উদ্যেশ্যে দিই দিবা। ফশুর ফত্যিউয়া ফইল্যা মদ্যা বাইচ্যা মাবুদর।

13 কিন্তু তোঁয়ারা গাধার ফইল্যা মদ্যা বাইচ্যার বদলে উণ্ড্যয়া ভেরার বাইচ্যা দিয়েনে য়িয়ান ছারাই লইবা। য়ুদি য়িয়ান গরা নঅ যাআ তইলে তোঁয়ারা গাধার বাইচ্যাগানর ঘেঁড়ি ভাঁগি দিবা। তোঁয়ারা তোঁয়ারার ফত্যিউয়া ফইল্যা ফোয়ারেঅ ছারাই লইবা।

14 "ভবিষ্যতে যহন তোঁয়ারার ফোয়াগিন ইয়ানর মানি তোঁয়ারারে ফুছার গরিবো তহন তোঁয়ারা ফত্যিজন হইবা, 'মাবুদ মিসরর গোলামির আতের ত্যুন তেঁইর কুদরতি দেহ্যাইয়েনে আঁরারে বাইর গরি আইন্যেল্।

15 ফেরাউন একগুয়েমি গরিয়েনে যহন আঁরারে আইস্তো দিতো নঅ আছিল্ তহন মাবুদ মিসর দেশর মানুষ আর ফশুর ফত্যিউয়া ফইল্যা মরত ফোয়ারে মারি ফেইল্যেল্। য়িতার লাই আঁই আঁর ফশুর ফত্যিউয়া ফইল্যা মদ্যা বাইচ্যা মাবুদর উদ্যেশ্যে হোরবানি দিইর আর আঁর ফইল্যা ফোয়ারে ছারাই লইর।

16 ইয়ান এন্ এক্যান চিন্য অইবো যিয়ান আত আর হোয়ালর মনত রাকিবার চিন্যর মতন তোঁয়ারে মনত গরাই দিবো দে, মাবুদ য়িবার কুদরতি দেহ্যাইয়েনে মিসরর ত্যুন আঁরারে বাইর গরি আইন্যেল।'"

আগুনর আর মেউলার থাম

17 ফেরাউন যহন বনি-ইসরাইলঅক্যলরে বিদায় গরি দিল্ তহন আল্লাহ্ য়িতারারে
ফিলিস্তিনিঅক্যলর দেশর মইধ্য দিয়েনে লই নঅ গেল্, যুদিঅ য়িয়ানই আছিল্ বেক্যিনর ত্যুন সুজা
ফথ। আল্লাহ্ হইয়্যেল্ য়েই দেশর মইধ্য দিয়েনে যাইবার সমত যুদি য়িতারা যুদ্য গরিবার অবস্থাত
ফরে তইলে অঅত মন বদলাইয়েনে য়িতারা আবার মিসর দেশত ফিরি যাইবো।

18 য়িতার লাই আল্লাহ্ য়িতারারে মরুভুমির মইধ্য দিয়েনে লোহিত সাগরর মিক্যা লই চলিল্। বনি-
ইসরাইলগিন সৈন্যদলর মতন গরি মিসর দেশর ত্যুন বাইর অই গেল্।

19 মুসা ইউসুফর আঁড্যিগিন লগে লইল্, হারন এই বেফারে ইউসুফ বনি-ইসরাইলঅক্যলরে হসম
হ্যাবাই লইয়্যেল্। তেঁই হইয়্যেল্, "আল্লাহ্ নিচ্যয়ই তোঁয়ারারে দেহ্যাশুনা গরিবো। এর ত্যুন যাইবার
সমত তোঁয়ারা আঁর আঁড্যিগিন তুলি লগে গরি লই যাইয়ো।"

20 তারফর য়িতারা সুক্যোত শঅরর ত্যুন রঅনা শুরু গরিয়েনে মরুভুমির কিনারত এথন নামে
একজাগাত যাইয়েনে য়িতারার ছাউনি ফেলিল্।

21 মাবুদ য়িতারারে ফথ দেহ্যাই লই যাইবার লাই দিনর বেলাত মেউলার থামর মইধ্যে আর রাইতর
বেলাত ফঅর দিবার লাই আগুনর থামর মইধ্যে আজির থাকিয়েনে য়িতারার আগদি আগদি
যাইতো। ইয়ানত য়িতারা দিনত আর রাতিয়া অক্যল সমতই চলিত্ ফাইত্যো।

22 দিনর বেলাত মেউলার থাম আর রাইতর বেলাত আগুনর থাম অক্যল সমত মানুষঅক্যলর
সাম্নদি থাইক্তো।

তোরাত শরিফ: হিজরত 14

বনি-ইসরাইলঅক্যলর ফিছদি ফেরাউনর দুঁরানি

1 ফরদি মাবুদ মুসারে হইল্,

2 "তুঁই বনি-ইসরাইলঅক্যলরে হঅ যেন্ য়িতারা ঘুরি যাইয়েনে সমুদ্র আর মিগ্দোলর মাঝামাঝি ফি-
হহিরোত নামে জাগাগানর হাছে য়িতারার ছাউনি ফেলে। জাগাগান সমুদ্রর ধারে বাল-সফোনর
সাম্নর মিক্যা।

3 ইয়ান দেকিয়েনে ফেরাউন মনত গরিবো বনি-ইসরাইলগিন কি গরিবো য়িয়ান ঠিগ গরিত্ নঅ
ফারিয়েনে দেশর মইধ্যে ঘুরাফিরা গইত্যে গইত্যে মরুভুমিত আট্কা ফইজ্যে।

4 আঁই ফেরাউনর মন হঠিন গইজ্যোম আর য়িবা য়িতারারে ফিছদি দুঁরাইবো। কিন্তু ফেরাউন আর
য়িবার সৈন্যদল অইবো আঁর ফশংসা জাহির গরিবার উফায়। ইয়ানতই মিসরিয়গিন জানিত্
ফারিবো দে, আঁই মাবুদ।" বনি-ইসরাইলগিন মাবুদর হতামতনই হাম গরিল্।

5 মিসরর বাদশা ফেরাউনরে যহন হোয়া অইল্ দে, বনি-ইসরাইলগিন ধাই গেইয়্যে তহন য়িতারার
বিষয়ে ফেরাউন আর য়িবার হর্মচারিঅক্যলর মন বদলি গেল্। য়িতারা হইল্, "ইয়ান আঁরা কি
গইল্যাম? য়িতারারে বিদায় গরি দিয়েনে তঅ আঁরা আঁরার বেক গোলাম আরাইলাম।"

6 এই হতা হইয়েনে ফেরাউন য়িবার ঘোড়াগাড়ি সাজাইবার উকুম দিয়েনে য়িবার সৈন্যঅক্যলরে
একত্র গরি লগে লই গেল্।

7 তেঁই ছয়শ বাছাই গরা ঘোড়া গাড়ি তঅ লইল্ই, য়েগিন বাদে মিসরিয় অইন্যাইন্য বেক ঘোড়া-
গাড়িঅ লগে লইল্। এক এক্যান ঘোড়া-গাড়ি এক একজন সেনাফতি চলাইতো আছিল্।

8 মাবুদ মিসরর বাদশা ফেরাউনর মন হঠিন গরি দিয়্যেল্। এই হারনে বনি-ইসরাইলগিন যহন
সাহসর লগে আগাই যাইতো আছিল্ তহন তেঁই য়িতারার ফিছদি দুঁরাই গেল্।

9 য়িবার বেক ঘোড়া, ঘোড়া-গাড়ি, ঘোড়া চলাইন্যা আর সৈন্যদল লই মিসরিয়গিন য়িতারার
ফিছদি দুঁরাইয়েনে য়িতারার হাছাহাছি আই গেল্। বনি-ইসরাইলগিন এই সমত সমুদ্রর ধারে বাল-
সফোনর সাম্নদির মিক্যা ফি-হহিরোতর হাছে আছিল্।

10 ফেরাউন আর য়িবার দলবলরে য়িতারার ফিছদি আইস্তো দেকিয়েনে বনি-ইসরাইলগিন বউত
ডরাইয়েনে মাবুদর হাছে হাঁদাহাঁদি গইত্যো লাগিল্।

11 য়িতারা মুসারে হইল্, "মিসরত হব্যর দিবার জাগা নাই বুলিয়েনেই কি মরিবার লাই অনে এই
মরুভুমিত আঁরারে আইন্যোন না? মিসরর ত্যুন বাইর গরি আনি অনে আঁরারে ইয়ান কি গইল্যান?

12 মিসরত থাইক্তেই কি আঁরা অনরে নঅ হই না, 'আঁরারে এডেই থাইক্তো দঅন; আঁরা
মিসরিয়অক্যলর গোলামিই গইজ্যোম'? এডে এই মরুভুমির মইধ্যে মরিবার ত্যুন মিসরিয়অক্যলর
গোলামি গরা আঁরার ফক্যে বউত ভালা আছিল্।"

13 মুসা য়িতারারে হইল্, "নঅ ডরাইয়ো। তোঁয়ারা যেডে আছ য়েডেই থাক আর মাবুদর উদ্যার
গরিবার হামগান একবার চঅ। তেঁই আজিয়াই তোঁয়ারার লাই য়িয়ান গরিবো। যে মিসরিয়গিনরে
আজিয়া তোঁয়ারা দেইক্তা লাইগ্যো ইয়ার ফর য়িতারারে আর হনঅ দিনই নঅ দেকিবা।

14 তোঁয়ারা হ্যালি চুব গরি থাক। মাবুদই তোঁয়ারার অইয়েনে যুদ্য গরিবো।"

লোহিত সাগরত আল্লাহ্র কেরামতি

15 ইয়ার ফরদি মাবুদ মুসারে হইল্, "তুঁই আঁর হাছে হাঁদাহাঁদি গইত্যা লাইগ্যো কিঅর লাই? বনি-
ইসরাইলঅক্যলরে আগাই যাইতো হঅ।

16 তুঁই তোঁয়ার লাটিগান তুলি লঅ আর সমুদ্রের উঅর তোঁয়ার আত বারাই দিয়েনে সমুদ্ররে দুইভাগ
গর। য়িয়ানত সমুদ্রের মইধ্যে উয়ানা জমির উঅর দিয়েনে বনি-ইসরাইলগিন আঁটি যাইবো গই।

17 কিন্তু আঁই মিসরিয়অক্যলর মন এন্ হঠিন গইজ্যোম দে, য়িতারা বনি-ইসরাইলঅক্যলর ফিছদি
ফিছদি সমুদ্রের মইধ্যে ঢুকি যাইবো। ইয়ানত ফেরাউন আর য়িবার বেক সৈন্যদল, ঘোড়া-গাড়ি
আর ঘোড়া চলাইন্যা আঁর ফশংসা জাহির গরিবার উফায় অইবো।

18 য়েগিন দেকিয়েনে মিসরিয়গিন বুঝিত্ ফারিবো দে, আঁইই মাবুদ।"

19-20 তহন আল্লাহ্‌র ফেরেস্‌তা যিবা ইসরাইলিয় দলর আগদি আগদি যাইতো আছিল্‌ য়িবা ঘুরিয়েনে য়িতারার ফিছদি গেল্‌ গই। মেউলার থামগানঅ য়িতারার সাম্‌নদির ত্যুন ফিছদি সরি যাইয়েনে ইসরাইলিয় আর মিসরিয়অক্যলর দলর মাঝামাঝি থিয়াইল্‌। য়িয়ানত মিসরিয়অক্যলর মিক্যাদি অই রইল্‌ মেউলা আর আঁধারে ঝাফাইন্যা ও বনি-ইসরাইলঅক্যলর মিক্যাদি রাইতর বেলাতঅ অই রইল্‌ ফঅর। ইয়ানত গোডা রাইতর মইধ্যে মিসরিয়গিন বনি-ইসরাইলঅক্যলর হাছে আইত্‌ নঅ ফারিল্‌।

21 ফরদি মুসা সমুদ্রর উঅরদি তেঁইর আত বাড়াই দিল্‌; আর মাবুদ গোডা রাইত ধরিয়েনে এক্যান ফুকমিক্যার বাতাস জোরে বইয়েনে সমুদ্রর ফানি দুই ফাশদি সরাই দিল্‌। তেঁই ফানিরে দুইভাগ গরিয়েনে সমুদ্রর মাঝদি উগ্যুয়া উয়ানা ফথ তৈয়ার গরিল্‌।

22 বনি-ইসরাইলগিন সমুদ্রর মাঝকান দিয়েনে উয়ানা মেডির ফথ ধরি আঁটি চলিল্‌। য়িতারার ডাইনে বামে সমুদ্রর ফানি দেবালর মতন অইয়েনে দুইফাশদি থিয়াই রইল্‌।

23 এই বেফার দেকিয়েনে মিসরিয়গিন ফিছদির ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে দুঁরাইতো লাগিল্‌। ফেরাউনর বেক ঘোড়া, ঘোড়া-গাড়ি আর ঘোড়া চলাইন্যাগিন য়িতারার ফিছদি ফিছদি সমুদ্রর মইধ্যে যাইয়েনে ঢুকিল্‌।

24 বেইন্যা ফজরত মাবুদ মেউলা আর আগুনর থামর মইধ্যর ত্যুন মিসরিয় সৈন্যদলর মিক্যা চাই দেকিল্‌ আর য়িতারার মইধ্যে এক্যান বিস্নিংক্যলার সিষ্টি গরিল্‌।

25 এগিন বাদে তেঁই ঘোড়া-গাড়ির চাক্যাগিনঅ খুলি ফেলিল্‌; য়িয়ানত ঘোড়া-গাড়ি চলাইতো য়িতারার ত্যুন বউত হষ্ট অইতো আছিল্‌। মিসরিয়গিন তহন হইল্‌, “চল, আঁরা বনি-ইসরাইলঅক্যলরে ছারি ধাই যাই, হারন মাবুদই বনি-ইসরাইলঅক্যলর অইয়েনে মিসরিয়অক্যলর বিরুদ্যে যুদ্য গরের।”

26 তহন মাবুদ মুসারে হইল্‌, “সমুদ্রর উঅরদি তোঁয়ার আত বাড়াই দঅ। য়িয়ানত ফানি আবার ফিরি আইয়েনে মিসরিয়অক্যলর উঅর আর য়িতারার ঘোড়া-গাড়ি ও ঘোড়া চলাইন্যাঅক্যলর উঅর ফরিবো।”

27 তহন মুসা তেঁইর আত সমুদ্রর উঅরদি বারাই দিল্‌। ফজরত সমুদ্রর ফানি নিজর জাগাত ফিরি আইল্‌। মিসরিয়গিন তহন ডাইনে-বামে ছুডাছুডি গইত্যো আছিল্‌, কিন্তু মাবুদ য়িতারারে সাগরর ঢেউয়ে ভাআই লই গেল্‌।

28 সমুদ্রর ফানি ফিরি আইয়েনে ঘোড়াগাড়ি আর ঘোড়া চলাইন্যাঅক্যলরে, মানি বনি-ইসরাইলঅক্যলর ফিছদি দুঁরি আইয়ন্যা ফেরাউনর গোডা সৈন্যদলগানরে ডুফাই দিল্‌। য়িতারার একজনঅ আর বাঁচি নঅ রইল্‌।

29 বনি-ইসরাইলগিন কিন্তু সমুদ্রর মাঝক্যানদি উয়ানা ফথ ধরি গেইয়্যেল গই। য়িতারার ডাইনোদি বামদি ফানি দেবালর মতন অইয়েনে থিয়াই আছিল্‌।

30 মাবুদ এন্ গরিয়েনেই য়েই দিন মিসরিয়অক্যলর আতর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে উদ্যার
গইজ্যেল্। বনি-ইসরাইলগিন মিসরিয়অক্যলর লাশ সমুদ্রর কিনারত ফরি থাইক্তো দেকিল্।

31 মাবুদ মিসরিয়অক্যলর বিরুদ্যে য়িবার যে মআকুদরতি বেবার গরিল্ য়িয়ান দেকিয়েনে বনি-
ইসরাইলঅক্যলর মনত য়িবার লাই এক্যান ডরর ভাব জাগি উটিল্। য়িতারা মাবুদর আর য়িবার
গোলাম মুসার উঅর ফুরাফুরি ইমান রাকিয়েনে সইল্তো লাগিল্।

তোরাত শরিফ: হিজরত 15

হযরত মুসা (আঃ)-র হাউয়ালি

1 তার ফর মুসা আর বনি-ইসরাইলগিন মাবুদর উদ্যেশ্যে এই হাউয়ালি গাইল্: "আঁই মাবুদর
উদ্যেশ্যে হাউয়ালি গাইয়োম, হারন মানুষর চোগত য়িবার মইমা বারি গেল্। ঘোড়া আর
ঘোড়াচলাইন্যার দলগিনরে তেঁই সাগরর ফানিত ফেলি দিল্।

2 মাবুদই আঁর শক্তি, তেঁইই আঁর হাউয়ালি; আঁর উদ্যার য়িবার মইধ্যেই রইয়্যে। মাবুদই আঁর
আল্লাহ্; আঁই য়িবারই ফশংসা হাউয়ালি গাইয়োম। তেঁইই আঁর বাবার আল্লাহ্; আঁই তেঁইর মইমা
হাউয়ালি গাইয়োম।

3 য়িবার নাম 'মাবুদ', তেঁই বির যুদ্যা।

4 ফেরাউনর ঘোড়া-গাড়ি আর সৈন্যদলগিনরে তেঁইই সাগরর ফানিত ফেলি দিল্;ফেরাউনর বাছাই-
গরা হর্মচারির দল লোহিত সাগরত ডুফি মরিল্।

5 য়িতারা গভির ফানিত চাবা ফরিল্ আর ফাত্যোরর মতন গরি সাগরর তলাত্ ডুফি গেল্।

6 "অ মাবুদ, কুদরতিত মআন তোঁয়ার য়েই ডাইন আতগান, জি, য়েই ডাইন আতগান শত্রুরে
চুরমার গরিল্।

7 যারা তোঁয়ার বিরুদ্যে থিয়াইল্ তোঁয়ার মআন মইমায় তুঁই য়িতারারে নিচদি ফেলি দিলা; তোঁয়ার
ফাটাইন্যা জলন্ত গজব খেরকুডার মতন য়িতারারে ফুড়ি ফেলিল্।

8 তোঁয়ার নিয়সর ঝাফটাত ফানি জমা অই উটিল্। ঢেউভরা বেক ফানি ঢিবির মতন অইয়েনে
থিয়াই গেল্, আর অথই ফানি জমা বাঁধিল্ সাগরর বুগত্।

9 "শত্রু হইল্, 'আঁই য়িতারারে দুঁরাইয়োম, ধরি ফেইল্যোম আর য়িতারার জিনিস ভাগ গরি লইয়োম;
আঁই নিজরে ভরি লইয়োম য়েই জিনিসগিন দিয়েনে। আঁই তলোয়ার আতত য়িতারারে দুঁরাইয়োম।'

10 কিন্তু তুঁই ফুঁয়া দিয়েনে বাতাস বোয়াইলা, আর সাগরঅ য়িতারারে ঝাফাই ফেলিল্। য়িতারা
গভির ফানির তলাত সিসার মতন গরি ডুফি গেল্।

11 “অ মাবুদ, দেবতাঅক্যলর মইধ্যে হন্ আছে তোঁয়ার মতন? হন্ আছে তোঁয়ার মতন এন্
ফবিত্রতায় বিরাট আর মইমায় ভয়ংকর? এন্ কেরামতির কুদরতি হার আছে?

12 তোঁয়ার ডাইন আতগান তুঁই বারাই দিলা, আর দুনিয়া য়িতারারে গিলি ফেলিল্।

13 তোঁয়ার অটল মহব্যতে তুঁই যারারে ছারাই আনিলা য়িতারারে তুঁইই চলাই নিবা। তোঁয়ার নিজর
কুদরতিতে তোঁয়ার ফবিত্র বাসস্থানত তুঁই য়িতারারে চলাই আনিবা।

14 য়েই হতা উনিয়েনে অইন্য জাতিগিন বউত ডরে হাঁফিবো, আর ফিলিস্তিনিঅক্যলর মন দারুন
ব্যথায় হাতর অইবো।

15-16 ইদোমিয় সদ্যারগিন ডরে দিশোআরা অইবো; মোয়াবিয় নেতাগিন হাঁইফ্তো থাকিবো, আর
বউত বিরাট ডরর সাম্নদি ফরিয়েনে কেনানিয়গিন সাহস আরাইবো। অ মাবুদ, তোঁয়ার
বান্দাঅক্যলর যঅন শেষ নঅ অন ফইয্যন্ত, তোঁয়ার ছারাই লোয়া বান্দাঅক্যলর যঅন শেষ নঅ
অন ফইয্যন্ত তোঁয়ার মআন কুদরতির সাম্নদি য়েই জাতিগিন ফাত্যোরর মতন অই থাকিবো।

17 তুঁইই তোঁয়ার বান্দাঅক্যলরে আনিয়েনে চারার মতন গরিয়েনে লাগাই দিবা তোঁয়ার নিজর
ফাআরত। অ মাবুদ, তোঁয়ার নিজর আতদি গরা য়িয়ানই তোঁয়ার থাকিবার জাগা; অ মালিক,
তোঁয়ার নিজর আতদি-গড়া য়িয়ানই য়েই ফবিত্র জাগা;

18 অ মাবুদ, যুগ যুগ ধরিয়েনে তুঁইই রাজত্য গরিবা।”

বিবি মরিয়মর হাউয়ালি

19 ফেরাউনর বেক ঘোড়া, ঘোড়া-গাড়ি আর ঘোড়া চলাইন্যা যহন সমুদ্রর মইধ্যে ঢুকিল্ তহন
মাবুদ সমুদ্রর ফানি য়িতারার উঅর ফিরাই আনিল্। কিন্তু বনি-ইসরাইলগিন সমুদ্রর মাঝদি উয়ানা
জমির উঅর দিয়েনে আঁটি গেইয়্যেল গই।

20 হারুনর বোইন মরিয়ম আছিল্ একজন মাইয়্যাফোয়া নবি। তেঁই হ্যন্জনি আতত লইল্, আর
য়িবার ফিছদি ফিছদি অইন্যাইন্য মাইয়্যাফোয়াগিনঅ হ্যন্জনি আতত নাইচ্তে নাইচ্তে বাইর অই
আইল্।

21 মুসার হাউয়ালির জোয়াবে মরিয়ম এই হাউয়ালি গাইল্: “তোঁয়ারা মাবুদর উদ্যেশ্যে হাউয়ালি
গঅ, হারন মানুষর চোগে তেঁইর মইমা বাড়ি গেল্। ঘোড়া আর ঘোড়া চলাইন্যাঅক্যলর দলগিনরে
তেঁইই ফেলি দিল্ সাগরর ফানিত।”

ফানির বেবস্তা

22 ফরদি মুসা লোহিত সাগরর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে লই চলিল্, য়িতারা ফইল্যা শুর নামে
এক মরুভুমিত গেল্। য়েই মরুভুমিত তিন দিন ফইয্যন্ত ঘুরি ঘুরি য়িতারা হনঅ মিক্যা ফানি নঅ
ফাইল্।

23 ফরদি য়িতারা মারা নামে উগ্‌গ্যা মরুভুমির বাগানর হাছে আজির অইল্‌, কিন্তু তিতা বুলি য়েডিয়ার ফানি য়িতারা হ্যাইত্‌ নঅ ফারিল্‌। য়িতালাই য়েই জাগাগানর নাম অইয়্যেল্‌ মারা (যার মানি, "তিতা")

24 ইয়ানত মানুষগিন বিরক্তির লগে মুসারে হইল্‌, "এহন আঁরা হ্যাইবার ফানি ফাইয়োম হডে?"

25 এই হতা উনি মুসা যাইয়েনে মাবুদর হাছে ফরিয়াদ জানাইতো লাগিল্‌। তেঁই মুসারে উগ্যা গাছ দেহ্যাই দিল্‌। মুসা য়িয়ান ফানিত ফেলি দিল্‌ আর য়েই ফানি হ্যাইবার উফযুক্ত অইল্‌। মাবুদ য়েডে য়িতারারে ফরিক্যাত ফেইল্যেল আর য়িতারালাই এক্যান নিয়ম আর আইন এস্তাফন গইজ্যেল্‌।

26 তেঁই হইয়্যেল্‌, "তোঁয়ারা যুদি তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র হতা মানিয়েনে তেঁইর চোগত যেগিন উচিত য়েগিনই গর আর তেঁইর উকুমত হান দঅ আর তেঁইর দেয়া বেক নিয়ম ফালন গর, তইলে মিসরিয়অক্যলর উঅর আঁই যে বেরামগিন আন্যিলাম য়েগিন তোঁয়ারার উঅর আইন্‌তাম নঅ। আঁই মাবুদই তোঁয়ারারে সুস্থতা দান গরি।"

27 ইয়ার ফর য়িতারা এলিম নামে উগ্যা মরুভুমির বাগানর হাছে আজির অইল্‌। য়েডে বারউয়া ঝন্যা আর সোত্যোরগান হ্যাজুর গাছ আছিল্‌। য়েই ঝন্যার ফানির হাছেই য়িতারা ছাউনি ফেলিল্‌।

তোরাত শরিফ: হিজরত 16

বনি-ইসরাইলঅক্যলর লাই বেহেস্তি হ্যানা

1 বনি-ইসরাইলঅক্যলর দলগান এলিমর ত্যুন আবার রঅনা শুরু গরিল্‌। মিসর দেশর ত্যুন বাইর অইয়েনে আইবার ফর দিতিয় মাসর ফুঁদর দিনর দিন য়িতারা সিন মরুভুমিত যাইয়েনে ফোঁছিল্‌। এই জাগাগান আছিল্‌ এলিম আর তুর ফাআরর মাঝদি।

2 সিন মরুভুমিত বনি-ইসরাইলঅক্যলর গোডা দলগান মুসা আর হারুনর বিরুদ্যে নানা হতা হইতো লাগিল্‌।

3 তারা য়িতারারে হইল্‌, "মিসর দেশত মাবুদর আতত আঁরা কিঅর লাই নঅ মইল্যাম। য়েডে আঁরা গোস্তর ডেক্‌সি সাম্‌নদি লইয়েনে ফেট ভরি রুটি-গোস্ত হ্যাইতাম। আঁরার এই গোডা দলগানরে নঅ হ্যাবাইয়েনে মারি ফেলিবার লাইই অনরা আঁরারে এই মরুভুমির মইধ্যে আইন্যোন।"

4 তহন মাবুদ মুসারে হইল্‌, "আঁই এন্‌ গইজ্যোম যেন্‌ তোঁয়ারার লাই বেহেস্তর ত্যুন ঝড়র মতন গরিয়েনে হ্যানা ঝরি ফরে। মানুষগিন ফত্যিদিন বাইরে যাইয়েনে য়ের ত্যুন হ্যালি য়েই দিনর হ্যানা টোয়াই লইবো। য়িতারা আঁর নিদ্যেশ মতন চলিবো কিনা য়েই বিষয়ে আঁই য়িতারার ফরিক্যা লইয়োম।

5 সাফ্‌তার ছঅ দিনর দিন য়িতারা যেন্‌ অইন্য দিনর ত্যুন দুইগুন টোয়াই আনি হ্যানা তৈয়ার গরে।"

6-7 তহন মুসা আর হারুন অইন্য বেক বনি-ইসরাইলঅক্যলরে হইল্‌, "মাবুদর বিরুদ্যে তোঁয়ারা যে হতাগিন হইয়্যো য়েগিন তেঁই উইন্যে বুলিয়েনেই আজিয়া আঁজুইন্যার সমতই তোঁয়ারা জানিত্‌

ফারিবা দে, য়েই মাবুদই মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যে, আর য়িবারই মইমা তোঁয়ারা হালিয়া বেইন্যা দেকিত্ ফাইবা। আঁরা হন্ দে, তোঁয়ারা আঁরার বিরুদ্যে এত হতা হইতা লাইগ্যো?"

8 মুসা আরো হইল্, "আঁজুইন্যার সমত যহন মাবুদ তোঁয়ারারে গোস্ত দিবো আর ফজরত দিবো বউত রুটি তহনই তোঁয়ারা বুঝিত্ ফারিবা দে, মাবুদই তোঁয়ারারে মিসরর ত্যুন বাইর গরি আইন্যে। তেঁইর বিরুদ্যে তোঁয়ারা যেত হতা হইয়্যো য়েগিন বেক্যিন তেঁই উইন্যে। আঁরা হন্? এই হতাগিন তোঁয়ারা আসলে আঁরার বিরুদ্যে নত হইতা লাইগ্যো; হইতা লাইগ্যো মাবুদরই বিরুদ্যে।"

9 য়িয়ানর ফর মুসা হারুনরে বেক বনি-ইসরাইলঅক্যলরে এই হতা হইতো হইল্, "মাবুদ তেঁইর বিরুদ্যে তোঁয়ারার ত্যুন বউত হতা হইতো উইন্যে, হাজেই তোঁয়ারা তেঁইর সাম্নদি আগাই যঅ।"

10 হারুন যহন বনি-ইসরাইলঅক্যলর লগে হতা হইতো আছিল্ তহন য়িতারা মরুভুমির মিক্যা চাই দেকিল্; আর আচ্যাইয্য এই দে, য়েডে মেউলার মইধ্যে য়িতারা মাবুদর মইমা দেকিত্ ফাইল্।

11 তহন মাবুদ মুসারে হইল্,

12 "বনি-ইসরাইলগিন আঁর বিরুদ্যে যে হতাগিন হইয়্যে য়েগিন আঁই উন্যি। য়িতারারে এই হতা হঅদে, য়িতারা আঁজুইন্যার সমত গোস্ত হ্যাইবো আর বেইন্যা হ্যাইবো ফেট ভরি রুটি। ইয়ানত য়িতারা জানিত্ ফারিবো দে, আঁই আল্লাহ্ই য়িতারার মাবুদ।"

13 আঁজুইন্যার সমত বউত ভাডাই ফাক্যি আইয়েনে য়িতারার ছাউনি এলাহাগান ছাঁই ফেলিল্। বেইন্যা দেহ্যা গেল্ য়িতারার এলাহার চাইরোফাশগান হ্যায়ায় ঝাফাই গেইয়্যে।

14 যহন য়েই হ্যয়া মিলাই গেইল্ তহন মেডিত মাছর আমিশর মতন ফাতলা একরহম জিনিস দেহ্যা গেল্। য়েগিন দেইক্তো আছিল্ ফরি থাকা বরফর আস্তরর মতন।

15 য়েগিন দেকিয়েনে বনি-ইসরাইলঅক্যলে একজন অইন্যজনরে হইল্, "ওগিন কি?" য়েগিন দে কি, য়িয়ান য়িতারা নঅ জাইন্তো। তহন মুসা য়িতারারে হইল্, "ওগিনই য়েই রুটি যেগিন মাবুদ তোঁয়ারারে হ্যাইতো দিয়্যে।

16 মাবুদ তোঁয়ারারে উকুম দিয়্যে, ফত্যিজন যেন্ য়িতারার ফরিবারর দরহার মতন টোয়া, তাম্বুর ফত্যিজনলাই যেন্ এক ওমর গরি টোয়ানো অঅ।"

17 বনি-ইসরাইলগিন য়েইল্যাই গরিল্। কেউ টোয়াইল বেশি, কেউ হম।

18 কিন্তু ওমরর মাফে দেহ্যা গেল্, যারা বউত টোয়াইল য়িতারার বেশি নঅ হইল্ আর যারা অল্ফ টোয়াইল য়িতারার হম নঅ ফরিল্। ফত্যিজনই ফরিবারর দরহার মতন য়েগিন টোয়াইয়্যেল্।

19 তারফর মুসা য়িতারারে হইল্, "ফজরর লাই তোঁয়ারা এগিনর কিছুই রাকি নঅ দিয়ো।"

20 কিন্তু কেউ কেউ মুসার হতা নঅ উনিয়েনে ফজরর লাই কিছু রাকি দিল্। য়িয়ানত য়েগিনত ফোগে ধরিল্ আর বাশ বাইর অই গেল্। এই অবস্তা দেকিয়েনে মুসা য়িতারার উঅর গোস্যায় জলি উটিল্।

21 মানুষগিন ফত্যিদিন ফজরত যিবার ফরিবারত যেতাক্যিন দরহার ততাক্যিনই টোয়াই আইন্তো। কিন্তু রোইদ হরা অইলে য়েগিন গলি যাইতো।

22 সাফ্তার ছঅ দিনর দিন য়িতারা দুইগুন গরিয়েনে, মানি দুই ওমর গরি ফত্যিজনর লাই টোয়াইল, আর বনি-ইসরাইলঅক্যলর নেতাগিন আইয়েনে য়েই হতা মুসারে জানাইল্।

23 তহন মুসা য়িতারারে হইল্, "ইয়ান মাবুদরই হতা। আইদ্যে হালিয়া জিরাইবার দিন, মাবুদরই ফবিত্র জিরাইবার দিন। হাজেই যেতাক্যিন সেঁকি লোয়ার লঅ আর যেতাক্যিন সিদ্য গরিবার সিদ্য গরি লঅ; বাকিগিন ফররদিন ফজরর লাই রাকি দিয়ো।"

24 মুসার উকুমমতনই য়িতারা ফজরর লাই বাকি অংশগিন রাকি দিল্। য়েদিন য়েগিনত বাশ নঅ হইল্, ফোগঅ নঅ ধরিল্।

25 মুসা তহন হইল্, "আজিয়া তোঁয়ারা ওগিনই হ্যঅ হারন আজিয়া মাবুদর নিদ্যিষ্ট গরা জিরাইবার দিন। আজিয়া তোঁয়ারা মাঢর মইধ্যে ওগিন দেকিত্ ফাইতা নঅ।

26 তোঁয়ারা সাফ্তার ছঅদিন য়েগিন টোয়াইবা কিন্তু সাত দিনর দিন য়েগিন ফাইতা নঅ, হারন য়েইদিন অইল্ জিরাইবার দিন।"

27 তঅ সাত দিনর দিন কিছু কিছু মানুষ ওগিন টোয়াইবার লাই বাইরে গেল্, কিন্তু কিছুই নঅ ফাইল্।

28 তহন মাবুদ মুসারে হইল্, "আর হতদিন তোঁয়ারা আঁর উকুম আর নিদ্যেশ অমাইন্য গরি চলিবা?

29 চঅ, তোঁয়ারার লাই জিরাইবার এই বেবস্তা তোঁয়ারার মাবুদই গইজ্যে। য়িতার লাই ছঅ দিনর দিন তেঁই দুইদিনর হ্যানা তোঁয়ারারে যোগান দেএর। য়িতার লাই সাতদিনরদিন তোঁয়ারা কেউ ঘরর বাইরে নঅ যাইবা, ভিতরেই থাকিবা।"

30 হাজেই মানুষগিন সাতদিনর দিন জিরাইল্।

31 বনি-ইসরাইলগিন য়েই হ্যানারে হইতো মান্যা (যার মানি "ওগিন কি?"), এগিনর আকার আছিল্ ধৈন্যার বিচির মতন আর দেইক্তো সাদাটে; য়েগিনর টেস আছিল্ মধু দেয়া ফিচার মতন।

32 ফরদি মুসা হইল্, "মাবুদ উকুম গইজ্যে যেন্ তোঁয়ারা তোঁয়ারার বংশধরঅক্যলর লাই এক ওমর ফরিমান মান্যা তুলি রাক, যেন্ য়িতারা দেকিত্ ফাআ মাবুদ মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আনিবার ফরদি মরুভুমিত কি হ্যানা তোঁয়ারারে হ্যাইতো দিয়্যেল্।"

33 মুসা হারুনরে হইল্, "তুঁই উগ্যয়া কিছুত গরি এক ওমন মান্যা লইয়েনে মাবুদর সাম্নদি রাক যেন্ বংশর ফর বংশ ধরিয়েনে য়েগিন থাকে।"

34 য়েই মান্যা যেন্ বংশর ফর বংশ ধরিয়েনে তুলা থাকে য়িতার লাই হারুন ফরদি মুসারে দেয়া মাবুদর উকুম অনুযায়ি শাহাদাত ফলকর সাম্নদি য়েগিন লই রাইক্যেল।

35 মানুষে থাকে এন্ এক্যান জাগাত, মানি কেনান দেশর সিমানাত নঅ আইয়্যোন ফইয্যন্ত বনি-ইসরাইলগিন চল্যিশ বছর ধরিয়েনে এই মান্যা হ্যাইয়্যেল্।

36 এক ওমরর মাফ অইল্ এক কেজি আষ্টশ গেরামর সমান।

তোরাত শরিফ: হিজরত 17

ফাত্যোরর ত্যুন ফানি

1 ফরদি মাবুদর উকুমে বনি-ইসরাইলঅক্যলর দলগান সিন মরুভুমির ত্যুন রঅনা গরিয়েনে এক জাগার ত্যুন আরেক জাগাত আগাই যাইতে যাইতে শেষে রফিদিমত যাইয়েনে ছাউনি ফেলিল্। কিন্তু য়েডে হ্যাইবার ফানি নঅ আছিল্।

2 ইতার লাই য়িতারা মুসার লগে হইজ্যা গরিয়েনে হইল্, "আঁরারে হ্যাইবার ফানি দঅন।" মুসা য়িতারারে হইল্, "তোঁয়ারা আঁর লগে কিঅর লাই হইজ্যা গইত্যা লাইগ্যো, আর কিঅর লাইই বা তোঁয়ারা মাবুদরে ফরিক্যা গরি দেইক্তা লাইগ্যো?"

3 কিন্তু মানুষগিন তিরাশে হাতর অই গেইয়্যেল, য়িতার লাই য়িতারা মুসার বিরুদ্যে নানান হতা হইল্। য়িতারা হইল্, "আঁরা যেন্ ফানির অভাবে মরি যাই য়িতার লাইই কি অনে আঁরারে আর আঁরার ফোয়ামাইয়্যাঅক্যলরে আর ফশুগিন মিসর দেশর ত্যুন লই আইস্যোন না?"

4 এই হতা উনিয়েনে মুসা মাবুদর হাছে ফরিয়াদ জানাইয়েনে হইল্, "আঁই এই মানুষঅক্যলরে লইয়েনে কি গইজ্যোম? আর এক্যানা অইলেই তঅ য়িতারা আঁরে ফাত্যোর মারিবো।"

5 তহন মাবুদ মুসারে হইল্, "বনি-ইসরাইলঅক্যলর হয়েকজন বুরা নেতাগিনরে লগে লইয়েনে তুঁই মানুষঅক্যলর আগদি যঅ গই। যে লাটি দিয়েনে তুঁই নিল দইজ্যারে আঘাত গজ্যিলা য়িয়ানই আতত লইয়েনে আগাই যঅ।

6 য়িয়ানর ফরদি তুঁই তুর ফাআরর হাছে তোঁয়ার সাম্নদি এক্যান ফাত্যোরর গাত আঘাত গরিবা আর য়িয়ানত মানুষঅক্যলর হ্যাইবার লাই য়েের ত্যুন ফানি বাইর অই আইবো।" ইসরাইলিয় বুরা নেতাঅক্যলর সাম্নদি মুসা য়েইল্যাই গরিল্।

7 মানুষগিন এই রফিদিমত হইজ্যা গইজ্যেল্ আর হইয়্যেল্, "মাবুদ কি আঁরার লগে আছে, না নাই?" এই হতাগিন দিয়েনে য়িতারা মাবুদরে ফরিক্যা গরি চাইয়্যেল্। য়িতার লাই মুসা এই জাগাগানর দুইয়ান নাম দিয়্যেল্ মসা (যার মানি "ফরিক্যা") আর মরিবা (যার মানি "হইজ্যা")।

আমালেকিয়অক্যলর লগে যুদ্য

8 এই সমত আমালেকিয় সৈন্যগিন বনি-ইসরাইলঅক্যলর লগে যুদ্য গরিবার লাই রফিদিমত আজির অইল্।

9 তহন মুসা ইউসারে হইল্, "তুঁই আঁরার মইধ্যর ত্যুন মানুষ বাছি লইয়েনে আমালেকিয়অক্যলর বিরুদ্যে যুদ্য গইত্যো যঅ। আঁই হালিয়া আল্লাহ্র য়েই লাটিগান আঁর আতত লইয়েনে ফাআরর মাথাত যাইয়েনে থিয়াইয়োম।"

10 মুসা ইউসারে যেগিন হইয়্যেল্ তেঁই য়েগিনই গরিল্। তেঁই আমালেকিয়অক্যলর বিরুদ্যে যুদ্য
গইত্যো গেল্। ইয়ার মইধ্যে মুসা, হারুন আর হুর য়েই ফাআরর মাথাত যাইয়েনে উটিল্।

11 যুদ্যর সমত মুসা যেতক্যন য়িবার আতত তুলি রাইকতো য়েতক্যন বনি-ইসরাইলগিনর জয়
অইতো; আবার যহনই আত লামাইতো তহন আমালেকিয়গিনর জয় অইতো।

12 এন্ গরিয়েনে মুসার আত ভারি অই উটিল্। তহন য়িতারা এক্যান ফাত্যোর লই আইল্, আর মুসা
য়িয়ানর উঅর বোইল্। হারুন আর হুর দুই ফাশর ত্যুন য়িবার আত দুইয়ান উচুল গরি ধরি
রাকিল্। ইয়ানত বেইল ডুফি নঅ যঅন ফইয্যন্ত য়িবার আত দুইয়ান একই অবস্তাত রইল্।

13 য়িয়ানত ইউসা যুদ্যত আমালেকিয়অক্যলরে আরাই দিল্।

14 ইয়ার ফর মাবুদ মুসারে হইল্, "এই যুদ্যর হতা মনত রাকিবার লাই তুঁই উগ্যায়া বইয়ত য়েগিন
লেকি রাক আর ইউসারে হই দঅদে, দুনিয়ার উঅরর ত্যুন আমালেকিয়অক্যলর নাম আঁই
এক্যবারেই ফুছি ফেইল্যোম।"

15 ফরদি মুসা উগ্যায়া হোরবানগাহ্ তৈয়ার গরিয়েনে য়িয়ানর নাম দিল্ ইয়াহোয়েহ-নিঃষি (যিয়ানর
মানি "মাবুদই আঁর ফতাকা")।

16 মুসা হইল্, "মাবুদর সিংহাসনর বিরুদ্যে আত তুলা অইয়্যে, য়িতার লাই বংশর ফর বংশ
ধরিয়েনে মাবুদ আমালেকিয়অক্যলর বিরুদ্যে থাকিবো।"

তোরাত শরিফ: হিজরত 18

মুসা (আঃ)-র লগে হযরত শোয়াইব (আঃ)-র সাক্যাত

1 আল্লাহ্ তেঁইর বান্দা বনি-ইসরাইলঅক্যলরে আর মুসার লাই যেগিন গইজ্যেল্ য়েগিন বেক্যিনই
মুসার ও-ওর মাদিয়ানিয় ইমাম শোয়াইবর হানত গেইয়্যেল্। মাবুদ কেন্ গরিয়েনে মিসর দেশর
ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে বাইর গরি আইন্যেল তেঁই য়েগিনঅ উনিত্ ফাইজ্যেল্।

2-3 মুসা য়িবার বউ সফুরারে মিসর দেশর ত্যুন ফাটাই দিয়্যেল্, আর শোয়াইব য়িবারে আর য়িবার
দুই ফোয়ারে নিজর হাছে রাইক্যেল। মুসা হইয়্যেল্, "আঁই ফরদেশত বাসিন্দা অই আছি"; য়িতার লাই
য়িবা য়িবার উঁর ফোয়ার নাম দিয়্যেল্ গের্শোম।

4 তেঁই অইন্য ফোয়াউয়ার নাম দিয়্যেল্ ইলিয়েষর (যার মানি "আল্লাহ্ আঁর সহায়"); হারন য়িবা
হইয়্যেল্, "আঁর বাবার আল্লাহ্ আঁরে সাইয্য গইজ্যে। তেঁইই যুদ্যত ফেরাউনর আতর ত্যুন আঁরে
উদ্যার গইজ্যে।"

5 আল্লাহ্র ফাআরর হাছদি যে মরুভুমিত মুসা তাম্বু ফেইলল্যেল্ য়েডে য়িবার বউ আর
ফোয়াঅক্যলরে লইয়েনে য়িবার ওওর শোয়াইব আজির অইল্।

6 ইয়ার আগদি তেঁই মুসারে হই ফাঠাইয়্যেল্, "আঁই তোঁয়ার ওওর শোয়াইব। তোঁয়ার বউ আর
ফোয়া দুয়া লইয়েনে আঁই তোঁয়ার হাছে আইর।"

7 হ্যবর ফাইয়েনে মুসা য়িবার ওওরর লগে দেহ্যা গরিবার লাই বাইর অই আইল্। তেঁই মেডিত
উইত অইয়েনে য়িবারে সালাম জানাইল্ আর চুম দিল্। য়িতারা একজন অইন্যজনর হ্যোজ-হ্যবর
ফুছার গরিয়েনে তাম্বুর ভিতরে গেল্।

8 মাবুদ বনি-ইসরাইলঅক্যলর ফক্য অইয়েনে ফেরাউন আর মিসরিয়অক্যলর লগে যেগিন গইজ্যেল্
য়েগিন বেক্যিনই মুসা য়িবার ওওররে জানাইল্। যাইবার ফথদি য়িতারার হষ্টর হতা আর
কেন্গরিয়েনে আল্লাহ্ য়িতারারে উদ্যার গইজ্যে য়েই হতাগিনঅ তেঁই য়িবারে জানাইল্।

9-10 মিসরিয়অক্যলর আতের ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে উদ্যার গইত্যো যাইয়েনে মাবুদ য়িতারার
যেতাক্যিন উফহার গইজ্যে য়িতার লাই শোয়াইব খুশি হইয়েনে হইল্, "বেক ফশংসা মাবুদর, যিবা
ফেরাউন আর মিসরিয়অক্যলর আতের ত্যুন তোঁয়ারারে উদ্যার গইজ্যে! এই মানুষঅক্যলরে তেঁইই
মিসরিয়অক্যলর আতের ত্যুন উদ্যার গইজ্যে।

11 য়িতার লাই আঁই এহন বুঝিত্ ফারি দে বেক দেবতার ত্যুন মাবুদই মআন, হারন দেবতাগিন যে
বিষয়গিন লইয়েনে বনি-ইসরাইলঅক্যলর বিরুদ্যে অহংকার গইত্যো য়েই বিষয়গিনে মাবুদই
মআন।"

12 ইয়ার ফর শোয়াইব আল্লাহ্ উদ্যেশ্যে ফোড়াইন্যা-হোরবানি আর অইন্যাইন্য হোরবানির লাই ফশু
লই আইল্। ফরদি হারুন আর বনি-ইসরাইলঅক্যলর বেক বুরা নেতাগিন আল্লাহ্র সাম্নদি মুসার
ওওরর লগে হ্যাইতো বইল্।

হযরত শোয়াইব (আঃ)-র উফদেশ

13 ফরর দিন মুসা মানুষজনর বিচার গরিবার লাই বইল্, বেইন্যার ত্যুন আঁজুইন্যা ফইয্যন্ত
মানুষজন মুসার সাম্নদি থিয়াই রইল্।

14 মানুষজনরে লইয়েনে মুসারে এগিন গইত্যো দেকি য়িবার ওওর হইল্, "তুঁই মানুষজনরে লইয়েনে
এগিন কি গইত্যা লাইগগ্যো? তুঁই কিঅর লাই একলা বিচার গইত্যা বইস্যো, আর বেক মানুষ
বেইন্যার ত্যুন আঁজুইন্যা ফইয্যন্ত তোঁয়ার চাইরো ফাশদি থিয়াই আছে?"

15 ইয়ানর জোয়াবে মুসা য়িবার ওওররে হইল্, "আল্লাহ্র ইছ্যা জানিবার লাইই মানুষজন আঁর হাছে
আইয়্যে।

16 হনঅ হইজ্যা বিবাদ দেহ্যা দিলে য়িতারা আঁর হাছে আইয়্যে আর আঁই দুই ফক্যরই বিচার গরি,
আর আল্লাহ্র নিয়ম ও নিদ্যেশ য়িতারারে বুঝাই দিই।"

17 তহন মুসার ওওররে হইল্, "তুঁই যেইল্যা গরিয়েনে য়েগিন গইত্যা লাইগ্যো য়েগিন ভালা নঅঅ।

18 ইয়ানত নিচ্যয় তুঁই আর তোঁয়ার মানুষগিন অরান অই ফরিবা। হামগান এত ভারি দে, তোঁয়ার
এক্লার ফক্যে য়িয়ান গরা সম্ভব নঅঅ।

19 এবার আঁর এক্যান ফরামর্শ উন, আর য়িয়ানত আল্লাহ্অ তোঁয়ার লগে থাকিবো। তুঁই তইলে আল্লাহ্র হাছে মানুষঅক্যলর ফ্রতিনিধি অইয়েনে মানুষজনর হইজ্যা-বিবাদ আল্লাহ্র সাম্নদি লই যাইয়্যো।

20 য়িয়ানর ফর তুঁই তেঁইর বেক নিয়ম ও নিদ্যেশ সম্যন্দে য়িতারারে উঁশিয়ার গরি দিবা। তারবাদে কেন্ গরি চলন ফরিবো আর কি হাম য়িতারার ত্যুন গরন ফরে য়েগিন তুঁই য়িতারারে বুঝাই দিবা।

21 তুঁই বেক মানুষগিনর মইধ্যর ত্যুন এন্ হতাক্যিন যৈগ্য মানুষরে বাছি লইবা যারা আল্লাহ্ভক্ত, আঁছাবাদি আর অন্যায় লাভ ঘিনা গরে। য়িতারারে তুঁই মানুষঅক্যলর নেতা ইসাবে বাছি লইবা — কেউ কেউঅরে আজারর উঅর, কেউ কেউঅরে শতর উঅর কেউ কেউঅরে ফন্চাইশর উঅরদি, আর কেউ কেউঅরে দশর উঅর।

22 ইতারাই অক্যল সমত মানুষঅক্যলর বিচার গরিবো। ছোডহ্যাডো বেফরর বিচার য়িতারা গরিবো আর উঁর উঁর বেফারগিন তোঁয়ার হাছে আনিবো। ইয়ানত তোঁয়ার হাম সুজা অইবো হারন য়িতারাঅ তোঁয়ার বোজার এক্যানা বোইবো।

23 আল্লাহ্র উকুম ফাইয়েনে যুদি তুঁই এইল্যা গর তইলেই তুঁই এই হামর চাব সইয্য গরিত্ ফারিবা আর মানুষগিনঅ শান্তিত যে যার জাগাত ফিরি যাইবো।”

24 মুসা য়িবার ওওরর ফরামর্শ মানি লইল্ আর য়িবা যেগিন হইল্ য়েগিনই গরিল্।

25 তেঁই বেক বনি-ইসরাইলঅক্যলর মইধ্যর ত্যুন যৈগ্য মানুষঅক্যলরে বাছি লইয়েনে নেতা ইসাবে য়িতারারে বোয়াইল্ — কেউ কেউঅরে আজারর উঅর, কেউ কেউঅরে শতর উঅরদি, কেউ কেউঅরে ফন্চাইশর উঅর আর কেউ কেউঅরে দশর উঅর।

26 য়িতারাই অক্যল সমত মানুষজনর বিচার গইত্যো। য়িতারা হঠিন বেফারগিন মুসার হাছে লই যাইতো, কিন্তু ছোডহ্যাডো বেফারগিনর মিমাংসা নিজেরাই গইত্যো।

27 ফরদি মুসা য়িবার ওওররে বিদায় দিল্ আর তেঁই নিজর দেশত গেল্ গই।

তোরাত শরিফ: হিজরত 19

তুর ফাআরর হাছে বনি-ইসরাইলগিন

1 মিসর দেশর ত্যুন বাইর অই আইবার ফরদি তিতিয় মাসর সমত বনি-ইসরাইলগিন সিনাই মরুভুমিত যাইয়েনে ফোঁছাইল্।

2 য়িতারা রফিদিম ছারি আইয়েনে তুর ফাআরর সাম্নদি সিনাই মরুভুমিত ছাউনি ফেলিল্।

3 ফরদি মুসা ফাআরর উঅরদি আল্লাহ্র হাছে উটি গেল্, য়েই সমত মাবুদ ফাআরর উঅরর ত্যুন য়িবারে ডাকিয়েনে হইল্, “তুঁই ইয়াকুবর বংশধর বনি-ইসরাইলঅক্যলরে হঅদে,

4 য়িতারা নিজরাই দেইক্যে, মিসরিয়অক্যলর দশা আঁই কি গজ্যি। ইগল ফাক্যির ফাগত্ গরি লই যাইবার মতন গরিয়েনে আঁই বনি-ইসরাইলঅক্যলরে নিজর হাছে লই আস্যি।

5 য়িতার লাই যুদি য়িতারা আঁর বেক হতা মানি চলে আর আঁর বেবস্তা ফালন গরে তইলে দুনিয়ার
বেক জাতির মইধ্যর ত্যুন য়িতারাই অইবো আঁর নিজর বিশেষ সম্বত্যি, হারন দুনিয়ার বেক
মানুষই আর অধিকারে।
6 আঁর এই মানুষঅক্যলরে দিয়েনেই তৈয়ার গরা অইবো আঁর ইমামঅক্যলর রাইজ্য আর এই জাতিই
অইবো আঁর ফবিত্র জাতি। এই হতগিন তুঁই বনি-ইসরাইলঅক্যলরে জানাই দঅ।”
7 তহন মুসা লামি আইয়েনে ইসরাইলিয় বুরা নেতাঅক্যলরে ডাকিয়েনে একত্র গরিল্ আর মাবুদ
তেঁইরে যে হতাগিন হইতো হইয়্যেল্ য়েগিন বেক্যিন য়িতারারে হইল্।
8 এই হতাগিন উনিয়েনে বেক মানুষ একলগে হইল্, “মাবুদ যেগিন হইয়্যে আঁরা য়েগিন বেক্যিনই
গইজ্যোম।” মানুষগিন যেগিন হইল্, মুসা যাইয়েনে য়েগিন মাবুদরে জানাইল্।
9 ইয়ার ফরদি মাবুদ মুসারে হইল্, “আঁই তোঁয়ার লগে যহন হতা হইয়্যোম তহন মানুষগিন যেন্
য়েগিন উনিত্ ফাআ য়িতার লাই আঁই উগ্যয়া ঘন মেউলার মইধ্যর ত্যুন তোঁয়ারার হাছে
আইস্যোম। তইলে মানুষগিন অক্যল সমত তোঁয়ার উঅর ফুরাফুরি ইমান রাকিবো।” মানুষগিন
যেগিন হইয়্যেল্ মুসা ফরদি য়েগিন মাবুদরে হইল্।
10-11 মাবুদ মুসারে আরো হইল্, “আজিয়া আর হালিয়া এই দুইদিন তুঁই মানুষঅক্যলর হাছে-যাইয়েনে
য়িতারারে ফাক-সাফ গরিবা। য়িতারা যেন্ য়িতারার হঅর-সোর ধুই লঅ আর তিতিয় দিনর লাই
তৈয়ার থাকে, হারন এই তিতিয় দিনে আঁই মাবুদ বেক মানুষর চোগর সাম্নদি তুর ফাআরত লামি
আইস্যোম।
12 মানুষঅক্যলর লাই তুঁই ফাআরর চাইরোমিক্যাদি উগ্যয়া সিমানা ঠিগ গরি দিবা আর য়িতারারে
সাবধানগরি দিয়েনে হইবা, যেন্ য়িতারা ফাআরর উঅর নঅ আইয়্যে বা ফাআরর গাত আত নঅ
দেঅ। যিবা য়েই ফাআর ধরিবো তারে য়িবারে নিচ্যয় মারি ফেলা অইবো।
13 তঅ য়িবার গাত আত নঅ দিয়েনে য়িবারে ফাত্যোর মারি বা তির দিয়েনে মারি ফেলন
ফরিবো। মানুষ অক বা ফশু অক তারে আর বাঁচি থাইক্তো দেয়া অইতো নঅ। হ্যালিমাত্র একটানা
হতক্যন শিংগা বাজাইবার ফরই য়িতারা ফাআরর হাছে আইত্ ফারিবো।”
14 ইয়ার ফর মুসা ফাআরর ত্যুন লামি আইয়েনে মানুষঅক্যলরে ফাক-সাফ গরিল্ আর মানুষগিন
য়িতারার হঅর-সোর ধুই লইল্।
15 য়িয়ানর ফর মুসা য়িতারারে হইল্, “তিতিয় দিনর লাই তোঁয়ারা তৈয়ার অঅ। এই সময়র মইধ্যে
তোঁয়ারা কেউ বউঅর লগে মিলিত নঅ অইবা।”
16 তিতিয় দিনর বেইন্যা মেউলার গর্জন অইতো লাগিল্ আর বিজলি চমকাইতো থাকিল্ আর
ফাআরর উঅরদি একটুঁরা ঘন মেউলা দেহ্যা দিল্। এগিনবাদে বউত জোরে জোরে শিংগার আবাজ
অইতো লাগিল্। এগিন দেকিউনি ছাউনির মইধ্যের বেক মানুষ হাঁফি উঠিল্।

17 তহন আল্লাহ্‌র সাম্‌নদি যাইবার লাই মুসা ছাউনির ত্যুন মানুষঅক্যলরে বাইর গরি লই গেল্‌।
মানুষগিন ফাআরর নিচদি যাইয়েনে থিয়াই রইল্‌।

18 য়িয়ানর ফর তুর ফাআরগান ধুঁয়ায় ঝাফি গেল্‌, হারন মাবুদ ফাআরর উঅর আগুনর মইধ্যে
লামি আইল্‌। চুলার ত্যুন যেন্‌ ধুঁয়া উঢে ঠিগ য়েইল্যা ধুঁয়া উইট্যো লাগিল্‌, আর গোডা ফাআর গান
জোরে জোরে হাঁইফ্‌তো লাগিল্‌।

19 শিংগার আবাজ আরো জোরে জোরে অইতো লাগিল্‌। তহন মুসা আল্লাহ্‌র লগে হতা হইল্‌ আর
আল্লাহ্‌অ জোরে হতা হইয়েনে য়িবার জোয়াব দিল্‌।

20 মাবুদ তুর ফাআরর মাথাত লামি আইয়েনে মুসারে ডাকিল্‌ আর মুসা ফাআরর উঅরদি উটি
গেল্‌।

21 মাবুদ মুসারে হইল্‌, "তুঁই নিচে লামি যাইয়েনে মানুষঅক্যলরে সাবধান গরি দঅ যেন্‌ য়িতারা
মাবুদরে দেকিবার লাই সিমানা ডিংগায় আই নঅ যাআ। য়েইল্যা গইল্যে বউতকেউই মারা ফরিবো।

গরিয়েনে যুদি হনঅ মরতফোয়া বা মাইয়্যাফোয়া মাবুদর লগে বেইমানি গরে তইলে য়িবারে দুষি
বুলি ধরা অইবো।

7 য়িবা যে গুনাহ্ গইজ্যে য়িয়ান য়িবার ত্যুন সিকার গরন ফরিবো। য়িবা যিবার উঅর অন্যায়
গইজ্যে য়িবার ত্যুন য়িবার অন্যায়র ফুরা হোতি ফুরন দঅন ফরিবো। যে জিনিস সম্যন্দে য়িবা
অন্যায় গইজ্যে য়েই জিনিসর দামর লগে আরো ফাঁচ ভাগর এক ভাগ দাম যোগ গরিয়েনে য়িবারে
দঅন ফরিবো।

8 হোতি ফুরন নিবার লাই যুদি য়েই মানুষর হনঅ হাছর আত্যিয় নঅ থাকে তইলে য়িয়ান মাবুদর
ফাওনা অইবো। য়েই হোতি ফুরন আর য়িবার গুনাহ্ ঝাফাই দিবার ভেরাগান ইমামরে দঅন
ফরিবো।

9 যে ফাক-ফবিত্র জিনিসগিন বনি-ইসরাইলগিনে ইমামর হাছে লই আইবো য়েগিন বেক্যিনই ইমামর
অইবো।

10 ফত্যিজনর হোরবানি দেয়া জিনিস ইমামর অইবো। ইমামর আতত দেয়া জিনিস ইমামরই
অইবো।

অসতি মাইয়্যাফোয়ার বিষয়ে নিয়ম

11-13 ইয়ারফর মাবুদ মুসারে হইল্, "তুঁই বনি-ইসরাইলঅক্যলরে জানাই দঅ, যুদি কেউঅর বউ
কুফথত যাআ আর জামাইর লগে অবিশস্ত অইয়েনে অইন্য মরতফোয়ার লগে জেনা গরিয়েনে অসতি
অঅ, আর য়িয়ান যুদি য়িবার জামাইর অজানা থাকে আর য়িয়ান গোফনত থাকি যাআ — হারন
য়িবার বিরুদ্যে হনঅ সাক্যি নাই আর য়েই হামত য়িবা ধরাঅ নঅ ফরে —14-15 কিন্তু তঅ যুদি
বউঅর উঅর সন্দঅত জামাইর মন বিষাই উঢে তইলে য়িবা য়িবারে ইমামর হাছে লই যাইবো; বউ
যুদি অসতি নঅ অ অঅ তঅ সন্দঅ অইলে জামাইর ত্যুন য়িবারে ইমামর হাছে লই যঅন ফরিবো।
য়েই লগে য়িবার বউঅর অইয়েনে হোরবানি গরিবার লাই য়িবার ত্যুন এক কেজি আস্টশত গেরাম
যবর মোইদাঅ লই যঅন ফরিবো। য়িবা এগিনর উঅর হনঅ তেল বা লোবান নঅ দিবো হারন
ইয়ান সন্দঅর হারনে শইস্য-হোরবানি, মানি মাবুদর হাছে অন্যায় তুলি ধরিবার হোরবানি।

16 "ইমাম য়েই মাইয়্যাফোয়াউয়ারে মাবুদর সাম্নদি থিয়া গরাইবো।

17 তারফর য়িবা উগ্যয়া মেডির জিনিসত এক্যানা ফবিত্র ফানি লইবো আর আবাস-তাম্বুর মেঝর
ত্যুন এক্যানা ধুল তুলি লইয়েনে য়েই ফানির মইধ্যে দিবো।

18 মাইয়্যাফোয়াউয়ারে মাবুদর সাম্নদি থিয়া গরাইবার ফর ইমাম য়িবার চুল খুলি দিবো আর
অন্যায় তুলি ধরিবার লাই আনা হোরবানির জিনিস, মানি সন্দঅর হারনে শইস্য-হোরবানির
জিনিস য়িবার আতত দিবো। ইমাম য়িবার নিজর আতত রাকিবো বদদোয়া লই আনা তিতা ফানি।

19 তারফর ইমাম মাইয়্যাফোয়াউয়ারে সোঅন হ্যাবাইয়েনে য়িবারে হইবো, 'বিয়ার ফর হনঅ মানুষ
যুদি তোঁয়ার লগে জেনা নঅ গরি থাকে আর তুঁই যুদি কুফথত যাইয়েনে অসতি অই নঅ থাক তইলে
বদদোয়া আনা এই তিতা ফানি যেন্ তোঁয়ার হনঅ হোতি নঅ গরে।

20 কিন্তু বিয়ার ফর কুফথত যাইয়েনে কেউঅর লগে জেনা গরিয়েনে যুদি তুঁই অসতি অই থাক' —

21 এই ফইয্যন্ত হইয়েনে ইমাম য়েই মাইয়্যাফোয়াউয়ারে দিয়েনে য়িবার নিজর উঅর বদদোয়া ডাকি
আনিবার উগ্যয়া সোঅন হ্যাবাইয়েনে আবার হইবো, 'তইলে মাবুদ এন্ গরক যেন্ ইসতিরি-অংগ
অকেজো অইয়েনে তোঁয়ার ফেট ফুলি উঢে, যিয়ানর হারনে তোঁয়ার মানুষগিনেই বদদোয়া আর
সোঅনর সমত তোঁয়ার নাম বেবার গরিবো।

22 এই বদদোয়ার ফানি তোঁয়ার শরিলত ঢুকিয়েনে যেন্ এন্ গরি হাম গরে যেনে তোঁয়ার ফেট ফুলি
উঢে আর তোঁয়ার ইসতিরি-অংগ অকেজো অই যাআ।' "ইয়ানর জোয়াবে মাইয়্যাফোয়াউয়ার ত্যুন
হঅন ফরিবো, 'য়িয়ানই অক।'

23 "ইমাম এই বদদোয়াগিন চামরার উঅর লেকিয়েনে ফানি ঢালি লেহ্যাগান য়েই তিতা ফানিত
ফেলিবো।

24 বদদোয়ার য়েই তিতা ফানি য়েই মাইয়্যাফোয়াউয়ারে হ্যাবাইলে ফর য়েই ফানি য়িবার ফেডত
যাইয়েনে য়িবারে বউত হস্ট দিবো।

25 ফইল্যা ইমাম মাইয়্যাফোয়াউয়ার আতর ত্যুন সন্দঅর হারনে আনা য়েই শইস্য হোরবানি
লইয়েনে মাবুদর সাম্নদি দুলাইয়েনে য়েগিন হোরবানগাহ্র হাছে লই যাইবো।

26 ইমাম তারফর ফুরা হোরবানির বদলে য়েগিনর ত্যুন এক মুট তুলি লইয়েনে হোরবানগাহ্র উঅর
ফোড়াই দিবো। তারফর য়িবা য়েই ফানি মাইয়্যাফোয়াউয়ারে হ্যাইতো দিবো।

27 মাইয়্যাফোয়াউয়া যুদি অসতি অইয়েনে জামাইর লগে অবিশস্ত অই থাকে তইলে বদদোয়ার এই
ফানি য়িবারে হ্যাবাইবার ফর য়েগিন য়িবার ফেডত যাইয়েনে য়িবারে বউত হস্ট দিবো। য়িবার
ফেট ফুলি উঢিবো আর ইস্তিরি অংগ অকেজো অই যাইবো আর য়িবার মানুষঅক্যলে য়িবার নাম
বদদোয়া ইসাবে বেবার গরিবো।

28 কিন্তু মাইয়্যাফোয়াউয়া যুদি অসতি নঅ অইয়েনে নিদ্যোষ অই থাকে তইলে য়িবারে যে দোষ
দেয়া অইয়্যেল্ য়িয়ানর ত্যুন য়িবা হ্যালাস ফাইবো আর ফোয়াছার মা অইবার হ্যমতা য়িবার
থাকিই যাইবো।

29-30 "হনঅ মাইয়্যাফোয়া বিয়ার ফরদি যুদি কুফথত যাইয়েনে অসতি অঅ বা যুদি হনঅ
মরতফোয়ার মন বউঅর উঅর সন্দঅত বিষাই উঢে তইলে এই নিয়মত য়িয়ানর বেবস্তা গরন

ফরিবো। জামাই য়িবার বউরে মাবুদর সাম্নদি লই যাইবো আর ইমাম এই ফুরা বেবস্তাগানই য়িবার উঅর হ্যাডাইবো।

31 ইয়ানত জামাই অন্যায় গরিবার নালিশর ত্যুন মুক্ত থাকিবো, কিন্তু অন্যায় গরি থাকিলে মাইয়্যাফোয়াউয়া য়িয়ানর ফল ভোগ গরিবো।”

তোরাত শরিফ: শুমারি 6

নাসরিয় ইসাবে সোঅন হ্যাইবার নিয়ম

1 মাবুদ মুসারে হইল্,

2 “তুঁই বনি-ইসরাইলঅক্যলরে জানাই দঅ, যুদি হনঅ মরতফোয়া বা মাইয়্যাফোয়া নাসরিয় ইসাবে মাবুদর উদ্যেশ্যে আলিদা অইয়েনে থাকিবার বিশেষ সোঅন হ্যাআ,

3 তইলে য়িবার আংগুর রস বা হনঅ রহমর মদাইন্যা রস হ্যঅন সইল্তো নঅ। য়িবা আংগুর রস বা মদাইন্যা রসর ত্যুন বানাইন্যা সিরকাঅ হ্যাইত্ ফাইত্যো নঅ। এন্ কি, টাটকা আংগুর রস, আংগুর বা কিসমিস হ্যঅনঅ তার ত্যুন সইল্তো নঅ।

4 মোটহতা, য়িবা যেতদিন নাসরিয় থাকিবো ততদিন আংগুর ফলর হনঅ কিছুই য়িবা হ্যাইত্ ফাইত্যো নঅ, ইয়ানর বিচিঅ নঅঅ বা সিল্কাঅ নঅঅ।

5 “যেতদিন ফইয্যন্ত য়িবা নাসরিয় ইসাবে নিজরে আলিদা গরি রাকিবো বুলি সোঅন হ্যাইয়্যে ততদিন ফইয্যন্ত য়িবার মাথাত খুর লাগন সইল্তো নঅ। মাবুদর উদ্যেশ্যে আলিদা অই থাকিবার সমত য়িবার ত্যুন ফাক-ফবিত্র থাকন ফরিবো। য়িবার চুল লাম্বা অইতো দঅন ফরিবো।

6 এই সমত য়িবা হনঅ মরা কিছুর হাছদি যাইত্ ফাইত্যো নঅ।

7 মা-বাবা, ভাই-বোইনঅক্যলর কেউ মারা গেলেঅ য়িবার নিজরে নাফাক গরা সইল্তো নঅ, হারন য়িবার মাথাত রইয়্যে আল্লাহ্‌র উদ্যেশ্যে আলিদা অই থাকিবার চিন্য।

8 য়িবার এই আলিদা অই থাকিবার গোডা সমত য়িবার ত্যুন ফাক-ফবিত্র থাকন ফরিবো।

9 “যুদি কেউ অঠাত য়িবার সাম্নদি মারা যাআ আর য়িয়ানত মাবুদর উদ্যেশ্যে রাকা য়িবার চুল নাফাক অই যাআ তইলে সাত দিনর দিন, মানি য়িবার ফাক-ফবিত্র অইবার দিন য়িবার ত্যুন মাথা হামাই ফেলন ফরিবো।

10 আস্ট দিনর দিন য়িবার ত্যুন মিলন-তাম্বুর দরজাত ইমামর হাছে দুয়া হঅঅল নঅত দুয়া হইতোর লই যঅন ফরিবো।

11 মরা শরিলর হাছে আজির থাকিবার হারনে য়িবা নাফাক অইয়্যে বুলি য়িবার নাফাকি ঝাফাই দিবার লাই ইমাম উগ্যয়া ফাকি দিয়েনে গুনাহ্র হোরবানি আর অইন্য উয়া দিয়েনে ফোড়াইন্যা-হোরবানি দিবো। য়েই দিনই য়িবার মাথার চুল য়িবার ত্যুন মাবুদর উদ্যেশ্যে নয়া গরি রাকন ফরিবো,

12 আর য়েই লগে য়িবার নিজরে আগর মতন মাবুদর উদ্যেশ্যে আলিদা গরি রাকিবার সোঅন
হ্যঅন ফরিবো। ইয়ান বাদে দোষর হোরবানির লাই য়িবার ত্যুন একবছরর উগ্যয়া ভেরার বাইচ্যা
আনন ফরিবো। ইয়ার আগদি যেতদিন য়িবা মাবুদর উদ্যেশ্যে আলিদা অই থাইক্যে য়েই দিনগিন
বাতিল অই যাইবো, হারন য়েই সমত য়িবা নাফাক অইয়্যেল্।

13 "মাবুদর উদ্যেশ্যে একজন নাসরিয়র আলিদা অই থাকিবার সময়গান ফার অই যাইবার ফর এই
নিয়ম ফালন গরন ফরিবো। য়িবার ত্যুন মিলন-তাম্বুর দরজার হাছে যঅন ফরিবো।

14 য়েডে মাবুদর উদ্যেশ্যে য়িবার ত্যুন হোরবানি ইসাবে ফোড়াইন্যা-হোরবানির লাই এক বছরর
উগ্যয়া নিঁকুত বাইচ্যা-ভেরা, গুনাহ্র হোরবানির লাই এক বছরর উগ্যয়া নিকুঁত বাইচ্যা ভেরি
আর যোগাযোগ-হোরবানির লাই উগ্যয়া নিঁকুত ভেরা আনন ফরিবো।

15 এগিনর লগে থাকিবো এগিনর লগের শইস্য-হোরবানি আর ঢালন-হোরবানির জিনিস আর এক
টুঁরি ইষ্টছারা রুটি। এই রুটিগিন অইবো তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদার ফিঢা আর তেল
লাগাইন্যা চাফাডি।

16 ইমামর ত্যুন এগিন মাবুদর সাম্নদি নিই রাকন ফরিবো আর য়িবার ত্যুন গুনাহ্র হোরবানি ও
ফোড়াইন্যা-হোরবানি দঅন ফরিবো।

17 ইয়ানবাদে য়িবার ত্যুন যোগাযোগ-হোরবানির ভেরাগান জবাই গরি য়িয়ান হোরবানি দিবার
সমত টুঁরির ইষ্টছারা রুটিগিনঅ হোরবানি দঅন ফরিবো আর এগিনর লগের শইস্য-হোরবানি আর
ঢালন-হোরবানিঅ গরন ফরিবো।

18 তারফর মিলন-তাম্বুর দরজার হাছে নাসরিয়রে য়িবার মাবুদর উদ্যেশ্যে রাকা চুল হামাই
ফেলন ফরিবো। এই চুল নিয়েনে য়িবা যোগাযোগ-হোরবানির নিচদি আগুনত ফেলি দিবো।

19 মাবুদর উদ্যেশ্যে রাকা চুল হামাইন্যা অই গেলে ফর ইমাম ভেরাউয়ার উগ্যয়া সিদ্য গরা ঘেঁডি
আর টুঁরির ত্যুন উগ্যয়া ইষ্টছারা ফিঢা আর চাফাডি নিই য়েই নাসরিয়র আতত দিবো।

20 তারফর ইমাম দোলন-হোরবানি ইসাবে য়েগিন মাবুদর সাম্নদি দোলাইবো। এগিন ফবিত্র আর
ইমামর ফাওনা। এগিন বাদে দোলাই রাকা বুগর গোস্ত আর হোরবানি দেয়া রানঅ ইমামর ফাওনা।
এগিন অই গেলে ফর য়েই নাসরিয় আংগুর রস হ্যাইত্ ফারিবো।

21 "নাসরিয়র লাই এই অইল্ নিয়ম। মাবুদর উদ্যেশ্যে আলিদা অই থাকিবার সোঅন অনুযায়ি
য়িবার ত্যুন এই হোরবানিগিন দঅন ফরিবো। এগিনবাদে যুদি য়িবা নিজর হ্যমতা মতন আরো
কিছু দিবার সোঅন হ্যাই থাকে তইলে য়েগিনঅ য়িবার ত্যুন দঅন ফরিবো। য়িবা যেগিন ওয়াদা
গইজ্যে মাবুদর উদ্যেশ্যে আলিদা অই থাকিবার নিয়ম অনুযায়ি য়িবার ত্যুন এগিনর বেক্যিনই দঅন
ফরিবো।"

বনি-ইসরাইলঅক্যলর লাই ইমামঅক্যলর দোয়া

22 মাবুদ মুসারে হইল্,

23 “তুঁই হারুন আর য়িবার ফোয়াঅক্যলরে হঅ দে, য়িতারা এই হতা হইয়েনে বনি-ইসরাইলঅক্যলর
উঅর দোয়া উচ্যারন গরিবো:

24 ‘মাবুদ তোঁয়ারে দোয়া গরক আর রক্যা গরক;

25 মাবুদর রহমত ফঅরর মতন তোঁয়ার উঅর ফরক; য়িবার মেহেরবানি তোঁয়ার উঅর থাকক।

26 মাবুদ তেঁইর মুক তোঁয়ার মিক্যা ফিরক আর তোঁয়ারে শান্তি দঅক।’

27 “এন্ গরিয়েনে য়িতারা বনি-ইসরাইলঅক্যলর উঅর আঁর নাম উচ্যারন গরিবো, য়িয়ানত আঁইই
য়িতারারে দোয়া গইজ্যোম।”

তোরাত শরিফ: শুমারি 7

মাবুদর আবাস-তাম্বু ফতিস্টা

1 যেদিন আবাস-তাম্বুগান হ্যাডানো শেষ অইল্ য়েই দিন মুসা য়িয়ানর উঅর অভিষেক-তেল
দিয়েনে গোডা তাম্বুগান আর য়িয়ানর সাজ-সরন্জাম ফাক-ফবিত্র গরি লইল্। তেঁই হোরবানগাহ্
আর য়িয়ানর বাসন-টাসনর উঅর অভিষেক-তেল দিয়েনে য়েগিনঅ ফাক-ফবিত্র গরি নিল্।

2 তারফর বনি-ইসরাইলঅক্যলর নেতাগিন, মানি বংশর নেতাগিন উফহ্যার আনিল্। ইতারাই
অইল্ য়েই গুষ্টিগিনর নেতা যারার উঅর গনি রাকা মানুষগিনর দেহ্যাশুনার ভার আছিল্।

3 উফহ্যার ইসাবে য়িতারা ছঅউয়া ছই দেয়া গরুর গাড়ি আর বারউয়া বলদ মাবুদর সাম্নদি
আনি রাকিল্। য়িয়ানত ফত্যিউয়া নেতার ফক্যর ত্যুন উগ্যুয়া গরি বলদ আর ফত্যি দুই জনর
ফক্যর ত্যুন উগ্যুয়া গরি গরুর গাড়ি দেয়া অইল্। য়িতারা য়েগিন আনিয়েনে আবাস-তাম্বুর
সাম্নদি রাকিল্।

4 তহন মাবুদ মুসারে হইল্,

5 “তুঁই ইতারার হাছর ত্যুন এগিন লঅ যেন য়েগিন মিলন-তাম্বুর হামত লাগানো যাআ।
লেবিয়অক্যলর হাম অনুযায়ি তুঁই এগিন য়িতারার মইধ্যে ভাগ গরি দঅ।”

6 য়িয়ানর মুসা য়েই গাড়ি আর বলদগিন লেবিয়অক্যলরে ভাগ গরি দিল্।

7 গের্শোনিয়অক্যলর হাম ইসাবে তেঁই দুয়া গাড়ি আর চারগুয়া বলদ য়িতারারে দিল্,

8 আর মরারিয়অক্যলর হাম ইসাবে তেঁই য়িতারারে চারগুয়া গাড়ি আর আস্টউয়া বলদ দিল্।
ইতারার বেক্যিনর দেহ্যাশুনার ভার আছিল্ ইমাম হারুনর ফোয়া ইথামরর উঅর।

9 মুসা কহাতিয়অক্যলরে কিছুই নঅ দিল্, হারন ফাক-ফবিত্র জিনিসগিনর দেহ্যাশুনার ভার আছিল্
য়িতারার উঅর আর য়েগিনই আছিল্ য়িতারার হাঁদত গরি বোই নিবার হতা।

10 অভিষেক তেল দিয়েনে হোরবানগাহ্-দান গরা শুরু অইবার ফরর ত্যুন নেতাগিন য়িতারার
উফহ্যার আনিয়েনে হোরবানগাহ্র সাম্নদি রাইকতো লাগিল্।

11 মাবুদ মুসারে হইয়্যেল্, “ফত্যিদিন এক একজন গরি নেতা হোরবানগাহ্-দানর উদ্যেশ্যে য়িবার উফহ্যার লই আইবো।”

12 ফইল্যাদিন যে নেতা য়িবার উফহ্যার লই আইলো য়িবা অইল্ এহুদা-গুষ্টির নেতা অম্যিনাদবর ফোয়া নহশোন।

13 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

14 ধুফে-ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

15 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা ভেরা;

16 গুনাহ্র হোরবানির লাই উগ্যয়া সঅল;

17 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা ভেরা। এগিন আছিল্ অম্যিনাদবর ফোয়া নহশোনর উফহ্যার।

18 দিতিয় দিনত ইষাখর-গুষ্টির নেতা সুয়ারর ফোয়া নথনেল য়িবার উফহ্যার লই আইল্।

19 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

20 ধুফত ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

21 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

22 গুনাহ্র হোরবানির লাই উগ্যয়া সঅল;

23 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্ সুয়ারর ফোয়া নথনেলর উফহ্যার।

24 তিতিয় দিনত সবুলন-গুষ্টির নেতা হেলোনর ফোয়া ইলিয়াব য়িবার উফহ্যার লই আইল্।

25 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

26 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

27 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

28 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

29 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচুয়া ভেরা, ফাঁচুয়া সঅল আর ফাঁচুয়া এক
বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ হেলোনর ফোয়া ইলিয়াবর উফহ্যার।

30 চাইর দিনর দিন রুবেন-গুষ্টির নেতা শদেয়ুরর ফোয়া ইলিষুর য়িবার উফহ্যার লই আইল্‌।

31 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয়
মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত
গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

32 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

33 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-
ভেরা;

34 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

35 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচুয়া ভেরা, ফাঁচুয়া সঅল আর ফাঁচুয়া এক
বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ শদেয়ুরর ফোয়া ইলিষুরর উফহ্যার।

36 ফাঁচ দিনর দিন শিমিয়োন-গুষ্টির নেতা সুরিশদ্যয়র ফোয়া শলুমিয়েল য়িবার উফহ্যার লই
আইল্‌।

37 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয়
মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত
গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

38 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

39 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-
ভেরা;

40 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

41 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচুয়া ভেরা, ফাঁচুয়া সঅল আর ফাঁচুয়া এক
বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ সুরিশদ্যয়র ফোয়া শলুমিয়েলর উফহ্যার।

42 ছঅ দিনর দিন গাদ-গুষ্টির নেতা দ্যুয়েলর ফোয়া ইলিয়াসফ য়িবার উফহ্যার লই আইল্‌।

43 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া মিহি মোইদায় ভরা ধর্মিয়
মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত
গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

44 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

45 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

46 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

47 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্ দ্যুয়েলর ফোয়া ইলিয়াসফর উফহ্যার।

48 সাতদিনর দিনর আফরাহিম-গুষ্টির নেতা অম্মিহুদর ফোয়া ইলিশামা য়িবার উফহ্যার লই আইল্।

49 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

50 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

51 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

52 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

53 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্ অম্মিহুদর ফোয়া ইলিশামার উফহ্যার।

54 আষ্ট দিনর দিন মানশা-গুষ্টির নেতা ফদাহসুরর ফোয়া গমলিয়েল য়িবার উফহ্যার লই আইল্।

55 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

56 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

57 ফোড়ানো হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

58 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

59 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্ ফদাহসুরর ফোয়া গমলিয়েলর উফহ্যার।

60 নয় দিনর দিন বিন্‌ইয়ামিন গুষ্টির নেতা গিদিয়োনির ফোয়া অবিদান য়িবার উফহ্যার লই আইল্।

61 য়িবার উফহ্যার আছিল্ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

62 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

63 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

64 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

65 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ গিদিয়োনির ফোয়া অবিদানর উফহ্যার।

66 দশ দিনর দিন দান-গুষ্টির নেতা অম্মিশদ্যয়র ফোয়া অহিয়েষর য়িবার উফহ্যার লই আইল্‌।

67 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরামওজনর উগ্যয়া রুফার গামলা;

68 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

69 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

70 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

71 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ অম্মিশদ্যয়র ফোয়া অহিয়েষরর উফহ্যার।

72 এগার দিনর দিন আশের-গুষ্টির নেতা অক্রুনর ফোয়া ফগিয়েল য়িবার উফহ্যার লই আইল্‌।

73 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

74 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

75 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

76 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

77 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্‌ অক্রুনর ফোয়া ফগিয়েলর উফহ্যার।

78 বার দিনর দিন নফ্তালি-গুষ্টির নেতা ঐননর ফোয়া অহিরঅ য়িবার উফহ্যার লই আইল্‌।

79 য়িবার উফহ্যার আছিল্‌ শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া ফাঁক্যি মোইদায় ভরা ধর্মিয় মাফর এক কেজি তিনশ গেরাম ওজনর উগ্যয়া রুফার বাসন আর একই জিনিসে ভরা সাতশত গেরাম ওজনর উগ্যয়া রুফার গামলা;

80 ধুফে ভরা একশ গেরাম ওজনর উগ্যয়া সোনার ছোড বাসন;

81 ফোড়াইন্যা-হোরবানির লাই উগ্যয়া বিরিশ গরু, উগ্যয়া ভেরা, উগ্যয়া এক বছরর বাইচ্যা-ভেরা;

82 গুনাহ্‌র হোরবানির লাই উগ্যয়া সঅল;

83 যোগাযোগ-হোরবানির লাই দুয়া বিরিশ গরু, ফাঁচ্যুয়া ভেরা, ফাঁচ্যুয়া সঅল আর ফাঁচ্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। এগিন আছিল্ ঐননর ফোয়া অহিরঅর উফহ্যার।

84 অভিষেক তেল দিয়েনে হোরবানগাহ্-দান গরা শুরু অইবার ফরর ত্যুন ইসরাইলিয় নেতাগিন যে উফহ্যারগিন আইন্যেল য়েগিন অইল্ বারউয়া রুফার বাসন, বারউয়া রুফার গামলা আর বারউয়া সোনার ছোড বাসন।

85 ধর্মিয় মাফ ইসাবে ফত্যিউয়া রুফার বাসনর ওজন আছিল্ এক কেজি তিনশ গেরাম আর ফত্যিউয়া রুফার গামলার ওজন আছিল্ সাতশত গেরাম। রুফার বেক জিনিসগিনর মোট ওজন আছিল্ চব্যিশ কেজি।

86 ধর্মিয় মাফ ইসাবে ফত্যিউয়া ধুফে ভরা সোনার ছোড বাসনর ওজন আছিল্ একশ গেরাম। সোনার বারউয়া ছোড বাসনর মোট ওজন অইয়্যেল্ এক কেজি দুই শত গেরাম।

87 এগিনবাদে ফোড়াইন্যা-হোরবানির লাই মোট দেয়া অইয়্যেল্ বারউয়া বিরিশ গরু, বারউয়া ভেরা আর এক বছরর বারউয়া বাইচ্যা-ভেরা। এগিনর লগে আছিল্ এগিনর লগের শইস্য-হোরবানির জিনিস। গুনাহ্‌র হোরবানির লাই দেয়া অইয়্যেল্ বারউয়া সঅল।

88 যোগাযোগ-হোরবানির লাই মোট দেয়া অইয়্যেল্ চব্যিশ্যুয়া বিরিশ গরু, ষাইট্যুয়া ভেরা, ষাইট্যুয়া সঅল আর ষাইট্যুয়া এক বছরর বাইচ্যা-ভেরা। হোরবানগাহ্‌র অভিষেকর ফর ইয়ানর দানর লাই এই উফহ্যারগিন আনা অইয়্যেল্।

89 ইয়ারফর মুসা যহন মাবুদর লগে হতা হইবার লাই মিলন-তাম্বুত ঢুইক্‌তো তহন শাহাদাত-সিন্দুকর উঅরর ঢাকনার কিনারার কারুবি দুয়ার মাঝদির জাগার ত্যুন য়িবার হতা উনিত্ ফাইত্যো। এন্ গরিয়েনে মাবুদ মুসার লগে হতা হইতো।

তোরাত শরিফ: শুমারি 8

আবাস-তাম্বুর বাত্যিদানি

1 মাবুদ মুসারে হইল্,

2 “তুঁই হারুনরে হঅ, বাত্যিদানির সাত্যুয়া বাত্যি য়িবার ত্যুন এন্ গরি বোঅন ফরিবো যেন্ য়েগিনর ফঅর বাত্যিদানির সাম্নর জাগাগানত ফরে।”

3 হারুন য়েইল্যাই গরিল্। মুসারে দেয়া মাবুদর উকুম মতনই তেঁই বাত্যিগিন এন্ গরি বোআইল্ যেন্ বাত্যিদানির উঅর য়েগিনর সইলতা সাম্নর মিক্যা থাকে।

4 বাত্যিদানিগানর গোডার ত্যুন আগার ফুলগিন ফইয্যন্ত গোডাগানই সোনা ফিডাইয়েনে তৈয়ার
গরা অইয়্যেল্। মাবুদ মুসারে যে নমুনা দেহ্যাইয়্যেল ঠিগ য়েইল্যা গরিয়েনেই বাত্যিদানিগান তৈয়ার
গরা অইয়্যেল্।

লেবিয়অক্যলরে ফাক-সাফ গরা

5 মাবুদ মুসারে হইল্,

6 তুঁই অইন্যাইন্য বনি-ইসরাইলঅক্যলর মইধ্যর ত্যুন লেবিয়অক্যলরে বাইর গরি নিয়েনে য়িতারারে
ফাক-সাফ গর।

7 এন্ গরিয়েনে তুঁই য়িতারারে ফাক-সাফ গরিবা: য়িতারার উঅর ফাক-সাফ গরিবার ফানি ছিঁডাই
দিবা। তারফর য়িতারা য়িতারার গোডা শরিল হামাইয়েনে হঅর-সোর ধুই নিজরারে ফাক-সাফ
গরি লইবো।

8 ফরদি য়িতারা উগ্যয়া বিরিশ গরু আর এগিনর লগের শইস্য-হোরবানির লাই তেলর ময়ান দেয়া
ফাঁক্যি মোইদা নিই আইবো। গুনাহ্র হোরবানির লাই তোঁয়ার ত্যুন আর উগ্যয়া বিরিশ গরু আনাই
লঅন ফরিবো।

9 ইয়ারফরদি তুঁই মিলন-তাম্বুর সাম্নদি লেবিয়অক্যলরে লই আইবা আর বেক বনি-
ইসরাইলঅক্যলরে য়েডে জমা গরিবা।

10 লেবিয়অক্যলরে তুঁই মাবুদর সাম্নদি আনিবা আর বনি-ইসরাইলগিন য়িতারার উঅর আত
রাকিবো।

11 হারুন বনি-ইসরাইলঅক্যলর মইধ্যর ত্যুন দোলন-হোরবানি ইসাবে লেবিয়অক্যলরে মাবুদর
সাম্নদি আজির গরিবো যেন্ য়িতারা মাবুদর হামত আত দিত্ ফারে।

12 তারফর লেবিয়গিন য়েই দুয়া বিরিশ গরুর উঅর আত রাকিবো আর তুঁই য়েগিনর উগ্যয়া
দিয়েনে মাবুদর উদ্যেশ্যে গুনাহ্র হোরবানি আর অইন্যউয়া দিয়েনে ফোড়াইন্যা-হোরবানি গরি
য়িতারার গুনাহ্ ঝাফাই দিবার বেবস্তা গরিবা।

13 লেবিয়অক্যলরে তুঁই হারুন আর য়িবার ফোয়াঅক্যলর সাম্নদি থিয়া গরাইবা আর মাবুদর হাছে
দোলন-হোরবানি ইসাবে য়িতারারে হোরবানি গরিবা।

14 এন্ গরিয়েনে তুঁই অইন্যাইন্য বনি-ইসরাইলঅক্যলর ত্যুন লেবিয়অক্যলরে আলিদা গরি লইবা,
আর য়িয়ানত য়িতারা আঁর অইবো।

15 "এন্ গরিয়েনে লেবিয়অক্যলরে ফাক-সাফ গরি লইয়েনে দোলন-হোরবানি ইসাবে দান গরিবার
ফরদি য়িতারা মিলন-তাম্বুত হাম গরিবার লাই আইবো।

16 বেক বনি-ইসরাইলঅক্যলর মইধ্যর ত্যুন ইতারাই ফুরাফুরি গরিয়েনে আঁর, আর কেউঅর নঅঅ। ফত্যিউয়া ইসরাইলিয় মাইয়্যাফোয়ার ফইল্যা মরতফোয়ার বদলে আঁই লেবিয়অক্যলরে আঁর নিজর গরি লইর।

17 ফইল্যা জন্ম অইয়্যে এন্ ফত্যিউয়া ইসরাইলিয় মরতফোয়া আঁর য়িবা মানুষরই অক বা ফশুরই অক। মিসরিয়অক্যলর ফইল্যা মরতফোয়া মারি ফেলিবার সমত আঁই বনি-ইসরাইলঅক্যলর ফইল্যা মরতফোয়া আঁর লাই ফবিত্র গরি রাক্যিলাম।

18 ফইল্যা জন্ম অইয়্যে য়েইল্যা বেক ইসরাইলিয় ফোয়াছাঅক্যলর জাগাত আঁই এহন লেবিয়অক্যলরে হবুল গরির।

19 বনি-ইসরাইলঅক্যলর মইধ্যের এই লেবিয়অক্যলরে আঁই হারুন আর য়িবার ফোয়াঅক্যলরে দান গরির, যেন্ য়িতারা বনি-ইসরাইলঅক্যলর অইয়েনে মিলন-তাম্বুত হাম গরে আর য়িতারার গুনাহ্ ঝাফাই দিবার বেবস্তা গরে। য়েই হারনে বনি-ইসরাইলঅক্যলে ফবিত্র তাম্বুর হাছে গেলেঅ য়িতারার উঅর হনঅ বিফদ লামি আইস্তো নঅ।”

20 মাবুদ লেবিয়অক্যলর সম্যন্দে মুসারে যে উকুমগিন দিয়্যেল্ মুসা, হারুন আর অইন্য বেক বনি-ইসরাইল লেবিয়অক্যলরে লইয়েনে য়েইল্যাই গরিল্।

21 লেবিয়অক্যলে নিজরারে ফাক-সাফ গরি লইল্ আর হঅর-সোর ধুই ফেলিল্। তারফর হারুন মাবুদর উদ্যেশ্যে দোলন-হোরবানি ইসাবে য়িতারারে দান গরিল্ আর ফাক-সাফ গরি নিবার লাই য়িতারার গুনাহ্ ঝাফাই দিবার বেবস্তা গরিল্।

22 ইয়ার বাদে লেবিয়গিন হারুন আর য়িবার ফোয়াঅক্যলর অধিনে মিলন-তাম্বুত য়িতারার হাম গইত্যো গেল্। মাবুদ মুসারে যে উকুমগিন দিয়্যেল্ য়িতারা লেবিয়অক্যলরে লইয়েনে ঠিগ য়েইল্যাই গরিল্।

23 ফরদি মাবুদ মুসারে হইল্,

24 “লেবিয়অক্যলর সম্যন্দে এই নিয়ম থাকিবো দে, য়িতারার মইধ্যে ফঁচিশ বা য়িতার বেশি বয়সর মানুষগিন মিলন-তাম্বুত হাম গইত্যো আইবো,

25 কিন্তু ফন্চাইশ বছর বয়সর ফরদি য়েই হামর ত্যুন য়িতারার অবসর লঅন ফরিবো; য়িতারা আর হাম গইত্যো নঅ।

26 তহন এই মানুষগিন মিলন-তাম্বুত য়িতারার ভাইঅক্যলর লগে দেহ্যাশুনার হামে সাইয্য গরিত্ ফারিবো কিন্তু নিজরা হনঅ হামত আত দিত্ ফাইত্যো নঅ। এই নিয়ম অনুযায়ি তুঁই লেবিয়অক্যলর হাম ঠিগ গরি দিবা।”

তোরাত শরিফ: শুমারি 9

1 বনি-ইসরাইলগিন মিসর দেশর ত্যুন বাইর অই আইবার দিতিয় বছরর ফইল্যা মাসত সিনাই মরুভুমিত মাবুদ মুসারে হইল্,

2 “বনি-ইসরাইলগিন যেন্ নিদ্যিষ্ট সমত উদ্যার-ইদ ফালন গরে।

3 য়িতারা যেন্ নিদ্যিষ্ট সমত, মানি এই মাসর সৈদ্য দিনর দিন বেইল্ ডুফি যাইবার ফরদি বেক নিয়ম-হানুন অনুযায়ি এই ইদ ফালন গরে।”

4 এই হতা উনিয়েনে মুসা বনি-ইসরাইলঅক্যলরে উদ্যার-ইদ ফালন গইত্যো হইল্।

5 য়িয়ানত য়িতারা বছরর ফইল্যা মাসর সৈদ্য দিনর দিন বেইল ডুফি যাইবার ফর সিনাই মরুভুমিত য়িয়ান ফালন গরিল্। মাবুদ মুসারে যে উকুম দিয়্যেল্ বনি-ইসরাইলগিন ঠিগ য়েই মতনই বেক কিছু গরিল্।

6 য়েই সমত য়িতারার মইধ্যে হয়েকজন মানুষ উগ্যয়া মরা শরিলর ধরা-ছোয়া লাগিবার হারনে নাফাক অবস্তাত ফরিয়েনে য়েই দিন উদ্যার-ইদ ফালন গরিত্ নঅ ফারিল্। য়িতারা য়েই দিনই মুসা আর হারুনর হাছে গেল্।

7 য়িতারা মুসারে হইল্, “উগ্যয়া মরা শরিলর ধরা-ছোয়া লাগিবার হারনে আঁরা নাফাক অবস্তাত আছি। য়িয়ানর লাই অইন্যাইন্য বনি-ইসরাইলঅক্যলর লগে আঁরা নিদ্যিষ্ট সমত মাবুদর উদ্যেশ্যে হোরবানি দিত নঅ ফাইজ্যোম কিলাই?”

8 জোয়াবে মুসা হইল্, “তোঁয়ারার সম্যন্দে মাবুদর উকুম জানি নঅ লঅন ফইয্যন্ত তোঁয়ারা অফেক্যা গর।”

9 তহন মাবুদ মুসারে হইল্,

10 “বনি-ইসরাইলঅক্যলরে হঅ দে, য়িতারার বা য়িতারার বংশধরঅক্যলর মইধ্যে যুদি কেউ কেউ মরাশরিলর ধরা-ছোয়া লাগিবার হারনে নাফাক অবস্তাত ফরে বা য়িতারা যুদি লাম্বা যাত্রা ফত্থত থাকে তঅঅ য়িতারা মাবুদর উদ্যেশ্যে উদ্যার-ইদ ফালন গরিত্ ফারিবো।

11 দিতিয় মাসর সৈদ্য দিনর দিন বেইল ডুফি যাইবার ফর য়িতারার ত্যুন এই ইদ ফালন গরন ফরিবো। ইষ্টছারা রুটি আর তিতা শাকর লগে য়িতারার ত্যুন উদ্যার-ইদর গোস্ত হ্যঅন ফরিবো।

12 ফজর ফইয্যন্ত কিছু ফেলি রাকন সইল্তো নঅ বা হনঅ আঁড্যি ভাঁগা সইল্তো নঅ। উদ্যার-ইদ ফালনর সমত বেক নিয়ম য়িতারার ত্যুন মানি সলন ফরিবো।

13 কিন্তু নাফাক নঅঅ বা যাত্রা ফত্থতঅ নঅঅ এন্ হনঅ মানুষ যুদি উদ্যার-ইদ ফালন নঅ গরে, তইলে য়িবা নিদ্যিষ্ট সমত মাবুদর উদ্যেশ্যে হোরবানি নঅ দেএ বুলি য়িবারে য়িবার জাতির মইধ্যর ত্যুন ফুছি ফেলন ফরিবো। য়িবার ত্যুন য়িবার গুনাহ্র ফল ভোগ গরনই ফরিবো।

14 “ইসরাইলিয়অক্যলর মইধ্যে থাকা অইন্য জাতির হনঅ মানুষ যুদি মাবুদর উদ্যেশ্যে উদ্যার-ইদ ফালন গইত্যো চাআ, তইলে য়িবার ত্যুন এই ইদর নিয়ম-হানুন অনুযায়িই য়িয়ান ফালন গরন ফরিবো। ইসরাইলিয় আর অইন্য জাতির বেক্যিনর ত্যুন একই নিয়ম ফালন গরন ফরিবো।”

15 যেদিন আবাস-তাম্বু, মানি শাহাদাত-তাম্বু হ্যাডানো অইল্ য়েই দিন য়িয়ান মাবুদর মেউলায় ঝাফাই গেল্। আঁজুইন্যা ত্যুন ফজর ফইয্যন্ত আবাস-তাম্বুর উঅরর য়েই মেউলা আগুনর মতন দেহ্যাইল্।

16 তার ফরর ত্যুন অবস্তাগান য়েইল্যাই অইতো লাগিল্। আবাস-তাম্বুগান য়েই মেউলাত ঝাফাই থাইক্তো আর রাতিয়া য়িয়ান আগুনর মতন দেহ্যাইতো।

17 আবাস-তাম্বুর উঅরর ত্যুন যহন মেউলা সরি যাইতো তহন বনি-ইসরাইলগিনে যাত্রা শুরু গইত্যো। কিন্তু যেডে য়েই মেউলা সুজা অই থিয়াইতো য়েডে য়িতারা তাম্বু ফেইতো।

18 মাবুদর উকুমেই য়িতারা যাত্রা গইত্যো আবার মবুদর উকুমেই তাম্বু ফেইল্তো। আবাস-তাম্বুর উঅর যেতক্যন মেউলা থাইক্তো বনি-ইসরাইলগিন য়েতক্যন তাম্বু ফেলিয়েনে য়েডেই থাইক্তো।

19 আবাস-তাম্বুর উঅরদি মেউলা যহন বউত দিন ধরিয়েনে থাইক্তো বনি-ইসরাইলগিন তহন মাবুদর নিদ্যেশ মানি লইয়েনে যাত্রা বন্ধ রাইকতো।

20 হনঅ হনঅ সমত মেউলা আবাস-তাম্বুর উঅরদি মাত্র হয়েক দিন থাইক্তো। বনি-ইসরাইলঅক্যলে মাবুদর উকুমে তাম্বু ফেইল্তো আবার য়িবারই উকুমে যাত্রা শুরু গইত্যো।

21 হনঅ হনঅ দিন মেউলা হ্যালি আঁজুইন্যা ত্যুন ফজর ফইয্যন্ত থাইক্তো। বেইন্যা মেউলা সরি গেলে ফর য়িতারা আবার যাত্রা শুরু গইত্যো। মেউলা সরি গেলেই য়িতারা সইল্তো শুরু গইত্যো- য়িয়ান দিনতই অক বা রাতিয়াই অক।

22 দুই দিন অক বা এক মাস অক বা য়িতার বেশি সময় অক, যেতদিন মেউলা আবাস-তাম্বুর উঅরদি থাইক্তো বনি-ইসরাইলগিনে তাম্বু ফেলিয়েনে য়েডেই থাইক্তো, যাত্রা নঅ গইত্যো। কিন্তু মেউলা সরি গেলেই য়িতারা আবার সইল্তো শুরু গইত্যো।

23 মাবুদর উকুমেই য়িতারা তাম্বু ফেইল্তো আবার মাবুদর উকুমেই যাত্রা গইত্যো। মুসার মইধ্য দিয়েনে দেয়া উকুম অনুযায়িই য়িতারা মাবুদর নিদ্যেশ মানি সইল্তো।

তোরাত শরিফ: শুমারি 10

1 রুফার শিংগা মাবুদ মুসারে হইল্,

2 "তুঁই রুফা ফিডাইয়েনে দুয়া শিংগা বানাই লঅ। বনি-ইসরাইলঅক্যলরে ডাকিয়েনে জমায়েত গরিবার লাই আর বিন্য বিন্য দলর যাত্রা শুরু গরিবার লাই তুঁই য়িয়ান বাজাইবা।

3 যহন দুয়া শিংগাই বাজানো অইবো তহন বনি-ইসরাইলঅক্যলে বেক্যিনে মিলন-তাম্বুর দরজার হাছে তোঁয়ার সাম্নদি আইয়েনে জমা অইবো।

4 যহন উগ্যয়া শিংগা বাজানো অইবো তহন ইসরাইলর বিন্য বিন্য বংশর নেতাঅক্যলে তোঁয়ার সাম্নদি আই জমায়েত অইবো।

5 শিংগা যহন ফইল্যাবার বাজানো অইবো তহন যে দলগিন ফুক মিক্যাদি তাম্বু ফেলি আছে য়িতারা রঅনা অইবো।

6 দিতিয়বার বাজানো অইলে দইন মিক্যার দলগিন রঅনা অইবো। ইয়ান অইল্ বাইর অই ফরিবার সংকেত।

7 মানুষগিনরে এক লগে জমা গরন ফরিলে তুঁই দুয়া শিংগাই বাজাইবা কিন্তু য়িয়ানর সংকেত অইবো আলিদা রহমর।

8 "এই শিংগা বাজাইবো হারুনর ফোয়াগিনে, মানি ইমামঅক্যলে। ইয়ান অইবো তোঁয়ারার আর তোঁয়ারার বংশধরঅক্যলর লাই উগ্যয়া এস্তায়ি নিয়ম।

9 নিজর দেশত থাকিবার সমত যহন তোঁয়ারা হনঅ জুলুমবাজ শত্রুর বিরুদ্যে যুদ্য গইত্যা যাইবা তহন দুয়া শিংগাই বাজাইয়েনে সংকেত দিবা। তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তহন তোঁয়ারার হতা ভাবিয়েনে শত্রুঅক্যলর আতর ত্যুন তোঁয়ারারে উদ্যার গরিবো।

10 তোঁয়ারার আনন্দ উস্যবর সমত, তোঁয়ারার লাই নিদ্যিষ্ট গরা বিবিন্য ইদর সমত আর মাসর ফইল্যাদি যহন তোঁয়ারা ফোড়াইন্যা-হোরবানি আর যোগাযোগ-হোরবানি দিবা তহন তোঁয়ারা শিংগা বাজাইবা। য়েগিন দিয়েনে তোঁয়ারার আল্লাহ্র সাম্নদি তোঁয়ারারে তুলি ধরা অইবো। আঁই আল্লাহ্ তোঁয়ারা মাবুদ।" বনি-ইসরাইলঅক্যলর যাত্রা

11 দিতিয় বছরর দিতিয় মাসর কুরি দিনর দিন শাহাদাত-তাম্বুর উঅরর ত্যুন মেউলা সরি গেল্।

12 তহন বনি-ইসরাইলগিনে সিনাই মরুভুমি ছারিয়েনে বাইর অই ফরিল্। য়েই মেউলা ফারন মরুভুমিত আইয়েনে সুজা অই নঅ থিঅন ফইয্যন্ত য়িতারা সইল্তোই থাকিল্।

13 মুসার মইধ্য দিয়েনে মাবুদর দেয়া উকুম অনুযায়ি য়িতারা এই ফইল্যাবারর মতন যাত্রা ফথত ঠেং বারাইল্।

14 ফইল্যাই রঅনা অইল্ এহুদা বিভাগর বিবিন্য দল য়িতারার বিভাগিয় নিশানার তলাত। এহুদা-গুষ্টির নেতা আছিল্ অম্যিনাদবর ফোয়া নহশোন।

15 ইষাখর-গুষ্টির মানুষঅক্যল ভার আছিল্ সুয়ারর ফোয়া নথনেলর উঅর,

16 আর সবুলুন-গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ হেলোনর ফোয়া ইলিয়াবর উঅর।

17 তারফর আবাস-তাম্বুগান খুলি ফেলা অইল্ আর গের্শোনিয় ও মরারিয়গিনে য়িয়ান বঅন গরি লই চলিল্।

18 ইতারার ফরদি রঅনা অইল্ রুবেন-বিভাগর বিবিন্য দল য়িতারার বিভগিয় নিশানার তলাত। রুবেন-গুষ্টির নেতা আছিল্ শদেয়ুরর ফোয়া ইলিষুর।

19 শিমিয়োন-গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ সুরিশদ্যয়র ফোয়া শলুমিয়েলর উঅর,

20 আর গাদ-গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ দ্যুয়েলর ফোয়া ইলিয়াসফর উঅর।

21 ইতারার ফরদি আবাস-তাম্বুর ফাক-ফবিত্র জিনিসফাতি লইয়েনে কহাতিয়গিনে রঅনা অইল্। কহাতিয়গিনে ফোঁছিবার আগদিই আবাস-তাম্বুগান হ্যাডাই ফেলিবার হতা আছিল্।

22 ইতারার ফরদি রঅনা অইল্ আফরাহিম-বিভাগর বিবিন্য দল য়িতারার বিভাগিয় নিশানার তলাত। আফরাহিম-গুষ্টির নেতা আছিল্ অম্মিহুদর ফোয়া ইলিশামা।

23 মানশা-গুষ্টির মানুষগিনর ভার আছিল্ ফদাহসুরর ফোয়া গমলিয়েলর উঅর,

24 আর বিনইয়ামিন গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ গিদিয়োনির ফোয়া অবিদানর উঅর।

25 বেক্যিনর শেষদি রঅনা অইল্ দান-বিভাগর বিবিন্য দল য়িতারার বিভাগিয় নিশানার তলাত। ইতারা রক্যিদল ইসাবে বেক দলগিনর ফিছদি গেল্। দান-গুষ্টির নেতা আছিল্ অম্মিশদ্যয়র ফোয়া অহিয়েষর।

26 আশের-গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ অক্রনর ফোয়া ফগিয়েলর উঅর,

27 আর নফ্তালি-গুষ্টির মানুষঅক্যলর ভার আছিল্ ঐননর ফোয়া অহিরয়র উঅর।

28 ইসরাইলিয় বিবিন্য দলগিন এন্ গরিয়েনে ফর ফর রঅনা অই গেইয়্যেল্।

29 ইয়ার বাদে মুসা য়িবার য়োর মাদিয়ানিয় শোয়াইবর ফোয়া হোববরে হইল্, “মাবুদ যে দেশ আঁরারে দিবো বুলি ওয়াদা গইজ্যে আঁরা য়েই দেশর মিক্যা রঅনা অইর। তুঁই আঁরার লগে চল। আঁরা তোঁয়ারে মেহেরবানি গইজ্যোম, হারন মাবুদ বনি-ইসরাইলঅক্যলরে বউত রহমত গরিবো বুলি ওয়াদা গইজ্যে।”

30 জোয়াবে হোবব হইল্, “না, আঁই নঅ যাইয়োম। আঁই আঁর নিজর দেশত নিজর মানুষঅক্যলর হাছে ফিরি যাইর।”

31 কিন্তু মুসা হইল্, “না, না, তুঁই আঁরারে ছারি নঅ যাইয়ো। তোঁয়ার জানা আছে মরুভুমির মইধ্যে হডে আঁরার তাম্বু ফেলন উচিত, হাজেই তুঁই অইবা আঁরার চোগ।

32 তুঁই যুদি আঁরার লগে আইয়ো তইলে মাবুদ আঁরারে যে মেহেরবানি গরিবো বুলি ওয়াদা গইজ্যে য়িয়ানর ভাগ আঁরা তোঁয়ারেঅ দিয়োম।”

33 এইল্যা গরিয়েনে বনি-ইসরাইলগিনে মাবুদর ফাআরর হাছর ত্যুন রঅনা অইয়েনে তিন দিনর ফথ আগাই গেল্। য়িতারার জিরাইবার লাই উগ্যয়া জাগা টোয়াই বাইর গরিবার উদ্যেশ্যে য়েই তিন দিন ফইয্যন্ত মাবুদর শাহাদাত-সিন্দুকউয়া য়িতারার আগদি আগদি গেল্।

34 ছাউনি তুলিয়েনে রঅনা অইবার ফর দিনর বেলাত মাবুদর মেউলা বনি-ইসরাইলঅক্যলর উঅরদি থাইক্তো।

35 যহনই শাহাদাত-সিন্দুকউয়া রঅনা অইতো মুসা হইতো, “অ মাবুদ, উঢ। তোঁয়ার শত্রুগিন বেক ছরাই ফরক আর যারা তোঁয়ারে ঘিনার চোগে চাআ য়িতারা তোঁয়ার সাম্নদির ত্যুন ধাই যক।”

36 যহনই য়িয়ান থাইমতো তেঁই হইতো, “অ মাবুদ, অসইংক্য বনি-ইসরাইলঅক্যলর হাছে তুঁই ফিরি আইয়ো।”

তোরাত শরিফ: শুমারি 11

মাবুদর হাছে বনি-ইসরাইলঅক্যলর অভিযোগ

1 বনি-ইসরাইলঅক্যলর যেতাক্যিন দুক্য-হষ্ট অইতো আছিল্ য়েগিন লইয়েনে য়িতারা মাবুদর সাম্নদি অইসই গইত্যো লাগিল্। য়িয়ান উনিয়েনে মাবুদ গোস্যা অই গেল্। তেঁইর ফাটাইন্যা আগুন য়িতারার মইধ্যে জইল্তো লাগিল্ আর ছাউনির কিনারার কিছু মানুষরে ফোড়াই মারিল্।

2 ইয়ানত মানুষগিনে মুসার হাছে হাঁদাহাঁদি গইত্যো লাগিল্ আর য়িবা মাবুদর হাছে মুনাজাত গরিল্। য়িয়ানত আগুন নিভি গেল্।

3 মাবুদর এই আগুন য়িতারার মইধ্যে জইল্তো আছিল্ বুলিয়েনে য়েই জাগাগানর নাম অইল্ তবেরা।

গোস্তর বেবস্তা

4 বনি-ইসরাইলঅক্যলর লগে অইন্যাইন্য জাতির যে মানুষগিন আছিল্ য়িতারা অইন্য ডইল্যা হ্যানার লোভে ফঅল অই উটিল্। য়িতারার দেহ্যাদেহ্যি বনি-ইসরাইলগিনে আবার হাঁদাহাঁদি গরিয়েনে হইতো লাগিল্, “আয়হায়, যুদি আঁরা গোস্ত হ্যাইত্ ফাইত্যাম!

5 মিসর দেশত ফুইসা ছারা মাছ হ্যাইবার হতা আঁরার মনত ফরের। এগিন বাদে খিরা-ফল, তরমুজ, ফিঁয়োজ, সবজি ফিঁয়োজ আর রোয়োনর হতাঅ আঁরার মনত ফরের।

6 কিন্তু এহন আঁরার ভিতরগান উয়াই গেইয়্যে। মান্যা বাদে আঁরার চোগত আর কিছুই নঅ ফরের।”

7 মান্যার ধরন আছিল্ ধইন্যা বিচির মতন, আর য়েগিন দেইক্তো আছিল্ গুগগুলুর মতন।

8 মানুষগিনে ঘুরি ঘুরি য়েগিন টোয়াই আইন্তো আর জাঁতাত বা আঁনদিস্তাত গুড়া গরি লইতো। য়েগিন য়িতারা ডেকসির মইধ্যে সিদ্য গইত্যো বা য়েগিন দিয়েনে রুটি বানাইতো। য়েগিনর টেস আছিল্ জলফইর তেল দিয়েনে বানাইন্যা ফিডার মতন।

9 রাতিয়া ছাউনি এলাহাত হ্যোয়া ফইত্যো আর য়িতার উঅর ফইত্যো মান্যা।

10 মুসা উনিত্ ফাইল্ ফত্যি ফরিবারর মানুষগিন য়িতারার নিজর নিজর তাম্বুর দরজার হাছে হাঁদের। ইয়ানত মাবুদ গোস্যায় জলি উটিল্ আর মুসাঅ বিরক্ত অইল্।

11 তেঁই মাবুদরে হইল্, “তুঁই তোঁয়ার গোলামরে কিলাই এই বিফদত ফেইল্যা? তোঁয়ারে নারাজ গরিবার মতন আঁই এন্ কি গজ্যি দে, তুঁই এই মানুষঅক্যলর বোজা আঁর উঅর চাবাই দিয়্যো?

12 আঁই কি এই মানুষঅক্যলরে ফেডত ধজ্যিলাম না? আঁই কি ইতারারে জন্ম দিয়্যি না? তুঁই
ইতারার ফুর্বফুরুষঅক্যলর হাছে যে দেশ দিবার সোঅন হ্যাইয়্যিলা য়েডে কিলাই তুঁই আঁরে
ফালইক্যা বাফর মতন গরিয়েনে য়িতারারে হোলত গরি লই যাইতা হইতা লাইগ্যো?

13 এতাক্যিন মানুষর লাই আঁই হডে গোস্ত ফাইয়োম? য়িতারা আঁর হাছে হ্যালিই 'গোস্ত হ্যাইতো দঅ'
হইয়েনে হাঁদাহাঁদি গরের।

14 য়িতারার বোজা বউত ভারি, আঁর একলার ফক্যে য়েগিন বঅন গরন সম্ভব নঅঅ।

15 তুঁই যুদি আঁর অবস্তা এইলাই গর তইলে এহনই তুঁই আঁরে মারি ফেল। যুদি আঁই তোঁয়ার রহমত
ফাইই থাকি তইলে নিজর চোগে আঁর নিজর সবর্নাশ আঁরে দেইক্তো নঅ দিয়ো।"

সোত্যোরজন বুরা নেতা

16 মাবুদ মুসারে হইল্, "ইসরাইলিয়অক্যলর মইধ্যে যারারে তুঁই নেতা আর সম্যানিত মানুষ বুলি
জান য়িতারার মইধ্যর ত্যুন সোত্যোরজন বুরা নেতারে আর হাছে লই আইয়ো। তুঁই য়িতারারে
মিলন-তাম্বুর হাছে আইয়েনে তোঁয়ার লগে থিয়াইতো হঅ।

17 আঁই য়েডে লামি আইয়েনে তোঁয়ার লগে হতা হইয়্যোম। তোঁয়ার উঅর যে রুহ্ রইয়্যে আঁই
য়িবারে য়িতারার উঅরদিঅ দিয়োম। মানুষঅক্যলর বোজা বোই নিতো য়িতারারই তোঁয়ারে সাইয্য
গরিবো। য়িয়ানত তোঁয়ার ত্যুন আর একলা বোজা বঅন ফইত্যো নঅ।

18 তুঁই মানুষঅক্যলরে হঅ, 'তোঁয়ারা নিজরারে ফাক-ফবিত্র গরি নিয়েনে হালিয়ার লাই তৈয়ার
অঅ, হারন হালিয়াই তোঁয়ারা গোস্ত হ্যাইত্ ফারিবা। তোঁয়ারা মাবুদর হাছে হাঁদি হাঁদি গোস্ত
হ্যাইবার হতা হইয়্যিলা আর জানাইয়িলা দে, ইতার ত্যুন মিসর দেশতই তোঁয়ারা ভালা আছিলা।
য়িতালাই এহন তেঁই তোঁয়ারারে গোস্ত দিবো আর তোঁয়ারা য়েগিন হ্যাইবা।

19 য়েই গোস্ত দে তোঁয়ারা হ্যালি একদিন, দুইদিন, ফাঁচদিন, দশদিন বা কুরিদিন হ্যাইবা য়িয়ান
নঅঅ,

20 হ্যাইবা গোডা এক মাস ধরিয়েনে। তহন য়েই গোস্ত তোঁয়ারার নাক দিয়েনে বাইর অই আইবো
আর গোস্তত তোঁয়ারার অরুচি ধরি যাইবো। এগিন অইবো হারন যিবা তোঁয়ারার মইধ্যে রইয়্যে
য়েই মাবুদরে তোঁয়ারা অগ্রাইয্য গইজ্যো আর য়িবার সাম্নদি হাঁদি হাঁদি হইয়্যো দে মিসর দেশ ছারি
আইয়্যোন তোঁয়ারার উচিত নঅঅ অঅ।'"

21 এই হতা উনিয়েনে মুসা হইল্, "যুদ্য গরিবার মতন মানুষই আর লগে রইয়্যে ছঅ লাক, আর তুঁই
হইতা লাইগ্যো গোডা এক মাস ধরিয়েনে তুঁই য়িতারারে গোস্ত হ্যাইতো দিবা।

22 য়িতারার গরু-ভেরা বেক্যিন জবাই গরিলেঅ য়িতারার ফক্যে বউত অইতো নঅ। সমুদ্রর বেক
মাছ ধরি আনিলেঅ য়িয়ানত য়িতারারে কুলাইতো নঅ।"

23 জোয়াবে মাবুদ মুসারে হইল্, "মাবুদর কুদরত কি এতই হম না? আঁর হতাগান তোঁয়ার হাছে
আঁছা অই উটিবো কি না য়িয়ান তুঁই এবার দেকিত্ ফাইবা।"

24 এই হতা উনিয়েনে মুসা বাইরে যাইয়েনে মাবুদ যেগিন হইয়্যে য়েগিন মানুষরে জানাইল্। তেঁই
বনি-ইসরাইলঅক্যলর সোত্যোরজন বুরা নেতারে আনিয়েনে মিলন-তাম্বুর সাম্নদি থিয়া গরাইল্।

25 তহন মাবুদ য়েই মেউলার ঘিরা অইয়েনে লামি আইয়েনে মুসার লগে হতা হইল্। মুসার উঅর যে
রুহ্ আছিল্ য়িবারে তেঁই য়েই সোত্যোরজন বুরা নেতার উঅরদিঅ দিল্। যহন য়েই রুহ্ য়িতারার
উঅর আইল্ তহন কিছুহালর লাই য়িতারা নবি ইসাবে হতা হইল্।

26 ইলদদ আর মেদদ নামে দুইজন মানুষ ছাউনির মইধ্যেই রই গেইয়্যেল্। বাছি লোয়া বুরা
নেতাঅক্যলর মইধ্যে এই দুইজনঅ আছিল্, কিন্তু য়িতারা মিলন-তাম্বুর হাছে নঅ যাআ। তঅ
য়িতারার উঅর য়েই রুহ্ আইস্যেল্। য়িয়ানত য়িতারাঅ য়েই সমত ছাউনির মইধ্যে নবি ইসাবে
হতা হইতো লাগিল্।

27 একজন জোয়ান ফোয়া দুঁরি যাইয়েনে মুসারে হইল্, "ইলদদ আর মেদদ ছাউনির ভিতরে নবি
ইসাবে হতা হঅর।"

28 তহন নুনর ফোয়া ইউসা মুসারে হইল্, "অ আঁর উজুর, য়িতারারে চুব গরিবার নিদ্যেশ দঅন।"
ইউসা জোয়ান বয়সর ত্যুন মুসার সাইয্যহারি আছিল্।

29 জোয়াবে মুসা হইল্, "আঁর মান-সন্মানগানই তোঁয়ার হাছে উঁর অই উটিল্ না? আঁই চাই মাবুদর
বেক মানুষগিনেই যেন্ নবি অঅ আর মাবুদ যেন্ তেঁইর রুহ্ য়িতারার উঅর দেএ।"

30 ইয়ার বাদে মুসা আর ইসরাইলিয় বুরা নেতাগিন ছাউনিত ফিরি গেল্।

গোস্তর বেবস্থা — ভারুই ফাকি

31 ফরদি মাবুদ এক্যান বাতাস বোয়াইল্। য়েই বাতাস সমুদ্রর ত্যুন ভারুই ফাকি ঠেলি আনিয়েনে
ছাউনির চাইরো ফাশদি একদিনর ফথ জুরি এন্ গরিয়েনে ফেলি দিল্ দে, য়েগিন মেডির ত্যুন দুই
আত ফইয্যন্ত উচুল অইয়েনে গাদা অই রইল্।

32 য়েই দিন আর য়েই রাতিয়া আর য়িয়ানর ফরর গোডা দিনগান মানুষঅক্যলে বাইরে যাইয়েনে
ভারুই ফাকি টোয়াই আনিল্। য়িতারা ফত্যিজনেই হমফক্যে এক আজার আস্ট শত কেজি গরিয়েনে
টোয়াইল্। য়েগিন য়িতারা ছাউনির চাইরো ফাশদি বিছাই রাকিল্।

33 কিন্তু য়েই গোস্ত মুকত দিয়েনে চাবাইতে নঅ চাবাইতেই মানুষঅক্যলর বিরুদ্যে মাবুদ গোস্যায়
জলি উটিল্। তেঁই য়িতারার উঅর এক্যান বিরাট মআমারি ফাটাই দিল্।

34 য়িতার লাই য়েই জাগাগানর নাম দেয়া অইল্ কিব্রোত-হত্যাবা (যিয়ানর মানি "লুভিঅক্যলর
হব্যর"), হারন মানুষগিনে য়েডে লুভিঅক্যলরে দাফন গইজ্যেল্।

35 ইয়ার ফর মানুষগিন কিব্রোত-হত্যাবা ছারিয়েনে হতসেরোতত যাইয়েনে য়েডে রইল্।

তোরাত শরিফ: শুমারি 12

বিবি মরিয়ামর শাস্তি

1 মুসা একজন ইথিওফিয় দেশর মাইয়্যাফোয়ারে বিয়া গইজ্যেল্। এই ইথিওফিয় মাইয়্যাফোয়াউয়ার
হারনে মরিয়াম আর হারুন মুসার বিরুদ্যে হইতো লাগিল্,

2 মাবুদ কি হ্যালি মুসার মইধ্য দিয়েনে হতা হইয়্যে না? আঁরার মইধ্য দিয়েনে কি তেঁই হতা নঅ হঅ
না? মাবুদ এই হতাগিন উনিল্।

3 আসলে মুসা আছিল্ একজন নম্র মানুষ, দুনিয়ার যে হনঅ মানুষর ত্যুন নম্র।

4 হারুন আর মারয়ামর হতা উননমাত্র মাবুদ মুসা, হারুন আর মরিয়ামরে হইল্, "তোঁয়ারা
তিনজনই বাইর অইয়েনে মিলন-তাম্বুর হাছে আইয়্যো।" এই হতা উনিয়েনে য়িতারা তিনজন বাইর
অই আইল্।

5-6 তহন মাবুদ মেউলার থামর মইধ্যে আজির থাকিয়েনে লামি আইল্ আর মিলন-তাম্বুর দরজার
হাছে থিয়াইয়েনে হারুন আর মরিয়ামরে ডাকিল্। য়িতারা দুই জন আগাই আইলে ফর মাবুদ
য়িতারারে হইল্, "তোঁয়ারা আর হতা উন। তোঁয়ারার মইধ্যে হনঅ নবি থাকিলে আঁই মাবুদ দশ্যনর
মইধ্য দিয়েনে নিজরে য়িবার হাছে জাহির গরি আর হতা হই হ্যোয়াবর মইধ্য দিয়েনে।

7 কিন্তু আঁর গোলাম মুসার লগে আঁই য়েইল্যা নঅ গরি। য়িবা আঁর ফরিবারর বেক হাম বিশ্যস্ত
ভাবে গরে

8 আঁই য়িবার লগে সামনাসামনি ফরিস্কার গরিয়েনে হতা হই, হনঅ ধাঁধাঁর ভিতর দিয়েনে নঅঅ।
মাবুদ যে আকারে দেহ্যা দেএ য়িবা য়েইল্যা দেকিত্ ফাআ। য়িতার বাদেঅ তোঁয়ারা আঁর গোলাম
মুসার বিরুদ্যে হতা হইতে নঅ ডরাইলা না?"

9 হারুন আর মরিয়ামর উঅর মাবুদ গোস্যায় জলি উঠিল্। ফরদি তেঁই গেল্ গই।

10 য়েই মেউলা গান যহন মিলন-তাম্বু ছারিয়েনে উঅরদি উঠি গেল্ তহন দেহ্যা গেল্ দে,
মরিয়ামর শরিল্ হ্যারাফ চামরা বেরামে বরফর মতন সাদা অই গেইয়্যে। হারুন মরিয়ামর মিক্যা
ফিরিয়েনে য়িবার গাআত চামরা বেরাম দেকিত্ ফাইল্।

11 এই অবস্তা দেকিয়েনে তেঁই মুসারে হইল্, "অ আঁর উজুর, আঁরা বোকামি গরিয়েনে যে গুনাহ্ গরি
ফেল্যি য়েগিন আঁরার বিরুদ্যে তুঁই ধরি নঅ রাইক্যো।

12 যে লেদা বাইচ্যা মরা অবস্তাত অধ্যেক্যান হ্যয় অই যঅন শরিল লইয়েনে জন্ম লইয়্যে মরিয়ামরে
তুঁই য়েইল্যা থাইক্তো নঅ দিয়্যো।"

13 তহন মুসা সিল্যাইয়েনে মবুদরে ডাকিয়েনে হইল্, "অ আল্লাহ্, তুঁই য়িবারে ভালা গরি দঅ।"

14 জোয়াবে মাবুদ মুসারে হইল্, "য়িবার বাবা যুদি য়িবার মুকত সেফ দিতো তইলে কি য়িবা
সাতদিন য়েই শরম বোই নঅ বেরাইতো না? সাত দিন য়িবারে ছাউনির বাইরে বন্ধ গরি রাক,
তারফর য়িবারে ফিরাই আনা যাইবো।"

15 য়িতালাই মরিয়ামরে সাতদিন ফইয্যন্ত ছাউনির বাইরে বন্ধ গরি রাকা অইল্। য়িবারে ফিরাই
নঅ আনন ফইয্যন্ত মানুষগিনে যাত্রা বন্ধ রাকিল্।

16 ইয়ার ফর বনি-ইসরাইলগিন হতসেরোত ছারিয়েনে ফারন মরুভুমিত যাইয়েনে তাম্বু ফেলিল্।

তোরাত শরিফ: শুমারি 13

গোয়েন্দা ফাটন

1 ইয়ার বাদে মাবুদ মুসারে হইল্,

2 "যে কেনান দেশ আঁই বনি-ইরাইলঅক্যলরে দিতাম যাইর য়িয়ান সম্যন্দে হ্যোজ হ্যবর লই আইবার লাই তুঁই বারো গুষ্টির ফত্যিউয়ার ত্যুন এক জন গরি নেতা ফাটাই দঅ।"

3 মাবুদর উকুম ফাইয়েনে মুসা য়েইল্যাই গরিল্। তেঁই ফারন মরুভুমির ত্যুন যারারে ফাটাই দিয়্যেল্ য়িতারা বেক্যিনই আছিল্ বনি-ইসরাইলঅক্যলর নেতা।

4 ইতারা অইল্, রুবেন-গুষ্টির সক্যুরর ফোয়া শম্মুয়;

5 শিমিয়োন-গুষ্টির হোরির ফোয়া শাফট;

6 এহুদা-গুষ্টির যিফুন্নির ফোয়া কালুত;

7 ইষাখর-গুষ্টির ইউসুফর ফোয়া যিগাল;

8 আফরাহিম-গুষ্টির নুনর ফোয়া হোসিয়া;

9 বিনইয়ামিন-গুষ্টির রাফুর ফোয়া ফল্টি;

10 সবুলুন-গুষ্টির সোদির ফোয়া গদ্যিয়েল;

11 ইউসুফ-গুষ্টির, মানি মানশা-গুষ্টির সুষির ফোয়া গদ্যি;

12 দান-গুষ্টির গমল্লির ফোয়া অম্মিয়েল;

13-15 আশের-গুষ্টির মিকাইলর ফোয়া সথুর; নফ্তালি-গুষ্টির বফ্সির ফোয়া নহ্বি আর গাদ-গুষ্টির মাখির ফোয়া গ্যুয়েল।

16 মুসা এই মানুষঅক্যলরেই কেনান দেশর হ্যোজ-হ্যবর লই আইবার লাই ফাটাইয়্যেল্। তেঁই নুনর ফোয়া হোসিয়ার নাম দিয়্যেল্ ইউসা।

17 কেনান দেশত ফাটাইবার সমত মুসা য়িতারারে হই দিয়্যেল্, "তোঁয়ারা নেগেভর মইধ্য দিই যাইয়েনে ফাআরি এলাহাত ঢুকিবা।

18 দেশগান কেন্ য়িয়ান তোঁয়ারা চাইবা। তোঁয়ারা চাইবা, য়েডে যারা থাকে য়িতারা দুবর্ল না শক্তিশালি আর সইংক্যায় য়িতারা বেশি না হম,

19 হইল্যা দেশত য়িতারা থাকে আর য়িয়ান ভালা না হ্যারাফ। যে শঅরগিনত য়িতারা থাকে য়েগিন কি দেবাল ছারা না দেবাল দিয়েনে ঘিরা?

20 য়েডিয়ার মেডিত কি ভালা ফসল অঅ, না নঅ অঅ? য়েডে গাছফালা আছে, না নাই? য়েডিয়ার
এক্যানা ফল লই আইবার লাই তোঁয়ারা বউত চেষ্টা গরিবা।” য়েই সমত আংগুর তোলা মাত্র শুরু
অইয়েল্।

21 তহন য়িতারা যাইয়েনে সিন মরুভুমির ত্যুন শুরু গরি হামার মিক্যা রহোব ফইয্যন্ত দেশগানর
হ্যোজ-হ্যবর লই আইল্।

22 য়িতারা নেগেভর মইধ্য দিয়েনে যাই হেবরন শঅরত আজির অইল্। (হেবরন শঅরগান গড়ি
উইট্যেল মিসরর সোয়ন শঅর গড়ি উটিবার সাত বছর আগদি।) য়েডে অনাকর বংশর অহিমান,
শেশয় আর তল্ময় নামে তিনজন মানুষ আছিল্।

23 নেতাগিন ইস্কোল ফাআরর ঢালাত যাইয়েনে এক ত্যোক্ষফা আংগুর উদ্যা উগ্যয়া ঢেইল হাডি
লইল্। য়িতারার মইধ্যে দুই জন য়েগিন লাঢিল লট্কাইয়েনে বোই লই আইস্যেল্। এগিন বাদে
য়িতারা এক্যানা ডালোম আর ডোংগুলাঅ লই আইস্যেল্।

24 বনি-ইসরাইলগিনে য়েডে য়েই আংগুরর ত্যোক্ষফাগান হাইট্যেল বুলি য়েই জাগার নাম অইয়্যেল্
ইস্কোল ফাআরর ঢালা।

25 দেশগানর হ্যোজ-হ্যবর লইয়েনে য়িতারা চল্লিশ দিন ফরদি ফিরি আইল্।

কেনান দেশ সম্ফর্কে গোয়েন্দাঅক্যলর রিফোট

26 য়েই নেতাগিন ফারন মরুভুমিত কাদেশত মুসা, হারুন আর বেক বনি-ইসরাইলঅক্যলর হাছে
ফিরি আইল্। য়িতারা মুসা, হারুন আর অইন্যাইন্য মানুষঅক্যলর হাছে বেক হতা জানাইল্ আর
য়েই দেশর ফল দেহ্যাইল্।

27 য়িতারা মুসারে হইল্, “অনে আঁরারে যে দেশত ফাটাইলান আঁরা য়েডে গেইয়্যিলাম। দেশগানত
আঁসাই দুধ, মধু আর হনঅ কিছুর অভাব নাই। এই অইল্ য়েডিয়ার ফল।

28 কিন্তু যারা য়েডে থাকে য়িতারার গাআর শক্তি বউত আর য়িতারার শঅরগিনঅ বউত উঁর উঁর
আর দেবাল দিয়েনে ঘিরা। অনাকর বংশর মানুষঅক্যলরেঅ আঁরা য়েডে দেক্যি।

29 আমালেকিয়গিনে থাকে নেগেভত; হিট্যিয়, যিবুষিয় আর আমোরিয়গিনে থাকে ফাআরি এলাহাত
আর কেনানিয়গিনে থাকে সমুদ্রর হাছে আর জড্যান দইয্যার কিনারা ধরিয়েনে।”

30 তহন মুসার সাম্নদি যে মানুষগিন আছিল্ কালুত য়িতারার গোলমাল থামাইয়েনে হইল্, “য়েডে
যাইয়েনে দেশগান আঁরার ত্যুন দহ্যল গরি লঅন উচিত। আঁরা য়েইল্যা নিচ্যয়ই গরিত্ ফাইজ্যোম।”

31 কিন্তু যারা য়িবার লগে গেইয়্যেল য়িতারা হইল্, “য়েই মানুষগিনর লগে যুদ্য গরন আঁরার ফক্যে
সম্ভব নঅঅ; আঁরার ত্যুন য়িতারার গাআর শক্তি বউত।”

32 য়িতারা যে দেশগানর হ্যোজ-হ্যবর লই আইস্যেল্ বনি-ইসরাইলঅক্যলর হাছে য়েই দেশ সম্যন্দে
এক্যান বাজে হতা রটাই দিয়েনে হইল্, “আঁরা যে দেশর হ্যোজ-হ্যবর লই আস্যি য়েই দেশগান

য়িয়ানর বাসিন্দাঅক্যলরে গিলি হ্যাই ফেলে। যেতাক্যিন মানুষ আঁরা য়েডে দেক্যি য়িতারা দেইক্তো বউত ডঁর।

33 আঁরা য়েডে নেফিলিয়অক্যলরে দেক্যি। অনাকর বংশর মানুষগিন তঅ জাতে নেফিলিয়। য়িতারারে দেকিয়েনে আঁরা নিজরারে মনে গইল্যাম খের ফরিংগর মতন আর য়িতারাঅ আঁরারে য়েইল্যাই মনে গরে।”

তোরাত শরিফ: শুমারি 14

বনি-ইসরাইলঅক্যলর বিদ্রোও

1 এই হতাগিন উনিয়েনে বনি-ইসরাইলগিনে বেক্যিনে সিল্যাসিল্যি গইত্যো লাগিল্। য়িতারা গোডা রাইত ধরিয়েনে হাঁদাহাঁদি গরিল্।

2 মুসা আর হারুনর বিরুদ্যে য়িতারা বউত হতা হইল্। য়িতারা বেক্যিনে মিলিয়েনে য়িতারারে হইল্, “মিসর দেশত বা এই মরুভুমিত মরি যঅনই আছিল্ আঁরার ফক্যে ভালা।

3 যুদ্যত মরি যাইবার লাই কিলাই মাবুদ আঁরারে য়েই দেশত লই যাআর? য়িতারা আঁরার বউ আর ফোয়ামাইয়্যারে হারি লইবো। ইয়ানর ত্যুন মিসরত ফিরি যঅন কি আঁরার ত্যুন ভালা নঅ না?”

4 য়িতারা একজন অইন্যজনরে হইল্, “চল, একজন নেতা ঠিগ গরি লইয়েনে আঁরা মিসরতই ফিরি যাই।”

5 এই অবস্থা দেকিয়েনে মুসা আর হারুন বনি-ইসরাইলঅক্যলর গোডা দলগানর সাম্নদিই মেডিত উইত অই ফরিল্।

6-7 যাঁরা য়েই দেশর হ্যোজ-হ্যবর লইতো গেইয়্যেল য়িতারার মইধ্যর ত্যুন তহন নুনর ফোয়া ইউসা আর যিফুন্নির ফোয়া কালুত য়িতারার হঅর ছিরি বনি-ইসরাইলঅক্যলর গোডা দলগানরে হইল্, “আঁরা যে দেশগান চাইতো গেইয়্যিলাম য়িয়ান এক্যান বউত সুন্দর দেশ।

8 মাবুদ যুদি আঁরার উঅর খুশি থাকে তইলে য়েই দেশগানত তেঁই আঁরারে লই যাইবো যেডে দুধ, মধু আর হনঅ কিছুর অভাব নাই, আর তেঁই য়িয়ান আঁরারে দিবো।

9 তঅ তোঁয়ারা মাবুদর বিরুদ্যে বিদ্রোও নঅ গইজ্যো। তোঁয়ারা য়েই দেশর মানুষঅক্যলরে নঅ ডরাইয়্যো; য়িতারারে গিলি হ্যাইতে আঁরার ত্যুন দেরি লইগ্দো নঅ। য়িতারার আর রক্যার উফায় নাই। য়িতারারে তোঁয়ারা নঅ ডরাইয়্যো হারন মাবুদ আঁরার লগে রইয়্যে।”

10 কিন্তু দলর বেক্যিনে ইউসা আর কালুতরে ফাত্যোর মারিয়েনে মারি ফেলিবার হতা হইতো লাগিল্। তহন মিলন-তাম্বুর ত্যুন বেক বনি-ইসরাইলঅক্যলর সাম্নদি মাবুদর মইমা দেহ্যা দিল্।

11 মাবুদ মুসারে হইল্, “আর হত হাল এই মানুষগিনে আঁরে তুচ্য গরি চলিবো? য়িতারার মইধ্যে আঁই যেতাক্যিন কেরামতির চিন্য দেহ্যাইয়্যি য়িয়ানর ফরদিঅ আর হত হাল য়িতারা আঁরে অবিশ্যাস গরিবো?

12 আঁই উণ্ড্যয়া মআমারি আইন্যোম আর ওয়াদা গরা দেশর অধিকার য়িতারার হাছর ত্যুন হারি লইয়্যোম, কিন্তু তোঁয়ার মইধ্যর ত্যুন আঁই য়িতারার ত্যুনঅ উঁর আর শক্তিশালি উণ্ড্যয়া জাতি সিষ্টি গইজ্যোম।"

বনি-ইসরাইলঅক্যলর লাই হযরত মুসা (আঃ)-র অনুরোধ

13 এই হতা উনিয়েনে মুসা মাবুদরে হইল্, "য়েইল্যা যুদি গর তইলে হতাগান মিসরিয়অক্যলর হানত যাইবো। য়িতারার মইধ্যর ত্যুনই তঅ তুঁই তোঁয়ার নিজর কুদরতিতে এই মানুষঅক্যলরে লই আইস্যো।

14 য়েই হতা তহন মিসরিয়অক্যলে এই দেশর মানুষগিনরেঅ হইবো। অ মাবুদ, ইয়ানর মইধ্যেই এই দেশর মানুষগিনে উইন্যে দে, তুঁই বনি-ইসরাইলঅক্যলর লগে লগে আছ, আর অ মাবুদ, তোঁয়ারে বউত হাছেই দেহ্যা যাআ। য়িতারা উইন্যে দে, তোঁয়ার মেউলা ইতারার উঅরদি আছে আর দিনর বেলাত তুঁই মেউলার হ্যাম্বার মইধ্যে আর রাতিয়ার বেলাত আগুনর হ্যাম্বার মইধ্যে থাকিয়েনে ইতারার আগদি আগদি চল।

15 য়িয়ানর তুঁই যুদি ইতারা বেক্যিনরে একলগে মারি ফেল তইলে যে জাতিগিন তোঁয়ার সম্যন্দে য়েই হতাগিন উইন্যে য়িতারা হইবো দে,

16 মাবুদ য়েই মানুষঅক্যলর হাছে যে দেশ দিবার সোঅন হ্যাইয়্যেল্ য়েডে লই যাইবার হ্যমতা নাই বুলিয়েনেই তেঁই মরুভুমিত য়িতারারে মারি ফেইল্যে।

17 "এহন অ দিন-দুনিয়ার মালিক, তুঁই তোঁয়ার কুদরত দেহ্যঅ। তুঁই তঅ ঘোষনা গজ্যিলা,

18 'মাবুদ সঅজে গোস্যা অই নঅ উঢে, তেঁইর মহব্যতর সিমা নাই আর তেঁই অন্যায় আর বিদ্রোও মাফ গরে, কিন্তু দুষিরে তেঁই শাস্তি দিই থাকে; তেঁই বাফর অন্যায়র শাস্তি য়িবার বংশর তিতিয় আর চাইর লম্বর ফুরুষ ফইয্যন্ত দিই থাকে।'

19 মিসর দেশ ছারিয়েনে আইবার সময়র ত্যুন এই ফইয্যন্ত তুঁই য়েইল্যা যেন্ য়িতারারে মাফ গরি আইস্যো য়েইল্যা তোঁয়ার য়েই অটল মহব্যতর লগে মিল রাকিয়েনে তুঁই এই মানুষঅক্যলর অন্যায় মাফ গর।"

20 তহন মাবুদ হইল্, "তোঁয়ার হতা মতন আঁই য়িতারার গুনাহ্ মাফ গইল্যাম।

21 কিন্তু আঁই বাঁচি আছি এই হতা যেন্ আঁছা আর গোডা দুনিয়া আঁর মইমায় ফরিফুন্যএই হতা যেন্ আঁছা য়েইল্যাই আঁছা দে,

22-23 এই মানুষঅক্যলর একজনঅ য়েই দেশ দেকিত্ ফাইত্যো নঅ, যে দেশ দিয়োম বুলি আঁই য়িতারার ফুর্বফুরুষঅক্যলর হাছে সোঅন হ্যাইয়্যিলাম। ইয়ানর হারন অইল্, এই মানুষগিন আঁর মইমা আর মিসরত ও মরুভুমিত দেহ্যানো আঁর কেরামতির চিন্যগিন দেকিয়েনেঅ আঁরে অগ্রাইয্য গইজ্যে আর দশ দশবার আঁর ফরিক্যা গইজ্যে। যারা আঁরে তুচ্য গইজ্যে য়িতারা কেউই য়েই দেশ দেকিত্ ফাইতো নঅ।

24 কিন্তু আঁর গোলাম কালুতর মনত য়েইল্যা ভাব নাই আর য়িবা আঁর হতা ফুরাফুরি মানি চলে। য়িতার লাই যে দেশত য়িবা গেইয়্যেল আঁই য়িবারে য়েই দেশত লই যাইয়্যোম আর য়িবার বংশধরগিনে য়িয়ান সম্বত্যি ইসাবে ফাইবো।

25 য়েই ফাআরর ঢালাগিনত এহন আমালেকিয় আর কেনানিয়গিনে থাকের। তোঁয়ারা আইয়েদ্যে হালিয়া ফিছন ফিরি আকাবা উফসাগরর রাস্তা ধরিয়েনে মরুভুমির মিক্যা যাত্রা গরিবা।"

বিদ্রোয়িঅক্যলর শাস্তি

26 ইয়ার ফর মাবুদ মুসা আর হারুনরে হইল্,

27 "আর হত হাল এই দুষ্ট জাতি আঁর বিরুদ্যে বক্বক্ গরিবো? য়িতারার বক্বক্ গরা আঁই উন্যি।"

28 মাবুদ মুসা আর হারুনরে বনি-ইসরাইলঅক্যলরে হইতো হইল্, "আঁর জিবনর সোঅন দিয়েনে হইর দে, আঁই মাবুদ তোঁয়ারারে যেগিন হইতো উন্যি য়েগিনই আঁই তোঁয়ারার লগে গইজ্যোম।

29 তোঁয়ারার মইধ্যে কুরি বছর বা য়িতারঅ বেশি বয়সর যারারে আদমশুমারির সমত গনা অইয়্যেল্, মানি যারা আঁর বিরুদ্যে বক্বক্ গইজ্যেল্, য়িতারার মরা শরিল এই মরুভুমিতই ফরি থাকিবো।

30 থাকিবার লাই যে দেশ তোঁয়ারারে দিয়োম বুলি আঁই সোঅন হ্যাইয়্যিলাম হ্যালিমাত্র যিফুন্নির ফোয়া কালুত আর নুনর ফোয়া ইউসা বাদে আর কেউ য়েই দেশত ঢুকিত্ ফাইত্যো নঅ।

31 তোঁয়ারার যে ফোয়ামাইয়্যাঅক্যলরে হারি লোয়া অইবো বুলি তোঁয়ারা হইয়্যিলা য়েই ফোয়া মাইয়্যাঅক্যলরেই আঁই য়েই দেশত লই যাইয়োম। এই ফোয়ামাইয়্যাগিনেই য়েই দেশ ভোগ গরিবো যিয়ান তোঁয়ারা ঠেংগে ঠেলি দিয়ো।

32 তোঁয়ারার মরাশরিল এই মরুভুমিত ফরি থাকিবো।

33 তোঁয়ারার শেষ মানুষ্যুয়া এই মরুভুমিত মরি নঅ যঅন ফইয্যন্ত তোঁয়ারার বেইমানির লাই তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন চল্লিশ বছর ধরিয়েনে এডে ভেরা চরাইয়েনে বেরাইবো।

34 দেশগান চাই আইস্তে যে চল্লিশ দিন সময় লাইগ্যেল্ য়িয়ানর ফত্যি দিনর লাই এক বছর গরিয়েনে মোট চল্লিশ বছর ফইয্যন্ত তোঁয়ারা তোঁয়ারার অন্যায়র লাই হষ্ট ভোগ গরিবা আর বুঝিবা দে, আঁই বিরুদ্যে থাকিলে অবস্তাগান কেন্ অঅ।

35 এই দুষ্ট জাতির মানুষগিন যারা আঁর বিরুদ্যে দল ফাগাইয়্যে য়িতারা বেক্যিনে এই মরুভুমিতই শেষ অই যাইবো। আঁই মাবুদ এই হতা হইর।"

36 দেশগানর হ্যোজ-হ্যবর লই আইবার লাই মুসার ফাটাই দেয়া যে দলগান ফিরি আইয়েনে বাজো হতা ছরাই দিয়েনে মুসার বিরুদ্যে বেক বনি-ইসরাইলঅক্যলরে বক্বক্ গরিবার উসকানি দিয়্যেল্,

37 মানি যে মানুষগিন য়েই দেশ সম্যন্দে বাজো হতা ছরাই দিবার লাই দায়ি আছিল্ য়িতারা বেক্যিন মাবুদর সাম্নদি মআমারিত মারা গেল্।

38 বাঁচি রইল্ হ্যালি নুনর ফোয়া ইউসা আর যিফুন্নির ফোয়া কালুত।

কেনান দেশত ঢুকিবার চেষ্টা

39 মুসা মাবুদর হতা বেক বনি-ইসরাইলঅক্যলরে জানাইল্। য়িয়ানত মনর দক্যে য়িতারা ভাঁগি ফরিল্।

40 ফরর দিন বেইন্যা য়িতারা য়েই ফাআরি এলাহার মিক্যা যাইবার লাই তৈয়ার অইয়্যেনে হইল্, "এই তঅ আঁরা যাইর। আঁরা গুনাহ্ গরি ফেল্যি; এহন আঁরা মাবুদর ওয়াদা গরা দেশতই যাইয়্যোম।"

41 কিন্তু মুসা হইল্, "তোঁয়ারা মাবুদর উকুমর বিরুদ্যে যাইতা লাইগগ্যো কিলাই? তোঁয়ারার এই হাম সফল অইতো নঅ।

42 তোঁয়ারা নঅ যাইয়্যো, হারন মাবুদ তোঁয়ারার লগে নাই। শত্রুঅক্যলর হাছে তোঁয়ারা আরি যাইবা।

43 য়েডে তোঁয়ারা আমালেকিয় আর কেনানিয়অক্যলর সাম্নদি ফরিবা। তোঁয়ারা মাবুদর হাছর ত্যুন সরি গেইয়্যো বুলি তেঁই তোঁয়ারার লগে থাইক্তো নঅ। য়িয়ানত তোঁয়ারা যুদ্যত মারা ফরিবা।"

44 তঅ য়িতারা দ্যুসঅস দেহ্যাইয়েনে য়েই ফাআরি এলাহার মিক্যা আগাই গেল্। কিন্তু মুসা নঅ গেল্ আর মাবুদর শাহাদাত-সিন্দুকঅ ছাউনির মইধ্যে রই গেল্।

45 য়িতারারে দেকিয়েনে য়েই ফাআরি এলাহার আমালেকিয় আর কেনানিয়গিনে লামি আইয়েনে য়িতারারে আমলা গরিল্ আর হর্মা শঅর ফইয্যন্ত য়িতারারে দুঁরাই লই গেল্।

তোরাত শরিফ: শুমারি 15

আরো হয়েক্যান হোরবানি

1-5 মাবুদ মুসারে বনি-ইসরাইলঅক্যলরে এই হতা হইতো হইল্, "যে দেশগান আঁই তোঁয়ারারে নিজর দেশ ইসাবে দিইর য়েডে যাইবার ফরদি আঁরে খুশি গরিবার হ্যোশবুর লাই তোঁয়ারা ঝাঁকত্যুন গরু, ভেরা বা সঅল লই আইয়েনে আঁর উদ্যেশ্যে আগুনত-দেয়া হোরবানি দিবা। হোরবানির ফত্যিউয়া ফশুর লগে থাকিবো শইস্য-হোরবানি আর ঢালন-হোরবানি – য়িয়ান ফোড়াইন্যা-হোরবানিই অক, বা বিশেষ মানত ফুরনর হোরবানিই অক, বা নিজর ইছ্যায় গরা হোরবানিই অক, বা হনঅ ইদর হোরবানিই অক। হোরবানির ফশুয়া বাইচ্যা-ভেরা অইলে য়িয়ানর লগে শইস্য-হোরবানির লাই তেল মিশাইন্যা ফাঁক্যি মোইদা আনন ফরিবো। মোইদার ফরিমান অইবো এক কেজি আস্ট গেরাম আর তেলর ফরিমান অইবো অনুমান এক লিটার। ঢালন-হোরবানির লাই আনন ফরিবো অনুমান এক লিটার আংগুর-রস।

6 ফশুয়া ভেরা অইলে য়িয়ানর লগে শইস্য-হোরবানির লাই তেল মিশাইন্যা ফাঁক্যি মোইদা আনন ফরিবো। মোইদার ফরিমান অইবো তিন কেজি ছঅশ গেরাম আর তেলর ফরিমান অইবো এক লিটার আরাইশত গেরাম।

7 ঢালন-হোরবানির লাই আনন ফরিবো এক লিটার আরাইশত গেরাম আংগুর-রস। তারফর মাবুদরে খুশি গরিবার হ্যোশবুর লাই য়েগিন মাবুদর হাছে হোরবানি গরন ফরিবো।

8 যুদি তোঁয়ারা ফোড়াইন্যা-হোরবানি বা বিশেষ মানত ফুরনর হোরবানি বা যোগাযোগ-হোরবানির লাই আঁর হাছে হনঅ গরু লই আইয়্যো,

9 তইলে য়িয়ানর লগে শইস্য-হোরবানির লাই তেল মিশাইন্যা ফাঁক্যি মোইদা আনন ফরিবো। মোইদার ফরিমান অইবো ফাঁচ কেজি চাইরশত গেরাম আর তেলর ফরিমান অইবো এক লিটার সাতশত ফন্চাইশ গেরাম।

10 এগিনর লগে ঢালন-হোরবানির লাই এক লিটার সাতশত ফন্চাইশ গেরাম আংগুর-রসঅ আনন ফরিবো। ইয়ান এক্যান আগুনত দেয়া হোরবানি যিয়ানর হ্যোশবুতে আঁই খুশি অই।

11 "ফত্যিউয়া বিরিশ গরু বা ভেরা, ফত্যিউয়া বাইচ্যা-ভেরা বা সঅল এন্ গরিয়েনে হোরবানি দঅন ফরিবো।

12 তোঁয়ারা যেত ফশুই হোরবানি দিবা দঅ ফত্যিউয়া ফশু এই নিয়মে হোরবানি দঅন ফরিবো।

13 মাবুদরে খুশি গরিবার হ্যোশ্বুর লাই আগুনত-দেয়া হোরবানি দিবার সমত ফত্যিজন ইসরাইলিয়র ত্যুন এই নিয়মে হোরবানি দঅন ফরিবো।

26 তেঁইর হাছে আঁই এই হইয়েনে মুনাজাত গজ্যিলাম, ‘অ আল্লাহ্ মালিক, তোঁয়ার বান্দাঅক্যলরে তুঁই তচনচ গরি নঅ ফেইল্যো। য়িতারা তঅ তোঁয়ারই সম্বত্যি যারারে তুঁই তোঁয়ার মআ কুদরতি দিয়েনে মুক্ত গইজ্যো আর তোঁয়ার কুদরতির আত বেবার গরিয়েনে মিসর দেশর ত্যুন বাইর গরি আইন্যো।

27 তোঁয়ার গোলাম ইব্রাহিম, ইসহাক আর ইয়াকুবর হতা মনত গর। এই মানুষঅক্যলর
একগুঁইয়্যামি, হ্যারাফি আর গুনাহ্র মিক্যা নঅ চাইয়্যো।
28 য়েইল্যা গরিলে যে দেশর ত্যুন তুঁই আঁরারে বাইর গরিয়েনে আইন্যো য়েই দেশর মানুষগিনে
হইবো, মাবুদ তেঁইর ওয়াদা গরা দেশত য়িতারারে লই যাইত্ নঅ ফারে বুলিয়েনে বা তেঁই
য়িতারারে ঘিনা গরে বুলিয়েনে য়িতারারে মারি ফেলিবার লাই এই মরুভুমিত লই আইস্যে।
29 কিন্তু ইতারা তঅ তোঁয়ারই বান্দা, তোঁয়ারই সম্বত্যি যারারে তুঁই তোঁয়ার আত বারাই দিয়েনে
মআকুদরতি দিয়েনে বাইর গরি আইন্যো।'

তোরাত শরিফ: দিতিয় বিবরন 10

দিতিয়বার ফাত্যোরর ফলক দেয়া

1 "য়েই সমত মাবুদ আঁরে হইয়্যেল্, 'তুঁই দুই টুঁরা ফাত্যোর হাডিয়েনে আগর ফাত্যোর-ফলক দুয়ার
মতন গরি লঅ আর ফাআরর উঅরদি আঁর হাছে উটি আইয়্যো। য়েই লগে গাছর উগ্যয়া সিন্দুকঅ
বানাই লইয়্যো।
2 আগর যে ফলক দুয়া তুঁই ভাঁগি ফেল্যিলা য়েগিনর উঅর যে হতা লেহ্যা আছিল্ আঁই য়েগিনই এই
ফলক দুয়ার উঅর লেকি দিয়োম। তার ফর তুঁই য়েই দুয়া নিয়েনে সিন্দুক্যুয়ার মইধ্যে রাকিবা।'
3 "য়িয়ানর লাই আঁই বাবলা গাছ দিয়েনে উগ্যয়া সিন্দুক বানাইলাম আর দুই টুঁরা ফাত্যোর
হাডিয়েনে আগর ফলক দুয়ার মতন গরি লইলাম। তার বাদে য়েই দুয়া আতত গরিয়েনে ফাআরর
উঅর উটি দেলাম।
4 মাবুদ ফইল্যা ফলক দুয়ার উঅর যে হতা লেইক্যেল এই দুয়ার উঅরঅ য়েগিনই লেকিয়েনে ফলক
দুয়া আঁরে দিল্। য়েই হতাগিনই অইল্ তেঁইর য়েই দশ উকুম যেগিন তেঁই তোঁয়ারা বেক্যিনর
একলগে জমায়েত অইবার দিনত ফাআরর উঅর আগুনর মইধ্য ত্যুন তোঁয়ারার হাছে ঘোষনা
গইজ্যেল্।
5 তার ফর মাবুদর উকুম মতন আঁই ফাআরর ত্যুন নিচে লামি আইয়েনে আঁর বানাইন্যা য়েই
সিন্দুক্যুয়ার মইধ্যে ফলক দুয়া রাকিলাম। য়েগিন এহনঅ য়েডে আছে।"
6 বনি-ইসরাইলগিনে ফরদি বেরোত-বনে-যাকন ত্যুন রঅনা অইয়েনে মোষেরতত ফোঁইছ্যেল্।
য়েডেই হারুন মারা গেইয়্যেল আর য়িবারে দাফন গরা অইয়্যেল্। য়িবার ফোয়া ইলিয়াসর য়িবার
জাগাত মআ-ইমাম অইয়্যেল্।
7 তার ফর বনি-ইসরাইলগিনে গুধগোদাত গেইয়্যেল আর য়ের ত্যুন গেইয়্যেল যট্বাথাত।
যট্বাথাত বউত হতাক্যিন ছোড দইজ্যা আছিল্।
8 য়েই সমত মাবুদ য়িবার শাহাদাত-সিন্দুক বোই লই যাইবার লাই আর ইমাম-হামর উদ্যেশ্যে তেঁইর
সাম্নদি থিয়াইবার লাই আর তেঁইর নামে দোয়া উচ্চারন গরিবার লাই লেবিয়অক্যলরে বাছি
লইয়্যেল। এই হামগিন বেক্যিন য়িতারা আইজঅ গরের।

9 য়িতারলাই লেবিয়গিনে য়িতারার ইসরাইলিয় ভাইঅক্যলর মইধ্যে সম্বত্যির হনঅ ভাগ বা অধিকার নঅ ফাআ; তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র হতা অনুযায়ি মাবুদই য়িতারার সম্বত্যি।

10 “আগর বারর মতন য়েই বারঅ আঁই চল্যিশ দিন আর চল্যিশ রাইত ফাআরর উঅর আছিলাম আর য়েই বারঅ মাবুদ আঁর হতা উইন্যেল। তোঁয়ারারে তচনচ গরি দিবার ইচ্ছা তেঁইর নঅ আছিল্‌।

11 মাবুদ আঁরে হইয়্যেল্‌, ‘তুঁই যাইয়েনে য়িতারারে পরিচালানা গরি লই যঅ, যেন্‌ য়িতারার ফুর্বফুরুষঅক্যলর হাছে আঁই যে দেশ দিবার সোঅন হ্যাইয়্যিলাম য়েডে যাইয়েনে য়িতারা য়িয়ান অধিকার গরিয়েনে লইত্‌ ফারে।’

আল্লাহ্‌তা’লা কি চাআ

12-13 “বনি-ইসরাইলগিন, তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ এহন তোঁয়ারার হাছর ত্যুন কি চাআ? তেঁই হ্যালি চাআ যেন্‌ তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌রে ডরঅ, অক্যল বেফারে তেঁইর ফথদি চল, তেঁইরে মহব্বত গর, তোঁয়ারার গোডা জান-ফরান দিয়েনে তেঁইর এবাদত গর আর তোঁয়ারার ভালার লাই আজিয়া আঁই তোঁয়ারার হাছে মাবুদর যেতাক্যিন উকুম আর নিয়ম দিইর য়েগিন ফালন গর।

14 “আসমান ও য়িয়ানর উঅরর বেক কিছু আর দুনিয়া ও য়িয়ানর মইধ্যের বেক কিছুই তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র।

15 তঅ তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর লাই তেঁইর টান আছিল্‌ বুলিয়েনে তেঁই য়িতারারে মহব্বত গইজ্যেল্‌। তেঁই বেক জাতির মইধ্য ত্যুন য়িতারার বংশধরঅক্যলর, মানি তোঁয়ারারে বাছি লইয়্যে আর আইজঅ তোঁয়ারা য়েই বাছি লোআ জাতিই আছ।

16 য়িতার লাই তোঁয়ারা তোঁয়ারার দিলর সুন্যত গরাঅ; একগুঁইয়্যা অইয়েনে আর নঅ থাইক্যো।

17 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ বেক দেব-দেবির উঅরদি আর তেঁই মালিকঅক্যলর মালিক। তেঁই মঅান, শক্তিশালি আর ডর জাগাইন্যা আল্লাহ্‌। তেঁই কেউঅর ফক্য নঅ লঅ আর ঘুষঅ নঅ হ্যাআ।

18 এতিম আর রারিঅক্যলর অধিকার তেঁই রক্যা গরে আর তোঁয়ারার মইধ্যে থাকা বিদেশিঅক্যলরে হ্যানা-ফিনা দিয়েনে তেঁইর মহব্বত দেহ্যা। তেঁই য়িতারারে হ্যানা-ফিনা দেঅ।

19 তোঁয়ারাঅ বিদেশি বাসিন্দাঅক্যলরে মহব্বত গইজ্যো, হারন মিসরত তোঁয়ারাঅ বিদেশি বাসিন্দা আছিলা।

20 তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌রে ডরাই চলিবা আর তেঁইর এবাদত গরিবা; তেঁইরেই শক্ত গরি বেরাই ধরি থাকিবা আর তেঁইর নামেই সোঅন হ্যাইবা।

21 তেঁইই তোঁয়ারার ফশংসা, তেঁইই তোঁয়ারার আল্লাহ্‌। তোঁয়ারা নিজরার চোগে যেতাক্যিন বিরাট আর ডর লাগাইন্যা কেরামতি দেইক্যো য়েগিন তেঁই তোঁয়ারার লাইই গইজ্যে।

22 তোঁয়ারার যে ফুবফুরুষগিন মিসরত গেইয়্যেল য়িতারা সইংক্যায় আছিল্ হ্যালি সোত্যোর জন আর এহন তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারার সইংক্যা গইজ্যে আসমানর তারার মতন অসইংক্য।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 11

মাবুদরে মহব্বত গরা আর তেঁইর উকুম ফালনর নিদ্যেশ

1 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্রে মহব্বত গরিবা আর তেঁই যিয়ান চাআ য়িয়ানই গরিবা ও তেঁইর নিয়ম, নিদ্যেশ আর উকুম অক্যল সমত ফালন গরিবা।

2 আজিয়া তোঁয়ারা মনত রাকিবা দে, আঁই এই হতাগিন তোঁয়ারারেই হইর, তোঁয়ারার ফোয়ামাইয়্যাঅক্যলর হাছে নঅ হইর, হারন য়িতারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র গড়ে তুলিবার হাম নঅঅ জানে নঅঅ দেকে। য়িতারা তেঁইর মইমা আর তেঁইর বারাই দেয়া হোটিন আর কুদরতির আত নঅ দেকে।

3 মিসরর মইধ্যে মিসরর বাদশা ফেরাউন আর য়িবার গোডা দেশর উঅর তেঁই যেতাক্যিন চিন্য হাম আর অইন্যাইন্য হাম গইজ্যেল্ য়েগিনঅ য়িতারা নঅ দেকে।

4 মিসরিয় সৈন্যদল, য়িতারার ঘোড়া আর ঘোড়াগাড়িগিনর লগে তেঁই যেইল্যা গইজ্যেল্ আর য়িতারা যহন তোঁয়ারার ফিছদি দুঁরি আইস্তো আছিল্ তহন কেন্ গরিয়েনে তেঁই লোহিত সাগরর ফানিত য়িতারারে ডুফাই দিয়্যেল্ আর কেন্ গরিয়েনে য়িতারারে ফুরাফুরি তচনচ গরি দিয়্যেল্ য়িয়ানঅ য়িতারা নঅ দেকে।

5 তোঁয়ারা এডে আইয়েনে নঅ ফোঁছন ফইয্যন্ত তেঁই মরুভুমিত তোঁয়ারার লাই যেগিন গইজ্যেল্ য়েগিনঅ তোঁয়ারার ফোয়ামাইয়্যাঅক্যলে নঅঅ দেকে।

6 তেঁই রুবেন-গুষ্টির ইলিয়াবর ফোয়া দাথন আর অবিরামর লগে যেগিন গইজ্যেল্, মানি যেন্ গরিয়েনে বেক বনি-ইসরাইলঅক্যলর মাঝদি দুনিয়া মুক খুলিয়েনে য়িতারারে আর য়িতারার ফরিবারর মানুষজন, য়িতারার তাম্বু আর য়িতারার বেক ফ্রানিরে গিলি ফেইল্যেল য়েগিনঅ য়িতারা নঅঅ দেকে।

7 কিন্তু মাবুদর এই উঁর উঁর হামগিন বেক্যিন তোঁয়ারাই নিজরার চোগে দেইক্যো।

8-9 "হাজেই যে দেশ দহল গরিবার লাই তোঁয়ারা জদ্যান দইজ্যা ফার অই যাইতা লাইগ্যো য়েডে যাইয়েনে যেন্ য়িয়ান দহল গরিবার শক্তি ফঅ আর মাবুদ তোঁয়ারার ফুর্বফুরুষ ও য়িতারার বংশধরঅক্যলর হাছে দুধ আর মধুতে ভরা যে দেশ দিবার ওয়াদা গইজ্যেল্ য়েডে বউত দিন বাঁচি থাকিত্ ফার য়িতার লাই আজিয়া আঁই তোঁয়ারারে যেতাক্যিন উকুম দিইর য়েগিন ফালন গরিবা।

10 তোঁয়ারা যে দেশগান দহল গইত্যা যাইতা লাইগ্যো য়িয়ান মিসর দেশর মতন নঅঅ যের ত্যুন তোঁয়ারা আইস্যো। তোঁয়ারা য়েডে বিচি রুইক্তা, আর সব্জি খেতত যেইল্যা গরা অঅ য়েইল্যা গরিয়েনে য়েডে ঠেং দিয়েনে ফানি য়িসিবার হাম গইত্যা।

11 কিন্তু জদ্যান দইজ্যা ফার অইয়েনে যে দেশগান তোঁয়ারা দহল গইত্যা যাইতা লাইগ্যো য়িয়ান
ফাআর আর ফাআরর ঢালাত ভরা; য়েই দেশ ফানি ফাআ আসমনর ত্যুন।

12 য়েই দেশর দেহ্যাশুনা তোঁয়ারার মাবুদ আল্লাহ্ই গরে। বছরর শুরু ত্যুন শেষ ফইয্যন্ত অক্যল
সমত তেঁইর চোগ য়েই দেশর উঅর রইয়্যে।

13 "হাজেই তোঁয়ারার মাবুদ আল্লাহ্রে মহব্বত গরা আর গোডা জান-ফরান দিয়েনে তেঁইর এবাদত
গরিবার যে উকুম আজিয়া আঁই তোঁয়ারারে দিলাম য়েগিন তোঁয়ারা বিশ্যস্ত ভাবে ফালন গরিবা।

14 য়েইল্যা গরিলে মাবুদ সময়মতন, মানি শরত আর বসন্তহালে তোঁয়ারার দেশর উঅর ঝর দিবো
যিয়ানর হারনে তোঁয়ারা বউত ফসল, নয়া আংগুর-রস আর তেল ফাইবা।

15 মাবুদ তোঁয়ারার ফশুর ঝাঁক লাই মাঢত খের অইতো দিবো। য়িয়ান বাদে তোঁয়ারাঅ ফরান
ভরি হ্যাইত্ ফারিবা।

16 "তোঁয়ারা কিন্তু সতর্ক থাইক্যো, য়েইল্যা নইলে তোঁয়ারা ছল-ছাতুরিত ফরিয়েনে মাবুদর হাছর
ত্যুন সরি যাইবা আর দেব-দেবির সেবা ও ফুজা গরিবা।

17 ইতারলাই তোঁয়ারার উঅর মাবুদর গোস্যার আগুন জলি উঢিবো আর তেঁই আসমানর দুয়ার
বন্ধ গরি দিবো, যিয়ানর হারনে ঝরঅ ফইত্যো নঅ আর জমিত ফসলঅ অইতো নঅ। যে বউত
সুন্দর দেশগান মাবুদ তোঁয়ারারে দেঅর য়ের ত্যুন তোঁয়ারা এক্যানা সময়অর মইধ্যে শেষ অই
যাইবা।

18 তোঁয়ারার দিল্ আর মনত আঁর এই হতাগিন গাঁতি রাকিবা, য়েগিন মনত রাকিবার চিন্য ইসাবে
আতত বাধি রাকিবা আর হোয়ালত লাগাই রাকিবা।

19 তোঁয়ারার ফোয়ামাইয়্যাঅক্যলরে য়েগিন শিকাইবা। ঘরত বোই থাকিবার সমত, ফথদি চলিবার
সমত, উউতিবার সমত আর বিছানার ত্যুন উঢিবার সমত তোঁয়ারা এই বিষয়গিন লইয়েনে
আলোচানা গরিবা।

20 তোঁয়ারার বাড়ির দরজাত আর চোহ্যাটত তোঁয়ারা য়েগিন লেকি রাকিবা।

21 যুদি তোঁয়ারা এগিন গর তইলে যে দেশ দিবার সোঅন মাবুদ তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর হাছে
হ্যাইয়্যেল্ য়েই দেশত তোঁয়ারা আর তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন ততহাল বাঁচি থাকিবো যেতহাল
এই দুনিয়ার উঅর আসমান থাকিবো।

22 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্রে মহব্বত গরিবার, তেঁইর ফথদি চলিবার আর তেঁইরে শক্ত গরি
বেরাই ধরি রাকিবার এই দে উকুমগিন আঁই তোঁয়ারারে দিলাম য়েগিন তোঁয়ারা যত্ন গরিয়েনে
ফালন গরিবা।

23 য়েইল্যা গরিলে মাবুদই তোঁয়ারার সাম্নদি থাকিয়েনে য়েই জাতিগিন বেক্যিনরে বাইর গরি
দিবো, আর তোঁয়ারা তোঁয়ারার ত্যুনঅ উঁর উঁর আর শক্তিশালি জাতিরে বেদহল গরিবা।

24 দইনর মরুভুমির ত্যুন লেবানন ফইয্যন্ত আর ফোরাত দইজ্যা ত্যুন ভুমইধ্যসাগর ফইয্যন্ত তোঁয়ারা যেডে ঠেং ফেলিবা য়েই জাগাই তোঁয়ারার অইবো।

25 হনঅ মানুষই তোঁয়ারার সাম্নদি থিয়াইত্ ফাইত্যো নঅ। তোঁয়ারা য়েই দেশর যেডেই যাইবা তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তেঁইর ওয়াদা মতন য়েডিয়ার মানুষঅক্যলর মনত তোঁয়ারার সম্যন্দে উগ্যয়া ডরর ভাব আর হাঁফানি ধরাই দিবো।

আল্লাহ্র রহমত আর বদদোয়া

26 "চঅ আজিয়া আঁই তোঁয়ারার সাম্নদি উগ্যয়া দোয়া আর উগ্যয়া বদদোয়া তুলি ধরির।

27 আজিয়া আঁই তোঁয়ারার হাছে তোঁয়ারার মাবুদ আল্লাহ্র যে উকুমগিন দিলাম য়েগিন যুদি তোঁয়ারা ফালন গর, তইলে এই দোয়া তোঁয়ারা ফাইবা।

28 কিন্তু যুদি তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উকুম অমাইন্য গর আর যে ফথদি চলিবার উকুম আঁই আজিয়া দিয়্যি য়েগিনর ত্যুন সরি যাইয়েনে তোঁয়ারার হাছে নয়া এন্ দেব-দেবির ফিছদি যঅ, তইলে তোঁয়ারার উঅর বদদোয়া ফরিবো।

29 দহল গরিবার লাই তোঁয়ারা যে দেশত ঢুইকত্যা যাইতা লাইগ্যো তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যহন য়েই দেশত তোঁয়ারারে লই যাইবো তহন গরিষিম ফাআরর উঅরর ত্যুন য়েই দোয়ার হতা তোঁয়ারা ঘোষনা গরিবা আর বদদোয়ার হতা ঘোষনা গরিবা এবল ফাআরর উঅরর ত্যুন।

30 তোঁয়ারা তঅ জান, জদ্যান দইজ্যার ফছিম মিক্যার রাস্তার ফছিম্দি গিল্গলর হাছাহাছি আরবার বাসিন্দা কেনানিয়অক্যলর দেশর মইধ্যে মোরির এলোন গাছগিনর হাছদি য়েই ফাআর দুইয়ান রইয়্যে।

31-32 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে দেশ তোঁয়ারারে দিতো যাআর য়েই দেশ দহল গরিবার লাই তোঁয়ারা জদ্যান দইজ্যা ফার অইতা যাইতা লাইগ্যো। তোঁয়ারা যহন য়িয়ান দহল গরিয়েনে য়েডে থাইক্তা লাগিবা তহন আজিয়া আঁই তোঁয়ারারে যে নিয়ম আর নিদ্যেশগিন দিলাম য়েগিন নিচ্যয়ই তোঁয়ারা ফালন গরি চলিবা।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 12

হ্যালি উগ্যয়া এবাদতর জাগা

1 তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর মাবুদ আল্লাহ্ যে দেশ তোঁয়ারারে দহল গরিবার লাই দিয়্যে য়েডে সারা জিবন এই নিয়ম আর নিদ্যেশগিন বেক্যিন যত্ন গরিয়েনে তোঁয়ারার ত্যুন ফালন গরন ফরিবো।

2 তোঁয়ারা যে জাতিগিনরে বেদহল গইত্যা যাইতা লাইগ্যো য়িতারা যেতাক্যিন ছোড-বড় ফাআরর উঅরদি ও ডেইলফালা ছরাইন্যা হোস্যুয়া গাছর নিচে য়িতারার দেব-দেবির ফুজা গরে য়েই জাগাগিন তোঁয়ারা ফুরাফুরি তচনচ গরি দিবা।

3 য়িতারার বেদিগিন ভাঁগি দিবা, ফুজার ফাত্যোরগিন চুরমার গরি দিবা, ফুজার আশেরা খুইট্যাগিন
ফোড়াই দিবা, দেব-দেবির মুত্যিগিন ভাঁগি ফেলি দিবা আর এন্ গরিয়েনে য়েই জাগাগিন ত্যুন
য়িতারার দেব-দেবিগিনর নাম ফুছি ফেলিবা।

4 তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র এবাদত য়িতারার ফুজার মতন গরিয়েনে নঅ গরিবা।

5 কিন্তু তোঁয়ারার মাবুদ আল্লাহ্ নিজরে জাহির গরিবার লাই তোঁয়ারার বেক গুষ্টিরে দেয়া জাগা
ত্যুন যে জাগাগান তেঁইর থাকিবার জাগা ইসাবে বাছি লইবো তোঁয়ারা য়েডেই তেঁইর এবাদতর লাই
যাইবা।

6 তোঁয়ারা তোঁয়ারার ফোড়নো-হোরবানি আর অইন্যাইন্য ফশু হোরবানি, তোঁয়ারার আয়অর দশ
ভাগর এক ভাগ, তোঁয়ারার বিশেষ দান আর মানত-ফুরনর হোরবানি, তোঁয়ারার নিজরার ইচ্ছায়
গরা হোরবানি আর তোঁয়ারার গরু-সঅল-ভেরার ফইল্যা বাইচ্যা য়েডেই লই যাইবা।

7 য়েডেই তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র সাম্‌নদি তোঁয়ারা আর তোঁয়ারার ফরিবারর মানুষগিন হ্যানা-
দানা গরিবা আর তেঁইর রহমত অনুযায়ি ফাওনা তোঁয়ারার মিন্যোতর ফল লইয়েনে তোঁয়ারা
আনন্দ গরিবা।

8-9 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্ শান্তিত থাকিবার লাই যে সম্‌বত্যি তোঁয়ারারে দিতো যাআর তোঁয়ারা
এহনঅ য়েডে নঅ ফোঁছ। তোঁয়ারা য়েই দেশত গেলে ফর আঁরা যেন্ আজিয়া যার চোগে যিয়ান
ভালা য়িয়ানই গরির তোঁয়ারা য়েডে য়েইল্যা নঅ গরিবা।

10 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ সম্‌বত্যি ইসাবে যে দেশ তোঁয়ারারে দেএর তোঁয়ারা জদ্যান দইজ্যা ফার
অই যাইয়েনে যহন য়েই দেশত থাইক্‌তা লাগিবা তহন তেঁই তোঁয়ারার চাইরো ফাশর শত্রুঅক্যলর
লগে লড়াইর ত্যুন তোঁয়ারারে জিরানি দিবো, আর তোঁয়ারা সহিসালামতে য়েডে থাকিত্ ফারিবা।

11 তহন তেঁই নিজরে জাহির গরিবার লাই যে জাগাগান তেঁইর থাকিবার জাগা ইসাবে বাছি লইবো
য়েডে তোঁয়ারা আঁর উকুম গরা বেক জিনিস লইয়েনে আইবা-তোঁয়ারার ফোড়াইন্যা-হোরবানি আর
অইন্যাইন্য ফশু হোরবানি, তোঁয়ারার আয়অর দশ ভাগর এক ভাগ, বিশেষ দান আর তোঁয়ারার
বাছাই গরা জিনিস যেগিন তোঁয়ারা মাবুদর হাছে মানত গইজ্যো।

12 য়েডে তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র সাম্‌নদি তোঁয়ারা, তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন, তোঁয়ারার
গোলামগিন আর তোঁয়ারার গেরাম ও শঅরর লেবিয়গিন যারার নিজর হইতে হনঅ জাগ-জমি বা
সম্‌বত্যি নাই তোঁয়ারা বেক্যিনে আনন্দ গরিবা।

13 চাইয়্যো, যেন্ তোঁয়ারার খুশি মতন যে হনঅ জাগাত তোঁয়ারা ফোড়াইন্যা-হোরবানি নঅ গর।

14 তোঁয়ারার গুষ্টিগিনরে দেয়া জাগার ত্যুন যে জাগাগান মাবুদ বাছি লইবো য়েডেই তোঁয়ারা য়েই
ফোড়াইন্যা-হোরবানি বেক্যিন দিবা আর য়েডেই তোঁয়ারা আঁর উকুম গরা বেক কিছু গরিবা।

15 “তঅ তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে রহমত গরিয়েনে যেতাক্যিন ফশু দিবো য়েগিন
তোঁয়ারা যে হনঅ গেরামত বা শঅরত জবাই গরিয়েনে তোঁয়ারার খুশি মতন গোস্ত হ্যাইত্ ফারিবা,
যেইল্যা গরিয়েনে তোঁয়ারার ফাক-নাফাক বেক মানুষগিন কিষ্নসার বা অরিনর গোস্ত হ্যাআ।

16 কিন্তু তোঁয়ারার লাই রক্ত হ্যঅন আআরাম; য়েগিন ফানির মতন গরিয়েনে মেডিত ঢালি দঅন
ফরিবো।

17 এগিন বাদে তোঁয়ারা শইস্য, নয়া আংগুর-রস আর তেলর দশ ভাগর এক ভাগ, গরু-সঅল-
ভেরার ফইল্যা বাইচ্যা, তোঁয়ারার মানত গরা জিনিস, তোঁয়ারার নিজর ইচ্ছায় গরা হনঅ
হোরবানি আর বিশেষ দান তোঁয়ারার নিজরার গেরাম বা শঅরর মইধ্যে হ্যঅন সইল্তো নঅ।

18 তোঁয়ারার মাবুদ আল্লাহ্র বাছি লোয়া জাগাত তেঁইর সাম্নদি এগিন তোঁয়ারার ত্যুন হ্যঅন
ফরিবো। তোঁয়ারা, তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন, তোঁয়ারার গোলামগিন আর তোঁয়ারার গেরাম ও
শঅরর লেবিয়গিনে য়েগিন হ্যাইবো আর তোঁয়ারার মিন্যোতর ফল লইয়েনে তোঁয়ারার মাবুদ
আল্লাহ্র সাম্নদি আনন্দ গরিবো।

19 তোঁয়ারার দেশত তোঁয়ার যেতদিন থাকিবা ততদিন লেবিয়অক্যলর মিক্যা তোঁয়ারার ত্যুন
খিয়াল রাকন ফরিবো।

20 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তেঁইর ওয়াদা মতন তোঁয়ারার দেশর সিমানা বারাই দিবার ফরদি যহন
তোঁয়ারা গোস্ত হ্যাইবার ইচ্ছা লইয়েনে হইবা, ‘গোস্ত হ্যাইয়্যোম,’ তহন তোঁয়ারা খুশি মতন গোস্ত
হ্যাইত্ ফারিবা।

21 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ নিজরে জাহির গরিবার লাই যে জাগাগান বাছি লইবো য়িযান যুদি
তোঁয়ারার হাছর ত্যুন বউত দুরে অঅ, তইলে আঁর দেয়া উকুম অনুযায়ি তোঁয়ারা মাবুদর দেয়া
গরু-ভেরার ঝাঁকর ত্যুন ফশু লইয়েনে জবাই গরিত্ ফারিবা আর যার যার গেরাম ও শঅরত খুশি
মতন গোস্ত হ্যাইত্ ফারিবা।

22 কিষ্নসার বা অরিনর গোস্তর মতনই তোঁয়ারা য়েগিন হ্যাইত্ ফারিবা। ফাক-নাফাক বেক্যিনে
য়েগিন হ্যাইত্ ফারিবা।

23 কিন্তু সাবধান! রক্ত নঅ হ্যাইবা, হারন রক্তই অইল্ ফরান, আর তোঁয়ারা গোস্তর লগে য়েই
ফরান নঅ হ্যাইবা।

24 তোঁয়ারা রক্ত নঅ হ্যাইবা, য়েগিন ফানির মতন গরিয়েনে মেডিত ঢালি দিবা।

25 তোঁয়ারার আর তোঁয়ারার ফরদি তোঁয়ারার ফোয়াছাগিনর যেন্ উন্নতি অঅ য়িতার লাই
তোঁয়ারা রক্ত নঅ হ্যাইবা; তইলে মাবুদর চোগে যেগিন ভালা য়েগিনই গরা অইবো।

26 “মাবুদর বাছি নেয়া জাগাত তোঁয়ারার ফাক-ফবিত্র জিনিস আর মানতর জিনিস লই যঅন
ফরিবো।

27 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র হোরবানগাহ্‌র উঅর তোঁয়ারা তোঁয়ারার ফোড়াইন্যা-হোরবানির
গোস্ত আর রক্ত হোরবানি দিবা। তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র হোরবানগাহ্‌র গাআত তোঁয়ারার
হোরবানি গরা ফশুর রক্ত ঢালি দঅন ফরিবো, কিন্তু য়িয়ানর গোস্ত তোঁয়ারা হ্যাইত্‌ ফারিবা।

28 তোঁয়ারার আর তোঁয়ারার ফরদি তোঁয়ারার ফোয়ামাইয়্যাঅক্যলর যেন্‌ অক্যল সমত উন্নতি
অঅ য়িতার লাই আঁর দেয়া এই উকুমগিন বেক্যিন তোঁয়ারা যত্ন গরিয়েনে ফালন গরিবা, হারন
য়েইল্যা গরিলে তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র চোগে যেগিন নিয়াইজ্য আর ভালা য়েগিনই গরা অইবো।

29-30 "যে জাতিগিনরে তোঁয়ারা বেদহল গইত্যা যাইতা লাইগ্যো তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারার
সাম্‌নদি থাকিয়েনে য়িতারারে এক্যবারে তচনচ গরি দিবো। কিন্তু য়িতারারে বেদহল গরিবার ফর
যহন তোঁয়ারা য়িতারার দেশত থাকিবা তহন সাবধান অইয়্যো যেন্‌ তোঁয়ারার সাম্‌নদি ত্যুন
য়িতারা তচনচ অই যাইবার ফর য়িতারার দেব-দেবির বিষয়ে হ্যোজ-হ্যবর লইতো যাইয়েনে
তোঁয়ারা ফাদত নঅ ফরঅ আর ফুছার নঅ গর, 'এই জাতিগিন কেন্‌ গরিয়েনে য়িতারার দেব-
দেবির ফুজা গইত্যো?' আর শেষদি হঅ, 'আঁরাঅ য়েইল্যাই গইজ্যোম।'

31 তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র এবাদত য়িতারার ফুজার মতন গরিয়েনে নঅ গইজ্যো, হারন
য়িতারার দেব-দেবির ফুজাত য়িতারা এন্‌ বেক জঘইন্য হাম গরে যেগিন মাবুদ ঘিনা গরে। এন্‌ কি,
য়িতারা য়িতারার দেব-দেবির হাছে য়িতারার ফোয়ামাইয়্যাঅক্যলরেঅ আগুনত ফোড়াইয়েনে
হোরবানি গরে।

32 "আঁই তোঁয়ারারে যে যে উকুম দিলাম য়েগিন বেক্যিন তোঁয়ারা ফালন গরিবা; এগিনর লগে
কিছ্যু যোগঅ নঅ দিবা, আবার এগিনর ত্যুন কিছ্যু বাদঅ নঅ দিবা।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 13

ভন্ড নবি আর মুত্যিফুজাহারিঅক্যলর শাস্তি

1-2 "ধরি লঅ, তোঁয়ারার মইধ্যে হনঅ নবি বা হ্যোয়াব দেকিয়েনে ভবিষ্যতর হতা হইত্‌ ফারে এন্‌
কেউ দেহ্যা দিল্‌ আর তোঁয়ারার হাছে হনঅ চিন্য বা কেরামতির হতা হইল্‌ আর য়িয়ান আঁসাই
ঘটিল্‌। য়েই মানুষঅ যুদি তোঁয়ারার হাছে নয়া এন্‌ দেব-দেবির সম্যন্দে হঅ, 'চল, আঁরা দেব-
দেবির হাছে যাইয়েনে য়েগিনর ফুজা গরি,'

3 কিন্তু তোঁয়ারা য়েই নবি বা হ্যোয়াব দেহ্যা মানুষর হতা নঅ উইন্যো। তোঁয়ারা তোঁয়ার মাবুদ
আল্লাহ্‌রে তোঁয়ারার গোডা জান-ফরান দিয়েনে মহব্বত গর কিনা য়িয়ান তেঁই তোঁয়ারারে
ফরিক্যাত ফেলিয়েনে দেহ্যাই দেএর।

4 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র হতা মতনই তোঁয়ারার ত্যুন চলন ফরিবো আর তেঁইরেই ডরন
ফরিবো। তোঁয়ারা তেঁইর উকুম ফালন গরিবা আর তেঁইর বাইধ্য অইয়েনে চলিবা; তোঁয়ারা তেঁইর
এবাদত গরিবা আর তেঁইরেই শক্ত গরি বেরাই ধরি থাকিবা।

5 য়েই নবি বা য়েই হ্যোয়াব দেহ্যা মানুষ্যারে মারি ফেলন ফরিবো, হারন তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌
যিবা মিসর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যে আর য়েই গোলামির দেশর ত্যুন তোঁয়ারারে মুক্ত

গইজ্যে, য়িবা তেঁইরই বিরদ্যে বিদ্রোওর উস্কানি দিয়্যে আর তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে ফথদি সইল্তো তোঁয়ারারে উকুম দিয়্যে য়েই ফথ ত্যুন তোঁয়ারারে ফিরাইতো চেষ্টা গইজ্যে। তোঁয়ারার মইধ্য ত্যুন য়েই হ্যারাফি তোঁয়ারা শেষ গরি দিবা।

6-7 দুনিয়ার এক সিমানার ত্যুন অইন্য সিমানা ফইয্যন্ত তোঁয়ার চাইরোমিক্যার হাছর বা দুরর মানুষগিন যে দেব-দেবির ফুজা গরে, যারা তোঁয়ার আর তোঁয়ার ফুর্বফুরুষঅক্যলর অজানা য়েই দেব-দেবির মিক্যা যুদি তোঁয়ার নিজর ভাই বা তোঁয়ার ফোয়া বা মাইয়্যা বা মহব্বতর বউ বা তোঁয়ার ফরানর বন্ধু তোঁয়ারে একলা ফাইয়েনে বিফথত লই যাইবার লাই হঅ, 'চল, আঁরা যাইয়েনে দেব-দেবির ফুজা গরি,'

8 তইলে য়িবার ডাকত সাড়া নঅ দিয়ো বা য়িবার হতাত হান নঅ দিয়্যো। য়িবারে হনঅ দয়া নঅ দেহ্যাইবা, য়িবারে রেহাই নঅ দিবা, বা য়িবারে রক্যাঅ নঅ গরিবা।

9 য়িবারে মারি ফেলনই ফরিবো। য়িবারে মারি ফেলিবার হামগান তুঁই নিজর আতেই শুরু গরিবা, তার বাদে অইন্য বেক্যিনে যোগ দিবো।

10 যিবা তোঁয়ারে মিসর দেশর গোলামি ত্যুন বাইর গরিয়েনে আইন্যে তোঁয়ার য়েই মাবুদ আল্লাহ্র মিক্যা ত্যুন য়িবা তোঁয়ারে ফিরাইবার চেষ্টা গইজ্যে বুলিয়েনে য়িবারে তুঁই ফাত্যোর মারিয়েনে মারি ফেলিবা।

11 য়িয়ানত বনি-ইসরাইলঅক্যলে বেক্যিনে য়েই হতা উনিয়েনে ডরাইবো আর তোঁয়ারার মইধ্যে কেউ আর এইল্যা হ্যারাফ হাম গইত্যো নঅ।

12 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যেতাক্যিন গেরাম বা শঅর তোঁয়ারারে থাকিবার লাই দিতো যাআর য়েগিনর হনঅউয়া সম্যন্দে অঅত তোঁয়ারা উনিত্ ফারিবা দে,

13 য়েডিয়ার বনি-ইসরাইলঅক্যলর মইধ্যে এক্যানা দুষ্ট মানুষ দেহ্যা দিয়্যে যারা য়েডিয়ার মানুষঅক্যলরে এই হতা হইয়েনে বিফথত টানি লই গেইয়্যে, 'চল, আঁরা দেব-দেবির ফুজা গরি,' যে দেব-দেবি তোঁয়ারার হাছে নয়া।

14 য়েইল্যাই যুদি অঅ তইলে বেফারগান তোঁয়ারার ত্যুন বউত ভালা গরিয়েনে হ্যোজ-হ্যবর লইয়েনে ফরিক্যা আর তদন্ত গরিয়েনে সঅন ফরিবো। আর য়িয়ান যুদি আঁছা বুলিয়েনে ফর্মান অঅ দে, এই জঘইন্য হাম তোঁয়ারার মইধ্যে গরা অইয়্যে,

15 কিন্তু য়েডিয়ার বেক বাসিন্দাঅক্যলরে নিচ্যয়ই মারি ফেলন ফরিবো। য়েই গেরাম বা শঅর আর য়িয়ানর মানুষজন ও ফশুর ঝাঁক তোঁয়ারা ফুরাফুরি তচনচ গরি দিবা।

16 য়েডিয়ার বেক লুট গরা জিনিস তোঁয়ারা শঅর বন্দরর মাঝদি লই যাইয়েনে বেক জিনিস আর য়েই গেরাম বা শঅর তোঁয়ারা তোঁয়ারার মাবুদর উদ্যেশ্যে ফোড়াইন্যা-হোরবানির মতন গরিয়েনে ফুরাফুরি ফোড়াই দিবা। য়েই জাগাগান সারাজিবনর লাই যেন্ উগ্যুয়া তচনচর টাল্ অই ফরি থাকে; আর হনঅ দিনঅ যেন্ য়িয়ান বানানো নঅ অঅ।

17 মাবুদ যেন্ তেঁইর ভয়ংকর গোস্যার ত্যুন ফিরে য়িতার লাই তোঁয়ারার আতত যেন্ এই জিনিসগিনর এক্যানঅ দেহ্যা নঅ যাআ, হারন য়িয়ানর উঅর রইয়্যে তচনচর বদদোয়া। তইলে তেঁই তোঁয়ারারে রহমত আর মমতা গরিবো আর তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর হাছে সোঅন হ্যাওয়া ওয়াদা মতন তোঁয়ারার বংশ বারাই দিবো,

18 হারন আজিয়া আঁই তোঁয়ারারে যেতাক্যিন উকুম দিইর য়েগিন ফালন গরিয়েনে আর তেঁইর চোগে যেগিন ভালা য়েগিনই গরিয়েনে তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র বাইধ্য অইয়্যো।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 14

আআলাল আর আআরাম হ্যানা

1 "তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র ফোয়াছা। য়িতার লাই মরা মানুষর লাই শোক গইত্যো যাইয়েনে শরিলর হনঅ জাগাত তোঁয়ারার ত্যুন আঘাত গরা সইল্‌তো নঅ, বা মাথার সাম্‌নদির চুল হামাই ফেলন সইল্‌তো নঅ।

2 তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র উদ্যেশ্যে উগ্যয়া ফবিত্র জাতি। দুনিয়ার বেক জাতিগিনর মইধ্য ত্যুন মাবুদ তোঁয়ারারে বাছি লইয়্যে যেন্ তোঁয়ারা তেঁইর নিজর বিশেষ সম্বত্যি অঅ।

3 "তোঁয়ারা হনঅ ঘিনার জিনিস নঅ হ্যাইবা।

4 যেতাক্যিন ফশুর গোস্ত তোঁয়ারার লাই আআলাল য়েগিন অইল্ গরু, ভেরা সঅল,

5 অরিন, কিষ্‌নসার, চিতা-অরিন, বইন্য-সঅল, ফিছদি সাদা অরিন, সাদা অরিন, আর ফাআরি ভেরা।

6 যেতাক্যিন ফশুর খুর ফুরাফুরি দুই ভাগে চিরা আর যেগিনে জাবর হাডে য়েই ফশুগিনর গোস্ত তোঁয়ারার লাই আআলাল।

7 কিন্তু হ্যালি জাবর হাডা বা হ্যালি খুর চিরা ফশুর গোস্ত তোঁয়ারার লাই আআরাম। তোঁয়ারা উট, হ্যরগোস আর শাফন নঅ হ্যাইবা, হারন য়েগিন জাবর হাডিলেঅ য়েগিনর খুর চিরা নঅঅ। য়িতার লাই য়েগিন তোঁয়ারার ফক্যে নাফাক।

8 শুঅরঅ নাফাক; খুর চিরা অইলেঅ য়িয়ান জাবর নঅ হাডে। তোঁয়ারার লাই এগিনর গোস্ত আআরাম আর য়েগিনর মরাশরিলঅ নঅ ধরিবা।

9 "ফানিত থাকা ফ্রানিগিনর মইধ্যে যেগিনর ফাক আর আমিষ্ আছে য়েগিন তোঁয়ারার লাই আআলাল,

10 কিন্তু যেগিনর ফাক আর আমিষ নাই য়েগিন তোঁয়ারার লাই আআরাম। তোঁয়ারার ফক্যে য়েগিন নাফাক।

11-18 "যে হনঅ ফাক-ফবিত্র ফাকি তোঁয়ারার লাই আআলাল; কিন্তু ঈগল, উক্যুম আর হালা উক্যুম, শিয়ারি বাজ আর যে হনঅ রহমর চিল, যে হনঅ রহমর হাউয়্যা, উটফাকি, লক্যি-ফেঁচা, গাংচিল,

যে হনঅ রহমর বাজ ফাকি, হালা-ফেঁচা, উতুম ফেঁচা, সাদা ফেঁচা, মরু-ফেঁচা, সিন্দুবাজ, আঁড়গিলা, সারস, যে হনঅ রহমর বক, হুফফু ফাকি আর বাদুড় তোঁয়ারার লাই আআরাম।

19 “ঝাঁক বাধি উরি বেরাইন্যা এন্ বেক্যিন ফোক তোঁয়ারার ফক্যে নাফাক। য়েগিন তোঁয়ারার ফক্যে আআরাম;

20 কিন্তু যে ফ্রানিগিনর ফাক আছে আর ফাক-ফবিত্র য়েগিন তোঁয়ারার ফক্যে আআলাল।

21 “মরিয়েনে ফরি থাকা যে হনঅ ফ্রানি তোঁয়ারার লাই আআরাম, হারন তোঁয়ারা তোঁয়ারার মাবুদর উদ্যেশ্যে উগ্যয়া ফবিত্র জাতি। তোঁয়ারার গেরাম বা শঅরত থাকা অইন্য জাতির হনঅ মানুষরে তোঁয়ারা য়েগিন দিই দিত্ ফারিবা আর য়িবা য়েগিন হ্যাইত্ ফারিবো বা তোঁয়ারা হনঅ বিদেশির হাছে য়েগিন বেচি দিত্ ফারিবা। “সঅলর বাইচ্যার গোস্ত য়িয়ানর মার দুধত নঅ রাইন্দো।

বনি-ইসরাইলঅক্যলর জহাতর নিয়ম

22 “ফত্যি বছর তোঁয়ারার জমিত যেতাক্যিন ফসল অইবো য়েগিনর দশ ভাগর এক ভাগ তোঁয়ারা নিচ্যয়ই আলিদা গরি রাকিবা।

23 তোঁয়ারার মাবুদ আল্লাহ্রে যেন্ তোঁয়ারা ডরাইতা শিক য়িতার লাই তোঁয়ারার শইস্য, নয়া আংগুর-রস আর তেলর দশ ভাগর এক ভাগ আর তোঁয়ারার ঝাঁকর গরু-ভেরা-সঅলর ফইল্যা বাইচ্যার গোস্ত তোঁয়ারার মাবুদ আল্লাহ্র সাম্নদি তোঁয়ারার ত্যুন এন্ জাগাত হ্যঅন ফরিবো যে জাগাগান তেঁই নিজরে জাহির গরিবার লাই তেঁইর থাকিবার জাগা ইসাবে বাছি লইবো।

24 কিন্তু যুদি য়েই জাগা বউত দুরে অঅ আর তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে এত দোয়া গরি থাকে দে, য়েই দশ ভাগর এক ভাগ মাবুদর য়েই জাগা বউত দুরে বুলিয়েনে তোঁয়ারার ফক্যে বোই লই যঅন সম্ভব নঅঅ,

25 তইলে য়েগিন বেচিয়েনে য়েই টিয়া লইয়েনে তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র য়েই বাছি নেয়া জাগাত যাইবা।

26 য়েই টিয়া দিয়েনে তোঁয়ারা তোঁয়ারার খুশি মতন জিনিস কিনিবা, যেন্ গরু-সঅল-ভেরা, আংগুর-রস, অইন্য হনঅ মদাইন্যা রস বা তোঁয়ারার খুশি মতন আর কিছু। তার বাদে তোঁয়ারা তোঁয়ারার ফরিবার লইয়েনে তোঁয়ারার মাবুদ আল্লাহ্র সাম্নদি হ্যানা দানা গরিয়েনে আনন্দ গরিবা।

27 যে লেবিয়গিন তোঁয়ারার গেরাম বা শঅরত থাকে য়িতারার হতা তোঁয়ারা ফঅরি নঅ যাইয়্যো, হারন নিজরার হইতে য়িতারার হনঅ জাগা-জমি বা সম্বত্যি নাই।

28 “ফত্যি তিতিয় বছরর শেষদি তোঁয়ারার য়েই বছরর ফসলর দশ ভাগর এক ভাগ শঅরত লই আইয়েনে তোঁয়ারা জমা গরিবা।

29 এই হারনে লেবিয়গিন, যারার নিজর হইতে হনঅ জাগা-জমি বা সম্বত্যি নাই আর য়েডিয়ার বিদেশি বাসিন্দাগিন, রারিঅক্যল আর এতিম ফোয়ামাইয়্যাগিন ফরান ভরিয়েনে হ্যাইত্ ফারিবো। ইয়ানত তোঁয়ারার বেক হামত মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে দোয়া গরিবো।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 15

রিন মাফর বছর

1 "ফত্যি সাত লম্বর বছরর শেষদি অইন্যতারার হাছর ত্যুন তোঁয়ারার ফাওনা বেক মাফ গরি দিবা।

2 এই নিয়মে য়িয়ান মাফ গরন ফরিবো: ফত্যি ইসরাইলিয় ফাওনাদার অইন্য ইসরাইলিয়রে দেয়া বেক রিন মাফ গরি দিবো। রিন মাফ গরি দিবার লাই মাবুদ যে সময় ঠিগ গরি দিয়্যে য়িয়ান ঘোষনা গরা অইয়্যে বুলি হনঅ ইসরাইলিয় ভাইঅর হাছর ত্যুন রিন শোধর দাবি গরা সইতো নঅ।

3 বিন্য জাতির মানুষঅক্যলর হাছর ত্যুন রিন শোধর দাবি গরন চলিবো, কিন্তু তোঁয়ারার ভাইঅক্যলর রিন তোঁয়ারার ত্যুন মাফ গরি দঅন ফরিবো।

4-5 যুদি তোঁয়ারা ফুরাফুরি গরি তোঁয়ারার মাবুদ আল্লাহ্র হতার বাইধ্য থাক আর আজিয়া আঁই তোঁয়ারারে যেতাক্যিন উকুম দিইর য়েগিন মানি চলিবার মিক্যা মন দঅ, তইলে নিচ্যয়ই তোঁয়ারার মইধ্যে কেউঅর গরিব থাকিবার হতা নঅঅ, হারন সম্বত্যি ইসাবে যে দেশ তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে দিতো যাআর য়েডে তেঁই তোঁয়ারারে বউত দোয়া গরিবো।

6 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তেঁইর ওয়াদা মতন তোঁয়ারারে দোয়া গরিবো, আর য়িয়ানত তোঁয়ারা বউত জাতির মানুষরে রিন দিবা, কিন্তু কেউঅর হাছর ত্যুন তোঁয়ারার রিন লঅন ফইত্যো নঅ। তোঁয়ারা বউত জাতিরে শাসন গরিবা কিন্তু কেউ তোঁয়ারারে শাসন গইত্যো না।

7 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে দেশ তোঁয়ারারে দিতো যাআর য়েই দেশর হনঅ জাগাত যুদি তোঁয়ারার ভাইঅক্যলর মইধ্যে কেউ গরিব থাকে, তইলে য়িবার উঅর তোঁয়ারার দিল্ হোটিন নঅ গইজ্যো, বা য়েই গরিব ভাইঅর লাই তোঁয়ারার আত মুট মারি নঅ রাইক্যো।

8 তোঁয়ারার আত যেন্ খোলা থাকে; য়িবার দরহার মতন য়িবারে নিচ্যয়ই হজ্য দিবা।

9 সাবধান, তোঁয়ারার মনর এই হ্যারাফ চিন্তারে আমল নঅ দিয়ো দে, সাত লম্বর বছর, মানি রিন মাফর বছর মোটামুটি হাছে আই গেইয়্যে। এই চিন্তা গরিয়েনে তোঁয়ারার য়েই অভাবি ভাইঅর লগে বিরুদ্য মনোভাব লইয়েনে য়িবারে হ্যালি আতে বিদায় নঅ গইজ্যো। যুদি য়েইল্যা গর তইলে য়িয়ান লইয়েনে য়িবা তোঁয়ারার বিরুদ্যে মাবুদর হাছে হাতর অইয়েনে বিচার চাইবো আর তোঁয়ারা অন্যায়র লাই দুষি অইবা।

10 মনত অনিচ্যার ভাব নঅ রাকিয়েনে খোলা আতে য়িবারে দিবা; তইলে তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারার অক্যল হামত দোয়া গরিবো আর তোঁয়ারা যিয়ানত আত দিবা য়িয়ানতই দোয়া ফাইবা।

11 গরিব মানুষ নিচ্যয়ই দেশত অক্যল সমতই থাকিবো। য়িতার লাই আঁই তোঁয়ারারে এই উকুম দিইর দে, তোঁয়ারার ভাইঅক্যলর লাই আর দেশর গরিব ও অভাবি মানুষঅক্যলর লাই তোঁয়ারার আত যেন্ খোলা থাকে।

গোলামি ত্যুন মুক্তি দিবার নিয়ম

12 "যুদি হনঅ ইব্রানি মরতফোয়া বা মাইয়্যাফোয়ারে তোঁয়ারার হাছে বেচি ফেলা অঅ, তইলে ছঅ বছর হাম গরিবার ফরদি সাত লম্বর বছরত য়িবারে নিচ্যয়ই তোঁয়ারার ত্যুন ছারি দঅন ফরিবো।

13 ছারি দিবার সমত য়িবারে হ্যালি আতে বিদায় নঅ গরিবা।

14 তোঁয়ারা য়িবারে খোলা আতে তোঁয়ারার ফশুর ঝাঁকর ত্যুন সঅল আর ভেরা, হ্যামার ত্যুন শইস্য আর আংগুর মারাইঅর জাগা ত্যুন আংগুর রস দিবা। তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে যে ফরিমানে রহমত গইজ্যে তোঁয়ারা য়েই ফরিমানেই য়িবারে দিবা।

15 মনত রাইক্যো, মিসর দেশত তোঁয়ারাঅ গোলাম আছিলা আর তোঁযারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে মুক্ত গইজ্যে। য়িতার লাই আজিয়া আঁই তোঁয়ারারে এই উকুম দিইর।

16 "কিন্তু তোঁয়ারার আর তোঁয়ারার ফরিবারর মানুষঅক্যলর লাই মহব্বতর হারনে আর তোঁয়ারার হাছে সুকে আছে বুলিয়েনে যুদি য়েই গোলাম জানাআ দে, য়িবা তোঁয়ারারে ছারিয়েনে যাইতো নঅ,

17 তইলে তোঁয়ারা য়িবার হানর লতি দরজার উঅর রাকিয়েনে তুরফুন দিয়েনে ছাদাই দিবা; য়িয়ানত য়িবা সারা জিবন তোঁয়ারার গোলাম অই থাকিবো। তোঁয়ারার বাদির বেলাতঅ য়েইল্যাই গরিবা।

18 "গোলাম বা বাদিরে মুক্ত গরি দেয়াগান তোঁয়ারা হনঅ হষ্টর বেফার বুলি মনত নঅ গইজ্যো, হারন এই ছঅ বছর য়িবা তোঁয়ারার লাই যে হাম গইজ্যে য়িয়ানর দাম দুই জন লেবারর মজুরির সমান। য়িবারে মুক্ত গরি দিলে তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারার বেক কিছুতই রহমত গরিবো।

ফশুর ফইল্যা মদ্যা-বাইচ্যা সম্যন্দে নিয়ম

19 "তোঁয়ারার গরু-ভেরা আর সঅলর ফত্যিউয়া ফইল্যা মদ্যা বাইচ্যা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে আলিদা গরি রাকিবা। তোঁয়ারার গরুর ফইল্যা বাইচ্যারে হামত নঅ লাগাইবা আর সঅল ও ভেরার ফইল্যা বাইচ্যার কেশ নঅ হাডিবা।

20 তোঁয়ারার মাবুদ আল্লাহ্র বাছি লোআ জাগাত ফত্যি বছর তোঁয়ারা তোঁয়ারার ফরিবার লইয়েনে তেঁইর সাম্নদি য়েগিনর গোস্ত হ্যাইবা।

21 কিন্তু য়েই ফশুগিনর হনঅগানর যুদি হনঅ খুঁত থাকে, মানি যুদি য়িয়ান লেংগা বা আঁধা বা য়িয়ানর গাআত আর হনঅ বড় রহমর দোষ থাকে, তইলে য়িয়ান তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে হোরবানি নঅ দিবা।

22 য়িয়ান তোঁয়ারা নিজরার জাগাতই হ্যাইবা। ফাক-নাফাক যে হনঅ মানুষই য়িয়ান কিস্নসার বা অরিনর গোস্তর মতনই হ্যাইত্ ফারিবো।

23 কিন্তু তোঁয়ারা য়িয়ানর রক্ত নঅ হ্যাইবা; ফানির মতন গরিয়েনে য়েগিন মেডিত ঢালি দিবা।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 16

উদ্যার ইদর বিষয়ে আবার আলোচানা

1 আবিব মাসত তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে তোঁয়ারা উদ্যার ইদ ফালন গরিবা। এই আবিব মাসতই একদিন রাতিয়া তেঁই মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরিয়েনে আইন্যেল।

2 নিজরে জাহির গরিবার লাই মাবুদ তেঁইর থাকিবার জাগা ইসাবে যে জাগাগান বাছি লইবো, য়েডে তোঁয়ারা তোঁয়ারার গরু বা সঅল-ভেরার ঝাঁকর ত্যুন ফশু লইয়েনে তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে উদ্যার ইদর হোরবানি দিবা।

3 য়েই ফশুর গোস্ত তোঁয়ারা ইষ্ট দেয়া রুটির লগে নঅ হ্যাইবা। সাত দিন ধরিয়েনে তোঁয়ারার দুক্য স্মরন গরাইন্যা ইষ্ট ছারা রুটি হ্যঅন ফরিবো, হারন ডরে তারাহুরা গরিয়েনে তোঁয়ারা মিসর দেশ ছারিয়েনে চলি আস্যিলা। এন্ গরিয়েনে মিসর দেশর ত্যুন বাইর অই আইবার হতা তোঁয়ারার ত্যুন সারা জিবন মনত থাকিবো।

4 এই সাত দিন গোডা দেশত তোঁয়ারার মইধ্যে যেন্ ইষ্ট দেয়া হনঅ কিছ্যু ফাআ নঅ যাআ। ইদর ফইল্যা দিনর আঁজুইন্যা তোঁয়ারা যে গোস্ত হোরবানি দিবা য়েগিন যেন্ ফজর ফইয্যন্ত ফরি নঅ থাকে।

5 তোঁয়ারার মাবুদ আল্লাহ্র দেয়া আর হনঅ শঅরত তোঁয়ারা উদ্যার ইদর ফশু হোরবানি নঅ দিবা;

6 যে জাগাগান তেঁই নিজরে জাহির গরিবার লাই তেঁইর থাকিবার জাগা ইসাবে বাছি লইবো হ্যালি য়েডেই য়েগিন হোরবানি দিবা। যে দিন তোঁয়ারা মিসর দেশর ত্যুন বাইর অইয়েনে আইস্যো ফত্যি বছরর য়েই দিনত সুয্য ডুফিবার সমত আঁজুইন্যা উদ্যার ইদর ফশু হোরবানি দিবা।

7 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে জাগাগান বাছি লইবো য়েডেই তোঁয়ারা য়েই গোস্ত রাঁদিয়েনে হ্যাইবা। তার ফরর দিন বেইন্যা তোঁয়ারা তোঁয়ারার ঘরত ফিরি যাইবা।

8 ছঅ দিন ধরিয়েনে তোঁয়ারা ইষ্ট ছারা রুটি হ্যাইবা আর সাত দিনর দিন তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে শেষ দিনর মিলন মাহ্ফিলর আয়োজন গরিবা আর য়েই দিন হনঅ হাম নঅ গরিবা।

সাত সাফ্তার ইদর বিষয়ে আবার আলোচানা

9 “মাঢর ফসল হাডা শুরু গরার ত্যুন তোঁয়ারা গনিয়েনে সাত্যুয়া সাফ্তা বাদ দিবা।

10 তার বাদে তোঁয়ারা নিজরার ইচ্ছায় গরা হোরবানি দিয়েনে তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র উদ্যেশ্যে সাত সাফ্‌তার ইদ ফালন গরিবা। তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে যে ফরিমানে রহমত গইজ্যে য়িযান বুঝিয়েনে তোঁয়ারা এই হোরবানির জিনিস দিবা।

11 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ নিজরে জাহির গরিবার লাই তেঁইর থাকিবার জাগা ইসাবে যে জাগাগান বাছি লইবো য়েডে তেঁইর সাম্‌নদি তোঁয়ারা, তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন, তোঁয়ারার গোলাম ও বাঁদিগিন, আর তোঁয়ারার মইধ্যে থাকা লেবিয়গিন, বিদেশি বাসিন্দাগিন, এতিম ফোয়ামাইয়্যাগিন আর রারিগিন-তোঁয়ারা বেক্যিনে আনন্দ গরিবা।

12 মিসর দেশত তোঁয়ারাঅ দে গোলাম আছিলা য়েই হতাগান মনত রাকিয়েনে তোঁয়ারা এই নিয়মগিন যত্ন গরিয়েনে ফালন গরিবা।

কুরে ঘরর ইদর বিষয়ে আবার আলোচানা

13 "তোঁয়ারার হ্যামার আর আংগুর মারাই গরিবার জাগা ত্যুন বেক কিছু তুলি রাকিবার ফরদি সাত দিন তোঁয়ারা কুরে ঘরর ইদ ফালন গরিবা।

14 তোঁয়ারা, তোঁয়ারার ফোয়ামাইয়্যাগিন, তোঁয়ারার গোলাম আর বাঁদিগিন ও তোঁয়ারার মইধ্যে থাকা লেবিয়গিন, বিদেশি বাসিন্দাগিন, এতিম ফোয়ামাইয়্যাগিন আর রারিগিন — তোঁয়ারা বেক্যিনে এই ফরবত আনন্দ গরিবা।

15 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ যে জাগা বাছি লইবো য়েডেই তোঁয়ারা তেঁইর উদ্যেশ্যে সাত দিন ধরিয়েনে এই ইদ ফালন গরিবা, হারন তোঁয়ারার তুলা বেক ফসল আর বেক হামত তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে রহমত গরিবো আর তোঁয়ারার আনন্দ ফুরন অইবো।

16 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র বাছি লোআ জাগাত বছরে তিনবার, মানি ইষ্টছারা রুটির ইদর সমত, সাত সাফ্‌তার ইদর সমত আর কুরে ঘরর ইদর সমত তোঁয়ারার বেক মরতফোয়াঅক্যলর ত্যুন মাবুদর সাম্‌নদি আজির অঅন ফরিবো। কেউ যেন্‌ হ্যালি আতে মাবুদর সাম্‌নদি আজির নঅ অঅ।

17 তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে যে ফরিমানে রহমত গইজ্যে য়িয়ান বুঝিয়েনে তোঁয়ারার ফত্যিজনেই যেন্‌ কিছু নঅ কিছু লই আইয়্যে।

বিচারক বঅাল

18 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে যেতাক্যিন গেরাম আর শঅর দিতো যাআর য়িয়ানর ফত্যিউয়াত ফত্যি গুষ্টির লাই তোঁয়ারা বিচারক আর হর্‌মচারি নিযুক্ত গরিবা। য়িতারা নিয়াইমতন মানুষঅক্যলর বিচার গরিবো।

19 তোঁয়ারা অন্যায় বিচার নঅ গরিবা বা কেউঅর ফক্য নঅ লইবা। তোঁয়ারা ঘুষ নঅ লইবা, হারন ঘুষ গেয়ানিঅক্যলর চোগ আঁধা গরি দেঅ আর নিদ্যোষ মানুষঅক্যলর হতাত ফেঁচ লাগাই দেঅ।

20 যে দেশগান তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে দেএর, তোঁয়ারা যেন্ বাঁচি থাকিয়েনে য়িয়ান ভোগ-দহল গরিত্ ফার তার লাই তোঁয়ারা হ্যালি নিয়াইঅরেই মানি চলিবা।

দেব-দেবির ফুজার বিরুদ্যে নিয়ম

21-22 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে তোঁয়ারা যে হোরবানগাহ্ বানাইবা য়িয়ানর চাইরো ফাশদি ফুজা গরিবার লাই গাছর আশেরা খুইট্যা নঅ গাতিবা বা হনঅ ফাত্যোরঅ থিয়া নঅ গরাইবা, হারন তোঁয়ারার মাবুদ আল্লাহ্ এগিন ঘিনা গরে।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 17

1 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে তোঁয়ারা এন্ হনঅ গরু বা সঅল বা ভেরা হোরবানি নঅ দিবা যিয়ানর হনঅ খুঁত বা দোষ আছে, হারন তেঁই য়েগিন ঘিনা গরে।

2 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্র দেয়া গেরাম বা শঅরগিনর হনঅগানত অঅত দেহ্যা যাইবো দে, তোঁয়ারার মইধ্যের হনঅ মরতফোয়া বা মাইয়্যাফোয়া তোঁয়ারার মাবুদ আল্লাহ্র দেয়া বেবস্তা অমাইন্য গরিয়েনে তেঁইর চোগত যেগিন হ্যারাফ য়েগিন গইজ্যে।

3 য়িবা অঅত আঁর উকুমর বিরুদ্যে যাইয়েনে দেব-দেবির সেবা গরের আর য়েই দেব-দেবিগিন বা সুয্য, চান বা তারাগিনর ফুজা গরের।

4 যুদি এগিন বেক্যিন তোঁয়ারারে জানানো অঅ, তইলে তোঁয়ারা য়েগিন ভালা গরিয়েনে তদন্ত গরিয়েনে চাইবা। যুদি য়েগিন আঁছা অঅ আর এইল্যা ঘিনার হাম বনি-ইসরাইলঅক্যলর মইধ্যে গরা অইয়্যে বুলিয়েনে ফরমান অঅ,

5 তইলে যে মরতফোয়া বা মাইয়্যাফোয়া এইল্যা জঘইন্য হাম গইজ্যে তোঁয়ারা য়িবারে গেরাম বা শঅরর সদর দরজার হাছে নিয়েনে ফাত্যোর মারিয়েনে মারি ফেলিবা।

6 হনঅ মানুষরে মারি ফেলন ফরিলে দুই বা তিন জন সাক্যির হতার উঅর ভরসা গরিয়েনে য়িয়ান গরন ফরিবো; হ্যালি এক জন সাক্যির হতার উঅর ভরসা গরিয়েনে য়িয়ান গরন সইল্তো নঅ।

7 য়েই মানুষ্যারে মারি ফেলিবার লাই সাক্যিগিনেই ফইল্যা ফাত্যোর মারিবো, তার ফর মারিবো অইন্যাইন্য বেক মানুষগিনে। এন্ গরিয়েনে তোঁয়ারা তোঁয়ারার মইধ্য ত্যুন য়েই হ্যারাফি শেষ গরি দিবা।

জটিল বিচার সম্যন্দে নিয়ম

8 "যুদি এন্ হতাক্যিন মামলা তোঁয়ারার আদালতত আইয়্যে যেগিনর বিচার গরা তোঁয়ারার ফক্যে হোটিন অই থিয়া-য়িয়ান রক্তফাতর লাইই অক বা হইজ্যা-ঝগরার লাইই অক বা আঘাতর লাইই অক-তইলে য়েই মামলা লইয়েনে মাবুদর বাছি লোআ জাগাত তোঁয়ারার ত্যুন যঅন ফরিবো।

9 তোঁয়ারা তহন য়েই সময়অর বিচারক আর লেবিয়অক্যলর মইধ্যে যারা ইমাম য়িতারার হাছে
যাইবা। তোঁয়ারা বিষয়গান য়িতারারে বুঝাইয়েনে হইবা আর য়িতারাই তোঁয়ারার য়েই বিচারর
রাই দিবো।

10 মাবুদর বাছি লোআ জাগগানত য়িতারা তোঁয়ারার হাছে যে রাই জানাইবো তোঁয়ারা য়েগিন
হামত লাগাইবা। কিন্তু সাবধান, য়িতারা তোঁয়ারারে যেগিন যেগিন গইত্যো হইবো য়েগিনর
হনগানই তোঁয়ারা বাদ নঅ দিবা।

11 য়িতারা শরিয়ত সম্যন্দে তোঁয়ারারে যেগিন শিক্যা দিবো আর যে রাই দিবো য়েই মতনই
তোঁয়ারা হাম গরিবা। য়িতারা তোঁয়ারারে যেগিন গইত্যো হইবো তোঁয়ারা ঠিগ য়েগিনই গরিবা,
ইক্যা উইক্যা নঅ গরিবা।

12 যুদি হনঅ মানুষ অহংকারর বশে য়েই বিচারকর হতা বা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র খেদমতহারি
য়েই ইমামর হতা উইন্‌তো রাজি নঅ অঅ, তইলে য়িবারে নিচ্যয়ই মারি ফেলন ফরিবো। তোঁয়ারা
বনি-ইসরাইলঅক্যলর মইধ্য ত্যুন এইল্যা হ্যারাফি শেষ গরি দিবা।

13 তইলে বেক মানুষ য়েই হতা উনিয়েনে ডরাইবো আর এইল্যা অহংকারর ভাব আর দেহ্যাইতো
নঅ।

বাদশার লাই হয়েক্যান বিশেষ নিয়ম

14 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ যে দেশগান তোঁয়ারারে দিতো যাআর য়েডে যাইয়েনে য়িয়ান দহল
গরিয়েনে যহন তোঁয়ারা য়েডে থাইক্‌তা লাগিবা আর হইবা, 'আঁরার আশফাশর জাতিগিনর মতন
আইয়্যো, আঁরা আঁরার লাই একজনরে বাদশা ইসাবে বাছি লই,'

15 তহন তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ যিবারে ঠিগ গরি দিবো য়িবারেই তোঁয়ারা তোঁয়ারার বাদশা
বানাইবা। য়িবা যেন্‌ তোঁয়ারার ইসরাইলিয় ভাইঅক্যলর মইধ্যে এক জন অঅ। যিবা তোঁয়ারার
ইসরাইলিয় ভাই নঅঅ এন্‌ বিন্য জাতির হনঅ মানুষরে তোঁয়ারার বাদশা নঅ বানাইবা।

16 য়েই বাদশা যেন্‌ নিজর লাই বউত ঘোড়া জোগাড় গরিবার মিক্যা মন নঅ দেএ আর তার ফরদি
আরো ঘোড়া জোগাড় গরিবার লাই বনি-ইসরাইলঅক্যলরে মিসর দেশত নঅ ফাটাআ, হারন মাবুদ
তোঁয়ারারে হইয়্যে, 'তোঁয়ারা য়েই ফথত আর ফিরি নঅ যাইবা।'

17 য়িবা যেন্‌ বউত বিয়া নঅ গরে; য়িযানে য়িবার মন বিফথত যাইবো। য়িবা যেন্‌ নিজর লাই
অতিরিক্ত সোনা আর রুফা জমা নঅ গরে।

18 "লেবিয়অক্যলর মইধ্যে যারা ইমাম য়িতারার হাছে শরিয়তর যে কিতাব আছে সিংহাসনত
বোইবার সমত য়িবার ত্যুন য়েই কিতাবর ত্যুন য়িবার নিজর লাই বেক শরিয়ত উগ্যয়া বইয়ত
লেকি লঅন ফরিবো।

19 য়িয়ান য়িবার হাছেই থাকিবো আর সারা জিবন য়িবার ত্যুন য়িযান ফরন ফরিবো যেন্‌ য়িবা
য়িবার মাবুদ আল্লাহ্‌রে ডরাইতো শিকে আর এই শরিয়ত ও নিয়মর হতাগিন মানি চলে।

20 এই হারনে অইন্যাইন্য ইসরাইলিয় ভাইঅক্যলর ত্যুন নিজরে উঁর গরিয়েনে চাইবার ভাব তেঁইর
মনত আইস্‌তো নঅ আর শরিয়তর ত্যুন য়িবা ইক্যা উইক্যা সরি যাইতো নঅ। ইয়ানত য়িবা ও
য়িবার বংশধরগিন বনি-ইসরাইলঅক্যলর উঅর বউত দিন রাজত্য গরিত্‌ ফারিবো।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 18

ইমাম আর লেবিয়অক্যলর লাই দান

1 "লেবিয় ইমামঅক্যল আর লেবিয় গুষ্টির অইন্যাইন্য মানুষগিন বাকি বনি-ইসরাইলঅক্যলর মতন
হনঅ জাগা-জমি বা সম্‌বত্যি ফাইতো নঅ। মাবুদর উদ্যেশ্যে আগুনত দেয়া-হোরবানির লাই
যেতাক্যিন জিনিস আনা অইবো আর মাবুদরে যা কিছু দেয়া অইবো য়েগিনই য়িতারা হ্যাইবো।

2 ইসরাইলিয় ভাইঅক্যলর মইধ্যে য়িতারার সম্‌বত্যি বুলিয়েনে কিছ্যু থাইক্‌তো নঅ। মাবুদর
ওয়াদা মতন মাবুদই অইবো য়িতারার সম্‌বত্যি।

3 "মানুষঅক্যলে যেতাক্যিন গরু-সঅল-ভেরা হোরবানি দিবো য়েগিনর ঘেঁড়ি, চোয়ালর গোস্ত আর
ভট (ফেট/ওজোরি) য়িতারা ইমামরে দিবো; এগিন অইবো ইমামর ফাওনা।

4 তোঁয়ারার ফইল্যা তোলা ফসল, নয়া আংগুর রস আর তেল ও সঅল-ভেরার গাআ ত্যুন
ফইল্যাবার হাড়ি লোয়া কেঁশ তোঁয়ারা ইমামরে দিবা,

5 হারন তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারার বেক গুষ্টির মইধ্য ত্যুন লেবিয়অক্যলরে আর য়িতারার
বংশধরঅক্যলরে বাছি লইয়্যে, যেন্‌ য়িতারা অক্যল সমত মাবুদর নামে এবাদত হাম গরিত্‌ ফারে।

6 "ইসরাইলিঅক্যলর দেশর হনঅ লেবিয় যুদি য়িবার থাকিবার জাগা ছারিয়েনে আঁছা আছাঁ ইছ্যা
লইয়েনে মাবুদর বাছি লোআ জাগানত যাআ,

7 তইলে অইন্যাইন্য লেবিয় ভাইঅক্যলর মতন য়িবাঅ য়েডে য়িবার মাবুদ আল্লাহ্‌র নামে এবাদত
হাম গরিত্‌ ফারিবো।

8 য়িবার বাবার রাকি যঅন জিনিসপত্র বেচিয়েনে টিয়া ফাইলেঅ য়েডিয়ার লেবিয়অক্যলর লগে
য়িবা সমান ভাগর অধিকারি অইবো।

মাবুদর চোগে যে হামগিন জঘইন্য

9 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে দেশ দিতো যাআর য়েডে যাইয়েনে য়েডিয়ার জাতিগিন যে
জঘইন্য হামগিন গরে তোঁয়ারা য়েগিন গইত্যে নঅ শিকিবা।

10 তোঁয়ারার মইধ্যে যেন্‌ এন্‌ হনঅ মানুষ নঅ থাকে যিবা য়িবার নিজর ফোয়াছারে আগুনত
ফোড়াইয়েনে হোরবানি গরে, যিবা গনাফরা গরে বা মায়াবিদ্যা হ্যাডা বা লক্যন দেকিয়েনে
ভবিষ্যতর হতা হঅ, যিবা যাদু গরে,

11 যিবা মন্ত্রতন্ত্র হ্যাডা, যিবা ভুতর মাইধ্যম অঅ, যিবা ভুতর লগে সম্যন্দ রাকে আর যিবা মরা
মানুষর লগে যোগাযোগ রাকে।

12 এই হামগিন যিবা গরে মাবুদ য়িবারে জঘইন্য মনে গরে। এই জঘইন্য হামগিনর লাইই তোঁয়ারার মাবুদ আল্লাহ্ য়েই জাতিগিন তোঁয়ারার সাম্নদি ত্যুন দুঁরাই দিবো।

13 তোঁয়ারার মাবুদ আল্লাহ্র সাম্নদি তোঁয়ারার ত্যুন নিদ্যোষ থাকন ফরিবো।

য়েই নবি

14 "তোঁয়ারা যে জাতিগিনরে বেদহল গরিবা য়িতারা মায়াবিদ্যা বেবারহারি আর গনকঅক্যলর হতাত হান দেএ, কিন্তু তোঁয়ারার বেলাত এই বেফারগিনে তোঁয়ারার মাবুদ আল্লাহ্র মানা রইয়্যে।

15 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারার মইধ্য ত্যুন, তোঁয়ারার ভাইঅক্যলর মইধ্য ত্যুনই তোঁয়ারার লাই আঁর মতন একজন নবি থিয়া গরাইবো। য়িবার হতা মতন তোঁয়ারার ত্যুন চলন ফরিবো।

16 তুর ফাআরর হাছে যে দিন তোঁয়ারা বেক্যিনে মাবুদর সাম্নদি জমায়েত অয়্যিলা য়েইদিন তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্র হাছে য়েগিনই চাইয়্যিলা। তোঁয়ারা হইয়্যিলা, 'আর আঁরা আঁরার মাবুদ আল্লাহ্র হতা উইনতে বা এই বিরাট আগুন চাইতাম নঅ চাই; তইলে আঁরা মারা যাইয়্যোম।'

17 "মাবুদ আঁরে হইয়্যেল্, 'য়িতারা ভালাই হইয়্যে।

18 আঁই য়িতারার ভাইঅক্যলর মইধ্য ত্যুন য়িতারার লাই তোঁয়ার মতন একজন নবি থিয়া গরাইয়্যোম। য়িবার মুক দিয়েনেই আঁই আঁর হতা হইয়্যোম, আর আঁই যেগিন হইবার লাই য়িবারে উকুম দিয়োম য়িবা য়েগিনই য়িতারারে হইবো।

19 য়েই নবি আঁর নাম গরিয়েনে যে হতা হইবো কেউ যুদি আঁর য়েই হতা নঅ উনে, তইলে আঁই নিজেই য়েই মানুষরে দায়ি গইজ্যোম।

20 কিন্তু আঁই উকুম নঅ দিয়্যি এন্ হতা যুদি হনঅ নবি আঁর নাম গরিয়েনে হইতো সঅস গরে বা য়িবা যুদি দেব-দেবির নামে হতা হঅ, তইলে য়িবারে মারি ফেলন ফরিবো।'

21 "হনঅ এক্যান হতা সম্যন্দে তোঁয়ারা মনে মনে হইত্ ফার, 'মাবুদ এই হতা হঅর কিনা য়িয়ান আঁরা কেন্ গরিয়েনে জাইন্যোম?'

22 হনঅ নবি যুদি মাবুদর নাম গরিয়েনে হনঅ হতা হঅ আর য়িয়ান যুদি আঁছা নঅ অঅ বা নঅ ঘটে, তইলে বুঝন ফরিবো য়েই হতা মাবুদ নঅঅ হঅ। য়েই নবি দ্যুসঅস গরিয়েনে য়েই হতা হইয়্যে। য়িবারে তোঁয়ারা নঅ ডরাইয়ো।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 19

খুনিগিনর লাই আশ্রয়র শঅর

1 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে দেশ তোঁয়ারারে দহল গরিবার লাই দিবো য়েডিয়ার জাতিঅক্যলরে যহন তেঁই তচনচ গরি ফেলিবো আর তোঁয়ারা য়িতারার বদলে য়িতারার গেরাম বা শঅরত ও বাড়ি ঘরত থাইক্তা লাগিবা,

2-3 তহন সম্বত্যি ইসাবে তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র দেয়া গোডা দেশগান তোঁয়ারা তিন ভাগে ভাগ গরিয়েনে লইবা। য়েগিনর মইধ্য ত্যুন আশ্রয়র শঅর ইসাবে তিন্যুয়া শঅর তোঁয়ারা আলিদা গরিয়েনে লইবা আর য়েডে যাইবার ফথঅ বানাই লইবা। তইলে কেউ যুদি কেউঅর আতত মারা ফরে তইলে যিবা মাইজ্যে য়িবা য়িবার হাছর আশ্রয়র শঅরত ধাই যাইত্‌ ফারিবো।

4 "মনত হনঅ ইংসা নঅ রাকিয়েনে যুদি কেউ অঠাত কেউঅরে মারি ফেলে আর নিজর ফরান বাচাইবার লাই য়িবার হাছর আশ্রয়র শঅরগানত ধাই যাআ তইলে য়িবার সম্যন্দে এই অইল্‌, নিয়ম।

5 ধরি লঅ, একজন মানুষ অইন্য আরেকজনর লগে জংগলত গাছ হাইট্যো গেল্‌। য়েডে গাছ হাইট্যো যাইয়েনে কুরুইল্‌ দিয়েনে হোফ দিবার সমত কুরুইলোর ফলাগান ফস্‌কি যাইয়েনে অইন্য মানুষ্যারে আঘাত গরিল্‌ আর য়েনে য়িবা মারা গেল্‌। এই অবস্তাত য়েই মানুষ্যুয়া য়িবার হাছর আশ্রয়র শঅরগানত যাইয়েনে নিজর ফরান বাচাইত্‌ ফারিবো।

6 য়েইল্যা নঅ অইলে রক্তর শোধ যিবার লইবার হতা য়িবা গোস্যার বশে য়িবারে দুরাইত্‌ ফারে আর আশ্রয়র শঅর হাছে নঅ অইলে য়িবারে মারি ফেলিত্‌ ফারে, যুদিঅ মনত ইংসা লইয়েনে মারি নঅ ফেলে বুলিয়েনে মরন য়িবার ফাওনা শাস্তি নঅঅ।

7 য়িতার লাই আঁই তোঁয়ারার নিজরার লাই তিন্যুয়া শঅর আলিদা গরি রাকিবার উকুম দিইর।

8-9 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌রে মহব্বত গরিবার আর অক্যল সমত য়িবার ফথদি চলিবার এই দে উকুম আঁই আজিয়া তোঁয়ারারে দিইর য়েগিন যুদি তোঁয়ারা যত্ন গরিয়েনে ফালন গর তইলে তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর হাছে সোঅন হ্যাইয়া ওয়াদা মতন তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারার দেশর সিমানা বারাই দিবো আর গোডা দেশগান তোঁয়ারারে দিবো। তহন তোঁয়ারা নিজরার লাই আশ্রয়র শঅর ইসাবে আরো তিন্যুয়া শঅর আলিদা গরিয়েনে রাকিবা।

10 তোঁয়ারা ইয়ান গরিবা যেন্‌ সম্বত্যি ইসাবে যে দেশগান তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ তোঁয়ারারে দিতো যাআর য়েই দেশর উঅর নিদ্যোষ মানুষর রক্তফাত নঅ অঅ আর রক্তফাতর দোষে তোঁয়ারা দুষি নঅ অঅ।

11 "কিন্তু যুদি কেউ ইংসা গরিয়েনে কেউঅরে মারি ফেলিবার লাই ওঁত ফাতিয়েনে বোই থাকে আর য়িবারে হামলা গরিয়েনে মারি ফেলে আর য়িয়ানর ফরদি য়িবার হাছর আশ্রয়র শঅরগানত ধাই যাআ,

12 তইলে য়িবার শঅরর বুরা নেতাগিন মানুষ ফাটাইয়েনে য়েই শঅরর ত্যুন য়িবারে ধরি আনিবো আর রক্তর শোধ যিবার লইবার হতা য়িবার আতত য়িবারে মারি ফেলিবার লাই তুলি দিবো।

13 য়িবারে তোঁয়ারা হনঅ দয়া নঅ দেহ্যাইবা। তোঁয়ারা বনি-ইসরাইলঅক্যলর মইধ্য ত্যুন নিদ্যোষ মানুষর রক্তফাতর দোষ ফুছি ফেলিবা। য়িয়ানত তোঁয়ারার লাই ভালা অইবো।

14 “তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যে দেশগান দহল গরিবার লাই তোঁয়ারারে দিতো যাআর য়েডে
তোঁয়ারার ফুর্বফুরুষঅক্যলর রাকা হনঅ সিমানা-চিন্য তোঁয়ারা নঅ সরাইবা।

সাক্যি সম্যন্দে নিয়ম

15 “যুদি কেউঅর বিরুদ্যে দোষ বা অন্যায় গরিবার নালিশ আনা অঅ, তইলে হ্যালি একজন সাক্যি
থিয়াইলে সইল্তো নঅ; দুই বা তিনজন সাক্যির হতা বাদে হনঅ বিষয় আঁছা বুলি? ফুরুব
(ফরমান) অইত ফাইত্যো নঅ।

16 “যুদি কেউ হোতি গরিবার মনোভাব লইয়েনে কেউঅর বিরুদ্যে হনঅ অন্যায় হামর নালিশ
আনে,

17 তইলে য়েই বেফারে জরিত য়েই দুইজনরে য়েঁত্যিয়ার ইমাম ও বিচারকঅক্যলর হাছে যাইয়েনে
মাবুদর সাম্নদি থিঅন ফরিবো।

18 বিচারকঅক্যলে বেফারগান ভালা গরিয়েনে তদন্ত গরিয়েনে চাইবো। যুদি য়িবা য়িবার
ইসরাইলিয় ভাইঅর বিরুদ্যে মিছা সাক্যি দিবার হারনে মিছাহ্যোর বুলিয়েনে ধরা ফরে,

19 তইলে য়িবা য়িবার ভাইঅর লগে যেইল্যা গইত্যো চাইয়্যেল্ য়েইল্যাই য়িবার লগে গরন ফরিবো।
তোঁয়ারার মইধ্য ত্যুন এই রহমর হ্যারাফি শেষ গরি দঅন ফরিবো।

20 এই হতা উনিয়েনে অইন্য বেক বনি-ইসরাইলগিন ডরাইবো ও এইল্যা অন্যায় আর হনঅ দিনঅ
য়িতারা গইত্যো নঅ।

21 তোঁয়ারা য়িবার লাই হনঅ দয়া নঅ দেহ্যাইবা — জানর বদলে জান, চোগর বদলে চোগ, দাঁতর
বদলে দাঁত, আতর বদলে আত আর ঠেংগর বদলে ঠেং লইবা।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 20

যুদ্যত রঅনা

1 “যুদ্য গইত্যো যাইয়েনে শত্রুর ফক্যে তোঁয়ারার ত্যুন বেশি ঘোড়া, ঘোড়াগাড়ি আর সৈন্যদল
দেকিয়েনে তোঁয়ারা নঅ ডরাইয়্যো, হারন তোঁয়ারার মাবুদ আল্লাহ্, যিবা মিসর দেশর ত্যুন
তোঁয়ারারে বাইর গরিয়েনে আইন্যে তেঁই তোঁয়ারার লগে থাকিবো।

2-3 তোঁয়ারা যুদ্যত বাইর অই যাইবার আগদি ইমাম আগাই আইয়েনে সৈন্যদলরে হইবো, ‘বনি-
ইসরাইলগিন উন, আজিয়া তোঁয়ারা তোঁয়ারার শত্রুঅক্যলর লগে যুদ্য গইত্যা যাইতা লাইগ্যো।
তোঁয়ারা সঅস নঅ আরাইয়্যো; তোঁয়ারা নঅ ডরাইয়্যো বা ডরে ভাগি নঅ ফইজ্যো; শত্রু
দেকিয়েনে যেন্ তোঁয়ারার ত্যুন হাফানি নঅ ধরে।

4 শত্রুঅক্যলর লগে যুদ্য গরিয়েনে তোঁয়ারারে জয়ি গরিবার লাই তোঁয়ারার মাবুদ আল্লাহ্ই
তোঁয়ারার লগে যাআর।’

5 “তার ফর য়িতারার নেতাগিন সৈন্যঅক্যলরে হইবো, ‘তোঁয়ারার মইধ্যে যুদি কেউ নয়া ঘর বানাইয়েনে য়িয়ান ফতিষ্টা নঅ গরি থাকে তইলে য়িবা বাড়িত যক; য়েইল্যা নঅ অইলে য়িবা যুদ্যত মারা গেলে অইন্য কেউ য়েই ঘর ফতিষ্টা গরিবো।

6 কেউ যুদি আংগুর খেত গরিয়েনে য়েগিনর ফল নঅ হ্যাই থাকে তইলে য়িবাঅ বাড়িত যক; য়েইল্যা নঅ অইলে য়িবা যুদ্যত মরি গেলে অইন্য কেউ য়েই খেত ভোগ গরিবো।

7 বিয়ার সম্যন্দর ফরদি যুদি কেউ বিয়া নঅ গরি থাকে তইলে য়িবাঅ বাড়িত যক; য়েইল্যা নঅ অইলে য়িবা যুদ্যত মারা গেলে অইন্য কেউ য়েই মাইয়্যাফোয়ারে বিয়া গরিবো।’

8 য়েই নেতাগিন আরো হইল্, ‘তোঁয়ারার মইধ্যে যুদি কেউ ডরাই থাকে বা সঅস আরাই থাকে, তইলে য়েগিন দেকিয়েনে যেন্ অইন্য ইসরাইলিয় ভাইঅক্যলর মনোবল হ্যারাফ অই নঅ যাআ য়িতার লাই য়িবা বাড়িত ফিরি যক।’

9 সৈন্যঅক্যলর হাছে হতা হোআ শেষ গরিয়েনে নেতাগিন সৈন্যঅক্যলর বিবিন্য দলর উঅরদি য়িতারার সেনাফতি নিযুক্ত লইবো।

10 “তোঁয়ারা হনঅ গেরাম বা শঅর আক্রমন গইত্যো যাইবার আগদি য়েডিয়ার মানুষঅক্যলর হাছে বিনা যুদ্যে অধিনতা মানি লইবার ফস্তাব গরিবা।

11 যুদি য়িয়ানত য়িতারা রাজি অইয়েনে য়িতারার দরজা খুলি দেএ তইলে য়েডিয়ার বেক মানুষগিন তোঁয়ারার অধিন অইবো আর তোঁয়ারার লাই হাম গইত্যে বাইধ্য থাকিবো।

12 কিন্তু য়িতারা যুদি য়েই ফস্তারে রাজি নঅ অইয়েনে তোঁয়ারার বিরুদ্যে যুদ্যত নামে তইলে য়েই জাগা তোঁয়ারা আক্রমন গরিবা।

13 তোঁয়ারার মাবুদ আল্লাহ্ যহন য়েই জাগাগান তোঁয়ারার আতত তুলি দিবো তহন য়েডিয়ার বেক মরতফোয়ারে তোঁয়ারা মারি ফেলিবা

14 কিন্তু মাইয়্যাফোয়া, ফোয়ামাইয়্যা, ফশুর ঝাঁক আর য়েই জাগার অইন্য বেক কিছু তোঁয়ারা লুটর জিনিস ইসাবে নিজরার লাই নিত্ ফারিবা। শত্রুঅক্যলর দেশর ত্যুন লুট গরা যেতাক্যিন জিনিস তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে দিবো য়েগিন তোঁয়ারা ভোগ গরিত্ ফারিবা।

15 যেতাক্যিন শঅর তোঁয়ারার দেশর ত্যুন দুরে আছে, যেগিন তোঁয়ারার হাছর জাতিগিনর শঅর নঅঅ, য়েগিনর লাই তোঁয়ারা এইল্যা গরিবা।

16 কিন্তু তোঁয়ারার মাবুদ আল্লাহ্ সম্বত্যি ইসাবে যে জাতিগিন বেক্যিনর গেরাম আর শঅর তোঁয়ারারে দিতো যাআর য়েডিয়ার কেউঅরেই তোঁয়ারা বাচাই নঅ রাকিবা।

17 তোঁয়ারার মাবুদ আল্লাহ্র উকুম অনুযায়ি তোঁয়ারা হিট্যিয় আমোরিয়, কেনানিয়, ফরিষিয়, হিব্যিয় আর যিবুষিয়অক্যলরে ফুরাফুরি তচনচ গরি ফেলিবা।

18 য়েইল্যা না গরিলে য়িতারা য়িতারার দেব-দেবির ফুজা গরিবার সমত যে জঘইন্য হামগিন গরে য়েগিন তোঁয়ারাঅ শিকিবা আর য়িয়ানে তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌র বিরুদ্যে গুনাহ্‌ গরিবা।

19 "তোঁয়ারা বউত দিন ধরিয়েনে যহন হনঅ গেরাম বা শঅর ঘিরি রাকিয়েনে য়িয়ান দহল গরিবার লাই যুদ্য গইত্যা থাকিবা তহন কুরুইল্‌ দিয়েনে য়েডিয়ার হনঅ গাছ নষ্ট নঅ গরিবা, হারন য়েগিনর ফল তোঁয়ারা হ্যাইত্‌ ফারিবা। য়েগিন তোঁয়ারা হাডি নঅ ফেলিবা। মাঢর য়েই গাছগিন তঅ আর মানুষ নঅঅ দে, য়েগিনর উঅর তোঁয়ারার ত্যুন হামলা গরন ফরিবো।

20 কিন্তু যেগিন ফল-ফুরুটর গাছ নঅঅ বুলি তোঁয়ারার ত্যুন জানা থাকিবো য়েগিন তোঁয়ারা হাডি ফেলিত্‌ ফারিবা আর যে জাগার মানুষগিন তোঁয়ারার লগে যুদ্য গরের য়িতারা আরি নঅ যঅন ফইয্যন্ত য়েই গাছগিন তোঁয়ারা হামলা গরিবার হামত বেবার গরিত্‌ ফারিবা।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 21

অজানা খুনর বেফারে যেগিন গরন ফরিবো

1 "তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ যে দেশ দহল গরিবার লাই তোঁয়ারারে দিতো যাআর য়েডিয়ার হনঅ মাঢত অঅত কেউঅরে খুন অইয়েনে ফরি থাইক্‌তো দেহ্যা যাইত্‌ ফারে, কিন্তু হনে য়িবারে খুন গইজ্যে য়িয়ান জানা নাই।

2 এই অবস্থাত তোঁয়ারার বুরা নেতাগিন আর বিচারকগিনে বাইরে যাইয়েনে য়েই লাশর ত্যুন হাছর গেরাম বা শঅরগিন হত দুরে য়িয়ান মাফি চাইবো।

3 লাশর ত্যুন যে জাগাগান বেক্যিনর ত্যুন হাছে ফরিবো য়েডিয়ার বুরা নেতাঅক্যলর ত্যুন এন্‌ এক্যান মাইয়্যিল্যি গরুর বাইচ্যা লঅন ফরিবো যারে হনঅ দিনঅ হামত লাগানো নঅঅ অঅ আর যিয়ানর হাঁদত হনঅ দিনঅ জোয়াল দেয়া নঅঅ অঅ।

4 যেডে হনঅ দিনঅ চাষ গরা বা বিজ রুয়া নঅঅ অঅ আর যেডে উগ্যয়া দইজ্যা বোই যাআর, গরুর মাইয়্যিল্যি বাইচ্যাউয়ারে য়েন্‌ উগ্যয়া ফাআরর ঢালাত য়িতারার ত্যুন লই যঅন ফরিবো। য়েই ফাআরর ঢালাত য়িতারা গরুর মায়িল্যি বাইচ্যাউয়ার ঘেঁডি ভাঁগি দিবো।

5 তার ফর ইমামঅক্যলে, মানি লেবিয় গুষ্টির মানুষঅক্যলে সাম্‌নদি আগাই যাইবো, হারন এবাদত হাম গরিবার লাই, মাবুদর নামে দোয়া উচ্যারন গরিবার লাই আর হইজ্যা-ঝগড়া ও মাইরধোইরর বিচার গরিবার লাই তোঁয়ারার মাবুদ আল্লাহ্‌ য়িতারারেই বাছি লইয়্যে।

6 তার ফর বেক্যিনর ত্যুন হাছর গেরাম বা শঅরর বুরা নেতাগিন য়েই ঘেঁডি ভাগা গরুর বাইচ্যাউয়ার উঅর য়িতারার আত ধুই ফেলিবো।

7 ইয়ার ফর য়িতারা হইবো, 'এই রক্তফাত আঁরা নিজরা নঅ গরি আর অইতেঅ নঅ দেকি।

8 অ মাবুদ, তোঁয়ার মুক্ত গরা বনি-ইসরাইলঅক্যলরে তুঁই মাফ গর। এই মানুষ্যার রক্তফাতর লাই তুঁই তোঁয়ার বান্দাঅক্যলরে দায়ি নঅ গইজ্যো।' ইয়ানে য়েই রক্তফাতর দোষ মাফ গরা অইবো।

9 এন্ গরিয়েনে তোঁয়ারা নিজরার মইধ্যর ত্যুন নিদ্যোষ মানুষর রক্তফাতর দোষ ফুছি ফেলিত্ ফারিবা, হারন, তহন মাবুদর চোগত যেগিন ভালা য়েগিনই গরা অইবো।

বন্দি মাইয়্যাফোয়ারে বিয়া গরা

10 "শত্রুঅক্যলর লগে যুদ্য গইত্যো যাইয়েনে যহন তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারার আতত য়িতারারে তুলি দিবো আর তোঁয়ারা য়িতারারে বন্দি গরিবা,

11 তহন যুদি য়িতারার মইধ্যর হনঅ সুন্দরি মাইয়্যাফোয়ারে দেকিয়েনে তোঁয়ারার কেউঅর ত্যুন য়িবারে ভালা লাগে তইলে য়িবা য়িবারে বউ ইসাবে হবুল গরিত্ ফারিবো।

12 মাইয়্যাফোয়াউয়ারে য়িবা য়িবার বাড়িত লই যাইবো। তারফর মাইয়্যাফোয়াউয়া য়িবার চুল হামাই ফেলিবো আর নুক হাডি ফেলিবো,

13 আর বন্দি অইবার সমত য়িবার গাআত যেতাক্যিন হঅর-সোর আছিল্ য়েগিন খুলি ফেলিবো। ইয়ারফর য়িবার বাড়িত থাকিয়েনে য়েই মাইয়্যাফোয়াউয়া ফুরা এক মাস য়িবার মা-বাবার লাই শোক গরিবো। তার বাদে য়েই মানুষ্যুয়া য়িবারে বিয়া গরিয়েনে য়িবার জামাই অইবো আর মাইয়্যাফোয়াউয়াঅ য়িবার বউ অইবো।

14 ফরদি যুদি মাইয়্যাফোয়াউয়ার উঅর য়িবা অখুশি অঅ তইলে য়িবারে যেডে ইছ্যা য়েডে যাইতো গই দঅন ফরিবো। য়িবা য়িবারে বেচিত্ ফাইত্যো নঅ বা বাঁদি ইসাবে রাকিত্ ফাইত্যো নঅ, হারন য়িবা য়িবার অসম্যান গইজ্যে।

ফইল্যা ফোয়ার ফাওনা অধিকার

15 "এন্ অইত ফারে দে, এক জন মানুষর দুই জন বউ আছে, আর য়িতারার একজনরেই য়িবা ভালাবাসে অইন্য জনরে নঅঅ। য়িতারার দুই জনরই যুদি মরতফোয়া অঅ আর ফইল্যা ফোয়ার জন্ম অঅ য়েই বউঅর গভর্ত যিবারে য়িবা ভালা নঅ বাসে,

16 তইলে সম্বত্যি উইল গরিয়েনে দিবার সমত যে বউঅরে য়িবা ভালা নঅ বাসে য়িবার ফোয়ারে বাদ দিয়েনে অইন্য বউঅর ফোয়াউয়ারে ফইল্যা ফোয়ার ফাওনা অধিকার দেয়া সইল্তো নঅ, হারন যে বউঅরে য়িবা ভালা নঅ বাসে য়িবার ফোয়াউয়াই আসলে য়িবার ফইল্যা ফোয়া।

17 যে বউঅরে য়িবা ভালা নঅ বাসে য়িবার ফোয়ারে য়িবার সম্বত্যির ত্যুন অইন্য যে হনঅ ফোয়ার ত্যুন দুই গুন ভাগ দিয়েনে য়েই ফোয়াই দে ফইল্যা ফোয়া য়িয়ান য়িবার ত্যুন সিকার গরন ফরিবো। য়েই ফোয়াই য়িবার বাবার ফুরুষ শক্তির ফইল্যা ফল। ফইল্যা ফোয়ার অধিকার য়িবারই ফাওনা।

বিদ্রোয়ি ফোয়া

18 "যুদি কেউঅর ফোয়া একগুইয়্যা আর বিদ্রোয়ি অঅ, যুদি য়িবা কিছ্যুতই মা-বাবার হতা নঅ উনে আর য়িতারার শাসন নঅ মানে,

19 তইলে য়িবার মা-বাবা য়িবারে য়িতারার গেরাম বা শঅরর সদর দরজাত বুরা নেতাঅক্যলর হাছে লই যাইবো।

20 য়িতারা য়েই বুরা নেতাঅক্যলরে হইবো, 'আঁরার এই ফোয়া বউত একগুঁইয়্যা আর বিদ্রোয়ি; য়িবা আঁরারে অগ্রাইহ্য গরিয়েনে চলে। য়িবা মাতাল আর টিঁয়া-ফুইসা উড়াই দেএ।'

21 তহন য়েই জাগার বেক মরতফোয়াগিন য়িবারে ফাত্যোর মারিয়েনে মারি ফেলিবো। এন্ গরিয়েনে তোঁয়ারার মইধ্য ত্যুন য়েই হ্যারাফি শেষ গরি দঅন ফরিবো। য়িয়ানত বনি-ইসরাইলঅক্যলে বেক্যিনে এই হতা উনিয়েনে ডরাইবো।

অইন্যাইন্য নিয়ম

22 "যুদি হনঅ মানুষ মরিবার শাস্তি ফাইবার মতন হনঅ দোষ গরে আর য়িবারে মারি ফেলিয়েনে গাছর লগে টাংগাই রাকা অঅ,

23 তইলে বেইন্যা ফইয্যন্ত য়িবার লাশ গাছত টাংগাই রাকন সইল্তো নঅ। য়েই দিনই য়িবারে দাফন গরি ফেলন ফরিবো, হারন গাছত টাংগাই রাকা মানুষ আল্লাহ্র বদদোয়া ফাওয়া। সম্বত্যি ইসাবে যে দেশগান তোঁয়ারার মাবুদ আল্লাহ্ তোঁয়ারারে দিতো যাআর য়িয়ান তোঁয়ারা নাফাক নঅ গইজ্যো।

তোরাত শরিফ: দিতিয় বিবরন 22

1 "তোঁয়ারার ইসরাইলিয় ভাইঅর হনঅ গরু বা ভেরারে ফথ আরাইয়েনে অইন্য হনঅ মিক্যা যাইতো গই দেকিলে তোঁয়ারা চুব গরিয়েনে বোই নঅ থাইক্যো। তোঁয়ারা নিচ্যয়ই য়িয়ান য়িবার হাছে ফিরাই লই যাইবা।

2 যুদি য়েই ভাই তোঁয়ারার বাড়ির ফাশর কেউ নঅ অঅ বা ভাইউয়া হন্ য়িয়ান যুদি জানা নঅ থাকে, তইলে য়িয়ান তোঁয়ারা লই যাইবা আর য়েই ভাই য়িয়ানর তালাইশে নঅ আইয়্যোন ফইয্যন্ত নিজর বাড়িত রাকি দিবা। য়িবা আইলে ফর য়িয়ান যিবারে ফিরাই দিবা।

3 তোঁয়ারার ভাইঅক্যলর গাধা বা গাআর হঅর বা য়িবার আরাই যঅইন্যা অইন্য কিছু চোগত ফরিলেঅ তোঁয়ারা য়েইল্যা গরিবা, চুব গরিয়েনে বোই নঅ থাকিবা।

16 য়িতারা য়িতারার মাবুদ আল্লাহ্র বেক উকুম তিয়াগ গরিয়েনে নিজরার লাই ছাঁচত্ ফেলিয়েনে দুয়া বাইচ্যা গরুর মুত্যি আর উগ্যুয়া আশেরা খুইট্যা বানাই লইয়্যেল্। য়িতারা আকাশর তারাগিনর ফুজা গইত্যো আর বাল্-দেবতার সেবা গইত্যো।

17 নিজর ফোয়ামাইয়্যাঅক্যলরে য়িতারা আগুনত ফোড়াইয়েনে বলি দিতো। য়িতারা গনাফরার
আর লক্যন দেকিয়েনে ভবিষ্যতর হতা অইবার অইভ্যাস গইত্যো আর মাবুদর চোগে যেগিন
হ্যারাফ য়েই হামগিন গরিবার লাই নিজরারে বিকাই দিয়েনে মাবুদরে রাগাই তুইল্যেল্।

18 হাজেই ইসরাইলর মানুষঅক্যলর উঅর মাবুদ গোস্যা গরিয়েনে তেঁইর সাম্নদির ত্যুন য়িতারারে
দুর গরি দিল্। বাকি আছিল্ হ্যালি এহুদা-গুষ্টি,

19 কিন্তু এহুদা-গুষ্টিঅ য়িতারার মাবুদ আল্লাহ্র উকুম মতন নঅ চলিয়েনে ইসরাইল যেগিন গইত্যো
য়িতারাঅ য়েগিনই গইত্যো লাগিল্।

20 য়িয়ানর লাই মাবুদ বেক বনি-ইসরাইলঅক্যলরেই বাতিল গরি দিল্। তেঁই য়িতারারে হষ্টত
ফেলিল্ আর লুট-ফাট গরইন্যাঅক্যলর আতত্ তুলি দিল্, আর অঅক শেষে নিজর সাম্নদির ত্যুন
য়িতারারে দুর গরি দিল্।

21 মাবুদ দাউদর বংশর ত্যুন যহন ইসরাইলরে ছিরি লইয়েনে আলিদা গরি ফেইল্যেল্ তহন য়িতারা
নবাটর ফোয়া ইয়ারাবিমরে য়িতারার বাদশা বানাইয়্যেল্। ইয়ারাবিম ইসরাইলরে মাবুদর ফথদি
চলার ত্যুন সরাই নিয়েনে য়িতারারে দিই বিরাট গুনাহ্ গরাইয়্যেল্।

22 ইসরাইলর মানুষঅক্যলে ইয়ারাবিমর বেক গুনাহ্র ফথদি সইল্যেল্, য়েগিনর ত্যুন ফিরি নঅঅ
আইয়্যে।

23 শেষদি মাবুদ তেঁইর বেক গোলামঅক্যলরে, মানি নবিঅক্যলর মইধ্য দিয়েনে দেয়া সাবধান বানি
অনুযায়ি তেঁইর সাম্নদির ত্যুন য়িতারারে দুর গরি দিল্। য়িয়ানর লাইই ইসরাইলর মানুষঅক্যলরে
য়িতারার নিজরার দেশর ত্যুন বন্দি গরিয়েনে আশেরিয়া দেশত লই যাআ অইল্, আর আইজঅ
য়িতারা য়েডে আছে।

সামেরিয়াত অইন্যাইন্য মানুষঅক্যলর বসবাস

24 আশেরিয়ার বাদশা ইসরাইলর মানুষঅক্যলর জাগা ফুরন গরিবার লাই বেবিলন, কুথা, অব্যা,
হামা আর সফর্বয়িমর ত্যুন মানুষ আনাইয়েনে সামেরিয়ার শঅর আর গেরামগিনত্ বোয়াই দিল্।
য়িতারা য়েই জাগাগিনত থাইক্তো লাগিল্।

25 য়েডে থাকিবার ফইল্যাদি য়িতারা মাবুদর এবাদত নঅ গইত্যো, য়িয়ানর লাই তেঁই য়িতারার
মইধ্যে সিংহ ফাটাই দিল্। য়েগিনে য়িতারার কিছু মানুষরে মারি ফেলিল্।

26 তহন আশেরিয়ার বাদশার হাছে এই হ্যবর ফাটাআ অইল্, "যে মানুষঅক্যলরে অনে বন্দি
গরিয়েনে সামেরিয়াত থাকিবার লাই ফাটাই দিয়োন য়িতারা নঅ জানে য়েই দেশর আল্লাহ্রে কেন্
গরিয়েনে খুশি গরন ফরে। য়িয়ানর লাই আল্লাহ্ য়িতারার মাঝে সিংহ ফাটাই দিয়্যে আর য়েগিনে
য়িতারারে মারি ফেইল্যে।"

27 তহন আশেরিয়ার বাদশা তেঁইর মানুষঅক্যলরে এই উকুম দিল্, "যে ইমামঅক্যলরে অনরা
সামেরিয়ার ত্যুন বন্দি গরিয়েনে আন্যিলান য়িতারার মইধ্যর ত্যুন একজনরে অনরা য়েডে ফাটাই

দঅন যেন্ য়িবা য়েডে যাইয়েনে থাকে আর য়েই দেশর আল্লাহ্রে কেন্ গরিয়েনে খুশি গরন ফরে য়িয়ান য়িতারারে শিক্যা দেএ।”

28 তহন সামেরিয়ার ত্যুন লই যইন্যা ইমামঅক্যলর মইধ্যর ত্যুন একজন যাইয়েনে বেথেলত্ থাইক্তো লাগিল্ আর তেঁইই য়িতারারে শিক্যা দিল্ কেন্ গরিয়েনে মাবুদর এবাদত গরন ফরে।

29 তঅঅ ফত্যি জাতির মানুষঅক্যলে যে যে গেরামত আর শঅরত থাইক্তো য়েডে নিজর নিজর দেবতা বানাই লইল্ আর সামেরিয়ার মানুষঅক্যলর বানাইন্যা ফুজার উচুল জাগাগিনর বিন্য বিন্য মন্দিরত য়েগিন রাকিল্।

30 এন্ গরিয়েনে বেবিলনর মানুষঅক্যলে বানাইল্ সুক্যোত্-বনোতর মুত্যি, কুথর মানুষঅক্যলে বানাইল্ নের্গলর মুত্যি, হামার মানুষঅক্যলে বানাইল্ অশিমার মুত্যি,

31 অব্যিয়অক্যলে বানাইল্ নিভস ও তর্তকর মুত্যি আর সফর্বয়িঅক্যলে অদ্রম্যেলক ও অনম্যেলক নামর সফর্বয়িমর দেবতাঅক্যলর উদ্যেশ্যে য়িতারার নিজরার ফোয়ামাইয়্যাঅক্যলরে আগুনত ফোড়াইয়েনে বলি দিল্।

32 য়িতারা মাবুদর এবাদত গইত্যো আর ফুজার উচুল জাগার মন্দিরগিনত ফুরোহিতর হাম গরিবার লাই নিজরার মইধ্যর ত্যুন মানুষ নিযুক্ত গরিল্।

33 য়িতারা মাবুদর এবাদত গইত্যো কিন্তু য়েই লগে যে দেশগিনর ত্যুন য়িতারারে লই আনা অইয়্যেল্ য়েই দেশগিনর নিয়ম অনুযায়ি য়িতারা নিজর নিজর দেবতারঅ ফুজা গইত্যো।

34 আইজ ফইয্যন্ত য়িতারা য়েই নিয়ম মানি চলের। য়িতারা আসলে মাবুদর এবাদত নঅ গরে, হারন মাবুদ যে ইয়াকুবর নাম ইসরাইল রাইক্যেল্ য়েই ইয়াকুবর ফোয়াছাঅক্যলর হাছে মাবুদর দেয়া নিয়ম, নিদ্যেশ, আইন আর উকুম য়িতারা মানি নঅ চলে।

35 মাবুদ বনি-ইসরাইলঅক্যলর লাই বেবস্তা এস্তাফন গরিবার সমত য়িতারারে এই উকুম দিয়্যেল্, “তোঁয়ারা হনঅ দেব-দেবির ফুজা নঅ গরিবা বা য়েগিনর হাছে মাথা নিচু নঅ গরিবা, আর য়েগিনর সেবা বায়েগিন উদ্যেশ্যে বলি নঅ দিবা।

36 কিন্তু মাবুদ, যিবা আত বারাইয়েনে মআকুদরতিত্ মিসরর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আইন্যে তোঁয়ারা তেঁইরই এবাদত গরিবা, তেঁইরে সৈদা গরিবা আর তেঁইর উদ্যেশ্যেই অক্যল হোরবানি দিবা।

37 তেঁই যেতাক্যিন নিয়ম, নিদ্যেশ, আইন ও উকুম তোঁয়ারার লাই লেকি দিয়্যেল্ য়েগিন যত্ন গরিয়েনে ফালন গরিবা। তোঁয়ারা দেব-দেবির ফুজা নঅ গরিবা।

38 তোঁয়ারার লাই যে বেবস্তা আঁই এস্তাফন গজ্যি য়েগিন মনত রাইক্যো; হনঅ দেব-দেবির ফুজা তোঁয়ারা নঅ গরিবা,

39 বরং তোঁয়ারার মাবুদ আল্লাহ্রই এবাদত গরিবা। তোঁয়ারার অক্যল শত্রুর আতর ত্যুন তেঁইই তোঁয়ারারে উদ্যার গরিবো।”

40 কিন্তু য়েই জাতিগিনে য়েই হতাত হান নঅ দিয়েনে য়িতারার আগর অইভ্যাস মতনই সইল্‌তো লাগিল্‌।

41 য়িতারা মাবুদর এবাদতঅ গইত্যো আবার য়িতারার দেব-দেবির ফুজাঅ গইত্যো। আইজঅ য়িতারার ফোয়ামাইয়্যা ও নাতিফুতিঅক্যলে য়িতারার ফুর্বফুরুষঅক্যলর মতনই চলের।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 18

এহুদার বাদশা হিষ্কিয়

1 এলার ফোয়া ইসরাইলর বাদশা হোশেয়র রাজত্যর তিতিয় বছরত এহুদার বাদশা আহসর ফোয়া হিষ্কিয় রাজত্য গইত্যো শুরু গরিল্‌।

2 তেঁই ফোঁছিশ বছর বয়সত বাদশা অইয়্যেল্‌ আর উন্‌তিরিশ বছর জেরুজালেমত রাজত্য গইজ্যেল্‌। তেঁইর মাআর নাম আছিল্‌ অবি। তেঁই আছিল্‌ জাকারিয়ার মাইয়্যা।

3 হিষ্কিয় তেঁইর ফুর্বফুরুষ দাউদর মতনই মাবুদর চোগে যেগিন ভালা য়েগিনই গইত্যো।

4 তেঁই ফুজার উচুল জাগাগিন তচনচ গরিল্‌, ফুজার ফাত্যোরগিন চুরমার গরিল্‌ আর আশেরা খুইট্যাগিন হাডি ফেলিল্‌। মুসার বানাইন্যা ব্রোন্জর আঁফগান তেঁই ভাঁগিয়েনে টুঁরা টুঁরা গরিল্‌, হারন বনি-ইসরাইলঅক্যলে য়েই সময় ফইয্যন্ত য়েই আঁফর উদ্যেশ্যে ধুফ জলাইতো আছিল্‌। ব্রোন্জর আঁফগানর নাম আছিল্‌ নহুষ্টন।

5 হিষ্কিয় ইসরাইলর মাবুদ আল্লাহ্‌র উঅর ভরসা গইত্যো। তেঁইর আগদি বা ফরদি এহুদার বাদশাঅক্যলর মাঝে তেঁইর মতন আর কেউ নঅ আছিল্‌।

6 মাবুদরে তেঁই বেরাই ধরি রাইক্যেল্‌ আর অক্যল সমত তেঁইর ফথদিই সইল্‌তো। মাবুদ মুসারে যে উকুমগিন দিয়্যেল্‌ য়েগিন তেঁই ফালন গইত্যো।

7 মাবুদ তেঁইর লগে লগে থাইক্‌তো। তেঁই যে হনঅ হাম গইত্যো য়িয়ানত সফল অইতো। আশেরিয়ার বাদশার বিরুদ্যে বিদ্রোও গরিয়েনে তেঁই তেঁইর অধিনতা অসিকার গরিল্‌।

8 গাজা আর য়িয়ানর বেক এলাহার মইধ্যে যে জাগাগিনত ফিলিস্তিনিঅক্যলে থাইক্‌তো তেঁই য়িতারারে আক্রমন গরিয়েনে আআরাই দিল্‌।

9 বাদশা হিষ্কিয়র রাজত্যর চাইর বছরত, মানি এলার ফোয়া ইসরাইলর বাদশা হোশেয়র রাজত্যর সাত লম্বর বছরত আশেরিয়ার বাদশা শালমানেসার সামেরিয়ার বিরুদ্যে যুদ্য গইত্যো আইয়েনে শঅরগান ঘেরাও গরি রাকিল্‌।

10 তিন বছর ঘেরাও গরি রাকিবার ফর হিষ্কিয়র রাজত্যর ছঅ বছরত আর ইসরাইলর বাদশা হোশেয়র রাজত্যর নঅ বছরত আশেরিয়অক্যলে সামেরিয়া দহল গরি লইল্‌।

11 আশেরিয়ার বাদশা ইসরাইলর মানুষঅক্যলরে বন্দি গরিয়েনে আশেরিয়াত লই গেল্ আর হলহত্,
হাবোর দইজ্যার ধারত গোষন এলাহাত আর মিডিয়অক্যলর শঅরগিনত য়িতারারে থাইক্তো
দিল্।

12 এগিন ঘইট্যেল্, হারন য়িতারার মাবুদ আল্লাহ্র কালাম য়িতারা ফালন নঅঅ গরে, বরং তেঁইর
বেবস্তা, মানি মাবুদর গোলাম মুসার বেক উকুম য়িতারা অমাইন্য গইজ্যেল্। য়েই উকুমগিনর
হতাত য়িতারা হান নঅঅ দেএ আর য়েগিন ফালনঅ নঅঅ গরে।

13 বাদশা হিষ্কিয়র রাজত্যর সৈদ্য বছরর সমত আশেরিয়ার বাদশা সন্হেরিব এহুদার বেক দেবাল-
ঘেরা শঅরগিন হামলা গরিয়েনে য়েগিন দহল গরি লইল্।

14 তহন এহুদার বাদশা হিষ্কিয় লাখিশত্ আশেরিয়ার বাদশারে এই হতা হই ফাটাইল্, "আঁই অন্যায়
গজ্যি। অনে ফিরি যঅন। অনে আঁর হাছে যেগিন দাবি গরিবান আঁই য়েগিনই দিয়োম।" ইয়ানত
আশেরিয়ার বাদশা এহুদার বাদশা হিষ্কিয়র হাছর ত্যুন অনুমান বারো টন রুফা ও এক টনর কিছু
বেশি সোনা দাবি গরিল্।

15 হাজেই হিষ্কিয় মাবুদর ঘরত ও রাজবাড়ির ভান্ডারগিনত যেত রুফা আছিল্ বেক্যিনই তেঁইরে
দিল্।

16 এহুদার বাদশা হিষ্কিয় মাবুদর ঘরর দরজা ও দরজার চোহ্যাট যে সোনা দিয়েনে মোরাইয়্যেল্ এই
সমত তেঁই য়েগিন খুলি নিয়েনে আশেরিয়ার বাদশারে দিল্।

সন্হেরিব জেরুজালেমরে ডর দেহ্যাইল্

17 আশেরিয়ার বাদশা লাখিশর ত্যুন তর্তনরে, রব্সারিসরে ও রব্শাকিরে বিরাট এক দল সৈন্য
দিয়েনে জেরুজালেমর বাদশা হিষ্কিয়র হাছে ফাটাই দিল্। য়িতারা জেরুজালেমত আইয়েনে ধোফার
মাঢর রাস্তার ধারত্ উচুল জাগার ফইরর লগে লাগাইন্যা ফানির নালার হাছে থামিল্।

18 য়িতারা বাদশারে ডাকিলে ফর রাজবাড়ির ফরিচালক হিল্কিয়র ফোয়া ইলিয়াকিম, বাদশার
লেহ্যক শিব্ন আর ইতিআঁস লেহ্যক আসফর ফোয়া যোয়াহ বাইর অইয়েনে য়িতারার হাছে গেল্।

19 তহন রব্শাকি য়িতারারে হইল্, "অনরা হিষ্কিয়রে এই হতা হঅন দে, য়েই উঁর বাদশা, মানি
আশেরিয়ার বাদশা হঅর, 'তুঁই কিঅর উঅর ভরসা গইত্যা লাইগ্যো?

20 তুঁই হইতা লাইগ্যো তোঁয়ার যুদ্য গরিবার বুদ্যি ও শক্তি আছে, কিন্তু য়েগিন তোঁয়ার ফাকা বুলি।
হঅ চাই, তুঁই হার উঅর ভরসা গরিয়েনে আঁর বিরুদ্যে বিদ্রোও গইত্যা লাইগ্যো?

21 তুঁই তঅ ভরসা গইত্যা লাইগ্যো য়েই থেত্লাই যইন্যা নল, মানি মিসরর উঅর। যিবা য়েই নলর
উঅর ভরসা গরিবো য়িয়ান য়িবার আত ফুটা গরি দিবো। মিসরর বাদশা ফেরাউনর উঅর যারা
ভরসা গরে য়িতারার লগে য়িবা য়েইল্যাই গরে।'

22 কিন্তু অনরা যুদি আঁরে হঅন দে, অনরা অনরার মাবুদ আল্লাহ্র উঅর ভরসা গইত্যা লাইগ্যোন,
তইলে তেঁই কি য়েই আল্লাহ্ নঅঅ যিবার এবাদতর উচুল জাগা ও হোরবানগাহ্গিন হিষ্কিয় তচনচ

গইজ্যে আর এহুদা ও জেরুজালেমর মানুষঅক্যলরে হইয়্যে জেরুজালেমর এই হোরবানগাহ্র সাম্নদি য়িতারার ত্যুন এবাদত গরন ফরিবো?”

23 “অনরা আঁর অইয়েনে অনরার বাদশারে আরো হঅন, ‘অনে যুদি ফারন তইলে আঁর মালিক আশেরিয়ার বাদশার লগে এই বাজি ধরন দে, আঁই অনরে দুই আজার ঘোড়া দিয়োম যুদি অনে য়েগিনত চড়িবার লাই মানুষ দিত্ ফারন।

24 যুদি য়েগিনই দিত্ নঅ ফারন তইলে আঁর মালিকর হর্মচারিঅক্যলর মইধ্যে যিবা ছোড য়িবারেই বা অনে কেন্ গরিয়েনে বাধা দিবান, যুদিঅ অনে মিসরর ঘোড়াগাড়ি আর ঘোড়া চলাইন্যাঅক্যলর উঅর ভরসা গইত্যা লাইগ্যোন?

25 য়িয়ান বাদে আঁই কি মাবুদর হাছর ত্যুন অনুমতি নঅ লইয়েনেই এই জাগা হামলা ও তচনচ গইত্যাম আস্যি না? এই দেশর বিরুদ্যে যুদ্য গরিয়েনে য়িয়ান তচনচ গরি ফেইল্তো মাবুদ নিজেই আঁরে হইয়্যে।’ ”

26 তহন হিল্কিয়র ফোয়া ইলিয়াকিম, শিব্ন ও যোয়াহ রব্শাকিরে হইল্, “অনর গোলামঅক্যলর হাছে অনে দয়া গরিয়েনে আরামিয় ভাষাত্ হতা হঅন, হারন আঁরা য়েগিন বুঝিত্ ফারি। দেবালর উঅরর মানুষঅক্যলর সাম্নদি অনে আঁরার লগে হিব্রু ভাষাত্ হতা নঅ হইবান।”

27 কিন্তু রব্শাকি জোয়াবে হইল্, “আঁর মালিক কি হ্যালি অনরার মালিক আর অনরার হাছে এই হতাগিন হইতো আঁরে ফাটাইয়্যে না? দেবালর উঅরদি বোআ য়েই মানুষঅক্যল, যারার অনরারই মতন নিজর নিজর ফেহ্যানা আর ফেশাক হ্যঅন ফরিবো য়িতারার হাছেঅ কি হই নঅঅ ফাটাআ না?”

28 তারফর রব্শাকি খিয়াইয়েনে জোরে জোরে হিব্রু ভাষাত হইল্, “তোঁয়ারা উঁর বাদশা, মানি আশেরিয়ার বাদশার হতা উন।

29 বাদশা হঅর দে, হিল্কিয় যেন্ তোঁয়ারারে নঅ ঠগাআ। য়িবা তেঁইর আতর ত্যুন তোঁয়ারারে রক্যা গরিত্ ফাইত্যো নঅ।

30 হিল্কিয় যেন্ এই হতা হইয়েনে মাবুদর উঅর তোঁয়ারার বিশ্যাস নঅ জন্মাআ দে, ‘মাবুদ নিচ্যয়ই আঁরারে উদ্যার গরিবো; এই শঅর আশেরিয়ার বাদশার আতত্ তুলি দেয়া অইতো নঅ।’”

31 “তোঁয়ারা হিল্কিয়র হতা নঅ উইন্যো। আশেরিয়ার বাদশা হঅর, ‘তোঁয়ারা আঁর লগে বন্ধুত্য গর আর বাইর অইয়েনে আঁর হাছে আইয়্যো। তইলে তোঁয়ারা ফত্যিকে তার নিজর আংগুর আর ডোংগুলা গাছর ত্যুন ফল আর নিজর কুয়ার ত্যুন ফানি হ্যাইত ফারিবা।

32 তারফর আঁই আইয়েনে তোঁয়ারার নিজর দেশর মতন আর এক দেশত্ তোঁয়ারারে লই যাইয়্যোম। য়েই দেশ অইল্ শইস্য আর নয়া আংগুর-রসর দেশ, রুটি আর আংগুর খেতর দেশ, জলফই আর মধুর দেশ। তোঁয়ারা যুদি আঁর হতা মতন হাম গর তইলে তোঁয়ারা মইত্যা নঅ বরং বাঁচিবা। “‘হিল্কিয় যহন হঅ দে, মাবুদ তোঁয়ারারে রক্যা গরিবো, তহন তেঁইর হতা তোঁয়ারা নঅ উইন্যো, হারন য়েই হতা হইয়েনে য়িবা তোঁয়ারারে বিফদত চলার।

33 অইন্যাইন্য জাতির হনঅ দেবতা কি আশেরিয়ার বাদশার আতর ত্যুন য়িবার দেশ রক্যা গরিত্ ফাইজ্যে না?

34 হামা আর অর্ফদর দেবতাগিন হডে? সফর্বয়িম, হেনা ও ইব্যার দেবতাগিন হডে? য়িতারা কি আঁর আতর ত্যুন সামেরিয়ারে রক্যা গরিত্ ফাইজ্যে না?

35 এই দেশগিনর বেক দেব-দেবিগিনর মইধ্যে হনে আঁর আতর ত্যুন নিজর দেশরে রক্যা গইজ্যে? তইলে মাবুদ কেন্ গরিয়েনে আঁর আতর ত্যুন জেরুজালেমরে রক্যা গরিবো?'"

36 কিন্তু মানুষঅক্যলে চুব গরি রইল্, হনঅ জোয়াব নঅ দিল্, হারন বাদশা হিষ্কিয় হনঅ জোয়াব দিতো য়িতারারে মানা গইজ্যেল্।

37 ইয়ার ফর রাজবাড়ির ফরিচালক হিল্কিয়র ফোয়া ইলিয়াকিম, বাদশার লেহ্যক শিব্ন আর ইতিআঁস লেহ্যক আসফর ফোয়া যোয়াহ য়িতারার হঅর ছিরিয়েনে হিষ্কিয়র হাছে গেল্ আর রব্শাকির বেক হতা তেঁইরে জানাইল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 19

জেরুজালেমর রক্যার ভবিষ্যত্বানি

1 বাদশা হিষ্কিয় এই হতা উনিয়েনে নিজর হঅর ছিরিল্ আর ছালার চট ফিঁদিয়েনে মাবুদর ঘরত গেল্।

2 তেঁই রাজবাড়ির ফরিচালক ইলিয়াকিম, বাদশার লেহ্যক শিব্ন আর ইমাম-নেতাঅক্যলরে ছালার চট ফিঁদা অবস্তাত আমোজর ফোয়া নবি ইশাইয়ার হাছে ফাটাই দিল্।

3 য়িতারা ইশাইয়ারে হইল্, "হিষ্কিয় হঅর দে, আজিয়ার দিনগান অইল্ হষ্টর, শাস্তি ফাইবার আর অসম্যানর দিন। আঁরার অবস্তা এন্ অইয়্যে যেন্ ফোয়াছা জন্ম অইবার মুকত্ আইস্যে কিন্তু জন্ম দিবার শক্তি নাই।

4 আশেরিয়ার বাদশা জিন্দা আল্লাহ্রে ঠঁঅশা-বিদ্রুফ গরিবার লাই রব্শাকিরে ফাটাইয়্যে কিন্তু অনর মাবুদ আল্লাহ্ অঅত য়েই হতাগিন উনিয়েনে য়িবারে শাস্তি দিবো। য়িয়ানর লাই যারা এহনঅ বাঁচি আছে য়িতারার লাই অনে মুনাজাত গরন।"

5-6 বাদশা হিষ্কিয়র হর্মচারিঅক্যলে যহন ইশাইয়ার হাছে আইল্ তহন ইশাইয়া য়িতারারে হইল্, "অনরার মালিকরে হইবান দে, মাবুদ হঅর, 'তুঁই যেগিন উইন্যো, মানি আশেরিয়ার বাদশার হর্মচারিঅক্যলে আঁর বিরুদ্যে যে কুফরিগিন গইজ্যে য়িয়ানত তুঁই নঅ ডরাইয়্যো।

7 উন, আঁই য়িবার মইধ্যে এন্ এক্যান মনোভাবর সিষ্টি গইজ্যোম যিয়ানর হারনে য়িবা এক্যান হ্যবর উনিয়েনে নিজর দেশত ফিরি যাইবো আর য়েডে আঁই য়িবারে তলোয়ারর আঘাতে শেষ গরি দিয়োম।'"

8 ফরদি রব্শাকি উনিল্ দে, আশেরিয়ার বাদশা লাখিশ ছারি যাইয়েনে লিব্নার বিরুদ্যে যুদ্য গরের। য়িয়ানর লাই রব্শাকি য়েডে গেল্।

9 আশেরিয়ার বাদশা সন্‌হেরিব হ্যবর ফাইল্ দে, ইথিওফিয়া দেশর বাদশা তির্হক তেঁইর বিরুদ্যে
যুদ্য গরিবার লাই বাইর অইয়্যে। হাজেই তেঁই দুতঅক্যলরে দিয়েনে হিষ্কিয়র হাছে হই ফাটাইল্,

10 "তোঁয়ারা এহুদার বাদশা হিষ্কিয়রে হইবা, 'তুঁই যিবার উঅর ভরসা গরি আছ য়েই আল্লাহ্ হইয়্যে
দে, আশেরিয়ার বাদশার আতত্ জেরুজালেমরে তুলি দেয়া অইতো নঅ। তেঁইর য়েই ছলনার হতাত
তুঁই ভুল নঅ গইজ্যো।

11 আশেরিয়ার বাদশাঅক্যলে কেন্ গরিয়েনে অইন্য বেক দেশ ফুরাফুরি গরিয়েনে তচনচ গরি দিয়্যে
নিচ্যয়ই তুঁই য়িয়ান উইন্যো; তইলে তুঁই কেন্ গরিয়েনে মনে গইত্যা লাইগ্যো তুঁই রক্যা ফাইবা?

12 আঁর ফুর্বফুরুষঅক্যলে যে জাতিগিনরে তচনচ গইজ্যে য়িতারার দেবতাগিনে, মানি গোষন,
হারন, রেত্সফ বা তলঅসরত থাকইন্যা আদনর মানুষঅক্যলর দেবতাগিনে কি য়িতারারে রক্যা
গইজ্যে না?

13 হামার বাদশা, অর্ফদর বাদশা, সফর্বয়িম শঅরর বাদশা বা হেনা ও ইব্যার বাদশা হডে?'"

বাদশা হিষ্কিয়র মুনাজাত

14 হিষ্কিয় মানুষঅক্যলর আতর ত্যুন সিটিগান লইয়েনে ফরিল্। তারফর তেঁই মাবুদর ঘরত
যাইয়েনে মাবুদর সাম্নদি সিটিগান মেলি ধরিল্।

15 হিষ্কিয় মাবুদর হাছে এই মুনাজাত গরিল্, "দুই কারুবির মাঝদি থাকা অঅ ইসরাইলর মাবুদ
আল্লাহ্, তুঁই, একমাত্র তুঁইই দুনিয়ার সমস্ত রাইজ্যর আল্লাহ্। তুঁই আসমান আর জবিন বানাইয়্যো।

16 অঅ মাবুদ, হান দঅ, উন; অঅ মাবুদ, তোঁয়ার চোগ খুল, চঅ; জিন্দা আল্লাহ্রে কুফরি গরিবার
লাই সন্‌হেরিব যে হতা হইয়েনে ফাটাইয়্যে য়িয়ান উন।

17 অঅ মাবুদ, এই হতা আঁসা দে, আশেরিয়ার বাদশাঅক্যলে এই জাতিগিন আর য়িতারার দেশ
তচনচ গইজ্যে।

18 য়িতারার দেবতাগিনরে তারা আগুনত্ ফেলিয়েনে নষ্ট গরি দিয়্যে। য়েগিন তঅ মাবুদ নঅঅ,
মানুষর আতর বানাইন্যা হ্যালি গাছ আর ফাত্যোর মাত্র; য়িয়ানর লাই তারা য়েগিনরে তচনচ
গরিত্ ফাইজ্যে।

19 এহন অঅ আঁরার মাবুদ আল্লাহ্, আশেরিয়ার বাদশার আতর ত্যুন তুঁই আঁরারে রক্যা গর যেন্
দুনিয়ার বেক রাইজ্য জানিত্ ফারে দে, তুঁইই, অঅ আল্লাহ্, হ্যালি তুঁইই মাবুদ।"

হযরত ইশাইয়া (আঃ)-র ভবিষ্যতবানি

20 তহন আমোজর ফোয়া ইশাইয়া হিষ্কিয়র হাছে এই হ্যবর ফাটাইল্ "ইসরাইলর মাবুদ আল্লাহ্ হঅর
দে, আশেরিয়ার বাদশা সন্‌হেরিব সমন্দে অনর মুনাজাত তেঁই উইন্যে।

21 য়িবার বিরুদ্যে মাবুদ হঅর, 'সিয়োন তোঁয়ারে তুছ্য গরিবো আর ঠঁঅশা-বিদ্রুফ গরিবো।
জেরুজালেমর মানুষঅক্যলে তোঁয়ার ফিছদির ত্যুন মাথা লারিবো।

22 তুঁই হারে অসম্যান গইজ্যো? হার বিরুদ্যে কুফরি গইজ্যো? তুঁই হার বিরুদ্যে চিল্যাইতা লাইগ্যো
আর অহংকারর লগে চোগ তুলি চাইয়্যো? ইসরাইলর আল্লাহ্ ফাকর বিরুদ্যেই তুঁই এগিন গইজ্যো।

23 তোঁয়ার মানুষঅক্যলরে দিই তুঁই দ্যিন-দুনিয়ার মালিকরে টিট্কারি দিয়েনে তুঁই হইয়্যো দে,
তোঁয়ার বেক ঘোড়াগাড়ি দিয়েনে ফাআরগিনর মাথাত্, লেবাননর বেক্যিনর ত্যুন উচুল উচুল
ফাআরর মাথাত্ উইট্যো। তুঁই য়িয়ানর বেক্যিনর ত্যুন লাম্বা লাম্বা এরস গাছ আর ভালা ভালা
বেরস গাছ হাডি ফেইল্যো। তুঁই য়িয়ানর গভির বনর সুন্দর জাগাত্ ঢুইক্যো।

24 বিদেশর মেডিত্ মেডিত্ তুঁই কুঁয়া কুইদ্যো আর য়েডিয়ার ফানি হ্যাইয়্যো। তোঁয়ার ঠেং দিয়েনে
তুঁই মিসরর বেক দইজ্যাগিন উয়াই ফেইল্যো।

25 "'তুঁই কি নঅঅ উন দে, বউত আগদিই আঁই য়েগিন ঠিগ গরি রাক্যিলাম? বউত হাল আগদিই
আঁই য়িয়ানর ফরিহল্ফনা গজ্যিলাম? আর এহন আঁই য়েগিন ঘটাইলাম। য়িয়ানর লাইই তঅ তুঁই
দেবাল-ঘেরা শঅরগিন ফাত্যোরর ঢিবি গরিত্ ফাইজ্যো।

26 য়েডিয়ার মানুষঅক্যলে শক্তিহিন অইয়্যে আর বউত ডর ও শরম ফাইয়্যে। য়িতারা খেতর
খেরর মতন জালাই উঢা হোস্যুয়া চারার মতন, ছাদর উঅরদি জালাইন্যা খেরর মতন যেগিন বারি
উঢিবার আগদিই উয়াই যাআ।

27 কিন্তু তুঁই হডে থাক আর হঁত্যে আইয়্যো বা যঅ আর কেন্ গরিয়েনে আঁর বিরুদ্যে রাগি উঢ,
য়িয়ানর বেক্যিনই আঁই জানি।

28 তুঁই আঁর বিরুদ্যে রাগি উইট্যো বুলি আর তোঁয়ার অহংকারর হতা আঁর হানত্ আইস্যে বুলি আঁই
তোঁয়ার নাকত্ আঁর হরা লাগাইয়োম আর তোঁয়ার মুকত্ আঁর লাগাম লাগাইয়্যোম; আর যে ফথ
দিয়েনে তুঁই আইস্যো য়েই ফথদিই ফিরি যাইতো আঁই তোঁয়ারে বাইধ্য গইজ্যোম।'

29 "অঅ হিষ্কিয়, তোঁয়ার লাই চিন্য অইবো এই; এই বছর নিজে নিজে যেগিন জালাইবো তোঁয়ারা
য়েগিনই হ্যাইবা, আর দিতিয় বছরত য়েগিনর ত্যুন যেগিন জালাইবো য়েগিন হ্যাইবা। কিন্তু তিতিয়
বছরত তোঁয়ারা বিজ রুকিবা আর ফসল হাডিবা ও আংগুর খেত গরিয়েনে য়েগিনর ফল হ্যাইবা।

30 এহুদা-গুষ্টির যে মানুষঅক্যলে তহনঅ বাঁচি থাকিবো য়িতারা আর একবার সফল অইবো।
য়িতারা গাছর মতন নিচদি য়িঁওর বোয়াইবো আর উঅরদি ফল ফলাইবো।

31 বাঁচি থাকা মানুষঅক্যলে জেরুজালেমর ত্যুন আইবো, আর সিয়োন ফাআরর ত্যুন আইবো রক্যা
ফাওয়া একদল মানুষ। মাবুদর আগ্রঅই এগিন বেক্যিন গরিবো।"

32 "য়িয়ানর লাই আশেরিয়ার বাদশার বিষয়ে মাবুদ এই হতা হঅর, 'য়িবা এই শঅরত্ ঢুইক্তো নঅ
বা এডে উগ্যুয়া তিরঅ মাইত্যো নঅ। য়িবা ঢাল লইয়েনে ইয়ানর সাম্নদি আইস্তো নঅ বা ঘেরাও
গরিয়েনে ওঢা-নামা গরিবার লাই কিছু বানাইতো নঅ।

33 য়িবা যে ফথদি আইস্যে য়েই ফথদিই ফিরি যাইবো; এই শঅরত্ য়িবা ঢুইক্তো নঅ। আঁই মাবুদ
এই হতা হইর।

34 আঁই আঁর আর আঁর গোলাম দাউদর লাই এই শঅরগান ঘিরি রাকিয়েনে য়িয়ান রক্যা
গইজ্যোম।’”

35 য়েই রাতিয়া মাবুদর ফেরেস্তা বাইর অইয়েনে আশেরিয়অক্যলর ছাউনির এক লাক ফাঁচাশি
আজার মানুষরে মারি ফেলিল্। ফরদিন ফজরত্ মানুষঅক্যলে যহন উঢিল্ তহন দেহ্যা গেল্ বেক
জাগাত্ হ্যালি লাশ।

36 হাজেই আশেরিয়ার বাদশা সন্হেরিব তেঁইর সৈন্যদল লইয়েনে গেল্ গই আর নিনেবে শঅরত্
ফিরি যাইয়েনে য়েডে থাইক্তো লাগিল্।

37 একদিন যহন সন্হেরিব তেঁইর দেবতা নিস্রোকর মন্দিরত ফুজা গইত্যো আছিল্ তহন অদ্রম্যেলক
ও শরেত্সর নামর দুইজন ফোয়া তেঁইরে তলোয়ারর আঘাতে মারি ফেলিয়েনে আরারাত দেশত্ ধাই
গেল্। সন্হেরিবর জাগাত্ তেঁইর ফোয়া এসর-হদ্যোন বাদশা অইল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 20

বাদশা হিষ্কিয়র অসুক

1 য়েই সমত হিষ্কিয় অসুক অইয়েনে মরিবার মতন অইয়্যেল্। তহন আমোজর ফোয়া নবি ইশাইয়া
তেঁইর হাছে যাইয়েনে হইল, “মাবুদ হঅর দে, অনে যেন্ অনর ঘরর বেবস্তা গরি রাকন, হারন অনে
মারা যাইবান, ভালা অইতান নঅ।”

2 এই হতা উনিয়েনে হিষ্কিয় দেবালর মিক্যাদি মুক ফিরাইয়েনে মাবুদর হাছে মুনাজাত গরি হইল্,

3 “অঅ মাবুদ, তুঁই মনত গরি চঅ আঁই তোঁয়ার সাম্নদি কেন্ বিশ্যস্তভাবে ও সমস্ত দিলর ডর
গরিয়েনে চলাফিরা গজ্যি আর তোঁয়ার চোগে যেগিন ঠিগ য়েগিন গজ্যি।” এই হইয়েনে হিষ্কিয় বউত
হাঁইন্তো লাগিল্।

4 ইশাইয়া রাজবাড়ির মাঝদির উঢান ফার অই যাইতে নঅ যাইতেই মাবুদর এই কালাম তেঁইর
উঅর নাজিল্ অইল্,

5 “তুঁই ফিরি যাইয়েনে আঁর বান্দাঅক্যলর নেতা হিষ্কিয়রে হঅ দে, য়িবার ফুর্বফুরুষ দাউদর মাবুদ
আল্লাহ্ এই হতা হঅর, ‘আঁই তোঁয়ার মুনাজাত উন্যি আর তোঁয়ার চোগর ফানি দেক্যি। আঁই
তোঁয়ারে বেরামর ত্যুন ভালা গইজ্যোম। এহনর ত্যুন তিনদিনর দিন তুঁই মাবুদর ঘরত যাইবা।

6 তোঁয়ার অঅয়াত্ আঁই আরো ফুঁদরো বছর বারাই দিলাম। আর আশেরিয়ার বাদশার আতর ত্যুন
আঁই তোঁয়ারে আর এই শঅররে উদ্যার গইজ্যোম। আঁর লাই আর আঁর গোলাম দাউদর লাই আঁই
এই শঅররে রক্যা গইজ্যোম।’ ”

7 ইশাইয়া হইল্, “ডোংগুলার উগ্যয়া চাক্ লই আইয়্যো।” মানুষঅক্যলে য়েগিন আনিয়েনে হিষ্কিয়র
ফোড়ার উঅরদি দিলে তেঁই ভালা অইল্।

8 ইয়ার আগদি হিষ্কিয় ইশাইয়ারে ফুছার গইজ্যেল্, “মাবুদ দে আঁরে বেরামর ত্যুন ভালা গরিবো আর
এহনর ত্যুন তিন দিনর দিন আঁই মাবুদর ঘরত্ যাইত্ ফাইজ্যোম য়িয়ানর চিন্য কি?”

9 জোয়াবে ইশাইয়া হইয়্যেল্, “মাবুদ দে তেঁইর ওয়াদা রক্যা গরিবো য়িয়ানর লাই তেঁই উগ্যয়া চিন্য
দিবো। অনে হঅন, ছায়া কি দশ ধাফ আগাই যাইবো, নাকি দশ ধাফ ফিছাই যাইবো?”

10 হিষ্কিয় হইয়্যেল্, “ছায়া দশ ধাফ আগাই যঅন সুজা বেফার, বরং দশ ধাফ ফিছাই যঅক।”

11 তহন বনি ইশাইয়া মাবুদরে ডাইক্যেল্। য়িয়ানত আহসর সিড়ির ত্যুন ছায়াগান যেত ধাফ লামি
গেইয়্যেল্ মাবুদ য়িয়ানর ত্যুন দশ ধাফ ফিছাই দিয়্যেল্।

বেবিলনর মানুষ

12 এই সমত বলদনর ফোয়া বেবিলনর বাদশা বরোদক্বলদন্ হিষ্কিয়র অসুকর হ্যবর উনিয়েনে
তেঁইর হাছে সিটি আর উফহ্যার ফাটাই দিল্।

13 হিষ্কিয় য়েই মানুষঅক্যলরে হবুল গরিল্ আর তেঁইর ভান্ডাগিনত্ যা কিছু আছিল্, মানি সোনা,
রুফা, হ্যোশ্বু মসল্যা, দামি তেল আর তেঁইর অস্ত্রশস্ত্র ও ধনভান্ডারর বেক কিছু য়িতারারে
দেহ্যাইল্। হিষ্কিয়র রাজবাড়িত্ বা তেঁইর গোডা রাইজ্যত্ এন্ কিছু নঅ আছিল্ যেগিন তেঁই
য়িতারারে নঅঅ দেহ্যাআ।

14 তহন নবি ইশাইয়া বাদশা হিষ্কিয়র হাছে যাইয়েনে ফুছার গরিল্, “য়েই মানুষঅক্যলে কি হইয়্যে,
আর হডের ত্যুনই বা য়িতারা আইস্যেল্?”

হিষ্কিয় হইল্, “য়িতারা দুর দেশর ত্যুন, বেবিলন দেশর ত্যুন আইস্যেল্।”

15 নবি ফুছার গরিল্, “য়িতারা অনর রাজবাড়িত্ কি কি দেইক্যে?”

হিষ্কিয় হইল্, “আঁর রাজবাড়ির বেক কিছুই য়িতারা দেইক্যে। আঁর ধনভান্ডারর এন্ কিছু নাই
যেগিন আঁই য়িতারারে নঅঅ দেহ্যাই।”

16 তহন ইশাইয়া হিষ্কিয়রে হইল্, “মাবুদ যেগিন হঅর য়েগিন অনে উনন্।

17 মাবুদ হঅর, এন্ দিন আইবো যহন অনর রাজবাড়ির বেক কিছু আর অনর ফুর্বফুরুষঅক্যলর
জমাইন্যা যা কিছু আইজ ফইয্যন্ত রইয়্যে বেক্যিনই বেবিলনত্ লই যাআ অইবো, কিছুই ফরি
থাইক্তো নঅ।

18 অনর হয়েকজন বংশধর, অনর নিজর ফোয়াছা, যারারে অনে জন্ম দিয়্যোন য়িতারা বেবিলনর
বাদশার বাড়িত্ হ্যোজা অই থাকিবো।”

19 জোয়াবে হিষ্কিয় হইল্, “মাবুদর যে হতা অনে হইলান য়িয়ান ভালা।” তেঁই এই হতা হইল্, হারন
তেঁই ভাইব্যেল্ তেঁইর জিবনহালত্ তেঁই শান্তিত্ আর নিরাফদে থাকিত্ ফারিবো।

20 হিষ্কিয়র অইন্যাইন্য বেক হামর হতা ও যুদ্যত তেঁইর জিতিবার হতা আর কেন্ গরিয়েনে তেঁই
ফইর এ সুরংগ হাডিয়েনে শঅরর ফানি লই আইস্যেল্ য়েগিন “এহুদার বাদশাঅক্যলর ইতিআঁস”
নামর বইগানত্ লেহ্যা আছে।

21 ফরদি হিষ্কিয় তেঁইর ফুর্বফুরুষঅক্যলর হাছে গেল্ গই আর তেঁইর জাগাত তেঁইর ফোয়া মানশা বাদশা অইল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 21

এহুদার বাদশা মানশা

1 মানশা বারো বছর বয়সত্ বাদশা অইয়্যেল্ আর বয়ান্য বছর জেরুজালেমত্ রাজত্য গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ হিফসিবা।

2 মাবুদ বনি-ইসরাইলঅক্যলর সাম্নদির ত্যুন যে জাতিগিনরে দুঁরাই দিয়্যেল্ য়িতারার মতন জঘইন্য হাম গরিয়েনে মানশা মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।

3 তেঁইর বাবা হিষ্কিয় ফুজার যে উচুল জাগাগিন তচনচ গইজ্যেল্ য়েগিন তেঁই আবার বানাইল্। ইসরাইলর বাদশা আহাব যেইল্যা গইজ্যেল্ য়েইল্যা তেঁইঅ বাল-দেবতার উদ্যেশ্যে হতাক্যিন বেদি ও উগ্যয়া আশেরা খুইট্যা বানাইল্। তেঁই আকাশর বেক তারাগিনর ফুজা আর সেবা গইত্যো।

4 মাবুদ যে ঘরর বিষয়ে হইয়্যেল্, "আঁই জেরুজালেমত থাইক্যোম," মাবুদর য়েই ঘরর মইধ্যে তেঁই হতাক্যিন বেদি বানাইল্।

5 মাবুদর ঘরর দুয়া উঢানতই তেঁই আসমানর বেক তারাগিনর উদ্যেশ্যে হতাক্যিন বেদি বানাইল্।

6 তেঁই নিজর ফোয়ারে আগুনত্ ফোড়াইয়েনে বলি দিল্। তেঁই মায়াবিদ্যা বেবার গইত্যো আর লক্যন দেকিয়েনে ভবিষ্যতর হতা হইতো আর যারা ভুতর মাইধ্যম অঅ আর হ্যারাফ রুহাগিনর লগে সম্বন্ধ রাকে তেঁই য়িতারার লগে ফরামশ্য গইত্যো। তেঁই মাবুদর চোগে বউত হ্যারাফ হাম গরিয়েনে তেঁইরে রাগাই তুইল্যেল্।

7 তেঁই যে আশেরা খুইট্যা হ্যোদাই গরিয়েনে বানাইয়্যেল্ য়িয়ান লইয়েনে বায়তুল-মোকাদ্যসত্ রাকিল্। বায়তুল-মোকাদ্যস সমন্দে মাবুদ দাউদ আর তেঁইর ফোয়া সোলায়মানরে হইয়্যেল্, "এই ঘর ও ইসরাইলর সমস্ত গুষ্টির মইধ্যর ত্যুন আঁর বাছি লোয়া এই জেরুজালেমরে আঁই চিরহালর লাই আঁর থাকিবার জাগা গইজ্যোম।

8 বনি-ইসরাইলঅক্যলে যুদি হ্যালি আঁর উকুম যন্নর লগে ফালন গরে আর আঁর গোলাম মুসা য়িতারারে যে শরিয়ত দিয়্যে য়েই মতন চলে তইলে আঁই য়িতারার ফুর্বফুরুষঅক্যলরে যে দেশ দিয়্যি য়েই দেশ য়িতারার ত্যুন আর ছারিয়েনে যঅন ফইত্যো নঅ।"

9 কিন্তু মানুষঅক্যলে য়েই হতা নঅ উনিল্। মানশা য়িতারারে বিফথত্ লই গেল্; য়িয়ানর হারনে যে জাতিগিনরে মাবুদ বনি-ইসরাইলঅক্যলর সাম্নদির ত্যুন তচনচ গরি দিয়্যেল্ য়িতারার ত্যুনঅ তারা আরো হ্যারাফ হাম গইত্যো লাগিল্।

10 তহন মাবুদ তেঁইর গোলামঅক্যলরে, মানি নবিঅক্যলর মইধ্য দিয়েনে এই হতা হইল্,

11 “এহুদার বাদশা মানশা এই জঘইন্য গুনাহ্‌গিন গইজ্যে। য়িবার আগদি যে আমোরিয়অক্যলে
আছিল্‌ য়িতারার ত্যুনঅ য়িবা আরো হ্যারাফ হাম গইজ্যে আর নিজর ফতিমাগিন দিয়েনে এহুদারে
গুনাহ্‌র ফথদি ফরিচালানা গইজ্যে।

12 হাজেই আঁই ইসরাইলর মাবুদ আল্লাহ্‌ হইর দে, আঁই বউত তরাতরিই জেরুজালেম আর এহুদার
উঅর এন্‌ বিফদ আইন্যোম দে, য়েই হতা যারা উনিবো য়িতারা ছেঁএলা হ্যাই উটিবো।

13 সামেরিয়ার বিরুদ্যে যে মাফর রোশি আর আহাবর বংশর বিরুদ্যে যে ওলন রোশি বেবার গরা
অইয়্যেল্‌ য়েগিন আঁই জেরুজালেমর বিরুদ্যে বেবার গইজ্যোম। যেন্‌ গরিয়েনে একজন বাসন ফুছি
লইয়েনে উল্‌টাই উইত গরে য়েইল্যা গরিয়েনে আঁই জেরুজালেমরে ফুছি ফেইল্যোম।

14 আঁর মানুষঅক্যলর বাকি অংশরে আঁই তিয়াগ গইজ্যোম আর শত্রুঅক্যলর আতত্‌ য়িতারারে
তুলি দিয়োম। য়িতারার বেক শত্রুঅক্যলে য়িতারারে লুট গরিবো আর বেক কিছু জোর গরিয়েনে
লই যাইবো,

15 হারন আঁর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই য়িতারা গইজ্যে আর যেদিন য়িতারার
ফুর্বফুরুষঅক্যলে মিসরর ত্যুন বাইর অই আইস্যেল্‌ য়েই দিনর ত্যুন আইজ ফইয্যন্ত য়িতারা আঁরে
রাগাই চলের।”

16 এগিন বাদে মানশা এত নিদ্যোষ মানুষঅক্যলর রক্তফাত গইজ্যেল্‌ দে, য়েই রক্তে জেরুজালেমর
এক সিমানার ত্যুন অইন্য সিমানা ফইয্যন্ত ফুরাই গেইয়্যেল্‌। তেঁই এহুদার মানুষঅক্যলরে দিয়েনে
গুনাহ্‌ গরাইয়্যেল্‌ যিয়ানর হারনে য়িতারা মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইজ্যেল্‌।

17 মানশার অইন্যাইন্য বেক হামর হতা আর তেঁইর গুনাহ্‌র হতা “এহুদার বাদশাঅক্যলর ইতিআঁস”
নামর বইগানত লেহ্যা আছে।

18 ফরদি মানশা তেঁইর ফুর্বফুরুষঅক্যলর হাছে গেল্‌ গই আর তেঁইরে রাজবাড়ির বাগানত্‌, মানি
উষর বাগানত্‌ দাফন গরা অইল্‌। তেঁইর জাগাত তেঁইর ফোয়া আমোন বাদশা অইল্‌।

এহুদার বাদশা আমোন

19 আমোন বাইশ বছর বয়সত্‌ বাদশা অইয়্যেল্‌ আর দুই বছর জেরুজালেমত রাজত্য গইজ্যেল্‌।
তেঁইর মাআর নাম আছিল্‌ মশুল্যেমত্‌; তেঁই আছিল্‌ যট্‌বা গেরামর হারুযর মাইয়্যা।

20 আমোন তেঁইর বাবা মানশার মতনই মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।

21 তেঁইর বাবা যে ফথগিন দিয়েনে সইল্যেল্‌ তেঁইঅ য়েই ফথগিন দিয়েনে সইল্‌তো; তেঁইর বাবা যে
মুত্যিগিনর সেবা গইজ্যেল্‌ তেঁইঅ য়েগিনর সেবা আর ফুজা গইত্যো।

22 তেঁই তেঁইর ফুর্বফুরুষঅক্যলর মাবুদ আল্লাহ্‌রে তিয়াগ গইজ্যেল্‌ আর তেঁইর ফথদি নঅ সইল্‌তো।

23 আমোনর হর্মচারিঅক্যলে তেঁইর বিরুদ্যে ষড়যন্ত্র গরিয়েনে তেঁইর রাজবাড়িত্‌ই তেঁইরে খুন
গরিল্‌।

24 কিন্তু যারা বাদশা আমোনর বিরুদ্যে ষড়যন্ত্র গইজ্যেল্ দেশর মানুষঅক্যলে য়িতারার বেক্যিনরে মারি ফেলিল্ আর য়িতারা তেঁইর ফোয়া ইউসিয়ারে তেঁইর জাগাত্ বাদশা গরিল্।

25 আমোনর অইন্যাইন্য বেক হামর হতা "এহুদার বাদশাঅক্যলর ইতিআঁস" নামর বইগানত্ লেহ্যা আছে।

26 উষর বাগানত্ তেঁইর লাই ঠিগ গরা হব্যরত তেঁইরে দাফন গরা অইল্। তেঁইর জাগাত্ তেঁইর ফোয়া ইউসিয়া বাদশা অইল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 22

আআজি যইন্যা কিতাব ফাআ গেল্

1 ইউসিয়া আষ্ট বছর বয়সত বাদশা অইয়্যেল্ আর একত্তিরিশ বছর জেরুজালেমত রাজত্য গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ যিদিদা; তেঁই আছিল্ বস্কত্ গেরামর আদায়ার মাইয়্যা।

2 মাবুদর চোগে যেগিন ভালা ইউসিয়া য়েগিনই গইত্যো আর তেঁইর ফুর্বফুরুষ দাউদর ফথদি সইল্তো, য়েই ফথর ত্যুন ডাইনে কি বামে নঅ যাইতো।

3 বাদশা ইউসিয়ার রাজত্যের আঢারো বছরর সমত তেঁই মশুল্যমর নাতি, মানি অত্সলিয়র ফোয়া বাদশার লেহ্যক শাফনরে এই হতা হইয়েনে মাবুদর ঘরত্ ফাটাইল্,

4 "অনে মআ-ইমাম হিল্কিয়র হাছে যঅন আর তেঁইরে হঅন যেন্ তেঁই মাবুদর ঘরত্ আনা বেক টিঁয়া-ফুইসা যেগিন দারোয়ানঅক্যলে মানুষঅক্যলর হাছর ত্যুন তুইল্যে য়েগিনর ইসাব ঠিগ গরি রাকে।

5-6 বায়তুল-মোকাদ্যসর হাম তদারক গরিবার লাই যে মানুষঅক্যলরে নিযুক্ত গরা অইয়্যে য়েই টিঁয়া যেন্ তেঁই য়িতারার আতত্ দেএ। মাবুদর ঘর যারা মেরাম্যত গরের তদারকহারিঅক্যলে যেন্ য়েই টিঁয়া দিয়েনে ছুতার মিস্তিরিঅকলর, ঘর বানাইবার মিস্তিরিঅক্যলর আর রাজমিস্তিরিঅক্যলর মজুরি দেএ। এগিন বাদে বায়তুল-মোকাদ্যস মেরাম্যতর লাই যেন্ য়িতারা গাছ আর সুন্দর গরি হাডা ফাত্যোর কিনে।

7 য়িতারার আতত্ যে টিঁয়া দেয়া অইবো য়েগিনর ইসাব য়িতারার ত্যুন দঅন ফইত্যো নঅ, হারন য়িতারা বিশ্যস্তভাবেই হাম গরি থাকে।"

8 তহন বাদশার লেহ্যক শাফনরে মআ-ইমাম হিল্কিয় হইল্, "মাবুদর ঘরত্ আঁই তোরাত কিতাব্যুয়া ফাইয়্যি।" হিল্কিয় য়েই কিতাব্যুয়া শাফনরে দিলে ফর তেঁই য়িয়ান তেলাওয়াত গরিল্।

9 তারফর শাফন য়েই কিতাব্যুয়া বাদশার হাছে লই যাইয়েনে হইল্, "মাবুদর ঘরত্ যে টিঁয়া আছিল্ য়েগিন অনর গোলামঅক্যলে বাইর গরিয়েনে মাবুদর ঘরর হামর তদারকহারিঅক্যলর আতত্ দিয়্যে।"

10 তহন লেহ্যক শাফন এই হতা বাদশারে জানাইল্, “ইমাম হিল্কিয় আঁরে উগ্যয়া কিতাব দিয়্যে।” এই
হইয়েনে শাফন য়িয়ান বাদশারে তেলাওয়াত গরিয়েনে উনাইল্।

11 তোরাত কিতাবত্ যেগিন লেহ্যা আছিল্ য়েগিন উনিয়েনে বাদশা নিজর ফোশাক ছিরিল্।

12 তেঁই ইমাম হিল্কিয়, শাফনর ফোয়া অহিকাম, মিকায়র ফোয়া অক্বোর, শাফন আর বাদশার
সাইয্যহারি অসায়রে এই উকুম দিল্,

13 “এই দে কিতাব্যুয়া ফাআ গেইয়্যে য়িয়ানর মাঝে যে হতাগিন লেহ্যা আছে য়েই হতাগিন সমন্দে
অনরা যাইয়েনে আঁর লাই আর এডিয়ার ও এহুদার মানুষঅক্যলর লাই মাবুদর হাছে ফুছার গরন।
মাবুদ আঁরার বিরুদ্যে গোস্যার আগুনে জলি উইট্যে, হারন আঁরার ফুর্বফুরুষঅক্যলে এই কিতাবর
হতামতন নঅঅ চলে আর ফালন গরিবার লাই যে হতাগিন য়েডে লেহ্যা আছে য়েই অনুযায়ি
য়িতারা হাম নঅঅ গরে।”

14 এই হতা উনিয়েনে ইমাম হিল্কিয়, অহিকাম, অক্বোর, শাফন আর অসায় মাইয়্যাফোয়া-নবি
হুল্দার হাছে যাইয়েনে তেঁইর লগে হতাবাত্যা হইল্। হুল্দা আছিল্ হঅর-সোঅর রক্যাহারি শল্যুমর
বউ। শল্যুম আছিল্ হর্হসর নাতি, মানি তিক্বর ফোয়া। হুল্দা জেরুজালেমর দিতিয় অংশত্
থাইক্তো।

15-16 হুল্দা য়িতারারে হইল্, “ইসরাইলর মাবুদ আল্লাহ্ আঁরে হইতো হইয়্যে দে, যিবা অনরারে আঁর
হাছে ফাটাইয়্যে তেঁইরে যাইয়েনে হঅন, ‘এহুদার বাদশা এই কিতাবত্ লেহ্যা যা কিছু ফইজ্যে আঁই
য়েই মতনই ফত্যিউয়া বিফদ এই জাগার উঅর আর য়িয়ানর মানুষঅক্যলর উঅর লই আইস্যোম।

17 য়িতারা আঁরে তিয়াগ গরিয়েনে দেব-দেবিগিনর উদ্যেশ্যে ধুফ জলাইয়্যে আর য়িতারার আতর
বানাইন্যা বেক ফতিমার হারনে আঁরে রাগাইয়্যে; য়িয়ানর লাই এই জাগার বিরুদ্যে আঁর গোস্যার
আগুন জলি উটিবো আর য়েগিন নিফন্ যাইতো নঅ।’

18-19 মাবুদর হাছে ফুছার গরিবার লাই যিবা অনরারে ফাটাইয়্যে য়েই এহুদার বাদশারে হইবান দে,
ইসরাইলর মাবুদ আল্লাহ্ হঅর, ‘আঁই এই জাগা আর য়িয়ানর মানুষঅক্যলর বিরুদ্যে যে বদ্দোয়া
আর তচনচর হতা হইয়্যি য়েগিন উনিয়েনে তোঁয়ার দিল্ য়িয়ানত সাড়া দিয়্যে আর তুঁই মাবুদর
সাম্নদি নিজরে নিচু গইজ্যো, তোঁয়ার ফোশাক ছিজ্যো আর আঁর সাম্নদি হাঁইন্দো। তুঁই এগিন
বেক্যিন গইজ্যো বুলিয়েনে আঁই মাবুদ তোঁয়ার মুনাজাত উন্যি।

20 য়িয়ানর লাই আঁই বউত তরাতরিই তোঁয়ারে তোঁয়ার ফুর্বফুরুষঅক্যলর হাছে লই যাইয়োম আর
তুঁই শান্তিত্ দাফন ফাইবা। এই জাগার উঅর আঁই যে বিফদগিন লই আইস্যোম তোঁয়ার চোগ
য়েগিন দেইক্তো নঅ।’ ” তহন য়িতারা হুল্দার জোয়াব লইয়েনে বাদশার হাছে ফিরি গেল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 23

বেবস্তা ফালনর ওয়াদা

1 ফরদি বাদশা ইউসিয়া মানুষ ফাটাইয়েনে এহুদা আর জেরুজালেমর বেক বুরা নেতাঅক্যলরে
ডাকিয়েনে একত্র গরিল্।

2 তেঁই এহুদা আর জেরুজালেমর মানুষঅক্যলরে, ইমামঅক্যলরে, নবিঅক্যলরে আর সাধারন ও
গইন্যমাইন্য বেক মানুষঅক্যলরে লইয়েনে মাবুদর ঘরত গেল্। মাবুদর ঘরত্ বেবস্তার যে
কিতাব্যুয়া ফাআ গেইয়্যেল্ য়িয়ানর বেক হতা তেঁই য়িতারার হাছে তেলাওয়াত গরিয়েনে উনাইল্।

3 বাদশা হ্যাম্বার ফাশদি থিয়াইয়েনে মাবুদর ফথদি চলিবার লাই আর সমস্ত জান-ফরান দিয়েনে
তেঁইর উকুম, নিয়ম আর নিদ্যেশ মানি চরিবার লাই, মানি এই কিতাবর মাঝে লেহ্যা বেবস্তার বেক
হতা ফালন গরিবার লাই মাবুদর সাম্নদি ওয়াদা গরিল্। তহন বেক মানুষ বাদশার লগে একই
ওয়াদা গরিল্।

4 বাদশা তহন বাল্-দেবতা আর আশেরা ও আসমানর বেক তারাগিনর ফুজার লাই বানাইন্যা বেক
জিনিসফাতি মাবুদর ঘরর ত্যুন বাইর গরি ফেলিবার লাই মআ-ইমাম হিল্কিয়রে, দিতিয় শ্রেনির
ইমামঅক্যলরে আর দারোয়ানঅক্যলরে উকুম দিল্। তেঁই য়েগিন জেরুজালেমর বাইরে কিদ্রোন
নামর ফাআরর ঢালার মাঢত্ ফোড়াই দিল্ আর ছাইগিন বেথেলত্ লই গেল্।

5 এহুদার শঅরগিনর আর জেরুজালেমর চাইরোফাশর ফুজার উচুল জাগাগিনত্ ধুফ জলাইবার
লাই এহুদার বাদশাঅক্যলে যেতাক্যিন মুত্যিফুজাহারি ফুরোহিতঅক্যলরে নিযুক্ত গইজ্যেল্, মানি
যারা বাল্-দেবতা, চাঁন, সুয্য, তারা আর আসমানর অইন্যাইন্য বেক তারাগিনর উদ্যেশ্যে ধুফ
জলাইতো য়িতারারে তেঁই দুর গরি দিল্।

6 তেঁই মাবুদর ঘরর ত্যুন আশেরা-খুইট্যাগান নিয়েনে জেরুজালেমর বাইরে কিদ্রোন নামর ফাআরর
ঢালাত্ য়িয়ান ফোড়াই দিল্। তারবাদে য়িয়ান গুরি গরিয়েনে য়িয়ানর ধুলা সাধারন মানুষঅক্যলর
হব্যরর উঅরদি ছিঁড়াই দিল্।

7 মরতফোয়া মন্দির বেইশ্যাঅক্যলর যে রুমগিন মাবুদর ঘরত্ আছিল্ তেঁই য়েগিন ভাঁগি দিল্।
য়েডে মাইয়্যাফোয়াঅক্যলে আশেরার লাই হঅর বানাইতো।

8 ইউসিয়া এহুদার বেক শঅর আর গেরামগিনর ত্যুন বেক ইমামঅক্যলরে আনাইল্ আর গেবার
ত্যুন বের-শেবা ফইয্যন্ত যে ফুজার উচুল জাগাগিনত্ য়েই ইমামঅক্যলে ধুফ জলাইতো য়েগিন
নাফাক গরি দিল্। তেঁই শাসনহত্যা ইউসার দরজাত ঢুকিবার ফথদি যেতাক্যিন ফুজার উচুল জাগা
আছিল্ য়েগিন ভাঁগি ফেলিল্। এই দরজাগান আছিল্ শঅরর মেইন দরজার বাম মিক্যাদি।

9 ফুজার উচুল জাগাগিনর ইমামঅক্যলে জেরুজালেমত্ মাবুদর হোরবানগাহ্র এবাদত-হাম গরিত্
নঅ ফাইত্যো, কিন্তু য়িতারা অইন্যাইন্য ইমামঅক্যলর লগে ইষ্ট ছারা রুটি হ্যাইত্ ফাইত্যো।

10 অইন্য কেউ যেন্ মোলক দেবতার উদ্যেশ্যে নিজর ফোয়া বা মাইয়্যারে আগুনত্ ফোড়াইয়েনে
হোরবানি দিত্ নঅ ফারে য়িয়ানর লাই ইউসিয়া বেন্-হিন্যোম নামর ফাআরর ঢালার তোফত্
নামর ফুজার জাগাগান নাফাক গরি দিল্।

11 এহুদার বাদশাঅক্যলে যেতাক্যিন ঘোড়াগাড়ি আর ঘোড়াগিন সুয্যর ফুজার উদ্যেশ্যে দিয়্যেল্
ইউসিয়া য়েই ঘোড়াগিন দুর গরি দিয়েনে ঘোড়াগাড়িগিন ফোড়াই ফেলিল্। মাবুদর ঘরত্ ঢুকিবার
ফথর ফাশদি, উঢানর মইধ্যে, নথন-মেলক নামর একজন হর্মচারির রুমর হাছে ঘোড়াগিন রাকা
অইতো।

12 রাজবাড়ির ছাদর উঅরদি বাদশা আহসর উঅরর রুমর হাছে এহুদার বাদশাঅক্যলে যেতাক্যিন
বেদি বানাইয়্যেল্ আর মাবুদর ঘরর দুয়া উঢানত্ মানশা যেতাক্যিন বেদি বানাইয়্যেল্ ইউসিয়া
য়েগিন ভাঁগিয়েনে টুঁরা টুঁরা গরি কিদ্রোন নামর ফাআরর ঢালাত্ ফেলি দিল্।

13 জেরুজালেমর ফুক মিক্যাদি তচনচর ফাআরর দইন্দি যেতাক্যিন ফুজার উচুল জাগা আছিল্
য়েগিন তেঁই নাফাক গরিল্। ইসরাইলর বাদশা সোলায়মান সিডনিয়অক্যলর জঘইন্যা দেবি
অষ্টারোতর লাই, মোয়াবর জঘইন্য দেবতা কমোশর লাই আর অম্যোনর মানুষঅক্যলর জঘইন্য
দেবতা মোলকর লাই এই উচুল জাগাগিন বানাইয়্যেল্।

14 ইউসিয়া ফুজার ফাত্যোরগিন ভাঁগি ফেলিল্ আর আশেরা-খুইট্যাগিনঅ হাডি ফেলিল্ ও য়েই
জাগাগিন মানুষর আঁড্যিগুড্যি দিয়েনে ঝাফাই দিল্।

15 নবাটর ফোয়া ইয়ারাবিম যিবা ইসরাইলরে দিয়েনে গুনাহ্ গরাইয়্যেল্ তেঁই বেত্থেলত্ যে বেদি
আর ফুজার উচুল জাগা বানাইয়্যেল্ য়েগিন ইউসিয়া তচনচ গরি দিয়্যেল্। ইউসিয়া য়েই ফুজার
উচুল জাগাগান ফোড়াই দিয়েনে গুরি গরি ফেলিল্ আর আশেরা-খুইট্যাগানঅ ফোড়াই দিল্।

16 তারফর তেঁই চাইরোফাশদি চাই দেকিল্ আর ফাআরর হাছে যেতাক্যিন হব্যর আছিল্ য়েডের
ত্যুন আঁড্যিগুড্যি আনাইয়েনে য়েগিন বেদির উঅর ফোড়াইয়েনে য়িয়ান নাফাক গরিল্। আল্লাহ্র
বান্দা যেতাক্যিন ঘটনার হতা আগে ঘোষনা গইজ্যেল্ মাবুদর য়েই কালাম অনুযায়িই এগিন
বেক্যিন অইয়্যেল্।

17 বাদশা হইল্, "আঁই যে হ্যাম্বাউয়া দেকিত্ ফাইর্ য়িয়ান কি?" শঅরর মানুষঅক্যলে হইল্, "য়িয়ান
আল্লাহ্র বান্দার হব্যরর চিন্য। তেঁই এহুদার ত্যুন আইয়েনে বেত্থেলর বেদির বিরুদ্যে যেগিন
ঘোষনা গইজ্যেল্ অনে ঠিগ য়েগিনই গইজ্যোন।"

18 তেঁই হইল্, "য়িয়ান থক্; কেউ যেন্ তেঁইর আঁড্যিগিন নষ্ট নঅ গরে।" য়িয়ানর লাই মানুষঅক্যলে
তেঁইর আঁড্যিগুড্যিগিন আর যে নবি সামেরিয়ার ত্যুন আইস্যেল্ তেঁইর আঁড্যিগুড্যি যেন্ আছিল্
য়েন্ই থাইক্তো দিল্।

19 সামেরিয়ার শঅর আর গেরামগিনর ফুজার উচুলজাগাত্ ইসরাইলর বাদশাঅক্যলে যেতাক্যিন
মন্দির বানাইয়েনে মাবুদরে রাগাই তুইল্যেল্ ইউসিয়া য়েগিন তচনচ গরি দিল্ আর য়েগিনর অবস্তা
বেত্থেলর উচুল জাগার মতন গরিল্।

20 ইউসিয়া য়েই বেদিগিনর উঅরদি য়েডিয়ার ফুরোহিতঅক্যলরে জবাই গরিল্ আর য়েগিনর
উঅর মানুষর আঁড্যি ফোড়াইল্। তারফর তেঁই জেরুজালেমত ফিরি গেল্।

21 ইয়ার ফর বাদশা বেক মানুষঅক্যলরে এই উকুম দিল্, “বেবস্তার কিতাবত্ যেইল্যা লেহ্যা আছে য়েইল্যা গরিয়েনে অনরা অনরার মাবুদ আল্লাহ্র উদ্যেশ্যে উদ্যার-ইদ ফালন গরন।”

22 বনি-ইসরাইলঅক্যলর শাসনহত্যাঅক্যলর আমলত্ বা ইসরাইল আর এহুদার বাদশাঅক্যলর আমলত্ এই ডইল্যা উদ্যার-ইদ ফালন গরা নঅঅ অঅ।

23 কিন্তু বাদশা ইউসিয়ার রাজত্যর আঢারো বছরর সমত জেরুজালেমত্ মাবুদর উদ্যেশ্যে এই উদ্যার-ইদ ফালন গরা অইল্।

24 এগিন বাদে যারা ভুতর মাইধ্যম অঅ আর যারা হ্যারাফ রুহ্র লগে সম্বন্ধ রাকে ইউসিয়া য়িতারারে দুর গরি দিল্। তেঁই ফরিবারর দেবমুত্যি, ফতিমা আর এহুদা ও জেরুজালেমত্ যেতাক্যিন জঘইন্য জিনিস দেকিত্ ফাইল্ য়েগিনঅ বেক্যিন দুর গরি দিল্। ইমাম হিল্কিয় মাবুদর ঘরত্ শরিয়ত লেহ্যা যে কিতাব টোয়াই ফাইয়্যেল্ য়িয়ানর বেক হতা যেন্ ফালন গরা অঅ য়িয়ানর লাই ইউসিয়া এই হাম গইজ্যেল্।

25 তেঁই তেঁইর সমস্ত মন, জান-ফরান আর শক্তি দিয়েনে মুসার বেক শরিয়ত অনুযায়ি মাবুদর ফথদি সইল্তো। তেঁইর আগদি বা ফরদি আর হনঅ বাদশাই তেঁইর মতন নঅ আছিল্।

26 তঅঅ মানশা যে হামগিন গরিয়েনে মাবুদরে রাগাই তুইল্যেল্ য়িয়ানর লাই এহুদার বিরুদ্যে যে ভয়ংকর গোস্যাত্ মাবুদ জলি উইট্যেল্ য়িয়ানর ত্যুন তেঁই নঅ ফিরিল্।

27 য়িয়ানর লাই মাবুদ হইল্, “আঁর সাম্নদির ত্যুন যেন্ গরিয়েনে আঁই ইসরাইলরে দুর গজ্যি য়েইল্যা গরিয়েনে এহুদারেঅ দুর গইজ্যোম, আর যে শঅররে আঁই বাছি লইয়্যিলাম য়েই জেরুজালেমরে আর যিয়ানর সমন্দে আঁই হইয়্যিলাম, ‘ইয়ান আঁর থাকিবার জাগা অইবো’ য়েই বায়তুল-মোকাদ্যসরে আঁই অগ্রাইয্য গইজ্যোম।”

28 ইউসিয়ার অইন্যাইন্য বেক হামর হতা “এহুদার বাদশাঅক্যলর ইতিআঁস” নামর বইগানত্ লেহ্যা আছে।

29 ইউসিয়ার রাজত্যর সমত মিসরর বাদশা ফেরাউন-নেখো আশেরিয়ার বাদশারে সাইয্য গরিবার লাই ফোরাত দইজ্যার মিক্যাদি গেল্। তহন বাদশা ইউসিয়া তেঁইর লগে যুদ্য গরিবার লাই বাইর অইল্, কিন্তু ফেরাউন-নেখো তেঁইর লগে যুদ্য গরিয়েনে তেঁইরে মগিদ্যোত্ মারি ফেলিল্।

30 ইউসিয়ার সৈন্যঅক্যলে তেঁইর লাশ্যুয়া ঘোড়াগাড়িত্ গরিয়েনে মগিদ্যোর ত্যুন জেরুজালেমত লই আইয়েনে তেঁইর নিজর লাই ঠিগ গরা হব্যরত্ তেঁইরে দাফন গরিল্। ফরদি দেশর মানুষঅক্যলে তেঁইর ফোয়া যিহোয়াহসরে অভিষেক গরিয়েনে তেঁইর বাবার জাগাত্ তেঁইরে বাদশা গরিল্।

এহুদার বাদশা যিহোয়াহস

31 তেইশ বছর বয়সত্ যিহোয়াহস বাদশা অইল্। তেঁই তিন মাস জেরুজালেমত্ রাজত্য গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ হমুটল; তেঁই আছিল্ লিব্না শঅরর ইয়ারমিয়ার মাইয়্যা।

32 যিহোয়াহস তেঁইর ফুর্বফুরুষঅক্যলর মতনই মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।
ফেরাউন-নেখো তেঁইরে হামা দেশর রিব্লাত্ আটক গরি রাকিল্ যেন্ তেঁই জেরুজালেমত রাজত্য
গরিত্ নঅঅ ফারে।

33 ফেরাউন-নেখো অনুমান চাইর টন রুফা আর উন্চল্যিশ কেজি সোনা হ্যাজানা ইসাবে এহুদা
দেশর উঅর চাবাই দিল্।

34 তেঁই ইউসিয়ার আর এক ফোয়া ইলিয়াকিমরে তেঁইর বাবা ইউসিয়ার জাগাত্ বাদশা গরিল্ আর
ইলিয়াকিমর নাম বদ্লাইয়েনে যিহোয়াকিম রাকিল্। ফেরাউন-নেখো যিহোয়াহসরে মিসরত লই
গেল্ আর য়েডে যিহোয়াহস মারা গেল্।

35 ফেরাউন-নেখোর দাবি ইসাবে যিহোয়াকিম তেঁইরে সোনা আর রুফা দিল্। য়েগিন দিবার লাই
তেঁই দেশর মানুষঅক্যলর উঅর হ্যাজানা চাবাইল্ আর দেশর ফত্যিকর হ্যাজানা ঠিগ গরি দিয়েনে
য়েই সোনা ও রুফা তেঁই দেশর মানুষঅক্যলর হাছর ত্যুন আদায় গরিল্।

এহুদার বাদশা যিহোয়াকিম

36 ফোঁছিশ বছর বয়সত্ যিহোয়াকিম বাদশা অইল্। তেঁই এগারো বছর জেরুজালেমত রাজত্য
গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ সবিদা; তেঁই আছিল্ রুমা গেরামর ফদায়র মাইয়্যা।

37 যিহোয়াকিম তেঁইর ফুর্বফুরুষঅক্যলর মতনই মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 24

1 যিহোয়াকিমর রাজত্যর সমত বেবিলনর বাদশা বখ্তে-নাসার এহুদা দেশ হামলা গরিল্।
যিহোয়াকিম তিন বছর তেঁইর অধিনত্ আছিল্। কিন্তু ফরদি তেঁই বখ্তে-নাসারর বিরুদ্যে বিদ্রোও
ঘোষনা গরিল্।

2 মাবুদ যিহোয়াকিমর বিরুদ্যে বেবিলনিয়, সিরিয়, মোয়াবিয় আর অম্যোনিয় লুট-ফাট
গরইন্যাঅক্যলরে ফাটাই দিল্। মাবুদ তেঁইর গোলামঅক্যলরে, মানি নবিঅক্যলর মইধ্য দিয়েনে যে
হতা ঘোষনা গইজ্যেল্ য়েই অনুযায়ি এহুদা দেশরে তচনচ গরিবার লাই তেঁই য়িতারারে ফাটাই
দিয়্যেল্।

3-4 মাবুদর উকুম অনুযায়িই এহুদার উঅর এগিন ঘইট্যেল্ যেন্ তেঁই নিজর সাম্নদির ত্যুন
য়িতারারে দুর গরি দিত্ ফারে। এগিন বেক্যিন ঘইট্যেল্ মানশার বেক গুনাহ্র লাই আর নিদ্যোষ
মানুষঅক্যলর রক্তফাতর লাই। তেঁই য়িতারার রক্তে জেরুজালেম ভরাই ফেইল্যেল্, আর মাবুদ
য়িয়ান মাফ গইত্যো রাজি নঅ অইল্।

5 যিহোয়াকিমর অইন্যাইন্য বেক হামর হতা "এহুদার বাদশাঅক্যলর ইতিআঁস" নামর বইগানত
লেহ্যা আছে।

6 ফরদি তেঁই তেঁইর ফুর্বফুরুষঅক্যলর হাছে গেল্ গই আর তেঁইর জাগাত তেঁইর ফোয়া যিহোয়াখিন বাদশা অইল্।

7 মিসরর বাদশা যুদ্য গরিবার লাই তেঁইর রাইজ্যর ত্যুন আর বাইর নঅঅ অঅ, হারন বেবিলনর বাদশা মিসরর উয়ানা দইজ্যার ত্যুন ফোরাত দইজ্যা ফইয্যন্ত গোডা রাইজ্যগান দহল গরি লইয়্যেল্।

এহুদার বাদশা যিহোয়াখিন

8 আঢারো বছর বয়সর সমত যিহোয়াখিন বাদশা অইয়্যেল্ আর তিনমাস জেরুজালেমত রাজত্য গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ নহুষ্টা; তেঁই আছিল্ জেরুজালেম শঅরর ইল্নাথনর মাইয়্যা।

9 যিহোয়াখিন তেঁইর বাবার মতনই মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।

10 য়েই সমত বেবিলনর বাদশা বখ্তে-নাসারর সৈন্যঅক্যলে জেরুজালেমত আইয়েনে য়িয়ান ঘেরাও গরিল্।

11 তেঁইর সৈন্যঅক্যলে যহন শঅর ঘেরাও গইত্যো আছিল্ তহন বখ্তে-নাসার নিজে শঅরর হাছে গেল্।

12 এহুদার বাদশা যিহোয়াখিন, তেঁইর মা, তেঁইর সাইয্যহারিঅক্যলে, তেঁইর সেনাফতিঅক্যলে আর তেঁইর হর্মচারিঅক্যলে বেক্যিনে বখতে-নাসারর আতত্ নিজরারে তুলি দিল্। বখ্তে-নাসারর রাজত্যর আষ্ট বছরর সমত তেঁই যিহোয়াখিনরে বন্দি গরিয়েনে লই গেল্।

13 মাবুদ যেইল্যা হইয়্যেল্ য়েইল্যা গরিয়েনে বখ্তে-নাসার মাবুদর ঘর আর রাজবাড়ির ত্যুন বেক ধন-রত্ন লই গেল্ ও ইসরাইলর বাদশা সোলায়মান মাবুদর ঘরর লাই সোনা দিয়েনে যে জিনিসগিন বানাইয়্যেল্ য়েগিন তেঁই হাডিয়েনে টুঁরা টুঁরা গরিল্।

14 এগিন বাদে জেরুজালেমর বেক্যিনরে, মানি বেক হর্মচারি ও যুদ্যাঅক্যলরে, বেক হারিগর ও হামারঅক্যলরে – মোট দশ আজার মানুষরে তেঁই বন্দি গরিয়েনে লই গেল্। দেশত্ গরিব মানুষ বাদে আর কেউ নঅ রইল্।

15 বখ্তে-নাসার যিহোয়াখিনরে বন্দি ইসাবে বেবিলনত্ লই গেইয়্যেল্। তেঁই জেরুজালেমর ত্যুন বাদশার মাআরে, তেঁইর বউঅক্যলরে, তেঁইর হর্মচারিঅক্যলরে আর দেশর গইন্যমাইন্য মানুষঅক্যলরেঅ লই গেইয়্যেল্।

16 তেঁই যুদ্যর লাই উফযুক্ত আর শক্তিশালি সাত আজার যুদ্যার গোডা সৈন্যদল আর এক আজার হারিগর ও হামারঅক্যলরে বন্দি গরিয়েনে বেবিলন দেশত্ লই গেইয়্যেল্।

17 তেঁই যিহোয়াখিনর জাগাত তেঁইর চাচা মত্যনিয়রে বাদশা গরিল্ আর তেঁইর নাম বদ্লাইয়েনে সিদিকিয় রাকিল্।

এহুদার বাদশা সিদিকিয়

18 এগইশ্ বছর বয়সত সিদিকিয় বাদশা অইল্। তেঁই জেরুজালেমত এগারো বছর রাজত্য
গইজ্যেল্। তেঁইর মাআর নাম আছিল্ হমুটল্; তেঁই আছিল্ লিব্না শঅরর ইয়ারমিয়ার মাইয়্যা।

19 যিহোয়াখিনর মতন সিদিকিয় মাবুদর চোগে যেগিন হ্যারাফ য়েগিনই গইত্যো।

20 জেরুজালেম আর এহুদার মানুষঅক্যলর হারনে মাবুদ গোস্যায় জলি উইট্যেল্ আর শেষদি তেঁই
তেঁইর সাম্নদির ত্যুন য়িতারারে দুর গরি দিয়্যেল্। ফরদি সিদিকিয় বেবিলনর বাদশার বিরুদ্যে
বিদ্রোও গরিল্।

নবিঅক্যলর কিতাব: ২ বাদশানামা 25

1 সিদিকিয়র রাজত্যর নঅ লম্বর বছরর দশ লম্বর মাসর দশ দিনর দিন বেবিলনর বাদশা বখ্তে-
নাসার তেঁইর গোডা সৈন্যদল লইয়েনে জেরুজালেমর বিরুদ্যে যুদ্যযাত্রা গরিল্। তেঁই শঅরর বাইরে
ছাউনি ফেলিল্ আর শঅরর চাইরোফাশদি ঢিবি বানাইল্।

2 বাদশা সিদিকিয়র রাজত্যর এগারো বছর ফইয্যন্ত শঅরগান ঘেরাও গরি রাকা অইল্।

3 চাইর লম্বর মাসর নয় দিনর দিন শঅরত দুর্বিক্যর অবস্থা এন্ বেশি অইল্ দে, মানুষঅক্যলর
হ্যাইবার লাই কিছুই নঅ আছিল্।

4 ফরদি শঅরর দেবালর এক্যান জাগা ভাঁগি গেল্। যুদিঅ বেবিলনিয়অক্যলে তহনঅ শঅরগান
ঘেরাও গরি আছিল্ তঅঅ রাইতোর বেলাত্ এহুদার বেক সৈন্য বাদশার বাগানর হাছে দুই দেবালর
দরজা দিয়েনে ধাই গেল্ আর বাদশা আরবার মিক্যাদি ধাই গেল্

5 তেঁইর বেক সৈন্য তেঁইর হাছর ত্যুন আলিদা অই যাইয়েনে ছরাই ছিঁডাই ফরিল্ আর য়েই সমত
বেবিলনিয় সৈন্যদলঅ বাদশারে ফিছদি দুঁরাইয়েনে জেরিকোর সমানজাগাত তেঁইরে ধরি ফেলিল্।

6 য়িতারা তেঁইরে বন্দি গরিয়েনে রিব্লাত্ বেবিলনর বাদশার হাছে লই গেল্। য়েডে তেঁইর উঅর
শাস্তির উকুম দেয়া অইল্।

7 সৈন্যঅক্যলে সিদিকিয়র চোগর সাম্নদিই তেঁইর ফোয়াঅক্যলরে মারি ফেলিল্। তারফর য়িতারা
তেঁইর চোগ দুয়া তুলি ফেলিয়েনে তেঁইরে ব্রোন্জর সিয়োল দিই বাঁধিয়েনে বেবিলনত্ লই গেল্।

8 বেবিলনর বাদশা বখ্তে-নাসারর রাজত্যর উন্যিশ বছরর ফাঁচ লম্বর মাসর সাত দিনর দিনত্
বাদশার রক্যিদলর সেনাফতি নবুষরদন জেরুজালেমত আইল্।

9 তেঁই মাবুদর ঘরত, রাজবাড়িত্ আর জেরুজালেমর বেক বাড়িত্ আগুন ধরাই দিল্। বেক মেইন
মেইন বাড়ি তেঁই ফোড়াই ফেলিল্।

10 বাদশার রক্যিদলর সেনাফতির অধিনত্ বেক বেবিলনিয় সৈন্যদল জেরুজালেমর দেবাল ভাঁগি
ফেলিল্।

11 শঅরর বাকি মানুষঅক্যলরে আর যারা বেবিলনর বাদশার ফক্যে গেইয়্যেল্ য়িতারার বেক্যিনরে
রক্যিদলর সেনাফতি নবুষরদন বন্দি গরিয়েনে লই গেল্,

12 কিন্তু আংগুন খেত দেহ্যাশুনা আর জমি চাষ গরিবার লাই কিছু গরিব মানুষরে তেঁই দেশত্ রাকি
গেল্।

13 বেবিলনিয়অক্যলে মাবুদর ঘরর ব্রোন্জর দুয়া হ্যাম্বা, গামলা বোয়াইবার ব্রোন্জর আসনগিন
আর ব্রোন্জর বিরাট ফাত্রউয়া ভাঁগি টুঁরা টুঁরা গরিয়েনে বেবিলনত লই গেল্।

14 এগিন বাদে য়িতারা বেক ফাত্র, বেল্চা, সইল্তা ফরিষ্কার গরিবার চিম্টা, আতা আর বায়তুল-
মোকাদ্যসর এবাদত হামর লাই অইন্যাইন্য বেক ব্রোন্জর জিনিস লই গেল্।

15 বেক আগুন রাকিবার ফাত্র, ফেঁলা আর সোনা-রুফার অইন্যাইন্য বেক জিনিসঅ বাদশার
রক্যিদলর সেনাফতি লই গেল্।

16 মাবুদর ঘরর লাই সোলায়মান যে দুয়া হ্যাম্বা, বিরাট ফাত্র আর আসনগিন বানাই লোয়াইয়্যেল্
য়েগিনর ব্রোন্জ ওজন গরা সম্ভব নঅ আছিল্।

17 ফত্যিউয়া হ্যাম্বা আছিল্ আঠারো আত উচুল আর য়িয়ানর মাথাগান আছিল্ তিন আত উচুল্।
মাথাগানর চাইরো ফাশদি ব্রোন্জর সিয়োল ও ব্রোন্জর ডালোম ফল দিয়েনে সাজাইন্যা আছিল্।

18 ইহুদিঅক্যলর মেইন ইমাম সরায়, দিতিয় ইমাম সফনিয় আর তিনজন দারোয়ানরে রক্যিদলর
সেনাফতি বন্দি গরিয়েনে লই গেল্।

19 যারা তহনঅ শঅরত আছিল্ য়িতারার মইধ্যর ত্যুন তেঁই যুদ্যাঅক্যলর উঅরদি নিযুক্ত একজন
হর্মচারি ও বাদশার ফাঁচজন ফরামশ্যদাতারে ধরিল্। এগিন বাদে সেনাফতির লেহ্যক, যিবা
সৈন্যদলত্ মানুষ ভত্যি গইত্যো তেঁইরে আর শঅরর মাঝে ফঅইন্যা আরো ষাইট জন মানুষরেঅ
ধরিল্।

20 সেনাফতি নবুষরদন য়িতারা বেক্যিনরে বন্দি গরিয়েনে রিব্লাত্ বেবিলনর বাদশার হাছে লই
গেল্।

21 বাদশা হামা দেশর রিব্লাত্ এই মানুষঅক্যলরে মারি ফেলিল্। এন্ গরি এহুদার মানুষঅক্যলরে
বন্দি গরিয়েনে নিজর দেশর ত্যুন দুরে লই যাআ অইল্।

22 বেবিলনর বাদশা বখ্তে-নাসার যে মানুষঅক্যলরে এহুদা দেশত্ রাকি গেইয়্যেল্ য়িতারার
উঅরদি তেঁই শাফনর নাতি, মানি অহিকামর ফোয়া গদলিয়ারে নিযুক্ত গরিল্।

23 বেবিলনর বাদশা গদলিয়রে শাসনহত্যা নিযুক্ত গইজ্যে উনিয়েনে এহুদার বাকি সেনাফতিঅক্যলে
আর য়িতারার মানুষঅক্যলে, মানি নথনিয়র ফোয়া ইসমাইল, কারেয়র ফোয়া যোহানন,
নটোফাতিয় তন্হুমতর ফোয়া সরায় আর মাখাথিয়র ফোয়া যাসনিয় ও য়িতারার মানুষঅক্যলে
মিস্ফাত গদলিয়র হাছে আইল্।

24 গদলিয় য়িতারার আর য়িতারার মানুষঅক্যলর হাছে সোঅন হ্যাইয়েনে হইল্, “অনরা বেবিলনিয়
শাসনহত্যাঅক্যলরে নঅ ডরাইবান। অনরা দেশত থাকিয়েনে বেবিলনর বাদশার অধিনতা স্যিকার
গরন, য়িয়ানত অনরার ভালা অইবো।”

25 কিন্তু সাত লম্বর মাসত্ ইলিশামার নাতি, মানি নথনিয়র ফোয়া ইসমাইল দশ জন মানুষ লগে
গরি নিয়েনে গদলিয়রে আর এহুদার যেতাক্যিন মানুষঅক্যল ও বেবিলনিয়অক্যলে মিস্ফাত্ তেঁইর
লগে আছিল্ য়িতারার বেক্যিনরে মারি ফেলিল্। এই ইসমাইল আছিল্ রাজবংশর মানুষ।

26 ইয়ানত বেবিলনিয়অক্যলর ডরে এহুদার উঁর-ছোড বেক মানুষঅক্যলে ও সেনাফতিঅক্যলে
মিসরত ধাই গেল্।

বন্দিদশার ত্যুন যিহোয়াখিনর মুক্তি

27 এহুদার বাদশা যিহোয়াখিনর বন্দি জিবনর সাত্তিরিশ বছরর সমত ইবিল-মারডক বেবিলনর
বাদশা অইল্। তেঁই য়েই বছরর বারো মাসর সাতাইশ দিনর দিন যিহোয়াখিনরে জেলহ্যানার ত্যুন
ছারি দিল্।

28 তেঁই যিহোয়াখিনর লগে ভালা গরিয়েনে হতা হইল্ ও বেবিলনত্ তেঁইর লগে আর যেতাক্যিন
বাদশা আছিল্ য়িতারার ত্যুনঅ তেঁইরে আরো সম্যানর আসন দিল্।

29 যিহোয়াখিন জেলহ্যানার হঅর-সোঅর খুলি ফেলিল্ আর জিবনর বাকি দিনগিন নিয়মিত ভাবে
বাদশার লগে হ্যানা-দানা গরিয়েনে হাডাই দিল্।

30 তেঁই যেতদিন বাঁচি আছিল্ য়েতদিন বাদশা নিয়মিত ভাবে তেঁইরে ফত্যিদিনর লাই উগ্যয়া ভাতা
দিতো।

নবিঅক্যলর কিতাব: ১ হ্যান্দাননামা 1

হযরত আদম (আঃ)-র ত্যুন হযরত ইব্রাহিম ফইয্যন্ত বংশ-তালিকা

1 আদমর ফোয়া শিস, শিসর ফোয়া আনুশ,

2 আনুশর ফোয়া কিনান, কিনানর ফোয়া মাহলাইল, মাহলাইলর ফোয়া ইয়ারুদ,

3 ইয়ারুদর ফোয়া ইদিরিস, ইদিরিসর ফোয়া মুতাওশালেহ্, মুতাওশালেহ্র ফোয়া লামাক আর লামাকর ফোয়া নুহ্।

4 নুহ্র ফোয়াঅক্যল অইল্ সাম, হাম আর ইয়াফস।

5 ইয়াফসর ফোয়াঅক্যল অইল্ গোমর, মাজুজ, মাদয়, যবন, তুবল, মেশক আর তিরস।

6 গোমরর ফোয়াঅক্যল অইল্ অস্কিনস, দিফত্ আর তোগর্ম।

7 যবনর ফোয়াঅক্যল অইল্ ইলিশা, তর্শিশ, কিত্যিম আর রোদানিম।

8 হামর ফোয়াঅক্যল অইল্ কুশ, মিসর, ফুট আর কেনান।

9 কুশর ফোয়াঅক্যল অইল্ সবা, হবিলা, সফ্তা, রয়মা আর সফ্তকা। রয়মার ফোয়াঅক্যল অইল্ সাবা আর দদান।

10 কুশর উগ্যয়া ফোয়া অইয়্যেল্ যিবার নাম আছিল্ নমরুদ। তেঁই দুনিয়াত্ একজন শক্তিশালি মরতফোয়া অই উইট্যেল্।

11-12 লিডিয়, অনামিয়, লহাবিয়, নফ্তুহিয়, ফত্রোষিয়, কস্লুহিয় আর ক্রিটিয়অক্যলে আছিল্ মিসরর বংশর মানুষ। কস্লুহিয়অক্যলে আছিল্ ফিলিস্তিনিঅক্যলর ফুর্বফুরুষ।

13-16 কেনানর উঁর ফোয়ার নাম আছিল্ সিডন। তার ফরদি হেতর জন্ম অইয়্যেল্। যিবুষিয়, আমোরিয়, গির্গাশিয়, হিব্যিয়, অর্কিয়, সিনিয়, অর্বদিয়, সমারিয় আর হমাতিয়অক্যলে আছিল্ কেনানর বংশর মানুষ।

17 সামর ফোয়াঅক্যল অইল্ ইলাম, আশুর, আরফাকশাদ, লুদ আর ইরাম। ইরামর ফোয়াঅক্যল অইল্ আওস, হুল, গেথর আর মেশেক।

18 আরফাকশাদর ফোয়া শালেক আর শালেকর ফোয়া আবের।

19 আবেরর দুয়া ফোয়া অইয়্যেল্। য়িতারার একজনর নাম আছিল্ ফালেজ; য়িবার সমত দুনিয়া ভাগ অইয়্যেল্ বুলিয়েনেই য়িবার এই নাম দেয়া অইয়্যেল্। ফালেজর ভাইঅর নাম আছিল্ ইয়াকতান।

20-23 ইয়াকতানর ফোয়াঅক্যল অইল্ অল্মোদদ, শেলফ, হাযরামাওত, যেরহ, হদোরাম, উসল, দিক্ল, এবল, অবিমায়েল, সাবা, ওফির, হবিলা আর যোবব।

24 এই অইল্ সামর বংশ-তালিকা: সামর ফোয়া আরফাকশাদ, আরফাকশাদর ফোয়া শালেক,

25-27 শালেকর ফোয়া আবের, আবেরর ফোয়া ফালেজ, ফালেজর ফোয়া রাউ, রাউঅর ফোয়া সারুজ, সারুজর ফোয়া নাহুর, নাহুরর ফোয়া তারেক, তারেকর ফোয়া ইব্রাম, মানি ইব্রাহিম।

হযরত ইব্রাহিম (আঃ)-র বংশ-তালিকা

28-31 ইব্রাহিমর ফোয়াঅক্যল অইল্ ইসহাক ও ইসমাইল্। য়িতারার বংশর হতা এই: ইসমাইলর উঁর ফোয়া নাবায়ুত, য়িবার ফরদি কায়দার, অদ্বেল, মিব্সম, মিশ্ম, দুমা, মসা, হদদ, তেমা, যিটুর, নাফিশ আর কেদমা।

32 ইব্রাহিমর উফইস্ত্রি কাতুরার ফোয়াঅক্যল অইল্ সিম্রন, যক্ষন, মদান, মাদিয়ান, যিশ্বক আর শুহ। যক্ষনর ফোয়াঅক্যল অইল্ সাবা আর দদান।

33 মাদিয়ানর ফোয়াঅক্যল অইল্ ঐফা, এফর, হনোক, অবিদ আর ইল্দায়া। ইতারা বেক্যিন আছিল্ কাতুরার ফোয়া আর নাতি।

34 ইব্রাহিমর নাতি, মানি ইসহাকর ফোয়াঅক্যল অইল্ ইস্ আর ইসরাইল্।

35 ইসর ফোয়াঅক্যল অইল্ ইলিফস, রুয়েল, যিয়ুশ, যালম আর কারুন।

36 ইলিফসর ফোয়াঅক্যল অইল্ তৈমন, ওমার, সফি, গয়িতম, কনস আর তিম্নার ফেডত্ আমালেক।

37 রুয়েলর ফোয়াঅক্যল অইল্ নহত্, সেরহ, শম্য আর মিসা।

সেয়িরর বংশ-তালিকা

38 সেয়িরর ফোয়াঅক্যল অইল্ লোটন, শোবল, শিবিয়োন, অনা, দিশোন, এত্সরআর দিশন।

39 লোটনর ফোয়াঅক্যল অইল্ হোরি আর হোমম। তিম্না আছিল্ লোটনর বোইন।

40 শোবলর ফোয়াঅক্যল অইল্ অলিয়ন, মানহত্, এবল, সফি আর ওনম। সিবিয়োনর ফোয়াঅক্যল অইল্ অয়া আর অনা।

41 অনার ফোয়া অইল্ দিশোন। দিশোনর ফোয়াঅক্যল অইল্ হম্রন, ইশ্বন, যিত্রন আর করান।

42 এত্সরর ফোয়াঅক্যল অইল্ বিল্হন, সাবন আর যাকন। দিশনর ফোয়াঅক্যল অইল্ আওস আর অরান।

ইদোমর বাদশাঅক্যল

43 বনি-ইসরাইলঅক্যলর মাঝে রাজশাসন শুরু অইবার আগদি ইদোম দেশত যে বাদশাঅক্যলে
রাজত্য গইজ্যেল্ য়িতারার নাম এই: বাউরর ফোয়া বেলা। তেঁইর রাজধানির নাম আছিল্
দিন্হাবা।

44 বেলার ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত বস্রা শঅরর সেরহর ফোয়া যোবব বাদশা অইয়্যেল্।

45 যোববর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত তৈমনিয়অক্যলর দেশর হুশম বাদশা অইয়্যেল্।

46 হুশমর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত বদদর ফোয়া হদদ্ বাদশা অইয়্যেল্। তেঁই মোয়াব দেশত্
মাদিয়ানিয়অক্যলরে আআরাই দিয়্যেল্। তেঁইর রাজধানির নাম আছিল্ অবিত্।

47 হদদর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত মস্রেকা শঅরর সম্ল বাদশা অইয়্যেল্।

48 সম্লর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত্ য়েই এলাহার দইজ্যার ফারর রহোবোত্ শঅরর শোল
বাদশা অইয়্যেল্।

49 শোলর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত্ অক্বোরর ফোয়া বাল্-হানন বাদশা অইয়্যেল্।

50 বাল্-হাননর ইন্তেহালর ফরদি তেঁইর জাগাত হদদ্ বাদশা অইয়্যেল্। তেঁইর রাজধানির নাম
আছিল্ ফায় আর তেঁইর বউঅর নাম আছিল্ মহেটবেল্। তেঁই মট্রেদর মাইয়্যা আর মেষাহবর
নাতিন।

51-54 ফরদি হদদর ইন্তেহাল অইয়্যেল্। ইদোমর সদ্যারঅক্যল আছিল্ তিম্ন, অলিয়া, যিথেত্,
অহলিবামা, এলা, ফিনোন, কনস, তৈমন, মিব্সর, মঝিয়েল আর ইরম।

নবিঅক্যলর কিতাব: ১ হ্যান্দাননামা 2

হযরত ইয়াকুব (আঃ), মানি ইসরাইলর ফোয়াঅক্যল

1 ইসরাইলর ফোয়াঅক্যল অইল্ রুবেন, শিমিয়োন, লেবি, এহুদা, ইষাখর, সবুলুন,

2 দান, ইউসুফ, বিন্ইয়ামিন, নফ্তালি, গাদ আর আশের। এহুদার বংশ-তালিকা

3 এহুদার ফোয়াঅক্যল অইল এর, ওনন আর শেলা। এই তিনজন আছিল্ বত্-শুয়ার ফেডর
ফোয়া। বত্-শুয়া আছিল্ একজন কেনানিয় মাইয়্যাফোয়া। এর নামর এহুদার উঁর ফোয়া মাবুদর
চোগে হ্যারাফ অঅনে মাবুদ য়িবারে মারি ফেলিল্।

4 এহুদার ফোয়ার বউ তামরর ফেডত এহুদার ফোয়া ফেরস আর সেরহর জন্ম অইয়্যেল্। এহুদার
মোট ফাঁচ্যুয়া ফোয়া আছিল্।

5 ফেরসর ফোয়াঅক্যল অইল্ হিস্রোন আর হামুল্।

6 সেরহর ফোয়াঅক্যল অইল্ শিম্রি, এথন, হেমন, কল্কোল আর দারা। ইতারা আছিল্ মোট ফাঁচ
জন।

7 শিম্রির নাতি, মানি কর্মির ফোয়া আছিল্ আকন, যিবার আর এক নাম আছিল্ আকর, য়িবা তচনচর লাই ঠিগ গরি রাকা জিনিস লইয়েনে ইসরাইলর উঅর বিফদ ডাকি আইন্যেল্।

8 এথনর এক জন ফোয়ার নাম আছিল্ অসরিয়।

9 হিস্রোনর ফোয়াঅক্যল অইল্ যিরহমেল, রাম আর কালুবায়।

10 রামর ফোয়া অইল্ অম্যিনাদব। অম্যিনাদবর ফোয়া অইল্ নহশোন; তেঁই এহুদা-গুষ্টির নেতা আছিল্।

11 নহশোনর ফোয়া সল্মোন আর সল্মোনর ফোয়া বোয়স;

12 বোয়সর ফোয়া ওবেদ আর ওবেদর ফোয়া ইয়াসি।

13 ইয়াসির উঁর ফোয়া অইল্ ইলিয়াব, দিতিয় ফোয়া অবিনাদব, তিতিয় ফোয়া শম্য,

14 চাইর লম্বর ফোয়া নথনেল, ফাঁচ লম্বর ফোয়া রদ্যয়,

15 ছঅ লম্বর ফোয়া ওত্সম আর সাত লম্বর ফোয়া দাউদ।

16 য়িতারার বোইনঅক্যল অইল্ সরুয়া আর অবিগল। অবিশয়, যোয়াব আর অসাহেল আছিল্ সরুয়ার তিন জন ফোয়া।

17 অবিগল আছিল্ অমাসার মা, আর ইসমাইলিয় যেথর আছিল্ অমাসার বাবা।

18 হিস্রোনর ফোয়া কালুবায়অর বউ অসুবার ফেডত্ আর যিরিয়োতর ফেডত্ ফোয়ামাইয়্যা অইয়্যেল্। অসুবার ফোয়াঅক্যল অইল্ যেশর, শোবব আর অর্দোন।

19 অসুবা মারা গেলে কালুবায় ইফ্রাথারে বিয়া গরিল্। ইফ্রাথার ফেডত্ হুরর জন্ম অইয়্যেল্।

20 হুরর ফোয়া উরি আর উরির ফোয়া বত্সলেল্।

21 ফরদি হিস্রোন ষাইট বছর বয়সত মাখিরর মাইয়্যারে, মানি গিলিয়দর বোইনরে বিয়া গরিয়েনে য়িবার লগে এক বিছানাত্ থাইক্যেল্। য়েই বউঅর ফেডত্ সগুবর জন্ম অইল্।

22-23 সগুবর ফোয়ার নাম যায়ির। সগুব আর যায়ির আছিল্ গিলিয়দর বাবা মাখিরর বংশর মানুষ। গিলিয়দ এলাহাত যায়িরর অধিনে তেইশ্যুয়া গেরাম আছিল্। কিন্তু গশুর আর সিরিয়া আইয়েনে হব্যত্-যায়ির, কনাত্ আর য়িয়ানর আশফাশর গেরামগিন, মানি ষাইট্যুয়া গেরাম অধিকার গরি লইল্।

24 হিস্রোন-কালুত-ইফ্রাথাত্ মারা গেলে ফর তেঁইর বউ অবিয়ার ফেডত তেঁইর ফোয়া অসহুরর জন্ম অইয়্যেল্। অসহুর তকোয় নামর উগ্যুয়া গেরাম বানাই তুইল্যেল্।

25 হিস্রোনর উঁর ফোয়া আছিল্ যিরহমেল আর যিরহমেলর উঁর ফোয়া আছিল্ রাম; তারফর বুনা, ওরন, ওত্সম আর অহিয়র জন্ম অইয়্যেল্।

26 অটারা নামর যিরহমেলর আর একজন বউ আছিল্। য়িবার ফোয়ার নাম ওনম।

3 য়িয়ান কি দুষ্টঅক্যলর লাই তচনচ নঅ না? যারা হ্যারাফ হাম গরে য়িতারার লাই বিফদ নঅ
না?

4 তেঁই কি আঁর চলাফিরা নঅ দেকে না? আঁর ফত্যিউয়া ধাফ কি তেঁই নঅ গনে না?

5 "আঁই আঁসাই হইর দে, আঁই মিছার মইধ্যে চলাফিরা নঅঅ গরি, আঁর ঠেং ছলনার ফিছদি নঅঅ
দুঁরে।

6 সঠিক দাঁরিফল্যাত্ আল্লাহ্ যেন্ আঁরে ওজন গরে, তইলে তেঁই জানিত্ ফারিবো দে, আঁই নিদ্যোষ।

7 যুদি আঁই বিফথত ঠেং দিই থাকি, আঁর চোগ যুদি আঁর দিলরে গুনাহ্ গরাই থাকে, বা আঁর আতত্
যুদি হনঅ গুনাহ্‌র দাগ লাগি থাকে,

8 তইলে আঁই যেগিন রুক্যি য়েগিন যেন্ অইন্যতারা হ্যাআ, আঁর শইস্য যেন্ আঁআঁরি ফেলা অঅ।

9 "আঁর দিল্ যুদি হনঅ মাইয়্যাফোয়ার মিক্যাদি যাই থাকে, বা যুদি ফতিবাসির দরজার হাছে আঁই
ওঁত ফাতি থাকি,

10 তইলে আঁর বউ যেন্ অইন্য মাইন্ষ্যর জাঁতা ঘুরাআ, আর অইন্য মানুষ যেন্ য়িবার লগে
উউতে।

11 আঁর ফক্যে য়িয়ান অইবো এক্যান জঘইন্য হাম, বিচারকঅক্যলরে দিয়েনে শাস্তি ফাইবার মতন
গুনাহ্।

12 য়েই গুনাহ্ এন্ আগুনর মতন যেগিন হব্যর ফইয্যন্ত জলের, য়েগিনে আঁর অক্যল কিছু ফোড়াই
ফেলিত্ ফারে।

13 "আঁর গোলাম আর বাঁদিঅক্যলে আঁর বিরুদ্যে হনঅ নালিশ জানাইলে যুদি আঁই য়েগিনর বিচার
গইত্যো রাজি নঅ অই থাকি,

14 তইলে আল্লাহ্ যহন আঁর মুকামকি অইবো তহন আঁই কি গইজ্যোম? আঁই তেঁইরে কি কৈফিয়ত
দিয়োম?

15 যিবা আঁরে মাআর ফেডর মইধ্যে বানাইয়্যে, তেঁই য়িতারারেঅ নঅঅ বানাআ না? একই জনে কি
মাআর ফেটত্ আঁরারে নঅঅ বানাআ না?

16 "আঁই যুদি গরিবঅক্যলর অভাব নঅ মিটাই থাকি, বা রারিঅক্যলরে নিরাশ গরি থাকি,

17 যুদি আঁর হ্যানা আঁই এতিমঅক্যলরে নঅ দিয়েনে এক্লা হ্যাই থাকি —

18 অবইশ্য আঁর অল্ফ বয়সর ত্যুনই য়িতারারে আঁই বাবার মতনই ফালন গজ্যি আর আঁর জন্মর
ফরর ত্যুনই রারিঅক্যলরে দেহ্যাশুনা গজ্যি —

19 যুদি আঁই কেউঅরে হঅর-সোঅরর অভাবে মইত্যো দেকি থাকি বা অভাবি মানুষরে লেংটা দেকি থাকি,

20 ভেরার কেঁশর হঅর দিয়েনে য়িবারে গরমত রাক্যি বুলিয়েনে যুদি য়িবার দিল্ আঁর ফশংসা নঅ গরি থাকে,

21 বিচারর মিটিংগত আঁর হ্যমতা আছে বুলিয়েনে আঁই যুদি এতিমঅক্যলর গাআত আত তুলি থাকি,

22 তইলে হাঁদর ত্যুন আঁর আত যেন্ হ্যোশি ফরে, আঁড্যির জোরার ত্যুন যেন্ য়েগিন ভাঁগি ফরে,

23 হারন আঁই আল্লাহ্র দেয়া শাস্তিরে ডরাই; তেঁইর মইমা এত বেশি দে, তেঁইর ডরে আঁই য়েগিন গরিত্ নঅ ফারি।

24 “সোনার উঅর যুদি আঁই ভরসা গরি থাকি, বা হ্যাঁটি সোনারে হই থাকি, ‘তোঁয়ার উঅরদিই আঁর নির্ভরতা,’

25 আঁর নিজ আত দিয়েনে যে সম্ফদ আঁই লাভ গজ্যি য়েই মআধন নিয়েনে যুদি আঁই আনন্দ গরি থাকি,

26 যুদি উজ্যল সুয্যর আর ফুন্যিমাসির চাঁনর মিক্যাদি চাই থাকি,

27 আর য়িয়ানত যুদি আঁর দিল্ গোফনত্ য়েগিনর মিক্যাদি যাই থাকে, য়েগিনরে চুম দিবার উদ্যেশ্যে যুদি আঁর আতত্ চুম দিই থাকি,

28 তইলে এগিনঅ অইল্ শাস্তি ফাইবার মতন গুনাহ্, হারন য়িয়ানত আঁই বেহেস্তর আল্লাহ্রে অসিকার গজ্যি।

29 “আঁর শত্রুর দুর্ভাইগ্যে আঁই আনন্দ নঅঅ গরি বা য়িবার হষ্টর সমত খুশি নঅঅ অইয়্যি।

30 য়িবার ফরানর বিরুদ্যে বদ্দোয়ার হতা হইয়েনে আঁর মুকরে আঁই গুনাহ্ গইত্যো নঅঅ দিয়্যি।

31 আঁর ঘরর মানুষঅক্যলে তঅ এই হতাই তইতো, ‘উজুরর দেয়া গোস্তত হনে না ফেট ভরাইয়্যে?’

32 হনঅ বিদেইশ্যার ত্যুন রাস্তাত্ রাইত হাডন নঅঅ ফরে, হারন যাত্রিঅক্যলর লাই আঁর দরজা অক্যল সমত খোলা থাইক্তো।

33 অইন্যাইন্য মানুষঅক্যলর মতন আঁই গুনাহ্ গোফন গরিয়েনে নঅঅ রাকি আর আঁর দিলত্ দোষ লুকাই নঅঅ রাকি;

34 হাজেই আঁই মানুষঅক্যলরে নঅ ডরাইতাম, আর আঁর বংশর মানুষঅক্যলর ঘিনার ডরে আঁই ঘরত চুব গরিয়েনে বোই থাইক্তাম।

35 “আয় হায়, আঁর হতা যুদি কেউ উইন্তো! আঁই সই দিয়েনে সাক্যি দিইর দে, আঁর হতা আঁসা; সর্বশক্তিমান যেন্ আঁরে জোয়াব দেএ, আঁর বিবাদি যেন্ আঁর দোষ লেকিয়েনে দেহ্যাআ।

36 আঁই নিচ্যয়ই য়েগিন আঁর হাঁদত লাগাই রাইক্যোম আর তাজর মতন গরিয়েনে মাথাত্ ফিন্দোম।

37 আঁর ফত্যিউয়া ধাফর ইসাব আঁই তেঁইরে দিয়োম; রাজফুত্রর মতন আঁই তেঁইর হাছে আগাই যাইয়োম।

38 “আঁর জমি যুদি আঁর বিরুদ্যে চিল্যাই উঢে আর চাষ গরা জমি চোগর ফানিত ভিজি উঢে,

39 যুদি আঁই দাম নঅ দিয়েনে য়িয়ানর ফসল হ্যাই থাকি বা য়েডিয়ার মালিকঅক্যলরে নিঠুরভাবে যন্ত্রনা দিই থাকি,

40 তইলে যেন্ য়েডে গেঁউঅর বদলে কেঁডাগাছ জালাআ আর যবর বদলে জালা আগাছা।” এডে আইয়ুবর হতা শেষ।

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 32

ইলিহুর হতা

1 আইয়ুব নিজর চোগে নিজরে নিয়াইবান মনে গইজ্যেল্ বুলি য়েই তিনজন আইয়ুবর হতার জোয়াব দেয়া বন্ধ গরি দিয়্যেল্।

2 ইয়ানত রামর বংশর বুষিয় বারখেলর ফোয়া ইলিহু আইয়ুবর উঅর বউত বেশি গোস্যা অই গেল্, হারন আইয়ুব আল্লাহ্র ত্যুন নিজরে নিয়াইবান মনে গইত্যো আছিল্।

3 তেঁই য়েই তিনজন বন্ধুর উঅরদিঅ বউত বেশি গোস্যা অই গেল্, হারন য়িতারা আইয়ুবর হতার জোয়াব দিত্ নঅ ফারিয়েনেঅ তেঁইরে দুষি গইত্যো আছিল্।

4 য়িতারার বেক্যিনর ত্যুন ইলিহু বয়সে ছোড আছিল্ বুলি আইয়ুবরে জোয়াব দিবার লাই তেঁই অফেক্যা গইত্যো আছিল্।

5 ফরদি য়েই তিনজন মানুষর জোয়াব দিবার লাই আর কিছু নাই দেকিয়েনে তেঁই গোস্যায় জলি উঢিল্।

6 য়িয়ানর লাই বারখেলর ফোয়া ইলিহু হইল্, “আঁর বয়স হম, কিন্তু অনরা বুরা অইয়্যোন, হাজেই আঁর মতামত ফকাশ গইত্যো আঁই সঅস নঅঅ গরি, ডরাইয়্যিলাম।

7 আঁই ভাব্যিলাম, যারার বয়স বেশি য়িতারাই হতা হঅক, য়িতারাই গেয়ান শিক্যা দঅক যারার বউত বয়স ফার অই গেইয়্যে।

8 আঁসাই মানুষর মইধ্যে রুহ্ আছে, আর সর্বশক্তিমানর নিয়াস য়িবারে বুঝিবার শক্তি দেএ।

9 হ্যালি বুরা মানুষঅক্যলেই দে গেয়ানবান য়িয়ান নঅঅ, যারার বয়স বেশি হ্যালি য়িতারাই দে সঠিক বিষয় বুঝে য়িয়ান নঅঅ।

10 “য়িয়ানর লাই আঁই হইর, আঁর হতা উনন; আঁইঅ আঁর মতামত ফকাশ গইজ্যোম।

11 অনরার হতা হইবার সমত আঁই অফেক্যা গজ্যিলাম। যহন অনরা কি হইবার য়িয়ানর তালাইশ
গইত্যা আছিলান তহন আঁই অনরার যুক্তি উইন্‌তাম আছিলাম।

12 আঁই অনরার হতাত ফুরাফুরি মনোযোগ দিয়্যিলাম, কিন্তু অনরার মইধ্যে একজনঅ আইয়ুবর
হতার ভুল ফরমান নঅঅ গরন; তেঁইর হতার জোয়াবঅ অনরা নঅঅ দঅন্‌

13 এই হতা নঅ হইবান, 'আঁরা বুঝিত্‌ ফাজ্যি দে, মানুষ নঅঅ কিন্তু আল্লাহ্‌ তেঁইরে আআরাই দিত্‌
ফারে।'

14 আইয়ুর আঁর বিরুদ্যে হনঅ হতা নঅঅ হঅ; অনরার যুক্তি দিয়েনে আঁই তেঁইরে জোয়াব দিতাম
নঅ।

15 "ইতারা এত থঅ অই গেইয়্যে, ইতারার আর কিছু হইবার নাই; ইতারার হতা আআরাই গেইয়্যে।

16 ইতারা তঅ এহন চুব গইজ্যে, জোয়াব নঅ দিয়েনে ইতারা থামি গেইয়্যে; আর কি আঁর অফেক্যা
গরন উচিত না?

17 এহন আঁইঅ আঁর হতা হইয়োম, আঁর মতামত আঁই ফকাশ গইজ্যোম;

18 হারন আঁর হইবার মতন বউত হতা আছে, আঁর রুহ্‌ আঁরে হতা হইতো বাইধ্য গইজ্যে।

19 আঁর ভিতরগান থইলাত্‌ ভরা আংগুর-রসে ফাটি যাইবার মতন অইয়্যে, নয়া চামরার থইলার
মতনই ফাটি যাইবার মতন অইয়্যে।

20 শান্ত অইবার লাই আঁর ত্যুন হতা হঅন ফরিবো; মন খুলিয়েনে আঁর ত্যুন জোয়াব দঅন ফরিবো।

21 আঁই কেউঅর লগে একচোগামি গইত্যাম নঅ, বা হনঅ মানুষরে তোশামোদ গইত্যাম নঅ;

22 আঁই তোশামোদ গরিত্‌ নঅ জানি; যুদি য়িয়ান গরি তইলে আঁর সিষ্টিহত্যা আঁরে তরাতরিই তুলি
লই যাইবো।

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 33

1 "যিয়ান অইবো অঅক, আইয়ুব, এবার আঁর হতা উনন; আঁই যিয়ান হইয়্যোম য়িয়ানত মন
দঅন।

2 আঁই মুক খুইল্‌তাম যাইর্‌; আঁর হতা আঁর জিল্‌ফার আগাত্‌ আইস্যে;

3 আঁর হতা হ্যাঁটি দিলর ত্যুন আইয়ের; আঁই যিয়ান জানি য়িয়ান আঁর মুক সরলভাবে হইবো।

4 আল্লাহ্‌র রুহ্‌ আঁরে বানাইয়্যে; সর্বশক্তিমানর নিয়াসে আঁই জিবন ফাইর।

5 অনে যুদি ফারন তইলে আঁরে জোয়াব দঅন; নিজর হতা গুছাই নিয়েনে আঁর মুকামুকি অঅন।

6 আল্লাহ্‌র সাম্‌নদি আঁই আর অনে সমান; আঁরেঅ মেডি দিয়েনে বানানো অইয়্যে।

7 আঁরে যেন্ অনে নঅ ডরন, বা আঁর হতার চাব যেন্ অনর উঅর ভারি নঅ অঅ।

8 “তঅঅ অনে আঁর সাম্নদিই হতা হইয়্যোন; অনে যিয়ান হইয়্যোন ঠিগ য়িয়ানই আঁই উন্যি;

9 অনে হইয়্যোন, ‘আঁই ফাক-ফবিত্র, আঁর হনঅ গুনাহ্ নাই; আঁই হ্যাঁটি, আঁর হনঅ দোষ নাই।

10 তঅঅ আল্লাহ্ আঁর দোষ টোয়াই বেরার; তেঁই আঁরে তেঁইর শত্রু মনে গরের।

11 তেঁই সিয়োল দিয়েনে আঁর ঠেং বাইন্ধে; আঁর অক্যল ফখর উঅর তেঁই হরা নজর রাইক্যে।’

12 “কিন্তু আঁই অনরে হই, এই বিষয়ে অনর হতা ঠিগ নঅঅ, হারন মানুষর ত্যুন আল্লাহ্ উঁর।

13 কিল্যাই অনে তেঁইরে এই নালিশ জানাইতা লাইগ্যোন দে, মানুষর হনঅ হতার জোয়াব তেঁই নঅ দেএ?

14 আদতে আল্লাহ্ নানান ভাবে হতা হঅ যুদিঅ মানুষ য়িয়ান বুঝিত্ নঅ ফারে।

15 হ্যোয়াবর মইধ্যে, রাতিয়ার দশ্যনর মইধ্যে বিছানাত উউতিয়েনে যহন মানুষর ঘুম ভারি অঅ,

16 তহন তেঁই য়িতারার হানে হানে হতা হঅ আর সাবধানবানি দিয়েনে য়িতারারে ডর দেহ্যাআ,

17 যেন্ মানুষ য়িবার অন্যায় হামর ত্যুন ফিরে আর অহংকারর ত্যুন দুরে থাকে

18 তেঁই এন্ গরিয়েনে হব্যরর ত্যুন য়িবার ফরান, মরনর আঘাতর ত্যুন য়িবার জিবন রক্যা গরে।

19 মানুষ বেরামর হারনে যন্ত্রনা ফাইয়েনে শাস্তি ফাআ; য়িবার আঁড্যির মইধ্যে অক্যল সমত হষ্ট অঅ।

20 ইয়ানত হ্যানা-দানাত য়িবার বিরক্তি জাগে, য়িবা বেক্যিনর ত্যুন ভালা হ্যানাঅ ঘিনা গরে।

21 য়িবার শরিলর গোস্ত এক্যবারে হ্যয় অই যাআ; তহন গোস্তত ঝাফাইন্যা আঁড্যিগিন বাইর অই ফরে।

22 য়িবার ফরান হব্যররর হাছে আজির অঅ, য়িবার জিবন আজারাইলঅক্যলর হাছাহাছি অঅ।

23 “যুদি একজন ফেরেস্তা য়িবার ফক্যে থাকে, আজার ফেরেস্তার মইধ্যে একজন মইধ্যস্ত থাকে যিবা মানুষরে হঅঅ হন্যান য়িবার লাই ঠিগ,

24 তইলে তেঁই য়িবার লাই দয়ালু অইয়েনে হঅক, ‘হব্যরত লামি যঅনর ত্যুন য়িবারে রেহাই দঅ; আঁই য়িবার লাই মুক্তির মুইল্য ফাইয়্যি।’

25 তইলে য়িবার শরিল আবার জোয়ানর মতন অইবো; য়িবা আবার যোবন ফিরি ফাইবো।

26 য়িবা আল্লাহ্র হাছে মুনাজাত গরিবো আর তেঁই য়িবারে রহমত দান গরিবো; য়িবা আল্লাহ্র মুক দেকিয়েনে আনন্দে চিল্যাই উটিবো; আল্লাহ য়িবারে য়িবার নিদ্যোষ অবস্থাত ফিরাই আনিবো।

27 য়িবা তহন মানুষর হাছে আইয়েনে হইবো, ‘আঁই গুনাহ্ গজ্যিলাম আর যিয়ান ঠিগ য়িয়ানর উল্টা গজ্যিলাম, কিন্তু আঁর ফাওনা শাস্তি আঁই নঅঅ ফাইয়্যি।

28 হব্যরত লামি যাইবার আতর ত্যুন তেঁই আঁর ফরান মুক্ত গইজ্যে; আঁই ফঅর দেকিত্ ফাইর।’

29 “আল্লাহ্ মানুষর লাই বার বার য়েগিন বেক্যিন গরে,

30 যেন্ য়িবার ফরান হব্যরত যঅনর ত্যুন ফিরে আর য়িবার উঅরদি জিবনর ফঅর ফরে।

31 “আইয়ুব, অনে মন দিয়েনে আঁর হতা উনন; অনে নিরব থাকন, আঁই হতা হই।

32 যুদি অনর কিছু হইবার থাকে তইলে আঁরে হঅন; অনে হঅন, হারন আঁই অনরে নিদ্যোষ দেহ্যাইতাম চাই।

33 যুদি কিছু হইবার নঅ থাকে, তইলে আঁর হতা উনন; অনে নিরব থাকন, আঁই অনরে গেয়ান শিক্যা দিয়োম।”

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 34

1 তারফর ইলিহু হইল,

2 “অঅ গেয়ানি মানুষঅক্যল, আঁর হতা উনন; অঅ বুদ্যিমানঅক্যল, আঁর হতাত হান দঅন।

3 জিল্ফা যেন্ গরিয়েনে হ্যানার টেস লঅ য়েইল্যা গরিয়েনে হান মানুষর হতা ফরিক্যা গরি চাআ।

4 হন্যান ঠিগ, আইয়োন, আঁরা য়িয়ান বিচার গরিয়েনে চাই; হন্যান ভালা আঁরা য়িয়ান তালাইশ গরিয়েনে চাই।

5 “আইয়ুব হঅর, ‘আঁই নিদ্যোষ, কিন্তু আল্লাহ্ নিয়াই ভাবে আঁর বিচার নঅঅ গরে।

6 আঁই ঠিগ হতা হইলেঅ আঁরে মিছাহ্যোর মনে গরা অইয়্যে; বিনা দোষে আঁই এন্ আঘাত ফাইয়্যি যিয়ান ভালা নঅ অঅ।’

7 আইয়ুবর মতন কেউ আছে নাকি যিবা ফানির মতন গরিয়েনে ঠঁঅশা-বিদ্রুফ হ্যাইয়্যে?

8 যারা হ্যারাফ হাম গরে তেঁই য়িতারার লগে চলে; তেঁই দুষ্ট মানুষঅক্যলর উঁয়াইজ্যা অঅ।

9 তেঁই হঅ, ‘আল্লাহ্রে সন্তুষ্ট গরিয়েনে মানুষর হনঅ লাভই নঅ অঅ।’

10 “হাজেই অঅ বুদ্যিমান মানুষঅক্যল, আঁর হতা উনন। আল্লাহ্ যে হ্যারাফ হাম গরে, সর্বশক্তিমান যে অন্যায় গরে য়িয়ান দুরে থক্।

11 তেঁই মানুষরে তার হামর ফল দেঅ; য়িবার আচার-বেবার অনুযায়ি তেঁই য়িবার ফাওনা দেঅ।

12 আল্লাহ্ হনঅ সমত হ্যারাফ হাম নঅ গরে, সর্বশক্তিমান হনঅ সমত উল্টা বিচার নঅ গরে।

13 দুনিয়ার ভার কি কেউ তেঁইরে দিয়্যে না? গোডা দুনিয়ার দেহ্যাশুনার হামে কেউ কি তেঁইরে লাগাইয়্যে না?

14 যুদি তেঁই তেঁইর নিজর হতাই ভাইব্তো আর তেঁইর রুহ্ ও নিয়াস নিজর হাছে ফিরাই নিতো

15 তইলে অক্যল মানুষ একলগে তচনচ অই যাইতো, য়িতারা আবার ধুলা অই যাইতো।

16 “যুদি অনরার বুদ্যি থাকে তইলে এই হতা উনন; আঁর হতাত হান দঅন।

17 যিবা নিয়াই বিচার ঘিনা গরে তেঁই কি শাসন গরিত্ ফারে না? অনরা কি নিয়াইবান আর হ্যমতাশালিরে দোষ দিবান না?

18 তেঁই তঅ বাদশাঅক্যলরে হঅ, ‘তোঁয়ারা অফদাত্য,’ আর মেইন মানুষঅক্যলরে হঅ, ‘তোঁয়ার দুষ্ট।’

19 তেঁই শাসনহত্যাঅক্যলর ফক্য নঅ লঅ, গরিবঅক্যলরে ফেলিয়েনে ফুইসাআলাঅক্যলরে উঁর মনে নঅ গরে, হারন য়িতারা বেক্যিনে তেঁইরই আতর হাম।

20 য়িতারা আতিক্যা মারা যাআ, মারা যাআ আধারাইতত্; য়িতারারে লারাইলে য়িতারা তচনচ অঅ; কেউ কিছু নঅ গইল্যেঅ শক্তিমানঅক্যলে মারা যাআ।

21 “মানুষর চলাফিরার উঅর আল্লাহ্র চোগ আছে; য়িতারার ফত্যিউয়া ধাফ তেঁই দেকে।

22 এন্ হনঅ আঁধার জাগা বা ঘন ছায়া নাই যেডে হ্যারাফ হাম গরা মানুষঅক্যলে লুকাইত্ ফারে।

23 মানুষর বিচারর লাই আল্লাহ্র হনঅ তালাইশ গরিবার দরহার নাই;

24 তদন্ত নঅ গরিয়েনেই তেঁই শক্তিমানঅক্যলরে চুরমার গরে আর য়িতারার জাগাত্ অইন্যতারারে বোয়াই দেএ।

25 তেঁই য়িতারার হামর ইসাব রাকে বুলিয়েনে রাইতোর বেলাত্ তেঁই য়িতারারে তচনচ গরি ফেলে আর য়িতারা চুরমার অই যাআ।

26 য়িতারার দুষ্টতার লাই তেঁই বেক্যিনর সাম্নদি য়িতারারে শাস্তি দেএ,

27 হারন য়িতারা তেঁইর ফথদি চলা বাদ দিয়্যে; তেঁইর হনঅ উকুমর মিক্যাদি য়িতারার খিয়াল নাই।

28 য়িতারার অইত্যাচারর হারনে গরিবর হাঁদানি তেঁইর সাম্নদি আজির অঅ; তেঁই অভাবিঅক্যলর হাঁদানি উনে।

29 অবইশ্য তেঁই চুব গরি থাকিলেঅ কেউ তেঁইরে দুষি গরিত্ নঅ ফারে; তেঁই মুক লুকাইলে কেউ তেঁইরে দেকিত্ নঅ ফাআ। তঅঅ তেঁই মানুষ আর জাতির উঅরদি আছে,

30 যেন্ আল্লাহ্র লাই ডরহিন মানুষ রাজত্য গরিত্ নঅ ফারে আর মানুষঅক্যলরে ধরিবার লাই ফাঁদ ফাতিত্ নঅ ফারে।

31 “হনঅ মানুষ তঅ আল্লাহ্রে নঅঅ হঅ, ‘আঁই শাস্তি ফাইয়্যি, আর অন্যায় নঅ গইজ্যোম;

32 আঁই যিয়ান দেকিত্ নঅ ফাই য়িয়ান আঁরে শিকঅ; যুদি আঁই অন্যায় গরি থাকি, তইলে আর য়িয়ান গইত্যাম নঅ।’

33 অনে যহন আল্লাহ্রে অগ্রাইয্য গইত্যা লাইগ্যোন তহন আল্লাহ্ কেন্ গরিয়েনে অনর ইচ্ছামতন ফুরস্কার দিবো? মন ইস্তির গরন অনর হাম, আঁর নঅঅ; হাজেই অনর মতামত অনে ফকাশ গরন।

34 “বুদ্যিমান মানুষঅক্যলে আঁরে হঅ,

গেয়ানি মানুষঅক্যলে আঁর হতা উনিয়েনে আঁরে হঅ,

35 ‘আইয়ুব গেয়ানশুইন্য অইয়েনে হতা হঅর, তেঁইর হতাত হনঅ বুদ্যির ফরিচয় নাই।’

36 আইয়ুবর ফরিক্যা ফুরাফুরি গরিয়েনে অইলেই ভালা, হারন তেঁই দুষ্ট মানুষর মতন হতা হঅর।

37 তেঁইর গুনাহ্র লগে তেঁই বিদ্রোও যোগ গরের; তেঁই আঁরার সাম্নদি আল্লাহ্র কুফরি গরের আর আল্লাহ্র বিরুদ্যে বউত হতা হঅর।”

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 35

1 তারফর ইলিহু হইল্,

2 “অনে দে হইতা লাইগ্যোন অনে আল্লাহ্র সাম্নদি নিদ্যোষ, হতাগান কি অনে ঠিগ বুলি মনে গরন না?

3 অনে তেঁইরে হইতা লাইগ্যোন, ‘ইয়ানত আঁর কি লাভ? গুনাহ্ নঅ গইল্যে আঁই কি ফাইয়োম?’

4 “আঁই অনরে আর অনর উঁয়াইজ্যাঅক্যলরে ইয়ানর জোয়াব দিতাম চাই।

5 আকাশর মিক্যাদি একবার চাই দেহন; সঅন, মেউলা অনর হত উঅরদি আছে।

6 অনে যুদি গুনাহ্ গরন য়িয়ানত আল্লাহ্র কি অঅ? অনর অন্যায় যুদি বউত অঅ য়িয়ানতই বা তেঁইর কি আইয়্যে-যাআ?

7 অনে যুদি নিদ্যোষ অঅন তইলে তেঁইv কি উফহার অইবো? অনর আতর ত্যুন তেঁই কিছুই নঅ চাআ।

8 অনর দুষ্টতা হ্যালি মানুষরই হোতি গরে, আর অনর সততা হ্যালি য়িতারারেই সাইয্য গরে।

9 “অইত্যাচারর ভারে মানুষে চিল্যাআ; য়িতারা শক্তিমানঅক্যলর আতর ত্যুন রেহাই ফাইবার লাই মিনতি গরে।

10 কিন্তু কেউ নঅ হঅ, ‘আঁর সিষ্টিহত্যা আল্লাহ্ হডে, যিবা রাইতোর বেলাত আনন্দর হাউয়ালি দান গরে?

11 তেঁই তঅ দুনিয়ার ফশুগিনর ত্যুন আঁরারে বেশি শিক্যা দেঅ আর আকাশর ফাকিগিনর ত্যুন বেশি গেয়ান দান গরে।’

12 মানুষঅক্যলে যহন হাঁদে তহন তেঁই জোয়াব নঅ দেঅ, হারন য়িতারা অহংকারি আর দুষ্ট।

13 য়িতারার মুনাজাতে হনঅ লাভ নঅ অঅ, হারন আল্লাহ্ য়েগিন নঅ উনে; সর্বশক্তিমান য়িয়ানত হনঅ মনোযোগই নঅ দেঅ।

14 অনে হইতা লাইগ্যোন দে, অনে তেঁইরে দেকিত্ নঅ ফঅন, অনর মামলা তেঁইর সাম্নদি রইয়্যে, আর অনে তেঁইর বিচারর লাই অফেক্যা গইত্যা লাইগ্যোন।

15 অনে আরো হইতা লাইগ্যোন দে, তেঁই গোস্যাত্ শাস্তি নঅ দেঅ আর দুষ্টতার মিক্যাদি বিশেষ খিয়াল নঅ গরে।

16 হাজেই আইয়ুব বাজো হতা হঅর; তেঁই নঅ জানিয়েনে বউত হতা হঅর।”

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 36

1 ইলিহু আরো হইল্,

2 “আল্লাহ্র ফক্যে আঁর আরো কিছু হইবার আছে; আঁর লাই আর এক্যানা ধইয্য ধরন, আঁই অনরে বুঝাই দিইর।

3 আঁই বউত দুরর ত্যুন গেয়ান লাভ গজ্যি; আঁর সিষ্টিহত্যা দে নিয়াইবান য়িয়ান আঁই ফকাশ গইজ্যোম।

4 আঁই আঁসাই হইর দে, আঁর হতা মিছা নঅঅ;

গেয়ানে ভরা একজন অনর লগে আছে।

5 “আল্লাহ্ হ্যমতাশালি, কিন্তু মানুষরে তুছ্য নঅ গরে; তেঁই শক্তিমান আর তেঁইর উদ্যেশ্য ইস্তির।

6 তেঁই দুষ্টঅক্যলরে বাঁচাই নঅ রাকে কিন্তু যারা জুলুম ভোগ গরে য়িতারার নিয়াই ভাবে বিচার গরে।

7 তেঁই ধার্মিক মানুষঅক্যলর ত্যুন তেঁইর চোগ ফিরাই নঅ লঅ; তেঁই বাদশাঅক্যলর লগে য়িতারারে বোয়াই দেঅ আর চিরদিনর লাই য়িতারারে সম্যানিত গরে।

8 কিন্তু মানুষঅক্যলে যুদি গুনাহ্র লাই সিয়োলত বাঁধা থাকে, বাধা থাকে যন্ত্রনার রোশিত্,

9 তঅঅ য়িতারা যেগিন গইজ্যে য়েগিন তেঁই য়িতারারে দেহ্যাই দেঅ, দেহ্যাই দেঅ দে, য়িতারা অহংকারর লগে গুনাহ্ গইজ্যে।

10 তেঁই য়িতারারে সংশোধনর লাই উফদেশ দেএ আর হ্যারাফর ত্যুন মন ফিরাইতো উকুম দেএ।

11 যুদি য়িতারা তেঁইর বাইধ্য অইয়েনে তেঁইর এবাদত গরে, তইলে য়িতারার বাকি জিবন য়িতারা সফলতায় হাডাআ আর বছরগিন হাডাআ সুখে।

12 কিন্তু যুদি য়িতারা নঅ উনে, তইলে মরনর আঘাতত্ য়িতারা তচনচ অইবো আর বুদ্যিহিন অবস্থাত্ মারা যাইবো।

13 "আল্লাহ্র লাই ডরহিন মানুষঅক্যলে গোস্যা ফুষি রাকে; তেঁই বাঁধিলেঅ য়িতারা সাইয্যর লাই নঅ ডাকে।

14 যোবনেই য়িতারা মারা যাআ, মারা যাআ মন্দিরর মরতফোয়া বেইশ্যাঅক্যলর মাঝে।

15 কিন্তু যারা হষ্ট ভোগ গরে য়িতারারে উদ্যার গরিবার লাই তেঁই য়েই হষ্ট বেবার গরে, আর অইত্যাচারর মইধ্য দিয়েনে য়িতারারে শিক্যা দেএ।

16 "হষ্টর আতর ত্যুন তেঁই অনরে বাইর গরিয়েনে লই আইস্তো চাআ, তেঁই অনরে এন্ উঁর জাগাত লই যাইতো চাআ যেডে হনঅ বাধা নাই। য়েডে অনর টেবিল ভালা ভালা হ্যানা দিয়েনে ভরা থাকিবো।

17 কিন্তু এহন অনে দুষ্টঅক্যলর ফাওনা শাস্তি ফাইতা লাইগ্যোন; অনে শাস্তি আর নিয়াই বিচার ভোগ গইত্যা লাইগ্যোন।

18 সতর্ক থাকন যেন্ অনর গোস্যার হারনে অনর ধন-সম্ফদ অনরে ভুল ফথদি লই নঅ যাআ; যে উঁর মাসুল অনে দিয়োন য়িয়ান যেন্ অনরে বিফথে নঅ নেএ।

19 অনর ধন-সম্ফদ বা অনর বেক হ্যমতা কি অনরে দুক্য-হষ্টর ত্যুন রক্যা গরিত্ ফারে না?

20 অনে য়েই রাইতোর আশা নঅ গইজ্যোন যে সমত মাইন্ষ্যে মারা যাআ।

21 সাবধান অঅন, হ্যারাফির মিক্যাদি নঅ ফিরিবান, হারন হষ্ট ফাইবার ত্যুন হ্যারাফিই অনর হাছে মহব্যতর।

22 "আল্লাহ্ কুদরতে মআন। তেঁইর মতন মাস্টোর আর হন্ আছে?

23 হনে তেঁইরে সংশোধন গরিত্ ফারে বা তেঁইরে হইত্ ফারে, 'তুঁই অন্যায় গইজ্যো?'

24 তেঁইর হামর ফশংসা গইত্যে নঅ ফঅইজ্যো; হাউয়ালির মইধ্য দিয়েনেই তঅ মানুষ তেঁইর হামর ফশংসা গইজ্যে।

25 বেক মানুষ তেঁইর হাম দেইক্যে, কিন্তু য়িতারা য়িয়ান দুরর ত্যুনই দেইক্যে।

26 আল্লাহ্ দে হত মআন য়িয়ান আঁরা বুঝিত্অ নঅ ফারি। তেঁইর বয়স হত য়িয়ান জানিত্ ফারন সম্ভব নঅঅ।

27 “তেঁই ফানির ফোঢা টানি নেএ, য়েগিন বাষ্ফ অঅ আর ঝর অইয়েনে ফরে।

28 মেউলা য়েগিন ঢালি দেএ, আর মানুষর উঅর বউত বউত ঝর ফরে।

29 হনে বুঝিত্ ফারে তেঁই কেন্ গরিয়েনে মেউলা বিছাই দেএ? বা তেঁইর থাকিবার জাগার ত্যুন মেউলার গজ্যন গরে?

30 তেঁই তেঁইর চাইরোফাশদি বিজ্লি ছরাই দেএ আর সমুদ্রর তলা ঝাফাই দেএ।

31 এগিন বেক্যিন দিয়েনে তেঁই অক্যল জাতিরে শাসন গরে আর বউত ফরিমানে হ্যানা যোগাআ।

32 তেঁই তেঁইর আত্ দিয়েনে বিজ্লি ধরে আর তেঁইর লইক্য বস্তুরে আঘাত গইত্যো উকুম দেএ।

33 তেঁইর মেউলার গজ্যন ঝর ফরিবার হ্যবর ঘোষনা গরে; ফশুর ঝাঁকগিনঅ ঝর ফরিবার হব্যর জানাআ।

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 37

1 “ইয়ানত আঁই ডরে হাঁফির আর আঁর দিল্ ধুক্ ধুক্ গরের।

2 উনন্, উনন্, তেঁইর গজ্যনর আবাজ; তেঁইর মুকর ত্যুন যে আবাজ বাইর অঅর য়িয়ান উনন্।

3 গোডা আকাশর নিচদি আর দুনিয়ার শেষ সিমানাত তেঁইর বিজ্লিরে তেঁই ফাটাই দেএ।

4 তারফর তেঁইর গজ্যনর আবাজ আইয়্যে; তেঁইর মআন আবাজে তেঁই গজ্যন গরে। যহন তেঁইর গলার আবাজ উনা যাআ তহন বিজ্লিরে তেঁই থামাই নঅ রাকে।

5 আল্লাহ্ আচ্যাইয্যভাবে গজ্যন গরে; তেঁই এন্ উঁর উঁর হাম গরে যেগিন আঁরা বুঝিত্ নঅ ফারি।

6 তেঁই তুষাররে হঅঅ, ‘দুনিয়াত ফর।’ আর ঝররে হঅঅ, ‘উয়্যালাসা ফর।’

7 ফত্যি মানুষরে তেঁইর হামর ত্যুন তেঁই থামাই দেএ, যেন্ অক্যল মানুষ তেঁইর হামর বিষয়ে জানিত্ ফারে।

8 তহন ফশুগিনে আশ্রয় লঅ; য়িতারা য়িতারার গাঁতাত্ ঢুকে।

9 তুয়ান য়িয়ানর ঘরর ত্যুন বাইর অই আইয়্যে, বাতাস ঠান্ডা বোই আনে।

10 আল্লাহ্র নিয়াসর ত্যুন বরফ জন্মাআ আর ফানি জমি যাআ।

11 তেঁই ঘন মেউলাত্ ফানি ভরে; তেঁইর বিজ্লিরে তেঁই মেউলার মইধ্য দিয়েনে ছরাই দেএ।

12 তেঁইর নিদ্যেশ্যে মেউলাগিনে ঘুরি বেরাআ, তেঁইর উকুম ফালনর লাই য়িতারা গোডা দুনিয়াত ঘুরি বেরাআ,

13 মানুষরে শাস্তি দিবার লাই, বা তেঁইর দুনিয়ারে ফানি দিবার লাই, বা তেঁইর মহব্যত দেহ্যাইবার লাই তেঁই ঝর আনে।

14 “আইয়ুব, অনে এই হতা উনন্; ইস্তির অইয়েনে আল্লাহ্র কেরামতির হতা ভাবন।

15 অনে কি জানন্ না কেন্ গরিয়েনে আল্লাহ্ মেউলারে দমনে রাকে আর তেঁইর বিজ্লিরে চম্কাইতো দেএ?

16 অনে কি জানন্ না কেন্ গরিয়েনে মেউলা ঝুলি থাকে? যিবা গেয়ানে ভরা তেঁইর কেরামতি কি অনে জানন্ না?

17 দইনা বাতাসে যহন দেশ নিরব অই যাআ তহন অনে তঅ অনর হঅর-সোঅরে গরম বোধ গরন।

18 ছাঁচত্ ঢালা আয়নার মতন শক্ত যে আকাশ য়িয়ান কি অনে আল্লাহ্র লগে বিছাইয়োন নঅ?

19 “তেঁইরে কি হঅন উচিত য়িয়ান অনে আঁরে হঅন; আঁরা গেয়ানহিন বুলি তেঁইরে আঁরার হতা জানাইত্ নঅ ফারি।

20 তেঁইরে কি হঅন ফরিবো দে, আঁই হতা হইতাম চাই? হনঅ মানুষ কি চাইবো দে, তেঁইরে গিলি ফেলা অঅক?

21 বাতাসে আকাশ ফরিস্কার অইয়েনে যহন সুয্য উজ্যল অঅ তহন য়িয়ানর মিক্যাদি কেউ চাইত্ নঅ ফারে।

22 উত্যর মিক্যাদির ত্যুন সোনালি উজ্যলতা আইয়্যে; য়িয়ানর চাইরোমিক্যাদি ডর জাগাইন্যা মইমা দেহ্যা যাআ।

23 সর্বশক্তিমান আঁরার নাগালর বাইরে আর কুদরতে বউত মআন; তেঁইর নিয়াই বিচার আর সততার হারনে তেঁই জুলুম নঅ গরে।

24 ইয়ানর লাইই মানুষ তেঁইরে ডরাআ; যারা নিজরারে গেয়ানি মনে গরে য়িতারার মিক্যাদি তেঁই হনঅ নজর নঅ দেএ।”

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 38

মাবুদর হতা

1 তহন মাবুদ তুয়ানর মইধ্যর ত্যুন আইয়ুবরে জোয়াব দিল্। তেঁই হইল্,

2 “ইবা হঅন, যে গেয়ানহিন হতা দিয়েনে আঁর ফরিহল্ফনারে সন্দঅ গরে?

3 তুঁই বিরর মতন হোঁঅর বাঁধ আঁই তোঁয়ারে ফ্রশ্ন ফুছার গইজ্যোম আর তুঁই আঁরে জোয়াব দিবা।

4 আঁই দুনিয়ার ভিত্যি এস্তাফন গরিবার সমত তুঁই হডে আছিলা? যুদি তোঁয়ার বুদ্যি থাকে তইলে হঅ।

5 তুঁই কি জান না হনে য়িয়ানর ফরিমান ঠিগ গইজ্যে? হনে য়িবার উঅর মাফর রোশি ধইজ্যে?

6 কিঅর উঅর দুনিয়ার হ্যাম্বাগিন এস্তাফন গরা অইয়্যেল্? আর য়িয়ানর হোনার ফাত্যোরগানই বা হনে এস্তাফন গইজ্যেল্?

7 তহন তঅ বেইন্যা ফজরর তারাগিনে একলগে গান গাইয়্যেল্ আর ফেরেস্তাঅক্যলে বেক্যিনে আনন্দে চিল্যাই উইট্যেল্।

8 "যহন দুনিয়ার গর্ভর ত্যুন সমুদ্র বাইর অই আইস্যেল তহন হনে য়িয়ানরে দরজা দিয়েনে বন্ধ গইজ্যেল্?

9 তহন আঁই মেউলারে য়িয়ানর ফোশাক বানাইয়্যিলাম, আর য়িয়ানরে ঘন আঁধারে ফেঁসাই দিয়্যিলাম।

10 আঁই য়িয়ানর সিমানা ঠিগ গরি দিয়্যিলাম; য়িয়ানর দরজা আর আগল আঁই এস্তাফন গজ্যিলাম।

11 আঁই হইয়্যিলাম, 'এই ফইয্যন্ত, আর নঅঅ; এডে তোঁয়ার অহংকাইজ্যা ঢেউগিনরে থামঅন ফরিবো।'

12 "তুঁই কি হনঅ সমত বেইন্যারে উকুম দিয়্যো বা বেইন্যা ফজররে য়িয়ানর ফথ দেহ্যাই দিয়্যো না,

13 যেন্ য়িবা দুনিয়ার কিনারা ধরে দুষ্টঅক্যলরে য়েডের ত্যুন ঝারি ফেলিত্ ফারে?

14 মেডিত্ সিলমোঅর গইল্যে যেন্ য়িয়ান আকার ফাইয়েনে এস্ফষ্ট অই উঢে, য়েইল্যা দিনর ফঅর ফাআর-ফর্বতরে ফোশাকর ভাঁজর মতন এস্ফষ্ট গরি তুলে।

15 দুষ্টঅক্যলর ফঅর নিফাই দেয়া অঅ, আর য়িতারার উঢাইন্যা আত্ ভাঁগা অঅ।

16 "সমুদ্রর জন্মএস্তানত্ কি তুঁই গেইয়্যো না বা সাগরর তলাত্ আঁইট্যো না?

17 হব্যরর দরজা কি তোঁয়ারে দেহ্যানো অইয়্যে না? য়েই আঁধার জাগার দরজা কি তুঁই দেইক্যো না?

18 দুনিয়াগান হত উঁর য়িয়ান কি তুঁই ধারনা গরিত্ ফাইজ্যো না? যুদি তুঁই এগিন বেক্যিন জান তইলে হঅ।

19 "ফঅরর থাকিবার জাগাত যাইবার ফথ হডে? আর আঁধারই বা হডে থাকে?

20 তুঁই কি য়িতারার থাকিবার জাগাত য়িতারারে লই যাইত্ ফার না? য়িতারার বাড়িত্ যাইবার ফথ কি তুঁই জান না?

21 নিচ্যয়ই জান, তহন তঅ তোঁয়ার জন্ম অইয়্যেল্ তোঁয়ার তঅ বউত বউত বয়স অইয়্যে।

22 "তুঁই কি তুষারর ভান্ডারত্ ঢুইক্যো না বা শিলর ভান্ডার দেইক্যো না?

23 য়েগিন আঁই হষ্টর দিনর লাই জমা গরি রাক্যি; জমা গরি রাক্যি যুদ্য আর লরাইর দিনর লাই।

24 যে জাগার ত্যুন ফঅর ছরাই যাআ, বা যেডের ত্যুন দুনিয়াত ফুকর বাতাস ছরাই ফরে য়েই জাগা হডে?

25 ভারি ঝর ফরিবার লাই আর ঠাডার ফরা ও

ঝর-তুয়ানর লাই হনে ফথ গইজ্যে?

26 যেন্ জনশুইন্য জাগা ফানি ফাআ, ফানি ফাআ মরুভুমি যেডে কেউ নঅ থাকে;

27 যেন্ নিজ্যন ফুরাইন্যা জাগা তিফত অঅ, আর য়েডে খের জালাইত্ ফারে?

28 ঝরর কি বাবা আছে না? হনে হ্যোয়ার ফোটার জন্ম দিয়্যে?

29 হার গর্ভর ত্যুন বরফ আইয়্যে? আকাশর ত্যুন যে হ্যোয়া ফরে য়েগিনর জন্মই বা হনে দিয়্যে?

30 ফানি জমিয়েনে ফাত্যোরর মতন অই যাআ, আর সাগরর উঅরগান জমি যাআ।

31 "তুঁই কি কিত্যিকা নামর তারাগিনরে বাঁধিত্ ফার না? হাল্ফুরুষ নামর তারাগিনর বাঁধন খুলি দিত্ ফার না?

32 তুঁই কি তারাফুন্জরে য়িতারার রিতু অনুযায়ি বাইর গরিয়েনে আনিত্ ফার না, বা সফতষি আর য়িয়ানর ফোয়ামাইয়্যাঅক্যলরে ফথ দেহ্যাইত্ ফার না?

33 আকাশর আইন-হানুন কি তুঁই জান না? দুনিয়াত কি য়েই আইন-হানুন এস্তাফন গরিত্ ফার না?

34 "তুঁই কি মেউলা ফইয্যন্ত তোঁয়ার গলার আবাজ তুলিত্ ফার না যেন্ বউত ফানি তোঁয়ারে ঢালি দিত্ ফারে?

35 তুঁই কি বিজ্লিরে য়িয়ানর ফথত্ ফাটাইত্ ফার না? য়িবা কি তোঁয়ারে হইবো না, 'এই দে আঁই'?

36 হনে দিলরে জান দিয়েনে সাজাইয়্যে, বা মনরে বুঝিবার শক্তি দিয়্যে?

37 মেউলা গনি চাইবার বুদ্যি হার আছে? আকাশর ফানির ঠিল্যা হনে উল্টাইত্ ফারে?

38 যেন্ ধুলাহনা গলিয়েনে একলগে মিশি যাআ আর মেডির দলাগিন ফুট অই যাআ?

39-40 "যহন সিংহগিনে গাঁতার মইধ্যে উউতি থাকে বা ঘন ঝোফত্ ওঁত ফাতি থাকে, তহন মায়িল্যি সিংহর লাই কি তুঁই শিকারর তালাইশ গর না, আর ভুগর সমত সিংহরে হ্যানা দঅ না?

41 ঢোলহাউয়্যার বাইছ্যাগিনে যহন আল্লাহ্র হাছে হাঁদে আর হ্যানার অভাবে ইক্যা-উইক্যা ঘুরি বেরাআ, তহন হনে য়েগিনর হ্যানা যোগাআ?

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 39

1 "ফাআরি সঅল হঁত্যে বাইচ্যা দেঅ য়িয়ান কি তুঁই জান না? মায়িল্যি অরিনর বাইচ্যা দেয়া কি হনঅ সমত তুঁই দেইক্যো না?

2 য়েগিনর বাইচ্যা ফেডত্ হতদিন থাকে য়িয়ান কি তুঁই গইন্যো না? য়েগিনর জন্ম দিবার সময় কি তুঁই জান না?

3 য়েগিনে নিচু অইয়েনে বাইচ্যা দেঅ আর য়েগিনর বাইচ্যা অইবার হঁআঁরি শেষ অই যাআ।

4 য়েগিনর বাইচ্যাগিনে উঁর অঅ আর মাঢত্ শক্তিশালি অই উঢে; য়েগিনে মাআর হাছর ত্যুন যাআ গই, আর ফিরি নঅ আইয়্যে।

5 “বইন্য গাধারে হনে সাধিনভাবে চলাফিরা গইত্যো দিয়্যে? হনে য়িয়ানর রোশির বাঁধন খুলি দিয়্যে?

6 য়িয়ানর ঘরর লাই আঁই মরুভুমি দিয়্যি, য়িয়ানর থাকিবার জাগার লাই দিয়্যি নুনা জাগা।

7 য়িয়ান শঅরর গোলামাল ঘিনা গরে,

ড্রাইবারর চিল্যানি য়িয়ানর হানত্ নঅ আইয়্যে।

8 য়িয়ানর চরিবার জাগা অইল্ ফাআরি এলাহা; য়িয়ান য়েডে অক্যল ডইল্যা হোস্যুয়া গাছফালার তালাইশ গরে।

9 “বইন্য বিরিষ কি তোঁয়ার হাম গইত্যো রাজি অইবো না? রাতিয়া কি য়িয়ান তোঁয়ার জোঁয়ার হাছে থাকিবো না?

10 চাষর জমিত্ কি তুঁই য়িয়ানরে জোয়ালর রোশি দিয়েনে বাঁধিত্ ফারিবা না? য়িয়ান কি তোঁয়ার লাই ফাআরর ঢালাত্ চাষ গরিবো না?

11 য়িয়ানর বউত শক্তির লাই কি য়িয়ানর উঅর তুঁই ভরসা গরিবা না? তোঁয়ার ভারি হাম কি তুঁই য়িয়ানরে গইত্যো দিবা না?

12 য়িয়ান দে তোঁয়ার ফসল ঘরত আনিয়েনে হ্যামারত জমা গরিবো য়েই বিশ্যাস কি তুঁই য়িয়ানর উঅরদি গরিত্ ফারিবা না?

13 “উট ফাকি জোরে জোরে ফাক্ ঝাফ্টাআ, কিন্তু সারস ফাকির ফাক্ আর ফ্যইরর লগে য়িয়ানর তুলানা নঅ অঅ।

14 উট ফাকি মেডিত্ আন্ডা ফারে আর বালুত্ য়েগিন গরম অইতো দেএ;

15 য়িয়ানর মনতঅ নঅ থাকে দে, আন্ডাগিন ঠেংগে গুরি অই যাইত্ ফারে বা হনঅ বইন্য ফশু আন্ডাগিন ঠেংগে মারাইত্ ফারে।

16 য়িয়ানর বাইচ্যাগিনর লগে য়িয়ান নিঠুর বেবার গরে, যেন্ য়েগিন য়িয়ানর নঅঅ; য়িয়ান চিন্তাঅ নঅ গরে দে, য়িয়ানর অক্যল মিন্যোত বিফল অইত্ ফারে,

17 হারন আল্লাহ্ য়িয়ানরে গেয়ান নঅঅ দেএ বা বুঝিবার শক্তিঅ নঅঅ দেএ।

18 তঅঅ য়িয়ানে যহন ফাক্ ঝাফ্টাআ তহন ঘোড়া আর য়িয়ানর উঅর বোয়া মানুষরে য়িয়ান আঁসিয়েনে উড়াই দেএ।

19 “ঘোড়ারে কি তুঁই শক্তি দিয়্যো না? য়িয়ানর ঘেঁডিত্ কি সুন্দর কেঁশ দিয়্যো না?

20 খেরগুয়া ফরিংগর মতন গরিয়েনে তুঁই কি য়িয়ানরে ফাল্ দেয়াইত্ ফাইজ্যো না? য়িয়ানর নাকর অহংকার-ভরা আবাজ বিরাট ডর লাগাআ।

21 য়িয়ান জোরে জোরে ঠেং ঘষিয়েনে নিজর শক্তিত্ আমোদ গরে আর যুদ্যর সমত আক্রমন গইত্যো যাআ।

22 য়িয়ান ডররে দেকিয়েনে আঁসে, কিছুতেই নঅ ডরাআ; তলোয়ারর সাম্নদির ত্যুন য়িয়ান সরি নঅ যাআ।

23 য়িয়ানর শরিলর ফাশদি তির রাকিবার তুন আবাজ গরি উঢে, আর ঝক্মত্ গরি উঢে সেল ও বল্যম।

24 য়িয়ান উত্যেজনায় হাঁইফ্তে হাঁইফ্তে দুঁরি যাআ;

শিংগা বাজিলে য়িয়ান আর ইস্তির থাকিত্ নঅ ফারে।

25 শিংগার আবাজর লগে লগে য়িয়ান নাক দিয়েনে আবাজ গরে; য়িয়ানে দুরর ত্যুন যুদ্যর হ্যোশ্বু ফাআ আর সেনাফতিঅক্যলর চিল্যানি ও যুদ্যর হাঁক উনে।

26 "তোঁয়ার বুদ্যিত্ই কি বাজফাকি উড়ে না আর দইনদি যাইবার লাই পাক্ মেলি দেএ না?

27 তোঁয়ার উকুমেই কি ইগল ফাকি উচুলত্ উড়ে না আর উচুল জাগাত নিজর বাসা বাঁধে না?

28 য়িয়ান হ্যারা ফাআরর উঅরিদ থাকে, আর রাতিয়া য়িয়ানর মাথাত্ই থাকে; য়েই মাথাই য়িয়ানর কেল্যা।

29 য়েডে থাকিয়েনে য়িয়ান হ্যানার তালাইশ গরে; য়িয়ানর চোগ দুরর ত্যুন য়িয়ানর শিকার দেকিত্ ফাআ।

30 য়িয়ানর বাইচ্যাগিনে ফেট ভরিয়েনে রক্ত হ্যাআ; যেডে মরা থাকে য়েডে য়িয়ানরে দেহ্যা যাআ।"

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 40

1 মাবুদ আইয়ুবরে আরো হইল্,

2 "সর্বশক্তিমানর লগে যিবা হইজ্যা গরের য়িবা কি তেঁইরে সংশোধন গরিবো না? আল্লাহ্র লগে যিবা বারাবারি গরে য়িবা তেঁইরে জোয়াব দঅক।"

3 তহন আইয়ুব জোয়াবে মাবুদরে হইল্,

4 "আঁই তঅ অযৈগ্য, আঁই কেন্ গরিয়েনে তোঁয়ারে জোয়াব দিয়োম? আঁর মুকত্ আঁই আত চাবা দিয়্যি।

5 আঁই একবার হতা হইয়্যি, কিন্তু জোয়াব দিবার আঁর কিছু নাই; দুইবার হইয়্যি, কিন্তু আর হইতাম নঅ।"

6 তহন মাবুদ তুয়ানর মইধ্যর ত্যুন আইয়ুবরে হইল্,

7 “তুঁই বিরর মতন হোঁঅর বাঁধ; আঁই তোঁয়ারে ফ্রশ্ন ফুছার গইজ্যোম আর তুঁই আঁরে জোয়াব দিবা।

8 তুঁই আঁর নিয়াই বিচাররে কি অগ্রাইয্য গরিবা না? তুঁই দে নিদ্যোষ য়িয়ান ফরমানর লাই কি তুঁই আঁরে দুষি গরিবা না?

9 তোঁয়ার কি আল্লাহ্র মতন শক্তি আছে না? তোঁয়ার গলার আবাজ কি তেঁইর গজ্যনর মতন না?

10 তইলে নিজরে সাজঅ চাই গোরব আর মইমায়, আর ফিঁদঅ নিজরে সম্যান ও ময্যাদার ফোশাক।

11 তোঁয়ার ভয়ংকর গজব ঢালি দঅ; ফত্যি অহংকারি মানুষরে তোঁয়ার চাহনি দিয়েনে নিচু গর।

12 অক্যল অহংকারি মানুষঅক্যলরে তোঁয়ার চাহনি দিয়েনে নিচে লামঅ; দুষ্টঅক্যলে যেডে আছে য়েডেই য়িতারারে গুরি গর।

13 য়িতারার বেক্যিনরে একলগে ধুলাত্ ঝাফাই ফেল; হব্যরত য়িতারারে বাঁধি রাক।

14 তইলে আঁই নিজেই সিকার গরি লইয়্যোম দে, তোঁয়ার নিজর শক্তি তোঁয়ারে রক্যা গরিত্ ফারে।

15 “বহেমোতরে চঅ, তোঁয়ার লগে আঁই তারেঅ বানাইয়্যি; য়িয়ান গরুর মতনই খের হ্যাআ।

16 য়িয়ানর হোঁঅরত্ কি শক্তি! য়িয়ানর ফেডর গোস্তত্ হত হ্যমতা!

17 য়িয়ানর লেজ এরস গাছর মতন লরে; য়িয়ানর রানর গোস্ত শক্ত গরিয়েনে জোড়া লাগাইন্যা।

18 য়িয়ানর আড্যিগিন যেন্ ব্রোন্জর নলি য়েগিন লোআর ডান্ডার মতন।

19 আল্লাহ্র সিষ্টির মইধ্যে য়িয়ান মেইন জাগাত্; হ্যালি য়িয়ানর সিষ্টিহত্যাই য়িয়ানরে মারি ফেলিত্ ফারে।

20 ফাআরত যেগিন জালাআ য়েগিনই য়িয়ান হ্যাআ, য়েডিয়ার অক্যল বইন্য ফশুগিনে য়িয়ানর হাছেই খেলা হ্যাআ।

21 বাব্লা গাছর নিচদি য়িয়ান উউতি থাকে; ঢেবার নলবনর মইধ্যে য়িয়ান লুকাই থাকে।

22 বাব্লা গাছ য়িয়ানর ছায়াত য়িয়ানরে ঝাফাই রাকে; য়িয়ানরে ঘিরি রাকে দইজ্যার ধারর উইলো গাছ।

23 দইজ্যাত জোরেবান আইলেঅ য়িয়ান নঅ ডরাআ; জদ্যানর ফানি জোরে আইয়েনে য়িয়ানর মুকত্ ফইল্যেঅ য়িয়ান ইস্তির থাকে।

24 য়িয়ানর চোগ আক্রমন গরিয়েনে কেউ কি য়িয়ানরে ধরিত্ ফারে না? কেউ কি ফাঁদত্ ফেলিয়েনে য়িয়ানর নাক ছাদাইত্ ফারে না?

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 41

1 “তুঁই কি বোর্‌কিত্‌ গাঁতিয়েনে লিবিয়াথনরে টানিয়েনে আনিত্‌ ফার না, বা রোশি দিয়েনে য়িবার
জিল্‌ফা বাঁধিত্‌ ফার না?
2 তুঁই কি য়িবার নাকর মইধ্য দিয়েনে নলর রোশি ফিঁদাইত্‌ ফার না, বা বোর্‌কি দিয়েনে য়িবার
গাল্‌সাফ্‌ফা ছাদাইত্‌ ফার না?
3 য়িবা কি তোঁয়ার দয়া চাইবো না? য়িবা কি তোঁয়ার লগে নরম হতা হইবো না?
4 চিরজিবন য়িবারে তোঁয়ার গোলাম বানই রাকিবার লাই য়িবা কি তোঁয়ার লগে হনঅ চুক্তি গরিবো
না?
5 ফাকির লগে যেইল্যা খেলা গরে য়েইলা কি য়িবার লগে তুঁই খেলা গরিবা বা তোঁয়ার
মাইয়্যাঅক্যলর খেলা গরিবার লাই য়িবারে বাঁধি রাকিত্‌ ফারিবা না?
6 জাইল্যাঅক্যলে কি য়িবার লাই দামাদামি গরিবো না? বেবসায়িঅক্যলর মইধ্যে কি য়িবারে ভাগ
গরি দিবো না?
7 তুঁই কি য়িবার চামরা হোঁচ দিয়েনে বা য়িবার মাথা টোঁটা দিয়েনে গাঁতিত্‌ ফার না?
8 তুঁই যুদি য়িবারে ধইত্যো যঅ তইলে যে যুদ্য অইবো য়িয়ান তুঁই হনঅ দিনঅ ফঅইত্যা নঅ; তুঁই
আর হনঅ দিনঅ য়িয়ান গইত্যা যাইতা নঅ।
9 য়িবারে দমন গরিবার অক্যল আশাই মিছা; য়িবারে দেহ্যন মাত্রই মাইন্‌ষ্যে সঅস আআরা।
10 য়িবারে অজাগ গরিত্‌ ফারে এন্‌ সঅসি কেউ নাই; তইলে আঁর সাম্‌নদি হনে খিয়াইত্‌ ফারে?
11 আঁর বিরুদ্যে হার দাবি আছে দে, য়িবার দাবি আঁর ত্যুন মানন্‌ ফরিবো? আকাশর নিচদি যা
কিছু আছে বেক্যিনই তঅ আঁর।
12 “লিবিয়াথনর শরিলর অংশগিনর হতা আঁই হইয়্যোম, য়িবার শক্তি আর য়িবার শরিলর গটনর
হতা হইয়্যোম।
13 য়িবার গাআর চামরা হনে খুলিত্‌ ফারে? হনে য়িবার বর্ম গাঁতিত্‌ ফারে?
14 য়িবার ডর লাগাইন্যা দাঁতে ঘিরা মুকর দরজা হনে খুইল্‌তো সঅস গরিবো?
15 য়িবার ফিঢর আমিশগিন ঢালর লাইনর মতন; য়েগিন শক্ত গরিয়েনে একলগে আট্‌কাইন্যা
16 আর এন্‌ গরিয়েনে হাছাহাছি রইয়্যে দে, য়িয়ানর মইধ্য দিয়েনে বাতাসঅ যাইত্‌ নঅ ফারে।
17 য়েগিন এক্যানর লগে অইন্যগান যুক্ত অই আছে, য়েগিন একলগে লাগি আছে, আলিদা গরা নঅ
যাআ।
18 য়িবার ইঁচ্যানিত্‌ ফঅর ছুটিয়েনে বাইর অঅ; আর চোগ দুইয়ান বেইন্যা ফজরর চক্‌চইক্যা
ফঅরর মতন।

19 য়িবার মুকর ত্যুন আগুনর শিকা বাইর অই আইয়্যে; য়িয়ানর ত্যুন আগুনর ফুল্‌কি ছুটিয়েনে বাইর অঅ।

20 নল হ্যাগরার আগুনর গরম ফাত্রর ত্যুন যেন্‌ ধুয়া বাইর অঅ য়েইল্যা ধুঁয়া বাইর অঅ য়িবার নাকর ত্যুন।

21 য়িবার নিয়াসে হোইলা জলি উঢে আর মুকর ত্যুন আগুনর শিকা বাইর অঅ।

22 য়িবার ঘেঁডিত্‌ শক্তি থাকে; বিরাট ডর য়িবার আগদি আগদি চলে।

23 য়িবার গাআর গোস্তগিন শক্ত গরিয়েনে যুক্ত; য়েগিন শক্ত গরিয়েনে থাকে, নঅ লরে।

24 য়িবার বুক ফাত্যোরর মতন শক্ত, য়িয়ান জাঁতার নিচর অংশর মতন শক্ত।

25 য়িবা উঢিলে শক্তিআলাঅক্যলে ডরাআ; য়িতারা ডরে ফিছ্যাই যাআ।

26 তলোয়ার দিয়েনে য়িবারে আঘাত গইল্যেঅ য়িবার কিছু নঅ অঅ; সেল, বল্যম, ছোড তির বা অইনাইন্য অস্ত্রঅ মাইল্যেঅ কিছু নঅ অঅ।

27 য়িবা লোআরে বইজ্যাল খের মনে গরে আর ব্রোন্জরে মনে গরে ফোঁছা গাছর মতন।

28 হনঅ তির য়িবারে দুঁরাই দিত্‌ নঅ ফারে; ফিংগার ফাত্যোর য়িবার হাছে যেন্‌ তুষ।

29 গদা য়িবার হাছে এক টুঁরা বইজ্যার খেরর মতন; বল্যমর আবাজে য়িবা আঁসে।

30 য়িবার নিচর মিক্যাগান ভাঁগা সাঁরার ধারাইল্যা টুঁরার মতন; য়িয়ানর লাই শইস্য মাড়াইবার যন্ত্রর মতন য়িয়ান ফুটর উঅরদি দাগ রাকি যাআ।

31 ফাত্রর ফুটন্ত ফানির মতন য়িবা সাগররে তোলফার গরে আর সমুদ্ররে ঘাঁটিয়েনে মল্যমর মতন গরে।

32 এক্যান চক্‌চইক্যা দাগ য়িবা য়িবার ফিছদি রাকি যাআ; য়িয়ান দেইক্‌তে ফাক্যা চুলর মতন মনে অঅ।

33 দুনিয়ার হনঅ কিছুই য়িবার সমান নঅঅ; য়িবারে ডরশুইন্য গরিয়েনে সিষ্টি গরা অইয়্যে।

34 অহংকারি বেক্যিনরে য়িবা নিচু চোগে দেকে; য়িবা অক্যল অহংকারিঅক্যলর বাদশা।”

নবিঅক্যলর কিতাব: আইয়ুব 42

1 আইয়ুব তহন জোয়াবে মাবুদরে হইল্‌,

2 “আঁই জানি তুঁই বেক কিছুই গরিত্‌ ফার; তোঁয়ার হনঅ ফরিহল্ফনাই নিষ্ফল নঅ অঅ।

3 তুঁই ফুছার গজ্যিলা, ‘ইবা হঅন, যিবা নঅ বুঝিয়েনে আঁর উদ্যেশ্যরে গোফন গরি রাকে?’ এই হতা ঠিগ দে, আঁই যেগিন নঅঅ বুঝি য়েই বিষয় লইয়েনে হতা হইয়্যিলাম; য়িয়ান এত আচ্যাইয্য দে, আঁর বুঝিবার নাগালর বাইরে।

4 তুঁই হইয়্যো, ‘এহন উন, আঁই হতা হই; আঁই তোঁয়ারে ফ্রশ্ন ফুছার গইজ্যোম আর তুঁই আঁরে জোয়াব দিবা।’

5 আগে আঁর হান তোঁয়ার বিষয় উইন্যে, কিন্তু এহন আঁর চোগ তোঁয়ারে দেকিল্।

6 হাজেই আঁই যেগিন হইয়্যি য়েগিন এহন ফিরাই নিইর, আর ধুলা ও ছাইঅর মইধ্যে বোইয়েনে তঅবা গরির্।”

শেষ হতা

7 আইয়ুবরে এই হতাগিন হইবার ফরদি মাবুদ তৈমনিয় ইলিফসরে হইল্, “আঁর গোলাম আইয়ুব যেন্ হইয়্যে তুঁই আর তোঁয়ার বন্ধুঅক্যলে য়েন্ গরিয়েনে আঁর বিষয়ে ঠিগ হতা নঅঅ হঅঅ; য়িয়ানর লাই তোঁয়ারার উঅর আঁর গোস্যার আগুন জলি উইট্যে।

8 হাজেই এহন সাত্যুয়া বিরিষ আর সাত্যুয়া ভেরা লইয়েনে আঁর গোলাম আইয়ুবর হাছে যঅ আর নিজরারর লাই ফোড়ানো-হোরবানি দঅ। আঁর গোলাম আইয়ুব তোঁয়ারার লাই মুনাজাত গরিবো আর আঁই য়িয়ান হবুল গইগ্যোম, তোঁয়ারার বোহামি অনুযায়ি ফল দিতাম নঅ। আঁর গোলাম আইয়ুব যেন্ আঁর বিষয়ে ঠিগ হতা হইয়্যে তোঁয়ারা য়েইল্যা নঅঅ হঅ।”

9 তহন তৈমনিয় ইলিফস, শুহিয় বিল্দদ আর নামাথিয় সোফর মাবুদর হতামতনই হাম গরিল্, আর মাবুদ আইয়ুবর মুনাজাত হবুল গরিল্।

10 আইয়ুব তেঁইর বন্ধুঅক্যলর লাই মুনাজাত গরিবার ফর মাবুদ আবার য়িবার অবস্তা ফিরাইল্ আর য়িবারে বেক কিছু আগর ত্যুন দুই গুন দিল্।

11 তেঁইর ভাই আর বোইনঅক্যলে ও যারা তেঁইরে আগে চিন্তো য়িতারা বেক্যিনে আইয়েনে তেঁইর বাড়িত্ তেঁইর লগে হ্যানা-দানা গরিল্। মাবুদ তেঁইর উঅরদি যেতাক্যিন হষ্ট আইন্যেল্ য়িয়ানর লাই য়িতারা তেঁইরে সান্তনা দিল্। য়িতারা ফত্যিকে তেঁইরে এক টুঁরা রুফা ও সোনার এক্যান হানর গয়না দিল্।

12 মাবুদ আইয়ুবর জিবনর ফইল্যা অবস্তার ত্যুন ফরর অবস্তা আরো দোয়াযুক্ত গরিল্। তেঁইর সইদ্য আজার ভেরা, ছঅ আজার উট, এক আজার জোড়া বিরিষ আর এক আজার গাধা অইল্।

13 তেঁইর ঘরত সাত ফোয়া ও তিন মাইয়্যার জন্ম অইল্।

14 তেঁইর উঁর মাইয়্যার নাম আছিল্ যিমিমা, মাইজ্যা মাইয়্যার নাম কত্সিয়া আর ছোড মাইয়্যার নাম কেরন-হফ্ফুক।

15 আইয়ুবর মাইয়্যাঅক্যলর মতন সুন্দরি দেশর মইধ্যে আর হনঅ মিক্যা টোয়াই ফাআ নঅ যাইতো। য়িতারার বাবা য়িতারার ভাইঅক্যলর লগে য়িতারারেঅ সম্বত্যির ভাগ দিয়্যেল্।

16 ইয়ার ফর আইয়ুব আরো এক্‌শ চল্যিশ বছর বাঁচি আছিল্‌। তেঁই তেঁইর ফোয়ামাইয়্যাঅক্যলর
আর য়িতারার ফোয়ামাইয়্যাঅক্যলর চাইর ফুরুষ ফইয্যন্ত দেইক্যেল্‌।

17 এন্‌ গরিয়েনে আইয়ুব বুরা অইয়েনে আর ফুরা অঅয়াত ফাইবার ফরদি ইন্তেহাল গরিল্‌।

জবুর শরিফ 1

ফইল্যা সিফারা
(১-৪১ রুকু)

1 মোবারক য়েই মানুষ, যিবা দুষ্টঅক্যলর ফরামশ্যমতন নঅ চলে, গুনাহ্গার অক্যলর ফথদি নঅ থাকে, টাট্যা-বিদ্যুফহারির আড্যাত নঅ বইয়্যে;

2 বরং মাবুদর শরিয়তত্তই য়িবার আনন্দ, আর য়িয়ানই য়িবার দিন রাইতর ধিয়ান।

3 য়িবা যেন্ ফানির স্রোতর ধারে লাগাইন্যা গাছ, যিয়ান অক্যল সমত ফল দেএ, আর যিয়ানর ফাতা উয়াইয়েনে ঝরি নঅ যাআ; য়িবা অক্যল হামতই সফলতা লাভ গরে।

4 কিন্তু দুষ্টঅক্যল য়েইল্যা নঅঅ; য়িতারা যেন্ বাতাসত উরি যইন্যা তুইষ।

5 ইয়ানর লাই রোজ আঁশরত দুষ্টঅক্যল টিগ্তো নঅ, গুনাহ্গার মানুষঅক্যলে আল্লাহ্ভক্তঅক্যলর দলত টিগি থাতিত্ ফাইত্যো নঅ;

6 হারন আল্লাহ্ভক্তঅক্যলর চলার ফথর উঅর মাবুদর খিয়াল আছে, কিন্তু দুষ্ট মানুষঅক্যলর চলার ফথদি রইয়্যে তচনচ।

জবুর শরিফ 2

1 কিল্যাই অস্তির অইয়েনে চিল্যাচিল্যি গরের বেক জাতির মানুষ? কিল্যাই মানুষঅক্যলে মিছামিছি ষড়যন্ত্র গরের?

2 মাবুদ আর তেঁইর মসিহ্র বিরুদ্যে দুনিয়ার বাদশাঅক্যলে একত্রে থিয়ার আর শাসনহত্যাঅক্যলে গরের গোফন বৈঢক।

3 য়িতারা হঅর, “আইয়্যো, আঁরা ভাঁগি ফেলি য়িতারার সিয়োল,
ছিরি ফেলি য়িতারার বাঁধনি আঁরার উঅরর ত্যুন।”

4 মাবুদ বেহেস্তর সিংহাসনর ত্যুন আঁসের; তেঁই য়িতারারে বিদ্রুফ গরের।

5 তেঁই গোস্যা অইয়েনে য়িতারারে ধমক দিবো, তেঁইর গজবর আগুন য়িতারার মনত ডর জাগাইবো।

6 মাবুদ হইবো, “আঁই যিবারে বাদশা গজ্যি য়িবারে আঁর ফবিত্র সিয়োন ফাআরত বোয়াইয়্যি।”

7 বাদশা হইবো, “মাবুদ যিয়ান ইস্তির গইজ্যে আঁই য়িয়ান ঘোষনা গইজ্যোম; তেঁই আঁরে হইয়্যে, ‘তুঁই আঁর ফোয়া, আজিয়াই আঁই তোঁয়ার বাবা অইলাম।

8 তুঁই আঁর হাছে চঅ, য়িয়ানত সম্বত্যি ইসাবে আঁই তোঁয়া আতত অ-ইহুদি জাতিঅক্যলরে দিয়োম;
গোডা দুনিয়াগান তোঁয়ার অধিকারত আইবো।

9 লোয়ার ডান্ডা দিয়েনে তুঁই য়িতারারে ভাঁগি ফেলিবা, চুরমার গরি ফেলিবা মেডির ফাইল্যার
মতন।'"

10 য়িয়ানর লাই অঅ বাদশাঅক্যল, তোঁয়ারা এহন বুঝি উনিয়েনে চল; দুনিয়ার শাসনহত্যাঅক্যল,
সাবধান অঅ।

11 ডরর লগে তোঁয়ারা মাবুদর এবাদত গর, ডর-ভরা দিলত আনন্দ গরঅ।

12 তোঁয়ারা য়েই ফোয়ারে সম্যান দেহ্যাইয়েনে চুম দঅ, যেন্ তেঁই তোঁয়ারার উঅর গজব নাজেল
নঅ গরে আর চলার ফতদিই তোঁয়ারা তচনচ অই নঅ যঅ; হারন চোগর নিমিষেই তেঁইর গোস্যা
জলি উঠিত্ ফারে। মোবারক য়িতারা, যারা তেঁইর মইধ্যে আশ্রয় লঅ।

জবুর শরিফ 3

নিজর ফোয়া অবশালোমর হাছর ত্যুন ধাই যাইবার সমত হযরত দাউদর হাউয়ালি

1 অঅ মাবুদ, চঅ, আঁর শত্রুর সইংক্যা হত। চঅ, আঁর বিরুদ্যে হত্য মানুষ থিয়াইয়্যে।

2 বউত কেউ আঁর সমন্দে হঅঅর, "আল্লাহ্ য়িবারে উদ্যার গইত্যো নঅ।"*[সেলা]*

3 কিন্তু অঅ মাবুদ, তুঁই আঁর চাইরোফাশদি ঢাল অই আছ। তুঁইই আঁর গোরব; আঁর নিচু মাথা তুঁইই
উচুল গইজ্যো।

4 আঁই চিল্যাইয়েনে মাবুদরে ডাকি, আর তেঁই আঁরে তেঁইর ফবিত্র ফাআরর ত্যুন জোয়াব
দেএ।*[সেলা]*

5 আঁই উউতিয়েনে ঘুম যাই ফইল্যাম, আবার অঅজাগ অই উঠিলাম, হারন মাবুদই আঁরে ধরি
রাকে।

6 আঁর বিরুদ্যে আঁর চাইরোফাশদি আজার আজার মানুষ উঠিয়েনে থিয়াইয়্যে, কিন্তু আঁই য়িতারারে
নঅ ডরাই।

7 অঅ মাবুদ, আইয়্যো; অঅ আঁর আল্লাহ্, আঁরে উদ্যার গর। তুঁই আঁর শত্রুঅক্যলর দাঁতর ফাট্যিত্
আঘাত গরিয়েনে য়েই দুষ্ট মানুষঅক্যলর দাঁত ভাঁগি দিয়্যো।

8 উদ্যার গরন মাবুদরই হাম। তোঁয়ার নিজর বান্দাঅক্যলর উঅর তোঁয়ার দোয়া লামি
আইয়্যোক।*[সেলা]*

জবুর শরিফ 4

হাউয়ালি ফরিচালকর লাই। তারর বাজানার লগে গঅন ফরিবো। হযরত দাউদর হাউয়ালি

1 অঅ আঁর আল্লাহ্, আঁই দে তোঁয়ার ইছ্যামতন চলির্ য়িয়ান তুঁই দেহ্যাই দিতা লাইগ্যো; আঁই যহন
তোঁয়ারে ডাইক্যোম তহন তুঁই আঁর ডাকত সাড়া দিয়্যো। বিফদ আঁরে চাবি ধইজ্যে, কিন্তু তুঁই আঁরে
নিয়স ফেলিবার সুযোগ গরি দিয়্যো। আঁরে রহমত গর, আঁর মুনাজাত উন।

2 অঅ মানুষ, আর হত হাল তোঁয়ারা আঁর সম্যানরে অসম্যান গরিবা? আর হত হাল তোঁয়ারা
মিছারে ভালাবাসিবা ও অসইত্যর ফিছদি দুঁরিবা?*[সেলা]*

3 তোঁয়ারা জানি রাইক্যো, মাবুদ তেঁইর ভক্তঅক্যলরে তেঁইর নিজর লাই আলিদা গইজ্যে; আঁই
ডাকিলে তেঁই উনিবো।

4 তোঁয়ারা উত্যেজিত অইয়েনে গুনাহ্ নঅ গইজ্যো। বিছানাত শুইয়েনে তোঁয়ারার দিল্ টোয়াই
চাইয়্যো আর চুব গরি থাইক্যো।*[সেলা]*

5 যৈগ্য মনোভাব নিয়েনে তোঁয়ারা হোরবানি দিয়ো, আর মাবুদর উঅর ভরসা গইজ্যো।

6 বউত কেউ হঅ, “হনে আঁরার ভালা গরিত্ ফারে?” অঅ মাবুদ তোঁয়ার দয়ার দিষ্টি ফঅরর মতন
গরিয়েনে আঁরার উঅর ফরক।

7 বউত ফসল আর নয়া আংগুরর রস উঢিলে মানুষঅক্যলর যেন্ আনন্দ অঅ, য়িয়ানর ত্যুনঅ
বেশি আনন্দ দিয়েনে তুঁই আঁর দিল্ ভরি রাইক্যো।

8 অঅ মাবুদ, তুঁইই আঁরে নির্ভয়ে রাইক্তা লাইগ্যো, য়িয়ানর লাই আঁই উউতিয়েনে শান্তিত ঘুম
যাইয়্যোম।

জবুর শরিফ 5

হাউয়ালি ফরিচালকর লাই। বাঁশির লগে গঅন ফরিবো। হযরত দাউদর হাউয়ালি।

1 অঅ মাবুদ, আঁর হতাত হান দঅ, আঁর দিলর আকুলতা চঅ।

2 অঅ আঁর বাদশা, অঅ আঁর আল্লাহ্, তোঁয়ার সাইয্যর লাই আঁর ফরিয়াদ তুঁই উন, হারন আঁই
তোঁয়ারই হাছে মুনাজাত গরির।

3 অঅ মাবুদ, ফত্যিদিন ফজরত তুঁই আঁর হতা উনিত্ ফঅঅ। ফজরত আঁই তোঁয়ার সাম্নদি আঁর
মুনাজাতর ডালি সাজাই রাকি আর আশা লইয়েনে চাই থাকি।

4 অঅ আল্লাহ্, তুঁই অন্যায়ে খুশি অইবার আল্লাহ্ নঅ; হ্যারাফ মানুষঅক্যলে তোঁয়ার সাম্নদি
থাকিত্ নঅ ফারে।

5 যারা বরাই গরে য়িতারা তোঁয়ার সাম্নদি থিয়াইত্ নঅ ফারে; যারা হ্যারাফ হাম গরি বেরাআ
য়িতারারে তুঁই অগ্রাইয্য গর।

6 যারা মিছা হতা হঅ য়িতারারে তুঁই তচনচ গর; যারার মাঝে খুনির আর ছল-ছাতুরির মনোভাব
রইয়্যে মাবুদ য়িতারার মিক্যার ত্যুন মুক ফিরাই নেএ।

7 কিন্তু আঁই তোঁয়ার অসিম মমতার হারনে তোঁয়ার ঘরত ঢুইক্যোম, তোঁয়ার থাকিবার ফবিত্র
জাগার মিক্যা চাইয়েনে ডরর লগে আঁর মাথা নিচু গইজ্যোম।

8 অঅ মাবুদ, আঁর বউত শত্রু রইয়্যে বুলি তোঁয়ার নিয়াইর ফথদি তুঁই আঁরে ফরিচালানা গর;
তোঁয়ার ফথ আঁর সাম্নদি সুজা গরি দঅ।

9 আঁর শত্রুঅক্যলর হনঅ হতা বিশ্যাস গরা নঅ যাআ, য়িতারার দিলত আছে তচনচর মনোভাব,
য়িতারার মুক যেন্ খোলা হব্যর, জিল্ফা দিয়েনে য়িতারা তোশামোদর হতা হঅ।

10 অঅ আল্লাহ্, তুঁই য়িতারারে দুষি বুলি ঘোষনা গর; য়িতারার কুমতলবে য়িতারারই সবর্নাশ
অক। য়িতারার অসইংক্য অফরাধর লাই তুঁই য়িতারারে দুঁরাই দঅ, হারন য়িতারা তোঁয়ার বিরুদ্যে
বিদ্রোও গইজ্যে।

11 কিন্তু যারা তোঁয়ার মাঝে আশ্রয় লঅ য়িতারা আনন্দিত অক, য়িতারা আনন্দে চিরহাল হাউয়ালি
গরক; য়িতারারে তুঁই রক্যা গর, যেন্ তোঁয়ারে যারা মহব্যত গরে য়িতারা তোঁয়ারে নিয়েনেই
আনন্দ লাভ গরে।

12 অঅ মাবুদ, যারা তোঁয়ার ভক্ত য়িতারার উঅর আঁসাই তোঁয়ার রহমত রইয়্যে; তোঁয়ার রহমত
দিয়েনে তুঁই য়িতারারে ঢালর মতন গরি ঘিরি রাইক্যো।

জবুর শরিফ 6

**হাউয়ালি ফরিচালকর লাই। তারর বাজানার লগে গঅন ফরিবো। বাজানা আর হাউয়ালি নিচু
সুরে চলিবো। হযরত দাউদর হাউয়ালি।**

1 অঅ মাবুদ, গোস্যাত থাকিয়েনে তুঁই আঁরে গাইল নঅ দিয়ো; গোস্যাত থাকিয়েনে আঁরে শাসন নঅ
গইজ্যো।

2 অঅ মাবুদ, তুঁই আঁরে রহমত গর, হারন আঁই দুবর্ল। অঅ মাবুদ, আঁরে বেরামর ত্যুন ভালা গর,
হারন ডরে আঁর আঁড্যিত হাঁফানি ধইজ্যে,

3 আঁর ফরানতঅ লাইগ্যে বউত ডর। অঅ মাবুদ, আর হত হাল য়েইল্যা চলিবো?

4 অঅ মাবুদ, আঁর মিক্যা ফির, আঁরে উদ্যার গর; তোঁয়ার অটল মহব্যতর দোআই, আঁরে রক্যা
গর।

5 মরি গেলে তোঁয়ারে মনত গরা নঅ যাআ; হব্যরত হনে তোঁয়ার ফশংসা গরিবো?

6 আঁই হোঁহাইতে হোঁহাইতে অঅরান অই ফজ্যি; গোডা রাইত হাঁদি হাঁদি আঁই বিছানা ভিজাই,

চোগর ফানিত আঁর ফালং ভিজাই।

7 দুক্যে আঁর দেকিবার শক্তিঅ হোমি গেইয়্যে; শত্রুঅক্যলর হারনে আঁর চোগ দুবর্ল অই ফইজ্যে।

8 অঅ হ্যারাফ হাম গরি বেরাইন্যা মানুষঅক্যল, তোঁয়ারা বেক্যিনে আঁর হাছর ত্যুন দুর অই যঅ, হারন মাবুদ আঁর হাঁদানি উইন্যে।

9 আঁর দয়া হ্যরাতত মাবুদ সাড়া দিয়্যে, আঁর মুনাজাত তেঁই হবুল গইজ্যে।

10 আঁর শত্রুঅক্যল বেক্যিনে শরম ফাইবো আর ডরাইবো; য়িতারা ফিরি যাইবো, আতিক্যা শরমত ফরিবো।

জবুর শরিফ 7

হযরত দাউদর হাউয়ালি-তালে তালে বাঁধা। বিন্ইয়ামিন গুষ্টির কুশর বিষয় লইয়েনে মাবুদর উদ্যেশ্যে হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, আঁর মাবুদ, আঁই তোঁয়ারই মাঝে আশ্রয় লইয়্যি। যারা আঁর ফিছদি দুঁরাইয়েনে আইয়্যের য়িতারার আতর ত্যুন তুঁই আঁরে উদ্যার গর, আঁরে রক্যা গর।

2 য়েইল্যা নঅ অইলে সিংহর মতন গরিয়েনে য়িতারা আঁরে ছিরি ফেলিবো; য়িতারা আঁরে টুঁরা টুঁরা গরি ফেলিবো, আঁরে বাঁচাইবার কেউ থাইক্তো নঅ।

3 অঅ আল্লাহ্, আঁর মাবুদ, যুদি আঁই এন্ কিছু গরি থাকি, যুদি অন্যায়র হনঅ কলংক আঁর আতত লাগি থাকে,

4 যুদি আঁর বন্ধুর লগে অন্যায় গরি থাকি — যিবা অহারনে আঁর শত্রু অই উইট্যেল আঁই বরং য়িবারেঅ উদ্যার গজ্যি —

5 তইলে শত্রুঅক্যলে দুঁরাইয়েনে আঁরে ধরি ফেলক; য়িতারা আঁরে মেডিত ফেলক আঁর ঠেংগে মাড়ক, আঁর সম্যান ধুলাত মিশাই দক।*[সেলা]*

6 অঅ মাবুদ, গোস্যায় তুঁই উটিয়েনে থিঅ, আঁর শত্রুঅক্যলর গোস্যার বিরুদ্যে আত উঢঅ। আঁর লাই তুঁই উঢ, হারন তোঁয়ার নিয়াই বিচারর হতা তুঁই ঘোষনা গইজ্যো।

7 অক্যল জাতির মানুষ তোঁয়ার চাইরোফাশদি জমা অক; তুঁই বেহেস্তত ফিরি যাইয়েনে আবার য়িতারার উঅর রাজত্য গর।

8 মাবুদই যেন্ য়িতারার বিচার গরে। অঅ মাবুদ, আঁর নিয়াই হাম আর সততা অনুযায়ি তুঁই আঁর বিচার গর।

9 অঅ নিয়াইর আল্লাহ্, তুঁই দিল্ আর মনর যাচাই গরি থাক; তুঁই দুষ্টঅক্যলর দুষ্টতা শেষ গর কিন্তু তোঁয়ার ভক্তরে ভালা অবস্থাত ইস্তির রাক।

10 আল্লাহ্ আঁর ঢাল; যারা দিলত হ্যাঁটি য়িতারারে তেঁই রক্যা গরে।

11 আল্লাহ্ নিয়াই বিচারক, দুষ্টঅক্যলর বিচার তেঁই অক্যল সমত গরি থাকে।

12 অন্যায়হারি যুদি নঅ ফিরে তইলে তেঁই তেঁইর তলোয়ারত শান দিবো আর তেঁইর ধনুক বেঁহাইয়েনে ঠিগ গরি নিবো।

13 তেঁই তেঁইর মারন অস্ত্র ঠিগ গরি রাইক্যে, আর তেঁইর জলন্ত তির বানার।

14 অন্যায়হারি হ্যারাফিরে ফেডত ধরে, অন্যায়রে ফেডত লইয়েনে ফোয়া অইবার হঁঅরিত ভুগে আর মিছারে জন্ম দেএ।

15 গাঁতা কুদিয়েনে য়িবা য়িয়ানর মাঝর ত্যুন মেডি তুলি ফেলে আর নিজর গাঁতাত নিজেই ফরে।

16 য়িবার অন্যায়র বোজা য়িবার নিজর মাথাতই ফিরি আইয়্যে; য়িবা যে জুলুম গরে য়িয়ান য়িবারই মাথার উঅরদি লামি আইয়্যে।

17 মাবুদ নিয়াই বিচার গরে, য়িয়ানর লাই আঁই তেঁইরে শুকরিয়া জানাইয়্যোম; আঁই মআন মাবুদর ফশংসা হাউয়ালি গাইয়্যোম।

জবুর শরিফ 8

হাউয়ালি ফরিচালকর লাই। গিত্যিৎ। হযরত দাউদর হাউয়ালি।

1 অঅ মাবুদ, আঁরার মালিক, গোডা দুনিয়াত রইয়্যে তোঁয়ার মইমার ফকাশ; বেহেস্তত তোঁয়ার মইমা তুঁই এস্তাফন গইজ্যো।

2 গুরা ফোয়াছা আর লেদাফোয়াছাঅক্যলর হতারে তুঁই শক্তির কেল্যা গইজ্যো; তোঁয়ার শত্রুঅক্যলর হতা ভাবিয়েনেই তুঁই য়িয়ান গইজ্যো, যেন্ তোঁয়ার শত্রু আর ফতিশোধ লইন্যাঅক্যলরে তুঁই থামাই দিত্ ফার।

3 আঁই যহন তোঁয়ার আতে বানাইন্যা আসমানর মিক্যা চাই আর য়েডে তোঁয়ার রাকা চাঁন ও তারাগিন দেকি,

4 তহন ভাবি, মানুষ এন্ কি দে, তুঁই য়িবার বিষয়ে চিন্তা গর? মানুষর ফোয়াছাই বা কি দে, তুঁই য়িতারার মিক্যা মনোযোগ দঅ?

5 তুঁই মানুষরে ফেরেস্তার ত্যুন সামাইন্য নিচু গইজ্যো; রাজার তাজ ইসাবে তুঁই য়িবারে দান গইজ্যো গোরব আর সম্যান।

6 তোঁয়ার আতর সিষ্টির শাসনভার তুঁই য়িবারই আতত দিয়্যো আর য়িবার ঠেংগর তলাত রাইক্যো এগিন —

7 গরু আর ভেরার ঝাঁক ও দুনিয়ার বেক ফশু,

8 আকশত উরি বেরাইন্যা ফাকি, সাগরর মাছ আর সাগর ফথত ঘুরি বেরাইন্যা অইন্য বেক ফ্রানি।

9 অঅ মাবুদ, আঁরার মালিক, গোডা দুনিয়াত রইয়্যে তোঁয়ার মইমার ফকাশ।

জবুর শরিফ 9

হাউয়ালি ফরিচালকর লাই। সুর — "ফোয়ার মিত্যু।" হযরত দাউদর হাউয়ালি।

1 অঅ মাবুদ, আঁর সমস্ত দিল দিয়েনে আঁই তোঁয়ার ফশংসা গইজ্যোম আর তোঁয়ার বেক কেরামতির হতা হইয়্যোম।

2 তোঁয়ারে লইয়েনেই আঁই খুশি থাইক্যোম আর আনন্দ গইজ্যোম। অঅ আল্লাহ্‌তা'লা, আঁই তোঁয়ার ফশংসা হাউয়ালি গাইয়্যোম।

3 আঁর শত্রুঅক্যলে ফিরি গেইয়্যে; তোঁয়ার সাম্‌নদি য়িতারা ফরি গেইয়্যে আর তচনচ অই গেইয়্যে;

4 হারন তুঁই আঁর বিচার গরিয়েনে আঁর ফক্যে রায় দিয়্যো; তোঁয়ার সিংহাসনত বোইয়েনে তুঁই নিয়াই বিচার গইজ্যো।

5 তুঁই অইন্য জাতিঅক্যলরে দমকাইয়্যো আর দুষ্টঅক্যলরে তচনচ গইজ্যো; য়িতারার নাম তুঁই চিরহালর লাই ফুছি ফেইল্যো।

6 শত্রুঅক্যলে চিরদিনর লাই তচনচর মুকত ফইজ্যে; য়িতারার শঅরগিন তুঁই আঁআঁরি ফেলি দিয়্যো; য়িতারার নাম ফইয্যন্ত ফুছি গেইয়্যে।

7 মাবুদ চিরহাল রাজত্য গরে; তেঁই বিচারর সিংহাসন এস্তাফন গইজ্যে।

8 তেঁই নিয়াই ভাবে দুনিয়ার বিচার গরিবো, সত্ ভাবেই বেক জাতিগিনরে শাসন গরিবো।

9 যারা জুলুমির মাঝে ফরি আছে মাবুদই যেন্ য়িতারার আশ্রয় অঅ আর দুর্দিনর কেল্যা অঅ।

10 যারা তোঁয়ারে জানে য়িতারা যেন্ তোঁয়ার উঅর ভরসা গরে, হারন অঅ মাবুদ, যারা তোঁয়ারে গভির ভাবে জাইন্‌তো চাআ য়িতারারে তুঁই হনঅ দিনঅ তিয়াগ নঅঅ গর।

11 মাবুদ সিয়োনত আছে; তোঁয়ারা তেঁইর ফশংসা হাউয়ালি গঅ। তেঁই যেগিন গইজ্যে য়েগিন অইন্য জাতির হাছে ঘোষনা গর;

12 হারন যিবা রক্তর ফতিশোধ লঅ তেঁই মারি ফেলা মানুষঅক্যলরে ফঅরি নঅ যাআ, দুক্যির ফরিয়াদ তেঁই অবহেলা নঅ গরে।

13 অঅ মাবুদ, আঁরে রহমত গর; চঅ, আঁর শত্রুঅক্যলে কেন্ গরিয়েনে আঁরে জুলুম গরের। মিত্যুর দুয়ারর ত্যুন তুঁই আঁরে তুলি আন,

14 যেন্ সিয়োন শঅরর দরজাগিনত আঁই তোঁয়ার ফশংসা ফচার গরিত্ ফারি, তোঁয়ার দেয়া উদ্যার ফাইয়েনে আনন্দ গরিত্ ফারি।

15 অইন্য জাতিগিনে নিজরার খোরা গাঁতাত তলাই যাআর; য়িতারার লুকাইন্যা জালত য়িতারারই ঠেং ফেঁচাই গেইয়্যে।

16 নিয়াই বিচারর মইধ্য দিয়েনে মাবুদ নিজরে জাইন্তো দেএ; তেঁই দুষ্টঅক্যলরে তেঁইর হামর ফাঁদত ফেলে।*[সেলা]*

17 যে জাতিগিন আল্লাহ্‌রে ফঅরি যাআ য়েই দুষ্টগিন মরিয়েনে হব্যরত যাইবো।

18 অভাবিঅক্যলরে চিরহাল ফঅরি থাকা অইতো নঅ; অসহায়অক্যলর আশা হনঅ দিনঅ অফুরন থাইক্‌তো নঅ।

19 অঅ মাবুদ, তুঁই উঢ, মানুষরে তোঁয়ার উঅর জয়ি অইতো নঅ দিয়ো; তোঁয়ার সাম্‌নদি অইন্য জাতিঅক্যলর বিচার অক।

20 অঅ মাবুদ, য়িতারার দিলত ডর জাগাঅ; অইন্য জাতিঅক্যলে জানক দে, য়িতারা হ্যালিমাত্র মানুষ।*[সেলা]*

জবুর শরিফ 10

1 অঅ মাবুদ, কিল্যাই তুঁই দুঁরে থিয়াই থাইক্যো? দুর্দিনত কিল্যাই তুঁই নিজরে লুকাই রাক?

2 দুষ্ট মানুষ অহংকারর হারনে দুক্যিঅক্যলরে দুঁরাইতো থাকে, কিন্তু নিজর কুমতলবে য়িবা নিজেই ধরা ফরে।

3 দুষ্ট মানুষ য়িবার দিলর হ্যারাফ ইচ্ছার অহংকার গরে; লুভি মাবুদরে বদ্‌দোয়া দেএ আর তেঁইরে তুচ্য গরে।

4 দুষ্ট মানুষ অহংকারর হারনে মাবুদরে অগ্রাইয্য গরে; য়িবার কুমতলবর ফিছদি এই চিন্তা রইয়্যে — আল্লাহ্‌ বুলি কেউ নাই।

5 অক্যল সমত য়িবা সফলতার ফথদি আগাই যাআ; য়িবার চোগ তোঁয়ার শাসন বেবস্তার নাগাল নঅ ফাআ, হারন য়িয়ান বউত উঅরদি; য়িবার বেক শত্রুঅক্যলরে য়িবা তুচ্য গরে।

6 য়িবা মনে মনে হঅ, “এন্‌ কিছু নাই যিয়ান আঁরে লরাইত্‌ ফারে; আঁর বিফদ হনঅ হালেই অইতো নঅ।”

7 য়িবার মুক বদ্‌দোয়া, ঠগামি আর জুলুমর হতাত ভরা; য়িবার জিল্‌ফাত রইয়্যে অন্যায় আর হ্যারাফির হতা।

8 গেরামর হাছে গোফনত য়িবা ওঁত ফাতি বোই থাকে; গোফন জাগাত য়িবা নিদ্যুষিরে খুন গরে আর অসহায়অর উঅর গোফনত থিয়াল রাকে।

9 য়িবা আড়ালত্ থাকিয়েনে সিংহর মতন গরিয়েনে ওঁত ফাতে; দুক্যিরে ধরিবার লাইই য়িবা য়িয়ান গরে, জালত ফেলিয়েনে য়িবা য়িবারে ধরে।

10 তার ফর য়িবা য়িতারারে ফিষি ফেলে; য়েই হতভাগাঅক্যল ফরে য়িবার থাবার নিচদি।

11 য়িবা মনে মনে হঅ, "ইক্যাদি আল্লাহ্র খিয়াল নাই; তেঁই মুক ফিরাই আছে, হনঅ দিনঅ দেইক্তো নঅ।"

12 অঅ মাবুদ, উঢ; অঅ আল্লাহ্, তোঁয়ার আত বারাই দঅ, দুক্যিঅক্যলরে ফঅরি নঅ যাইয়্যো।

13 দুষ্ট মানুষ কিল্যাই আল্লাহ্রে তুছ্য বুলি মনে গরে? য়িবা কিল্যাই মনে মনে হঅ, "তেঁই আঁর হাছে হনঅ ইসাব চাইতো নঅ"?

14 কিন্তু অঅ আল্লাহ্, দুক্য হষ্ট তোঁয়ার চোগ এড়াই নঅ যাআ; তুঁই নিজর আতেই ইয়ানর বেবস্তা গর। অসহায় তঅ তোঁয়ারই আতত নিজরে তুলি দেএ; এতিমরে তুঁইই সাইয্য গরি থাক।

15 দুষ্ট আর হ্যারাফ মানুষর হ্যমতা তুঁই শেষ গরি দিয়ো; য়িবার বেক অন্যায়র ইসাব তুঁই চাই লইয়্যো।

16 মাবুদই চিরহালর বাদশা; তেঁইর দেশর ত্যুন অইন্য জাতিঅক্যল তচনচ অই যাইবো।

17 অঅ মাবুদ, নম্রঅক্যলর দিলর ইছ্যার হতা তুঁই উইন্তা লাইগ্যো; তুঁই য়িতারারে সঅস দিতা লাইগ্যো, য়িতারার ফরিয়াদ তুঁই উইন্তা লাইগ্যো।

18 তুঁইই য়িয়ান গইত্যা লাইগ্যো, যেন্ এতিম আর অইত্যাচারিত মানুষঅক্যলর ফক্যে তুঁই খিয়াইত্ ফার, যেন্ এই দুনিয়ার মানুষ য়িতারারে আর ডর দেহ্যাইত্ নঅ ফারে।

জবুর শরিফ 11

হাউয়ালি ফরিচালকর লাই। হযরত দাউদর হাউয়ালি।

1 আঁই তঅ মাবুদর মাঝেই আশ্রয় লইয়্যি। তোঁয়ারা কিল্যাই হইতা লাইগ্যো, "ফাকির মতন উরিয়েনে তোঁয়ারার ফাআরত ধাই যঅ"?

2 কিল্যাই হইতা লাইগ্যো, "দিলত যারা হ্যাঁটি আঁধারর ত্যুন য়িতারারে তির মারিবার লাই দুষ্ট মানুষঅক্যল য়িতারার ধনুক বেঁহা গইজ্যে আর য়িয়ানত তির লাগাইয়্যে"?

3 কিল্যাই হইতা লাইগ্যো, "যুদি দুনিয়া সংসারর বেক ভিত্যিই ভাঁগি ফেলা অঅ তইলে আল্লাহ্ভক্তঅক্যলর গরিবার আর কিছুই নাই"?

4 কিন্তু মাবুদ বেহেস্তত তেঁইর থাকিবার ফবিত্র জাগাত আছে; তেঁইর সিংহাসন য়েডেই রইয়্যে। তেঁই মানুষরে রক্যা গরে; তেঁইর চোগ য়িতারারে যাচাই গরে।

5 মাবুদ তেঁইর ভক্তঅক্যলরে যাচাই গরিয়েনে দেহ্যাআ, কিন্তু যারা দুষ্ট আর জুলুম ভালাবাসে য়িতারারে তেঁই অগ্রাইয্য গরে।

6 তেঁই দুষ্টঅক্যলর উঅরদি বিফদ ফাটাইবো; য়িতারার ভাইগ্যত রইয়ে আগুন, জলন্ত গন্ধরক আর
আগুনর মতন বাতাস।

7 মাবুদ নিয়াইবান বুলিয়েনেই নিয়াইর হাম তেঁই ভালাবাসে; যারা হ্যাঁটি য়িতারা তেঁইর মুক দেকিত্
ফাইবো।

জবুর শরিফ 12

হাউয়ালি ফরিচালকর লাই। বাজানা আর হাউয়ালি নিচু সুরে চলিবো। হযরত দাউদর হাউয়ালি।

1 অঅ মাবুদ, রক্যা গর, তোঁয়ার ভক্তঅক্যল আর নাই; বিশ্যস্ত মানুষ মানুষর মইধ্যর ত্যুন উধাও
অই গেইয়্যে।

2 মানুষ মানুষর হাছে মিছা হতা হঅ; য়িতারা হতা হঅ তোশামোদর ঠোটে আর ছলনা-ভরা দিলত।

3-4 যারা হঅ, "জিল্ফার জোরেই আঁরা জয় গরি লইয়্যোম; আঁরার ঠোঁড আঁরার ফক্যে আছে, হনে
আঁরার হত্যা অইবো?" য়িতারার তোশামোদর ঠোট আর অহংকারে-ভরা জিল্ফা যেন্ মাবুদ হাডি
ফেলে।

5 মাবুদ হঅ, "দুক্যিঅক্যলর সবর্নাশ আর অভাবিঅক্যলর হাঁদানির হারনে এবার আঁই অঅজাগ অই
উইট্যোম, আর নিরাফদে থাকাই যারার দিলর হামনা য়িতারারে নিরাফদে রাইক্যোম।"

6 মাবুদর হতাত ভেজাল নাই; য়িয়ান যেন্ আগুনত ফোড়াই লোআ রুফা, সাতবার গরিয়েনে সুদ্য
গরা রুফা।

7 অঅ মাবুদ, তুঁইই য়িতারারে নিরাফদে রাকিবা; এই হালর মানুষঅক্যলর আতর ত্যুন চিরহাল
য়িতারার ফত্যিকরে তুঁই রক্যা গরিবা।

8 মানুষঅক্যলে যহন হ্যারাফিরে সম্যান গরে দুষ্টঅক্যলে তহন বিনা বাধায় ঘুরাফিরা গরে।

জবুর শরিফ 13

হাউয়ালি ফরিচালকর লাই। হযরত দাউদর হাউয়ালি।

1 অঅ মাবুদ, আর হত হাল? চিরহালই কি তুঁই আঁরে ফঅরি থাকিবা না? আঁর হাছর ত্যুন আর হত
হাল তুঁই তোঁয়ার মুক ফিরাই রাকিবা?

2 আর হত হাল আঁই মনর মাঝে চিন্তার ফর চিন্তা গরি যাইয়্যোম, আর ফত্যিদিন আঁর দিল্ বেদনায়
ভরি উটিবো? আর হত হাল শত্রু আঁর উঅর জয়ি থাকিবো?

3 অঅ আঁর মাবুদ আল্লাহ্, আঁর মিক্যা চোগ তুলি চঅ, আঁরে জোয়াব দঅ; আঁর শক্তি ফিরাই দঅ,
নইলে আঁর উঅর আইবো মরনর ঘুম।

4 আঁর শত্রু তহন হইবো, "আঁই য়িবারে আরাই দিয়্যি।" আঁই ইস্তির নঅ থাকিলে আঁর শত্রুঅক্যলে
আনন্দ গরিবো।

5 কিন্তু আঁই তোঁয়ার অটল মহব্যতর উঅর ভরসা গজ্যি; তুঁই আঁরে রক্যা গরিবা বুলিয়েনে আঁর
দিল্ আনন্দিত।

6 মাবুদ আঁর উন্যতি গইজ্যে, য়িয়ানর লাই আঁই তেঁইর উদ্যেশ্যে হাউয়ালি গাইয়্যোম।

জবুর শরিফ 14

হাউয়ালি ফরিচালকর লাই। হযরত দাউদর হাউয়ালি।

1 যারার মন অসাড় য়িতারা ভাবে আল্লাহ্ বুলি কেউ নাই। য়িতারার সভাব নষ্ট অই গেইয়্যে,
য়িতারার হাম জঘইন্য; ভাল হাম গরে য়েইল্যা কেউ নাই।

2 মাবুদ বেহেস্তর ত্যুন নিচদি মানুষর মিক্যা চাইল্, দেইক্তো চাইল্ কেউ সত্যিহারর গেয়ান
নিয়েনে চলে কিনা, দেইক্তো চাইল্ কেউ আল্লাহ্র ইছ্যামতন হাম গরে কিনা।

3 তেঁই দেকিল্, বেক্যিনে ঠিগ ফথর ত্যুন সরি গেইয়্যে, বেক্যিনে একলগে হ্যারাফ অই গেইয়্যে; ভালা
হাম গরে এন্ কেউ নাই, একজনঅ নাই।

4 যারা হ্যারাফ হাম গরিয়েনে বেরাআ য়িতারা এতই অবুঝ না? মাইন্ষ্যে যেইল্যা গরিয়েনে হ্যানা
হ্যাআ য়েইল্যা গরিয়েনেই য়িতারা আঁর মানুষঅক্যলরে হ্যাই ফেলে; য়িতারা মাবুদরে নঅ ডাকে।

5 আল্লাহ্ তেঁইর ভক্তঅক্যলর লগে আছে, য়িয়ানর লাই য়েই মানুষঅক্যলে বউত বেশি ডরর মাঝে
থাকিবো।

6 তোঁয়ারা যারা হ্যারাফ হাম গইত্যা লাইগ্যো, তোঁয়ারা দুক্যিঅক্যলর হাম নষ্ট গরিয়েনে য়িতারারে
19 আঁই দে হত্য ঘিনা, শরম আর অসম্যানর পাত্র অইয়্যি য়িয়ান তঅ তুঁই জান; আঁর শত্রুঅক্যলে বেক্যিনে তোঁয়ার সাম্নদি রইয়্যে।

20 ঘিনা আঁর মন ভাঁগি দিয়্যে, য়িয়ানত আঁই বউত অসুক অই ফজ্যি। আঁর দুক্যত্ যেন্ অইন্যতারা দুক্য বোধ গরে য়িয়ানই আঁই চাইয়্যিলাম, কিন্তু আঁই য়িয়ান নঅঅ ফাইয়্যি। সান্তনা দিবো এইল্যা মানুষ আঁই চাইয়্যিলাম, কিন্তু য়েইল্যা কেউঅরে নঅ ফাইলাম।

21 আঁর হ্যানাত য়িতারা বিষ দিয়্যেল্ আর তিরাশর সমত দিয়্যেল্ সির্কা।

22 য়িতারার বিরাট হ্যানার উত্সবগিন ফাঁদ অক, আর সইসালামতে থাকিবার ভাবগানই অক য়িতারার জালর ফাঁদ।

23 য়িতারার চোগ আঁধা অক যেন্ য়িতারা দেকিত্ নঅ ফাআ, আর অক্যল সমত য়িতারার হোঁঅরত খেঁচানি ধরি যঅক।

24 তোঁয়ার গোস্যাত তুঁই য়িতারারে গালাগালি গর; তোঁয়ার জলন্ত গজব য়িতারারে ধরি ফেলক।

25 য়িতারার থাকিবার জাগা হ্যালি অইয়েনে ফরি থাকক; য়িতারার তাম্বুত থাকিবার কেউ নঅ থাকক।

26 তুঁই যিবারে শাস্তি দিয়্যো য়িতারা য়িবারেই জুলুম গইজ্যে; যারারে তুঁই আঘাত গইজ্যো য়িতারার যন্ত্রনায়ই অইল্ তারার আলোচানার বিষয়।

27 অন্যায়র উঅর য়িতারারে অন্যায় গরি যাইতো দঅ; য়িতারা যেন্ তোঁয়ার দেয়া নাজাতর ভাগ নঅ ফাআ।

28 জিন্দাঅক্যলর তালিকার ত্যুন য়িতারার নাম যেন্ ফুছি যাআ, আল্লাহ্ভক্তঅক্যলর তালিকাত যেন্ য়িতারার নাম নঅ থাকে।

29 আঁই দুক্য আর যন্ত্রনার মাঝে আছি; অঅ আল্লাহ্, তুঁই আঁরে উদ্যার গরিয়েনে য়িতারার নাগালর বাইরে রাক।

30 আঁই হাউয়ালি গাইয়েনে আল্লাহ্র ফশংসা গইজ্যোম; কিতগ্যতার মইধ্য দিয়েনে তেঁইর গোরব গইজ্যোম।

31 বলদ আর শিং ও খুরআলা বিরিশ হোরবানির ত্যুন য়িয়ান মাবুদরে বেশি খুশি গরিবো।

32 য়িয়ান দেকিয়েনে নম্র মানুষঅক্যলে খুশি অইবো; তোঁয়ারা যারা আল্লাহ্রে জানিবার লাই আগ্রয়ি, তোঁয়ারা বাঁচি থাক।

33 মাবুদ অভাবিঅক্যলর হতা উনে; তেঁইর বান্দাঅক্যল, যারা বন্দিদশাত আছে, য়িতারারে তেঁই নিচু চোগে নঅ দেকে।

34 আসমান আর জবিন তেঁইর ফশংসা গরক; সমুদ্র আর য়িয়ানর মাঝে ঘুরি বেরাইন্যা বেক ফ্রানি তেঁইর ফশংসা গরক;

35 হারন আল্লাহ্ সিয়োনরে উদ্যার গরিবো, এহুদার শঅরগিন আবার বানাইবো; তহন তেঁইর বান্দাঅক্যলে য়েডে থাকিবো আর য়িয়ানর অধিকারি অইবো।

36 তেঁইর গোলামঅক্যলর বংশর মানুষঅক্যলেই য়িয়ান অধিকার ইসাবে ফাইবো, আর যারা তেঁইরে মহব্যত গরে য়িতারাই য়েডে থাকিবো।

জবুর শরিফ 70

হাউয়ালি ফরিচালকর লাই। হযরত দাউদর হাউয়ালি। উগ্যয়া স্মিতি জাগাইন্যা হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, আঁরে বাঁচঅ; অঅ মাবুদ, আঁরে সাইয্য গইত্যে তরাতরি আইয়্যো।

2 যারা আঁরে মারি ফেলিবার চেষ্টায় আছে য়িতারা শরমত্ ফরক আর অফমানিত অক; যারা আঁর সবর্নাশ দেইক্তো চাআ য়িতারা মাথা নিচু গরিয়েনে ফিরি যক।

3 যারা আঁরে দেকিয়েনে হঅ, "ভালা অইয়্যে!" য়িতারা শরম ফাইয়েনে ফিরি যঅক।

4 কিন্তু যারা তোঁয়ার ইচ্ছামতন চলে য়িতারা তোঁয়ারে লইয়েনেই আনন্দিত আর খুশি অক; যারা তোঁয়ার গরা উদ্যারর হাম ভালাবাসে য়িতারা অক্যল সমতই হঅক, “আল্হামদুলিল্লাহ্!”

5 আঁই দুক্যি আর অভাবি; অঅ আল্লাহ্, তুঁই তরাতরি আঁর হাছে আইয়্যো। তুঁই তঅ আঁর সাইয্যহারি আর উদ্যারহত্যা; অঅ মাবুদ দেরি নঅ গইজ্যো।

জবুর শরিফ 71

1 অঅ মাবুদ, আঁই তোঁয়ারই মাঝে আশ্রয় লইয়্যি, আঁরে হনঅ দিনঅ শরম ফাইতো নঅ দিয়ো।

2 তুঁই নিয়াইবান বুলিয়েনে আঁরে বাঁচঅ, উদ্যার গর; আঁর হতাত হান দঅ আর আঁরে রক্যা গর।

3 তুঁইই আঁর আশ্রয় ফাআর অঅ যিবার হাছে আঁই অক্যল সমত যাইত্ ফারি। তুঁই আঁর উচুল ফাআর আর কেল্যা, য়িয়ানর লাই আঁরে রক্যা গরিবার লাই উকুম দিয়্যো।

4 অঅ আঁর আল্লাহ্, দুষ্টঅক্যলর আতর ত্যুন, হ্যারাফ আর নিঠুর মানুষঅক্যলর আতর মুডর ত্যুন, তুঁই আঁরে উদ্যার গর।

5 অঅ আল্লাহ্ মালিক, তুঁইই আঁর আশা, জোয়ান বয়সর ত্যুন তুঁইই আঁর ভরসা।

6 জন্মর ত্যুনই আঁই তোঁয়ার উঅর ভরসা গরি; তুঁইই আঁরে মার ফেডর ত্যুন বাইর গরি আইন্যো। তুঁইই অক্যল সমত আঁর ফশংসার বিষয়।

7 আঁরে দেকিয়েনে বউত কেউই আআ গরি চাই থাকে, কিন্তু তুঁইই আঁর অটল আশ্রয়।

8 আঁর মুকত তোঁয়ার গুনগান লাগিই আছে, য়িয়ান গোডা দিনই তোঁয়ার গোরবর হতা হঅ।

9 আঁর এই শেষ বয়সত আঁরে ফেলাই নঅ দিয়ো; আঁর শক্তি ফুরাই গেইয়্যে, আঁরে তিয়াগ নঅ গইজ্যো।

10 আঁর শত্রুঅক্যলে আঁর বিরুদ্যে হতা হঅর; যারা আঁরে মারি ফেইল্‌তো চাআ য়িতারা বেক্যিনে মিলি শল্যা-ফরামশ্য গরের।

11 য়িতারা হঅর, "আল্লাহ্‌ য়িবারে তিয়াগ গইজ্যে; য়িবারে দুঁরাইয়েনে ধরি ফেল, য়িবারে বাঁচাইবার কেউ নাই।"

12 অঅ আল্লাহ্‌, তুঁই আঁর হাছর ত্যুন দুঁরে নঅ থাইক্যো; অঅ আঁর আল্লাহ্‌, আঁরে সাইয্য গরিবার লাই তুঁই তরাতরি আইয়্যো।

13 আঁর বিফক্যঅক্যলে শরমত ফরক আর তচনচ অক; যারা আঁরে বিফদত ফেলার চেষ্টাত আছে য়িতারা ঘিনা আর অফমানত ঝাফাই ফরক।

14 কিন্তু আঁই অক্যল সমতই তোঁয়ার উঅর ভরসা গইজ্যোম, তোঁয়ার ফশংসার উঅর ফশংসা গইত্যো থাইক্যোম।

15 তোঁয়ার নিয়াই হাম আর তোঁয়ার গরা উদ্যার হামর হতা গোডা দিন আঁর মুকত থাকিবো, হারন য়েগিন হইয়েনে শেষ গরা নঅ যাআ।

16 অঅ আল্লাহ্‌ মালিক, তোঁয়ার মহত হামর হতা হইবার লাই আঁই তোঁয়ার ঘরত ঢুইক্যোম; আঁই তোঁয়ার, হ্যালি তোঁয়ারই নিয়াই হামর হতা হইয়্যোম।

17 অঅ আল্লাহ্‌, জোয়ান হালর ত্যুন তুঁইই আঁরে শিক্যা দিয়্যো; আইজঅ আঁই তোঁয়ার কেরামতির হতা ফ্রচার গরির।

18 অঅ আল্লাহ্‌, আইজ বুরা অইয়েনে চুল ফাগি গেলেঅ তুঁই আঁরে তিয়াগ নঅ গইজ্যো; ফরর বংশধরঅক্যলর হাছে তোঁয়ার হ্যমতার হতা, ভবিষ্যতর বংশধরঅক্যলর হাছে শক্তির হতা আঁরে ঘোষনা গইত্যো দঅ।

19 অঅ আল্লাহ্‌, তোঁয়ার নিয়াই হাম যেন্‌ আসমান ধইজ্যে; বেক বিরাট হাম তুঁইই গইজ্যো; অঅ আল্লাহ্‌, তোঁয়ার সমান আর হন্‌ আছে?

20 যুদিঅ তুঁই আঁর উঅর বউত হষ্ট আর বিফদ আইন্যো, তঅঅ তুঁইই আবার আঁর ফরান জিন্দা গরিয়েনে তুলিবা; মেডির তলার ত্যুন তুলি আনিবার মতন গরিয়েনে আবার তুঁই আঁরে তুলি আনিবা।

21 আঁই চাই তুঁই যেন্‌ আঁর সম্যান বারাই দঅ, আবার আঁরে সান্তনা দঅ।

22 অঅ আঁর আল্লাহ্, তোঁয়ার বিশ্যস্ততার বিষয় লইয়েনে আঁই বিনা বাজাই তোঁয়ার ফশংসা
গইজ্যোম; অঅ ইসরাইলর আল্লাহ্ ফাক, আঁই সুরবাহারে তোঁয়ার ফশংসা হাউয়ালি গাইয়্যোম।
23 আঁই যহন তোঁয়ার ফশংসা হাউয়ালি গাইয়্যোম আঁর মুক তহন চিল্যাইয়েনে আনন্দধ্যনি গরিবো;
আঁর দিল্ তোঁয়ার ফশংসা হাউয়ালি গাইবো, হারন তুঁইই আঁরে মুক্ত গইজ্যো।
24 আঁর মুক গোডা দিন তোঁয়ার নিয়াই হামর হতাই হইবো, হারন যারা আঁরে বিফদত ফেলিবার
চেষ্টাত আছে য়িতারা শরম ফাইয়্যে আর অফমানিত অইয়্যে।

জবুর শরিফ 72

বাদশা সোলায়মানর হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, বিচার গরিবার যে অধিকার তোঁয়ার আছে য়িয়ান তুঁই এই বাদশারে দান গর; এই
শাহ্জাদারে তোঁয়ার নিয়াইর গেয়ান দান গর;
2 যেন্ তেঁই নিয়াই ভাবে তোঁয়ার বান্দাঅক্যলর বিচার গরিত্ ফারে আর অইত্যাচারিতঅক্যলর
সুবিচার গরিত্ ফারে।
3 তেঁইর নিয়াই হামর মইধ্য দিয়েনে মানুষঅক্যলর লাই ফাআর ফবর্তে ভরা দেশগান উন্যতিত ভরি
উঢক।
4 তেঁইর রাইজ্যর অইত্যাচারিত মানুষঅক্যলর উঅর তেঁই নিয়াই বিচার গরক; তেঁইর
গরিবঅক্যলরে বাঁচক আর জুলুমবাজঅক্যলরে চুরমার গরক।
5 যেতদিন চাঁন সুরুজ থাকিবো য়েতদিন বংশর ফর বংশ ধরিয়েনে মাইন্ষ্যে তেঁইরে ডরক।
6 খের হাডি লইন্যা জমির উঅর ঝর ফরিলে যেইল্যা অঅ তেঁই যেন্ য়েইল্যাই অঅ; তেঁই যেন্ মেডি
ভিজাইন্যা ঝরর ধারার মতন অঅ।
7 তেঁইর আমলে আল্লাহ্ভক্তঅক্যলে যেন্ বউত রহমত ফাআ; যেতদিন চাঁন থাকিবো য়েতদিন
য়িতারার জিবন উন্যতিত ভরি উঢক।
8 তেঁইর রাইজ্যর সিমানা সাগরর ত্যুন সাগর ফইয্যন্ত, ফোরাত দইজ্যার ত্যুন দুনিয়ার শেষ সিমা
ফইয্যন্ত অক।
9 মরুভুমির মানুষঅক্যলে তেঁইর হাছে নত অক আর তেঁইর শত্রুঅক্যলে তেঁইরে ঠেংগত ধরিয়েনে
সালাম গরক।
10 তশ্যিশ আর দিফগিনর বাদশাঅক্যলে তেঁইরে হ্যাজানা দঅক; সাবা আর সবা দেশর
বাদশাগিনঅ তেঁইর ফাওনা উফহ্যার তেঁইরে দঅক।
11 বেক বাদশাঅক্যলে তেঁইর হাছে মাথা নিচু গরক আর বেক জাতি তেঁইর সেবা গরক।

12 যেতাক্যিন অভাবি, অইত্যাচারিত আর অসহায় মানুষঅক্যলে সাইয্যর লাই হাঁদের য়িতারারে তেঁই উদ্যার গরিবো।

13 অসহায় আর অভাবিঅক্যলরে তেঁই দয়া গরিবো আর অভাবিঅক্যলরে বাঁচাইবো।

14 জুলুম আর হামলার আতর ত্যুন তেঁই য়িতারার ফরান রক্যা গরিবো; তেঁইর চোগত য়িতারার রক্তর দাম বউত।

15 তেঁই বউত দিন বাঁচি থাকক; সাবা দেশর সোনা তেঁইর হাছে আইয়্যোক। অক্যল সমত তেঁইর লাই মুনাজাত অইতো থাকক; গোডা দিন ধরিয়েনে তেঁইর উঅর রহমত ঝরি ফরক।

16 দেশত বউত শইস্যর ফলন অক, য়েগিন ফাআরগিনর মাথার উঅরদিঅ অক। খেতর ফসলে লেবাননর বনর শন্‌শন্‌ আবাজ উঢক; শঅরর ত্যুন বাইর অই আইয়্যোইন্যা মানুষঅক্যলে যেন্‌ মাঢর খেরর মতন বউত ফরিমানে বারি উঢে।

17 তেঁইর সুনাম চিরহাল এস্তায়ি অক; সুয্য যেতদিন ফঅর দিবো য়েতদিন তেঁইর সুনাম বআল থাকক। তেঁইর মইধ্য দিয়েনে গোডা জাতি যেন্‌ রহমত ফাআ; য়িতারা তেঁইরে মোবারক হঅক।

18 আল্লাহ্‌ মাবুদ, যিবা ইসরাইলর আল্লাহ্‌, তেঁইর ফশংসা অক; হ্যালি তেঁইই কেরামতি দেহ্যাআ।

19 চিরহাল তেঁইর মইমা ভরা নামর ফশংসা অক; গোডা দুনিয়া তেঁইর মইমাত ভরি যঅক। আমিন, আমিন।

20 ইয়াসির ফোয়া দাউদর অক্যল মুনাজাতর শেষ এডেই।

জবুর শরিফ 73

তিতিয় সিফারা
(৭৩-৮৯ রুকু)

হযরত আসফর হাউয়ালি

1 যারার দিল্‌ হ্যাঁটি য়েই বনি-ইসরাইলঅক্যলর ফক্যে আল্লাহ্‌ আঁসাই মেহেরবান।

2 কিন্তু আঁই ফ্রায় ফরি গেইয়্যিলাম; আঁর ঠেং ফ্রায় ফিছলাই গেইয়্যেল্‌।

3 আঁই দেকিলাম দুষ্টঅক্যলে বউত সুখে আছে, য়িয়ানর লাই য়েই অহংকারিঅক্যলরে দেকিয়েনে আঁর ইংসা অইয়্যেল;

4 হারন মরন হালে য়িতারা যন্ত্রনা নঅ ফাআ আর য়িতারার শরিলঅ বউত মোটাসোটা থাকে।

5 অইন্য মানুষঅক্যলে যেন্‌ বিফদত ফরে য়েইল্যা য়িতারা বিফদত নঅ ফরে; অইন্যতারা যেন্‌ হষ্ট ভোগ গরে য়েইল্যা য়িতারা হষ্ট ভোগ নঅ গরে।

6 য়িয়ানর লাই অহংকার অঅ য়িতারার গলার আঁআঁর, আর জুলুম অঅ য়িতারার গাআর হঅর।

7 চর্বির ঠেলাত য়িতারার চোগ বাইর অই আইস্যে; য়িতারার মনর কুমতলব উফছাই ফরের।

8 য়িতারার হতাত বিদ্রুফ আর ইংসা রইয়্যে; অহংকারর বশে য়িতারা জুলুমর ডর দেহ্যাআ।

9 য়িতারা বেহেস্তর বিরুদ্যে হতা হঅ আর গোডা দুনিয়াত য়িতারার উঁর উঁর হতা ছরাই ফরে।

10 য়িয়ানর লাই আল্লাহ্র বান্দাঅক্যলে হ্যারাফ ফথদি ফিরি যাআ আর য়েই হতাগিন বউত ফরিমানে গিল্তো থাকে।

11 য়িতারা হঅ, "আল্লাহ্ কেন্ গরিয়েনে জানিবো? আল্লাহ্তা'লার হাছে গেয়ান হইতে কিছু আছে না?"

12 ইতারাই অইল্, য়েই দুষ্ট মানুষঅক্যল যারা আরামত থাকিয়েনে ধন-সম্বত্যি বারাইয়্যে।

13 আঁর দিলরে আঁই মিছামিছি হ্যাঁটি রাক্যি, আঁর আত মিছাই আঁই নিদ্যোষ রাক্যি।

14 গোডা দিন ধরিয়েনে আঁই হষ্ট ভোগ গজ্যি; ফত্যিদিন ফজরত শাস্তি ফায়্যি।

15 যুদি এই হতাগিন আঁই মানুষঅক্যলর হাছে হইতাম, তইলে এই হালর তোঁয়ার বান্দাঅক্যলর হাছে আঁই বেইমান অইতাম।

16 আঁই যহন এই বেক বেফারে বুঝিবার চেষ্টা গইল্যাম তহন আঁর মনরে য়িয়ান হষ্ট দিতো লাগিল্;

17 কিন্তু যহন আঁই আল্লাহ্র ফবিত্র জাগাত গেলাম তহন য়িতারার শেষ দশার হতা বুঝিত্ ফাইল্যাম।

18 তুঁই আঁসাই য়িতারারে বির্বিজ্যা জাগাত রাইক্যো আর তচনচর মাঝে ফেইল্যো।

19 হইল্যা আতিক্যা য়িতারা তচনচ অই যাআ আর ডর জাগাইন্যা বিফদর মাঝে এক্যবারে শেষ অই যাআ।

20 ঘুম ভাঁগিলে মানুষর হাছে হ্যোয়াব যেন্ তুছ্য অই যাআ, য়েইল্যা অঅ মালিক, তুঁই অঅজাগ অইলে য়িতারাঅ তোঁয়ার হাছে তুছ্য অই যাইবো।

21 যহন আঁর মন তিতা অই উইট্যেল্ আর দিলত আঘাত লাইগ্যেল্,

22 তহন আঁই অসাড় আর অবুঝ অই ফজ্যিলাম আর তোঁয়ার হাছে বুদ্যিছারা ফশুর সমান অইয়্যিলাম।

23 তঅঅ আঁই অক্যল সমত তোঁয়ার লগেই আছি; তুঁইই আঁর ডাইন আত ধরি রাইক্যো।

24 তোঁয়ার নিদ্যেশর মইধ্য দিয়েনে তুঁই আঁরে চালাইবা, আর শেষদি তোঁয়ার মইমার মইধ্য দিয়েনে আঁরে গ্রঅন গরিবা।

25 বেহেস্তত তুঁইই আঁর বেক; তোঁয়ারে ফাইয়েনে দুনিয়াতঅ আঁর চাইবার আর কিছ্যু নাই।

26 আঁর শরিল আর মন হ্যয় অই যাইত্ ফারে, কিন্তু আল্লাহ্ আঁর দিলর শক্তি আর আঁর চিরহালর সম্বত্যির ভাগ।

27 যারা তোঁয়ার হাছর ত্যুন দুঁরে সরি গেইয়্যে, য়িতারা শেষ অই যাইবো; যারা তোঁয়ার লাই বেইমান তুঁই য়িতারারে তচনচ গরি ফেলিবা।

28 কিন্তু আল্লাহ্র লগে থাকন আঁর লাই ভালা; আল্লাহ্ মালিকরে আঁই আঁর আশ্রয়র জাগা গজ্যি, যেন্ তেঁইর অক্যল হামর হতা আঁই ফ্রচার গরিত্ ফারি।

জবুর শরিফ 74

হযরত আসফর মস্কিল হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, তুঁই চিরদিনর লাই কিল্যাই আঁরে তিয়াগ গইজ্যো? তোঁয়ার চরিবার জাগার ভেরাগিনর বিরুদ্যে কিল্যাই তোঁয়ার গোস্যার আগুন ধুঁয়াই উঢের?

2 মনত গরি চঅ তোঁয়ার য়েই মানুষঅক্যলর হতা যারারে তুঁই বউত হাল আগেই তোঁয়ার গরিয়েনে লইয়্যিলা, যে বংশরে তুঁই তোঁয়ার অধিকার ইসাবে মুক্ত গরিয়েনে আন্যিলা। মনত গরি চঅ য়েই সিয়োন ফাআরর হতা যিবারে তুঁই তোঁয়ার থাকিবার জাগা গইজ্যো।

3 চিরহালর এই ধ্যংসএস্তুফর মিক্যাদি তুঁই ঠেং চলাইয়েনে আগাই আইয়্যো; ফবিত্র জাগার বেক কিছুই শত্রুঅক্যলে ছারহ্যার গরি দিয়্যে।

4 যেডে তোঁয়ার লগে আঁরার মিলন অইতো য়েই জাগাত শত্রুঅক্যলে গজ্যন গরিয়েনে বেরাইয়্যে, য়েডে য়িতারা নিজরার ফতাকা তুইল্যে।

5 অবস্থা দেকিয়েনে মনে অঅ যেন্ কেউ বনর গাছ হাডিবার লাই কুরুইল্ চালাইয়্যেল্।

6 কুরুইল্ আর মাত্যোল দিয়েনে বেক হ্যোদাই গরা হামগিন য়িতারা চুরমার গরি দিয়্যে।

7 তোঁয়ার ফবিত্র জাগাত য়িতারা আগুন লাগাইয়্যে, তোঁয়ার থাকিবার জাগা মেডির লগে মিশাই দিয়েনে নাফাক গইজ্যে।

8 য়িতারা মনে মনে হইয়্যে, “আঁরা য়িতারারে ফুরাফুরি গরিয়েনে দমাই রাইক্যোম।” আল্লাহ্র লগে মিলিত অইবার বেক জাগাগিন য়িতারা ফোরাই দিয়্যে।

9 আঁরার লাই হনঅ কেরামতি দেহ্যানো অঅর এন্ তঅ আর আঁরা নঅ দেকি; হনঅ নবিঅ আর নাই; এই ডইল্যা দে আর হতদিন চলিবো য়িয়ান আঁরার কেউ নঅ জানে।

10 অঅ আল্লাহ্, শত্রুঅক্যলে আর হতদিন ঠাট্যা-ঠঁঅশা গরিবো? চিরদিনই কি শত্রুঅক্যলে তোঁয়ার নামর অফমান গরিবো?

11 কিল্যাই তুঁই তোঁয়ার আতগান, উই ডাইন আতগান লুকাই রাইক্যো? য়িয়ান বুগর মাঝদির ত্যুন
বাইর গরি আনিয়েনে য়িতারারে শেষ গরি দঅ।

12 তঅঅ অঅ আল্লাহ্, বউত হাল আগর ত্যুন তুঁইই আঁর বাদশা তুঁইই এই দুনিয়ার বুগত উদ্যারর
হাম গইজ্যো।

13 নিজর কুদরতিত্ তুঁইই সাগররে ভাগ গজ্যিলা; তুঁইই সাগরর মইধ্যে ভাঁগি দিয়্যিলা ফানি-দৈত্যর
মাথা।

14 লিবিয়াথনর মাথাগিন তুঁইই চুরমার গরি দিয়্যিলা আর য়িয়ানর শরিলগান মরুভুমির
ফ্রানিঅক্যলরে হ্যাইতো দিয়্যিলা।

15 তুঁই ঝন্যা আর ছোড দইজ্যার ফথ খুলি দিয়্যো; বউত হালর বোই যইন্যা দইজ্যা তুঁইই উয়াই
ফেইল্যো।

16 দিন তোঁয়ার, রাইতঅ তোঁয়ার; চাঁন-তারা আর সুয্য তুঁইই এস্তাফন গইজ্যো।

17 দুনিয়ার বেক কিছুর সিমানা তুঁইই ঠিগ গরি দিয়্যো; তুঁইই শিত আর গরমহাল বানাইয়্যো।

18 অঅ মাবুদ, ফঅরি নঅ যাইয়্যো শত্রুঅক্যলে তোঁয়ারে লইয়েনে ঠাট্যা-ঠঁঅশা গইজ্যে, অসাড়-
বিবেক মানুষঅক্যলে তোঁয়ার নামর অফমান গইজ্যে।

19 তোঁয়ার এই মহব্যতর হঅঅলরে তুঁই বইন্য ফশুর আতত তুলি নঅ দিয়ো; তোঁয়ার
অইত্যাচারিত মানুষঅক্যলর জিবনর হতা তুঁই চিরদিন ফঅরি নঅ থাইক্যো।

20 তোঁয়ার বেবস্তার হতা তুঁই ভাবি চঅ; দেশর বেক লুকাইবার জাগার বউত থাকিবার জাগা
জুলুমে ভরি উইট্যে।

21 তুঁই অইত্যাচারিত মানুষঅক্যলরে অফমানিত অইয়েনে ফিরি আইস্তো নঅ দিয়ো; দুক্যি আর
অভাবি মানুষঅক্যলে তোঁয়ার নামর ফশংসা গরক।

22 অঅ আল্লাহ্, তুঁই উটিয়েনে বিচার গরিবার লাই তোঁয়ার মামলা আজির গর; ফঅরি নঅ যাইয়্যো
অসাড় বিবেক মানুষঅক্যলে গোডা দিন তোঁয়ারে লইয়েনে ঠাট্যা ঠঁঅশা গরে।

23 তোঁয়ার শত্রুঅক্যলর চিল্যাচিল্যি, তোঁয়ার বিরুদ্যে য়িতারার যে অইচই অক্যল সমত চলের,
য়িয়ান ফঅরি নঅ যাইয়্যো।

জবুর শরিফ 75

হাউয়ালি ফরিচালকর লাই। সুর — "তচনচ নঅ গইজ্যো।" হযরত আসফর উগ্যয়া গজল।
উগ্যয়া হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, আঁরা তোঁয়ারে শুকরিয়া জানাই, আঁরা তোঁয়ার শুকরিয়া আদায় গরি, হারন তুঁই
হাছেই আছ; মাইন্ষ্যে তোঁয়ার কেরামতির হতা ঘোষনা গরে।

2 তুঁই হই থাক, "ঠিগ সময় আঁইই বাছি লই, আঁইই নিয়াই বিচার গরি।

3 দুনিয়া আর য়িয়ানর মানব সমাজর নিয়ম শৃংকলা যহন ভাঁগি যাআ, তহন আঁইই য়িয়ানর
হ্যাম্বাগিন টিগাই রাকি।*[সেলা]*

4 "আঁই অহংকারিঅক্যলরে হই, 'অহংকার নঅ গইজ্যো,' আর দুষ্টঅক্যলরে হই, 'শিং উচুল নঅ
গইজ্যো।

5 তোঁয়ারার শিং উচুলত নঅ তুইল্যো আর ঘেঁড়ি বেঁহা গরিয়েনে হতা নঅ হইয়্যো।'"

6 ফুক কি ফছিম বা মরুভুমির ত্যুন কেউ রক্যা গইত্যো নঅ আইয়্যে;

7 কিন্তু আল্লাহ্ বিচার গরে; তেঁই একজনরে নিচে লামাআ ও আর একজনরে উঅরদি তুলে।

8 মাবুদর আতত উগ্যয়া ফেঁলা আছে, য়িয়ানত ফেনাই উঢা মশল্যা মিশাইন্যা আংগুরর রস রইয়্যে।
তেঁই য়েই ফেঁলার ত্যুন ঢালি দেএ; দুনিয়ার বেক দুষ্ট মানুষঅক্যলর ত্যুন য়িয়ানর তলানি ফইয্যন্ত
হ্যঅনই ফরিবো।

9 কিন্তু আঁই চিরদিন মাবুদ সমন্দে ফ্রচার গইজ্যোম আর ইয়াকুবর আল্লাহ্র উদ্যেশ্যে ফ্রশংসা-
হাউয়ালি গাইয়্যোম।

10 আঁই দুষ্টঅক্যলর বেক শিং হাডি ফেলি দিয়োম, কিন্তু আল্লাহ্ভক্তঅক্যলর শিং উচুলত তোলা
অইবো।

জবুর শরিফ 76

**হাউয়ালি ফরিচালকর লাই। তারর বাজানার লগে গঅন ফরিবো। হযরত আসফর উগ্যয়া গজল।
উগ্যয়া হাউয়ালি।**

1 এহুদা-রাইজ্যত বেক্যিনে আল্লাহ্র হতা জানে; ইসরাইল রাইজ্যত তেঁইর নাম মআন।

2 জেরুজালেমত তেঁইর থাকিবার তাম্বু আর সিয়োনত তেঁইর থাকিবার জাগা আছে।

3 তেঁই য়েডে বেক জলন্ত তির ভাঁগি ফেইল্যে, ভাঁগি ফেইল্য ঢাল, তলোয়ার আর যুদ্যর
অস্ত্রশস্ত্র।*[সেলা]*

4 তুঁই নুরত কেন্ নুরানি! শিয়ারত ভরাইন্যা ফাআরর ত্যুন তোঁয়ার ফিরি আইয়্যোন কেন্
মইমাফুন্য!

5 সঅসি যুদ্যাঅক্যলরে লুটফাট গরা অইয়্যে, য়িতারা শেষ ঘুমত ঢলি ফইজ্যে; হনঅ যুদ্যার আতত
আর শক্তি নঅ আছিল্।

6 অঅ ইয়াকুবর আল্লাহ্, ঘোড়া আর ঘোড়াগাড়ি চলাইন্যাঅক্যলে তোঁয়ার ধমক হ্যাইয়েনে গভির
ঘুমত ঢলি ফইজ্যে।

7 তুঁই, তুঁইই বউত ভয়ানক; তোঁয়ার গোস্যা জাগি উটিলে হনে তোঁয়ার সাম্নদি থিয়াইত ফারে?

8-9 বেহেস্তর ত্যুন তুঁই তোঁয়ার বিচারর রায় উনাইলা; অঅ আল্লাহ্, তুঁই উটিলা বিচার গরিবার
লাই আর দুনিয়ার অইত্যাচারিত মানুষঅক্যলরে রক্যা গরিবার লাই; য়িয়ানত দুনিয়া ডরে নিঝাফ
অইল্।*[সেলা]*

10 অবইশ্যই মানুষর গোস্যার হারনে তোঁয়ার ফশংসা অঅ; য়েই গোস্যার বাকি অংশ দিয়েনে তুঁই
নিজরে সাজঅ।

11 তোঁয়ারা তোঁয়ারার মাবুদ আল্লাহরর হাছে মানত গর আর য়িয়ান ফুরন গর। যিবা ডরর ফাত্র
তেঁইর উদ্যেশ্যে চাইরোমিক্যার দেশর ত্যুন মাইন্ষ্যে উফহ্যার আনক।

12 শাসনহত্যাঅক্যলর সঅস তেঁইই দমাই দেঅ; দুনিয়ার বাদশাঅক্যলে তেঁইরে ডরাআ।

জবুর শরিফ 77

হাউয়ালি ফরিচালকর লাই। যিদুথুনর নমুনাত। হযরত আসফর হাউয়ালি।

1 আঁই চিল্যাইয়েনে আল্লাহ্র হাছে হাঁদির; আঁই আল্লাহ্র হাছে চিল্যাইর যেন্ তেঁই য়েগিন উনিয়েনে
জোয়াব দেঅ।

2 বিফদর দিনত আঁই মালিকরে ডাকিলাম; রাতিয়া আঁর আত দুইয়ান আল্লাহ্র মিক্যাদি বারাইন্যাই
থাইক্তো, আঁই অঅরান নঅ অইতাম; আঁর দিল্ সান্তনা ফাইতো।

3 আঁই যহন আল্লাহ্র হতা ভাইব্তাম তহন দুক্যে হোঁহাইতাম; ভাইব্তে ভাইব্তে আঁই নিরাশ অই
ফইত্যাম।*[সেলা]*

4 তুঁইই আঁর চোগর ফাতা খোলা রাইক্তা; আঁই বউত অস্থির অই ফইত্যাম, তার লাই হতাঅ হইত্
নঅ ফাইত্যাম।

5 বউত ফুরানা দিনর হতা আঁই ভাইব্তাম, ভাইব্তাম বউত বউত বছর আগর হতা।

6 রাইতর বেলাত আঁর বেক হাউয়ালির হতা আঁর মনত ফইত্যো; আঁই দিলত গভিরভাবে চিন্তা
গইত্যাম আর মনে মনে ফশ্ন গইত্যাম —

7 মালিক কি চিরদিনর লাই আঁরারে তিয়াগ গইজ্যে? তেঁই কি আঁরারে আর হনঅ দিনঅ রহমত
গইত্যো নঅ?

8 তেঁইর অটল মহব্যত কি চিরদিনর লাই শেষ অই গেল? তেঁইর ওয়াদাঅ কি চিরহালর লাই বিফল
অই গেল্?

9 আল্লাহ্ কি রহমত গইত্যে ফঅরি গেল্? তেঁই কি গোস্যাত তেঁইর মমতা বন্ধ গরি দিল্?*[সেলা]*

10 আঁই হইলাম, “ইয়ানই আঁর দুক্য দে, আল্লাহ্তা’লার ডাইন আতগান বদলাই গেইয়্যে।”

11 মাবুদর বেক হামর হতা আঁই মনত গইজ্যোম; জি, মনত গইজ্যোম ফুরানা দিনত তোঁয়ার গরা কেরামতির হতা।

12 তোঁয়ার বেক হামর বিষয়ে আঁই ধিয়ান গইজ্যোম; তোঁয়ার বেক হামর হতা ভাবি চাইয়্যোম।

13 অঅ আল্লাহ্, তোঁয়ার চলার ফথ ফবিত্র; আঁরার আল্লাহ্র মতন মআন কি হনঅ দেবতা আছে না?

14 তুঁইই য়েই আল্লাহ্ যিবা কেরামতি দেহ্যাই থাকে; বেক জাতির মাঝে তোঁয়ার কুদরতর ফরিচয় তুঁই দিয়্যো।

15 তুঁই তোঁয়ার বান্দা ইয়াকুব আর ইউসুফর বংশধরঅক্যলরে তোঁয়ার শক্ত আতে মুক্ত গইজ্যো।*[সেলা]*

16 অঅ আল্লাহ্, সাগরর ফানি তোঁয়ারে দেইক্যেল; তোঁয়ারে দেকিয়েনে ফানি অস্তির অই উটিল, য়িয়ানর গভির তলা ফইয্যন্ত হাঁফি উটিল্।

17 মেউলা ফানি ঢালি দিল্, আকাশত ঠাডারর আবাজ অইল্; তোঁয়ার বিজ্লির তির এডে ওডে চমকাইতো লাগিল্।

18 ঘুন্যিঝরত তোঁয়ার ঠাডারর আবাজ উনা গেল্, তোঁয়ার বিজ্লির ঝলক দুনিয়া ফঅর গরিল্; দুনিয়া হাঁফিল্ আর টলমল গরি উটিল্।

19 সাগরর মাঝ দিয়েনে তুঁই ফথ গরি দিলা, গভির ফানির মাঝদিয়েনে তুঁই ফথ গরি দিলা, কিন্তু তোঁয়ার ঠেংগর চিন্য য়েডে দেহ্যা নঅঅ যাআ।

20 মুসা আর হারুনরে দিয়েনে ভেরার ঝাঁকর মতন গরি তুঁই তোঁয়ার বান্দাঅক্যলরে চলাই লই গেইয়্যিলা।

জবুর শরিফ 78

হযরত আসফর মস্কিল হাউয়ালি।

1 অঅ আঁর জাতির মানুষঅক্যল, আঁর উফদেশ উন; আঁর মুকর হতাত হান দঅ।

2 শিক্যাভরা উদাআরনর মইধ্য দিয়েনে আঁই মুক খুইল্যোম; আঁই ফুরানা দিনর গভির বিষয় নিয়েনে হতা হইয়্যোম।

3 এই হতাগিন আঁরা উন্যি আর জান্যি, আঁরার ফুবর্ফুরুষঅক্যলে আঁরার হাছে হই গেইয়্যে।

4 য়িতারার বংশধরঅক্যলর হাছে আঁরা য়েগিন গোফন রাইক্তাম নঅ; আঁরা ফরর বংশধরঅক্যলর হাছে মাবুদর গোরবফুন্য হামর হতা হইয়্যোম; তেঁইর কুদরতির হতা আর তেঁই যে কেরামতিগিন দেহ্যাইয়্যে য়েই হতাগিন হইয়্যোম।

5 তেঁই ইয়াকুবর বংশর উঅর তেঁইর উকুম জারি গইজ্যে, ইসরাইল জাতির লাই তেঁইর শরিয়ত এস্তাফন গইজ্যে, য়েই শরিয়ত য়িতারার ফোয়ামাইয়্যাঅক্যলরে শিক্যা দিতো তেঁই আঁরার ফুবর্ফুরুষঅক্যলরে উকুম দিয়্যে,

6 যেন্ ফরর বংশধরঅক্যলে, যারার জন্ম এহনঅ নঅঅ অঅ য়িতারা য়েগিন জানিত্ ফারে আর য়িতারার ফোয়াছার হাছে য়েগিন হইত্ ফারে।

7 তইলে য়িতারা আল্লাহ্র উঅরদি ভরসা গরিবো; তেঁইর হামগিন য়িতারা ফঅরি নঅ যাইবো বরং তেঁইর উকুমগিন ফালন গরিবো।

8 ইয়ানত য়িতারার ফুর্বফুরুষঅক্যলর মতন য়িতারা একগুঁইয়া আর বিদ্রোয়ি অইতো নঅ; য়েই ফুর্বফুরুষঅক্যলর দিল্ আল্লাহ্র লাই অটল নঅ আছিল্ আর মনঅ বিশ্যস্ত নঅ আছিল্।

9 আফরাহিমর মানুষঅক্যলে ধনুকধারি অইলেঅ যুদ্যর দিনত ফিছন অটি গেইয়্যেল্।

10 য়িতারা আল্লাহ্র বেবস্তা ফালন নঅঅ গরে, তেঁইর শরিয়ত মতন সইল্তে য়িতারা অসিকার গইজ্যেল্।

11 তেঁই দে কি গইজ্যেল্ য়েগিন য়িতারা ফঅরি গেইয়্যল্, ফঅরি গেইয়্যেল্ তেঁইর কেরামতির হতা যেগিন তেঁই য়িতারারে দেহ্যাইয়্যেল্।

12 বনি-ইসরাইলঅক্যলর ফুর্বফুরুষঅক্যলর চোগর সাম্নদি তেঁই কেরামতি দেহ্যাইয়্যেল্; মিসরত আর সোয়ন এলাহাত তেঁই য়েগিন দেহ্যাইয়্যেল্।

13 তেঁই সাগর দুইভাগ গরিয়েনে য়িয়ানর মাঝ দিয়েনে য়িতারারে লই গেইয়্যেল্; তেঁই ফানিরে ঢিবির মতন গরিয়েনে থিয়া গরাইয়্যেল্।

14 দিনত মেউলা আর গোডা রাইত আগুনর ফঅর দিয়েনে তেঁই য়িতারারে রাস্তা দেহ্যাইয়্যেল্।

15 মরুভুমিত ফাত্যোর ফাটাইয়েনে মেডির নিচর ফানির ত্যুন তেঁই য়িতারারে বউত হ্যাইবার ফানি দিল্।

16 ফাআরর মতন ফাত্যোরর ত্যুন তেঁই ফানির স্রোত বাইর গরি আনিল্; য়েই ফানি তেঁই দইজ্যার মতন গরিয়েনে বোয়্যি দিল্।

17 কিন্তু য়িতারা তেঁইর বিরুদ্যে গুনাহ্ গইত্যোই থাকিল্; আল্লাহ্তা'লার বিরুদ্যে মরুভুমিত বিদ্রোও গরিল্।

18 য়িতারার ইছ্যামতন হ্যানা দাবি গরিয়েনে মনে মনে য়িতারা আল্লাহ্রে ফরিক্যা গরিল্।

19 য়িতারা আল্লাহ্‌র বিরুদ্যে এই হতা হইল্, “আল্লাহ্ কি মরুভুমিত হ্যানা দিয়েনে
টেবিল সাজাইত্ ফারে?
20 তেঁই ফাত্যোরত আঘাত গরিল্ আর য়িয়ানর ত্যুন বাআই ফরা ফানির স্রোত বাইর অই আইল্;
য়িয়ান বুলি কি তেঁই আঁরারে রুটিঅ দিত্ ফারে না? তেঁই কি তেঁইর বান্দাঅক্যলর লাই গোস্ত
যোগাইত্ ফারে না?”
21 এই হতা উনিয়েনে মাবুদ গোস্যাত জলি উঠিল। ইয়াকুবর বিরুদ্যে তেঁইর দিলত আগুন জলি
উঠিল্, ইসরাইলর বিরুদ্যে তেঁইর গজব জাগি উঠিল্;
22 হারন আল্লাহ্‌র উঅরদি য়িতারা ইমান নঅঅ আনে; তেঁই দে য়িতারারে উদ্যার গরিবো য়েই
হতাত য়িতারা ভরসা নঅঅ গরে।
23 তঅঅ তেঁই উঅরদি আকাশরে উকুম দিল্ আর আসমানর দরজা খুলি দিল্।
24 মানুষঅক্যলরে হ্যাইবার লাই তেঁই ঝরর মতন গরিয়েনে মান্যা দিল্, বেহেস্তর শইস্য য়িতারারে
দিল্।
25 ফেরেস্তার হ্যানা মানুষ হ্যাইল্; য়িতারা যেত হ্যাইত্ ফারে য়েত হ্যানার জিনিসই তেঁই য়িতারারে
ফাটাই দিল্।
26 তেঁই আকাশর ত্যুন ফুকমিক্যার বাতাস বোয়াইল্; তেঁই নিজর কুদরতিতে দইনর বাতাসরে
চলাইল্।
27 তেঁই ধুলাহনার মতন গোস্তর ঝর দিল্, সাগর ফারর বালুহনার মতন ফাকির ঝর দিল্।
28 য়িতারার ছাউনি এলাহাত, য়িতারার তাম্বুর চাইরোফাশদি তেঁই য়েগিনরে ফইত্যো দিল্।
29 য়িতারা ফেট ভরিয়েনে য়েগিন হ্যাইল্; য়িতারা যেগিন চাইয়্যেল্ য়িতারারে তেঁই য়েগিনই দিল্।
30 যে হ্যানা য়িতারা হ্যাইতো চাইয়্যেল্ য়েগিন হ্যানা শেষ নঅ অইতেই এন্ কি য়েগিন য়িতারার
মুকত থাইক্তেই
31 আল্লাহ্‌র গোস্যা য়িতারার বিরুদ্যে জাগি উঠিল্। য়িতারার হয়েকজন শক্তিশালি জোয়ানরে তেঁই
মারি ফেলিল্; ইসরাইলর সেরা মানুষঅক্যলরে তেঁই তেঁইর অধিনে আনিল্।
32 তঅঅ য়িতারা গুনাহ্ গইত্যেই থাকিল্, তেঁইর কেরামতি দেকিয়েনেঅ তেঁইর উঅর ইমান নঅ
আনিল্।
33 য়িয়ানর লাই তেঁই য়িতারার দিনগিন বিফলতায় শেষ গরি দিল্ আর বছরগিন শেষ গরি দিল্
ডরর মইধ্য দিয়েনে।
34 তেঁই য়িতারারে মারি ফেলিবার ফর বাকি মানুষঅক্যলে তেঁইর হতা মনত গরিল্; য়িতারা আবার
তেঁই মিক্যাদি ফিরিয়েনে আগ্রঅর লগে তেঁইরে ডাকিল্।

35 য়িতারার মনত ফরিল্ আল্লাহ্ য়িতারার আশ্রয়-ফাআর, আল্লাহ্তা'লা য়িতারার মুক্তিদাতা।

36 কিন্তু য়িতারা তহন মুক দিয়েনে ছলনা গরিল, জিল্ফা দিয়েনে তেঁইর হাছে মিছা হতা হইল্।

37 য়িতারার দিল্ তেঁইর লাই ইস্তির নঅ আছিল্; তেঁইর বেবস্তার লাই য়িতারা বিশ্যস্ত নঅ আছিল্।

38 তঅঅ তেঁই মমতার ভরা বুলিয়েনে য়িতারার অন্যায় মাফ গরিল্, য়িতারারে তচনচ নঅ গরিল্; তেঁইর গোস্যা তেঁই বারবার দমন গরিল্, তেঁইর গোস্যা পুরাফুরি জলি নঅ উটিল্।

39 তেঁই ভাবি চাইল্ য়িতারা হ্যালি মানুষ, য়িতারা বোই যইন্যা বাতাসর মতন যেগিন ফিরি নঅ আইয়্যে।

40 মরুভুমিত হতবার তেঁইর বিরুদ্যে য়িতারা বিদ্রোও গইজ্যে, য়েই মরুভুমিত হতবার তেঁইরে দুক্য দিয়্যে।

41 বার বার য়িতারা আল্লাহ্রে ফরিক্যা গইজ্যে, ইসরাইলর আল্লাহ্ ফাকরে হষ্ট দিয়্যে।

42 য়িতারা তেঁইর কুদরতির হতা মনত নঅঅ রাকে; মনত নঅঅ রাকে য়েই দিনর হতা — যেদিন তেঁই শত্রুর আতর ত্যুন য়িতারারে মুক্ত গইজ্যেল্,

43 যেদিন মিসরত তেঁই চিন্য দেহ্যাইয়্যেল্ আর কেরামতি দেহ্যাইয়্যেল্ সোয়ন এলাহাত।

44 য়েইদিন য়িতারার বেক দইজ্যার ফানি তেঁই রক্ত গরি দিয়্যেল্ আর য়েই ফানি য়িতারা হ্যাইত্ নঅঅ ফারে।

45 য়িতারার মাঝে তেঁই ঝাঁকে ঝাঁকে ফোগ ফাটাইল্, য়েগিনে য়িতারারে যেন্ হ্যাইয়েনে শেষ গরি দিল্। তেঁই বেংগর দল ফাটাই দিল্, য়েগিনে য়িতারার সবর্নাশ গরিল্।

46 য়িতারার শইস্য তেঁই ফরিংগরে দিল্ আর য়িতারার ফসল দিল্ খেরগুয়া ফরিংগরে।

47 শিলাঝর দিয়েনে য়িতারার আংগুরর লতা তেঁই নষ্ট গরি দিল্; জমি যইন্যা হ্যোয়া দিয়েনে ডোংগুলা গাছ নষ্ট গরি দিল্।

48 তেঁই শিলাঝরর আতত য়িতরার গরুর ঝাঁক তুলি দিল্ আর ঠাডার ফরার আতত তুলি দিল্ য়িতারার ফশুর ঝাঁক।

49 তেঁই য়িতারার বিরুদ্যে তেঁইর জলন্ত বাআই ফরা ভিষন গোস্যা আর দুক্য হষ্ট ফাটাই দিল্; য়েগিন অইল্ তচনচর হামে নিযুক্ত একদল ফেরেস্তা।

50 তেঁইর গজব নাজেল ফথর বাধা তেঁই দুর গরি দিল্; তেঁই মরনর ত্যুন য়িতারারে রেহাই নঅ দিল্ বরং মোআমারির আতত য়িতারারে তুলি দিল্।

51 তেঁই মিসর দেশর ফত্যিউয়া ফইল্যা মরতফোয়ারে আঘাত গরিল্, আঘাত গরিল্ হাম বংশর তাম্বুত

যোবন শক্তির ফত্যিউয়া ফইল্যা ফলরে।

52 ইয়ার ফর তেঁইর বান্দাঅক্যলরে তেঁই ভেরার মতন গরিয়েনে বাইর গরি আনিল্, আর মরুভুমির মইধ্য দিয়েনে ভেরার ঝাঁকর মতন গরিয়েনে য়িতারারে ফরিচালানা গরিল্।

53 তেঁই য়িতারারে সইসালামতে লই আইল্, য়িতারার হনঅ ডর নঅ অইল্; কিন্তু সাগর য়িতারার শত্রুঅক্যলরে গিলি ফেলিল্।

54 শেষ ফইয্যন্ত তেঁই তেঁইর ফবিত্র দেশত য়িতারারে লই আইল্, লই আইল্ য়েই ফাআরি দেশত যে দেশ তেঁইর কুদরতি আতে তেঁই দহল গইজ্যেল্।

55 য়িতারার সাম্নদির ত্যুন অইন্যাইন্য জাতিঅক্যলরে তেঁই দুঁরাই দিল্, আর য়েই জাতিঅক্যলর জাগা-জমি তেঁই জরিফ গরিয়েনে সম্বত্যি ইসাবে য়িতারারে ভাগ গরি দিল্; য়িতারার ঘর-দুয়ারত ইসরাইলর গুষ্টিঅক্যলরে থাইক্তো দিল্।

56 কিন্তু তঅঅ য়িতারা আল্লাহ্তা'লারে ফরিক্যা গরিল্ আর তেঁইর বিরুদ্যে বিদ্রোও গরিল্; তেঁইর উকুম য়িতারা ফালন নঅ গরিল্।

57 য়িতারার ফুর্বফুরুষঅক্যলর মতনই য়িতারা ঠিগ ফথর ত্যুন সরি যাইয়েনে বেইমানি গরিল্; বেয়ারা ধনুকর মতনই য়িতারা বেঁহাই রইল্।

58 য়িতারা ফাআরর উঅরর বেদিগিন বেবার গরিয়েনে তেঁইর গোস্যা জাগাই তুলিল্;

হ্যোদাই গরা মুত্যির ফুজা গরিয়েনে তেঁইর ফাওনা এবাদতর আগ্রঅ বারাই তুলিল্।

59 এগিন দেকি উনিয়েনে আল্লাহ্ গোস্যা গরিল্; তেঁই ইসরাইলরে ফুরাফুরি গরিয়েনে অগ্রাইয্য গরিল্।

60 শিলোত তেঁইর যে থাকিবার তাম্বু আছিল্ য়িয়ান তেঁই ছারি গেল্; ইয়ান য়েই তাম্বু যিয়ান তেঁই মানুষর মাঝে এস্তাফন গইজ্যেল্।

61 তেঁইর কুদরতর চিন্য তেঁই বন্দিদশাত ফাটাইল্; তেঁইর মইমার চিন্য তেঁইর শত্রুঅক্যলর আতত দিল্।

62 তেঁইর বান্দাঅক্যলরে তেঁই শত্রুর তলোয়ারর আতত তুলি দিল্; তেঁইর নিজর মানুষঅক্যলর উঅর তেঁইর গজব নাজেল অইল্।

63 আগুন য়িতারার জোয়ানঅক্যলরে ফুরাই ফেলিল্; য়িতারার আবিয়াতা মাইয়্যাঅক্যলর লাই বিয়ার গান নঅ অইল্।

64 তলোয়ারর আঘাতে য়িতারার ইমামঅক্যলে মারা ফরিল্; য়িতারার রারিঅক্যলে দুক্য ফকাশ গরিত্ নঅ ফারিল্।

65 তার ফর দ্যিন দুনিয়ার মালিক যেন্ ঘুমর ত্যুন উটিল্; তেঁই আংগুরর রসে নেশা হাডাই উঢইন্যা
বিরর মতন গরিয়েনে উটিল্।

66 তেঁইর শত্রুঅক্যলরে তেঁই ফিছন অঅডাই দিল্; য়িতারারে তেঁই এস্তায়ি অফমানর মাঝে ফেলিল্।

67 ফরদি তেঁই ইউসুফর বংশর এলাহা অগ্রাইয্য গরিল্, আফরাহিমর গুষ্টির এলাহা বাছি নঅ লইল্;

68 কিন্তু বাছি লইল্ এহুদার গুষ্টির এলাহা — য়েই সিয়োন ফাআর যিয়ানরে তেঁই ভালাবাইস্তো।

69 য়েডে তেঁইর ফবিত্র ঘরগানরে তেঁই উচুল গরিয়েনে বানাইল্, য়িয়ান আছিল্ যেন্ আসমান ধরা;
তেঁই য়িয়ান দুনিয়ার মতন এস্তায়িভাবে এস্তাফন গরিল্।

70 তেঁই তেঁইর গোলাম দাউদরে বাছি লইল্, লইল্ তেঁইরে ভেরার হ্যোয়াইল ত্যুন;

71 য়িবারে দুদ দেয়া মায়িল্যি ভেরাঅক্যলরে হেফাজত গরিবার হামর ত্যুন লই আইল্, যেন্ তেঁই
মালিকর বান্দাঅক্যলরে, মানি ইয়াকুবর বংশরে, যারা তেঁইর সম্বত্যি য়েই ইসরাইল জাতিরে
চরাইত্ ফারে।

72 দাউত য়িবার দিলর সততা অনুযায়ি য়িতারারে ফালন গরিল্; য়িবা য়িতারারে বুদ্যি-বিবেচনার
লগে চালাই লইল্।

জবুর শরিফ 79

হযরত আসফর উগ্যয়া হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, অইন্য জাতিঅক্যলে তোঁয়ার সম্বত্যি আক্রমন গইজ্যে, য়িতারা য়েডে ঢুকি ফইজ্যে;
তোঁয়ার ফবিত্র ঘরগান য়িতারা নাফাক গইজ্যে; জেরুজালেমরে য়িতারা তচনচর এস্তুফ গইজ্যে।

2 তোঁয়ার গোলামঅক্যলর লাশগিন য়িতারা আকাশর ফাকিঅক্যলরে হ্যাইতো দিয়্যে; তোঁয়ার
ভক্তঅক্যলর লাশর গোস্ত দুনিয়ার ফশুগিনরে দিয়্যে।

3 জেরুজালেমর চাইরোমিক্যাদি য়িতারা ফানির মতন গরিয়েনে য়িতারার রক্ত ঢালি দিয়্যে;
য়িতারারে দাফন গরিবার কেউ নাই।

4 ফতিবাসি জাতিঅক্যলর হাছে আঁরা নিন্দার ফাত্র অইয়্যি, আঁরার চাইরোফাশর মানুষঅক্যলর
হাছে আঁসি-ঠঁঅশার হ্যোরাক অইয়্যি।

5 অঅ মাবুদ, আর হত হাল? তুঁই কি চিরহালই গোস্যা গরি থাকিবা না? আর হতদিন তোঁয়ার
ফাওনা এবাদত নঅ ফাইবার জালা আগুনর মতন জইল্তো থাকিবো?

6 যারা তোঁয়ারে মানি নঅ লঅ য়েই জাতিগিনর উঅর তোঁয়ার গজব নাজেল গর, নাজেল গর য়েই
রাইজ্যগিনর উঅর যারা তোঁয়ার এবাদত নঅ গরে;

7 হারন য়িতারাই ইয়াকুবর বংশরে যেন্ শেষ গরি ফেইল্যে, য়িবার থাকিবার জাগা তচনচ গইজ্যে।

8 ফুর্বফুরুষঅক্যলর অন্যায় তুঁই আঁরার বিরুদ্যে নঅ ধইজ্যো; তুঁই বউত তরাতরি তোঁয়ার মমতা
আঁরারে দেহ্যঅ, হারন আঁরা অক্যল মিক্যার ত্যুন হাতর অই ফজ্যি।

9 অঅ আঁরার উদ্যারহত্যা আল্লাহ্, তোঁয়ার গোরবর লাই তুঁই আঁরারে সাইয্য গর; তোঁয়ার সুনাম
রক্যার লাই আঁরারে উদ্যার গর আর আঁরার গুনাহ্ মাফ গর।

10 অইন্য জাতিঅক্যলে কিল্যাই হইবো, “হডে গেল্ য়িতারার আল্লাহ্?” তুঁই আঁরার সাম্নদিই
য়িতারারে জানাই দঅ দে, তোঁয়ার গোলামঅক্যলর রক্তফাতর ফতিশোধ তুঁই লইবাই।

11 বন্দিঅক্যলর হাতরানি তোঁয়ার হানত ফোঁছক; যারার উঅর মিত্যুর রায় দেয়া অইয়্যে তোঁয়ার
মআকুদরতিত তুঁই য়িতারারে বাঁচঅ।

12 অঅ মালিক, আঁরার ফতিবাসি জাতিঅক্যলে যেন্ গরিয়েনে তোঁয়ারে গাইল দেএর, য়েগিনর
সাতগুন শাস্তি তুঁই য়িতারারে ফিরাই দঅ।

13 তইলে আঁরা, তোঁয়ার বান্দাঅক্যলে, যারা তোঁয়ার চারন ভুমির ভেরা, চিরহাল তোঁয়ারে
কিতগ্যতা জানাইয়্যোম আর বংশর ফর বংশ ধরিয়েনে তোঁয়ার ফশংসা গইজ্যোম।

জবুর শরিফ 80

হাউয়ালি ফরিচালকর লাই। সুর — “অঁঅঁলার সাক্যি।” হযরত আসফর উগ্যয়া হাউয়ালি।

1 অঅ ইসরাইলর ভেরাচরাইন্যা, তুঁই আঁরার হতাত হান দঅ; তুঁই ইউসুফর বংশরে ভেরার ঝাঁকর
মতন গরিয়েনে চলাই লই যাইতা লাইগ্যো। তুঁই হারুবিঅক্যলর উঅরদি আছ, তোঁয়ার নুর তুঁই
ছরাই দঅ।

2 তুঁই আফরাহিম, বিন্ইয়ামিন আর মানশা গুষ্টির সাম্নদি তোঁয়ার কুদরতিরে জাগাই তুল আর
আঁরারে উদ্যার গইত্যা আইয়্যো।

3 অঅ আল্লাহ্, তুঁই আগর অবস্থাত আঁরারে ফিরাই লই যঅ; তোঁয়ার রহমত ফঅরর মতন
গরিয়েনে আঁরার উঅর ফরক, আঁরা য়িয়ানত উদ্যার ফাইয়্যোম।

4 অঅ মাবুদ আল্লাহ্ রাব্যুল আলামিন, তোঁয়ার বান্দাঅক্যলর মুনাজাতত আর হত হাল তুঁই গোস্যা
গরি থাকিবা?

5 হ্যাইবার ফানি ইসাবে তুঁই চোগর ফানি য়িতারারে হ্যাইতো দিয়্যো আর বউত চোগর ফানি
হ্যাবাইয়্যো।

6 তুঁই এন্ গইজ্যো যেন্ ফতিবাসি জাতিঅক্যলে আঁরারে লইয়েনে হইজ্যা বিবাদ গরে। আঁরার
শত্রুঅক্যলে আঁরারে লইয়েনে নিজরার মাঝে আঁসি-ঠঁঅশা গরে।

7 অঅ আল্লাহ্ রাব্যুল আলামিন, আঁরারে তুঁই আগর অবস্থাত ফিরাই লই যঅ; তোঁয়ার রহমত
ফঅরর মতন গরিয়েনে আঁরার উঅর ফরক, আঁরা য়িয়ানত উদ্যার ফাইয়্যোম।

8 তুঁই উগ্যয়া আংগুর লতার মতন মিসর দেশর ত্যুন আঁরারে আনিলা; অইন্যাইন্য জাতিঅক্যলরে
দুঁরাই দিয়েনে তুঁই য়িয়ান লাগাইলা।
9 তুঁই য়িয়ানর লাই জমি ফরিষ্কার গইল্যা; য়িয়ানর য়িঁওর মেডিত্ বোইয়েনে গোডা দেশ ছাআই
গেল্।
10 য়িয়ানর ছায়াত ফাআর ফবর্ত ঝাফাই গেল্; য়িয়ানর ঢেইলফালা উঁর উঁর এরস গাছগিন ঝাফাই
ফেলিল্।
11 সাগর ফইয্যন্ত য়িয়ান য়িয়ানর ঢেইলফালা আর ফোরাত দইজ্যা ফইয্যন্ত য়িয়ানর নয়া নয়া ঢেইল
ছরাই দিল্।
12 কিল্যাই য়িয়ানর রক্যার দেবাল তুঁই ভাঁগি দিলা যিয়ানর লাই যারা য়িয়ানর ফাশ দিয়েনে যাআ
য়িতারাই য়িয়ানর ফল ছিরে?
13 বনর শুয়োর আইয়েনে য়েগিন হ্যাই ফেলে; মাঢর ফ্রানিগিনেঅ য়েগিন হ্যাআ।
14 অঅ আল্লাহ্ রাব্যুল আলামিন, তুঁই ফিরি আইয়্যো; বেহেস্তর ত্যুন তুঁই চোগ তুলিয়েনে চঅ আর
এই আংগুর লতার দেহ্যাশুনা গর,
15 যে চারাগাছরে তুঁই নিজর আতে লাগাইয়্যো, যিয়ানর ঢেইল তোঁয়ার নিজর লাই তুঁই শক্তিশালি
গইজ্যো;
16 য়েই গাছ আগুনত ফুড়ি গেইয়্যে, য়িয়ান হাডি ফেলা অইয়্যে; তোঁয়ার বান্দাঅক্যলে তোঁয়ার
গাইল হ্যাইয়েনে শেষ অই যাআর।
17 তোঁয়ার বাছি লোয়া মানুষর উঅর তুঁই আত রাক; আত রাক য়েই মানুষর উঅর যিবারে তুঁই
নিজর লাই শক্তিশালি গইজ্যো।
18 তইলে আঁরা আর তোঁয়ার হাছর ত্যুন ফিরি নঅ যাইয়োম; তুঁই আবার আঁরারে জিন্দা গরি তুল,
আঁরা তোঁয়ার এবাদত গইজ্যোম।
19 অঅ মাবুদ আল্লাহ্ রাব্যুল আলামিন, তুঁই আগর অবস্তাত আঁরারে ফিরাই লই যঅ; তোঁয়ার
রহমত ফঅরর মতন গরিয়েনে আঁরার উঅর ফরক, আঁরা য়িয়ানত উদ্যার ফাইয়্যোম।

জবুর শরিফ 81

হাউয়ালি ফরিচালকর লাই। গিত্যিত। হযরত আসফর হাউয়ালি।

1 আল্লাহ্, যিবা আঁরার শক্তি, তোঁয়ারা তেঁইর উদ্যেশ্যে আনন্দর ধ্যনি গর; ইয়াকুবর আল্লাহ্র
উদ্যেশ্যে জয়র ধ্যনি গর।
2 হাউয়ালি শুরু গর, হ্যন্জনি বাজঅ; বাজঅ মধুর বিনা আর সুরবাহার।
3 আঁরার ইদর দিন অঁইশ্যাত আর ফুন্যিমাত শিংগা বাজঅ;

4 য়িয়ানই ইসরাইলর নিয়ম, ইয়াকুবর আল্লাহ্‌র আইন।

5 যহন তেঁই শাস্তি দিবার লাই মিসর দেশর বিরুদ্যে বাইর অইল্‌ তহন ইউসুফ বংশর লাই তেঁই এই
ইদ সাক্যি ইসাবে এস্তাফন গরিল্‌। আঁই এন্‌ এক্যান বানি উনিলাম যিয়ান আগদি নঅঅ বুঝি।

6 মাবুদ হইল্‌, "আঁই য়িবার হাঁদর ত্যুন বোজা সরাই দিলাম; লাআই বঅনর ত্যুন য়িবা রেহাই
ফাইল্‌।

7 বিফদত ফরিয়েনে তুঁই আঁরে ডাকিলা আর আঁই তোঁয়ারে উদ্যার গইল্যাম; ঠাডার ফরার আবাজর
আড়ালর ত্যুন আঁই তোঁয়ারে জোয়াব দিলাম; মরিবার ফানির হাছদি আঁই তোঁয়ারে ফরিক্যাত
ফেলিলাম।*[সেলা]*

8 অঅ আঁর বান্দাঅক্যল, তোঁয়ারা আঁর সাবধান বানি উন; অঅ বনি-ইসরাইলঅক্যল, আঁর একান্ত
ইছ্যা দে, তোঁয়ারা আঁর হতাত হান দঅ।

9 হনঅ দেব-দেবি তোঁয়ারার ত্যুন নঅ থাকক; অইন্য হনঅ জাতির দেবতারঅ যেন্‌ তোঁয়ারা ফুজা
নঅ গর।

10 আঁইই আল্লাহ্‌, তোঁয়ারার মাবুদ; আঁইই মিসর দেশর ত্যুন তোঁয়ারারে বাইর গরি আন্যি। তোঁয়ারা
উঁর গরিয়েনে মুক খুল, আঁই য়িয়ান ভরি দিয়োম।

11 কিন্তু আঁর বান্দাঅক্যলে আঁর হতাত হান নঅ দিল্‌; ইসরাইল আঁর বাইধ্য অইতো রাজি নঅ
অইল্‌।

12 য়িয়ানর লাই আঁই য়িতারারে একগুঁইয়্যা দিলর আততই ফেলি রাকিলাম, যেন্‌ য়িতারা নিজরার
ইছ্যামতন চলে।

13 আয়-হায়, যুদি আঁর বান্দাঅক্যলে হ্যালি আঁর বাইধ্য থাইক্‌তো, যুদি ইসরাইল আঁর ফথদি
সইল্‌তো,

14 তইলে বউত তরাতরিই আঁই য়িতারার শত্রুঅক্যলরে দমন গইত্যাম, য়িতারার শত্রুঅক্যলর
বিরুদ্যে আঁর আত তুইল্‌তাম।

15 "শত্রুঅক্যলে আঁর সাম্‌নদি নত অইতো বাইধ্য অইবো, য়িতারার শাস্তি অইবো চিরহাল এস্তায়ি।

16 কিন্তু ইসরাইলরে আঁই বেক্যিনর ত্যুন ভালা গেঁউ হ্যাইতো দিয়োম; আঁসাই আঁই য়িতারারে তিফ্‌ত
গইজ্যোম য়েই মধু দিয়েনে যেগিন ফাআরর ফাটলত ফাআ যাআ।"

জবুর শরিফ 82

হযরত আসফর উগ্যয়া হাউয়ালি।

1 আল্লাহ্‌ তেঁইর বিচারর মিটিংগত থিয়াইয়্যে; তেঁই শাসনহত্যাঅক্যলর মাঝদি থাকিয়েনে য়িতারার
বিচার গরিয়েনে উকুম দেএর;

2 “আর হত হাল তোঁয়ারা অন্যায়র শাসন চলাইবা? হত হাল দুষ্টঅক্যলর ফক্যে থাকিবা?*[সেলা]*

3 তোঁয়ারা গরিব আর এতিমঅক্যলর লাই নিয়াই বিচার গর, দুক্যি আর অভাবিঅক্যলর নিয়াইয্য অধিকার রক্যা গর,

4 গরিব আর হাংগালঅক্যলরে বাঁচঅ; দুষ্টঅক্যলর আতর ত্যুন য়িতারারে রক্যা গর।”

5 শাসরহত্যাঅক্যলর গেয়ান আর বিচারবুদ্যি হইতে কিছ্যু নাই, য়িতারা আঁধারত ঘুরি বেরার; দুনিয়া সংসারর বেক ভিত্যি টলমল গরের।

6 আঁই হইয়্যিলাম, “তোঁয়ারা যেন্ আল্লাহ্, তোঁয়ারা বেক্যিনে আল্লাহ্তা’লার ফোয়াছা।

7 কিন্তু তঅ তোঁয়ারা মানুষর মতনই মরিবা; অইন্যাইন্য শাসনহত্যাঅক্যলর মতনই তোঁয়ারার ফতন অইবো।”

8 অঅ আল্লাহ্, তুঁই উঢ, দুনিয়ার বিচার গর, হারন বেক জাতিই তোঁয়ার অধিকারত আছে।

জবুর শরিফ 83

উগ্যয়া গজল। হযরত আসফর উগ্যয়া হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, তুঁই চুব গরিয়েনে বোই নঅ থাইক্যো; অঅ আল্লাহ্, তুঁই মুক বন্ধ গরিয়েনে নঅ রাইক্যো, সাড়া দঅ।

2 চঅ, কেন্ গরিয়েনে তোঁয়ার শত্রুঅক্যলে গজ্যন গরের আর যারা তোঁয়ারে ঘিনা গরে য়িতারা গর্বর লগে মাথা উচুল গইজ্যে।

3 তোঁয়ার বান্দাঅক্যলর বিরুদ্যে য়িতারা ফরামশ্য গরের, তুঁই যারারে রক্যা গইত্যা লাইগ্যো য়িতারার বিরুদ্যে ষড়যন্ত্র গরের।

4 য়িতারা হঅর, “চল, আঁরা জাতি ইসাবে য়িতারারে শেষ গরি দিই, যেন্ ইসরাইলর নাম আর কেউঅর মনত নঅ থাকে।”

5 য়িতারা এক অইয়েনে ষড়যন্ত্র গরের; যারা তোঁয়ার বিরুদ্যে চুক্তি গইজ্যে য়িতারা অইল্ —

6 তাম্বুত থাকইন্যা ইদোমিয়অক্যল, ইসমাইলিয়অক্যল, মোয়াবিয়অক্যল আর হাজেরিয়অক্যল,

7 গবালিয়অক্যল, অম্যোনিয়অক্যল, আমালেকিয়অক্যল আর টায়ারর-মানুষঅক্যলর লগে ফিলিস্তিনিঅক্যল;

8 এন্ কি আশেরিয়অক্যলেঅ য়িতারার লগে যোগ দিয়্যে আর লুতর বংশধরঅক্যলর ডাইন আত অইয়্যে।*[সেলা]*

9 তুঁই মাদিয়ানিয়অক্যলর লগে যেগিন গজ্যিলা, কিশোন দইজ্যার ধারত সিষরা আর যাবিনর লাই যেগিন গজ্যিলা, ইতারার লাই য়েইল্যাই গর।

10 সিষরা আর যাবিন ঐন্‌দোরত তচনচ অই গেইয়্যেল্‌; য়িতারা জমিরর উঅরদি গোঁওরর মতন
ফরি আছিল্‌।
11 য়িতারার উচুল ফদর মানুষঅক্যলর দশা তুঁই ওরেব আর সেবের মতন গর; য়িতারার বেক
শাসনহত্যাঅক্যলর দশা সেবহ আর সল্‌মুন্যের মতন গর।
12 য়েই শত্রুঅক্যলে হইয়্যেল্‌, "আইয়্যো, আঁরা আল্লাহ্‌র দেয়া দেশগান
দহল গরি লই।"
13 অঅ আঁর আল্লাহ্‌, তুঁই য়িতারারে বাতাসে উরি যইন্যা উয়ানা গাছর মতন গর, বাতাসর মুকত
তুষর মতন গর।
14 বনত আগুন লাগিলে যেন্‌ গাছর ফর গাছ ফোড়াই দেএ আর আগুনর শিকা ফাআরর ফর
ফাআর জলাই দেএ,
15 য়েইল্যা গরিয়েনে তোঁয়ার তুয়ান দিয়েনে তুঁই য়িতারারে দুঁরাই দঅ; তোঁয়ার ভয়ংকর তুয়ান
দিয়েনে বউত ডর ধরাই দঅ।
16 তুঁই শরম দিয়েনে য়িতারার মুক ঝাফাই দঅ, যেন্‌ অঅ আল্লাহ্‌, য়িতারার তোঁয়ারে ডাকে।
17 য়িতারা চিরহালর লাই শরমত ফরক আর বউত ডর ফঅক; য়িতারা অসম্যানর লগে তচনচ
অই যঅক।
18 য়িতারা যেন্‌ জানিত্‌ ফারে দে, তোঁয়ার নাম মাবুদ, জি, হ্যালি তুঁইই গোডা দুনিয়ার
আল্লাহ্‌তা'লা।

জবুর শরিফ 84

হাউয়ালি ফরিচালকর লাই। গিত্যিত। কারুনর বংশর হাউয়ালি।

1 অঅ আল্লাহ্‌ রাব্যুল আলামিন, কি সুন্দর তোঁয়ার থাকিবার জাগা!
2 আঁর ফরান মাবুদর ঘরর উঢানগিন চাইবার লাই আকুল অই উইট্যে, আর য়িয়ানর লাই আঁর
ফরান যেন্‌ বাইর অই যাআর; জিবন্ত আল্লাহ্‌র লাই আঁর শরিল আর মন খুশিত চিল্যার।
3 অঅ আল্লাহ্‌ রাব্যুল আলামিন, আঁর বাদশা, আঁর মাবুদ, তোঁয়ার হোরবানগাহ্‌র ফাশদি বাইল্যা
ফাকি বাসা ফাইয়্যে, হ্যন্জন ফাকিঅ বাইচ্যা রাকিবার বাসা ফাইয়্যে।
4 মোবারক য়িতারা, যারা তোঁয়ার ঘরত থাকে; য়িতারা অক্যল সমত তোঁয়ার ফশংসা
গরে।*[সেলা]*
5 মোবারক য়িতারা, যারা তোঁয়ার হাছর ত্যুন শক্তি ফাআ। মোবারক য়িতারা, যারার দিলত
সিয়োনত যাইবার ফথর চিন্তা রইয়্যে।

6 ফাআরর বেঁহা ঢালার মইধ্য দিয়েনে যাইবার সমত য়িতারা জাগাগানরে ঝন্যার জাগা বানাই তুলে; ফইল্যা বারিষার ঝর য়েই জাগাগানরে দোয়াত ভরি দেএ।

7 যাইবার ফথদি য়িতারা শক্তির উঅরদি শক্তি ফাআ; য়িতারা বেক্যিনে সিয়োনত আল্লাহ্‌র সাম্‌নদি যাইয়েনে আজির অঅ।

8 অঅ মাবুদ, আল্লাহ্‌ রাব্যুল আলামিন, আঁর মুনাজাত উন; অঅ ইয়াকুবর আল্লাহ্‌, আঁর হতাত হান দঅ।*[সেলা]*

9 অঅ আল্লাহ্‌, আঁরার ঢালরে চঅ; তোঁয়ার এই বাছাই গরা বান্দার উঅর তোঁয়ার দয়ার চোগ রাক।

10 অইন্য জাগাত আজার দিন হাডাইবার ত্যুন তোঁয়ার ঘরর উঢানগিনত্‌ উগ্যুয়া দিন হাডন বউত ভালা; দুষ্ট মানুষঅক্যলর তাম্‌বুর মইধ্যে থাকিবার ত্যুন বরং আঁর আল্লাহ্‌র ঘরর দরজার চোহ্যাটর হাছে থিয়াই থাকন বউত ভালা।

11 আঁসাই মাবুদ আল্লাহ্‌ই সুয্য আর ঢালর মতন; তেঁই রহমত আর গোরব দান গরে। যারা সত্‌ ভাবে চলে য়িতারারে হনঅ ভালা জিনিস দিতো তেঁই অসিকার নঅ গরে।

12 অঅ আল্লাহ্‌ রাব্যুল আলামিন, মোবারক য়িবা, যিবা তোঁয়ার উঅর ভরসা গরে।

জবুর শরিফ 85

হাউয়ালি ফরিচালকর লাই। কারুনর বংশর হাউয়ালি।

1 অঅ মাবুদ, তোঁয়ার দেশর লাই তুঁই রহমত দেহ্যাইয়্যো; তুঁই ইয়াকুবরে য়িবার বন্দিদশার ত্যুন ফিরাই আইন্যো।

2 তোঁয়ার বান্দাঅক্যলর অন্যায় তুঁই মাফ গইজ্যো; তুঁই য়িতারার বেক গুনাহ্‌ ঝাফাই দিয়্যো।*[সেলা]*

3 তোঁয়ার বেক বাআই ফরা গোস্যা তুঁই দুর গরি দিয়্যো আর তোঁয়ার জলন্ত গজবর ত্যুন ফিজ্যো।

4 অঅ আঁরার উদ্যারহত্যা আল্লাহ্‌, তুঁই আঁরারে আগর অবস্তাত ফিরাই আন; আঁরার লাই তোঁয়ার গোস্যা তুঁই থামঅ।

5 চিরহাল কি তুঁই আঁরার উঅর তোঁয়ার গোস্যা ধরি রাকিবা না? বংশর ফর বংশ ধরিয়েনে কি তুঁই গোস্যা গরিই থাকিবা?

6 তোঁয়ার বান্দাঅক্যলে যেন্‌ তোঁয়ারে লইয়েনেই আনন্দিত অইত্‌ ফারে য়িয়ানর লাই কি তুঁই য়িতারারে আবার জিন্দা নঅ গরিবা না?

7 অঅ মাবুদ, তোঁয়ার অটল মহব্যত তুঁই আঁরারে দেহ্যঅ আর আঁরারে উদ্যার গর।

8 মাবুদ আল্লাহ্ যিয়ান হইবো আঁই য়িয়ান উইন্যোম; তেঁইর বান্দাঅক্যলর হাছে, তেঁইর ভক্তঅক্যলর
হাছে তেঁই শান্তির হতা হইবো; কিন্তু য়িতারা যেন্ আর বোহামির মিক্যাদি নঅ ফিরে।

9 যারা তেঁইরে ডরাআ আঁসাই তেঁইর উদ্যার গরার সময় য়িতারার হাছে আই গেইয়্যে; ইয়ানত
তেঁইর মইমা আঁরার দেশত থাকিবো।

10 অটল মহব্যত আর বিশ্যস্ততার মিলন ঘটিবো; নিয়াই আর শান্তিএকে অইন্যরে চুম দিবো।

11 দেশর মেডির ত্যুন বিশ্যস্ততা জালাই উটিবো; বেহেস্তর ত্যুন নিয়াই নিচে চাইবো।

12 যেগিন ভালা মাবুদ আঁসাই য়েগিন দিবো, আর আঁরার দেশ ফসল দান গরিবো।

13 নিয়াই তেঁইর আগদি আগদি চলিবো; য়িবা তেঁইরই ঠেংগর চিন্যত চলার ফথ বানাই দিবো।

জবুর শরিফ 86

হযরত দাউদর মুনাজাত।

1 অঅ মাবুদ, আঁর হতাত হান দঅ আর আঁরে জোয়াব দঅ, হারন আঁই দুক্যি আর অভাবি।

2 আঁর ফরান বাঁচঅ, হারন আঁই তোঁয়ার ভক্ত; অঅ আঁর আল্লাহ্, যে গোলাম তোঁয়ার উঅর ভরসা
গরের য়িবারে তুঁই রক্যা গর।

3 অঅ মালিক, আঁরে রহমত গর, হারন আঁই গোডা দিন তোঁয়ারেই ডাকি।

4 তোঁয়ার গোলামর মনত আনন্দ দঅ, হারন অঅ মালিক, আঁর দিল্ আঁই তোঁয়ার মিক্যাই তুলি
ধজ্যি।

5 অঅ মালিক, তুঁই মেহেরবান আর মাফদানহারি; যারা তোঁয়ারে ডাকে য়িতারার লাই তুঁই মহব্যতে
ভরফুর।

6 অঅ মাবুদ, আঁর মুনাজাতত হান দঅ; আঁর মিনতির হাঁদানি তুঁই উন।

7 বিফদর দিনত আঁই তোঁয়ারে ডাইক্যোম, হারন তুঁই আঁরে জোয়াব দিবা।

8 অঅ মালিক, দেবতাঅক্যলর মাঝে তোঁয়ার মতন কেউ নাই; তোঁয়ার হামর লগে অইন্য হনঅ
হামর তুলনা নঅ অঅ।

9 অঅ মালিক, তোঁয়ার সিষ্টি বেক জাতি আইয়েনে তোঁয়ার সাম্নদি সইদা গরিবো; য়িতারা তোঁয়ার
গুনগান গরিবো।

10 তুঁই মআন আর কেরামতি দেহ্যাই থাক; একমাত্র তুঁইই আল্লাহ্।

11 অঅ মাবুদ, তোঁয়ার ফথ সমন্দে আঁরে শিক্যা দঅ, যেন্ আঁই তোঁয়ার সইত্যে চলিত্ ফারি;
তোঁয়ারে ডরাইবার লাই আঁর দোটানা দিলরে তুঁই এক গর।

12 অঅ আল্লাহ্, আঁর মালিক, আঁই গোডা দিল্ দিয়েনে তোঁয়ার ফশংসা গইজ্যোম; চিরহাল তোঁয়ার গুনগান গইজ্যোম।

13 আঁর লাই তোঁয়ার অটল মহব্যতর সিমানা নাই; হব্যরর বেক্যিনর ত্যুন নিচু জাগার ত্যুন তুঁই আঁর ফরান রক্যা গইজ্যো।

14 অঅ আল্লাহ্, অহংকারিঅক্যলে আঁর বিরুদ্যে খিয়াইয়্যে; জুলুমবাজর দল আঁর ফরান নিবার চেষ্টা গইজ্যে। তোঁয়ার লাই য়েই মানুষঅক্যলর হনঅ ডর নাই।

15 কিন্তু অঅ মালিক, তুঁই মমতাত ভরা দয়াময় আল্লাহ্; তুঁই সঅজে গোস্যা নঅঅ অঅ, তোঁয়ার অটল মহব্যত আর বিশ্যস্ততার সিমানা নাই।

16 তুঁই আঁর মিক্যা ফির আর আঁরে দয়া গর; তোঁয়ার গোলামরে তোঁয়ার শক্তি দান গর; তোঁয়ার বাঁদির ফোয়ারে রক্যা গর।

17 তোঁয়ার মেহেরবানির ইচ্ছার ফরমান আঁরে দেহ্যঅ, যেন্ আঁরে যারা ঘিনা গরে য়িতারা য়েগিন দেকিয়েনে শরম ফাআ; হারন অঅ মাবুদ, তুঁইই আঁরে সাইয্য গইজ্যো আর শান্তনা দিয়্যো।

জবুর শরিফ 87

কারুনর বংশর উগ্যয়া হাউয়ালি। উগ্যয়া গজল।

1 মাবুদ ফবিত্র ফাআরগিনর উঅরদি তেঁইর শঅর বানাইয়্যে।

2 ইয়াকুবর বংশর অইন্য বেক থাকিবার জাগার ত্যুন তেঁই সিয়োনর দরজাগিন ভালাবাসে।

3 অঅ আল্লাহ্র শঅর, তোঁয়ার সমন্দে বউত গোরবর হতা হোয়া অইয়্যে।*[সেলা]*

4 মাবুদ হঅর, "যারা আঁরে আঁসাই জানে য়িতারার বিষয় হইবার সমত আঁই রহব আর বেবিলনর হতা হইয়্যোম, আর উই দে ফিলিস্তিন, টায়ার আর ইথিওফিয়া, য়িতারার হতাঅ হইয়্যোম, 'ইতারা ফত্যিকরই জন্ম যেন্ সিয়োনত অইয়্যে।'"

5 আর সিয়োনর বেফারে হোয়া অইবো, "বিন্য বিন্য জাতির মানুষর জন্ম য়িয়ানত অইয়্যে; আল্লাহ্তা'লা নিজেই সিয়োনরে তুলি ধরিবো।"

6 মাবুদ জাতির তালিকা গরিবার সমত এই হতা হইবো, "ইবার জন্ম সিয়োনত অইয়্যে।"*[সেলা]*

7 যারা গাইবো আর যারা নাচিবো য়িতারা হইবো, "আঁর বেক আনন্দর ঝন্যা তোঁয়ারই মাঝে রইয়্যে।"

জবুর শরিফ 88

উগ্যয়া গজল। কারুনর বংশর হাউয়ালি। হাউয়ালি ফরিচালকর লাই। সুর — "মহলত্-লিয়ান্যোত্।" ইস্রাহিয় হেমনর মস্কিল হাউয়ালি।

1 অঅ আল্লাহ্, আঁর উদ্যারহত্যা মাবুদ, আঁই দিনরাইত্ তোঁয়ার হাছে ফরিয়াদ জানাইর।

2 তোঁয়ার সাম্নদি আঁর মুনাজাত আজির অক; তুঁই আঁর ফরিয়াদ উন;

3 হারন আঁর দিল্ দুক্যে ভরা; আঁর ফরান ফ্রায় হব্যরর হাছে গেইয়্যে গই।

4 যারা হব্যরত যাইবো য়িতারার মাঝেই আঁরে ধরা অইয়্যে; শক্তিশালি অইয়েনেঅ যিবা শক্তিহিন অই ফইজ্যে আঁই য়িবারই মতন অইয়্যি।

5 আঁরে যেন্ মরাঅক্যলর মাঝে ফেলি রাকা অইয়্যে; আঁই মারি ফেলা, হব্যরত উউতি থাকা মানুষঅক্যলর মতনই অইয়্যি, যারার হতা তুঁই আর মনেঅ নঅ গর, যারা তোঁয়ার সাইয্যর ত্যুন বিছ্যিন্য অই গেইয়্যে।

6 তুঁই আঁরে হব্যরর বেক্যিনর ত্যুন নিচু জাগাত রাইক্যো, রাইক্যো আঁধাইজ্যা গভির জাগাত।

7 তোঁয়ার গোস্যা আঁর উঅরদি চাবি বোই থাইক্যে; তোঁয়ার বেক গজবর ঢেউ দিয়েনে তুঁই আঁরে তলাই দিতা লাইগ্যো।*[সেলা]*

8 আঁর নিজর মানুষঅক্যলরে আঁর হাছর ত্যুন তুঁই সরাই লইয়্যো; য়িতারার হাছে তুঁই আঁরে ঘিনার জিনিস গরি তুইল্যো। আঁই আট্কাই গেইয়্যি, বাইর অই আইত্ নঅ ফারির;

9 দুক্য-হষ্টে চোগ আঁর ঝাফসা অই গেইয়্যে। অঅ মাবুদ, ফত্যিদিন আঁই তোঁয়ারে ডাকি; আঁই তোঁয়ার মিক্যাদি আঁর আত বাড়াই রাক্যি।

10 যারা মরি গেইয়্যে, য়িতারার লাই কি তুঁই কেরামতি দেহ্যঅ না? মরাঅক্যল উটিয়েনে কি তোঁয়ার ফশংসা গরিবো না?*[সেলা]*

11 হব্যরর মইধ্যে কি তোঁয়ার অটল মহব্যত আর দোজগত কি তোঁয়ার বিশ্যস্ততার হতা

ফ্রচার গরা অইবো না?

12 আঁধার জাগাত কি তোঁয়ার কেরামতি বুঝা যাইবো না? যে দেশর মানুষঅক্যলরে মাইন্ষ্যে ফঅরি যাআ য়েডে কি তোঁয়ার নিয়াই হাম বুঝা যাইবো না?

13 অঅ মাবুদ, আঁই, আঁই তোঁয়ার সাইয্যর লাই হাঁদি; বেইন্যা ফজরত তোঁয়ার হাছে আঁর মুনাজাত ফোঁছে।

14 অঅ মাবুদ, কিল্যাই তুঁই আঁরে তিয়াগ গইজ্যো? তোঁয়ার মুক আঁর হাছর ত্যুন কিল্যাই লুকাই রাইক্তা লাইগ্যো?

15 ছোডহালর ত্যুনই আঁই দুক্যর মাঝে ফরি আছি আর মরনর মুকামুকি অই আছি। তোঁয়ার ভয়ানক শাস্তি আঁর উঅর লামি আইয়্যের; আঁই বউত উঁর অসহায়।

16 তোঁয়ার ভয়ংকর গোস্যা আঁর উঅর দিয়েনে বোই গেইয়্যে; তোঁয়ার ডর লাগাইন্যা আঘাত আঁরে শেষ গরি দিয়্যে।

17 যেগিনে ফানির মতন গরিয়েনে গোডা দিন আঁরে ঘিরি রাইক্যে, আঁরে ফুরাফুরি গরিয়েনে ডুফাই দিয়্যে।

18 আঁর উঁয়াইজ্যা যারা, মহব্যতর যারা, য়িতারারে তুঁই আঁর হাছর ত্যুন লই গেইয়্যো; এহন আঁধারই আঁর বন্ধু।

জবুর শরিফ 89

ইস্রাহিয় এথনর মস্কিল হাউয়ালি।

1 আঁই চিরহাল মাবুদর অটল মহব্যতর হাউয়ালি গাইয়্যোম; বংশর ফর বংশ ধরিয়েনে বেক্যিনর সাম্নদি তোঁয়ার বিশ্যস্ততার হতা জানাইয়্যোম।

2 আঁই ঘোষনা গইজ্যোম দে, তোঁয়ার মহব্যতর হাম চিরহাল ধরিয়েনে বারের; তোঁয়ার বিশ্যস্ততা বেহেস্ততই তুঁই এস্তাফন গইজ্যো।

3 তুঁই হইয়্যো, "আঁর বাছাই গরা বান্দার লাই আঁই উগ্যয়া বেবস্তা এস্তাফন গজ্যি; আঁর গোলাম দাউদর হাছে আঁই এই সোঅন হ্যাইয়্যি,

4 'তোঁয়ার বংশরে আঁই চিরহালর লাই এস্তাফন গইজ্যোম; বংশর ফর বংশ ধরিয়েনে তোঁয়ার সিংহাসন ইস্তির রাইক্যোম।'" *[সেলা]*

5 অঅ মাবুদ, বেহেস্তর বেক কিছু তোঁয়ার সুন্দর মআন হামর গুনগান গরে, ফবিত্র ফেরেস্তাঅক্যলর মাঝে তোঁয়ার বিশ্যস্ততার ফশংসা গরে।

6 বেহেস্তর মাঝে এন্ হঅন্ আছে যিবারে মাবুদর লগে তুলনা গরা যাআ? ফেরেস্তাঅক্যলর মাঝে হনে মাবুদর সমান?

7 ফবিত্র ফেরেস্তাঅক্যলর মিটিংগত বেক্যিনে আল্লাহ্রে ডরাআ; তেঁইর চাইরোফাশদির বেক্যিনর ত্যুন তেঁইই বউত ডর লাগাআ।

8 অঅ মাবুদ, আল্লাহ্ রাব্যুল আলামিন, হঅন্ আছে তোঁয়ার মতন শক্তিমান, অঅ মাবুদ? তোঁয়ার বিশ্যস্ততা তোঁয়ারে ঘিরি রইয়্যে।

9 ফুলি উঢা সাগরর ঢেউ তোঁয়ার শাসনত থাকে; য়িয়ানর ঢেউ উঢিলে য়িয়ানরে তুঁইই আন্তা গর।

10 তুঁই রহবরে চুরমার গরি মারি ফেলা মানুষর মতন গইজ্যো; তোঁয়ার কুদরতির আতত তোঁয়ার শত্রুঅক্যলরে তুঁই ছরাই দিয়্যো।

11 আসমান তোঁয়ার, জবিনঅ তোঁয়ার; এই দুনিয়া আর য়িয়ানর মাঝর বেক কিছু তুঁইই এস্তাফন গইজ্যো।

12 উত্যর আর দইন্ তোঁয়ারই সিষ্টি; তাবোর আর হর্মোন ফাআর তোঁয়ারে লইয়েনে আনন্দর হাউয়ালি গাআ।

13 তোঁয়ার আত হ্যমতাত ভরা; তোঁয়ার আতত রইয়্যে কুদরত, তোঁয়ার ডাইন আতর শক্তির
তুলনা নাই।
14 সততা আর নিয়াই বিচারর উঅর তোঁয়ার সিংহাসন থিয়াই আছে; মহব্যত আর বিশ্যস্ততা
তোঁয়ার আগদি আগদি চলে।
15 মোবারক য়েই মানুষঅক্যল, যারা য়েই আনন্দর আবাজ চিনে; অঅ মাবুদ, য়িতারা তোঁয়ার
দয়ার দিষ্টির নুরত চলাফিরা গরে।
16 গোডা দিন ধরি তোঁয়ারে ঘিরিয়েনেই য়িতারার আনন্দ; তোঁয়ার সততা য়িতারারে উচুলত তুলে।
17 তুঁইই তঅ য়িতারার শক্তির সুন্দইয্য; তোঁয়ার রহমতই আঁরার শক্তির শিং উচুলত তুলে।
18 আঁরার বাদশারে ইসরাইলর আল্লাহ্ ফাক নিযুক্ত গইজ্যে; আঁরার য়েই ঢাল মাবুদরই নিযুক্ত।
19 একবার তুঁই দশ্যনত তোঁয়ার ভক্তঅক্যলরে হইয়্যিলা, "আঁই এক বিররে সাইয্য গজ্যি;
মানুষঅক্যলর মাঝর ত্যুন একজনরে বাছি লইয়েনে উচুলত তুল্যি।
20 আঁর গোলাম দাউদরে আঁই টোয়াই ফাইয়্যি; আঁর ফবিত্র তেল দিয়েনে য়িবারে অভিষেক গজ্যি।
21 আঁর কুদরতির আত য়িবার লগে থাকিবো; আঁর আতই য়িবারে শক্তি দান গরিবো।
22 হনঅ শত্রু য়িবার উঅরদি উটিত্ ফাইত্যো নঅ; হনঅ দুষ্ট মানুষ য়িবারে জুলুম গরিত্ ফাইত্যো
নঅ।
23 য়িবার সম্নদিই আঁই য়িবার বিফক্যঅক্যলরে চুরমার গরি ফেইল্যোম আর যারা য়িবারে ঘিনা
গরে য়িতারারে আঘাত গইজ্যোম।
24 আঁর বিশ্যস্ততা আর অটল মহব্যত য়িবার লগে থাকিবো; আঁর নামেই য়িবার শক্তির শিং উচুলত
উটিবো।
25 আঁই সাগরর উঅরদি আর দইজ্যার উঅরদি য়িবারে হ্যমতা দিয়োম।
26 য়িবা আঁরে ডাকিয়েনে হইবো, 'তুঁইই আঁর বাবা, আঁর আল্লাহ্, আঁর রক্যাহারি ফাআর।'
27 আঁইঅ য়িবারে আঁর ফইল্যা ফোয়া বানাইয়্যোম; দুনিয়ার বাদশাঅক্যলর মাঝে য়িবারে মেইন
বানাইয়্যোম।
28 চিরহাল য়িবার লাই আঁর মহব্যত থাকিবো; য়িবারই লাই আঁর এস্তাফন গরা বেবস্তা অটল
থাকিবো।
29 আঁই য়িবার বংশরে চিরহাল এস্তায়ি গইজ্যোম; যেতদিন আসমান থাকিবো য়িবার সিংহাসনঅ
য়েতদিন থাকিবো।

30 য়িবার ফোয়াঅক্যল যুদি আঁর নিদ্যেশর ত্যুন দুঁরে সরি যাআ আর আঁর শরিয়ত মানিয়েনে নঅ চলে,

31 যুদি য়িতারা আঁর নিয়ম অমাইন্য গরে আর আঁর উকুম ফালন নঅ গরে,

32 তইলে বেত মারিয়েনে আঁই য়িতারার গুনাহ্‌র শাস্তি দিয়োম, য়িতারার অন্যাইয়র শাস্তি দিয়োম।

33 কিন্তু আঁর অটল মহব্যত আঁই য়িবার উঅরর ত্যুন তুলি নঅ লইয়্যোম; আঁর বিশ্যস্ততা মিছা অইতো নঅ দিয়োম।

34 আঁর এস্তাফন গরা বেবস্তা আঁই বাতিল নঅ গইজ্যোম; আঁর মুক যেগিন হইয়্যে য়েগিন নঅ বদলাইয়্যোম।

35 আঁর ফবিত্রতার সোঅন হ্যাইয়েনে আঁই একবারই হই রাক্যি — আঁই দাউদর হাছে হনঅ দিনঅ মিছা হতা নঅ হইয়্যোম;

36 য়িবার বংশ চিরহাল থাকিবো; য়িবার সিংহাসন আঁর সাম্‌নদি সুয্যর মতন টিগি থাকিবো।

37 আসমানর বিশ্যস্ত সাক্যি চাঁনর মতন য়িয়ান চিরহালর লাই এস্তাফন গরা অইবো।”*[সেলা]*

38 কিন্তু তুঁইই তিয়াগ গইজ্যো, ঠেংগে ঠেইল্যো; তোঁয়ার বাছাই গরা বান্দার উঅর তুঁই গোস্যা অই গেইয়্যো।

39 তোঁয়ার গোলামর লাই যে বেবস্তা এস্তাফন গইজ্যো য়িয়ান তুঁই ঠেংগে মাড়াইয়্যো; য়িবার মাথার তাজ তুঁই মেডিত্‌ ফেলিয়েনে নাফাক গইজ্যো।

40 য়িবার রক্যার দেবাল তুঁই ভাঁগি দিয়্যো; য়িবার বেক কেল্যা তচনচ গইজ্যো।

41 যারা য়িবার দেশর ফাশ দিয়েনে যাআ য়িতারা য়িবার বেক কিছু লুট গরে; য়িবার ফতিবাসি জাতিঅক্যলর হাছে য়িবা নিন্দার ফাত্র অইয়্যে।

42 তুঁই য়িবার বিফক্যঅক্যলরে শক্তিশালি গইজ্যো; য়িবার শত্রুঅক্যলরে আনন্দিত গইজ্যো।

43 তুঁই য়িবার তলোয়ার অকেজো গরি দিয়্যো; তুঁই যুদ্যত য়িবারে টিগ্‌তো নঅঅ দঅ।

44 য়িবার জাকজমক তুঁই শেষ গরি দিয়্যো; য়িবার সিংহাসন মেডিত্‌ ফেইল্যো।

45 য়িবার যোবনর দিনগিন তুঁই হমাই দিয়্যো, শরম দিয়েনে য়িবারে ঝাফাই দিয়্যো।*[সেলা]*

46 অঅ মাবুদ, আর হত হাল? চিরহালই তুঁই নিজরে লুকাই রাকিবা না? আর হত হাল তোঁয়ার গোস্যা আগুনর মতন জলিবো?

47 ভাবি চঅ আঁর জিবনহাল হত্য ছোড; কি অসারতার লাইই না তুঁই মানুষরে সিষ্টি গইজ্যো!

48 হনে য়েই শক্তিশালি মানুষ, যিবা বাঁচিই থাকিবো, মইত্যো নঅ? এন্‌ হঅন আছে, যিবা হব্যরর আতর ত্যুন নিজরে রক্যা গরিত্‌ ফারিবো?*[সেলা]*

49 অঅ মালিক, হডে তোঁয়ার য়েই আগর অটল মহব্যত? তোঁয়ার বিশ্যস্ততার হারনে য়েই মহব্যতর সোঅন তুঁই দাউদর হাছে হ্যাইয়্যিলা।

50 অঅ মালিক, তোঁয়ার গোলামঅক্যলরে যে অফমান গরা অইয়্যে য়িয়ান তুঁই মনত গরি চঅ; মনত গরি চঅ, অইন্যাইন্য জাতির গরা য়েই অফমান কেন্ গরিয়েনে আঁই বুগত বোই বেরাইর।

51 অঅ মাবুদ, তোঁয়ার শত্রুঅক্যলে য়েই অফমান গইজ্যে; অফমান গইজ্যে তোঁয়ার বাছাই গরা বান্দারে য়িবার ফত্যিউয়া বেফারে।

52 চিরহাল আল্হামদুলিল্লাহ্! আমিন, আমিন।

জবুর শরিফ ৯০

চাইর লম্বর সিফারা
(৯০-১০৬ রুকু)

আল্লাহ্র বান্দা হযরত মুসার মুনাজাত।

1 অঅ মালিক, বংশর ফর বংশ ধরিয়েনে তুঁইই আঁরার থাকিবার জাগা।

2 যহন ফাআর-ফবর্তর সিষ্টি নঅঅ অঅ, জগত আর দুনিয়া সিষ্টি নঅঅ অঅ, য়েগিনর আগর ত্যুনই আখেরাত ফইয্যন্ত তুঁইই আল্লাহ্।

3 মানুষরে তুঁই ধুলাত ফিরাই লই যঅ; তুঁই হই থাক, "অঅ মানুষর সন্তানঅক্যল, তোঁয়ারা আবার ধুলাত ফিরি যঅ।"

4 তোঁয়ার চোগত আজার বছর যেন্ চলি যঅন গই গত হাইল্, যেন্ রাইতর এক ফহর মাত্র।

5 তুঁই মানুষরে যেন্ বইন্যাত ভাআই লই যাইতা লাইগ্যো, য়িতারা হ্যোয়াবর মতন; য়িতারা যেন্ বেইন্যা ফজরর খের, নয়া গরি বারি উঢইন্যা খের।

6 ফজরত য়েগিন জালাই উঢিয়েনে বারি উইট্যো থাকে; আঁজুইন্যা য়েগিন উয়াইয়েনে শেষ অই যাআ।

7 তোঁয়ার গজবে আঁরা শেষ অই যাই; তোঁয়ার জলন্ত গোস্যাত বউত বেশি ডরাই।

8 আঁরার অন্যায় তুঁই তোঁয়ার সাম্নদি রাকি থাক; তোঁয়ার আজিরার নুরত্ আঁরার গোফন গুনাহ্ জাহির অঅ।

9 তোঁয়ার বউত গোস্যার নিচে আঁরার দিন হাডি যাআ; নিয়াসর মতনই আঁরার বছরগিন শেষ অই যাআ।

10 আঁরার অয়াত মাত্র সোত্যোর বছর, শক্তি থাকিলে আশি বছরঅ অঅ; আঁরার অয়াত যেতই অইবো অক য়িয়ানত থাকে হ্যালি দুক্য আর হষ্ট; বছর যাআ গই চোগর ফলকত আর আঁরাঅ শেষ অই যাই।

11 তোঁয়ার গোস্যার শক্তি হনে বুঝিত্ ফারে? হতজনর দিলত তোঁয়ার ফাওনা ডর আছে, যেন্ য়িতারা তোঁয়ার গোস্যা বুঝিত্ ফারে?

12 তইলে তুঁই আঁরারে বুইঝ্তো দঅ দে, আঁরার অয়াত এক্যানা, যেন্ আঁরার দিল্ গেয়ানে ভরি উঢে।

13 অঅ মাবুদ, আর হত হাল? এবার তুঁই ফির, তোঁয়ার গোলামঅক্যলরে মমতা দেহ্যঅ।

14 নয়া গরি তোঁয়ার অটল মহব্যত দিয়েনে আঁরারে তিফ্ত গর, যেন্ আঁরা আনন্দে হাউয়ালি গাইত্ ফারি আর খুশিত্ জিবন হাডাইত্ ফারি।

15 যেতহাল ধরিয়েনে তুঁই আঁরার অহংকার ভাঁগি দিবার হাম গইজ্যো, যেত বছর আঁরা হষ্টর মাঝে আছিলাম, য়েতহাল তুঁই আঁরারে সুখে রাক।

16 তোঁয়ার গোলামঅক্যলর হাছে তোঁয়ার হাম আর য়িতারার ফোয়াছাঅক্যলর হাছে তোঁয়ার গোরব তুঁই জাহির গর।

17 আঁরার আল্লাহ্ মালিকর রহমত আঁরার উঅরদি থাকক; আঁরার বেক হাম তুঁই সফল গর, জি, আঁরার বেক হামত তুঁই সফলতা দান গর।

জবুর শরিফ 91

1 আল্লাহ্তা'লার আশ্রয়ত যিবা থাকে য়িবা সর্বশক্তিমানর ছায়াত থাকে।

2 মাবুদর সমন্দে আঁই এই হতা হইয়্যোম, "তেঁইই আঁর আশ্রয় আর আঁর কেল্যা; তেঁইই আঁর আল্লাহ্ যিবার উঅরদি আঁই ভরসা গরি।"

3 তেঁই তোঁয়ারে শিয়ারির ফাঁদর ত্যুন আর সবর্নাশা মআমারির আতর ত্যুন রক্যা গরিবো।

4 তেঁইর ফাগর ফইর দিয়েনে তেঁই তোঁয়ারে ঝাফাই রাকিবো, তেঁইর ফাগর নিচে তুঁই আশ্রয় ফাইবা; তেঁইর বিশ্যস্ততা তোঁয়ার ঢাল আর শরিল রক্যাহারি বর্ম অইবো।

5 রাইতর বিফদ আর দিনর হামলারে তুঁই ডরাইতা নঅ;

6 ডরাইতা নঅ আঁধাত চলইন্যা মআমারিরে বা দুঁইজ্যার তচনচহারি আঘাতরে।

7 অঅত তোঁয়ার একমিক্যাদি ফরিবো আজার আনিক, আর আজার দশেক ফরিবো অইন্য মিক্যাদি, কিন্তু এগিন বেক্যিন তোঁয়ার হাছেই আইস্তো নঅ।

8 দুষ্ট মানুষঅক্যলে কেন্ ফাওনা ফাআ তুঁই হ্যালি য়িয়ান চোগে দেকিবা।

9 “অঅ মাবুদ, তুঁইই আঁর আশ্রয়র-জাগা।” তুঁই ইস্তির গইজ্যো আল্লাহ্‌তা’লা তোঁয়ার থাকিবার জাগা;

10 য়িয়ানর লাই তোঁয়ার হনঅ সবর্নাশ অইতো নঅ, তোঁয়ার বাড়ির উঅর হনঅ আঘাত ফইত্যো নঅ;

11 হারন তেঁই তেঁইর ফেরেস্‌তাঅক্যলরে তোঁয়ার বিষয়ে উকুম দিবো যেন্‌ অক্যল অবস্থাত য়িতারা তোঁয়ারে রক্যা গরে।

12 য়িতারা আত দিয়েনে তোঁয়ারে ধরি ফেলিবো যেন্‌ তোঁয়ার ঠেংগত ফাত্যোরর আঘাত নঅ লাগে।

13 তুঁই সিংহ আর কেঁউটে আঁফর উঅর দিয়েনে আঁটি যাইবা, জোয়ান সিংহ আর আঁফরে ঠেংগে দলাই যাইবা।

14 মাবুদ হঅর, “মহব্যত দিয়েনে যিবা তোঁয়ারে বেরাই ধইজ্যে, য়িবারে আঁই রক্যা গইজ্যোম; আঁই য়িবারে বিফদর নাগালর বাইরে রাইক্যোম, হারন য়িবা আঁরে আঁসাই চিন্যে।

15 য়িবা আঁরে ডাকিলে আঁই য়িবারে জোয়াব দিয়োম; বিফদর সমত আঁই য়িবার লগে থাইক্যোম; য়িবারে আঁই রক্যা গইজ্যোম আর সম্যানর জাগা দিয়োম।

16 বউত অয়াত দিয়েনে আঁই য়িবারে খুশি গইজ্যোম; আঁর উদ্যারর হাম আঁই য়িবারে দেহ্যাইয়োম।”

জবুর শরিফ 92

30 য়িয়ানর লাই আঁর উফদেশ য়িতারা হবুল নঅঅ গরে, আর সংশোধনর লাই আঁই যেগিন হইয়্যি য়েগিন ঠেংগে দইল্যে;

31 হাজেই য়িতারার নিজরার হামর ফল য়িতারার ত্যুনই ভোগ গরন ফরিবো, নিজরার ফরামশ্যর ফল দিয়েনেই ফেট ভরন ফরিবো।

32 বোহা মানুষঅক্যলর বিফথত যঅনই য়িতারার মিত্যুর হারন অইবো, বিবেচানাহিন মানুষঅক্যলর নিচ্যিত মনোভাব য়িতারারে তচনচ গরিবো;

33 কিন্তু যারা আঁর হতা উনে য়িতারা সইসালামতে থাকিবো; য়িতারা শান্তিত থাকিব, বিফদরে ডরাইতো নঅ।”

নবিঅক্যলর কিতাব: মেসাল 2

সুবুদ্যির দান

1 ফোয়া আঁর, তুঁই যুদি আঁর হতা উন আর তোঁয়ার দিলর মাঝে আঁর বেক উকুম জমা গরি রাক,

2 যুদি সুবুদ্যির হতাত হান দঅ আর বিচারবুদ্যির মিক্যাদি মনোযোগ দঅ,

3 যুদি বিবেচানা শক্তিরে ডাক আর চিল্যাইয়েনে ডাক বিচারবুদ্যিরে,

4 যুদি রুফা টোয়াইবার মতন গরিয়েনে সুবুদ্যির তালাইশ গর আর গুপ্তধনর মতন য়িয়ান তালাইশ গরি চঅ,

5 তইলে মাবুদর লাই ডর কি, য়িয়ান তুঁই বুঝিত্ ফারিবা আর আল্লাহ্ সম্যন্দে গেয়ান ফাইবা;

6 হারন মাবুদই সুবুদ্যি দান গরে, তেঁইর মুকর ত্যুনই গেয়ান আর বিচারবুদ্যি বাইর অই আইয়্যে।

7 হ্যাঁটি দিলর মানুষঅক্যলর লাই তেঁই উফস্তিত বুদ্যি জমা গরি রাকে; যারা সততায় চলাফিরা গরে তেঁই য়িতারার ঢাল অঅ,

8 যেন্ তেঁই নিয়াইবিচার বজাই রাকিত্ ফারে, আর তেঁইর ভক্তঅক্যলর ফথ রক্যা গরিত্ ফারে।

9 যুদি তুঁই আঁর হতা উন, তইলে বুঝিত্ ফারিবা হন্যান্ উফযুক্ত, নিয়াইজ্য ও সত্ আর বুঝিত্ ফারিবা উন্যতির বেক ফথ;

10 হারন সুবুদ্যি তোঁয়ার দিলত ঢুকিবো, আর গেয়ান তোঁয়ার ফরানত আনন্দ দিবো।

11 তোঁয়ার নেকি বদি বুঝিবার শক্তি তোঁয়ারে রক্যা গরিবো, আর বিচারবুদ্যি তোঁয়ারে ফাআরা দিবো।

12 ইয়ানত দুষ্ট মানুষঅক্যলর ফথর ত্যুন গেয়ানই তোঁয়ারে রক্যা গরিবো;

রক্যা গরিবো য়িতারার ত্যুন — যারা মিছা হতা হঅ,

13 যারা আঁধাইয্যা ফথদি চলিবার লাই সুজা ফথ তিয়াগ গরে,

14 যারা হ্যারাফ হামে আনন্দ ফাআ, হ্যারাফির কুটিল ফথদিই যারার আনন্দ,

15 আর যারা বেঁহা ফথদি ও বিফথদি চলে।

16 গেয়ানই তোঁয়ারে রক্যা গরিবো জেনাহারিনির আতর ত্যুন, মিঢা হতাত ভরা বিফথদি যইন্যা মাইয়্যাফোয়ার আতর ত্যুন।

17 য়িবা য়িবার জোয়ানহালর জামাইরে ছারি দিয়্যে আর য়িবার আল্লাহ্‌র এস্তাফন গরা বেবস্তা অমাইন্য গইজ্যে।

18 তুঁই য়িবার ঘরত ঢুকিলে মরনর মিক্যাদি আগাই যাইবা, য়িবার লগে যোগ দিলে মরাঅক্যলর হাছে ফোঁছিবা।

19 যারা য়িবার হাছে যাআ য়িতারার কেউ আর ফিরি নঅ আইয়্যে, য়িতারা বাঁচিবার রাস্তা নঅ ফাআ।

20 গেয়ানই তোঁয়ারে য়েগিন বেক্যিনর ত্যুন রক্যা গরিবো যেন্ তুঁই ভালা মানুষঅক্যলর ফথদি, আল্লাহ্‌ভক্তঅক্যলর ফথদি চলিত্ ফার।

21 সত্ মানুষঅক্যলেই দেশত্ থাকিত্ ফারিবো, নিদ্যোষ মানুষঅক্যলেই য়িয়ানর মাঝে টিগি থাকিবো;

22 কিন্তু দেশর ত্যুন দুষ্টঅক্যলরে ছাঁড়ি ফেরা অইবো আর বেইমানঅক্যলরে আঁআঁরি ফেরা অইবো।

নবিঅক্যলর কিতাব: মেসাল 3

সুবুদ্যির আরো দান

1 ফোয়া আঁর, তুঁই আঁর শিক্যা ফঅরি নঅ যাইয়্যো, গোডা দিল দিয়েনে তুঁই আঁর উকুম ফালন গর;

2 হারন য়িয়ানত তুঁই বউত অঅয়াত ফাইবা আর তোঁয়ার বউত উন্যতি অইবো।

3 বিশ্যস্ততা আর সততা যেন্ হনঅ দিনঅ তোঁয়ারে ছারিয়েনে নঅ যাআ; তোঁয়ার গলাত য়েগিন বাঁধি রাক, তোঁয়ার দিলর ফাতাত য়েগিন লেকি রাক।

4 য়েগিন গইল্যে আল্লাহ্ আর মানুষর সাম্‌নদি তুঁই দয়া আর সুনাম লাভ গরিবা।

5 তোঁয়ার গোডা দিল্ দিয়েনে মাবুদর উঅর ভরসা গর; তোঁয়ার নিজর বিচারবুদ্যির উঅর ভরসা নঅ গইজ্যো।

6 তোঁয়ার গোডা চলার ফথদি তেঁইরে সাম্‌নদি রাক; তেঁইই তোঁয়ার অক্যল ফথ সুজা গরি দিবো।

7 তোঁয়ার নিজর চোগে গেয়ানি নঅ অইয়্যো; মাবুদরে ডরঅ, হ্যারাফির ত্যুন দুঁরে যঅ।

8 য়িয়ানত তুঁই স্যাইস্তবান অইবা আর তোঁয়ার আঁড্যি ফুষ্ট অইবো।

9 তোঁয়ার ধন-সম্বত্যি দিয়েনে আর তোঁয়ার ফইল্যা হাডা ফসলর অংশ হোরবানি গরিয়েনে তুঁই মাবুদরে সম্যান দেহ্যঅ;

10 য়িয়ানত তোঁয়ার গোলাঘরগিন বউত শইস্য দিয়েনে ভরি যাইবো আর তোঁয়ার জালাগিনর ত্যুন নয়া আংগুরর রস বাআই ফরিবো।

11 ফোয়া আঁর, মাবুদর শাসন অগ্রাইয্য নঅ গইজ্যো, তেঁই বহাবোকি গরিলে য়েগিন তুচ্য নঅ গইজ্যো,

12 হারন বাবা যেন্ য়িবার মহব্যতর ফোয়ারে বেশি বেশি বহাবোকি গরে,

ঠিগ য়েইল্যা মাবুদ যিবারে মহব্যত গরে য়িবারেই বহাবোকি গরে।

13 মোবারক য়েই মানুষ যিবা সুবুদ্যির হ্যোজ ফাআ আর বিচারবুদ্যি লাভ গরে,

14 হারন য়িয়ানত রুফার বেবসার ত্যুনঅ বেশি লাভ ফাআ যাআ,

সোনার ত্যুনঅ য়িয়ানতবেশি লাভ অঅ;

15 ফ্রবাল ফাত্যোরর ত্যুনঅ সুবুদ্যি বেশি দামি, তোঁয়ার চাইবার মতন হনঅ জিনিসর লগে য়িয়ানর তুলানা নঅ অঅ।

16 য়িবার ডাইন আতত আছে বউত অঅয়াত,

বাঁ আতত আছে ধন আর সম্যান।

17 য়িবার ফথত ফাআ যাআ আনন্দ, আর য়িবার গোডা ফথতই আছে উন্যতি।

18 যারা য়িবারে ধরে য়িতারার হাছে য়িয়ান জিবন গাছ্র মতন; যারা য়িবারে বেরাই ধরে য়িতারা দোয়া ফাআ।

19 মাবুদ সুবুদ্যি দিয়েনে দুনিয়ার ভিত্যি গাঁইত্যে, বিচারবুদ্যি দিয়েনে আসমানরে য়িবার জাগাত রাইক্যে।

20 তেঁই গেয়ান দিয়েনে মেডির নিচর ফানি বাইর গরি আইন্যে, আর আকাশর ত্যুন ফোডা ফোডা হ্যোয়া ফরে।

21 ফোয়া আঁর, তুঁই উফস্তিত বুদ্যি আর বিচারবুদ্যি রক্যা গইজ্যো, য়িয়ানত মনোযোগ দিয়্যো।

22 তোঁয়ার লাই য়িয়ান অইবো জিবন, তোঁয়ার গলার লাই য়িয়ান অইবো সুন্দর গলার আঁরর মতন।

23 তহন তুঁই নিরাফদে তোঁয়ার ফথত চলিত্ ফারিবা, তোঁয়ার ঠেংগত উছুট লাইগ্দো নঅ।

24 উউতিবার সমত তুঁই ডর ফাইতা নঅ, আর তোঁয়ার ঘুম অইবো সুখর।

25 আতিক্যা বিফদ আইলে তুঁই নঅ ডরাইয়্যো, দুষ্ট মানুষর তচনচ দেকিয়েনে ডর নঅ ফাইয়্যো;

26 হারন তুঁই মাবুদর উঅরদি ভরসা গরিবা, আর তেঁই ফাঁদত ফরনর ত্যুন তোঁয়ার ঠেং রক্যা গরিবো।

27 যারা উফহার ফাইবার উফযুক্ত য়িতারার উফহার গরিবার হ্যমতা যহন তোঁয়ার আতত থাকিবো তহন য়িয়ান গইত্যে তুঁই অসিকার নঅ গইজ্যো।

28 সাইয্য গরিবার হ্যমতা তোঁয়ার আতত থাকিলে কেউঅরে নঅ হইয়্যো, "যঅ, ফরদি আইস্যো, হালিয়া গইজ্যোম।"

29 তোঁয়ার ফতিবাসির বিরুদ্যে হনঅ কুমতলব নঅ গইজ্যো, য়িবা তঅ তোঁয়ার ফাশদি নিচ্যিন্তে থাকে।

30 যে মানুষ তোঁয়ার হনঅ হোতি নঅঅ গরে, বিনা হারনে য়িবারে দুষি নঅ গইজ্যো।

31 হনঅ জুলুমবাজ মানুষরে দেকিয়েনে ইংসাত জইল্তো নঅ থাইক্যো, বা য়িবার হনঅ ফথঅ তুঁই বাছি নঅ লইয়্যো;

32 হারন বেঁহা ফথদি যইন্যা মানুষরে মাবুদ ঘিনা গরে, কিন্তু হ্যাঁটি দিলর মানুষর লগে তেঁই যোগাযোগ রাকে।

33 দুষ্ট মানুষর ঘরর উঅর মাবুদর বদ্দোয়া থাকে, কিন্তু আল্লাহ্ভক্তঅক্যলর বাড়িরে তেঁই দোয়া গরে।

34 যারা ঠঁঅশা-বিদ্রুফ গরে য়িতারারেঅ তেঁই ঠঁঅশা-বিদ্রুফ গরে, কিন্তু যারা নম্র য়িতারারে রহমত দান গরে।

35 গেয়ানিঅক্যলে সম্যান ফাইবো, কিন্তু বিবেচানাহিন মানুষঅক্যলর ফাওনা অইল্ শরম।

নবিঅক্যলর কিতাব: মেসাল 4

গেয়ানিঅক্যলর ফথ

1 ফোয়াছাঅক্যল, বাবার উফদেশত হান দঅ, বিচারবুদ্যি লাভ গরিবার মিক্যাদি মনোযোগ দঅ।

2 আঁই তোঁয়ারারে ভালা শিক্যা দিইর, য়িয়ানর লাই আঁর নিদ্যেশর অবাইধ্য নঅ অইয়্যো।

3 আঁইঅ তঅ আঁর বাবার ফোয়া আছিলাম, মার চোগত গুরা আর একমাত্র ফোয়ার মতন আছিলাম।

4 তহন বাবা আঁরে শিক্যা দিয়েনে হইতো, "তোঁয়ার গোডা দিল্দিয়েনে আঁর হতা ধরি রাইক্যো; আঁর উকুম মানি চইল্যো, য়িয়ানত বাঁচিবা।

5 গেয়ান লাভ গর, বিচারবুদ্যি লাভ গর; আঁর হতা ফঅরি নঅ যাইয়্যো, য়িয়ানর ত্যুন সরি নঅ যাইয়্যো।

6 গেয়ানরে তিয়াগ নঅ গইজ্যো, য়িবাই তোঁয়ারে রক্যা গরিবো; য়িবারে ভালাবাইস্যো, য়িবাই তোঁয়ার উঅর নজন রাকিবো।

7 গেয়ানি অইবার ফইল্যা ধাব্ অইল্গেয়ান লাভ গরা; তোঁয়ার যা কিছু আছে বেক দিয়েনে
বিচারবুদ্যি লাভ গর।
8 গেয়ানরে মেইন জাগা দঅ, য়িবাই তোঁয়ারে উচুলত তুলিবো; য়িবারে বেরাই ধর, য়িবা তোঁয়ারে
সম্যান দিবো।
9 য়িবা তোঁয়ার মাথার উঅর দিবো সুন্দর মালা আর উফহ্যার দিবো সুন্দইয্যর তাজ।”
10 ফোয়া আঁর, উন, আঁর হতা তোঁয়ার দিলত রাক, য়িয়ানত তুঁই বউত বছর বাঁচি থাকিবা।
11 আঁই তোঁয়ারে গেয়ানর ফথ দেহ্যাই দিয়্যি, সুজা ফথদি তোঁয়ারে চলাই লই গেইয়্যি।
12 য়িয়ানর লাই আঁটিবার সমত ঠেং ফেইল্তে তুঁই বাধা ফাইতা নঅ,
দুঁরাইবার সমত উছুট হ্যাইতা নঅ।
13 উফদেশ ধরি রাক, ছারি নঅ দিয়্যো; য়েগিন রক্যা গর, হারন য়েগিনই তোঁয়ার জিবন।
14 দুষ্টঅক্যলর ফথদি তুঁই ঠেং নঅ দিয়ো, হ্যারাফ মানুষঅক্যলর ফথদি নঅ আঁইট্যো।
15 য়েই ফথ তুঁই এড়াই যঅ, য়িয়ানর উঅর দিয়েনে তুঁই নঅ আঁইট্যো; য়েই ফথদি নঅ যাইয়েনে
বরং আগাই যঅ;
16 হারন হ্যারাফ হাম নঅ গরিলে দুষ্টঅক্যলর ঘুম নঅ অঅ; কেউঅরে উছুট হ্যাবাইত্নঅ ফারিলে
য়িতারার ঘুম নঅ আইয়্যে।
17 দুষ্টতা অইল্য়িতারার হ্যানা আর জুলুম অইল্য়িতারার মদ।
18 আল্লাহ্ভক্তঅক্যলর ফথ ফজরর ফইল্যা ফঅরর মতন, যিয়ান দুঁইজ্যা নঅ অঅন ফইয্যন্ত
ফঅরর ত্যুন আরো ফঅর অইতো থাকে।
19 কিন্তু দুষ্টঅক্যলর ফথ গভির আঁধারর মতন; য়িতারা নঅ জানে কিঅত্ য়িতারা উছুট হ্যাআ।
20 ফোয়া আঁর, আঁই যেগিন হইর য়েগিনত মন দঅ, আঁর হতাত হান দঅ।
21 হতাগিন তোঁয়ার চোগর আড়াল অইতো নঅ দিয়ো, তোঁয়ার দিলর মাঝে য়েগিন রাকি দিয়ো।
22 যারা এইল্যা গরে য়িতারার লাই য়েগিন অঅ জিবন, য়েগিন য়িতারারে স্যাইস্তবান গরে।
23 বেক কিছুর ত্যুন তোঁয়ার দিলরে বেশি গরিয়েনে ফাআরা দিই রাক, হারন দিলর ত্যুনই তোঁয়ার
জিবনর বেক কিছু বাইর অই আইয়্যে।
24 তোঁয়ার মুকর ত্যুন বেঁহা হতা দুর গরি দঅ,
ঠোঁডর ত্যুন হ্যারাফ হতা দুরে সরাই দঅ।
25 তোঁয়ার চোগ যেন্ সুজা সাম্নদি চাআ, তোঁয়ার চোগর দিষ্টি সাম্নর মিক্যাদি ইস্তির রাক।

26 তোঁয়ার চলিবার ফথ সমান গর, য়িয়ানত তোঁয়ার ফথ তুঁই ইস্তির গরিত্ ফারিবা।

27 ডাইনে বা বাঁয়ে নঅ ফিজ্যো; হ্যারাফ ফথর ত্যুন তোঁয়ার ঠেং দুরে রাইক্যো।

নবিঅক্যলর কিতাব: মেসাল 5

জেনা সমন্দে সাবধানবানি

1 ফোয়া আঁর, আঁই যে গেয়ানর হতা হইর য়িয়ান ভালা গরিয়েনে উন; আঁর বিচারবুদ্যির হতাত হান দঅ।

2 য়িয়ানত তুঁই নেকি-বদি বুঝিবার শক্তি রক্যা গরিত্ ফারিবা, আর তোঁয়ার মুকর ত্যুন গেয়ানর হতা বাইর অইবো।

3 জেনাহারিনির ঠোঁডর ত্যুন যেন্ মধু ঝরি ফরে, য়িবার হতাবাত্যা তেলর ত্যুনঅ মোলায়েম;

4 কিন্তু য়িয়ানর শেষ ফল অঅ বিষর মতন তিতা, দুই মিক্যাদি শান দেয়া ছুরির মতন ধারাইন্যা।

5 য়িবার ফথ মরনর হাছে লামি গেইয়্যে, য়িয়ান সুজা গেইয়্যে গই হব্যরর মিক্যাদি।

6 জিবনর মিক্যাদি যাইবার ফথর হতা য়িবা চিন্তাঅ নঅ গরে; য়িবার চলার ফথ বেঁহা, কিন্তু য়িবা য়িয়ান নঅ জানে।

7 ফোয়া আঁর, এবার আঁর হতা উন, আঁই যেগিন হই য়েগিনর ত্যুন সরি নঅ যাইয়্যো।

8 য়েই মাইয়্যাফোয়ার হাছর ত্যুন তোঁয়ার ঠেং দুঁরে রাক, য়িবার ঘরর দরজার হাছেঅ নঅ যাইয়ো।

9 যুদি যঅ তইলে তোঁয়ার যোবনর শক্তি অইন্যতারারে দিই দিবা আর তোঁয়ার অঅয়াত দিই দিবা নিঠুরঅক্যলরে।

10 য়িয়ানত অজানা মানুষঅক্যলে তোঁয়ার ধন-সম্বত্যি ভোগ গরিবো, আর তোঁয়ার মিন্যোতর ফল যাইবো গই অইন্য মানুষঅক্যলর বাড়িত্।

11 জিবনর শেষ সময়ত যহন তোঁয়ার শরিল আর গাআর গোস্ত তচনচ অইবো তহন তুঁই হোঁহাইতা থাকিবা।

12 তুঁই হইবা, “আয় হায়! আঁই শাসন ঘিনা গজ্যি, আঁর দিল্ সংশোধনর হতা তুছ্য গইজ্যে।

13 আঁর ওস্তাদঅক্যলর হতা আঁই নঅঅ উনি, যারা আঁরে শিক্যা দিয়্যে য়িতারার হতাত হান নঅঅ দিই।

14 সমাজর মানুষঅক্যলর আতত ফরিয়েনে আঁই ফ্রায় মরিই যাইতাম আছিলাম।”

নিজর বউঅত আনন্দ

15 তোঁয়ার নিজর জমা গরা ফানির ত্যুনই তুঁই ফানি হ্যঅ; তোঁয়ার নিজর কুয়ার টাট্কা ফানি হ্যঅ।

16 তোঁয়ার নিজর ঝন্যার ফানি কিল্যাই বাইরে বাআই ফরিবো? তোঁয়ার স্রোতর ফানি কিল্যাই যাইয়েনে ফরিবো রাস্তাত রাস্তাত?

17 তোঁয়ার ফোয়াছা তোঁয়ার এক্লাই থাকক,

জেনাহারিনিঅক্যলর য়িয়ানত ভাগ নঅ থাকক,

18 তোঁয়ার ঝন্যাত দোয়া থাকক, তোঁয়ার যোবনর বউঅরে লইয়েনেই তুঁই আনন্দ গর।

19 য়িবা ভালাবাসায় ভরা মায়িল্যি অরিন, সুন্দইয্য-ভরা মায়্যিল্যি অরিন; য়িবারই বুক তোঁয়ারে অক্যল সমত সন্তুষ্ট রাকক; তুঁই অক্যল সমত য়িবার মহব্যতত মাতি থাইক্যো।

20 ফোয়া আঁর, কিল্যাই তুঁই জেনাহারিনিরে লইয়েনে মজি থাকিবা? য়িবার বুক কিল্যাই তুঁই বেরাই ধরিবা?

21 মানুষর চলাফিরার উঅর মাবুদই চোগ রাইক্যে; য়িতারার গোডা ফথ তেঁইই যাচাই গরি চাআ।

22 দুষ্ট মানুষ য়িবার হ্যারাফ হামর ফাঁদত ফরে, য়িবা নিজর গুনাহ্র রোশিত্টাইট্ গরিয়েনে বাঁধা ফরে।

23 শাসনর অভাবে য়িবা মারা ফরে; নিজর বিরাট বোহামির হারনে য়িবা য়িবার ফথত ইস্তির নঅ থাকে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 6

বোহামি সমন্দে সাবধানবানি

1 ফোয়া আঁর, তুঁই যুদি কেউঅর জাবিন অই থাক, অইন্যর জাবিন অইবার লাই আতত আত রাকি থাক,

2 যিয়ান হইয়্যো যুদি য়িয়ানর ফাঁদত ফরি থাক, যুদি তোঁয়ার মুকর হতাত বাঁধা ফরি থাক,

3 তইলে ফোয়া আঁর, তুঁই যহন অইন্যর আতত্ ধরা ফরি গেইয়্যো, তহন নিজরে ছারাই লইবার লাই এই হামগিন গর — য়িবার হাছে যাইয়েনে নিজরে নিচু গর, য়িবারে আদা আদি গর,

4 তোঁয়ার চোগরে ঘুম যাইতো নঅ দিয়্যো, চোগর ফাতারে বন্ধ অইতো নঅ দিয়ো।

5 শিয়ারির আতর ত্যুন অরিনর মতন গরিয়েনে, ফাকি শিয়ারির আতর ত্যুন ফাকির মতন গরিয়েনে তুঁই নিজরে ছারাই লঅ।

6 অঅ অলস, তুঁই ফিঁইরার হাছে যঅ, তার চলাফিলা চাইয়েনে গেয়ান লাভ গর।

7 য়িবারে উকুম দিবার কেউ নাই, য়িবার উঅরদি হনঅ ফরিচালক বা শাসনহত্যা নাই;

8 তঅঅ তেএ গরমহালে তার হ্যানা জমা গরি রাকে আর ফসল হাডিবার সমত হ্যানা জমা গরে।

9 অঅ অলস, আর হত্যহাল তুঁই উউতি থাকিবা?

হঁত্যে ঘুমর ত্যুন উটিবা?

10 তুঁই হই থাক, “আর এক্যানা ঘুম, আর এক্যানা ঘুমর ভাব, জিরাইবার লাই আর এক্যানা আত বডি রাকি।”

11 কিন্তু বারে বারে মেঅমান আইলে বা অস্ত্রশস্ত্রে সাজাইন্যা

ডাহাইতোর আতত ফরিলে যেন্ অভাব আইয়্যে,

ঠিগ য়েইল্যা গরিয়েনে তোঁয়ারঅ অভাব আইবো।

12 যে মানুষ জঘইন্য আর দুষ্ট য়িবা হ্যারাফ হতা মুকত লইয়েনে ঘুরি বেরাআ;

13 য়িবা চোগ টিবিয়েনে ইশারা গরে,

ঠেং দিয়েনে ইংগিত দে,

অঁঅঁল দিয়েনে সংকেত দেএ,

14 মনত কুটিল চিন্তা লইয়েনে অক্যল সমত কুমতলব গরে আর গোলমাল বাঁধাআ।

15 য়িয়ানর লাই আতিক্যা য়িবার উঅর বিফদ আইবো; মুহুত্যর মইধ্যে য়িবা তচনচ অই যাইবো, য়িবা আর উটিত ফাইত্যো নঅ।

16 মাবুদ হমফক্যে সাত্যুয়া জিনিস ঘিনা গরে যেগিন তেঁইর হাছে জঘইন্য;

17 অহংকারে ভরা চোগর চাআনি, মিছাহ্যোর জিল্ফা, নিদ্যোষ মানুষর রক্তফাত গরে যে আত,

18 কুমতলব আঁটা দিল্, অন্যায় হাম গরিবার লাই দুঁরি যইন্যা ঠেং,

19 মিছা হতা হোয়া মিছা সাক্যি, আর ভাইঅক্যলর মাঝে গোলমাল বাঁধাইন্যা মানুষ।

জেনা সমন্দে সাবধানবানি

20 ফোয়া আঁর, তুঁই তোঁয়ার বাবার উকুম ফালন গর, আর মার দেয়া শিক্যা তিয়াগ নঅ গইজ্যো।

21 চিরদিনর লাই তোঁয়ার দিলত য়েগিন গাঁতি রাক, তোঁয়ার গলাত য়েগিন বাঁধি রাক।

22 চলিবার সমত য়েগিনে তোঁয়ারে ফথ দেহ্যাইবো,

ঘুম যাইবার সমত তোঁয়ারে ফাআরা দিবো আর অঅজাগ অই উটিলে তোঁয়ার লগে হতা হইবো;

23 হারন এই উকুমগিন বাত্যির মতন, এই শিক্যা ফঅরর মতন, আর হোটিন হতাত গাইল দিয়েনে শাসন গরনই অইল্ জিবনর ফথ।

24 এগিন বেক্যিন তোঁয়ারে হ্যারাফ মাইয়্যাফোয়ার আতর ত্যুন রক্যা গরিবো,

রক্যা গরিবো বিফত্থত যইন্যা মাইয়্যাফোয়ার মিঢা হতার আতর ত্যুন।

25 য়িবার সুন্দইয্য দেকিয়েনে তুঁই দিলত লালসা নঅ গইজ্যো, য়িবার চোগর ফাতাত তুঁই নিজরে
বন্দি অইতো নঅ দিয়ো;

26 হারন বেইশ্যা শেষ ফইয্যন্ত তোঁয়ারে হ্যানার অভাবর মাঝে লই যাইবো, আর জেনাহারিনি
তোঁয়ার মুইল্যবান ফরান শিয়ার গরিবো।

27 যুদি কেউ আগুন তুলি লইয়েনে নিজর হোলত রাকে তইলে কি য়িবার হঅর ফুরি নঅ যাইবো
না?

28 যুদি কেউ জলন্ত হোইলার উঅর দিয়েনে আঁঢে তইলে য়িবার ঠেং কি ফুরি নঅ যাইবো না?

29 যিবা অইন্য মানুষর বউঅর হাছে যাআ য়িবার দশা এই ডইল্যাই অঅ; যিবা য়েই মাইয়্যাফোয়ারে
ধরে য়িবার ত্যুন শাস্তি ফঅনই ফরিবো।

30 হ্যাইত্ নঅ ফারিয়েনে ভুগ মিটাইবার লাই যিবা চুরি গরে, য়েই চোররে মাইন্ষ্যে ঘিনার চোগে
নঅ চাআ।

31 তঅঅ যহন য়িবা ধরা ফরিবো তহন অঅত য়িবার ত্যুন সাতগুন ফিরাই দঅন ফরিবো, অঅত
য়িবার ঘরর বেক ধনঅ য়িবার ত্যুন দিই দঅন ফরিবো।

32 যিবা জেনা গরে য়িবার বুদ্যির অভাব আছে; য়িবা য়িয়ান গরিয়েনে নিজরেই তচনচ গরে।

33 য়িবার ভাইগ্যত আছে আঘাত আর অফমান, য়িবার দুন্যাম হনঅ দিনঅ ফুছি যাইতো নঅ;

34 হারন দিলর জালা জামাইর ভয়ংকর গোস্যারে জাগাই তুলে; ফতিশোধ লইবার সমত য়িবা হনঅ
দয়াই দেহ্যাইতো নঅ।

35 হনঅ হোতি ফুরনই য়িবা গ্রঅন গইত্যো নঅ, বউত বেশি ঘুষ দিলেঅ য়িবা খুশি অইতো নঅ।

নবিঅক্যলর কিতাব: মেসাল 7

1 ফোয়া আঁর, আঁর হতা উন আর বেক উকুম তোঁয়ার দিলর মাঝে জমা গরি রাক।

2 আঁর উকুম ফালন গর, য়িয়ানত তুঁই বাঁচিবা। আঁর দেয়া শিক্যা তোঁয়ার চোগর মনির মতন
গরিয়েনে ফাআরা দিই রাক;

3 তোঁয়ার অঁঅঁলগিনত য়েগিন বাঁধি রাক, তোঁয়ার দিলর ফাতাত য়েগিন লেকি রাক।

4 গেয়ানরে হঅ, “তুঁই আঁর বোইন,” আর বুদ্যিরে উঁয়াইজ্যা হঅ;

5 যেন্ য়িতারা তোঁয়ারে জেনাহারিনির আতর ত্যুন রক্যা গরে,

রক্যা গরে য়েই মিঢা হতাত ভরা বিফত্থত যইন্যা মাইয়্যাফোয়ার আতর ত্যুন।

জেনাহারিনির দঅত

6 আঁর ঘরর জানালার জালির মইধ্য দিয়েনে আঁই বাইরে চাইলাম।

7 বোহা মানুষঅক্যলর মাঝে আঁই চাই দেকিলাম, জোয়ান ফোয়াঅক্যলর মাঝে আঁই এন্ একজন জোয়ানফোয়ারে খিয়াল গইল্যাম যিবার বুদ্যির অভাব আছিল্।

8 য়িবা য়েই মাইয়্যাফোয়ার বাড়ির হাছর রাস্তা দিয়েনে যাইতো আছিল্, তার ফর য়িবা য়েই মাইয়্যাফোয়ার বাড়ির মিক্যার গল্যিত যাইয়েনে ঢুকিল্;

9 তহন দিনর ফঅর মিলাই যাইবার ফর আঁজুইন্যা অইয়েনে রাইতর গভির আঁধার লামি আইস্যেল্।

10 য়েই সমত একজন মাইয়্যাফোয়া য়িবার লগে দেহ্যা গইত্যো বাইর অই আইল্; য়িবার ফিঁদাত্ আছিল্বেইশ্যার ফোশাক, আর য়িবার দিল্ আছিল্ ছলনাত্ ভরা।

11 য়িবা বিফথত যইন্যা মাইয়্যাফোয়া, জোরে জোরে হতা হঅ, য়িবার ঠেং হনঅ সমত ঘরত নঅ থাকে;

12 হনঅ সমত রাস্তাত, হনঅ সমত বাজারত্, ফত্যিউয়া মোরত য়িবা ওঁত ফাতি থাকে।

13 য়িবা য়েই জোয়ানফোয়ারে ধরিয়েনে চুম দিল্ আর বেহাইয়্যা মুকে হইল্,

14 “আঁর ঘরত যোগাযোগ হোরবানির গোস্ত আছে, আজিয়াই আঁই মানত ফুরন গজ্যি।

15 য়িয়ানর লাই আঁই তোঁয়ার লগে দেহ্যা গরিবার লাই বাইর অই আস্যি; আঁই তোঁয়ার তালাইশ গরিয়েনে তোঁয়ারে ফাইয়্যি।

16 মিসর দেশর বিন্য বিন্য রংগর হঅরর বানাইন্যা চাদ্যর দিয়েনে আঁই বিছানা ঝাফাইয়্যি;

17 গন্দরস, অগুরু আর দার্চিনি দিয়েনে আঁর বিছানা হ্যোশ্বু গজ্যি।

18 আইয়্যো, আঁরা ফজর ফইয্যন্ত দেহ-ভোগে মাতি থাকি, গভির ভালাবাসার মাঝে আনন্দ ভোগ গরি।

19 আঁর জামাই বাড়িত্ নাই, য়িবা দুরে রঅনা দিয়্যে;

20 য়িবা থৈলা ভরিয়েনে টিঁয়া লই গেইয়্যে,

ফুন্যিমার আগে ঘরত্ ফিত্যো নঅ।”

21 মন ভুলাইন্যা হতাবাত্যা দিয়েনে য়িবা তারে বিফথত লই গেল্, মিঢা হতাত য়িবারে ফঅরাই ফেলিল্,

22 আর য়িবা তহনই য়েই মাইয়্যাফোয়ার ফিছদি গেল্। গরু যেইল্যা গরিয়েনে জবাই অইতো যাআ, সিয়োলত বাঁধা অসাড় বিবেক মানুষ যেইল্যা য়িবার শাস্তি ফাইতো যাআ,

23 ফাকি যেইল্যা তরাতরি ফাঁদত্ ফইত্যো যাআ আর শেষদি য়িয়ানর হইল্জাত তির গাঁতি যাআ, য়েইল্যা গরিয়েনে য়েই মানুষ নঅঅ জানে দে, ইয়ানত তার ফরান যাইবো।

24 ফোয়া আঁর, এহন তোঁয়ারা আঁর হতা উন, আঁই যেগিন হই য়েগিনত হান দঅ।

25 তোঁয়ারার মনরে য়েই মাইয়্যাফোয়ার ফথদি যাইতো নঅ দিয়ো; তোঁয়ারা য়িবার ফথদি ঘুরি নঅ বেরাইয়ো;

26 হারন য়িবা বউত কেউঅর সবর্নাশ গইজ্যে, আর যারারে য়িবা শেষ গরি দিয়্যে য়িতারা সইংক্যায় বউত।

27 য়িবার ঘরগান অইল্ হব্যরত যাইবার ফথ, যে ফথ মরনর ঘরত লামি গেইয়্যে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 8

সুবুদ্যির দঅত

1 সুবুদ্যি কি ডাক নঅ দেএ না? বিচারবুদ্যি কি চিল্যাইয়েনে হতা নঅ হঅ না?

2 ফথর ফাশদি উচুল জাগাত যেডে ফথ যাইয়েনে ফথর লগে মিল্যে য়েডে সুবুদ্যি থিয়াই থাকে।

3 শঅরত যাইবার ফথদি সদর দরজার হাছে য়িবা জোরে চিল্যাইয়েনে হঅ,

4 “ওরে মানুষঅক্যল, আঁই তোঁয়ারারে ডাকির, বেক মানুষর হাছে জোর গলাত হইর।

5 বোহা মানুষাক্যল, চালাক অইবার বুদ্যি লাভ গর; বিবেচানাহিন মানুষক্যল, বিচারবুদ্যি লাভ গর।

6 উন, আঁই উফযুক্ত হতা হইয়্যোম, সঠিক হতা হইবার লাই আঁর মুক খুইল্যোম।

7 আঁই আঁসা হতা হইয়্যোম; হ্যারাফ হতা আঁর হাছে জঘইন্য লাগে, য়িয়ানর লাই আঁই য়িয়ান হইতাম নঅ।

8 আঁর মুকর অক্যল হতাই ঠিগ, য়েগিনর মাঝে বেঁহা হতা বা কুটিলতা নাই।

9 যারার বিচারবুদ্যি আছে য়িতারার হাছে আঁর হতা ভন্ডামিশুইন্য; যারার গেয়ান আছে য়িতারার হাছে য়েগিন হ্যাঁটি।

10 রুফার ত্যুন আঁর উফদেশ লাভ গরিবার লাই আগ্রয়ি অঅ, বাছাই গরা সোনার ত্যুন গেয়ান লাভ গইত্যে আগ্রয়ি অঅ;

11 হারন ফ্রবাল ফাত্যোরর ত্যুনঅ সুবুদ্যি বেশি দামি; তোঁয়ার চাইবার মতন হনঅ জিনিসর লগে য়িয়ানর তুলানা নঅ অঅ।

12 “আঁই সুবুদ্যি, আঁই চালাক অইবার বুদ্যির লগে থাকি;

গেয়ান আর নেকি বদি বুঝিবার শক্তি আঁর আছে।

13 মাবুদরে ডরঅন মানিই দুষ্টতারে ঘিনা গরা; অহংকার, বরাই গরা, হ্যারাফ বেবার আর বেঁহা
হতারে আঁই ঘিনা গরি।

14 ফরামশ্য আর উফস্তিত বুদ্যি আঁর হাছর ত্যুন আইয়্যে; আঁই বিচারবুদ্যি, আঁই হ্যমতা দিই।

15 বাদশাঅক্যলে রাজত্য গরে আঁরে দিয়েনে, আর শাসনহত্যাঅক্যলে বানাআ নিয়াইভরা শরিয়ত;

16 আঁরে দিয়েনে রাজফুরুষঅক্যলে আর উচুল ফদর মানুষঅক্যলে শাসন হাম চালা; য়িতারা
বেক্যিনে বিচারকর হাম গরে।

17 যারা আঁরে ভালাবাসে আঁইঅ য়িতারারে ভালাবাসি; যারা মনে ফ্রানে আঁর তালাইশ গরে য়িতারা
আঁরে ফাআ।

18 ধন আর সম্যান আঁর হাছর ত্যুন আইয়্যে, আইয়্যে এস্তায়ি সম্ফদ আর উন্যতি।

19 সোনার ত্যুনঅ, এন্ কি, হ্যাঁটি সোনার ত্যুনঅ আঁর দেয়া ফল ভালা; আঁই যেগিন দিই য়েগিন
বাছাই গরা রুফার ত্যুনঅ হ্যাঁটি।

20 আঁই নিয়াইর ফথদি আঁটি, নিয়াইবিচারর ফথ ধরিয়েনে চলি।

21 যারা আঁরে ভালাবাসে য়িতারা ধন সম্ফদ ফাআ; আঁই য়িতারার ধনভান্ডার ফরিফুন্য গরি
তুলি।

22 “মাবুদর হামর শুরুত, তেঁইর সিষ্টি হামর আগদি আঁই তেঁইরই আছিলাম;

23 য়েই ফইল্যার ত্যুন, দুনিয়া সিষ্টির আগর ত্যুন, বেক যুগর আগদি আঁরে নিযুক্ত গরা অইয়্যে।

24 যহন হনঅ সাগর নঅ আছিল্, নঅ আছিল্ হনঅ ঝন্যা যেডের ত্যুন বউত ফানি বাইর অই
আইয়্যে, তহন আঁর জন্ম অইয়্যেল্।

25 ফাআর ফবর্ত এস্তাফন গরিবার আগে আঁই আছিলাম।

26 যহন জবিন আর মাট ময়দান বা দুনিয়ার এক্যান ধুলিহনা ফইয্যন্ত তেঁই নঅঅ বানাআ, তহন
আঁই আছিলাম।

27 তেঁই যহন আসমান এস্তাফন গইত্যো আছিল্ তহন আঁই য়েডে আছিলাম; তেঁই যহন সাগরর
উঅরদি চাইরোমিক্যার সিমানা ঠিগ গইত্যো আছিল্, তহন আঁই য়েডে আছিলাম।

28 তেঁই যহন উঅর মিক্যাদি আকাশ এস্তাফন গইত্যো আছিল্, আর মেডির নিচর উঁর উঁর ঝন্যা
শক্ত গরিয়েনে এস্তাফন গইত্যো আছিল্,

29 তেঁই যহন সাগরর সিমানা ইস্তির গইত্যো আছিল্ যেন্ ফানি তেঁইর নিয়মর বাইরে ফার অইয়েনে
নঅ আইয়্যে, যহন তেঁই দুনিয়ার ভিত্যি ঠিগ গইত্যো আছিল্,

30 তহন আঁইই হারিগর ইসাবে তেঁইর ফাশদি আছিলাম। দিনর ফর দিন আঁই খুশিত ফুরন অইয়েনে তেঁইর সাম্নদি অক্যল সমত আনন্দ গইত্যাম;

31 তেঁইর দুনিয়া লইয়েনে আনন্দ গইত্যাম, আর মানুষরে লইয়েনে খুশিত্ ফুরাই আছিলাম।

32 “ফোয়াঅক্যল আঁর, এহন আঁর হতা উন; যারা আঁর ফথদি চলে য়িতারা সুখি।

33 আঁর নিদ্যেশত্ হান দঅ, গেয়ানবান অঅ, অবএলা নঅ গইজ্যো।

34 যে মানুষ আঁর হতা উনে আর ফত্যিদিন আঁর দরজার হাছে অঅজাগ থাকে আর আঁর দরজার চোহ্যাটত্ অফেক্যা গরে য়িবা সুখি;

35 হারন যিবা আঁরে ফাআ য়িবা জিবন ফাআ আর মাবুদর হাছর ত্যুন রহমত ফাআ।

36 কিন্তু যিবা আঁরে নঅ ফাআ য়িবা নিজর হোতি গরে; যারা আঁরে ঘিনা গরে য়িতারা বেক্যিনে মরনরে ভালাবাসে।”

নবিঅক্যলর কিতাব: মেসাল 9

সুবুদ্যি আর নিরবুদ্যির দঅত

1 সুবুদ্যি য়িবার ঘর বানাইয়্যে; ফাত্যোর হাডিয়েনে য়িবা সাত্যুয়া হ্যাম্বা বানাইয়্যে।

2 য়িবা ফশু জবাই গরিয়েনে গোস্ত রাইন্দ্যে আর আংগুর রসর লগে মসল্যা মিশাইয়্যে; য়িবা হ্যানা দিয়েনে টেবিল সাজাইয়্যে।

3 য়িবা য়িবার সঅর মাইয়্যাঅক্যলরে বেক জাগাত ফাটাই দিয়্যে, আর শঅরর বেক্যিনর ত্যুন উচুল জাগার ত্যুন য়িবা ডাক দিয়েনে হঅর,

4 “বোহা মানুষঅক্যলে এডে আইয়্যোক।” যারার বুদ্যি নাই য়িতারারে য়িবা হঅ,

5 “আইয়্যো, আঁর হ্যানা হ্যঅ, আঁর মসল্যা মিশাইন্যা আংগুর রস হ্যঅ;

6 তুঁই বোহা মানুষঅক্যলর সংগ ছারি দঅ, য়িয়ানত তুঁই বাঁচিবা; তুঁই বিচারবুদ্যির ফথদি চলাফিরা গর।”

7 ঠঁঅশা বিদ্রুফহারিরে যিবা সংশোধন গইত্যো যাআ য়িবা অফমানিত অঅ; দুষ্ট মানুষর দোষ যিবা দেহ্যাই দেঅ য়িবারেই য়েই দুষ্ট মানুষ দুষি গরে।

8 ঠঁঅশা বিদ্রুফহারির দোষ দেহ্যাই নঅ দিয়ো, দিলে য়িবা তোঁয়ারে ঘিনা গরিবো; বরং গেয়ানি মানুষরে য়িবারে দোষ দেহ্যাই দঅ, য়িবা তোঁয়ারে মহব্যত গরিবো।

9 গেয়ানি মানুষরে উফদেশ দঅ, য়িয়ানত য়িবা আরো গেয়ানি অইবো; আল্লাহ্ভক্ত মানুষরে শিক্যা দঅ, য়িবা আরো শিক্যা লাভ গরিবো।

10 মাবুদর লাই ডর অইল্ সুবুদ্যির ভিত্যি; আল্লাহ্ফাকরে জানিত্ ফারিলে বিচারবুদ্যি লাভ অঅ।

11 সুবুদ্যি হঅ, “আঁর মইধ্য দিয়েনে তুঁই বউত দিন বাঁচি থাকিবা, তোঁয়ার অঅয়াত আরো বউত বছর বারি যাইবো।

12 তুঁই যুদি গেয়ানি অঅ তইলে তোঁয়ার নিজর লাভ অইবো, কিন্তু যুদি ঠঁঅশা বিদ্রুফহারি অঅ তইলে তুঁই এক্লাই হষ্ট ফাইবা।”

13 নির্বুর্দ্যি মাইয়্যাফোয়ার মতন যিবা গলাবাজি গরে য়িবা হনঅ বাধা নঅ মানে, য়িবার গেয়ান নাই।

14 য়িবা য়িবার ঘরর দরজার ফাশে শঅরর বেক্যিনর ত্যুন উচুল জাগার আসনত বইয়্যে।

15 যারা য়েই ফথ দিয়েনে সুজা নিজর নিজর ফথদি যাআ য়িতারারে য়িবা ডাকিয়েনে হঅ,

16 “বোহা মানুষঅক্যলে এডে আইয়্যোক।” যারার বুদ্যি নাই য়িতারারে য়িবা হঅ,

17 “চুরি গরা ফানি মিঢা; যে হ্যানা লুকাইয়েনে হ্যাআ অঅ য়েগিন বউত মজা লাগে।”

18 কিন্তু য়িতারা নঅ জানেই দে, মরা মানুষঅক্যলে য়েডে থাকে; য়েই মাইয়্যাফোয়ার দঅত দেয়া মানুষঅক্যলে হব্যরর গভিরত থাকে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 10

বাদশা সোলায়মান (আঃ)-র সত্ উফদেশ

1 সোলায়মানর সত্ উফদেশ। গেয়ানি ফোয়া বাবার জিবনত আনন্দ আনে, কিন্তু বিবেচানাহিন ফোয়া মার জিবনত দুক্য আনে।

2 অন্যায়ভাবে ফঅইন্যা ধনত হনঅ লাভ নঅ অঅ, কিন্তু আল্লাহ্র লাই ডর মরনর ত্যুন উদ্যার গরে।

3 মাবুদ তেঁইর ভক্তঅক্যলরে ভুগে হষ্ট ফাইতো নঅ দেএ, কিন্তু তেঁই দুষ্টঅক্যলর হামনা বাসনা ফুরন অইতো নঅ দেএ।

4 আল্সেমি মানুষরে গরিব গরে, কিন্তু মিন্যোত ধন লই আইয়্যে।

5 গেয়ানি ফোয়া গরমহালে ফসল জমা গরে, কিন্তু বেশরইম্যা ফোয়া ফসল হাডিবার সমত ঘুম যাই থাকে।

6 আল্লাহ্ভক্তঅক্যলর মাথাত বউত দোয়া লামি আইয়্যে, কিন্তু দুষ্টঅক্যলর জুলুমবাজ মনোভাব য়িতারার মুকর হতাত ঝাফা ফরে।

7 আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর স্রিতি দোয়া আনে, কিন্তু দুষ্টঅক্যলর নাম ফুঁচি যাআ।

8 যিবার দিলত গেয়ান আছে য়িবা উকুম মানে, কিন্তু বকর বকর গরা অসাড় বিবেক মানুষ তচনচ অই যাইবো।

9 যিবা সততাত্ চলে য়িবা নিচ্যিন্তে চলাফিরা গরে, কিন্তু যিবা বেঁহা ফথদি চলে য়িবা ধরা ফরিবো।

10 যে মানুষ চোগ টিবিয়েনে ইশারা গরে য়িবা দুক্য দেএ; বকর বকর গরা অসাড় বিবেক মানুষ তচনচ অই যাইবো।

11 আল্লাহ্ভক্তর মুক জিবনর ঝন্যার মতন, কিন্তু দুষ্টঅক্যলর জুলুমবাজ মনোভাব য়িতারার মুকর হতাত ঝাফা ফরে।

12 ঘিনা হইজ্যা বিবাদ জাগাই তুলে, কিন্তু মহব্যত অক্যল অন্যায় ঝাফাই রাকে।

13 যারার বিচারবুদ্যি আছে য়িতারার মুকত গেয়ান ফাআ যাআ, কিন্তু যারার বুদ্যি নাই য়িতারার ফিঢর লাই আছে লাটি।

14 গেয়ানি মানুষ গেয়ান জমা গরে, কিন্তু অসাড় বিবেকর মুক সবর্নাশ ডাকি আনে।

15 ফুইসাআলার ধনই য়িতারার দেবাল-ঘিরা শঅর; গরিবঅক্যলর অভাবই অইল্ য়িতারার সবর্নাশ।

16 আল্লাহ্ভক্তঅক্যলর মজুরি অইল্ ফরিফুন্য জিবন, কিন্তু দুষ্টঅক্যলর ইন্কামত গুনাহ্ বাড়ে।

17 যিবা শাসন মানে য়িবা জিবনর ফথদি চলে, কিন্তু যিবা সংশোধনর হতা অগ্রাইয্য গরে য়িবা বিফথত যাআ।

18 যে মানুষ য়িবার মনর মাঝে ঘিনা গোফন গরি রাকে য়িবা মিছা হতা হঅ; যে মানুষ নিন্দা রটাআ য়িবা বিবেচানাহিন।

19 বেশি হতার মাঝে অন্যায় আজির থাকে, কিন্তু যিবা তার মুক দমনত রাকে য়িবা বুদ্যিমান।

20 আল্লাহ্ভক্তঅক্যলর জিল্ফা হ্যাঁটি রুফার মতন, কিন্তু দুষ্টঅক্যলর দিলর দাম হম।

21 আল্লাহ্ভক্তঅক্যলর মুক বউত কেউঅরে লালন ফালন গরে, কিন্তু বুদ্যির অভাবে অসাড় বিবেক মানুষঅক্যলে মারা ফরে।

22 মাবুদ যিবারে দোয়া গরে য়িবাই ফুইসাআলা; য়েই দোয়াত্ হনঅ দুক্য হষ্ট নঅ থাকে।

23 হ্যারাফ হাম গরা বিবেচানাহিনর আনন্দ, কিন্তু বুদ্যিমানর আনন্দর বিষয় অইল্ গেয়ান।

24 দুষ্ট মানুষঅক্যলে যেগিন ডরাআ য়েগিনই য়িতারার উঅর ঘটিবো, কিন্তু আল্লাহ্ভক্তঅক্যলর ইচ্ছা ফুরন গরা অইবো।

25 ঘুন্যিঝর বোই গেলে দুষ্ট আর নঅ থাকে, কিন্তু যিবা আল্লাহ্ভক্ত য়িবা চিরহাল অটল থাকে।

26 দাঁতত শিরকা আর চোগত ধুঁয়া লাগিলে যেইল্যা হষ্ট অঅ, য়েইল্যা যারা আল্সিয়ারে হনঅ মিক্যা ফাটাআ য়িতারা হষ্ট ফাআ।

27 মাবুদর লাই ডর অঅয়াত বারাআ, কিন্তু দুষ্টঅক্যলর অঅয়াত হমাই দেয়া অইবো।

28 আল্লাহ্ভক্তঅক্যলর আশাত্ আনন্দ আছে, কিন্তু দুষ্টঅক্যলর আশাত্ ছাই ফরিবো।

29 মাবুদর ফথ সত মানুষঅক্যলর লাই কেল্যার মতন, কিন্তু যারা হ্যারাফ হাম গরে য়িতারার লাই য়েগিন সবর্নাশ।

30 আল্লাহ্ভক্ত মানুষঅক্যল অক্যল সমত অটল থাকিবো, কিন্তু দুষ্ট মানুষঅক্যলে দেশত থাকিত্ ফাইত্যো নঅ।

31 আল্লাহ্ভক্তঅক্যলর মুকর ত্যুন গেয়ানর হতা বাইর অঅ, কিন্তু যে জিল্ফা বেঁহা হতা হঅ য়িয়ান হাডি ফেলা অইবো।

32 আল্লাহ্ভক্তঅক্যলর মুক উফযুক্ত হতা হইত্ জানে, কিন্তু দুষ্টঅক্যলর মুক হালি বেঁহা হতাই হঅ।

নবিঅক্যলর কিতাব: মেসাল 11

1 ঠগামির দাঁরিফাল্যা মাবুদ ঘিনা গরে, কিন্তু নিয়াইজ্য সেরি ফাত্যোরত্ তেঁই খুশি অঅ।

2 অহংকারর লগে লগে অফমানঅ আইয়্যে, কিন্তু নম্রতার লগে আইয়্যে গেয়ান।

3 সত্ মানুষঅক্যলে ফরিচালিত অঅ য়িতারার সততা দিয়েনে, কিন্তু বেইমান মানুষঅক্যলে তচনচ অঅ নিজরার ছলনা দিয়েনে।

4 যেদিন আল্লাহ্র গজব লামি আইবো য়েই দিন ধন হনঅ উফহারত্ আইস্তো নঅ, কিন্তু আল্লাহ্র লাই ডর মরনর ত্যুন রক্যা গরিবো।

5 সত্ মানুষঅক্যলর আল্লাহ্ডর য়িতারার লাই সুজা ফথ বানাআ, কিন্তু দুষ্টঅক্যলর ফতন অঅ য়িতারার দুষ্টতা দিয়েনে।

6 সত্ মানুষঅক্যলর আল্লাহ- ডর য়িতারারে রক্যা গরে, কিন্তু বেইমান মানুষঅক্যলে নিজরার লোভর ফাঁদত্ ফরে।

7 দুষ্ট মানুষ মরিলে য়িবার আশাঅ নষ্ট অই যাআ; য়িবার শক্তির লাই য়িবা যে আশাগিন গইজ্যেল্ য়েগিন নষ্ট অই যাআ।

8 আল্লাহ্ভক্ত মানুষ হষ্টর ত্যুন উদ্যার ফাআ, কিন্তু য়েই হষ্ট দুষ্ট মানুষঅক্যলর উঅর আই ফরে।

9 আল্লাহ্র লাই যিবার ডর নাই য়িবা মুক দিয়েনে ফতিবাসির সবর্নাশ গরে, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষ গেয়ান দিয়েনে রক্যা ফাআ।

10 আল্লাহ্ভক্তঅক্যলর উন্যতি অইলে শঅরত আনন্দ অঅ, আর দুষ্টঅক্যলে তচনচ অইলে মাইন্য্যে আনন্দে চিল্যাআ।

11 সত্ মানুষঅক্যলে আল্লাহ্র দোয়া ফাইলে শঅরর উন্যতি অঅ, কিন্তু দুষ্টঅক্যলর মুক দিয়েনে শঅরর সবর্নাশ অঅ।

12 যে য়িবার ফতিবাসিরে তুছ্য গরে য়িবার বুদ্যির অভাব আছে, কিন্তু যিবার বিচারবুদ্যি আছে য়িবা য়িবার জিল্ফা সাম্লাআ।

13 যে ফরর বিষয় লইয়েনে আলোচানা গরে য়িবা গোফন হতা হই দেএ, কিন্তু বিশ্যস্ত মানুষ হতা গোফন রাকে।

14 উফযুক্ত ফরিচালানার অভাবে জাতি আআরি যাআ, কিন্তু বউত ফরামশ্যদাতা অইলে জাতি উদ্যার ফাআ।

15 যিবা অইন্যর জাবিন অঅ য়িবা নিচ্যয়ই হষ্ট ফাইবো, কিন্তু যিবা জাবিন অইতো অসিকার গরে য়িবা নিরাফদত থাকে।

16 সুন্দর সভাবর মাইয়্যাফোয়া সম্যান লাভ গরে, আর জুলুমবাজ মানুষঅক্যলে ধন লাভ গরে।

17 দয়ালু মানুষ নিজর উফহার গরে, কিন্তু নিঠুর মানুষ নিজর হোতি গরে।

18 দুষ্টু মানুষ যেগিন আয় গরে য়েগিন মিছা, কিন্তু যিবা আল্লাহ্-ডরর বিজ রুকে য়িবা আঁসাই য়িবার ফসল হাডিবো

19 যিবা আল্লাহ্-ডরে অটল য়িবা ফরিফুন্য জিবন ফাআ, কিন্তু যিবা হ্যারাফির ফিছদি দুঁরে য়িবা নিজর মরন ডাকি আনে।

20 যারার দিল্ কুটিল মাবুদ য়িতারারে ঘিনা গরে, কিন্তু যারা নিকুঁত জিবন হাডাআ য়িতারার উঅর তেঁই খুশি অঅ।

21 তোঁয়ারা নিচ্যয়ই জাইন্যো দুষ্টঅক্যল শাস্তি ফাইবোই ফাইবো, কিন্তু আল্লাহ্ভক্তঅক্যলে হনঅ শাস্তি ফাইতো নঅ।

22 শুয়োরর নাকত সোনার নথ দিলে যেইল্যা অঅ, য়েইল্যাই অঅ য়েই সুন্দরি মাইয়্যাফোয়া যিবার নেকি বদির বোধ নাই।

23 আল্লাহ্ভক্তঅক্যলর মনর ইছ্যা উন্যতি বোই আনে, কিন্তু দুষ্ট মানুষর আশার বদলে হালি আল্লাহ্র গজব লামি আইয়্যে।

24 যে কেউ খোলা আতে দান গরে য়িবা আরো বেশি লাভ গরে; আবার যে কেউ নিয়াইজ্য হ্যরস গইত্যে অসিকার গরে য়িবা অভাবত ফরে।

25 যিবা খোলা আতে দান গরে য়িবার উন্যতি অঅ; যিবা অইন্যরে তিফ্ত গরে য়িবা নিজেঅ তিফ্ত অঅ।

26 যিবা শইস্য আট্কাই রাকে মাইন্ষ্যে য়িবারে বদ্দোয়া দেএ, কিন্তু যিবা য়েগিন বেচে য়িবা দোয়ার ফাত্র অঅ।

27 যিবা ভালার তালাইশ গরে য়িবা দোয়া ফাআ, কিন্তু যিবা হ্যারাফির তালাইশ গরে য়িবার উঅর য়িয়ানই ঘটিবো।

28 যিবা য়িবার ধনর উঅর ভরসা গরে য়িবার ফতন অইবো, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষ হোস্যুয়া ফাতার মতন সতেজ থাকিবো।

29 যিবা য়িবার ফরিবারত হষ্ট লই আইয়্যে য়িবার ভাগত বাতাস বাদে আর কিছুই থাইক্তো নঅ; আর যারার বিবেক অসাড় য়িতারা গেয়ানিঅক্যলর গোলাম অইবো।

30 আল্লাহ্ভক্ত মানুষ অইন্যতারার হাছে জিবন গাছর মতন; যিবা অইন্যতারার মন জয় গরে য়িবা গেয়ানি।

31 এই দুনিয়াতই যুদি আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর ফাওনা ফঅন ফরে, তইলে দুষ্ট আর গুনাহ্গার মানুষঅক্যলে নিচ্যয়ই য়িতারার ফাওনা ফাইবো।

নবিঅক্যলর কিতাব: মেসাল 12

1 যিবা শাসন ভালাবাসে য়িবা গেয়ান ভালাবাসে, কিন্তু যে মানুষ সংশোধনর হতা ঘিনা গরে য়িবা ফশুর সমান।

2 ভালা মানুষ মাবুদর হাছর ত্যুন রহমত ফাআ, কিন্তু যিবা কুমতলব গরে মাবুদ য়িবারে দুষি বুলি ইস্তির গরে।

3 হ্যারাফি দিয়েনে হনঅ মানুষর জিবনত ইস্তিরতা নঅ আইয়্যে, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষর জিবনর ভিত্যি অটল থাকে।

4 ভালা আর গুনি বউ জামাইর মাথার তাজর মতন, কিন্তু যে বউ শরমর হাম গরে য়িবা য়িবার জামাইর ফুঁচা আঁড্যির মতন।

5 আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর চিন্তা নিয়াইয়ে ভরা, কিন্তু দুষ্টঅক্যলর ফরামশ্যত আছে ছলনা।

6 দুষ্ট মানুষঅক্যলে রক্তফাত গরিবার লাই ওঁত ফাতি থাকিবার হতা হঅ, কিন্তু নিয়াইবান মানুষঅক্যলে রক্যা গরিবার হতা হঅ।

7 দুষ্ট মানুষঅক্যলে তচনচ অই যাআ, য়িতারার বংশ নঅ থাকে, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর বংশ অটল থাকে।

8 মানুষ যেন্ গরিয়েনে বুদ্যি হ্যাডাআ য়েই মতন ফশংসা ফাআ, কিন্তু কুটিলমনা মানুষঅক্যলরে তুছ্য গরা অঅ।

9 যে মানুষ উঁর মাইন্ষ্যর ভান গরে কিন্তু ঘরত হ্যানা নাই, য়িবার ত্যুন যিবা উঁর মানুষ নঅঅ অথচ সঅর রাকে য়িবা বরং ভালা।

10 আল্লাহ্ভক্ত মানুষ য়িবার ফশুগিনর যন্ন গরে, কিন্তু দুষ্টঅক্যলর মমতাঅ নিঠুরতায় ভরা।

11 যিবা নিজর জবিনত মিন্যোত গরে য়িবার বউত হ্যানা থাকে, কিন্তু যিবা অসারতার ফিছ্দি দুঁরে য়িবার বুদ্যির অভাব আছে।

12 দুষ্টঅক্যলে হ্যারাফ মানুষঅক্যলর লুট গরা জিনিস ফাইতো চাআ, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর জিবন ফল দান গরে।

13 হ্যারাফ মানুষ য়িবার গুনাহ্ত ভরা হতাবাত্যা দিয়েনে ফাঁদত ফরে, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষ হষ্টর ত্যুন রেহাই ফাআ।

14 মানুষ য়িবার হতা দিয়েনে উন্যতিত ফরিফুন্য অইত্ ফারে, আর য়িবার হাম অনুযায়ি য়িবা ফল ফাআ।

15 অসাড় বিবেক মানুষর ফথ য়িবার নিজর হাছে ঠিগ মনে অঅ, কিন্তু গেয়ানি মানুষ ফরামশ্য উনে।

16 যিবার বিবেক অসার য়িবা য়িবার বিরক্তি দেহ্যাই ফেলে, কিন্তু সতর্ক মানুষ নিজর অফমান ঝাফাই দেএ।

17 সইত্যবাদির সাক্যির হারনে উচিত বিচার অঅ, কিন্তু মিছ্যাহ্যোরর সাক্যির হারনে ভুল বিচার অঅ।

18 বেফরোয়া হতা তলোয়ারর মতন আঘাত গরে, কিন্তু গেয়ানির হতা সুস্থ গরে।

19 সইত্যবাদির হতা চিরহাল এস্থায়ি, কিন্তু মিছ্যাহ্যোরর হতা অল্ফহাল এস্থায়ি।

20 যারা কুমতলব গরে য়িতারার দিলত ছলনা থাকে, কিন্তু যারা ভালার ফরামশ্য দেএ য়িতারার দিলত থাকে আনন্দ।

21 আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর জিবনত অবনতি নঅ অঅ, কিন্তু দুষ্টঅক্যলর জিবন অবনতিত ভরা থাকে।

22 মিছ্যাহ্যোর মুকরে মাবুদ ঘিনা গরে, কিন্তু যে মানুষঅক্যলে বিশ্যস্ততায় চলে য়িতারার উঅর তেঁই খুশি অঅ।

23 সতর্ক মানুষ যেগিন জানে য়েগিন হইয়েনে নঅ বেরাআ, কিন্তু বিবেচানাহিন মানুষঅক্যলে য়িতারার হতাত নির্বুদ্যিতা ফকাশ গরে।

24 মিন্যোইত্যা মানুষঅক্যলে হোত্যিত্য গরে, কিন্তু আল্সিয়া মানুষঅক্যলে ফরর অধিন অঅ।

25 দ্যুচিন্তার ভারে মানুষর দিল্ ভাঁগি ফরে, কিন্তু এক্যানা উত্সাঅর হতা য়িবারে আনন্দ দান গরে।

26 আল্লাহ্ভক্ত মানুষ য়িবার ফতিবাসিরে ফথ দেহ্যাআ, কিন্তু দুষ্টঅক্যলে এন্ ফথদি চলে যিয়ান য়িতারারেই বিফথত লই যাআ।

27 আল্সিয়া মানুষ নিজর হ্যানার লাই শিয়ার গইত্যোঅ নঅ যাআ, কিন্তু মানুষর বেক্যিনর ত্যুন মুইল্যবান সম্ফদ অইল্ মিন্যোইত্যা ওয়া।

28 নিয়াই ফথদি জিবন থাকে, য়েই ফথত মরন নাই।

নবিঅক্যলর কিতাব: মেসাল 13

1 গেয়ানি ফোয়া বাবার শাসন মানে, কিন্তু ঠঁঅশা বিদ্রফহারি সংশোধনত হান নঅ দেএ।

2 মানুষ নিজর হতা দিয়েনে উন্যতি লাভ গরিত্ ফারে; বেইমান মানুষ জুলুম গইত্যো চাআ।

3 যিবা য়িবার মুক সাবধানে রাকে য়িবা য়িবার ফরান রক্যা গরে, কিন্তু যিবা অসাবধানে হতা হঅ য়িবার সবর্নাশ অঅ।

4 আল্সিয়া ফাইতো চাআ কিন্তু কিছুই নঅ ফাআ, কিন্তু মিন্যোইত্যা মানুষঅক্যলে য়িতারার চাইবার অতিরিক্ত ফাআ।

5 আল্লাহ্ভক্ত মানুষ মিছারে ঘিনা গরে, কিন্তু দুষ্ট মানুষ শরম আর দুন্যামর হারন অঅ।

6 আল্লাহ্র লাই ডর সত্ মানুষরে রক্যা গরে, কিন্তু দুষ্টতা গুনাহ্গারঅক্যলর সবর্নাশ ঘটাআ।

7 কেউ নিজরে ফুইসাআলা দেহ্যাআ কিন্তু য়িবার কিছুই নাই; আর কেউ নিজরে গরিব দেহ্যাআ কিন্তু য়িবার বউত ধন আছে।

8 ফুইসাআলার ত্যুন য়িবার ধন দিয়েনেই নিজরে রক্য গরন ফরে, কিন্তু গরিব মানুষরে কেউ ডর নঅ দেহ্যাআ।

9 আল্লাহ্ভক্তঅক্যলর নুর উজ্যলভাবে জলে, কিন্তু দুষ্টঅক্যলর বাত্যি নিফি যাআ।

10 অহংকার হালি হইজ্যা বিবাদর সিষ্টি গরে, কিন্তু যারা উফদেশ উনে য়িতারার হাছে গেয়ান ফাআ যাআ।

11 মিন্যোত নঅ গরিয়েনে যে টিঁয়া ফাআ যাআ য়েগিন হোমি যাআ, কিন্তু যিবা মিন্যোত গরিয়েনে টিঁয়া জমাআ য়িবার টিঁয়া বারি যাআ।

12 আশা ফুরন অইতো দেরি অইলে দিল্ ভাঁগি ফরে, কিন্তু ইছ্যার ফরিফুন্যতা জিবন গাছর মতন।

13 যিবা আল্লাহ্র কালাম তুছ্য গরে য়িবা নিজর সবর্নাশ গরে, কিন্তু যিবা ডরে আল্লাহ্র উকুম মানে য়িবা য়িবার ফাওনা ফাআ।

14 গেয়ানি মানুষর দেয়া শিক্যা জিবনর ঝন্যার মতন; য়িয়ান মানুষরে মরনর ফাঁদর ত্যুন দুঁরে রাকে।

15 যিবার বুদ্যি ভালা য়িবা সম্যান ফাআ, কিন্তু বেইমান মানুষঅক্যলে শেষ অই যাইবো।

16 সতর্ক মানুষ গেয়ানর লগে হাম গরে, কিন্তু বিবেচানাহিন মানুষ য়িবার নির্বুদ্যিতা ফকাশ গরে।

17 দুষ্ট সংবাদদাতা বিফদত ফরে, কিন্তু বিশ্যস্ত সংবাদদাতা উফহার আনে।

18 যিবা শাসন অগ্রাইয্য গরে য়িবা অভাবত ফরে আর শরম ফাআ, কিন্তু যিবা সংশোধনর হতাত হান দেএ য়িবা সম্যানিত অঅ।

19 মনর ইছ্যা ফুরন অইলে দিল্ তিফ্ত অঅ, কিন্তু বিবেচানাহিনঅক্যলে হ্যারাফির ত্যুন দুরে সরি যাইতো ঘিনা বোধ গরে।

20 গেয়ানিঅক্যলর লগে যিবা চলাফিরা গরে য়িবা গেয়ানি অঅ, কিন্তু যিবা বিবেচানাহিনঅক্যলর উঁয়াইজ্যা য়িবার হোতি অঅ।

21 অবনতি গুনাহ্গারঅক্যলর ফিছ্দি ফিছ্দি দুঁরি আইয়্যে, কিন্তু উন্যতি অইল্ আল্লাহ্ভক্তঅক্যলর ফাওনা।

22 ভালা মানুষ য়িবার নাতি-নাতিনঅক্যলর লাই অধিকার রাকি যাআ, কিন্তু গুনাহ্গার অক্যলর ধন আল্লাহ্ভক্তঅক্যলর লাইই জমা গরা অঅ।

23 গরিবঅক্যলর জবিনত বউত শইস্য অঅ, কিন্তু অবিচারর হারনে য়েগিন হারি লোয়া অঅ।

24 যিবা য়িবার ফোয়ারে শাস্তি নঅ দেএ য়িবা ফোয়ারে মহব্যত নঅ গরে, কিন্তু যিবা ফোয়ারে মহব্যত গরে য়িবা তার শাসনর মিক্যাদি মনোযোগ দেএ।

25 আল্লাহ্ভক্ত মানুষঅক্যলে ফেট ভরিয়েনে হ্যাআ, কিন্তু দুষ্টঅক্যলে ফেট ভরিয়েনে হ্যাইত্ নঅ ফাআ।

নবিঅক্যলর কিতাব: মেসাল 14

1 বুদ্যিমতি মাইয়্যাফোয়া য়িবার সংসারর উন্যতি গরে, কিন্তু যে মাইয়্যাফোয়ার বিবেক অসার য়িবা নিজেই য়িবার সংসারর ভাঁগন ধরাআ।

2 যিবা সততাত চলে য়িবা মাবুদরে ডরাআ, কিন্তু যিবা বেঁহা ফথদি চলে য়িবা তেঁইরে তুছ্য গরে।

3 যিবার বিবেক অসার য়িবার হতাবাত্যাত অহংকার ফকাশ ফাআ, কিন্তু গেয়ানিঅক্যলে য়িতারার হতা দিয়েনে রক্যা ফাআ।

4 গরু নঅ থাকিলে জোঁয়া হ্যালি থাকে, কিন্তু বলদর শক্তি দিয়েনে বউত ফসল ফাআ যাআ।

5 বিশ্যস্ত সাক্যি মিছা হতা নঅ হঅ, কিন্তু অবিশ্যস্ত সাক্যি মিছা হতা হঅ।

6 যিবা ঠঁঅশা বিদ্রুফ গরে য়িবা গেয়ানর তালাইশ গরিয়েনেঅ নঅ ফাআ, কিন্তু যিবার বিচারবুদ্যি আছে য়িবা সঅজেই গেয়ান লাভ গরে।

7 বিবেচানাহিন মানুষর হাছর ত্যুন তুঁই যঅ গই, হারন য়িবার মুকত তুঁই গেয়ানর হতা ফাইতা নঅ।

8 বিচারবুদ্যি মতন চলন অইল্ সতর্ক মানুষর গেয়ান, কিন্তু ছলনা অইল্ বিবেচানাহিন মানুষর নির্বুদ্যিতা।

9 অসার বিবেকর মানুষঅক্যলে য়িতারার দোষ দিয়েনে একজন অইন্যজনর লগে বাঁধা থাকে, কিন্তু সত্ মানুষঅক্যলে বাঁধা থাকে উফহার গরিবার ইছ্যা দিয়েনে।

10 যিবার দিল্ তিতা য়িবা তঅ নিজেই বুঝে; একজনর দিলর আনন্দর ভাগি অইন্যজনে অইত্ নঅ ফারে।

11 দুষ্টঅক্যলর বাড়ি তচনচ অই যাইবো, কিন্তু সত্ মানুষঅক্যলর তাম্বু ঁরর ত্যুন আরো ঁর অইবো।

12 এক্যান ফথ আছে যিয়ান মানুষর চোগে ঠিগ বুলি মনে অঅ, কিন্তু য়েই ফথর শেষদি থাকে মিত্যু।

13 আঁসিবার সমতঅ মনত দুক্য থাকিত ফারে, আর আনন্দর শেষদি দুক্য থাকিত্ ফারে।

14 বেইমান মানুষঅক্যলে নিজরার আচার বেবারে তিফ্ত অঅ, কিন্তু ভালা মানুষঅক্যলে নিজরার আচার বেবারে আরো বেশি তিফ্ত অঅ।

15 বোহা মানুষ বেক হতাই বিশ্যাস গরে, কিন্তু সতর্ক মানুষ বিচারবুদ্যি হ্যাডাই চলে।

16 গেয়ানি মানুষ হ্যারাফিরে ডরাইয়েনে য়িয়ানর ত্যুন সরি যাআ, কিন্তু বিবেচানাহিন মানুষ নিজর উঅর বেশি বিশ্যাস গরিয়েনে

দ্যুসঅসি অঅ।

17 বদ্মেজাজি মানুষ বোহার মতন হাম গরে, আর কুমতলবহারিরে বেক্যিনে ঘিনা গরে।

18 বোহা মানুষঅক্যলে ফাওনা ইসাবে ফাআ নির্বুদ্যিতা, আর সতর্ক মানুষঅক্যলে ফুরস্কার ইসাবে ফাআ গেয়ান।

19 হ্যারাফ মানুষঅক্যলে হ্যারাফ মানুষঅক্যলর সাম্নদি নত অঅ, আর দুষ্টঅক্যলে আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর দরজার হাছে নত অঅ।

20 গরিবরে য়িবার ফতিবাসিঅক্যলে ফইয্যন্ত অফছন্দ গরে, কিন্তু ফুইসাআলার বউত বন্ধু থাকে।

21 যিবা য়িবার ফতিবাসিরে তুছ্য গরে য়িবা গুনাহ্ গরে, কিন্তু মোবারক য়িবা যিবা অভাবিঅক্যলর লাই দয়া গরে।

22 যারা হ্যারাফ হাম গরিবার ফন্দি গরে য়িতারা কি বিফথত নঅ যাআ না? কিন্তু যারা উফহার গরিবার ফরিহল্ফনা গরে য়িতারার লাই আছে বিশ্যস্ততা আর সততা।

23 বেক মিন্যোত লাভ লই আইয়্যে, কিন্তু উউদ্যা হতাবাত্যা হ্যালি অভাবর মিক্যাদি লই যাআ।

24 গেয়ানিঅক্যলর ফুরস্কার অইল্ য়িতারার ধন, কিন্তু বিবেচানাহিনঅক্যলর বোহামি আরো বোহামির জন্ম দেএ।

25 যে সাক্যি আঁসা হতা হঅ য়িবা অইন্যর জিবন রক্যা গরে, কিন্তু মিছা সাক্যি ছলনা গরে।

26 মাবুদর লাই ডরর ত্যুন ফুরাফুরি নিচ্যয়তা আইয়্যে আর য়িবার ফোয়ামাইয়্যাঅক্যলর লাই আশ্রয়র জাগা থাকে।

27 মাবুদর লাই ডর জিবনর ঝন্যার মতন; য়িয়ান মানুষরে মরনর ফাঁদর ত্যুন রক্যা দুরে রাকে।

28 মানুষজন বেশি অইলে বাদশার গোরব অঅ, কিন্তু ফ্রজা হম থাকিলে বাদশার সবর্নাশ অঅ।

29 যিবা সঅজে গোস্যা নঅ অঅ য়িবা বউত বুদ্যিমান, কিন্তু যিবা আতিক্যা গোস্যা অই যাআ য়িবা বোহামি তুলি ধরে।

30 শান্ত মন শরিলরে ভালা রাকে, কিন্তু ইংসা শরিলরে বেরাইম্যা বানাই তুলে।

31 যিবা গরিবর উঅর জুলুম গরে য়িবা য়িবার সিষ্টিহত্যারে অফমান গরে, কিন্তু যিবা অভাবিরে দয়া গরে য়িবা য়িবার সিষ্টিহত্যারে সম্যান গরে।

32 দুষ্টঅক্যলর অন্যায় হাম য়িতারার ফতন ঘটাআ, কিন্তু আল্লাহ্ভক্ত মানুষঅক্যলর মরনর সমতঅ আশা থাকে।

33 যারার বিচারবুদ্যি আছে য়িতারার দিলত গেয়ান শান্তভাবে থাকে, কিন্তু বিবেচানাহিনঅক্যলে য়িতারার গেয়ান দেহ্যাইবার লাই বেস্ত থাকে।

34 আল্লাহ্র লাই ডর জাতিরে সম্যানিত গরে কিন্তু গুনাহ্ জাতিরে অসম্যানত ফেলে।

35 যে হর্মচারি বুদ্যি গরিয়েনে হাম গরে বাদশা য়িবারে সুনজরে চাআ, কিন্তু যে হর্মচারি শরম-ভরা হাম গরে য়িবা তেঁইর গোস্যার ফাত্র অঅ।

নবিঅক্যলর কিতাব: মেসাল 15

1 নরম জোয়াব গোস্যা দুর গরে, কিন্তু হরা হতা গোস্যা জাগাই তুলে।

2 গেয়ানি মানুষঅক্যলর মুক গেয়ান ভালা গরিয়েনে বেবার গরে, কিন্তু বিবেচানাহিনঅক্যলর মুকর
ত্যুন বোহামি স্রোতর মতন বাইর অই আইয়্যে।

3 মাবুদর চোগ বেক জাগাতই আছে; য়িয়ান ভালা আর হ্যারাফ মানুষঅক্যলর উঅর নজর রাকে।

4 যে হতা মানুষর জিবনত সুস্থতা আনে য়িয়ান জিবন গাছর মতন, কিন্তু ছলনার হতা মানুষর মন
ভাঁগি দেঅ।

5 অসার বিবেক মানুষ যিবার বাবার শাসনরে তুছ্য গরে, কিন্তু সতর্ক মানুষ সংশোধনর হতাত হান
দেঅ।

6 আল্লাহ্ভক্তঅক্যলর ঘর অইল্ মআধনর ভান্ডার, কিন্তু দুষ্টঅক্যলর ইন্কাম বিফদ ডাকি আনে।

7 গেয়ানিঅক্যলর মুক গেয়ান ছরাআ, কিন্তু বিবেচানাহিনঅক্যলর দিল্ য়িয়ান নঅ গরে।

8 দুষ্টঅক্যলর হোরবানি মাবুদ ঘিনা গরে, কিন্তু হ্যাঁটি মানুষঅক্যলর মুনাজাতত তেঁই খুশি অঅ।

9 মাবুদ দুষ্টঅক্যলর ফথ ঘিনা গরে, কিন্তু যারা নিয়াই হাম গরিবার লাই আগাই যাআ য়িতারারে
তেঁই মহব্যত গরে।

10 যারা ঠিগ ফথ তিয়াগ গরে য়িতারার লাই হোটিন শাস্তি অফেক্যা গরের; যিবা সংশোধনর হতা
ঘিনা গরে য়িবা মরিবো।

11 মাবুদ তঅ তচনচর জাগা, মানি হব্যর দেকিত্ ফাআ; তইলে মানুষর দিল্ তেঁই আরো হত্য বেশি
গরিই না দেকিত্ ফাআর!

12 ঠঁঅশা-বিদ্রুফহারি সংশোধনর হতা ফছন্দ নঅ গরে; য়িবা গেয়ানিঅক্যলর হাছে নঅ যাআ।

13 দিলত আনন্দ থাকিলে মুকঅ খুশি দেহ্যাআ, কিন্তু দিলর যন্ত্রনাত মন ভাঁগি যাআ।

14 যিবার মনত বিচারবুদ্যি আছে য়িবা গেয়ানর তালাইশ গরে, কিন্তু বিবেচানাহিনর হ্যানা অইল্
বোহামি।

15 দুক্যির অক্যল দিনগিনই হষ্টত ভরা, কিন্তু যিবার মন খুশি থাকে য়িবার অক্যল দিনই যেন্
বিরাট হ্যানার দিন।

16 অশান্তির লগে বউত ধন লাভর ত্যুন মাবুদর লাই ডরর লগে এক্যানাঅ ভালা।

17 ফুইসাআলার মহব্যতহিন বাড়িত মোটাসোটা বাইচ্যা গরু থাকিবার ত্যুন গরিবর মহব্যতআলা
বাড়িত্ শাক-ভাতঅ ভালা।

18 রাগি মানুষ হইজ্যা হুঁছাই তুলে, কিন্তু যিবা সঅজে গোস্যা নঅ অঅ য়িবা হইজ্যা থামাই দেঅ।

19 আল্সিয়ার ফথ দুই ফাশদি কেঁডার বেরা দেয়া ফথর মতন, কিন্তু সত্ মানুষর ফথ যেন্
রাজফথ।

20 গেয়ানি ফোয়া বাবার জিবনর আনন্দ আনে, কিন্তু বিবেচানাহিন মানুষ মাআরে তুছ্য গরে।

21 যিবার বুদ্যির অভাব আছে য়িবা বোহামিত আনন্দ ফাআ, কিন্তু যিবার বিচারবুদ্যি আছে য়িবা সুজা ফথত আঁঢে।

22 ফরামশ্যর অভাবে ফরিহল্ফনা মিছা অই যাআ, কিন্তু ফরামশ্যদাতা বউত অইলে ফরিহল্পনা সফল অঅ।

23 যিবা উফযুক্ত জোয়াব দিত্ ফারে য়িবা খুশি অঅ;

ঠিগ সমত হতা হঅন হত্য ভালা!

24 বুদ্যিমান মানুষর জিবনর ফথ য়িবারে উঅরর মিক্যাদি লই যাআ, আর য়িয়ানত য়িবা হব্যরত যঅনর ত্যুন রক্যা ফাআ।

25 মাবুদ অহংকারিঅক্যলর বাড়ি ভাঁগি ফেলে, কিন্তু তেঁই রারির সিমানা ঠিগ রাকে।

26 মাবুদ অক্যল কুমতলব ঘিনা গরে, কিন্তু উফহারর হতাবাত্যা তেঁইর চোগত হ্যাঁটি।

27 লুভি মানুষ য়িবার ফরিবারত হষ্ট লই আইয়্যে, কিন্তু যিবা ঘুষ ঘিনা গরে য়িবা ফরিফুন্য জিবন ফাইবো।

28 আল্লাহ্ভক্ত মানুষর দিল্ চিন্তা গরিয়েনে জোয়াব দেএ, কিন্তু দুষ্টঅক্যলর মুকর ত্যুন হ্যারাফ হতার স্রোত বাইর অই আইয়্যে।

29 মাবুদ দুষ্টঅক্যলর হাছর ত্যুন দুরে থাকে, কিন্তু তেঁই আল্লাহ্ভক্তঅক্যলর মুনাজাত উনে।

30 আনন্দত ভরা চোগ অইন্যতারারে আনন্দ দেএ, আর ভালা হ্যবর আড্যি-গোস্তরে তাজা গরে।

31 যিবা জিবনদানহারি সংশোধনর হতাত হান দেএ য়িবা গেয়ানিঅক্যলর মাঝে থাকে।

32 যিবা শাসন অগ্রাইয্য গরে য়িবা নিজরেই তুছ্য গরে, কিন্তু যিবা সংশোধনর হতাত হান দেএ য়িবা বুদ্যি লাভ গরে।

33 মাবুদর লাই ডর মানুষরে গেয়ান শিক্যা দেএ, আর নম্রতা সম্যান আনে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 16

1 মানুষ মনে মনে ফরিহল্ফনা গরে, কিন্তু মুক দিয়েনে য়িয়ান ফকাশ গরিবার হ্যমতা মাবুদর হাছর ত্যুন আইয়্যে।

2 মানুষর অক্যল ফথই য়িবার নিজর হাছে নিদ্যোষ, কিন্তু মাবুদ য়িবার উদ্যেশ্যগিন ওজন গরিয়েনে চাআ।

3 তুঁই যিয়ানই গরিবা গর য়িয়ানর ভার মাবুদর উঅর ফেলি দঅ; য়িয়ানত তোঁয়ার ফরিহল্ফনা
সফল অইবো।

4 মাবুদ বেক কিছু বানাইয়্যে য়েগিনর নিজর নিজর উদ্যেশ্য মতন; দুষ্টরেঅ তেঁই দুদ্যশা দিনর লাইই
ঠিগ গরি রাইক্যে।

5 যারার দিল্ অহংকারি য়িতারার বেক্যিনরে মাবুদ ঘিনার চোগে চাআ; তোঁয়ারা নিচ্যয়ই জাইন্যো
য়িতারা শাস্তি ফাইবোই ফাইবো।

6 বিশ্যস্ততা আর সততার মইধ্য দিয়েনে অন্যায় দুর গরা যাআ; মাবুদর লাই ডরে মানুষ হ্যারাফির
ত্যুন সরি যাআ।

7 মানুষর জিবন দেকিয়েনে যহন মাবুদ খুশি অঅ তহন তেঁই য়িবার শত্রুঅক্যলরেঅ য়িবার লগে
শান্তিত থাকাআ।

8 অন্যায় বিচারর লগে বউত লাভর ত্যুন নিয়াই বিচারর লগে এক্যানাঅ ভালা।

9 মানুষ মনে মনে য়িবার ফথ সমন্দে ফরিহল্ফনা গরে, কিন্তু য়িবার ঠেংগর ধাফ মাবুদই
ফরিচালানা গরে।

10 বাদশার মুকত বিচারর নিয়াইজ্য রায় থাকে; য়িবার হতা নিয়াইবিচারর বিরুদ্যে নঅ যাআ।

11 সঠিক দাঁরিফাল্যা আর নিক্তি মাবুদর;

থৈলার সঠিক সেরিগিন তেঁইর চোগত ভালা।

12 বাদশার ফক্যে অন্যায় হাম গরন এক্যান জঘইন্য বেফার, হারন নিয়াই হামর মইধ্য দিয়েনে
সিংহাসন ইস্তির থাকে।

13 সইত্যবাদি মুক বাদশাঅক্যলরে আনন্দ দেএ; যিবা আঁসা হতা হঅ বাদশাঅক্যলে য়িবারে মহব্যত
গরে।

14 বাদশার গোস্যা মরনর ফেরেস্তার মতন, কিন্তু গেয়ানি মানুষ য়েই গোস্যা আন্তা গরে।

15 বাদশা খুশি অইলে জিবন বাঁচে; তেঁইর দয়া বসন্তহালর ঝরর মতন।

16 সোনার ত্যুন গেয়ান লাভ গরন হত্য ভালা! আর রুফার ত্যুন বিচারবুদ্যি লাভ গরন হত্য
ফছন্দনিয়!

17 হ্যারাফির ত্যুন সরি যঅনই অইল্ সত্ মানুষঅক্যলর জিবনর ফথ; যিবা য়িবার জিবন ফথর
মিক্যাদি খিয়াল রাকে য়িবা য়িবার ফরান রক্যা গরে।

18 অহংকার তচনচ আনে আর অহংকারে ভরা মন ফতন আনে।

19 অহংকারিঅক্যলর লগে লুটর জিনিস ভাগ গরি লইবার ত্যুন নরম মনোভাব লইয়েনে
অইত্যাচারিতঅক্যলর লগে থাকন বউত ভালা।
20 যিবা আল্লাহ্‌র কালামত হান দেএ য়িবারা উন্যতি অঅ, আর মোবারক য়িবা যিবা মাবুদর উঅর
ভরসা গরে।
21 যিবার দিলত গেয়ান আছে য়িবারে বুদ্যিমান হোয়া অঅ, আর মিঢা হতাত কেউঅরে শিক্যা দিলে
য়িবার গেয়ান বারে।
22 যিবার বুদ্যি আছে য়েই বুদ্যি য়িবার হাছে জিবনর ঝন্যার মতন; অসার বিবেক মানুষঅক্যলর
বোহামিই য়িতারার শাস্তি।
23 গেয়ানি মানুষর দিল্ য়িবার মুকরে ফরিচালানা গরে, য়িয়ানত য়িবার শিক্যাত অইন্যতারার
গেয়ান বারে।
24 মিঢা হতা মধুফোগর বাআর মতন; দিলর লাই য়িয়ান মধুর আর য়িয়ান শরিলরে ভালা রাকে।
25 এক্যান ফথ আছে যিয়ান মানুষর চোগে ঠিগ মনে অঅ, কিন্তু য়েই ফথর শেষদি থাকে মরন।
26 ভুগ মানুষরে মিন্যোত গরাআ; য়িবার ফেডর ভুগ য়িবারে হাম গইত্যো বাইধ্য গরে।
27 নিচুমনা মানুষ হ্যারাফ হাম গরিবার লাই ষড়যন্ত্র গরে; য়িবার হতাবাত্যা ঝল্সাই দইন্যা আগুনর
মতন।
28 যিবা কুটিল য়িবা হইজ্যা হ্যুঁছাই তুলে, আর যিবা নিন্দা রটাআ য়িবা বন্ধুত্যর ভাঁগন ধরাআ।
29 জুলুমবাজ মানুষর জিবন দেকিয়েনে অইন্যতারা লোভত ফরে আর কুফথত যাআ।
30 যিবা চোগ টিবে য়িবা কুমতলব গরে; যিবা ঠোঁড বেঁহা গরে য়িবা হ্যারাফ হাম গরিবো বুলিয়েনে
ঠিগ গইজ্যে।
31 ফাক্যা চুল অইল্ সুন্দইয্যর তাজ; আল্লাহ্‌র লাই ডরভরা জিবন হাডাইয়েনে য়িয়ান ফাআ যাআ।
32 যিবা সঅজে গোস্যা নঅ অঅ য়িবা যুদ্যার ত্যুনঅ ভালা; যিবা শঅর জয় গরে য়িবার ত্যুন যিবা
নিজরে দমনত রাকে য়িবা ভালা।
33 মাইন্ষ্যে লটারি গরে, কিন্তু য়িয়ানর ফলাফল মাবুদই ঠিগ গরে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 17

1 হইজ্যা-বিবাদে ভরা বিরাট হ্যানার ঘরর ত্যুন শান্তির লগে এক টুঁরা উয়ানা রুটিঅ ভালা।
2 ফরিবারত অসম্যান আনা ফোয়ার উঅর বুদ্যিমান সঅর হত্যা অঅ, আর ভাইগিনর মাঝে
য়িবাঅ সম্বত্যির অধিকার ফাআ।

3 রুফা যাচাই গরিবার লাই আছে গলাইবার ফাত্র আর সোনার লাই আছে চুলা, কিন্তু মাবুদই দিল্
যাচাই গরে।

4 দুষ্ট মানুষ হ্যারাফ হতা উনে; মিছাহ্যোর সবর্নাশর হতাত হান দেএ।

5 যিবা গরিবঅক্যলরে ঠঁঅশা গরে য়িবা য়িতারার সিষ্টিহত্যারে অফমান গরে; যিবা অইন্যতারার
বিফদত আনন্দ গরে য়িবা শাস্তি ফাইবোই ফাইবো।

6 নাতি-নাতিন বুরা মানুষর তাজর মতন, আর বাবা য়িবার ফোয়ামাইয়্যাঅক্যলর অহংকারর
বিষয়।

7 নিচুমনা মানুষঅক্যলর ফক্যে উঁর উঁর হতা হঅন নঅ মানাআ, আবার উচুল ফদর মানুষঅক্যলর
ফক্যেঅ মিছা হতা হোয়া নঅ মানাআ।

8 যিবা ঘুষ দেএ য়িবার হাছে য়িয়ান সোভাইগ্যর ফাত্যোরর মতন; য়িবা যিক্যা ফিরে য়িক্যাই সফল
অঅ।

9 যিবা অন্যায় ঝাফাই দেএ য়িবা মহব্যত বারাই তুলে, কিন্তু যিবা য়িয়ান হই বেরাআ য়িবা
বন্ধুত্যত ভাঁগন ধরাআ।

10 বিবেচানাহিনঅক্যলর হাছে সঁঅকর একশ্যুয়া আঘাত যেত না লাগে, একবার গাইল হ্যাইলে
বুদ্যিমানর য়িয়ানর ত্যুন বেশি লাগে।

11 বিদ্রোয়ি হ্যালিই হ্যারাফির মিক্যাদি ঝুকে; য়িবার বিরুদ্যে একজন নিঠুর ফেরেস্তারে ফাটাআ
অইবো।

12 যে বিবেচানাহিন মানুষ বোহামির মাঝে ফরি আছে য়িবার লগে দেহ্যা অঅনর ত্যুন বাইচ্যা চুরি
ওয়া ভাল্যুকর লগে দেহ্যা অঅন বরং ভালা।

13 যিবা উফহারর বদলে অফহার গরে, অফহার হনঅ দিনঅ য়িবার বারি ছাইত্যো নঅ।

14 হইজ্যা শুরু গরন বাঁধ ভাঁগা ফানির মতন, য়িয়ানর লাই হতা হাডাহাডির শুরুতই য়িয়ান বাদ
দিয়ো।

15 যারা দুষিরে নিদ্যোষ বুলি ধরে আর যারা নিদ্যুষিরে দুষি বানাআ, য়িতারার দুইজনরেই মাবুদ
ঘিনা গরে।

16 গেয়ান লাভর লাই বিবেচানাহিন বোহা মানুষর আতত

টিঁয়া থাকিলে কি লাভ? য়িবার তঅ বুদ্যি নাই।

17 বন্ধু অক্যল সমতই ভালাবাসে, আর ভাই থাকে দুদ্যশার সমত সাইয্য গরিবার লাই।

18 যিবার বিচারবুদ্যির অভাব আছে য়িবা আতে আত মিলাইয়েনে চুক্তি গরে আর বন্ধুর জাবিন অঅ।

19 যিবা বিরুদ্য মনোভাব লইয়েনে থাইক্তো ভালাবাসে য়িবা হইজ্যা গইত্যো ভালাবাসে; যিবা বরাই গরে য়িবা তচনচ ডাকি আনে।

20 যিবার দিল্ কুটিল্ য়িবার উন্যতি নঅ অঅ; যিবা ছলনার হতা হঅ য়িবা বিফদত ফরে।

21 বিবেচানাহিন ফোয়াছা মা বাবার লাই দুক্য লই আইয়্যে; ডরছারা ফোয়াছার বাবার আনন্দ হইতে কিছু নাই।

22 আনন্দিত দিল্ সাইস্ত ভালা রাকে, কিন্তু ভাঁগা মন সাইস্ত হ্যারাফ গরে।

23 বিচারর রায় ঘুরাই দিবার লাই দুষ্ট মানুষ লুকাই রাকা ঘুষ লঅ।

24 যিবার বিচারবুদ্যি আছে য়িবা গেয়ানর মিক্যাদি মনোযোগ দেএ, কিন্তু বিবেচানাহিন মানুষর মন দুনিয়ার অক্যল মিক্যাদিই ঘুরি বেরাআ।

25 বিবেচানাহিন ফোয়া বাবারে বিরক্ত গরি তুলে, আর যিবা য়িবারে ফেডত ধইজ্যে য়িবার মন য়িবা তিতা বানাই দেএ।

26 নিদ্যোষ মানুষরে জরিমানা গরন বা উচুল ফদর মানুষর সততার লাই য়িবারে মাইরধইর গরন ঠিগ নঅঅ।

27 বুদ্যিমান মানুষ নিজরে দমনত রাকিয়েনে হতা হঅ; যিবার বিচারবুদ্যি আছে য়িবার মেজাজ ঠান্ডা।

28 চুব গরি থাকিলে অসার বিবেকর মানুষরেঅ গেয়ানি মনে অঅ, আর মুক বন্ধ রাকিলে মনে অঅ য়িবার বিচারবুদ্যি আছে।

নবিঅক্যলর কিতাব: মেসাল 18

1 যিবা নিজরে সমাজর ত্যুন আলিদা গরি রাকে য়িবা নিজর ইছ্যা ফুরন গইত্যো চেষ্টা গরে, আর য়িবা বেক বুদ্যিফুন্য ফরিহল্ফনার বিরুদ্যে থিয়াআ।

2 বিবেচানাহিন মানুষ নেকি বদি বুঝিবার বেফারে হনঅ আনন্দ নঅ ফাআ, কিন্তু নিজর মতামত ফকাশতই আনন্দ ফাআ।

3 দুষ্টতা ডাকি আনে ঘিনা আর অসম্যান ডাকি আনে নিন্দা।

4 মানুষর মুকর হতা যেন্ মেডির গভিরে থাকা ফানি, কিন্তু গেয়ানি মানুষর মুকর হতা যেন্ ঝন্যার ত্যুন বাইর অই আইয়্যোইন্যা স্রোতর ফানি।

5 দুষি মানুষর ফক্য লঅন ঠিগ নঅঅ, য়িয়ানত নিদ্যুষির লগে অবিচার গরা অঅ।

6 বিবেচানাহিনর মুকর হতা দিয়েনে মকদ্যমা অঅ, আর য়িবার হতার লাই য়িবার ত্যুন মাইর হ্যঅন ফরে।

7 বিবেচানাহিনর মুকই য়িবার সবর্নাশর হারন; য়িবার হতার লাই য়িবার জিবন ফাঁদত ফরে।

8 নিন্দার হতা টেসআলা হ্যানার মতন, মানুষর দিলর গভিরত য়িয়ান লামি যাআ।

9 যিবা নিজর হামত আল্সেমি গরে য়িবা তচনচহারির ভাই।

10 মাবুদই শক্ত কেল্যার মতন; আল্লাহ্ভক্ত মানুষ য়েডে দুঁরি যাইয়েনে রক্যা ফাআ।

11 ফুইসাআলার ধনই য়িতারার দেবাল ঘিরা শঅর; য়িতারার ধনরেই য়িতারা মনে গরে রক্যাহারি দেবাল্।

12 মানুষর দিলর অহংকার তচনচ আনে, কিন্তু নম্রতা সম্যান আনে।

13 উনিবার আগদিই যিবা জোয়াব দেএ য়িবার ফক্যে য়িয়ান বোহামি আর শরমর বিষয়।

14 দুবর্লতার সমত মনর বলই মানুষরে ধরি রাকে, কিন্তু ভাঁগা মন হনে সইয্য গরিত্ ফারে?

15 যিবার মনত বিচার বুদ্যি আছে য়িবা গেয়ান লাভ গরে, আর গেয়ানিঅক্যলর হান গেয়ানর তালাইশ গরে।

16 উফহ্যার মানুষর লাই ফথ গরি দেএ আর উঁরমানুষঅক্যলর সাম্নদি য়িবারে আজির গরে।

17 মকদ্যমার সমত যিবা ফইল্যা নিজর ফক্যে হতা হঅ য়িবার হতা আঁসা মনে অঅ, যেতক্যন না আর একজন আইয়েনে য়িবারে জেরা গরে।

18 লটারি গরিয়েনে হইজ্যা বন্ধ গরা অঅ আর দুই বলির ফক্যের মাঝে মিমাংসা গরা অঅ।

19 ভাইঅরে দিয়েনে অফমানিত ওয়া ভাই শক্তিশালি শঅরর ত্যুনঅ শক্ত; আর হইজ্যা বিবাদ রাজবাড়ির দরজার শক্ত উঁকর মতন।

20 মানুষ য়িবার হতা দিয়েনে যে ফল লাভ গরে য়িয়ানত য়িবার দিল্ ভরি যাআ; য়িবার হতার হারনে য়িবা যেগিন ফাআ য়েগিন য়িবারে তিফ্ত রাকে।

21 মুকর হতার উঅর ভরসা গরে জিবন আর মরন; যারা উফযুক্ত হতা হইতো ভালাবাসে য়িতারা য়েগিনর ফল লাভ গরিবো।

22 যিবা বউ ফাআ য়িবা দোয়া ফাআ আর মাবুদর হাছর ত্যুন রহমত ফাআ।

23 গরিব মানুষ দয়া ফাইবার লাই হাকুতি মিনতি গরে, কিন্তু ফুইসাআলা অফমানে ভরা হরা জোয়াব দেএ।

24 যিবার বউত বন্ধু য়িবার সবর্নাশ অইত্ ফারে, কিন্তু এন্ বন্ধু আছে য়িবা ভাইঅর ত্যুনঅ বেশি বিশ্যস্ত।

নবিঅক্যলর কিতাব: মেসাল 19

1 যে বিবেচানাহিন মানুষ বেঁহা হতা হঅ য়িবার ত্যুন য়েই গরিব মানুষ্যুয়া ভালা যিবা সততাত চলাফিরা গরে।

2 আবার গেয়ানহিন অঅনঅ ভালা নঅঅ; যিবা তারাহুরা গরিয়েনে বেক হাম গইত্যো যাআ য়িবা ভুল গরে।

3 মানুষর নিজর বোহামিই য়িবারে বিফথত লই যাআ, কিন্তু তঅঅ য়িবার দিল্ মাবুদর বিরুদ্যে খ্যেফি উঢে।

4 ধন বউত বন্ধু লই আইয়্যে, কিন্তু তঅঅ গরিব মানুষ য়িবার বন্ধু আরাআ।

5 মিছা সাক্যি শাস্তি ফাইবোই ফাইবো; যে সাক্যি মিছা হতা হঅ য়িবা রেহাই ফাইতো নঅ।

6 উচুল ফদর মানুষর দয়া ফাইবার লাই বউত কেউই য়িবার তোষামোদ গরে, আর যিবা দান গরে বেক্যিনে য়িবার বন্ধু অঅ।

7 গরিবরে য়িবার আত্যিয়-সজনঅক্যলে বেক্যিনে যহন এরাই চলে তহন ইয়ান নিচ্যিত দে, য়িবার বন্ধুবান্ধবঅক্যলে য়িবার হাছর ত্যুন দুরে থাকিবো। য়িবার হাকুতি-মিনতিত্ য়িতারা হান দিতো নঅ।

8 যিবা নিজরে ভালাবাসে য়িবা বুদ্যি লাভ গরে; যিবা বিচারবুদ্যি বেবার গরিয়েনে চলে য়িবা দোয়া ফাআ।

9 মিছা সাক্যি শাস্তি ফাইবোই ফাইবো; যে সাক্যি মিছা হতা হঅ য়িবা তচনচ অইবো।

10 বিবেচানাহিনর ফক্যে সুখভোগ গরন যহন উফযুক্ত নঅঅ, তহন গোলামর ফক্যে রাজফুরুষঅক্যলর উঅর হত্যা অঅন আরো অনফযুক্ত।

11 যে মানুষর বুদ্যি আছে য়েই বুদ্যি য়িবারে সঅজে গোস্যা অইতো নঅ দেঅ; য়িবার বিরুদ্যে কেউ দোষ গরিলে য়িয়ান নঅ ধরন য়িবার ফক্যে গোরব।

12 বাদশার গোস্যা সিংহর গজ্যনর মতন, কিন্তু য়িবার দয়া যেন্ খেরর উঅরদি ফরা হ্যোয়া।

13 বিবেচানাহিন ফোয়া য়িবার বাবার সবর্নাশর হারন অঅ, আর হইজ্যাআলা বউ টেব্টেবাই ফোডা ফরিবার মতন।

14 ঘর বাড়ি আর ধন বাবার হাছর ত্যুন ফাআ যাআ, কিন্তু বুদ্যিমতি বউ ফাআ যাআ মাবুদর হাছর ত্যুন।

15 আল্‌সেমি গভির ঘুম লই আইয়্যে; আল্‌সিয়া মানুষ ভুগে হষ্ট ফাআ।

16 যিবা আল্লাহ্‌র শরিয়ত ফালন গরে য়িবা য়িবার জিবন রক্যা গরে; কিন্তু যিবা য়িবার জবন ফত্থর মিক্যাদি মনোযোগ নঅ দেএ য়িবা মরিবো।

17 যিবা গরিবরে দয়া গরে য়িবা মাবুদরে উদার দেএ; মাবুদই য়িবার য়েই উফহারর ফতিদান দিবো।

18 তোঁয়ার ফোয়ারে শাসন গর,হারন য়িয়ানত আশা আছে; য়িবার মরন ঘটাইতো নঅ চাইয়্যো।

19 অতিরিক্ত রাগি মানুষর ত্যুন শাস্তি ফঅন ফরিবো; য়িবারে একবার রক্যা গরিলে বার বার য়িয়ান গরন ফরিবো।

20 উফদেশত হান দঅ, শাসন মানি চল; ফরদি তুঁই গেয়ানি অইত্‌ ফারিবা।

21 মানুষর মনত বউত ফরিহল্ফনা থাকে, কিন্তু মাবুদ যিয়ান ঠিগ গইজ্যে য়িয়ানই অইবো।

22 মানুষ মানুষর হাছর ত্যুন অটল মহব্যত ফাইতো চাআ; মিছাহ্যোরর ত্যুন গরিব মানুষ ভালা।

23 মাবুদর লাই ডর ফরিফুন্য জিবনর মিক্যাদি লই যাআ; যিবার য়েই জিবন আছে য়িবা ফরিতিফ্‌ত থাকে, হনঅ বিফদ য়িবার হাছে আইত্‌ নঅ ফারে।

24 আল্‌সিয়া মানুষ বাসনত আত ডুফাআ; য়িবা আতগান মুকত তুইল্‌তোঅ নঅ চাআ।

25 ঠঁঅশা বিদ্রুফহারিরে মাইর দিলে বোহা মানুষ সতর্ক অইবো; বুদ্যিমানরে সংশোধন গরিলে য়িবা গেয়ান লাভ গরিবো।

26 যে ফোয়া বাবার উঅর জুলুম গরে আর মারে দুঁরাই দেএ, য়িবা য়িতারার উঅর শরম আর অফমান ডাকি লই আইয়্যে।

27 ফোয়া আঁর, যুদি তুঁই শাসন নঅ মান তইলে তুঁই গেয়ানর শিক্যার ত্যুন অইন্য মিক্যাদি সরি যাইবা।

28 দুষ্ট সাক্যি নিয়াই বিচার লইয়েনে ঠঁঅশা গরে; দুষ্টঅক্যলে অন্যায়র মাঝে ডুফি থাকে।

62 তহন মআ-ইমাম উটি থিয়াইয়েনে ইসারে হইল্, "তুঁই কি হনঅ জোয়াব দিতা নঅ
না? ইতারা তোঁয়ার বিরুদ্যে এগিন কি সাক্যি দেএর?"
63 ইসা কিন্তু চুব গরিই রইল্। মআ-ইমাম আবার তেঁইরে হইল্, "তুঁই জিন্দা আল্লাহ্র
সোঅন হ্যাইয়েনে আঁরারে হঅ দে, তুঁই য়েই মসিহ্ ইব্নুল্লাহ্ নাকি।"
64 তহন ইসা তেঁইরে হইল্, "জি, অনে ঠিগ হতাই হইয়্যোন। তঅ আঁই অনরারে ইয়ানঅ
হইর, ইয়ার ফরদি অনরা ইব্নে আদমরে সর্বশক্তিমান আল্লাহ্র ডাইন ফাশদি বই
থাইক্তো আর মেউলাত গরিয়েনে আইস্তো দেকিবান।"
65 তহন মআ-ইমাম তেঁইর হঅর ছিরি ফেলিয়েনে হইল্, "ইবা কুফরি গরিল্। আঁরার
ত্যুন আর সাক্যির কি দরহার? এহনই তঅ অনরা উনিলান, য়িবা কুফরি গরিল্।
66 অনরা কি মনে গরন?" য়িতারা জোয়াব দিল্, "ইবা মিত্যুর উফযুক্ত।"
67 তহন মানুষঅক্যলে ইসার মুকত সেফ দিল্ আর ঘুষি ও থাক্ফর মারিল্।

68 য়িতারা হইল্, “এই মসিহ্, হঅ তঅ চাই, হনে তোরে মারিল্?”

হযরত ফিতরর অশ্যিকার

69 য়েই সমত ফিতর বাইরের উঢানত বই আছিল্। একজন সঅর মাইয়্যাফোয়া তেঁইর
হাছদি আইয়েনে হইল্, “গালিলর ইসার লগে তঅ অনেঅ আছিলান।”
70 কিন্তু ফিতর বেক্যিনর সাম্নদি অশ্যিকার গরিয়েনে হইল্, “তুঁই কি হইতা লাইগ্যো
য়িয়ান আঁই নঅ জানি।”
71 ইয়ার ফরদি ফিতর বাইরে দরজার হাছে গেল্। তেঁইরে দেকিয়েনে আর একজন সঅর
মাইয়্যাফোয়া য়েডিয়ার মানুষঅক্যলরে হইল্, “এই মানুষ্যুয়া নাসরতর ইসার লগে
আছিল্।”
72 তহন ফিতর সোঅন হ্যাইয়েনে আবার অশ্যিকার গরিয়েনে হইল্, “আঁই য়েই
মানুষ্যুয়ারে নঅ চিনি।”
73 যে মানুষগিন য়েডে থিয়াই আছিল্ য়িতারা কিছুক্যন ফরদি ফিতররে আইয়েনে হইল্,
“নিচ্যয়ই তুঁই য়িতারার একজন; তোঁয়ার ভাষাই তোঁয়ারে ধরাই দেএর।”
74 তহন ফিতর নিজরে বদ্দোয়া দিল্ আর সোঅন হ্যাইয়েনে হইতো লাগিল্, “আঁই য়েই
মানুষ্যুয়ারে একদম নঅ চিনি।” আর তহনই উগ্যুয়া মোরগ বাগ্ দিই উটিল্।
75 তহন ফিতরর মনত ফরিল্ ইসা হইয়্যেল্, “মোরগ বাগ্ দিবার আগদি তুঁই তিনবার
হইবা দে, তুঁই আঁরে নঅ চিন।” আর ফিতর বাইরে যাইয়েনে বউত হাঁইন্তো লাগিল্।

ফইল্যা সিফারা: মতি 27

ফিলাতর সাম্নদি হযরত ইসা মসিহ্

1 ফজরত মেইন ইমামঅক্যল আর বুরা নেতাঅক্যল বেক্যিনে ইসারে মারি ফেলিবার হতাই
ঠিগ গরিল্।
2 য়িতারা ইসারে বাঁধি নিই যাইয়েনে রোমিয় মেইন শাসনহত্যা ফিলাতর আতত দিল্।

এহুদার মিত্যু

3 ইসারে শত্রুঅক্যলর আতত যিবা ধরাই দিয়্যেল্ য়েই এহুদা যহন দেকিল্ ইসারে বিচারত
দুষি বুলি ঠিগ গরা অইয়্যে তহন য়িবার মনত বউত দুক্য অইল্। য়িবা মেইন
ইমামঅক্যল আর বুরা নেতাঅক্যলর হাছে য়েই তিরিশ্যুয়া রুফার টিঁয়া ফেরত দিয়েনে
হইল্,
4 “আঁই নিদ্যোষিরে মারি ফেলিবার লাই ধরাই দিয়েনে গুনাহ্ গজ্যি।” য়িতারা হইল্,
“য়িয়ানত আঁরার কি? তুঁইই য়িয়ান বুঝিবা।”
5 তহন এহুদা য়েই রুফার টিঁয়াগিন নিয়েনে বায়তুল মোকাদ্যসর মইধ্যে ফাক মারি ফেলি
দিয়েনে গেল্ গই আর গলাত দরি দিয়েনে মরিল্।

6 মেইন ইমামঅক্যলে য়েই রুফার টিঁয়াগিন নিয়েনে হইল্, “এই টিঁয়া বায়তুল মোকাদ্যসর
তহ্বিলত্ রাকন ঠিগ নঅঅ, হারন ইয়ান রক্তর দাম।”
7 ফরদি য়িতারা ফরামশ্য গরি য়েই টিঁয়া দিয়েনে বিদেশিঅক্যলর উগ্যয়া হবরএস্তানর লাই
কুঁয়ারর জমি কিনিল্।
8 য়িয়ানর লাই য়েই জমিরে আইজঅ ‘রক্তর জমি’ হোয়া অঅ।
9 ইয়ানত নবি ইয়ারমিয়ার মইধ্য দিয়েনে যে হতা হোয়া অইয়্যেল্ য়িয়ান ফুরন অইল্:
“য়িতারা তিরিশ্যয়া রুফার টিঁয়া নিল্। এই টিঁয়া তেঁইর দাম। বনি-ইসরাইলঅক্যলে
তেঁইর লাই এই দাম ঠিগ গইজ্যেল্।
10 মাবুদ যেইল্যা আঁরে উকুম দিয়্যেল্ য়েই মতনই য়িতারা কুঁয়ারর জমির লাই এই
টিঁয়াগিন দিল্।”

হযরত ইসা মসিহ্র বিচার

11 ইক্যাদি ইসা তহন মেইন শাসনহত্যা ফিলাতর সাম্নদি থিয়াই আছিল্। শাসনহত্যা
তেঁইরে ফুছার গরিল্, “তুঁই ইহুদিঅক্যলর বাদশা নাকি?” ইসা জোয়াব দিল্, “অনে ঠিগই
হইতা লাইগ্যোন।”
12 মেইন ইমামঅক্যলে আর বুরা নেতাঅক্যলে ইসারে বউত দোষ দিল্ কিন্তু তেঁই হনঅ
জোয়াব নঅ দিল্।
13 তহন ফিলাত ইসারে হইল্, “য়িতারা তোঁয়ারে হত দোষ দেএর য়েগিন কি তুঁই নঅ
উইন্তা লাইগ্যো না?”
14 ইসা কিন্তু উগ্যয়া হতারঅ জোয়াব নঅ দিল্। ইয়ানত য়েই শাসনহত্যা বউত তাইজ্যব
অই গেল্।
15 ফত্যি উদ্যার-ইদর সমত মেইন শাসনহত্যা মানুষঅক্যলর ফছন্দ গরা একজন হয়েদিরে
ছারি দিতো। ইয়ানই আছিল্ য়িবার নিয়ম।
16 য়েই সমত বারাব্যা নামর একজন কুক্যাত হয়েদি আছিল্।
17 মানুষঅক্যলে একলগে জমা অইলে ফর ফিলাত য়িতারারে ফুছার গরিল্, “তোঁয়ারা কি
চঅ? তোঁয়ারার হাছে আঁই হারে ছারি দিয়োম, বারাব্যারে নাকি যিবারে মসিহ্ হঅ য়েই
ইসারে?”
18 ফিলাত জাইন্তো, মানুষঅক্যলে ইংসা গরিয়েনেই ইসারে ধরাই দিয়্যে।
19 ফিলাত যহন বিচারর আসনত বই আছিল্, তহন তেঁইর বউ তেঁইরে হই ফাটাইল্,
“য়েই নিদ্যোষ মানুষ্যুয়ারে তুই কিছু নঅ গইজ্যো, হারন আজিয়া হ্যোয়াবত আঁই তেঁইর
হারনে বউত হষ্ট ফায়্যি।”
20 কিন্তু মেইন ইমামঅক্যলে আর বুরা নেতাঅক্যলে মানুষঅক্যলরে উস্কাই দিল্ যেন্
য়িতারা বারাব্যারে চাই লঅ আর ইসারে মারি ফেলিবার হতা হঅ।
21 ফরদি মেইন শাসনহত্যা মানুষঅক্যলরে ফুছার গরিল্, “এই দুইজনর মইধ্যে আঁই
তোঁয়ারার হাছে হারে ছারি দিয়োম?” য়িতারা হইল্, “বারাব্যারে।”

22 তহন ফিলাত য়িতারারে হইল্, "তইলে যিবারে মসিহ্ হঅ য়েই ইসারে নিয়েনে আঁই কি
গইজ্যোম?" য়িতারা বেক্যিনে হইল্, "য়িবারে কুরুশত দেয়া অক।"
23 ফিলাত হইল্, "কিয়া, য়িবা কি দোষ গইজ্যে?" ইয়ানত য়িতারা আরো বউত
চিল্যাচিল্যি গরিয়েনে হইতো লাগিল্, "য়িবারে কুরুশত দেয়া অক।"
24 ফিলাত যহন দেকিল্ তেঁই কিছুই গরিত্ নঅ ফারের বরং আরো বেশি গোলমাল
অঅর, তহন তেঁই ফানি নিয়েনে মানুষঅক্যলর সাম্নদি আত ধুইয়েনে হইল্, "এই
মানুষর রক্তর লাই দায়ি আঁই নঅ; তোঁয়ারাই য়িয়ান বুঝিবা।"
25 জোয়াবে মানুষঅক্যল বেক্যিনে হইল্, "আঁরা আর আঁরার ফোয়াছাঅক্যলে য়িবার রক্তর
দায়ি অইয়োম।"
26 তহন ফিলাত বারাব্যারে মানুষঅক্যলর হাছে ছারি দিল্, কিন্তু ইসারে বউত বেশি
গরিয়েনে সঁঅক মারিবার উকুম দিয়েনে কুরুশর উঅরদি মারি ফেলিবার লাই দিল্।

সৈন্যঅক্যলর ঠঁঅশা-বিদ্রুফ

27 তহন মেইন শাসনহত্যা ফিলাতর সৈন্যঅক্যলে ইসারে নিয়েনে তেঁইর বাড়ির ভিতরে
গেল্ আর বেক সৈন্যদলরে ইসার চাইরোমিক্যদি জমা গরিল্।
28 য়িতারা ইসার হঅর-সোর খুলি নিয়েনে তেঁইরে লাল রংগর ফোশাক ফিঁদাইল্।
29 ফরদি য়িতারা কেঁডা লতা দিয়েনে উগ্যুয়া তাজ বানাইয়েনে তেঁইর মাথাত ফিঁদাই দিল্,
আর তেঁইর ডাইন আতত উগ্যুয়া লাটি দিল্। তার ফরদি তেঁইর সাম্নদি আঁটু গাঁরি
তেঁইরে ঠঁঅশা গরিয়েনে হইল্, "মার্হাবা, ইহুদিঅক্যলর বাদশা!"
30 তহন তেঁইর গাআত য়িতারা সেফ মারিল্ আর য়েই লাটি দিয়েনে তেঁইর মাথাত
বারবার বারি মারিল্।
31 তেঁইরে ঠঁঅশা গরিবার ফর য়িতারা য়েই ফোশাক খুলি নিল্ আর তেঁইর নিজর
হঅর-সোর ফিঁদাইয়েনে তেঁইরে কুরুশর উঅরদি মারি ফেলিবার লাই নিই চলিল্।

কুরুশর উঅরদি হযরত ইসা মসিহ্

32 য়েডের ত্যুন বাইর অইয়েনে যাইবার সমত সৈন্যঅক্যলে কুরিনি শঅরর শিমোন নামর
একজন মানুষর দেহ্যা ফাইল্। সৈন্যঅক্যলে তেঁইরে ইসার কুরুশ বই লই যাইতো বাইধ্য
গরিল্।
33-34 ফরদি য়িতারা 'গল্গথা,' মানি 'মাথার খুলির জাগা' নামর উগ্যুয়া জাগাত
আইয়েনে ইসারে তিতা মিশাইন্যা সির্কা হ্যাইতো দিল্। তেঁই য়েগিন মুকত দিয়েনে আর
হ্যাইতো নঅ চাইল্।
35 ইসারে কুরুশত দিবার ফর সৈন্যঅক্যলে লটারি গরিয়েনে তেঁইর হঅর-সোর নিজরার
মইধ্যে ভাগ গরি নিল্।
36 ফরদি য়িতারা য়েডে বইয়েনে তেঁইরে ফাআরা দিতো লাগিল্।
37 য়িতারা কুরুশত ইসার মাথার উঅরর মিক্যা এই দোষ-নামা লাগাই দিল্, "ইবা ইসা,
ইহুদিঅক্যলর বাদশা।"

38 য়িতারা দুইজন ডাহাইতরেঅ ইসার লগে কুরুশত দিল্, একজনরে ডাইন মিক্যাদি আর
অইন্যজনরে বাম মিক্যাদি।
39 যে মানুষগিন য়েই ফথদি যাইতো আছিল্ য়িতারা মাথা লারিয়েনে ইসারে ঠঁঅশা
গরিয়েনে হইল্,
40 "তুঁই নঅ না বায়তুল মোকাদ্যস ভাঁগিয়েনে আবার তিন দিনর মইধ্যে বানাইত ফার!
তইলে এহন নিজরে রক্যা গর। যুদি তুঁই ইব্নুল্লাহ্ অঅ তইলে কুরুশর ত্যুন লামি
আইয়্যো।"
41 মেইন ইমামঅক্যলে আর আলেমঅক্যলে ও বুরা নেতাঅক্যলেঅ তেঁইরে ঠঁঅশা গরিয়েনে
হইল্,
42 "য়িবা অইন্যতারারে রক্যা গইত্যো, নিজরে রক্যা গরিত্ নঅ ফারে। য়িবা তঅ
ইসরাইলর বাদশা! এহন কুরুশর ত্যুন য়িবা লামি আইয়্যোক। তইলে আঁরা য়িবার উঅর
ইমান আইন্যোম।
43 য়িবা আল্লাহ্র উঅর ভরসা গরে; এহন আল্লাহ্ যুদি য়িবার উঅর খুশি থাকে তইলে
য়িবারে তেঁই উদ্যার গরক। য়িবা তঅ নিজরে ইব্নুল্লাহ্ হইতো।"
44 যে ডাহাইতঅক্যলরে তেঁইর লগে কুরুশত দেয়া অইয়্যেল্ য়িতারাঅ য়েই একই হতা
হইয়েনে তেঁইরে টিট্কারি দিল্।

হযরত ইসা মসিহ্র ইন্তেহাল

45 য়েই দিন দুঁইজ্যা বারোটার ত্যুন দিনর তিনটা ফইয্যন্ত গোডা দেশ আঁধার অই রইল্।
46 অনুমান তিনটার সমত ইসা জোরে চিল্যাইয়েনে হইল্, "ইলি, ইলি, লামা শবক্তানি,"
মানি, "আল্লাহ্ আঁর, আল্লাহ্ আঁর, কিয়া তুঁই আঁরে তিয়াগ গইজ্যো?"
47 যারা য়েডে থিয়াই আছিল্ য়িতারার মইধ্যে হয়েকজন এই হতা উনিয়েনে হইল্, "য়িবা
নবি ইলিয়াসরে ডাকের।"
48 য়িতারার মইধ্যে একজন তহনই দুঁরি যাইয়েনে সির্কাত ভিজাইন্যা উগ্যয়া এস্ফন্জ
নিল আর উগ্যয়া লাটির মাথাত য়িয়ান লাগাইয়েনে ইসারে হ্যাইতো দিল্।
49 অইন্যতারা হইল্, "থক্, চাই নবি ইলিয়াস য়িবারে রক্যা গইত্যো আইয়্যে কি না।"
50 ইসা আবার জোরে চিল্যাইবার ফরদি ফরান তিয়াগ গরিল্।
51 তহন বায়তুল মোকাদ্যসর ফদ্যাগান উঅরর ত্যুন নিচ ফইয্যন্ত চিরি দুইভাগ অই গেল্;
আর ভুসাল অইল্ ও উঁর উঁর ফাত্যোর ফাডি গেল্।
52 হতাক্যিন হব্যর খুলি গেল্ আর আল্লাহ্র যে বান্দাঅক্যলে মরি গেইয়্যেল্ য়িতারার
বউত কেউঅর শরিল জিন্দা অই উটিল্।
53 য়িতারা হব্যরর ত্যুন বাইর অই আইল্, আর ইসা মরনর ত্যুন জিন্দা অই উটিলে ফর
ফবিত্র শঅরর মইধ্যে গেল্। য়িতারা য়েডে বউত কেউঅরে দেহ্যা দিল্।
54 সেনাফতি আর তেঁইর লগে যারা ইসারে ফাআরা দিতো আছিল য়িতারা ভুসাল আর
অইন্য বেক ঘটনা দেকি বউত ডরাইয়েনে হইল্, "আঁসাই য়িবা ইব্নুল্লাহ্ আছিল্।"

55 বউত মাইয়্যাফোয়াঅ য়েডে দুরে থিয়াইয়েনে বেক কিছু দেইক্তো আছিল্। ইসার সেবা
গরিবার লাই য়িতারা গালিলর ত্যুন তেঁইর লগে লগে আইস্যেল্।
56 য়িতারার মইধ্যে আছিল্ মগ্দলিনি মরিয়াম, ইয়াকুব আর ইউসুফর মা মরিয়াম আর
সিবদিয়র ফোয়া ইয়াকুব ও ইউহোন্যার মা।

হযরত ইসা মসিহ্র হব্যর

57 আঁজুইন্যা অইলে ফর অরিমাথিয়া গেরামর ইউসুফ নামর একজন ফুইসাআলা মানুষ
য়েডে আইল্। ইবা ইসার উম্যত আছিল্।
58 ফিলাতর হাছে যাইয়েনে য়িবা ইসার লাশগান চাইল্। তহন ফিলাত য়িবারে য়েই
লাশ্যুয়া দিতো উকুম দিল্।
59 ইউসুফ ইসার লাশ্যুয়া লই যাইয়েনে ফরিষ্কার হঅরত ফেঁচাইল্,
60 আর যে নয়া হব্যর তেঁই নিজর লাই ফাআরর মইধ্যে হাডি রাইক্যেল য়েডে য়েই
লাশ্যুয়া দাফন গরিল্। ফরদি য়েই হব্যরর মুকত উঁর উগ্যুয়া ফাত্যোর গরাই দিয়েনে
তেঁই গেল্ গই।
61 কিন্তু মগ্দলিনি মরিয়াম আর য়েই অইন্য মরিয়াম য়েডে য়েই হব্যরর সাম্নদি বই
রইল্।
62 ফরর দিন, মানি আয়োজন-দিনর ফরর দিন মেইন ইমামঅক্যল আর ফরিশিঅক্যলে
ফিলাতর হাছে জমায়েত অইয়েনে হইল্,
63 "উজুর, আঁরার মনত ফইজ্যে, য়েই ঠগ্যুয়া বাঁচি থাইক্তে হইয়্যেল্, 'আঁই তিন দিন
ফরদি বাঁচি উইট্যোম।'
64 য়িয়ানর লাই উকুম দঅন যেন্ তিন দিন ফইয্যন্ত হব্যরগান ফাআরা দেয়া অঅ।
নইলে য়িবার উম্যতঅক্যলে অঅত আইয়েনে তেঁইর লাশ্যুয়া চুরি গরি লই যাইয়েনে
মানুষঅক্যলরে হইবো, 'তেঁই মরার ত্যুন বাঁচি উইট্যে।' তইলে ফইল্যা ছল-ছাতুরির ত্যুন
শেষ ছল-ছাতুরিগান আরো হ্যারাফ অইবো।"
65 তহন ফিলাত য়িতারারে হইল্, "ফাআরাদারঅক্যলরে নিয়েনে অনরা যেন্ গরি ফারন
য়েন্ গরি ফাআরা দিবার বেবস্তা গরন।"
66 তহন য়িতারা যাইয়েনে ফাত্যোরর উঅরদি সিল্মোর গরিল্ আর ফাআরাদারঅক্যলরে
য়েডে রাকিয়েনে হব্যরগান হরাহরি গরি ফাআরা দিবার বেবস্তা গরিল্।

ফইল্যা সিফারা: মত্তি 28

মরনর উঅরদি জয়লাভ

1 জিরাইবার দিনর ফরর সাফ্তার ফইল্যা দিনর ফজরত মগ্দলিনি মরিয়াম আর য়েই
অইন্য মরিয়াম হব্যরগান চাইতো গেল্।
2 তহন আতিক্যা বিরাট ভুসাল অইল্, হারন মাবুদর একজন ফেরেস্তা বেহেস্তর ত্যুন
লামি আইল্ আর হব্যরর মুকর ত্যুন ফাত্যোরগান সরাই দিয়েনে য়িয়ানর উঅর বইল্।
3 তেঁইর চেয়ারা বিজ্লির মতন আছিল্ আর তেঁইর হঅর-সোর আছিল্ ধবধইব্যা সাদা।

4 তেঁইর ডরে ফাআরাদারঅক্যলে হাঁইফ্তো লাগিল্ আর মরার মতন অই ফরিল্।
5 ফেরেস্তা মাইয়্যাফোয়াঅক্যলরে হইল্, "তোঁয়ারা নঅ ডরাইয়্যো, হারন আঁই জানি, যিবারে কুরুশর উঅর মারি ফেলা অইয়্যেল্ তোঁয়ারা য়েই ইসারে টোয়াইতা লাইগ্যো।
6 তেঁই এডে নাই। তেঁই যেইল্যা হইয়্যেল্ য়েইল্যা গরিয়েনেই জিন্দা অই উইট্যে। আইয়্যো, তেঁই যেডে উউতি আছিল্ য়েই জাগাগান চঅ।
7 তোঁয়ারা তরাতরি যাইয়েনে তেঁইর উম্যতঅক্যলরে হঅ তেঁই মরার ত্যুন জিন্দা অই উইট্যে আর য়িতারার আগদি গালিলত যাআর। য়িতারা তেঁইরে য়েডেই দেকিত্ ফাইবো। চঅ, হতাগান আঁই তোঁয়ারারে জানাই দিলাম।"
8 য়েই মাইয়্যাফোয়াঅক্যলে অবইশ্য ডরাইয়্যেল্, কিন্তু তঅ বউত আনন্দর লগে তরাতরি হব্যরর হাছর ত্যুন গেল্ গই আর ইসার উম্যতঅক্যলরে এই হ্যবর দিবার লাই দুঁইত্যো লাগিল্।
9 এন্ সমত ইসা অঠাত য়েই মাইয়্যাফোয়াঅক্যলর সাম্নদি আইয়েনে হইল্, "আস্সালামু আলাইকুম।" তহন য়েই মাইয়্যাফোয়াঅক্যলে তেঁইর হাছে যাইয়েনে ঠেং ধরি তেঁইরে সইদা গরিল্।
10 ইসা য়িতারারে হইল্, "নঅ ডরাইয়্যো; তোঁয়ারা যাইয়েনে ভাইঅক্যলরে গালিলত যাইতো হঅ। য়িতারা য়েডেই আঁরে দেকিত্ ফাইবো।"
11 য়েই মাইয়্যাফোয়াঅক্যলে যহন যাইতো গই আছিল্ তহন য়েই ফাআরাদারঅক্যলর হয়েকজন শঅরত গেল্ আর যেগিন যেগিন ঘইট্যেল্ য়েগিন মেইন ইমামঅক্যলরে জানাইল্।
12 তহন ইমামঅক্যলে আর বুরা নেতাঅক্যলে একত্র অইয়েনে ফরামশ্য গরিল্ আর য়েই সৈন্যঅক্যলরে বউত টিঁয়া দিয়েনে হইল্,
13 "তোঁয়ারা হইয়্যো, 'আঁরা রাতিয়া যহন ঘুম যাইতাম আছিলাম তহন তেঁইর উম্যতঅক্যলে আইয়েনে তেঁইরে চুরি গরি লই গেইয়্যে।'
14 এই হতা যুদি মেইন শাসনহত্যা উনিত ফাআ তইলে আঁরা তেঁইরে ঠান্ডা গইজ্যোম আর শাস্তির আতর ত্যুন তোঁয়ারারে রক্যা গইজ্যোম।"

15 তহন ফাআরাদারঅক্যলে য়েই টিঁয়া নিল্ আর য়িতারারে যেইল্যা হোয়া অইয়্যেল্ য়েইল্যাই হইল্। আইজো ফইয্যন্ত য়েই হতা ইহুদিঅক্যলর মইধ্যে ছরাই আছে। হযরত ইসা মসিহ্র শেষ উকুম

16 ইসা গালিলর যে ফাআরত উম্যতঅক্যলরে যাইতো হইয়্যেল্ য়েই এগারোজন উম্যত তহন য়েই ফাআরত গেল্।
17 য়েডে ইসারে দেকিয়েনে য়িতারা তেঁইরে সইদা গরিল্, কিন্তু হয়েকজন সন্দঅ গরিল্।
18 তহন ইসা হাছদি আইয়েনে য়িতারারে এই হতা হইল্।, "বেহেস্তর আর দুনিয়ার বেক হ্যমতা আঁরে দেয়া অইয়্যে।
19 ইয়ানর লাই তোঁয়ারা যাইয়েনে গোডা জাতির মানুষঅক্যলরে আঁর উম্যত গর। বাবা, ফোয়া আর ফাক-রুহ্র নামে য়িতারারে তরিকাবন্দি দঅ।

20 আঁই তোঁয়ারারে যে সমস্ত উকুম দিয়্যি য়েগিন ফালন গইত্যো য়িতারারে শিক্যা দঅ।
চঅ, যুগর শেষ ফইয্যন্ত অক্যল সমত আঁই তোঁয়ারার লগে লগে আছি।”

দিতিয় সিফারা: মার্ক 1

হযরত ইয়াহিয়া (আঃ)-র তবলিগ

1 ইব্নুল্লাহ্ ইসা মসিহ্র বিষয়ে সুহ্যবরর শুরু।
2 নবি ইশাইয়ার কিতাবত আল্লাহ্র হোয়া এই হতা লেহ্যা আছে: চঅ, তোঁয়ার আগদি
আঁই আঁর সংবাদদাতারে ফাটাইর। য়িবা তোঁয়ার ফথ রেডি গরিবো
3 মরুভুমিত একজনর গলার আবাজ চিল্যাইয়েনে জানার, তোঁয়ারা মাবুদর ফথ ঠিগ গর,
তেঁইর রাস্তা সুজা গর।
4 য়েই হতামতনই হযরত ইয়াহিয়া মরুভুমিত যাইয়েনে মানুষঅক্যলরে তরিকাবন্দি দিতো
আছিল্ আর তবলিগ গইত্যো আছিল্ যেন্ মানুষে গুনাহ্র মাফ ফাইবার লাই তঅবা গরে
আর তরিকাবন্দি লঅ।
5 য়িয়ানত এহুদিয়া ফদেশ আর জেরুজালেম শঅরর বেক্যিনে বাইর অইয়েনে ইয়াহিয়ার
হাছে আইস্তো লাগিল্। য়িতারা যহন গুনাহ্ সিকার গরিল্ তহন ইয়াহিয়া জদ্যান
দইজ্যাত য়িতারারে তরিকাবন্দি দিল্।
6 ইয়াহিয়া উটর কেঁশর হঅর ফিঁন্তো আর তেঁইর হোঁঅরত চামরার হোঁঅর-বাঁধনি
আছিল্।
7 তেঁই খেরগুয়া ফরিং আর বনমধু হ্যাইতো। তেঁই যেগিন তবলিগ গইত্যো য়েগিন এই,
“আঁর ফরদি একজন আইয়্যের। তেঁই আঁর ত্যুন শক্তিশালি। উইত অইয়েনে তেঁইর জুতার
ফিতা খুলিবার যৈগ্যঅ আঁই নঅঅ।
8 আঁই তোঁয়ারারে ফানিত তরিকাবন্দি দিইর কিন্তু তেঁই ফাক-রুহ্ দিয়েনে তোঁয়ারারে
তরিকাবন্দি দিবো।”

হযরত ইসা মসিহ্র তরিকাবন্দি আর ফরিক্যা

9 য়েই সমত ইসা গালিল ফদেশর নাসরত গেরামর ত্যুন আইল্, আর ইয়াহিয়া তেঁইরে
জদ্যান দইজ্যাত তরিকাবন্দি দিল্।
10 ফানির ত্যুন উটি আইবার লগে লগেই ইসা দেকিল্, আসমান চিরি গেইয়্যে আর
ফাক-রুহ্ হইতোরর মতন অইয়েনে তেঁইর উঅর লামি আইয়্যের।
11 য়েই সমত আসমানর ত্যুন এই হতা উনা গেল্, “তুঁইই আঁর মহব্যতর ফোয়া, তোঁয়ার
উঅর আঁই বউত খুশি।”
12 তার ফরদিই ইসার ত্যুন ফাক-রুহ্র ফরিচালানাত মরুভুমিত যঅন ফরিল্।
13 য়েই মরুভুমিত চল্যিশ দিন ধরিয়েনে ইবিলিস ইসারে লোভ দেহ্যাইয়েনে গুনাহ্ত
ফেলিবার চেষ্টা গইত্যো লাগিল্। য়েডে বউত বইন্য জন্তু আছিল্, আর ফেরেস্তাঅক্যলে
ইসার সেবা গইত্যো।

উম্যত গ্রঅন গরন

14 ইয়াহিয়া জেলহ্যানাত বন্দি অইবার ফরদি ইসা গালিল ফদেশত গেল্। য়েডে তেঁই এই
হতা হইয়েনে আল্লাহ্র দেয়া সুহ্যবর তবলিগ গইত্যো লাগিল্,
15 "সময় অইয়্যে, আল্লাহ্র রাইজ্য হাছে আই গেইয়্যে। অনরা তঅবা গরন আর এই
সুহ্যবরর উঅর ইমান আনন।"
16 একদিন ইসা গালিল সাগরর ফার দিয়েনে যাইতো আছিল্। এন্ সমত তেঁই শিমোন
আর য়িবার ভাই আন্দ্রিয়রে সাগরত জাল ফেইল্তো দেকিল্। য়েই দুই জন আছিল্
জাইল্যা।
17 ইসা য়িতারারে হইল্, "আঁর লগে চল। আঁই তোঁয়ারারে মানুষ ধরার জাইল্যা
বানাইয়্যোম।"
18 তহনই য়িতারা জাল ফেলি রাকিয়েনে ইসার লগে গেল্।
19 য়েডের ত্যুন এক্যানা দুরে যঅনর ফর তেঁই সিবদিয়র দুই ফোয়া ইয়াকুব আর
ইউহোন্যারে দেকিত্ ফাইল্। য়িতারা য়িতারার নোকাত বইয়েনে জাল ঠিগ গইত্যো
আছিল্।
20 ইসা য়িতারারে দেকিবার লগে লগে ডাক দিল্, আর য়িতারা য়িতারার বাবা সিবদিয়রে
মজুরঅক্যলর লগে নোকাত রাকিয়েনে ইসার লগে গেল্।

ভুতে ফঅইন্যা মানুষ্যুয়া

21 ইসা আর তেঁইর উম্যতঅক্যলে কফরনাহুম শঅরত গেল্। ফরদি জিরাইবার দিনত ইসা
মজলিস হ্যানাত যাইয়েনে শিক্যা দিতো লাগিল্।
22 মানুষঅক্যলে তেঁইর শিক্যাত তাইজ্যব অই গেল্, হারন তেঁই আলেমঅক্যলর মতন
শিক্যা দিতো নঅ আছিল্ বরং যিবার অধিকার আছে য়েই রহম মানুষর মতনই শিক্যা
দিতো আছিল্।
23 য়েই সমত ভুতে ফঅইন্যা একজন মানুষ য়েই মজলিস হ্যানার মইধ্যে আছিল্।
24 য়িবা চিল্যাইয়েনে হইল্, "ওরে নাসরতর ইসা, আঁরার লগে অনর কি দরহার? অনে
কি আঁরার সবর্নাশ গইত্যা আইস্যোন না? আঁই জানি অনে হঅন; অনেই তঅ আল্লাহ্র
য়েই ফবিত্রজন।"
25 ইসা তহন য়েই ভুতরে ধমকাইয়েনে হইল্, "চুব গর, য়িবার মইধ্যর ত্যুন বাইর অই
যঅ।"
26 য়েই ভুত তহন মানুষ্যুয়ারে মোচরি ধরিল্ আর জোরে চিল্যাইয়েনে য়িবার মইধ্যর ত্যুন
বাইর অই গেল্।
27 এই ঘটনা দেকিয়েনে মানুষঅক্যলে এন্ তাইজ্যব অই গেল্ দে, য়িতারা নিজরার মইধ্যে
হইতো লাগিল্, "এগিন কি বেফার? এই অধিকার ভরা নয়া শিক্যাই বা কি? এন্ কি
ভুতগিনরেঅ তেঁই উকুম দেঅ আর য়িতারা তেঁইর হতা উইন্তে বাইধ্য অঅ।"
28 ইয়ানত গালিল ফদেশর বেক জাগাত ইসার হতা বউত তরাতরি ছরাই ফরিল্।

বউত কেউ বেরামর ত্যুন ভালা অইল্

29 ফরদি য়িতারা মজলিস হ্যানার ত্যুন বাইর অইয়েনে শিমোন আর আন্দ্রিয়র বাড়িত
গেল্। ইয়াকুব আর ইউহোন্যাঅ য়িতারার লগে আছিল্।
30 শিমোনর ওওরির জর অইয়্যেল্ বুলি তেঁই উউতি আছিল্। ইসা আইবার লগে লগেই
য়িবার হতা তেঁইরে হোয়া অইল্।
31 তহন ইসা তেঁইর হাছে যাইয়েনে আত ধরি য়িবারে তুলিল্। য়িয়ানত য়িবার জর ছারি
গেল্ আর তেঁই য়িতারার হ্যানা দানার বেবস্তা গইত্যো লাগিল্।
32 য়েই দিন সুয্য ডুফি গেলে ফর আঁজুইন্যা মানুষঅক্যলে বেক বেরাইম্যাঅক্যলরে আর
ভুতে ফঅইন্যা মানুষঅক্যলরে ইসার হাছে আনিল্।
33 শঅরর বেক মানুষ তহন য়েই বাড়িগানর দরজার হাছে আইয়েনে জমায়েত অইল্।
34 ইসা বউত রহমর বেরাইম্যারে ভালা গরিল্ আর বউত ভুত ছারাইল্। তেঁই ভুতগিনরে
হতা হইতো নঅ দিল্, হারন য়েই ভুতগিনে জাইন্তো তেঁই হঅন।

গালিল ফদেশত তবলিগ

35 ফরদিন ফজরত আঁধার থাইক্তেই ইসা উঠিল্ আর ঘর ছারিয়েনে উগ্যয়া নিঝাব
জাগাত যাইয়েনে মুনাজাত গইত্যো লাগিল্।
36 শিমোন আর য়িবার উঁয়াজ্যাঅক্যলে ইসারে তালাইশ গইত্যো আছিল্।
37 ফরদি তেঁইরে তালাইশ গরি ফাইয়েনে হইল্, "বেক্যিনে অনরে তালাইশ গরের।"
38 ইসা য়িতারারে হইল্, "চল, আঁরা হাছর গেরামগিনত যাই যেন্ আঁই য়েডেঅ তবলিগ
গরিত্ ফারি, হারন য়িয়ানর লাইই তঅ আঁই আস্যি।"
39 এন্ গরিয়েনে ইসা গালিলর বেক জাগাত যাইয়েনে ইহুদিঅক্যলর মজলিসহ্যানাগিনত
তবলিগ গরিল্ আর ভুত দুর গরিল্।

একজন চামরা বেরাইম্যা ভালা অইল্

40 ফরদি একজন চামরা বেরাইম্যা ইসার হাছে আইয়েনে তেঁইর সাম্নদি আঁটু গাঁরি হইল্,
"অনে ইচ্ছ্যা গরিলেই আঁরে ভালা গরিত্ ফারন।"
41 মানুষ্যুয়ার উঅর ইসার বউত মমতা অইল্। তেঁই আত বারাইয়েনে য়িবারে ধরি হইল্,
"আঁই য়িয়ানই চাই, তুঁই ফাক-সাফ অঅ।"
42 আর তহনই য়িবার চামরা বেরাম ভালা অই গেল্।
43 ইসা তহনই য়িবারে বিদায় গরিল্, কিন্তু য়িয়ানর আগদি য়িবারে হরাহরি গরিয়েনে
হইল্,
44 "চঅ, এই হতা কেউঅরে নঅ হইয়্যো। তুঁই বরং ইমামর হাছে যাইয়েনে নিজরে
দেহ্যঅ আর ফাক-সাফ অইবার লাই মুসা যে হোরবানির উকুম দিয়্যে য়েগিন হোরবানি
দঅ। ইয়ানত ইমামঅক্যলর হাছে ফরমান অইবো দে, তুঁই ভালা অইয়্যো।"
45 য়েই মানুষ্যুয়া কিন্তু বাইরে যাইয়েনে বেক জাগাত এই হ্যবর ছরাইতো লাগিল্।
য়িয়ানর হারনে ইসা হনঅ গেরামত আর খোলাখুলিভাবে যাইত্ নঅ ফারিল্। তেঁইর ত্যুন

নিঝাব জাগাত থাকন ফরিল্; তঅঅ মানুষঅক্যলে বেক জাগার ত্যুন তেঁইর হাছে আইস্তো লাগিল্।

দিতিয় সিফারা: মার্ক 2

অবশ বেরাইম্যা ভালা অইল্

1 হয়েকদিন ফরদি ইসা আবার কফরনাহুমত গেল্। মানুষঅক্যলে উনিল্ তেঁই ঘরত আছে।
2 তহন এত মানুষ য়েডে জমায়েত অইল্ দে, ঘর তঅ দুরর হতা, দরজার বাইরেঅ আর জাগা নঅ রইল্। ইসা মানুষঅক্যলর হাছে আল্লাহ্র কালাম তবলিগ গইত্যো আছিল্।
3 এন্ সমত হয়েকজন মানুষ একজন অবশ বেরাইম্যারে তেঁইর হাছে লই আইল্। চাইরজন মানুষ য়িবারে বোই আইন্তো আছিল্,
4 কিন্তু ভিরর লাই য়িতারা য়িবারে ইসার হাছে লই যাইত্ নঅ ফারিল্। ইয়ানর লাই ইসা যেডে আছিল্ ঠিগ য়িয়ানর উঅরর ছাদর এক্যানা অংশ য়িতারা সরাই ফেলিল্। তার ফর য়েই খোলা জাগা দিয়েনে ফাডি উদ্যাই য়েই অবশ বেরাইম্যারে নিচে নামাই দিল্।
5 য়িতারা ইমান আইন্যে দেকিয়েনে ইসা য়েই অবশ বেরাইম্যারে হইল্, "বাইচ্যা, তোঁয়ার গুনাহ্ মাফ গরা অইল্।"
6 য়েডে হয়েকজন আলেম বই আছিল্। য়িতারা মনে মনে ভাইব্তো আছিল্,
7 "মানুষ্যুয়া এইল্যা হতা হঅর কিঅর লাই? য়িবা তঅ কুফরি গরের। একমাত্র আল্লাহ্ বাদে আর হনে গুনাহ্ মাফ গরিত্ ফারে?"
8 য়িতারা দে য়েই হতাগিন ভাবের য়েগিন ইসা নিজর দিলত তহনই বুঝিত্ ফারিল্। ইয়ানর লাই তেঁই য়িতারারে হইল্, "অনরা কিঅর লাই মনে মনে য়েই হতাগিন ভাইব্তা লাইগ্যোন?
9 এই অবশ বেরাইম্যারে হন্যান হঅন সুজা — 'তোঁয়ার গুনাহ্ মাফ গরা অইল্,' না, 'উঢ, তোঁয়ার মাদুর তুলি নিয়েনে আঁটি বেরঅ?'
10 কিন্তু অনরা যেন্ জানিত্ ফারন দুনিয়াত গুনাহ্ মাফ গরিবার হ্যমতা ইব্নে-আদমর আছে" — এই ফইয্যন্ত হইয়েনে তেঁই য়েই অবশ-বেরাইম্যারে হইল্,
11 "আঁই তোঁয়ারে হইর, উঢ, তোঁয়ার ফাডি তুলি নিয়েনে বাড়িত যঅ গই।"
12 তহনই য়েই মানুষ্যুয়া উঢিয়েনে য়িবার ফাডি তুলি নিল্ আর বেক্যিনর সাম্নদিই বাইরে গেল্ গই। ইয়ানত বেক্যিনে আচ্যাইয্য অইয়েনে আল্লাহ্র ফশংসা গরি হইল্, "আঁরা হনঅ দিনঅ এইল্যা নঅ দেকি।"

হযরত লেবিরে হযরত ইসা মসিহ্র ডাক

13 ফরদি ইসা আবার গালিল সাগরর ধারত গেল্। তহন বউত মানুষ তেঁইর হাছে আইল্, আর তেঁই য়িতারারে শিক্যা দিতো লাগিল্।

14 ইয়ার ফরদি তেঁই ফথদি যাইতে যাইতে দেকিল্ আল্ফেয়র ফোয়া লেবি হ্যাজানা
আদায় গরিবার ঘরত বই আছে। ইসা তেঁইরে হইল্, "আইয়ো, আঁর উম্যত অঅ।" তহন
লেবি উটিয়েনে ইসার লগে গেল্।
15 ফরদি ইসা লেবির বাড়িত হ্যাইতো বইল্। তহন বউত হ্যাজানা আদায়হারি আর
হ্যারাফ মানুষঅক্যলেঅ ইসা আর য়িবার উম্যতঅক্যলর লগে হ্যাইতো বইল্, হারন বউত
মানুষ ইসার লগে লগে যাইতো আছিল্।
16 ফরিশি দলর আলেমঅক্যলে যহন দেকিল্ ইসা হ্যাজানা-আদায়হারি আর হ্যারাফ
মানুষঅক্যলর লগে হ্যাআর তহন য়িতারা তেঁইর উম্যতঅক্যলরে হইল্, "য়িবা হ্যাজানা
আদায়হারি আর হ্যারাফ মানুষঅক্যলর লগে হ্যানা দানা গরে কিঅর লাই?"
17 এই হতা উনিয়েনে ইসা য়েই আলেমঅক্যলরে হইল্, "ভালা মানুষর লাই ডাক্তোরর
দরহার নাই বরং বেরাইম্যাঅক্যলর লাইই দরহার আছে। আঁই ধার্মিকঅক্যলরে ডাইক্তাম
নঅ আয়্যি বরং গুনাহ্গারঅক্যলরেই ডাইক্তাম আস্যি।"

রোজার বিষয়ে শিক্যা

18 একবার ইয়াহিয়ার উম্যতঅক্যলে আর ফরিশিঅক্যলে রোজা রাইকতো আছিল্। য়িয়ান
দেকিয়েনে হয়েকজন মানুষ ইসার হাছে আইয়েনে হইল্, "ইয়াহিয়ার উম্যতঅক্যলে আর
ফরিশিঅক্যলর ছাত্রঅক্যলে রোজা রাকে, কিন্তু অনর উম্যতঅক্যলে রোজা নঅ রাকে
কিঅর লাই?"
19 ইসা য়িতারারে হইল্, "দুলা লগে থাইক্তে কি দুলার লগর মানুষঅক্যলে রোজা রাকিত্
ফারে না? যেতদিন দুলা লগে থাকে য়েতদিন য়িতারা রোজা রাকিত্ নঅ ফারে।
20 কিন্তু সময় আইয়্যের যহন য়িতারার হাছর ত্যুন দুলারে লই যাআ অইবো, আর য়েই
সমত য়িতারা রোজা রাকিবো।
21 "কেউ ফুরান হোত্যাত নয়া হঅরর তালি নঅ দেঅ। যুদি দেঅ তইলে য়েই ফুরান
হঅরর ত্যুন নয়া তালিগান ছিরি আইয়্যে। য়িয়ানত য়েই ছিরা আরো উঁর অঅ।
22 ফুরান চামরার থইলাত্ কেউ টাট্কা আংগুর রস নঅ রাকে। যুদি রাকে তইলে টাট্কা
রসর হারনে থইলা ফাটি যাইয়েনে রস আর থইলা দুইয়ানই নষ্ট অঅ। টাট্কা রস নয়া
থইলাত্ই রাকা অঅ।"

জিরাইবার দিন সমন্দে শিক্যা

23 এক জিরাইবার দিনত ইসা শইস্য খেতর মইধ্য দিয়েনে যাইতো আছিল্। তেঁইর
উম্যতঅক্যল যাইতে যাইতে ছরা ছিত্যো লাগিল্।
24 য়িয়ানত ফরিশিঅক্যলে ইসারে হইল্, "শরিয়ত মতন জিরাইবার দিনত যেগিন গরন
উচিত নঅ য়েগিন য়িতারা গরের কিঅর লাই?"
25-26 ইসা য়িতারারে হইল্, "অবিয়াথর যহন মআ-ইমাম আছিল্ য়েই সমত দাউদ আর
য়িবার উঁয়াইজ্যাঅক্যলর একবার ভুগ লাইগ্যেল্, কিন্তু য়িতারার লগে হনঅ হ্যানা নঅ
আছিল্। তহন দাউদ যিয়ান গইজ্যেল্ য়িয়ান কি অনরা হনঅ দিনঅ নঅঅ ফরন না?

য়িবা তঅ আল্লাহ্‌র ঘরত ঢুকিয়েনে ফবিত্র রুটি হ্যাইয়্যেল্। আর উঁয়াইজ্যাঅক্যলরেঅ য়েগিন দিয়্যেল্। কিন্তু এই রুটি ইমামঅক্যল বাদে আর কেউঅর হ্যাইবার নিয়ম নঅ আছিল্।”
27 ইসা য়িতারারে আরো হইল্, “মানুষর লাইই জিরাইবার দিনর সিষ্টি অইয়্যে, কিন্তু জিরাইবার দিনর লাই মানুষর সিষ্টি নঅঅ অঅ।
28 য়িয়ানর লাই ইব্‌নে-আদম জিরাইবার দিনরঅ মালিক।”

দিতিয় সিফারা: মার্ক 3

উয়ানা আত মানুষ্যুয়া বেরামর ত্যুন ভালা অইল্

1 ইয়ার ফরদি ইসা আবার মজলিস-হ্যানাত গেল্। য়েডে একজন মানুষ আছিল্ যিবার উগ্যুয়া আত উয়াই গেইয়্যেল্।
2 ফরিশিঅক্যলর মইধ্যে হয়েকজন ইসারে দোষ দিবার অজুআত টোয়াইতো আছিল্। জিরাইবার দিনত ইসা মানুষ্যুয়ারে বেরামর ত্যুন ভালা গরে কিনা য়িয়ান চাইবার লাই য়িতারা তেঁইর উঅর ভালা গরি নজর রাইকতো লাগিল্।
3 ইসা য়েই উয়ানা-আত মানুষ্যুয়ারে হইল্, “বেক্যিনর সাম্‌নদি আইয়েনে থিঅ।”
4 তার ফর ইসা ফরিশিঅক্যলরে ফুছার গরিল্, “জিরাইবার দিনত ভালা হাম গরন উচিত নাকি হ্যারাফ হাম গরন উচিত? ফরান রক্যা গরন উচিত, নাকি নষ্ট গরন উচিত?” ফরিশিঅক্যলে কিন্তু হনঅই জোয়াব নঅ দিল্।
5 তহন ইসা বিরক্ত অইয়েনে য়িতারার মিক্যাদি চাইল্ আর য়িতারার দিলর হোটিনতার লাই বউত দুক্যর লগে য়েই মানুষ্যুয়ারে হইল্, “তোঁয়ার আত বারাই দঅ।” মানুষ্যুয়া আত বারাই দিবার ফর য়িবার আত এক্যবারে ভালা অই গেল্।
6 তহন ফরিশিঅক্যলে বাইরে গেল্ আর কেন্ গরিয়েনে ইসারে মারি ফেলন যাআ য়েই বিষয়ে বাদশা হেরোদর দলর মানুষঅক্যলর লগে ফরামশ্য গইত্যো লাগিল্।

হযরত ইসা মসিহ্‌র ফিছদি ফিছদি মানুষঅক্যল

7-8 ইয়ার ফরদি ইসা তেঁইর উম্যতঅক্যলর লগে সাগরর ধারত গেল্। গালিল ফদেশর বউত মানুষ তেঁইর ফিছদি ফিছদি চলিল্। ইসা যে হামগিন গইজ্যেল্ য়েগিনর হতা উনিয়েনে এহুদিয়া, জেরুজালেম, ইদোম, জদ্যান দইজ্যার য়েই ফার আর টায়ার ও সিডন শঅরর চাইরো মিক্যাদির ত্যুন বউত মানুষ তেঁইর হাছে আইল্।
9 ইসা নিজর লাই উগ্যুয়া ছোড নোকা তেঁইর উম্যতঅক্যলরে ঠিগ গরি রাইকতো হইল্ যেন্ ভিরর হারনে মাইন্‌ষ্যে চাবাচাবি গরিয়েনে তেঁইর উঅর নঅ ফরে।
10 তেঁই বউত মানুষরে বেরামর ত্যুন ভালা গইজ্যেল্ বুলি বেরাইম্যাঅক্যলে তেঁইরে আত্ দিয়েনে ধরিবার লাই ঠেলাঠেলি গইত্যো আছিল্।
11 ভুতগিনে যহনই য়িবারে দেইক্‌তো তহনই তেঁইর সাম্‌নদি মেডিত ফরি চিল্যাইয়েনে হইতো, “অনেই ইব্‌নুল্লাহ্।”

12 কিন্তু তেঁই বউত হরা গরিয়েনে য়িতারারে উকুম দিতো যেন্ য়িতারা কেউঅরে নঅ
হঅ তেঁই হঅন।

বারজন উম্যতরে সাআবি ফদ দঅন

13-15 ইয়ার ফরদি ইসা ফাআরর উঅর উঢিল্ আর নিজর ইছ্যামতন কিছু মানুষরে
তেঁইর হাছে ডাকি নিল্। য়িতারা ইসার হাছে আইলে ফর তেঁই বার জনরে সাআবি ফদত
নিযুক্ত গরিল্ যেন্ য়িতারা তেঁইর লগে লগে থাকে আর ভুত ছারাইবার হ্যমতা দিয়েনে
তেঁই য়িতারারে তবলিগ হামত ফাটাইত ফারে।
16 যে বারজনরে তেঁই নিযুক্ত গইজ্যেল্ য়িতারা অইল্ শিমোন, যিবার নাম তেঁই দিল্
ফিতর;
17 সিবদিয়র দুই ফোয়া ইয়াকুব আর ইউহোন্যা (ইতারার নাম তেঁই দিল্ বোয়ানের্গিস,
মানি ঠাডারর ফোয়াঅক্যল);
18 আন্দ্রিয়, ফিলিফ, বরথলময়, মতি, থোমা, আল্ফেয়র ফোয়া ইয়াকুব, থদ্যেয়,
মোলবাদি শিমোন,
19 আর এহুদা-ইষ্কারিয়োত, যিবা ইসারে শত্রুঅক্যলর আতত ধরাই দিয়্যেল্।

হযরত ইসা মসিহ্ আর ভুতগিনর বাদশা

20 ইসা ঘরত আইবার ফর আবার এত মানুষ তেঁইর হাছে জমায়েত অইল্ দে, তেঁই আর
তেঁইর উম্যতঅক্যলে কিছু হ্যাইতঅ নঅ ফারিল্।
21 ইসার নিজর মানুষঅক্যলে এই হ্যবর উনিয়েনে তেঁইরে বাইর গরি নিতো আইল্।
য়িতারা হইল্, "য়িবা ফঅল অই গেইয়্যে।"
22 জেরুজালেমর ত্যুন যে আলেমঅক্যলে আইস্যেল্ য়িতারা হইল্, "য়িবারে বেল্সবুলে
ফাইয়্যে। ভুতঅক্যলর বাদশার সাইয্যেই য়িবা ভুত ছারাআ।"
23 ইসা য়েই আলেমঅক্যলরে ডাকিল্ আর শিক্যা দিবার লাই হইল্, "ইবিলিস কেন্
গরিয়েনে ইবিলিসরে দুঁরাই দিত্ ফারে?
24 হনঅ রাইজ্য নিজর মইধ্যে ভাগ অই গেলে য়েই রাইজ্য টিগিত নঅ ফারে।
25 আবার হনঅ ফরিবার যুদি ভাগ অই যাআ তইলে য়েই ফরিবারঅ টিগিত হঅ ফারে।
26 য়েন্ গরিয়েনে ইবিলিসঅ যুদি নিজর বিরুদ্যে থিয়াইয়েনে তার শক্তিত ভাঁগন ধরাআ
তইলে তেএঅ টিগিত নঅ ফারে আর য়েডেই তার শেষ অঅ।
27 এই হতা ঠিগ দে, একজন বলবান মানুষরে ফইল্যা বাঁধি নঅ রাকি য়িবার ঘরত
ঢুকিয়েনে য়িবার জিনিসফাতি কেউই লই যাইত্ নঅ ফারে। য়িবারে বাঁধিলে ফরে তইলেই
য়িবা য়েই বলবান মানুষ্যুয়ার ঘর লুট গরিত্ ফারিবো।
28 আঁই অনরারে আঁসাই হইর, মানুষর বেক গুনাহ্ আর কুফরি মাফ গরা অইবো,
29 কিন্তু ফাক-রুহ্র বিরুদ্যে কুফরি হনঅ দিনঅ মাফ গরা অইতো নঅ। য়েই মানুষর
গুনাহ্ চিরহাল থাকিবো।"

30 আলেমঅক্যলে দে হইয়্যেল্, “য়িবারে ভুতে ফাইয়্যে,” য়িতারার য়েই হতার লাইই ইসা এগিন হইল্।
31 ইয়ার ফরদি ইসার মা আর ভাইঅক্যলে য়েডে আইল্ আর বাইরে থিয়াই থাকিয়েনে তেঁইরে ডাকি ফাটাইল্।
32 ইসার চাইরো মিক্যা তহন বউত মানুষ বই আছিল্। য়িতারা তেঁইরে হইল্, “অনর মা আর ভাইঅক্যলে বাইরে অনর তালাইশ গরের।”
33 ইসা হইল্, “আঁর মা হঅন, আর হারা আঁর ভাই?”
34 যারা তেঁইরে ঘিরিয়েনে বই আছিল্, তেঁই য়িতারার মিক্যা চাইয়েনে হইল্, “এই তঅ আঁর মা আর ভাইঅক্যল!
35 আল্লাহ্র ইচ্ছা যারা ফালন গরে য়িতারাই আঁর ভাই, বোইন আর মা।”

দিতিয় সিফারা: মার্ক 4

একজন চাষির গল্ফ

1 ইসা আবার গালিল সাগরর ধারত মানুষঅক্যলরে শিক্যা দিতো লাগিল্। য়িবার চাইরো মিক্যাদি বউত মানুষর ভির অইল্; য়িয়ানর লাই তেঁই সাগরর মইধ্যে উগ্যয়া নোকাত উটিয়েনে বইল্ আর মানুষঅক্যলে সাগরর ধারত থিয়াই রইল্।
2 তেঁই গল্ফর মইধ্য দিয়েনে বউত বিষয়ে য়িতারারে শিক্যা দিতো লাগিল্। য়েগিনর মইধ্যে তেঁই হইল্,
3 “উনন, একজন চাষি বিজ রুইক্তো গেল্।
4 বিজ রুকিবার সমত হতাক্যিন বিজ ফথর ফাশদি ফরিল্, আর ফাকিগিন আইয়েনে য়েগিন হ্যাই ফেলিল্।
5 আবার হতাক্যিন বিজ ফাত্যোইজ্যা জমিত ফরিল্। য়েডে বেশি মেডি নঅ আছিল্। মেডি গভির নঅ আছিল্ বুলিয়েনে তরাতরি চারা গজাই উটিল্।
6 সুয্য উটিলে ফর য়েগিন ফুড়ি গেল্ আর য়িঁওর ভালা গরিয়েনে নঅঅ বইয়্যে বুলিয়েনে উয়াই গেল্।
7 আর হতাক্যিন বিজ কেঁডা বনত ফরিল্। কেঁডাগাছ বারি উটিয়েনে চারাগিন চাবি রাকিল্, য়িয়ানর লাই ফল নঅ ধরিল্।
8 কিন্তু আর হতাক্যিন বিজ ভালা জমিত ফরিল্ আর গাছ বাইর অইয়েনে বারি উটিল্ ও ফল দিল্; হনঅগানত তিরিশ গুন, হনঅগানত ষাইট গুন, আবার হনঅগানত একশগুন ফসল জন্মাইল্।”
9 শেষদি ইসা হইল্, “যিবার উনিবার হান আছে, য়িবা উনক।”

গল্ফ হইবার উদ্যেশ্য

10 ভির হোমি গেলে ফর ইসার চাইরো ফাশর মানুষগিন আর তেঁইর বারজন উম্যত য়েই গল্ফর বিষয় তেঁইরে ফুছার গরিল্।

11 ইসা য়িতারারে হইল্, “আল্লাহ্‌র রাইজ্যর গোফন সইত্য তোঁয়ারারেই জাইন্‌তো দেয়া
অইয়্যে, কিন্তু অইন্যতারার হাছে গল্ফর মইধ্য দিয়েনে বেক হতা হোয়া অঅ,
12 যেন্ ফাক-কিতাবর হতামতন, ‘য়িতারা চাইয়েনেঅ দেকিত্ নঅ ফাআ আর
উনিয়েনেঅ বুঝিত্ নঅ ফারে। য়েইল্যা নঅ অইলে য়িতারা অঅত আল্লাহ্‌র মিক্যা
ফিরিবো আর মাফ ফাইবো।’”

চাষির গল্ফর মানি

13 তার বাদে ইসা য়িতারারে হইল্, “তোঁয়ারা কি এই গল্ফগানর মানি নঅ বুঝিলা না?
তইলে কেন্ গরিয়েনে অইন্য গল্ফগিনর মানি বুঝিবা?
14 চাষি যে বিজ রুইক্যেল্ য়েগিন অইল্ আল্লাহ্‌র কালাম।
15 ফথর ফাশদি ফরা বিজর মইধ্য দিয়েনে য়িতারার সমন্দে হোয়া অইয়্যে যারা য়েই
কালাম উনে, কিন্তু ইবিলিস তহনই আইয়েনে য়িতারার দিলত যে কালাম রুকা অইয়্যেল্
য়েগিন লই যাআ।
16 ফাত্যোইজ্যা জমিত ফরা বিজর মইধ্য দিয়েনে য়িতারার সমন্দেই হোয়া অইয়্যে যারা
য়েই কালাম উনিয়েনে তহনই আনন্দর লগে য়েগিন গ্রঅন গরে,
17 কিন্তু য়েগিনর মইধ্যে য়িঁওর ভালা গরিয়েনে নঅ বইয়্যে বুলি হ্যালি অল্ফ দিনর লাই
য়িতারা ইস্তির থাকে। ফরদি কালামর লাই যহন হষ্ট আর জুলুম আইয়্যে তহনই য়িতারা
ফিছাই যাআ।
18 আবার কেঁডাবনর মইধ্যে রুকা বিজর মইধ্য দিয়েনে য়িতারার সমন্দেই হোয়া অইয়্যে
যারা য়েই কালাম উনে
19 কিন্তু সংসারর চিন্তা-ভাবনা, ধন-সম্বত্যির মায়া আর অইন্যাইন্য জিনিসর লোভ
আইয়েনে য়েই কালামরে চাবি রাকে;
20 য়িয়ানর লাই য়িয়ানত হনঅ ফল নঅ ধরে। আর ভালা জমিত রুকা বিজর মইধ্য
দিয়েনে য়িতারার সমন্দে হোয়া অইয়্যে যারা য়েই কালাম উনিয়েনে য়েগিন গ্রঅন গরে
আর ফল দেএ। কেউ দেএ তিরিশগুন, কেউ দেএ ষাইটগুন, আবার কেউ দেএ
একশগুন।”
21 ইসা আরো হইল্, “কেউ কি বাত্যি নিয়েনে ঝুরি বা হ্যাটর নিচদি রাকে না? য়িবা
য়েগিন বাত্যিদানির উঅরদি রাকে দে নঅ না?
22 হনঅ জিনিস যুদি লুকাইন্যা থাকে তইলে য়েগিন দেহ্যা যাইবার লাইই লুকাইন্যা থাকে;
আবার হনঅ জিনিস যুদি ঝাফাইন্যা থাকে তইলে য়েগিন খুলিবার লাইই ঝাফাইন্যা থাকে।
23 যুদি কেউঅর উনিবার হান থাকে য়িবা উনক।”
24 ইয়ার ফরদি ইসা হইল্, “তোঁয়ারা যেগিন উইন্‌তা লাইগ্যো য়েই বিষয়ে মনোযোগ
দঅ। তোঁয়ারা যেন্ গরিয়েনে মাফি দঅ তোঁয়ারার লাই য়েন্ গরিয়েনে মাফা অইবো;
এন্ কি বেশি গরিয়েনেই মাফা অইবো।
25 যার আছে য়িবারে আরো দেয়া অইবো, কিন্তু যার নাই য়িবার যেগিন আছে য়েগিনঅ
য়িবার হাছর ত্যুন নিই নেয়া অইবো।”

ফসলর গল্ফ

26 ইসা আরো হইল্, “আল্লাহ্‌র রাইজ্য এই রহম: একজন মানুষ জমিত বিজ ছিঁড়াইল্।
27 ফরদি য়িবা রাতিয়া ঘুম যাইয়েনে আর দিনত অজাগ থাকিয়েনে সময় হাড়াইল্। ইয়ার
মইধ্যে য়েই বিজর ত্যুন চারা জালাইয়েনে উঁর অইল্, কিন্তু কেন্ গরিয়েনে অইল্ য়েগিন
য়িবা নঅ জানিল্।
28 জমি নিজে নিজেই ফল জন্মাইল — ফইল্যা চারা, ফরদি ছরা আর ছরার মাথাত
ফরিফুন্য শইস্যর দানা।
29 দানা ফাগিলে ফর য়িবা হাঁসি লাগাইল্, হারন ফসল হাড়িবার সময় অইয়্যে।”

ওউরগ্যা দানার গল্ফ

30 তার ফর ইসা হইল্, “কিঅর লগে আঁরা আল্লাহ্‌র রাইজ্যর তুলনা গইজ্যোম? হঅন
তুলানার মইধ্য দিয়েনে য়িয়ান বুঝাইয়োম?
31 য়েই রাইজ্য উগ্যয়া ওউরগ্যা দানার মতন। জমিত রুকিবার সমত দেহ্যা যাআ দে,
য়িয়ান বেক বিজর মইধ্যে বেক্যিনর ত্যুন ছোড।
32 কিন্তু লাগাইবার ফর যহন গাছ বারি উঢে তহন বেক শাক-সব্জির মইধ্যে য়িয়ান
বেক্যিনর ত্যুন উঁর অঅ, আর এন্ উঁর উঁর ঢেইল বাইর অঅ দে, ফাকিগিনঅ য়িয়ানর
আড়ালত্ বাসা বাঁধে।”
33 এই রহম আরো বউত গল্ফর মইধ্য দিয়েনে ইসা আল্লাহ্‌র কালাম মানুষঅক্যলর হাছে
হইতো। য়িতারা যেতাক্যিন বুঝিত্ ফাইত্যো য়েতাক্যিনই তেঁই য়িতারার হাছে হইতো।
34 গল্ফ বাদে তেঁই য়িতারারে শিক্যা নঅ দিতো, কিন্তু উম্যতঅক্যলে যহন তেঁইর লগে
এক্লা থাইক্তো তহন তেঁই বেক কিছু য়িতারারে বুঝাই দিতো।

তুয়ান থামন

35 য়েই দিন আঁজুইন্যা ইসা তেঁইর উম্যতঅক্যলরে হইল্, “চল, আঁরা সাগরর য়েই ফারত
যাই।”
36 তহন উম্যতঅক্যলে মানুষঅক্যলরে ছারিয়েনে ইসা যে নোকাত আছিল্ য়েই নোকাত
গরিয়েনে তেঁইরে লই চলিল্। অবইশ্য য়েডে আরো অইন্য নোকাঅ আছিল্।
37 নোকা যহন সইল্তো আছিল্ তহন উগ্যয়া বিরাট তুয়ান উঠিল্ আর ঢেউগিন নোকার
উঅর এন্ গরিয়েনে আছারি ফরিল্ দে, নোকা ফানি দিয়েনে ভরি উইট্যো লাগিল্।
38 ইসা কিন্তু নোকার ফিছন মিক্যাদি উগ্যয়া বালুশর উঅর মাথা রাকিয়েনে ঘুম যাইতো
আছিল্। উম্যতঅক্যলে য়িবারে অজাগ গরিয়েনে হইল্, “উজুর, আঁরা দে মারা ফরির্
য়িক্যাদি অনর খিয়াল নাই না?”
39 ইসা উঠিয়েনে বাতাসরে ধমক দিল্ আর সাগররে হইল্, “থাম, আন্তা অঅ।” য়িয়ানত
বাতাস থামি গেল্ আর বেক কিছু বউত আন্তা অই গেল্।

40 তেঁই উম্যতঅক্যলরে হইল্, “তোঁয়ারা ডরঅ কিঅর লাই? এহনঅ কি তোঁয়ারার
বিশ্যাস নঅঅ অঅ না?”
41 ইয়ানত উম্যতঅক্যলে বউত ডরাইল্ আর নিজরার মইধ্যে হোয়াহই গইত্যো লাগিল্,
“ইবা হঅন দে, বাতাস আর সাগরঅ তেঁইর হতা উনে?”

দিতিয় সিফারা: মার্ক 5

ভুতে ফঅইন্যা মানুষ্যুয়া

1 তার ফর ইসা আর তেঁইর উম্যতঅক্যলে গালিল সাগর ফার অইয়েনে গেরাসেনিঅক্যলর
এলাহাত গেল্।
2 ইসা নোকার ত্যুন নাইম্তেই ভুতে ফঅইন্যা একজন মানুষ গোরস্তানর ত্যুন বাইর
অইয়েনে তেঁইর সাম্নদি আইল্।
3 মানুষ্যুয়া হবরস্তানতই থাইক্তো আর সিয়োল দিয়েনেঅ কেউ আর য়িবারে বাঁধি রাকিত্
নঅ ফাইত্যো।
4 য়িবার আত ঠেং ফ্রাইই সিয়োল দিয়েনে বাঁধা অইতো, কিন্তু য়িবা সিয়োল ছিরি
ফেইল্তো আর ঠেংগর বেড়ি ভাঁগি ফেইল্তো। কেউই য়িবারে সাম্লাইত্ নঅ ফাইত্যো।
5 য়িবা দিন রাইত হব্যরে হব্যরে আর ফাআরে ফাআরে চিল্যাই বেরাইতো আর ফাত্যোর
দিয়েনে নিজেই নিজর শরিল হাইট্যো।
6-7 ইসারে দুরর ত্যুন দেকি য়িবা দুঁরি আইয়েনে তেঁইর ঠেংগর উঅর উইত অই ফরিল্,
আর য়িবা চিল্যাইয়েনে হইল্, “আল্লাহ্তা’লার ফোয়া ইসা, আঁর লগে অনর কি দরহার?
আঁই অনরে আল্লাহ্র সোঅন দিয়েনে হইর, অনে আঁরে যন্ত্রনা নঅ দিবান।”
8 য়িবা এই হতা হইল্ হারন ইসা য়িবারে হইয়্যেল্, “ভুত, এই মানুষ্যুয়ার হাছর ত্যুন
বাইর অই যঅ।”
9 ইসা য়িবারে ফুছার গরিল্, “তোঁয়ার নাম কি?” য়িবা হইল্, “আঁর নাম বাইনি, হারন
আঁরা বউত আছি।”
10 য়িবা ইসারে বারবার হাকুতি মিনতি গরিয়েনে হইল্, যেন্ তেঁই য়েই এলাহার ত্যুন
য়িতারারে বাইর গরি নঅ দেএ।
11 য়েই সমত য়েই জাগার হাছদি ফাআরর গাআত বউত উঁর এক ঝাঁক শুয়োর চইত্যো
আছিল্।
12 ভুতগিনে ইসারে মিনতি গরিয়েনে হইল্, “উই শুয়োরর ঝাঁকর মইধ্যে আঁরারে ফাটাই
দঅন; য়েগিনর মইধ্যে আঁরারে ঢুইক্তো দঅন।”
13 ইসা অনুমতি দিবার ফর য়েই ভুতগিন বাইর অইয়েনে শুয়োরগিনর মইধ্যে গেল্।
য়িয়ানত বেক শুয়োর হ্যারা ফার দিয়েনে জোরে দুঁরি গেল্ আর সাগরর মইধ্যে ফরিয়েনে
ডুফি মরিল্। য়েই ঝাঁকর মইধ্যে অনুমান দুই আজার শুয়োর আছিল্।
14 যারা শুয়োর চরাইতো আছিল্ য়িতারা তহন ধাই যাইয়েনে গেরামত আর য়িয়ানর
আশফাশর বেক জাগাত এই হ্যবর দিল্। তহন মানুষঅক্যলে চাইতো আইল্ কি অইয়্যে।

15 য়িতারা ইসার হাছে আইয়েনে দেকিল্, যিবারে বউত হতাক্যিন ভুতে ফাইয়্যেল্ য়েই
মানুষ্যুয়া হঅর-সোর ফিঁদিয়েনে ভালা মনে বই আছে। ইয়ান দেকিয়েনে মাইন্ষ্যে
ডরাইল্।
16 এই ঘটনা যারা দেইক্যেল্ য়িতারা য়েই ভুতে ফঅইন্যা মানুষ্যুয়ার বিষয় আর য়েই
শুয়োরগিনর বিষয় মানুষঅক্যলরে জানাইল্।
17 ইয়ানত মানুষঅক্যলে ইসারে অনুরোধ গইত্যো লাগিল্ যেন্ তেঁই য়িতারার এলাহা
ছারিয়েনে যাআ গই।
18 ইসা যহন নোকাত উইট্যো আছিল্, তহন যিবারে ভুতে ফাইয়্যেল্ য়েই মানুষ্যুয়া তেঁইর
লগে যাইবার লাই মিনতি গইত্যো লাগিল্।
19 কিন্তু ইসা য়িবারে এই বুলি বিদায় গরিল্, "তুঁই তোঁয়ার বাড়িত ফিরি যঅ আর
মাবুদ তোঁয়ার লাই হত্য উঁর হাম গইজ্যে আর তোঁয়ার উঅর হত্য দয়া দেহ্যাইয়্যে
য়িয়ান যাইয়েনে তোঁয়ার বাড়ির মানুষঅক্যলরে হঅ।"
20 মানুষ্যুয়া তহন গেল্ গই আর ইসা য়িবার লাই হত্য বিরাট হাম গইজ্যে য়িয়ান
দেকাফলি এলাহাত হই বেরাইতো লাগিল্। য়িয়ানত বেক্যিনে তাইজ্যব অইল্।

উগ্যুয়া মরা মাইয়্যা আর একজন বেরাইম্যা মাইয়্যাফোয়া

21 ইসা যহন নোকাত গরিয়েনে আবার সাগরর অইন্য ফারত গেল্ তহন তেঁইর
চাইরোফাশদি বউত মানুষ আইয়েনে ভির গরিল্। তেঁই তহনঅ সাগরর ফারত আছিল্।
22 য়েই সমত যায়ির নামর ইহুদি মজলিস-হ্যানার একজন নেতা য়েডে আইল্ আর ইসারে
দেকিয়েনে তেঁইর ঠেংগর উঅর উইত অই ফরিল্।
23 তেঁই ইসারে মিনতি গরিয়েনে হইল্, "আঁর মাইয়্যাউয়া মরি যাইবার মতন অইয়্যে।
অনে আইয়েনে য়িবার উঅর অনর আত রাকন; য়িয়ানত য়িবা ভালা অই উটিবো।"
24 তহন ইসা তেঁইর লগে চলিল্। বউত মানুষ ইসার লগে লগে যাইতো আছিল্ আর
তেঁইর চাইরোফাশদি ঠেলাঠেলি গইত্যো আছিল্।
25 য়েই ভিরর মইধ্যে একজন মাইয়্যাফোয়া আছিল্ যিবা বার বছর ধরিয়েনে খুনজারি
বেরামে ভুইগ্তো আছিল্।
26 বউত ডাক্তোরর আতত য়িবা বউত হষ্ট ফাইয়্যেল্, আর য়িবার যা কিছু আছিল্
বেক্যিনই য়িবা হ্যরস গইজ্যেল্, কিন্তু ভালা অইবার বদলে দিন দিনই য়িবার অবস্থা
হ্যারাফ অইতো আছিল্।
27 ইসার বিষয় উনিয়েনে য়িবা ভিরর মইধ্যেই ইসার ঠিগ ফিছদি আইয়েনে তেঁইর
চাদ্যরগান ধরিল্,
28 হারন য়িবা ভাইব্যেল্ যুদি হ্যালি তেঁইর হঅর য়িবা ধরিত্ ফারে তইলেই য়িবা ভালা
অই যাইবো।
29 ইসার চাদ্যরগান ধরিবার লগে লগেই য়িবার খুনজারি বন্ধ অইল্ আর য়িবা য়িবার
নিজর শরিলর মইধ্যেই বুঝিল্ য়িবার বেরাম ভালা অই গেইয়্যে।

30 ইসা তহনই বুঝিল্ তেঁইর মইধ্যর ত্যুন শক্তি বাইর অইয়্যে। য়িয়ানর লাই তেঁই ভিরর
চাইরোমিক্যা চাইয়েনে ফুছার গরিল্, "হনে আঁর হঅর ধরিল্?"
31 তেঁইর উম্যতঅক্যলে হইল্, "অনে তঅ দেইক্তা লাইগ্যোন মাইন্ষ্যে অনর চাইরোফাশদি
ঠেলাঠেলি গরের, আর তঅঅ অনে হইতা লাইগ্যোন, হনে অনরে ধরিল্?"
32 এই হাম হনে গইজ্যে য়িয়ান চাইবার লাই তঅঅ ইসা চাইরোমিক্যাদি চাইতো লাগিল্।
33 য়েই মাইয়্যাফোয়াউয়ার যেগিন অইয়্যে য়েগিন বুঝিয়েনে য়িবা হাঁইফ্তে হাঁইফ্তে
আইয়েনে ইসার ঠেংগত ফরিল্ আর বেক বিষয় জানাইল্।
34 ইসা য়িবারে হইল্, "মা, তুঁই বিশ্যাস গইজ্যো বুলি ভালা অইয়্যো। শান্তিত্ যঅ গই,
তোঁয়ার আর এই হষ্ট নঅ অক।"
35 ইসা তহনঅ হতা হইতো আছিল্, এন্ সমত য়েই মজলিস-হ্যানার নেতা যায়িরর ঘরর
ত্যুন হয়েকজন মানুষ আইয়েনে যায়িররে হইল্, "অনর মাইয়্যাউয়া মরি গেইয়্যে; উজুররে
আর হষ্ট নঅ দিবান।"
36 য়েই মানুষঅক্যলর হতা উনিয়েনে ইসা যায়িররে হইল্, "নঅ ডরাইবান, হ্যালি বিশ্যাস
গরন।"
37 ইসা হ্যালি ফিতর, ইয়াকুব আর ইয়াকুবর ভাই ইউহোন্যারে তেঁইর লগে নিল্।
38 ফরদি যায়িরর বাড়িত আইয়েনে তেঁই দেকিল্ বউত গোলমাল অঅর। মাইন্ষ্যে জোরে
জোরে হাঁদাহাঁদি গরের।
39 ইসা ভিতরে যাইয়েনে মানুষঅক্যলরে হইল্, "অনরা কিঅর লাই গোলমাল আর
হাঁদাহাঁদি গইত্যা লাইগ্যোন? মাইয়্যাউয়া মরি নঅঅ যাআ, ঘুম যাআর।"
40 এই হতা উনিয়েনে মাইন্ষ্যে আঁসাআঁসি গইত্যো লাগিল্। তহন ইসা য়িতারা বেক্যিনরে
ঘরর ত্যুন বাইরে যাইতো হইল্। তার ফর তেঁই মাইয়্যাউয়ার মা-বাবা আর তেঁইর
লগের উম্যতঅক্যলরে নিয়েনে মাইয়্যাউয়া যে ঘরত আছিল্ য়েই ঘরত ঢুকিল্।
41-42 মাইয়্যাউয়ার বয়স আছিল্ বার বছর। ইসা মাইয়্যাউয়ার আত ধরিয়েনে হইল্,
"টালিতা কুম," মানি "বালি, তোঁয়ারে হইর, উঢ।" আর তহনই মাইয়্যাউয়া উঢিয়েনে
আঁটি বেরাইতো লাগিল্। ইয়ানত য়িতারা বউত তাইজ্যব অই গেল্।
43 এই ঘটনার হতা কেউঅরে নঅ জানাইবার লাই ইসা হরাহরি উকুম দিল্ আর
মাইয়্যাউয়ারে কিছু হ্যাইতো দিতো হইল্।

দিতিয় সিফারা: মার্ক 6

নিজর গেরামত হযরত ইসা মসিহ্র অসম্যান

1 ইয়ার ফর ইসা য়েই জাগা ছারিয়েনে নিজর গেরামত গেল্,
2 আর তেঁইর উম্যতঅক্যলেঅ তেঁইর লগে গেল্। জিরাইবার দিনত তেঁই মজলিস-হ্যানাত
যাইয়েনে শিক্যা দিতো লাগিল্। বউত মানুষ তেঁইর হতা উনিয়েনে তাইজ্যব অই হইতো
লাগিল্, "এই মানুষ্যুয়া হডের ত্যুন এগিন ফাইল্? এই দে গেয়ান য়িবারে দেয়া অইয়্যে,
এগিনই বা কি? আবার য়িবা কেরামতি হামঅ গরের।

3 ইবা কি য়েই হাট মিস্‌তিরি নঅ না? ইবা কি মরিয়ামর ফোয়া নঅ না? ইয়াকুব,
ইউসুফ এহুদা আর শিমোনর ভাই নঅ না? য়িবার বোইনঅক্যল কি এডে আঁরার মইধ্যে
আছে দে নঅ না?” এন্‌ গরিয়েনে ইসারে লইয়েনে মানুষঅক্যলর মনত বাধা আইস্‌তো
লাগিল্‌।
4 তহন ইসা য়িতারারে হইল্‌, “নিজর গেরাম, নিজর আত্যিয়-সজন ও নিজর বাড়ি বাদে
আর বেক জাগাতই নবিঅক্যলে সম্যান ফাআ।”
5 তার ফর তেঁই হয়েকজন বেরাইম্যা মানুষর উঅর আত রাকিয়েনে য়িতারারে ভালা
গরিল্‌, কিন্তু য়েডে আর হনঅ কেরামতি হাম গরন সম্ভব নঅ অইল্‌।
6 মানুষঅক্যলে তেঁইর উঅর ইমান নঅ আনিল্‌ দেকি তেঁই বউত তাইজ্যব অইল্‌।

উম্যতঅক্যলর তবলিগত যঅন

ইয়ার ফর ইসা গেরামত গেরামত যাইয়েনে মানুষঅক্যলরে শিক্যা দিতো লাগিল্‌।
7 ফরদি তেঁই তেঁইর য়েই বারজন উম্যতরে নিজর হাছে ডাকিল্‌ আর তবলিগ গরিবার
লাই দুইজন দুইজন গরিয়েনে ফাটাই দিল্‌। তেঁই ভুতগিনর উঅরে য়িতারারে হ্যমতা দিল্‌।
8 যাইবার সমত ফথর লাই উগ্যয়া লাটি বাদে আর কিছুই তেঁই উম্যতঅক্যলরে নিতো
নঅ দিল্‌। রুটি, থইলা, হোঁঅর-বাঁধনিত ফুইসা ফইয্যন্ত নিতো তেঁই য়িতারারে মানা
গরিল্‌।
9 তেঁই য়িতারারে জুতা ফিন্‌তো হইল্‌ আঁসা, কিন্তু উগ্যয়ার বেশি হোত্যা ফিন্‌তো মানা
গরিল্‌।
10 তেঁই য়িতারারে আরো হইল্‌, “তোঁয়ারা যে বাড়িত ঢুকিবা য়েই গেরাম ছারি নঅ
যঅন ফইয্যন্ত য়েই বাড়িতই থাইক্যো।
11 হনঅ জাগার মানুষঅক্যলে যুদি তোঁয়ারারে গ্রঅন নঅ গরে বা তোঁয়ারার হতা নঅ
উনে, তইলে য়েই জাগা ছারিয়েনে যাইবা গইর সমত তোঁয়ারার ঠেংগর ধুলা ঝারি
ফেইল্যো যেন্‌ য়েগিনই য়িতারার বিরুদ্যে সাক্যি অঅ।”
12 তহন উম্যতঅক্যলে যাইয়েনে তবলিগ গইত্যো লাগিল্‌ যেন্‌ মানুষঅক্যলে তঅবা গরে।
13 য়িতারা বউত ভুত ছারাইল্‌ আর বউত বেরাইম্যা মানুষর মাথাত তেল দিয়েনে
য়িতারারে ভালা গরিল্‌।

হযরত ইয়াহিয়া (আঃ)-র শাহাদাত বরন

14 ইসার সুনাম চাইরোমিক্যা ছরাই ফইজ্যেল্‌ বুলি বাদশা হেরোদ ইসার হতা উনিত
ফাইয়্যেল্‌। হনঅ হনঅ মানুষ হইয়্যেল্‌, “য়িবাই য়েই তরিকাবন্দিদাতা ইয়াহিয়া। তেঁই
মরার ত্যুন বাঁচি উইট্যে বুলি এই কেরামতি হামগিন গরের।”
15 কেউ কেউ হইতো আছিল্‌, “য়িবা ইলিয়াস নবি”; আবার কেউ কেউ হইতো আছিল্‌,
“বউত দিন আগর নবিঅক্যলর মতন য়িবাঅ একজন নবি।”
16 এই হতাগিন উনিয়েনে হেরোদ হইল্‌, “য়িবা ইয়াহিয়া, যিবার মাথা হাডি ফেলিবার
উকুম আঁই দিয়্যিলাম। আবার য়িবা বাঁচি উইট্যে।”

17-18 এই ঘটনার আগে হেরোদ মানুষ ফাটাইয়েনে ইয়াহিয়ারে ধইজ্যেল্ আর য়িবারে বাঁধিয়েনে জেলহ্যানাত রাইক্যেল্। হেরোদ য়িবার ভাই ফিলিফর বউ হেরোদিয়ার লাইই ইয়ান গইজ্যেল্। হেরোদ হেরোদিয়ারে বিয়া গইজ্যেল্ বুলি ইয়াহিয়া বার বার হেরোদরে হইতো, "অনর ভাইঅর বউঅরে বিয়া গরন অনর উচিত নঅঅ অঅ।"
19 ইয়ানর লাই ইয়াহিয়ার উঅর হেরোদিয়ার বউত গোস্যা আছিল্। য়িবা ইয়াহিয়ারে মারি ফেইল্তো চাইয়্যেল্,
20 কিন্তু হেরোদ ইয়াহিয়ারে ডরাইতো বুলি য়িবা য়িয়ান গরিত্ নঅ ফাইজ্যেল্। ইয়াহিয়া দে একজন আল্লাহ্ভক্ত আর ফবিত্র মানুষ হেরোদ য়িয়ান জাইন্তো, য়িয়ানর লাই তেঁই ইয়াহিয়ারে বিফদর আতর ত্যুন রক্যা গইত্যো। ইয়াহিয়ার হতা উনিবার সমত মনত বউত অসস্তি লাগিলেঅ হেরোদ তেঁইর হতা উইন্তে ফছন্দ গইত্যো।
21 শেষদি হেরোদিয়া উগ্যয়া সুযোগ ফাইল্। হেরোদ নিজর জন্মদিনত তেঁইর উঁর উঁর রাজহর্মচারি, সেনাফতি আর গালিল ফদেশর মেইন মানুষঅক্যলর লাই উগ্যয়া উঁর হ্যানা দিল্।
22 হেরোদিয়ার মাইয়্যা য়েই হ্যানার অনুষ্টানত নাচ দেহ্যাইয়েনে হেরোদ আর হ্যানার দঅত ফঅইন্যা মানুষঅক্যলরে খুশি গরিল্। তহন বাদশা মাইয়্যাউয়ারে হইল্, "তুঁই যিয়ান চঅ আঁই তোঁয়ারে য়িয়ানই দিয়োম।"
23 হেরোদ মাইয়্যাউয়ার হাছে সোঅন হ্যাইয়েনে হইয়্যেল্, " তুঁই যিয়ান চঅ আঁই য়িয়ানই তোঁয়ারে দিয়োম। এন্ কি, আঁর রাইজ্যর অদ্যক ফইয্যন্তঅ দিয়োম।"
24 মাইয়্যাউয়া যাইয়েনে য়িবার মারে হইল্, "আঁই কি চাইয়্যোম?" য়িবার মা হইল্, "তরিকাবন্দিদাতা ইয়াহিয়ার মাথা।"
25 মাইয়্যাউয়া তহনই যাইয়েনে বাদশারে হইল্, "উগ্যয়া বাসনত গরিয়েনে আঁই এহনই তরিকাবন্দিদাতা ইয়াহিয়ার মাথাউয়া চাই।"
26 এই হতা উনিয়েনে বাদশা হেরোদ বউত দুক্যিত অইল্, কিন্তু হ্যানাত দঅত ফঅইন্যা মানুষঅক্যলর সাম্নদি সোঅন হ্যাইয়্যেল্ বুলি মাইয়্যাউয়ারে ফিরাই দিতো নঅ চাইল্।
27-28 তেঁই তহনই ইয়াহিয়ার মাথা হাডাই আনিবার লাই একজন জল্যাদরে উকুম দিল্। য়েই জল্যাদ জেলহ্যানাত যাইয়েনে ইয়াহিয়ার মাথা হাডি উগ্যয়া বাসনত গরি য়িয়ান লই আইল্। বাদশা য়িয়ান মাইয়্যাউয়ারে দিবার ফর য়িবা য়িয়ান নিই যাইয়েনে য়িবার মারে দিল্।
29 এই হ্যবর ফাইয়েনে ইয়াহিয়ার উম্যতঅক্যলে আই তেঁইর লাশ্যয়া লই যাইয়েনে দাফন গরিল্।

ফাঁচ আজার মানুষরে হ্যাবন

30 ইসা যে বারজন উম্যতরে ফাটাইয়্যেল্, য়িতারা ফিরি আইল্ আর যেগিন যেগিন গইজ্যেল্ আর শিক্যা দিয়্যেল্ বেক্যিন তেঁইরে জানাইল্।

31 য়েই সমত বউত মানুষ য়েডে আআ-যাআ গইত্যো আছিল্ বুলি উম্যতঅক্যলে কিছু
হ্যাইবার সুযোগঅ নঅ ফাইল্। য়িয়ানর লাই ইসা য়িতারারে হইল্, "তোঁয়ারা আঁর লগে
হনঅ উগ্যয়া নিঝাব জাগাত আইয়েনে কিছুক্যন জিরঅ।"
32 য়িতারা নোকাত গরিয়েনে উগ্যয়া নিঝাব জাগাত গেল্।
33 য়িতারারে যাইতো দেকিয়েনে বউত কেউই কিন্তু য়িতারারে চিনিত ফারিল্ আর
আশফাশর গেরামর ত্যুন দুঁরি যাইয়েনে য়িতারার আগদিই য়েডে আজির অইল্।
34 ইসা নোকার ত্যুন নামিয়েনে বউত মানুষর ভির দেকিত্ ফাইল্। এই মানুষঅক্যলর
লাই ইসার বউত মমতা অইল্ হারন ইতারার দশা ভেরাচরাইন্যাছারা ভেরার মতন
আছিল্। ইসা য়িতারারে বউত বিষয় শিক্যা দিতো লাগিল্।
35 যহন দিন শেষ অই আইল্ তহন উম্যতঅক্যলে আইয়েনে ইসারে হইল্, "জাগাগান
নিঝাব, বেইল্অ ফ্রায় ডুফি গেইয়্যে।
36 মানুষঅক্যলরে বিদায় গরি দঅন যেন্ য়িতারা আশফাশর ফারাত আর গেরামত
যাইয়েনে নিজরার লাই কিছু হ্যানা কিনিত্ ফারে।"
37 ইসা হইল্, "তোঁয়ারাই য়িতারারে হ্যাইতো দঅ।" উম্যতঅক্যলে তেঁইরে হইল্, "আঁরা
কি যাইয়েনে দুই শত দিনারর রুটি কিনি আনিয়েনে য়িতারারে হ্যাইতো দিয়্যোম না?"
38 ইসা হইল্, "তোঁয়ারার হাছে হোউয়া রুটি আছে যাইয়েনে চঅ।" উম্যতঅক্যলে চাই
আইয়েনে হইল্, "ফাঁচ্যুয়া রুটি আর দুয়া মাছ আছে।"
39 তহন ইসা উম্যতঅক্যলরে উকুম দিল্ যেন্ য়িতারা হোস্যুয়া খেরর উঅর
মানুষঅক্যলরে বোয়াই দেএ।
40 মানুষঅক্যলে একশ একশ গরিয়েনে, ফন্জাইশ ফন্জাইশ জন গরিয়েনে লাইনে লাইনে
বই গেল্।
41 ইসা য়েই ফাঁচ্যুয়া রুটি আর দুয়া মাছ নিয়েনে বেহেস্তর মিক্যা চাইয়েনে আল্লাহ্রে
শুকরিয়া জানাইল্, আর মানুষঅক্যলরে দিবার লাই রুটি ভাঁগিয়েনে উম্যতঅক্যলর আতত
দিল্। এন্ গরিয়েনে তেঁই বেক্যিনর আতত মাছঅ ভাগ গরি দিল্।
42 য়িতারা বেক্যিনে ফেট ভরিয়েনে হ্যাইল্।
43 তার বাদে উম্যতঅক্যলে বাকি রুটি আর মাছর টুঁরা তুলি নিয়েনে বারউয়া টুঁরি
ভরিল্।
44 যারা হ্যাইয়্যেল্ য়িতারার মইধ্যে মরতফোয়ার সইংক্যাই আছিল্ ফাঁচ আজার।

ফানির উঅর আঁটন

45 ইসা ইয়ার ফরদিই তেঁইর উম্যতঅক্যলরে তাগাদা দিল্, যেন্ য়িতারা নোকাত উটিয়েনে
তেঁইর আগদি সাগরর অইন্য ফারত বৈত্সৈদা গেরামত যাআ, আর ইক্যাদি তেঁই
মানুষঅক্যলরে বিদায় গইত্যো লাগিল্।
46 মানুষঅক্যলরে বিদায় দিয়েনে তেঁই মুনাজাত গরিবার লাই ফাআরত উটি গেল্।
47 যহন রাইত অইল্ তহন উম্যতঅক্যলর নোকাগান সাগরর মাঝদি আছিল্ আর ইসা
এক্লা ডাংগাত আছিল্।

48 ইসা দেকিল্ উম্যতঅক্যলে বউত হষ্ট গরিয়েনে নোকার দাঁর বাআর, হারন বাতাস য়িতারার উল্টা মিক্যাদি আছিল্। ফ্রায় শেষ রাইতর মিক্যা ইসা সাগরর উঅর দিয়েনে আঁটি উম্যতঅক্যলর হাছে আইল্ আর য়িতারারে ফেলাই আগাই যাইতো আছিল্।
49 উম্যতঅক্যলে কিন্তু তেঁইরে সাগরর উঅর দিয়েনে আঁইট্যো দেকি ভুত মনত গরিয়েনে চিল্যাই উঠিল্,
50 হারন তেঁইরে দেকিয়েনে বেক্যিনে ডরাইয়্যেল্। ইসা তহনই উম্যতঅক্যলর লগে হতা হইল্। তেঁই য়িতারারে হইল্, "ইবা তঅ আঁই; নঅ ডরাইয়্যো, সঅস গর।"
51 ইসা উম্যতঅক্যলর নোকাত উঠিলে ফর বাতাস থামি গেল্। ইয়ানত উম্যতঅক্যলে বউত তাইজ্যব অই গেল্,
52 হারন ইয়ার আগদি রুটি হ্যাবাইবার বেফারগান য়িতারা বুঝিত্ নঅঅ ফারে; য়িতারার মন হোটিন অইয়েনেই রইল্।
53 ইসা আর তেঁইর উম্যতঅক্যলে সাগর ফার অইয়েনে গিনেষরত এলাহাত আইয়েনে নোকা বাঁধিল্।
54-55 য়িতারা নোকার ত্যুন নাইম্তেই মানুষঅক্যলে ইসারে চিনিত্ ফারিয়েনেই য়েই এলাহার বেক জাগাত দুঁরাদুঁরি গইত্যো লাগিল্। তার বাদে তেঁই হডে আছে য়িয়ান জানি নিয়েনে য়িতারা মাদুরর উঅর গরি বেরাইম্যাঅক্যলরে তেঁইর হাছে বোই লই গেল্।
56 শঅরত, গেরামত বা ফারাত, যেডেই তেঁই যাইতো য়েডিয়ার মানুষঅক্যলে বেরাইম্যাঅক্যলরে আনিয়েনে বাজারর মইধ্যে জমা গইত্যো। য়িতারা ইসারে মিনতি গইত্যো যেন্ বেরাইম্যাঅক্যলে তেঁইর চাদ্যরর কিনারাগান হ্যালি ধরিত্ ফারে, আর যারা তেঁইরে ধইত্যো য়িতারা ভালা অইতো।

দিতিয় সিফারা: মার্ক 7

ফুর্বফুরুষঅক্যলর দেয়া নিয়ম

1 যারা জেরুজালেমর ত্যুন আইস্যেল্ এন্ হয়েকজন ফরিশি আর আলেম ইসার হাছে একত্র অইল্।
2 য়িতারা দেকিল্, ইসার উম্যতঅক্যলর মইধ্যে হয়েকজন আত নঅ ধুইয়েনে নাফাকভাবে হ্যাইতো বইস্যে।
3 ফরিশি আর বেক ইহুদিঅক্যলে ফুরান দিনর আলেমঅক্যলর দেয়া যে নিয়ম চলি আইয়্যের য়েই নিয়মমতন আত নঅ ধুইয়েনে নঅ হ্যাআ।
4 বাজারর ত্যুন আইয়েনে য়িতারা আত-ঠেং নঅ ধুইয়েনে কিছু নঅ হ্যাআ। এগিন বাদে য়িতারা আরো বউত রহমর নিয়ম ফালন গরি থাকে, যেন্ বাসন-হোসন, ফেঁলা ইত্যাদি ধুয়া।
5 য়িয়ানর লাই ফরিশি আর আলেমঅক্যলে ইসারে ফুছার গরিল্, "ফুরান দিনর আলেমঅক্যলর দেয়া যে নিয়ম চলি আইয়্যের, অনর উম্যতঅক্যলে য়েগিন মানি নঅ চলে কিঅর লাই? য়িতারা তঅ আত নঅ ধুইয়েনেই হ্যাআ।"

6 ইসা জোয়াব দিল্, “অনরা ভন্ড! অনরার বিষয়ে নবি ইশাইয়া ঠিগ হতাই হইয়্যেল্।
য়িবার কিতাবত লেহ্যা আছে: এই মানুষঅক্যলে মুকেই আঁরে সম্যান গরে, কিন্তু য়িতারার
দিল্ আঁর হাছর ত্যুন দুরে থাকে।
7 য়িতারা মিছাই আঁর এবাদত গরে, য়িতারার দেয়া শিক্যা মানুষর বানাইন্যা হতাক্যিন
নিয়ম মাত্র।
8 অনরা তঅ আল্লাহ্র দেয়া উকুমগিন বাদ দিয়েনে মানুষর দেয়া চলতি নিয়ম ফালন
গইত্যা লাইগ্যোন।”
9 ইসা য়িতারারে আরো হইল্, “আল্লাহ্র উকুম বাদ দিয়েনে নিজরার চলতি নিয়ম ফালন
গরিবার লাই বউত ভালা উফায়ই অনরার জানা আছে।
10 যেন্ ধরন, মুসা হইয়্যে, ‘মা-বাবারে সম্যান গইজ্যো’ আর ‘যিবার হতাত মা-বাবার
লাই অসম্যান থাকে য়িবারে অবইশ্যই মারি ফেলন ফরিবো।’
11 কিন্তু অনরা হই থাকন, যুদি কেউ য়িবার মা বা বাবারে হঅ, ‘আঁর যে জিনিস
দিয়েনে তোঁয়ার সাইয্য অইত ফাইত্যো য়িয়ান হোরবান,’ মানি আল্লাহ্র হাছে হোরবানি
গরা অইয়্যে,
12 কিন্তু মা-বাবার লাই য়িবার ত্যুন আর কিছু গরন নঅ ফরে।
13 এন্ গরিয়েনে অনরা অনরার চলতি নিয়ম শিক্যা দিয়েনে আল্লাহ্র কালাম বাতিল
গইজ্যোন। এগিন বাদে অনরা আরো এই রহম বউত হাম গরি থাকন।”
14 ইয়ার ফরদি ইসা মানুষঅক্যলরে আবার তেঁইর হাছে ডাকিয়েনে হইল্, “অনরা বেক্যিনে
আঁর হতা উনন আর বুঝন।
15-16 বাইরর ত্যুন যেগিন মানুষর ভিতরে যাআ য়েগিন মানুষরে নাফাক গরিত্ নঅ
ফারে, বরং মানুষর মইধ্যর ত্যুন যেগিন বাইর অই আইয়্যে য়েগিনই মানুষরে নাফাক
গরে।”
17 ইয়ার ফরদি ইসা যহন মানুষঅক্যলরে ছারিয়েনে ঘরত ঢুকিল্, তহন উমতঅক্যলে য়েই
হতার মানি তেঁইরে ফুছার গরিল্।
18 ইসা য়িতারারে হইল্, “তোঁয়ারা কি এতই অবুঝ? তোঁয়ারা কি নঅ বুঝ দে, বাইরর
ত্যুন যেগিন মানুষর ভিতরে ঢুকে য়েগিন য়িবারে নাফাক গরিত্ নঅ ফারে?
19 ইয়ানর হারন অইল্, য়েগিন তঅ য়িবার দিলত নঅ ঢুকে কিন্তু ফেডত ঢুকে আর
ফরদি শরিলর ত্যুন বাইর অই যাআ।” এই হতাতই ইসা বুঝাই দিল্ দে, বেক হ্যানাই
আআলাল।
20 ইসা আরো হইল্, “মানুষর ভিতরর ত্যুন যেগিন বাইর অই আইয়্যে য়েগিনই মানুষরে
নাফাক গরে,
21 হারন মানুষর ভিতর, মানি দিলর ত্যুনই হ্যারাফ চিন্তা, বেক ডইল্যা জেনা, চুরি, খুন,
22 লোভ, অইন্যর হোতি গরিবার ইচ্ছ্যা, ছল-ছাতুরি, লম্ফটতা, ইংসা, নিন্দা, অহংকার
আর মুরুক্যতা বাইর অই আইয়্যে।
23 এই সমস্ত হ্যারাফি মানুষর ভিতরর ত্যুনই বাইর অই আইয়্যে আর মানুষরে নাফাক
গরে।”

বিদেশি মাইয়্যাফোয়ার বিশ্যাস

24 ইয়ার বাদে ইসা য়েই জাগা ছারিয়েনে টায়ার এলাহাত গেল্। তেঁই উগ্যয়া ঘরত ঢুকিল্ আর চাইল্ যেন্ কেউ য়িয়ান জানিত্ নঅ ফারে, কিন্তু তেঁই লুকাইয়েনে থাকিত নঅ ফারিল্।
25 য়েডে এন্ একজন মাইয়্যাফোয়া আছিল্, যিবার মাইয়্যারে ভুতে ফাইয়্যেল্। য়েই মাইয়্যাফোয়াউয়া ইসার বিষয় উনিত ফাইয়েনে তহনই আই ইসার ঠেংগত ফরিল্।
26 মাইয়্যাফোয়াউয়া আছিল্ অ-ইহুদি আর সিরিয়া-ফিনিশিয়াত য়িবার জন্ম অইয়্যেল্। য়িবা ইসার হাছে হাকুতি-মিনতি গইত্যো লাগিল্ যেন্ তেঁই য়িবার মাইয়্যাউয়ার মইধ্যর ত্যুন ভুত দুর গরি দেএ।
27 ইসা য়িবারে হইল্, "আগদি ফোয়ামাইয়্যাঅক্যলে ফেট ভরিয়েনে হ্যঅক, হারন ফোয়ামাইয়্যাঅক্যলর হ্যানা নিয়েনে কুত্যার সাম্নদি ফেলন ভালা নঅ।"
28 য়িয়ানত য়েই মাইয়্যাফোয়াউয়া হইল্, "উজুর অনে ঠিগই হইয়্যোন, কিন্তু ফোয়ামাইয়্যাঅক্যলর হ্যানার যে টুঁরাগিন টেবিলর নিচদি ফরে য়েগিন তঅ কুত্যাই হ্যাআ।"
29 ইসা য়িবারে হইল্, "হতাগান তুঁই বউত ভালা হইয়্যো। এহন যঅ; যাইয়েনে চঅ, ভুত তোঁয়ার মাইয়্যাউয়ার মইধ্যর ত্যুন বাইর অই গেইয়্যে।"
30 য়েই মাইয়্যাফোয়াউয়া তহন বাড়িত ফিরি যাইয়েনে দেকিল্, য়িবার মাইয়্যাউয়া বিছানাত উউতি আছে আর ভুত য়িবার মইধ্যর ত্যুন বাইর অই গেইয়্যে।

বঅরা আর তুতা মানুষ্যুয়া বেরামর ত্যুন ভালা অইল্

31 ইয়ার ফর ইসা টায়ার এলাহা ছারিয়েনে সিডন শঅরর মইধ্য দিই গালিল সাগরর হাছদি দেকাফলি এলাহার গেরামগিনত গেল্।
32 য়েডে হয়েকজন মানুষ উগ্যয়া বঅরা আর তুতা মানুষরে ইসার হাছে লই আইল্ আর হাকুতি মিনতি গইত্যো লাগিল্ যেন্ তেঁই য়েই মানুষ্যুয়ার উঅরদি তেঁইর আত রাকে।
33 ইসা ভিরর মইধ্যর ত্যুন য়েই মানুষ্যুয়ারে একফাশদি লই যাইয়েনে য়িবার দুই হানর মইধ্যে নিজর আংগুল দিল্। ফরদি সেফ ফেলিয়েনে মানুষ্যুয়ার জিল্ফা ধরিল্।
34 তার ফর তেঁই আসমানর মিক্যা চাইয়েনে উঁর নিয়স ফেলি মানুষ্যুয়ারে হইল্ "এফ্ফাথা" মানি, "খুলি যঅ"।
35 য়িয়ানত মানুষ্যুয়ার হানঅ খুলি গেল্, জিল্ফাঅ খুলি গেল্ আর য়িবা এস্ফষ্ট গরিয়েনে হতা হইতো লাগিল্।
36 ইসা এই বিষয়ে কেউঅরে হইতো মানুষ্যুয়ারে মানা গরিল্। কিন্তু তেঁই যেতই য়িতারারে মানা গরিল্ য়েতই য়িতারা য়েই বিষয়ে আরো বেশি গরিয়েনে হোয়াহই গইত্যো লাগিল্।
37 এই ঘটনাত মানুষঅক্যলে বউত তাইজ্যব অইয়েনে হইল্, "ইবা বেক হাম হত নিকুঁত গরিয়েনে গরে। ইবা বঅরাঅক্যলরে উনিবার শক্তি আর বোবাঅক্যলরে হতা হইবার শক্তি দেএ।"

দিতিয় সিফারা: মার্ক 8

চাইর আজার মানুষরে হ্যাবন

1 ফরদি আবার একদিন বউত মানুষর ভির অইল্। এই মানুষঅক্যলর হাছে হনঅ হ্যানা
নঅ আছিল্ বুলি ইসা তেঁইর উম্যতঅক্যলরে ডাকিয়েনে হইল্,
2 "এই মানুষঅক্যলর লাই আঁর ত্যুন মমতা অঅর, হারন আইজ তিনদিন অইল্ ইতারা
আঁর লগে লগে আছে, আর ইতারার হাছে হনঅ হ্যানা নাই।
3 যুদি আঁই এই অবস্থাত ইতারারে বাড়িত ফাটাই দিই তইলে য়িতারা ফথতই অগ্যেয়ান
অই ফরিবো, হারন ইতারার মইধ্যে বউত কেউই বউত দুরর ত্যুন আইস্যে।"
4 উম্যতঅক্যলে হইল্, "কিন্তু এই নিঝাব জাগাত ইতারার হ্যানার লাই হনে হডের ত্যুন
এত রুটি ফাইবো?"
5 ইসা ফুছার গরিল্, "তোঁয়ারার হাছে হোউয়্যা রুটি আছে?" য়িতারা হইল্, "সাত্যুয়া।"
6 তেঁই মানুষঅক্যলরে মেডিত বোইস্তো উকুম দিল্। ফরদি য়েই রুটি সাত্যুয়া নিয়েনে
তেঁই আল্লাহ্রে শুকরিয়া জানাই ভাঁগিল্ আর মানুষঅক্যলরে দিবার লাই উম্যতঅক্যলে
আতত দিল্ আর উম্যতঅক্যলে য়েগিন মানুষঅক্যলর আতত দিল্।
7 উম্যতঅক্যলর হাছে হঅউগ্যুয়া ছোড মাছঅ আছিল্। ইসা য়েই মাছগিনর লাইঅ
শুকরিয়া জানাইল্ আর য়েগিন মানুষঅক্যলরে ভাগ গরি দিবার লাই উম্যতঅক্যলরে
হইল্।
8 মাইন্ষ্যে ফেট ভরিয়েনে হ্যাইল্। ফরদি যে টুঁরাগিন ফরি রইল্ উম্যতঅক্যলে য়েগিন
তুলি নিয়েনে সাত্যুয়া টুঁরি ফুরাইল্।
9-10 বেশহম চাইর আজার মরতফোয়া য়েডে আছিল্। ইয়ার ফরদি তেঁই মানুষঅক্যলরে
বিদায় দিল্ আর উম্যতঅক্যলর লগে উগ্যুয়া নোকাত উঠিয়েনে দলমনুথা এলাহাত গেল্।
11 য়েডে ফরিশিঅক্যলে আইয়েনে ইসার লগে বারাবারি গইত্যো লাগিল্ আর তেঁইরে
ফরিক্যা গরিবার লাই বেহেস্ত ত্যুন হনঅ উগ্যুয়া চিন্য দেইক্তো চাইল্।
12 ইয়ানত ইসা বঅর উঁরনিয়স ফেলিয়েনে হইল্, "এই হালর মানুষঅক্যলে চিন্যর তালাইশ
গরে কিঅর লাই? আঁই অনরারে আঁসাই হইর, হনঅ চিন্যই ইতারারে দেহ্যানো অইতো
নঅ।"
13 তার ফর তেঁই য়িতারারে ছারি আবার নোকাত উঠিয়েনে সাগরর অইন্য ফারত গেল্।

উম্যতঅক্যলরে সাবধান গরন

11 থিষলনিকির ইহুদিঅক্যলর ত্যুনঅ বিরয়া শঅরর ইহুদিঅক্যলর মন বউত বেশি খোলা
আছিল্। য়িতারা বউত আগ্রঅর লগে আল্লাহ্র কালাম উনিয়েনে য়িয়ান গ্রঅন গরিল্।
ফোল যেগিন হইয়্যে য়েগিন আঁসা কিনা চাইবার লাই ফত্যি দিন য়িতারা কিতাবর মাঝে
হ্যোজ-হ্যবর গইত্যো।
12 বউত ইহুদি ইসার উঅর ইমান আনিল্; ইয়ান বাদে বউত বিশেষ গিরিক মাইয়্যাফোয়া
আর মরতফোয়াঅ ইমান আনিল্।
13 থিষলনিকির ইহুদিঅক্যলে যহন উনিত্ ফাইল্ ফোল বিরয়াত্ আল্লাহ্র কালাম তবলিগ
গরের্ তহন য়িতারা য়েডেঅ গেল্ আর মানুষঅক্যলরে উত্যেজিত গরিয়েনে গোলমাল
বাজাই দিল্।
14 ইমানদার ভাইঅক্যলে তহনই ফোলরে সাগরর ধারত্ ফাটাই দিল্, কিন্তু সিল আর
তিমথিয় বিরয়াত্ই থাকিল্।

15 যে মানুষঅক্যলে ফোলরে লগে গরি লই যাইতো আছিল্ য়িতারা তেঁইরে এথেন্স শঅরত আনিল্। তারফর য়েই মানুষঅক্যলে সিল আর তিমথিয়র লাই এই উকুম নিয়েনে বিরয়াত্ ফিরি গেল্ দে, সিল আর তিমথিয় যেত তরাতরি সম্ভব যাইয়েনে যেন্ ফোলর লগে যোগ দেএ।

এথেন্স শঅরত

16 ফোল এথেন্স শঅরত সিল আর তিমথিয়র লাই অফেক্যা গরিবার সমত য়েই শঅর ফতিমায় ভরা দেকিল্। য়িয়ানত তেঁইর মন বউত বেকুল অই উটিল্।
17 তেঁই মজলিস-হ্যানার মাঝে ইহুদিঅক্যলর লগে আর আল্লাহ্ভক্ত গিরিকঅক্যলর লগে আলোচানা গইত্যো লাগিল্। ইয়ান বাদে যারা বাজারত আইস্তো য়িতারার লগেঅ তেঁই দিনর ফর দিন আলোচানা গইত্যো থাকিল্।
18 তহন এফিকিউরিয় আর স্টোয়িকিয় দলর হয়েকজন ওস্তাদ ফোলর লগে বারাবারি লাগাই দিল্। য়িতারার মাঝে হয়েকজনে হইল্, "এই বাচাল্যুয়া কি হইতো চাআর?" আবার অইন্যগিনে হইল্, " য়িবা বিদেইশ্যা দেব-দেবির হতা ফচার গরের ফান্লার্।" য়িতারা এই হতা হইল্ হারন ফোল ইসার বিষয়ে আর মরনর ত্যুন জিন্দা অইয়েনে উটিবার বিষয়ে তবলিগ গইত্যো আছিল্।
19 তহন য়েই ওস্তাদঅক্যলে ফোলরে এরিওফেগসর মিটিংগর সাম্নদি আজির গরিল্। য়েডে য়িতারা ফোলরে ফুছার গরিল্, "যে নয়া শিক্যা অনে দিতা লাইগ্যোন য়েই শিক্যা কি, য়েগিন কি আঁরা জানিত্ ফারি না?
20 হারন অনে এন্ হতাক্যিন হতা হইতা লাইগ্যোন যেগিন আঁরার হানত্ আজগবির মতন উনার। য়িয়ানর লাই এই হতার মানি কি য়েগিন আঁরা জাইন্তাম চাই।"
21 য়িতারা এই হতা হইল্ হারন এথেন্সর মানুষঅক্যলে আর য়েই শঅরত যে বিদেইশ্যাঅক্যলে থাইক্তো য়িতারা হ্যালি নয়া নয়া বিষয় লই হতা হইয়েনে আর উনিয়েনে সময় হ্যাডাইতো।
22 তহন ফোল এরিওফেগসর মিটিংগর মাঝে উটিয়েনে থিয়াই হইল্, "এথেন্স শঅরর মানুষঅক্যল, উনন্। আঁই দেকিত্ ফাইর্ দে, অনরা বেক মিক্যাদির ত্যুনই বউত ধর্মভিরু,
23 হারন আঁই ঘুরি বেড়াইবার সমত অনরার উফাসনার জিনিসগিন যহন দেইক্তাম আছিলাম তহন এন্ এক্যান বেদি দেকিত্ ফাইলাম যিয়ানর উঅরদি লেহ্যা আছে, 'অজানা দেবতার উদ্যেশ্যে।' অনরা নঅ জানিয়েনে যিবার উফাসনা গইত্যা লাইগ্যোন তেঁইর সম্যন্দে আঁই অনরার হাছে ফচার গরির।
24 "আল্লাহ্, যিবা এই দুনিয়া আর য়িয়ানর মাঝে যেগিনর আছে বেক কিছু বানাইয়্যে, তেঁইই বেহেস্তর আর দুনিয়ার মালিক। তেঁই আতে বানাইন্যা হনঅ মন্দিরত নঅ থাকে।
25 তেঁইর হনঅ অভাব নাই, য়িয়ানর লাই মানুষর আতর ত্যুন সেবা গ্রঅন গরিবারঅ তেঁইর দরহার নাই, হারন তেঁইই বেক মানুষরে জিবন, ফরানবায়ু আর অইন্যাইন্য বেক কিছু দান গরে।

26 তেঁই একজন মানুষর ত্যুন বেক জাতির মানুষ সিষ্টি গইজ্যে যেন্ য়িতারা সারা
দুনিয়াত থাকে। য়িতারা হঁত্যে হডে থাকিবো য়িয়ানঅ তেঁই ঠিগ গরি দিয়্যে।
27 আল্লাহ্ এই হাম গইজ্যে যেন্ মানুষ আতাইতে আতাইতে তেঁইরে ফাই যাইবার আশায়
তেঁইর তালাইশ গরে। কিন্তু আসলে তেঁই আঁরার কেউঅর হাছর ত্যুন দুরে নঅঅ,
28 হারন তেঁইর কুদরতিতেই আঁরা জিবন হাডাই আর চলাফিরা গরি ও বাঁচিঅ আছি।
অনরার হয়েকজন হোবিঅ হইয়্যে, 'আঁরাঅ তেঁইর ফোয়াছা।'
29 "তইলে আঁরা যহন আল্লাহ্র ফোয়াছা তহন আল্লাহ্রে মানুষর আত আর চিন্তাশক্তি
দিয়েনে বানাইন্যা সোনা, রুফা বা ফাত্যোরর মুত্যি মনে গরন আঁরার উচিত নঅঅ।
30 আগর দিনত মানুষ নঅ জাইন্তো বুলি আল্লাহ্ এগিন দেকিয়েনেঅ নঅঅ দেকে। কিন্তু
এহন তেঁই বেক জাগাত বেক মানুষরে তঅবা গইত্যো উকুম দেএর,
31 হারন তেঁই এন্ এক্যান দিন ঠিগ গইজ্যে যে দিনত তেঁইর নিযুক্ত মানুষরে দিয়েনে
তেঁই নিয়াইভাবে মানুষর বিচার গরিবো। তেঁই য়েই মানুষরে মরনর ত্যুন জিন্দা গরি
তুলিয়েনে বেক মানুষর হাছে ইয়ানর ফরমান দিয়্যে।"
32 মরাঅক্যলর আবার জিন্দা অইয়েনে উঠিবার হতা উনিয়েনে মানুষঅক্যলর মাঝে
হয়েকজন মুক বেঁগাইল্, কিন্তু অইন্যতারা হইল্, "এই বিষয়ে অনর হতা আঁরা আবার
উইন্যোম।"
33 তহন ফোল য়েই মিটিং ছারিয়েনে গেল্ গই।
34 হয়েকজন মানুষ ফোলর লগে যোগ দিল্ আর ইমান আনিল্। য়েই ইমানদারঅক্যলর
মাঝে দিয়নুষিয় নামর এরিওফেগসর মিটিংগর একজন সদইস্য, দামারিস্ নামর একজন
মাইয়্যাফোয়া আর য়িতারার লগে আরো হয়েকজন আছিল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 18

করিন্থ শঅরত

1 ইয়ার ফরদি ফোল এথেন্স ছারিয়েনে করিন্থ শঅরত গেল্।
2 য়েডে আকিলা নামর একজন ইহুদির লগে তেঁইর দেহ্যা অইল্। ফন্ত ফদেশত আকিলার
জন্ম অইয়্যেল্। বাদশা ক্লাডিয়াস বেক ইহুদিঅক্যলরে রোম ছারিয়েনে যাইতো উকুম
দিয়্যেল্। য়িয়ানর লাই কিছু দিন আগদি আকিলা তেঁইর বউ ফিষ্কিল্যারে লই ইতালির
ত্যুন করিন্থত্ আইস্যেল্। ফোল য়িতারার হাছে গেল্।
3 য়িতারার মতন তেঁইঅ তাম্বু বানাইবার হাম গইত্যো বুলি য়িতারার লগে থাকিয়েনে হাম
গইত্যো লাগিল্।
4 ফত্যি জিরাইবার দিনত ফোল মজলিস-হ্যানাত যাইয়েনে ইসার বিষয়ে আলোচানা
গইত্যো আর গিরিক ও ইহুদিঅক্যলরে মসিহ্র ফথদি আনিবার চেষ্টা গইত্যো।
5 সিল আর তিমথিয় মেসিডোনিয়ার ত্যুন আইয়োনর ফর ফোল হ্যালি আল্লাহ্র কালাম
তবলিগ গরিয়েনে তেঁইর বেক সময় হ্যাডাইতো লাগিল্। তেঁই ইহুদিঅক্যলর হাছে সাক্যি
দিতো দে, ইসাই মসিহ্।

6 কিন্তু ইহুদিঅক্যলে যহন ফোলর বিরুদ্যে হতা হইয়েনে তেঁইরে অফমান গইত্যো লাগিল্
তহন ফোল য়িতারার বিরুদ্যে তেঁইর হঅর-সোঅর ঝাড়ি ফেলিল্ আর হইল্, "অনরার
রক্তর দায় অনরার নিজর মাথার উঅরদিই থক্। এই বিষয়ে আঁর হনঅ দোষ নাই।
এহনর ত্যুন আঁই অ-ইহুদিঅক্যলর হাছে যাইয়োম।"
7 ইয়ার ফরদি ফোল মজলিস-হ্যানা ছারিয়েনে তিতিয়-যুষ্ট নামর একজন মানুষর ঘরত
গেল্। এই মানুষর বাড়ি মজলিস-হ্যানার ফাশদিই আছিল্ আর ইবা অ-ইহুদি অইয়েনেঅ
আল্লাহ্র এবাদত গইত্যো।
8 মজলিস-হ্যানার হত্যা ক্রিষ্ক আর তেঁইর বাড়ির বেক্যিনে ফভুর উঅর ইমান আনিল্।
ইয়ান বাদে করিন্থিয়অক্যলর মাঝে বউতজনই ফোলর হতা উনিয়েনে ইমান আনিল্ আর
তরিকাবন্দি লইল্।
9 একদিন রাইতোর বেলা ফভু উগ্যয়া দশ্যনর মইধ্য দিয়েনে ফোলরে এই হতা হইল্,
"নঅ ডরাইয়্যো, হতা হইতো থাক, চুব গরি নঅ থাইক্যো;
10 হারন আঁই তোঁয়ার লগে লগে আছি। তোঁয়ারে আক্রমন গরিয়েনে কেউ তোঁয়ার হোতি
গইত্যো নঅ, হারন এই শঅরত আঁর বউত মানুষ আছে।"
11 ইয়ানত ফোল দেড় বছর য়েই শঅরত থাকিয়েনে মানুষঅক্যলরে আল্লাহ্র কালাম
শিক্যা দিল্।
12 গাল্যিয়ো যহন আখায়া ফদেশর শাসনহত্যা আছিল্ তহন ইহুদিঅক্যল বেক্যিনে মিলিয়েনে
ফোলরে ধরি বিচারর লাই আদালতত আনিল্।
13 য়িতারা হইল্, "এই মানুষ্যয়া এন্ গরিয়েনে আল্লাহ্র এবাদত গইত্যো উস্কাই দেএর
যিয়ান শরিয়তর বিরুদ্যে।"
14 ফোল হতা হইতো যাইবো এন্ সমত গাল্যিয়ো ইহুদিঅক্যলরে হইল্, "ইহুদিঅক্যল, ইয়ান
যুদি হনঅ অন্যায় বা বিরাট হনঅ দোষর বেফার অইতো তইলে তোঁয়ারার হতা উনন্
আঁর ফক্যে ঠিগ হাম অইতো।
15 কিন্তু ইয়ান যহন বিশেষ হনঅ হতার বেফার, কেউঅর নামর বেফার আর তোঁয়ারার
শরিয়তর বেফার, তহন তোঁয়ারাই ইয়ানর মিমাংসা গর। আঁই য়েই বেফারগিনর বিচার
নঅ গইজ্যোম।"
16 এই হতা হইয়েনে তেঁই আদালতর ত্যুন য়িতারারে বাইর গরি দিবার উকুম দিল্।
17 তহন য়েই ইহুদিঅক্যল বেক্যিনে মিলিয়েনে মজলিস-হ্যানার হত্যা সোস্থিনিরে ধরিয়েনে
আদালতর সাম্নদি মাইরধইর গরিল্; গাল্যিয়ো কিন্তু য়িয়ান দেকিয়েনেঅ নঅ দেকিল্।

হযরত আফল্যোর হতা

18 বউত কিছু দিন করিন্থত হাডাইবার ফরদি ফোল ইমানদার ভাইঅক্যলর হাছর ত্যুন
বিদায় নিয়্যেল্ আর আকিলা ও ফিষ্কিল্যার লগে সমুদ্রফথে সিরিয়া দেশত্ আইল্। ফোল
উগ্যয়া মানত গইজ্যেল্ বুলি যাত্রা গরিবার আগদি কিংক্রিয়া বন্দরত তেঁইর মাথার চুল
হাডি ফেইল্যেল্।

19 ইফিষ শঅরত ফোঁছিয়েনে তেঁই ফিষ্কিল্যা আর আকিলার সংগ ছারিল্। ফরদি তেঁই
নিজেই মজলিস-হ্যানাত যাইয়েনে ইহুদিঅক্যলর লগে ইসার বিষয় আলোচানা গইত্যো
লাগিল্।
20 ইহুদিঅক্যল তেঁইরে য়িতারার লগে কিছু দিন থাইক্তো হইল্, কিন্তু তেঁই রাজি নঅ
অইল্।
21 তঅ য়েডের ত্যুন যাইবা গইর সমত তেঁই হইল্, "ইন্শা-আল্লাহ্ আঁই আবার ফিরি
আইস্যোম।" তারফর তেঁই ইফিষর ত্যুন জাঁআসত গরি রঅনা অইল্।
22 তেঁই সিজারিয়া শঅরত ফোঁছিয়েনে জাঁআসর ত্যুন লামি জেরুজালেমত গেল্। য়েডে
জামাতর মানুষঅক্যলরে সালাম জানাইবার ফরদি তেঁই এন্টিয়কত গেল্।
23 এন্টিয়কত কিছু দিন হাডাইবার ফর তেঁই য়েডের ত্যুন যাত্রা গরিল্ আর গালাতিয়া ও
ফরুগিয়া ফদেশর এক জাগার ত্যুন অইন্য জাগাত ঘুরি ঘুরি উম্যতঅক্যলর ইমান
বারাইয়েনে য়িতারারে শক্তিশালি গরি তুলিল্।
24 ইয়ার মাঝে আফল্যো নামর একজন ইহুদি ইফিষত্ আইল্। আলেকজান্দ্রিয়া শঅরত
তেঁইর বাড়ি আছিল্। তেঁই একজন ভালা বক্তা আছিল্ আর ফাক-কিতাব বউত ভালা
গরি জাইন্তো।
25 ফভুর ফথর বিষয় তেঁই শিক্যা ফাইয়্যেল্। তেঁই বউত আগ্রঅর লগে হতা হইতো আর
ইসার বিষয় ঠিগ গরিয়েনে শিক্যা দিতো, কিন্তু ইয়াহিয়ার তরিকাবন্দি বাদে আর হনঅ
তরিকাবন্দির হতা তেঁই নঅ জাইন্তো।
26 তেঁই বউত সঅসর লগে মজলিস-হ্যানাত হতা হইতো শুরু গরিল্। তহন ফিষ্কিল্যা
আর আকিলা আফল্যোর হতা উনিয়েনে তেঁইরে য়িতারার বাড়িত্ দঅত দিল্ আর
আল্লাহ্র ফথর বিষয় আরো ভালা গরি তেঁইরে বুঝাই দিল্।
27 ফরদি আফল্যো যহন আখায়াত যাইতো চাইল্ তহন ইফিষর ইমানদার ভাইঅক্যলে
তেঁইরে উত্সাঅ দিল। আখায়ার উম্যতঅক্যলে যেন্ আফল্যোরে গ্রঅন গরে ইয়ানর লাই
ইফিষিয় ভাইঅক্যলে আখায়াত সিটি লেকিল্। আল্লাহ্র রহমতে আখায়াত যারা ইমানদার
অইয়্যেল্ আফল্যো য়েডে ফোঁছিয়েনে য়িতারারে বউত সাইয্য গরিল্।
28 ইসাই দে মসিহ্ য়িয়ান তেঁই ফাক-কিতাবর মাঝর ত্যুন ফরমান গরিল্ আর বেক্যিনর
সামনদি বউত জোরালো যুক্তি দিয়েনে বারাবারিত্ ইহুদিঅক্যলরে আআরাই দিল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 19

হযরত ফোল ইফিষ শঅরত

1 আফল্যো যহন করিন্থত আছিল্ য়েই সমত ফোল এশিয়া ফদেশর মইধ্য দিয়েনে ইফিষত্
আইল্।
2 য়েডে তেঁই হয়েকজন উম্যতর দেহ্যা ফাইয়েনে য়িতারারে ফুছার গরিল্, "অনরা যহন
ইমান আন্যিলান তহন কি ফাক-রুহ্ ফাইয়্যিলান না?" য়িতারা তেঁইরে হইল্, "ফাক-রুহ্
দে আছে য়েই হতা আঁরা নঅঅ উনি।"

3 তহন ফোল হইল্, “তইলে অনরা হঅন্ তরিকাবন্দি ফাইয়্যিলান?” য়িতারা হইল্, “ইয়াহিয়ার তরিকাবন্দি।”
4 ফোল হইল্, “তঅবা গরি যে তরিকাবন্দি গ্রঅন, য়িয়ানই আছিল্ ইয়াহিয়ার তরিকাবন্দি। ইয়াহিয়া মানুষঅক্যলরে হইয়্যেল্, তেঁইর ফরদি যিবা আইয়্যের তেঁইর উঅর, মানি ইসার উঅর ইমান আনন্ ফরিবো।”
5 এই হতা উনিয়েনে য়েই উম্যতঅক্যলে হযরত ইসার নামে তরিকাবন্দি লইল্।
6 তহন ফোল য়িতারার উঅর আত রাকনর ফর য়িতারার উঅর ফাক-রুহ্ আইল্, আর য়িতারা বিন্য বিন্য ভাষাত হতা হইতো আর নবি ইসাবে আল্লাহ্র কালাম হইতো লাগিল্।
7 য়েই উম্যতঅক্যলে সইংক্যাত হমবেশ বারোজন আছিল্।
8 ইয়ার ফরদি ফোল মজলিস-হ্যানাত গেল্ আর তিন মাস ফইয্যন্ত বউত সঅসর লগে হতা হইল্। আল্লাহ্র রাইজ্য সম্যন্দে তেঁই যুক্তি-তর্কর মইধ্য দিয়েনে মানুষঅক্যলে যেন্ ইমান আনে য়িয়ানর চেষ্টা গইত্যো লাগিল্।
9 কিন্তু য়িতারার মাঝে কয়েকজনর মন হোটিন অই গেইয়্যেল্ বুলি য়িতারা ইমান আইন্তো নঅ চাইল্ আর বেক্যিনর সাম্নদি ইসার ফথর বিষয়ে বউত নিন্দা গইত্যো লাগিল্। তহন ফোল য়িতারারে ছারি গেল্ গই। তেঁই উম্যতঅক্যলরে লগে লইয়েনে তুরান্য নামর একজন ওস্তাদর বোক্তিতা দিবার ঘরত যাইয়েনে ফত্যি দিন যুক্তি-তর্কর লগে আলোচানা গইত্যো লাগিল্।
10 দুই বছর এন্ গরিয়েনেই চলিল্। য়িয়ানত যে ইহুদি আর গিরিকঅক্যলে এশিয়া ফদেশত থাইকতো য়িতারা বেক্যিনে মাবুদর কালাম উনিত্ ফাইল্।
11 আল্লাহ্ ফোলর মইধ্য দিয়েনে বউত আচ্যাইয্য কেরামতি হাম গইত্যো লাগিল্।
12 তেঁইর বেবার গরা গামছা আর গাআর হঅর বেরাইম্যাঅক্যলর হাছে লই গেলে ফর য়িতারার বেরাম ভালা অই যাইতো আর ভুতগিনেঅ ছারি যাইতো।
13 হয়েকজন ইহুদি ভুত ছারাইয়েনে বেরাইতো। হযরত ইসার নাম বেবার গরিয়েনে য়িতারা ভুতে ফঅইন্যা মানুষঅক্যলরে ভালা গরিবার চেষ্টা গইত্যো লাগিল্। য়িতারা হইতো, “ফোল যিবার বিষয় তবলিগ গরে য়েই ইসার নামে আঁই তোঁয়ারারে বাইর অই যাইবার উকুম দিইর।”
14 য়িতারার মাঝে স্কিবা নামর একজন ইহুদি মেইন ইমামর সাত্যুয়া ফোয়া য়েই ডইল্যা গইত্যো।
15 একবার যহন য়িতারা য়েই ডইল্যা গইত্যো আছিল্ তহন ভুত য়িতারারে হইল্, “আঁই ইসারেঅ চিনি, ফোলরেঅ চিনি, কিন্তু তোঁয়ারা হারা?”
16 যে মানুষ্যুয়ারে ভুতে ফাইয়্যেল্ যিবা তহন য়েই সাতজনর উঅর ঝাফাই ফরিল্ আর য়িতারার বেক্যিনরে এন্ গরিয়েনে আঘাত গরিল্ দে, য়িতারা হ্যত-বিক্ষত অইয়েনে লেংটা অবস্থাত্ য়েই বাড়ির ত্যুন ধাই গেল্।
17 এই হ্যবর যহন ইফিষত থাকইন্যা ইহুদি আর গিরিকঅক্যলে জানিত্ ফারিল্ তহন য়িতারা বেক্যিনে বউত ডরাইল্, আর হযরত ইসার নামর বউত ফশংসা অইল্।
18 যারা হযরত ইসার উঅর ইমান আইন্যেল্ এন্ বউত মানুষ তহন আইয়েনে খোলাখুলিভাবেই য়িতারার হ্যারাফ হামর বিষয় সিকার গরিল্।

19 যারা জাদুর খেলা দেহ্যাইতো য়িতারার মাঝে বউতজনে য়িতারার বই-ফুথি একলগে
জমা গরিয়েনে বেক্যিনর সামনদিই য়েগিন ফোড়াই দিল্। বইগিনর দাম হিসাব গইল্যে
দেহ্যা গেল্ ফন্জাইশ আজার দিনার।
20 মাবুদর কালাম এন্ গরিয়েনে ছরাই-ছিঁড়াই ফরিল্ আর য়িয়ানর শক্তি মানুষঅক্যলর
মনত আরো বেশি গরি হাম গইত্যো লাগিল্।
21 এগিন ঘটিবার ফর ফোল ঠিগ গরিল্ তেঁই মেসিডোনিয়া আর আখায়া অইয়েনে
জেরুজালেমত যাইবো। তেঁই হইল্, "জেরুজালেমত যাইবার ফরদি আঁর ত্যুন রোম
শঅরতঅ যঅন ফরিবো।"
22 ফরদি তেঁই তিমথিয় আর ইরাস্ত নামর তেঁইর দুই জন সাইয্যহারিরে মেসিডোনিয়াত
ফাটাই দিল্, আর ইক্যাদি তেঁই আরো কিছু দিন এশিয়া ফদেশত রইল্।

ইফিষত গোলমাল

23 য়েই সমত ইসার ফথর বিষয় লইয়েনে বউত গোলমাল শুরু অইল্।
24 দিমিত্রিয় নামর একজন বাইন্যা দেবি আর্তেমিসর মন্দিরর মতন ছোড ছোড রুফার
মন্দির বানাইতো। ইয়ানত মিস্তিরিঅক্যলর বউত লাভ অইতো।
25 দিমিত্রিয় য়েই মিস্তিরিঅক্যলরে আর য়িতারার মতন অইন্যাইন্য হারিগরঅক্যলরে এক
জাগাত ডাকিয়েনে হইল্, "ভাইঅক্যল, তোঁয়ারা তঅ জান দে, এই বেবসা দিয়েনে আঁরার
আয় বউত ভালাই অঅ।
26 কিন্তু তোঁয়ারা দেকিত্ আর উনিত্ ফাইতা লাইগ্যো দে, ফোল নামর য়েই মানুষ্যুয়া
আঁরার এই ইফিষত্ আর হইতো গেলে অনুমান গোডা এশিয়া ফদেশর বউত
মানুষঅক্যলর ইমান জন্মাইয়েনে য়িতারারে ভুল ফথদি লই গেইয়্যে। য়িবা হঅ দে, আতে
বানাইন্যা দেব-দেবি কিছুই নঅঅ।
27 ইয়ানত হ্যালি দে আঁরার বেবসার সুনাম যাইবো য়িয়ান নঅঅ, কিন্তু মআন দেবি
আর্তেমিসর মন্দিরঅ মিছা অই যাইবো। আর এশিয়া ফদেশর বেক মানুষঅক্যলে, এন্
কি, দুনিয়ার বেক্যিনে যে দেবির উফাসনা গরে তেঁই নিজেঅ মআন থাইক্তো নঅ ।"
28 এই হতা উনিয়েনে য়েই মানুষঅক্যলে গোস্যায় আগুন অই গেল্ আর চিল্যাইয়েনে
হইতো লাগিল্, "ইফিষিয়অক্যলর আত্যেমিস দেবিই মআন।"
29 আর দেইক্তে নঅ দেইক্তে গোডা শঅরগান অট্যগোলে ভরি গেল্। গাইয় আর
আরিষ্টার্খ নামর মেসিডোনিয়ার যে দুই জন মানুষ তহন ফোলর লগে যাইতো আছিল্
মানুষঅক্যলে য়িতারারে ধরিল্ আর বেক্যিনে একলগে মিটিং বোইবার জাগাত দুঁরি গেল্।
30 ফোল ভিড়র সাম্নদি যাইতো চাইল্ কিন্তু উম্যতঅক্যলে তেঁইরে যাইতো নঅ দিল্।
31 য়েই ফদেশর হয়েকজন রাজহর্মচারি ফোলর বন্ধু আছিল্। য়িতারাঅ ফোলরে হ্যবর
ফাটাইয়েনে বিশেষভাবে অনুরোধ গরিল্ যেন্ তেঁই বিফদর ঝুঁকি লইয়েনে য়েই মিটিংগর
জাগাত নঅ যাআ।

32 ইয়ার মাঝে সভাত গোলমাল অইতোই থাকিল্। কিছু মানুষ এক হতা হইয়েনে চিত্কার
গইত্যো আছিল্, আবার কিছু মানুষ অইন্য হতা হইয়েনে চিত্কার গইত্যো আছিল্।
বেশির ভাগ মানুষ নঅ জাইন্তো কিল্যাই য়িতারা য়েই মিটিংগত আজির অইয়্যে।
33 ইহুদিঅক্যলে আলেক্জান্ডাররে সাম্নদি ঠেলি দিলে ফর হয়েকজন মানুষ য়িবারে হই
দিল্ কি হঅন ফরিবো। তহন আলেক্জান্ডার মানুষঅক্যলর সাম্নদি নিজর ফক্যে হতা
হইবার লাই আতর ইশারাত মানুষঅক্যলরে চুব গরাইতো চেষ্টা গরিল্।
34 কিন্তু মানুষঅক্যলে যহন জানিত ফারিল্ দে, আলেক্জান্ডার ইহুদি তহন বেক্যিনে
একলগে অনুমান দুই ঘন্টা ধরি এই হইয়েনে চিত্কার গরিল্, "ইফিষিয়অক্যলর আত্যেমিস
দেবিই মআন।"
35 শেষদি শঅরর একজন বিশেষ সরকারি হর্মচারি মানুষঅক্যলরে চুব গরাইয়েনে হইল্,
"ইফিষিয় মানুষঅক্যল, এই হতা বেক্যিনে জানে দে, মআন আত্যেমিস দেবির মন্দিরর
আর আকাশর ত্যুন তেঁইর যে মুত্যি ফইজ্যে য়িবার রইক্যাহারি অইল্ ইফিষ শঅর।
36 এই আঁসা হতা যহন অসিকার গরা নঅ যা তহন বোহার মতন হাম নঅ গরি
তোঁয়ারার ত্যুন চুব গরি থাকনই উচিত।
37 যুদিঅ এই মানুষঅক্যলে আঁরার মন্দিরগিনর ত্যুন চুরিঅ নঅঅ গরে আর আঁরার
দেবির নিন্দাঅ নঅঅ গরে, তঅঅ এই মানুষঅক্যলরে তোঁয়ারা এডে আইন্যো।
38 যুদি দিমিত্রিয় আর য়িবার উঁয়াইজ্যা-মিস্তিরিঅক্যলে কেউঅর বিরুদ্যে হনঅ হতা
হইতো চাআ তইলে আদালত তঅ খোলাই আছে আর শাসনহত্যাঅক্যলঅ য়েডে আছে।
য়িতারা য়েডে মামলা মকদ্যমা গরিত্ ফারে।
39 কিন্তু তোঁয়ারা যুদি আরো বেশি কিছু হইতা চঅ তইলে সাধারন মিটিংগর মইধ্যে
য়িয়ানর মিমাংসা গরন ফরিবো।
40 আজিয়ার ঘটনাত দাংগা-আংগামা বাজিবার লাই আঁরারই উঅর দোষ ফরিবার ডর
আছে। যুদি য়িয়ানই অঅ তইলে আঁরা এই গোলমালর হনঅ হারন দেহ্যাইত্ নঅ
ফাইজ্যোম, হারন এই গোলমালর হনঅ হারনই নাই।"
41 এই হইয়েনে তেঁই মিটিং ভাঁগি দিল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 20

মেসিডোনিয়া আর আখায়া ফদেশত

গোলমাল থামনর ফর ফোল উম্যতঅক্যলরে ডাকা ফাটাইল্। য়িতারারে উত্সাঅ দিবার
ফরদি য়িতারার হাছর ত্যুন বিদায় লই তেঁই মেসিডোনিয়ার মিক্যাদি যাত্রা গরিল্।
2-3 মেসিডোনিয়ার মইধ্য দিয়েনে যাইবার সমত তেঁই বউত হতা হইয়েনে মানুষঅক্যলরে
উত্সাঅ দিল্। ফরদি তেঁই গিরিস, মানি আখায়া ফদেশত যাইয়েনে য়েডে তিন মাস
রইল্। তারফরদি তেঁই জাঁআসত গরি সিরিয়া দেশত রঅনা অইবার আগদি জানিত্
ফারিল্ ইহুদিঅক্যলে তেঁইর বিরুদ্যে ষড়যন্ত্র গরের্। তহন তেঁই আবার মেসিডোনিয়ার
মইধ্য দিয়েনে ফিরি যাইবার লাই ঠিগ গরিল্।

4 বিরয়ার ত্যুন ফুর্হর ফোয়া সোফাত্র, থিষলনিকির ত্যুন আরিষ্টার্খ আর সিকুন্দ, দর্বির
ত্যুন গাইয়, তিমথিয় আর এশিয়ার ত্যুন তুখিক ও ত্রফিম ফোলর লগে গেল্।
5 এই মানুষঅক্যলে আগদি যাইয়েনে ত্রোয়া শঅরত আঁরার লাই অফেক্যা গরিল্।
6 ইষ্টছারা রুটির ইদর ফরদি আঁরা সমুদ্র ফথে ফিলিফির ত্যুন যাত্রা গইল্যাম আর ফাঁচ
দিন ফরদি ত্রোয়াত্ য়িতারার লগে যোগ দিলাম। ত্রোয়াত্ আঁরা সাত দিন আছিলাম।

উতুকরে জিবন দঅন

7 সাফ্তার ফইল্যা দিনত মসিহ্র মেজ্যানি গ্রঅন গরিবার লাই আঁরা একলগে মিলিত
অইলাম। তহন ফোল মানুষঅক্যলর হাছে তবলিগ গইত্যো লাগিল্। ফরর দিন তেঁইর
যাইবা গইর হতা আছিল্ বুলি তেঁই আধারাইত্ ফইয্যন্ত হতা হইতোই থাকিল্।
8 আঁরা উঅর তালার যে ঘরত্ মিলিত অইয়্যিলাম য়েডে বউত বাত্যি আছিল্।
9 উতুক নামর একজন জোয়ান য়েই ঘরর জানালার উঅর বোই আছিল্। ফোল
বউতক্যন ধরি হতা হইতো আছিল্ বুলি য়িবা আস্তে আস্তে ঘুম যাই ফরিল্। ঘুম গভির
অঅনর ফর য়িবা তিনতালার ত্যুন নিচে ফরি গেল্ আর য়িবারে মরা অবস্থাত্ তুলি
লোয়া অইল্।
10 তহন ফোল নিচে লামি গেল্ আর য়েই জোয়ানর উঅর ঝুঁকিয়েনে য়িবারে বেরাই ধরি
হইল্, “তোঁয়ারা নঅ ডরাইয়্যো, য়িবা বাঁচি আছে।”
11 ইয়ার ফরদি ফোল আবার উঅর তালাত যাইয়েনে মসিহ্র মেজ্যানি গ্রঅন গরিল্ আর
বউতক্যন ধরিয়েনে ফজর ফইয্যন্ত হতা হইবার ফর তেঁই গেল্ গই।
12 মানুষঅক্যলে য়েই জোয়ানরে জিন্দা অবস্থাত্ বাড়িত্ লই গেল্ আর বউত সান্তনা
ফাইল্।

ইফিষর ত্যুন হযরত ফোলর বিদায়

13 আঁরা আগদি যাই জাঁআসত উঠিয়েনে আআস বন্দরর মিক্যাদি যাত্রা গইল্যাম। য়েডের
ত্যুন ফোলরে তুলি লইবার হতা আছিল্। তেঁইরে তুলি লইবার হতা তেঁই আঁরারে হইয়্যেল্
হারন তেঁই আঁঢা-ফথদি য়েডে যাইতো চাইয়্যেল্।
14 আআসত আঁরার লগে তেঁইর দেহ্যা অঅনর ফর আঁরা তেঁইরে জাঁআসত তুলি লইলাম
আর মিতুলিনিত আইলাম।
15 ফরর দিন আঁরা য়েডের ত্যুন যাত্রা গরি খিয় দিফর হাছে ফোঁছিলাম। য়িয়ানর ফরর
দিন আঁরা সাগর ফার অইয়েনে সামঅ দিফত গেইলাম। ইয়ার ফরর দিন আঁরা মিলেটাস
বন্দরত যাইয়েনে ফোঁছিলাম।
16 এশিয়া ফদেশত ফোলর ত্যুন যেন্ দেরি গরন নঅ ফরে য়িয়ানর লাই তেঁই ঠিগ
গইজ্যেল্ দে, তেঁই ইফিষত নঅ থামিয়েনে য়িয়ানর হাছ দিয়েনে যাইবো গই।
জেরুজালেমত ফোঁছিবার লাই তেঁই তাড়াউরা গইত্যো আছিল্ যেন্ সম্ভব অইলে
ফন্জাইশত্যমি-ইদর দিনত য়েডে আজির থাকিত্ ফারে।

17 ফোল মিলেটাসর ত্যুন ইফিষত মানুষ ফাটাইয়েনে য়েডিয়ার জামাতর নেতাঅক্যলরে
ডাকা ফাটাইল্।
18 য়িতারা য়েডে ফোঁছিবার ফর ফোল য়িতারারে হইল্, "এশিয়া ফদেশত আইবার ফরদি
ফইল্যা দিনর ত্যুন অক্যল সমত অনরার লগে আঁই কেন্ গরি হাডাইয়্যি য়িয়ান তঅ
অনরা জানন্।
19 ইহুদিঅক্যলর নানান ষড়যন্ত্রর হারনে আঁর ত্যুন বঅর উঁর ফরিক্যার মইধ্যে ফরন
ফইজ্যেল্, কিন্তু আঁই বউত নরম ভাবে চোগর ফানির লগে ফভুর গোলাম অইয়েনে
তেঁইর সেবা গজ্যি।
20 অনরার যেন্ সাইয্য অঅ এন্ হনঅ কিছুই আঁই অনরার হাছে নঅ হইয়েনে চুব গরি
নঅঅ থাকি, বরং বাইরদি খোলাখুলিভাবে আর অনরার ঘরে ঘরে শিক্যা দিয়্যি আর
তবলিগ গজ্যি।
21 ইহুদি আর গিরিকঅক্যলর হাছে আঁই বিশেষ জোর দিয়েনে জানাইয়্যি দে, গুনাহ্র ত্যুন
মন ফিরাইয়েনে আল্লাহ্র মিক্যাদি য়িতারার ত্যুন ফিরন ফরিবো আর আঁরার ত্যুন
হযরত ইসার উঅর ইমান আনন্ ফরিবো।
22 "এহন আঁই ফাক-রুহ্র বাইধ্য অইয়েনে জেরুজালেমত যাইর্। য়েডে আঁর উঅর কি
ঘটিবো য়িয়ান আঁই নঅ জানি।
23 আঁই হ্যালি এই হতা জানি, ফাক-রুহ্ ফত্যি শঅরত আঁরে এই হতা জানাই দেএর দে,
আঁর ত্যুন জেল হ্যাঢন আর হষ্ট ফঅন ফরিবো।
24 কিন্তু আঁর হাছে আঁর ফরানর হনঅ দাম নাই। আঁর একমাত্র ইছ্যা এই, যেন্ আঁই
শেষ ফইয্যন্ত দুঁরিত্ ফারি, মানি হযরত ইসা যে হামর ভার আঁরে দিয়্যে য়িয়ান শেষ
গরিত্ ফারি। য়েই হাম অইল্ আল্লাহ্র রহমতর সুহ্যবরর বিষয়ে সাক্যি দঅন।
25 "এহন আঁই এই হতা জানি দে, অনরার যাঁরার হাছে আঁই যাইয়েনে আল্লাহ্র রাইজ্যর
বিষয়ে তবলিগ গজ্যি য়িতারার কেউই আঁরে আর দেকিত্ ফাইতান নঅ ।
26 য়িয়ানর লাই আজিয়া আঁই অনরারে ফরিষ্কার গরিয়েনে হইর, কেউঅর রক্তর দায়ি
আঁই নঅঅ,
27 হারন আল্লাহ্ কি চাআর য়িয়ান অনরারে জানাইতো আঁই হনঅ দিনঅ ফিছ্ফা নঅঅ
অইয়্যি।
28 অনরা নিজরার সম্যন্দে সতর্ক থাকন, আর ফাক-রুহ্ যে ইমানদার দলর ভার
ফরিচালক ইসাবে অনরার উঅর দিয়্যে য়িতারার সম্যন্দেঅ সতর্ক থাকন। ভেরাচরাইন্যা
যেন্ য়িবার ভেরার ঝাঁকর দেহ্যাশুনা গরে ঠিগ য়েইল্যা গরিয়েনে অনরাঅ ইমাম ইসাবে
আল্লাহ্র জামাতর দেহ্যাশুনা গরন। আল্লাহ্ য়েই জামাতরে নিজর রক্ত দিয়েনে কিন্যে।
29 আঁই জানি দে, আঁই যাইবা গইর ফর মানুষঅক্যলে ইংস্র নেগরে বাঘর মতন গরিয়েনে
অনরার মাঝদি আইবো আর ভেরার ঝাঁকর হোতি গরিবো।
30 এন্ কি, অনরার নিজরার মইধ্যর ত্যুন মানুষঅক্যলে উটিয়েনে আল্লাহ্র আঁসারে মিছা
বানাইবার চেষ্টা গরিবো যেন্ ইমানদারঅক্যলরে নিজরার দলত টানিত্ ফারে।

31 ইয়ানর লাই অনরা সাবধান থাকন। মনত রাকিবান, তিন বছর ধরিয়েনে দিন-রাইত
চোগর ফানির লগে আঁই অনরার ফত্যিকরে সাবধান গজ্যিলাম, হনঅ দিনঅ চুব গরি
নঅঅ থাকি।
32 "আল্লাহ্ আর তেঁইর কালামর আতত্ এহন আঁই অনরারে তুলি দিইর। আল্লাহ্র কালাম
তেঁইর রহমতর বিষয় হঅ, আর অনরারে গড়ি তুলিবার হ্যমতা য়েই কালামর আছে।
ইয়ান বাদে আল্লাহ্ তেঁইর নিজর বান্দাঅক্যলর লাই যেগিন রাইক্যে য়েই কালাম অনরারে
য়েগিনঅ দিত্ ফারিবো।
33 কেউঅর সোনা, রুফা বা হঅর-সোঅরর উঅরদি আঁই লোভ নঅঅ গরি।
34 অনরা নিজরাই তঅ জানন দে, আঁর এই দুই আত আঁর ও আঁর উঁয়াইজ্যাঅক্যলর
বেক অভাব মিটাইয়্যে।
35 আঁই যেগিন গজ্যি য়েগিনর বেক কিছুতই অনরারে দেহ্যাইয়্যি দে, এই ডইল্যা হোটিন
মিন্যোত দিয়েনে দুর্বলঅক্যলরে সাইয্য গরন উচিত আর হযরত ইসার এই হতা আঁরার
মনত রাকন উচিত দে, 'ফঅনর ত্যুন দঅনত আরো বেশি রহমত রইয়্যে।' "
36 এই হতা হইবার ফর ফোল বেক্যিনর লগে আঁচু গাঁরিয়েনে মুনাজাত গরিল্।
37 ফরদি জামাতর নেতাঅক্যলে বেক্যিনে ফোলরে বেরাই ধরিয়েনে চুম্ দিল্ আর হাঁইন্তো
লাগিল্।
38 ফোলর মুক আর য়িতারা দেকিত্ ফাইতো নঅ, বিশেষ গরিয়েনে এই হতার লাই
য়িতারা বউত বেশি দুক্য ফাইল্। ইয়ার ফরদি য়িতারা তেঁইর লগে লগে জাঁআস ফইয্যন্ত
গেল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 21

জেরুজালেমর মিক্যাদি

1 ইফিষর জামাতর নেতাঅক্যলর হাছর ত্যুন বিদায় লইয়েনে আঁরা জাঁআসত গরি সুজা
কো দিফত গেলাম। ফরর দিন আঁরা রোডস দিফত আইলাম। তারফর য়েডের ত্যুন
ফাতারা শঅরত গেলাম।
2 য়েডে আঁরা ফিনিশিয়া যাইবার উগ্যায়া জাঁআস ফাইলাম। তহন আঁরা য়েই জাঁআসত
উঠিয়েনে রঅনা অইলাম।
3 ফরদি সাইফ্রাস দিফ দেকিত্ ফাইয়েনে য়িয়ানর দইন মিক্যা দিয়েনে ঘুরি আঁরা সিরিয়া
দেশর টায়ার শঅরত যাইয়েনে জাঁআসর ত্যুন লামিলাম। য়েডে আঁরার জাঁআসর
জিনিসফাতি লামাইবার হতা আছিল্।
4 য়েডিয়ার উম্যতঅক্যলরে তালাইশ গরি ফাইয়েনে আঁরা য়িতারার লগে সাত দিন
থাকিলাম। য়েই উম্যতঅক্যলে ফাক-রুহ্র মইধ্য দিয়েনে ফোলরে অনুরোধ গরিল্ যেন্
তেঁই জেরুজালেমত নঅ যাআ।
5 কিন্তু য়েই দিনগিন হাডি যঅনর ফর আঁরা য়িতারারে ছারিয়েনে আঁরার ফথদি রঅনা
অইলাম। বেক উম্যতঅক্যলে আর য়িতারার বউ ও ফোয়ামাইয়্যাগিন আঁরার লগে লগে
শঅরর বাইরদি আইল্। ফরদি সাগরর কিনারত আঁরা আঁচু গাঁরিয়েনে মুনাজাত গইল্যাম।

6 তারফর একজন অইন্য জনর হাছর ত্যুন বিদায় লইয়েনে আঁরা জাঁআসত উটিলাম আর য়িতারা বাড়িত্ ফিরি গেল্।
7 টায়ারর ত্যুন যাত্রা গরিয়েনে আঁরা তলিমায়িত ফোঁছিলাম। য়েডে ইমানদার ভাইঅক্যলরে সালাম জানাইয়েনে য়িতারার লগে একদিন থাকিলাম।
8 ফরর দিন আঁরা যাত্রা গরিয়েনে সিজারিয়াত ফোঁছিলাম আর সুহ্যবর তবলিগহারি ফিলিফর বাড়িত্ থাকিলাম। ইবা আছিল্ জেরুজালেমর জামাতর য়েই সাতজন খেসমতহারির মাঝে একজন।
9 তেঁইর চাইরজন আবিয়াতা মাইয়্যা আছিল্। য়িতারা মানুষঅক্যলর হাছে নবি ইসাবে আল্লাহ্র কালাম হইতো।
10 আঁরা য়েডে বউত হয়েকদিন দিন থাকিবার ফর এহুদিয়ার ত্যুন আগাব নামর একজন নবি আইল্।
11 তেঁই আঁরার হাছে আইয়েনে ফোলর হোঁঅর-বাঁধনি খুলি লইল্ আর য়িয়ান দিয়েনে নিজর আত-ঠেং বাঁধিয়েনে হইল্, "ফাক-রুহ্ হঅর, 'জেরুজালেমর ইহুদিঅক্যলে এই হোঁঅর-বাঁধনির মালিকরে এন্ গরিয়েনে বাঁধিবো আর অ-ইহুদিঅক্যলর আতত্ দিবো।'"
12 এই হতা উনিয়েনে য়েডিয়ার মানুষঅক্যলে আর আঁরা ফোলরে বিশেষ ভাবে অনুরোধ গইল্যাম যেন্ তেঁই জেরুজালেমত নঅ যাআ।
13 তহন ফোল হইল্, "তোঁয়ারা হাঁদিয়েনে আঁর মনত দুক্য দিতা লাইগ্যো কিল্যাই? হযরত ইসার লাই আঁই জেরুজালেমত হ্যালি বন্দি অইতো নঅঅ, মইত্যেঅ রেডি আছি।"
14 তেঁইরে থামাইত্ নঅ ফারিয়েনে আঁরা চুব গইল্যাম আর ফরদি হইলাম, "মাবুদর ইছ্যামতন অঅক।"
15 ইয়ার ফরদি আঁরা জিনিসফাতি গুসাই লইয়েনে জেরুজালেমত গেলাম।
16 সিজারিয়ার হয়েকজন উম্যত আঁরার লগে চলিল্ আর ম্নাসোন নামর সাইফ্রাস দিফর একজন মানুষর বাড়িত লই গেল্। ইবারই বাড়িত আঁরার থাকিবার হতা আছিল্। ইবা আছিল্ ফইল্যা উম্যতঅক্যলর মাঝে একজন।

জেরুজালেমত

17 জেরুজালেমত ফোঁছিবার ফর ইমানদার ভাইঅক্যলে খুশি অইয়েনে আঁরারে গ্রঅন গরিল্।
18 ফররদিন ফোল আঁরার লগে ইয়াকুবরে চাইতো গেল্। য়েডে জামাতর বেক নেতাঅক্যলে আজির আছিল্।
19 ফোল য়িতারারে সালাম জানাইল্ আর তেঁইর তবলিগর মইধ্য দিয়েনে আল্লাহ্ কেন্ গরি অ-ইহুদিঅক্যলর মাঝে হাম গইজ্যে য়েগিন এক এক গরি হইল্।
20 এই হতা উনিয়েনে য়েই নেতাঅক্যলে আল্লাহ্র গোরব গরিল্ আর ফোলরে হইল্, "ভাই, তুঁই তঅ দেইক্তা লাইগ্যো, হত আজার আজার ইহুদি ইসার উঅর ইমান আইন্যে, আর য়িতারা বেক্যিনে মুসার শরিয়ত ফালন গরিবার লাই খুবই আগ্রয়ি।

21 য়িতারা হ্যবর ফাইয়্যে, অ-ইহুদিঅক্যলর মাঝে যে সমস্ত ইহুদি থাকে য়িতারারে তুঁই
মুসার শরিয়ত বাদ দিই সইল্তো শিক্যা দিই থাক, মানি তুঁই য়িতারার ফোয়াঅক্যলরে
সুন্যত গরাইতো আর ইহুদিঅক্যলর চলতি নিয়ম ফালন গইত্যো মানা গরি থাক। এহন
আঁরা কি গরি?
22 য়িতারা তঅ নিচ্যয়ই উনিবো দে, তুঁই আইস্যো।
23 আঁরা এহন তোঁয়ারে যিয়ান হইর তুঁই য়িয়ানই গর। আঁরার মাঝে এন্ চাইরজন মানুষ
আছে যারা উগ্যয়া মানত গইজ্যে।
24 এই মানুষঅক্যলরে তুঁই তোঁয়ার লগে লই যঅ আর য়িতারার লগে তুঁই নিজেঅ ফাক-
সাফ অঅ আর য়িতারারে মাথার চুল হামাইবার ফুইসা দঅ। তহন বেক্যিনে জানিবো
দে, তোঁয়ার সম্যন্দে য়িতারা যে হ্যবর ফাইয়্যে য়িয়ান মিছা আর তুঁই শরিয়ত ফালন
গইত্যা লাইগ্যো।
25 কিন্তু যে অ-ইহুদিক্যল ইমানদার অইয়্যে য়িতারার লাই আঁরা যিয়ান ঠিগ গজ্যি য়েই
সম্যন্দে য়িতারার হাছে এই হতা লেকিয়েনে জানাইয়্যি দে, মুত্যির হাছে উত্সর্গ গরা
হ্যানা য়িতারা হ্যাইতো নঅ, রক্ত হ্যাইতো নঅ, গলা চিবিয়েনে মারা হনঅ ফশুর গোশ্ত
হ্যাইতো নঅ আর হনঅ ডইল্যা জেনা গইত্যো নঅ।"
26 তহন ফোল য়েই মানুষঅক্যলরে লই যাইয়েনে য়িতারার লগে নিজরেঅ ফাক-সাফ
গরিল্। ফরর দিন তেঁই বায়তুল-মোকাদ্যসত গেল্, আর য়িতারার ফাক-সাফ অইবার
হাম হঁত্যে শেষ অইবো ও ফত্যিকর লাই হঁত্যে ফশু হোরবানি দেয়া অইবো য়িয়ান
জানাই দিল্।

বন্দি হযরত ফোল

27 ফাক-সাফ অইবার য়েই সাত দিন ফ্রায় শেষ অই আইবার ফর এশিয়া ফদেশর
হয়েকজন ইহুদি ফোলরে বায়তুল-মোকাদ্দসত দেকিল্। য়িতারা য়েডিয়ার বেক
মানুষঅক্যলরে উস্কাই দিল্ আর ফোলরে ধরিল্।
28 ফরদি য়িতারা চিল্যাইয়েনে হইতো লাগিল্, "বনি-ইসরাইলঅক্যল, আগাই আইয়্যো। বেক
জাগার মানুষর হাছে আঁরার জাতি ও আঁরার শরিয়ত আর বায়তুল-মোকাদ্যসর বিরুদ্যে
যিবা শিক্যা দিই বেরাআ, এ-ই য়েই মানুষ। য়িয়ান বাদে য়িবা বায়তুল-মোকাদ্দসত
গিরিকঅক্যলরে আনিয়েনে এই ফবিত্র জাগা নাফাক্ গইজ্যে।"
29 য়িতারা এই হতা হইল্ হারন য়িতারা আগদি ইফিষিয় ত্রফিমরে ফোলর লগে শঅরর
মাঝে দেইক্যেল্। য়িয়ানর লাই য়িতারা ভাইব্যেল্, ফোল ত্রফিমরে বায়তুল-মোকাদ্দসতঅ
আইন্যে।
30 তহন গোডা শঅর উত্যেজিত অই উটিল্। মানুষঅক্যলে একলগে দুঁরি আইয়েনে ফোলরে
ধরি বায়তুল-মোকাদ্যসর ত্যুন টানিয়েনে বাইর গরি আনিল্ আর লগে লগেই বায়তুল-
মোকাদ্যসর দরজাগিন বন্ধ গরি দিল্।
31 মানুষঅক্যলে ফোলরে মারি ফেলিবার চেষ্টা গইত্যো আছিল্, এন্ সমত রোমিয়
সৈন্যঅক্যলর মেইন সেনাফতির হাছে হ্যবর গেল্ দে, গোডা জেরুজালেম শঅরত উগ্যয়া
উলুস্থূল ফরি গেইয়্যে।

32 যেই মেইন সেনাফতি তহনই হয়েকজন শতফতি আর সৈন্যঅক্যলরে লই দুঁরিয়েনে
ভিড়র হাছে গেল্। মানুষঅক্যলে মেইন সেনাফতি আর সৈন্যঅক্যলরে দেকিয়েনে ফোলরে
মারা বন্ধ গরিল্।
33 তহন মেইন সেনাফতি আইয়েনে ফোলরে বন্দি গরিল্ আর দুয়া সিয়োল দিয়েনে তেঁইরে
বাঁধিবার উকুম দিল্। তারফরদি তেঁই ফুছার গরিল্, "মানুষ্যুয়া হন? য়িবা কি গইজ্যে?"
34 তহন মানুষঅক্যলর মইধ্যর ত্যুন হয়েকজন চিল্যাইয়েনে এক ডইল্যা হতা হইল্, আবার
হয়েকজন অইন্য ডইল্যা হতা হইল্। য়িয়ানত মেইন সেনাফতি গোলমালর লাই আসল
বেফার জানিত্ নঅ ফারিয়েনে ফোলরে সেনানিবাসত লই যাইবার উকুম দিল্।
35 ফোল সিড়ি ফইয্যন্ত ফোঁছিবার ফর মানুষঅক্যলর আতর ত্যুন বাঁচাইবার লাই
সৈন্যঅক্যলর ত্যুন তেঁইরে বোই লই যঅন ফরিল্।
36 মানুষঅক্যলে তেঁইর ফিছদি ফিছদি চিল্যাইয়েনে হইতো লাগিল্, "য়িবারে মারি ফেল।"

মানুষঅক্যলর হাছে হযরত ফোলর হতা

37 সৈন্যঅক্যলে ফোলরে লইয়েনে সেনানিবাসত ঢুইক্তো যাইবো এন্ সমত ফোল মেইন
সেনাফতিরে হইল্, "অনরে কি কিছু হইত্ ফারি না?" মেইন সেনাফতি হইল্, "তুঁই
দেকির্ গিরিক ভাষা জান!
38 মিসর দেশর যে মানুষ্যুয়া কিছু দিন আগে বিদ্রোও শুরু গরিয়েনে চাইর আজার খুনি
বিদ্রোয়িরে মরুভুমিত লই গেইয়্যেল্, তুঁই কি তইলে য়েই মানুষ নঅঅ?"
39 তহন ফোল জোয়াব দিল্, "আঁই ইহুদি, কিলিকিয়া ফদেশর তাষ্য শঅরর মানুষ। আঁই
যেন-তেন শঅরর মানুষ নঅঅ। দয়া গরিয়েনে আঁরে মানুষঅক্যলর হাছে হতা হইতো
দঅন।"
40 মেইন সেনাফতির অনুমতি ফাইয়েনে ফোল সিড়ির উঅরদি থিয়াইল্ আর আত্
তুলিয়েনে মানুষঅক্যলরে চুব গরিবার লাই ইশারা গরিল্। মানুষঅক্যলে চুব গরনর ফর
ফোল য়িব্রু ভাষাত য়িতারারে হইল্,

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 22

1 "ভাইঅক্যল আর বাবাঅক্যল, এহন আঁই আঁর নিজর ফক্যে হতা হই, উনন্।"
2 মানুষঅক্যলে তেঁইরে য়িব্রু ভাষাত হতা হইতো উনিয়েনে এক্যবারে চুব অই গেল্। তহন
ফোল হইল্,
3 "আঁই একজন ইহুদি। কিলিকিয়ার তাষ্য শঅরত আঁর জন্ম, তঅ আঁই এই শঅরতই
উঁর অইয়্যি। গমলিয়েলর ঠেংগর হাছে বোইয়েনে আঁই আঁরার ফুর্বফুরুষঅক্যলর শরিয়ত
ফুরাফুরি গরিয়েনে শিক্যালাভ গজ্যি। আল্লাহ্ সম্যন্দে আজিয়া অনরা যেইল্যা আগ্রঅ
দেহ্যাইতা লাইগ্যোন আঁই নিজেঅ য়েইল্যা আগ্রয়ি আছিলাম।
4 ইসার ফথদি যারা সইল্তো আঁই য়িতারারে জুলুম গরিয়েনে বউতজনরে মারি ফেলাইতাম
আর মরতফোয়া ও মাইয়্যাফোয়াঅক্যলরে ধরিয়েনে জেলহ্যানাত দিতাম।
5 এই হতা দে আঁসা, য়িয়ানর সাক্যি মআ-ইমাম আর উঁর মিটিংগর বেক্যিনে। এন্ কি,
আঁই য়িতারার হাছর ত্যুন দামেস্ক শঅরর ধর্ম-নেতাঅক্যলরে দিবার লাই সিটি লইয়্যিলাম

আর য়েই ধরনর মানুষঅক্যলরে বন্দি ইসাবে জেরুজালেমত আনিয়েনে শাস্তি দিবার লাই য়েডে যাইতাম আছিলাম।
6 "তহন বেইল অনুমান দুঁইজ্যা। আঁই দামেস্কর হাছাহাছি আইয়োনর ফর আতিক্যা আঁর চাইরোমিক্যাদি আসমানর ত্যুন উগ্যুয়া উজ্যল ফঅর ফরিল্।
7 আঁই মেডিত ফরি গেলাম আর উনিলাম কেউ যেন্ আঁরে হঅর, 'শোল, শোল, কিল্যাই তুঁই আঁর উঅর জুলুম গইত্যা লাইগ্যো?
8 "আঁই ফুছার গইল্যাম, 'ফভু, অনে হঅন? "তেঁই হইল্, 'আঁই নাসরতর ইসা, যিবার উঅর তুঁই জুলুম গইত্যা লাইগ্যো।'
9 যারা আঁর লগে আছিল্ য়িতারা য়েই ফঅর দেকিল্, কিন্তু যিবা আঁর লগে হতা হইতো আছিল্ তেঁইর হতা য়িতারা নঅ বুঝিল্।
10 "তহন আঁই হইলাম, 'ফভু, আঁই কি গইজ্যোম?' "ফভু হইল্, 'উঢ, দামেস্কত যঅ। তোঁয়ার লাই যেগিন ঠিগ গরি রাকা অইয়্যে য়েগিন য়েডেই তোঁয়ারে হোয়া অইবো।'
11 আঁর উঁয়াইজ্যাঅক্যলে আত্ ধরিয়েনে আঁরে দামেস্কত লই চলিল্, হারন য়েই উজ্যল ফঅরত্ আঁই আঁধা অই গেইয়্যিলাম।
12 "ফরদি অননিয় নামর একজন মানুষ আঁর হাছে আইল্। তেঁই মুসার শরিয়ত ডরর লগে ফালন গইত্যো, আর য়েডিয়ার বেক ইহুদিঅক্যলে তেঁইরে বউত সম্যান গইত্যো।
13 তেঁই আঁর ফাশদি আইয়েনে থিয়াই হইল্, 'ভাই শোল, তোঁয়ার চাইবার শক্তি ফিরি আইয়্যোক।' আর তহনই আঁই তেঁইরে দেকিত্ ফাইলাম।
14 "তহন অননিয় হইল্, 'আঁরার ফুর্বফুরুষঅক্যলর আল্লাহ্ তোঁয়ারে বাছি লইয়্যে যেন্ তুঁই তেঁইর ইছ্যা জানিত্ ফার, আর য়েই নিয়াইবান বান্দারে, মানি ইসা মসিহ্রে দেকিত্ ফঅ ও তেঁইর মুকর হতা উনিত্ ফঅ।
15 তুঁই তেঁইরই সাক্যি অইবা আর যিয়ান দেইক্যো ও উইন্যো বেক মানুষরঅক্যলর হাছে য়িয়ান হইবা।
16 এহন তুঁই কিল্যাই দেরি গইত্যা লাইগ্যো? উটিয়েনে তরিকাবন্দি লঅ আর নাজাত ফাইবার লাই ইসারে ডাকি তোঁয়ার গুনাহ্গিন ধুই ফেল।'
17 "ফরদি আঁই জেরুজালেমত ফিরি আইয়েনে যহন একদিন বায়তুল-মোকাদ্যসত মুনাজাত গইত্যাম আছিলাম তহন আঁই ঝুরানির মতন অবস্থাত্ ফইল্যাম।
18 য়েই অবস্থাত্ আঁই দেকিলাম ফভু আঁর লগে হতা হঅর। তেঁই আঁরে হইল্, 'তরাতরি গর, এহনই জেরুজালেম ছারিয়েনে যঅ গই, হারন আঁর বিষয়ে তোঁয়ার সাক্যি মাইন্য্যে গ্রঅন গইত্যো নঅ।'
19 "আঁই হইলাম, 'ফভু, এই মানুষঅক্যলে জানে, যারা তোঁয়ার উঅর ইমান আইনতো য়িতারারে মাইরধইর গরিয়েনে জেলহ্যানাত দিবার লাই আঁই এক মজলিস-হ্যানার ত্যুন অইন্য মজলিস-হ্যানাত যাইতাম।
20 যহন তোঁয়ার সাক্যি ইস্তিফানরে খুন গরা অইতো আছিল্ তহন আঁই য়েডে থিয়াইয়েনে সাই দিতাম আছিলাম, আর যারা তেঁইরে খুন গইত্যো আছিল্ য়িতারার হঅর-সোঅর ফাআরা দিতাম আছিলাম।'

21 “তহন ফভু আঁরে হইল্, ‘তুঁই যঅ, আঁই তোঁয়ারে দুরে অ-ইহুদিঅক্যলর হাছে
ফাটাইয়্যোম।’ ”
22 মানুষঅক্যলে এতক্যন ফইয্যন্ত ফোলর হতা উইন্তো আছিল্, কিন্তু যহন তেঁই অ-
ইহুদিঅক্যলর হতা হইল্ তহন মানুষঅক্যলে জোরে চিল্যাইয়েনে হইতো লাগিল্, “য়িবারে
দুনিয়ার ত্যুন দুর গরি দঅ; য়িবা বাঁচি থাকিবার উফযুক্ত নঅঅ।”
23 মানুষঅক্যলে যহন চিল্যাইতো আছিল্ আর হঅর-সোঅর ফাক্ মারিয়েনে আকাশত
ধুলা ছিঁডাইতো আছিল্,
24 তহন মেইন সেনাফতি ফোলরে সেনানিবাসত লই যাইবার উকুম দিল্। কিল্যাই
মানুষঅক্যলে ফোলর বিরুদ্যে এন্ গরিয়েনে চিত্কার গরের্ য়িয়ান জানিবার লাই তেঁই
ফোলরে সঁঅক দিই মারিয়েনে জেরা গইত্যো উকুম দিল্।
25 ফোলরে যহন সঁঅক দিই মারিবার লাই বাঁধা অইল্, তহন যে শতফতি য়েডে থিয়াই
আছিল্ ফোল তেঁইরে হইল্, “যিবারে দুষি বুলি এহনঅ ঠিগ গরা নঅঅ অঅ এন্ একজন
রোমিয়রে সঁঅক মারন কি অনরার ফক্যে আইন মতন হাম অঅর না?”
26 এই হতা উনিয়েনে য়েই শতফতি মেইন সেনাফতির হাছে য়েই হ্যবর দিয়েনে হইল্,
“অনে কি গইত্যো যাইতা লাইগ্যোন? এই মানুষ্যুয়া তঅ রোমিয়।”
27 তহন মেইন সেনাফতি ফোলর হাছে যাইয়েনে ফুছার গরিল্, “আঁরে হঅ চাই, তুঁই কি
রোমিয় না?” ফোল হইল্, “জি।”
28 মেইন সেনাফতি হইল্, “বউত টিঁয়া-ফুইসা দিয়েনে রোমিয় অইবার অধিকার আঁই
কিন্যি।” ফোল হইল্, “কিন্তু আঁর জন্ম রোমিয় অইয়েনে অইয্যে।”
29 এই হতা উনিয়েনে যারা তেঁইরে জেরা গইত্যো যাইতো আছিল্ য়িতারা তহনই গেল্
গই। যহন মেইন সেনাফতি বুঝিত্ ফারিল্ দে, তেঁই একজন রোমিয়রে বাঁইন্দেল্ তহন
তেঁই ডরাইল্।

উঁর মিটিংগর সাম্নদি হযরত ফোল

30 ইহুদিঅক্যলে কিল্যাই ফোলরে দোষ দেএর য়িয়ান ঠিগ গরিয়েনে জানিবার লাই ফরর
দিন মেইন সেনাফতি ফোলর বাঁধনি খুলি দিল্ আর মেইন ইমামঅক্যলরে ও উঁর
মিটিংগর মানুষঅক্যলরে একলগে মিলিত অইবার উকুম দিল্। তারফর তেঁই ফোলরে লই
আনিয়েনে য়িতারার সাম্নদি থিয়া গরাইল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 23

1 ফোল সুজা উঁর মিটিংগর মানুষঅক্যলর মিক্যাদি চাইয়েনে হইল্, “আঁর ভাইঅক্যল, আঁই
আইজ ফইয্যন্ত ফরিষ্কার বিবেকে আল্লাহ্র লগে আঁর হত্যইব্য ফালন গজ্যি।”
2 এই হতা উনিয়েনে মআ-ইমাম অননিয় ফোলর হাছে যারা থিয়াই আছিল্ য়িতারারে
ফোলর মুকর উঅর আঘাত গইত্যো উকুম দিল্।
3 তহন ফোল অননিয়রে হইল্, “ভন্ড, আল্লাহ্ অনরেঅ আঘাত গরিব্যো। আইন মতন
আঁর বিচার গরিবার লাই অনে য়েডে বোইস্যোন, কিন্তু আঁরে মারিবার উকুম দিয়েনে
তঅ অনে নিজেই আইন ভাইংগ্তা লাইগ্যোন”

4 যারা ফোলর হাছে থিয়াই আছিল্ য়িতারা তেঁইরে হইল্, “তুঁই আল্লাহ্র মআ-ইমামরে
অফমান গইত্যা লাইগ্যো!”
5 তহন ফোল হইল্, “ভাইঅক্যল, আঁই নঅ জাইনতাম দে, তেঁই মআ-ইমাম। য়ুদি
জাইনতাম তইলে য়েই হতা নঅ হইতাম, হারন ফাক-কিতাবত লেহ্যা আছে, ‘তোঁয়ার
জাতির নেতারে অসম্যান নঅ গইজ্যো।’ ”
6 য়েই উঁর মিটিংগর এক দল দে সদ্যুকি আর অইন্য দল ফরিশি, এই হতা জানিয়েনে
ফোল উঁর মিটিংগর মাঝদি জোরে হইল্, “আঁর ভাইঅক্যল, আঁই একজন ফরিশি আর
ফরিশির ফোয়া। আঁর বিচার অঅর হারন আঁই বিশ্যাস গরি দে, মরাঅক্যলে আবার
জিন্দা অইয়েনে উটিবো।”
7 তেঁইর এই হতাত ফরিশি আর সদ্যুকিঅক্যলর মাঝে হইজ্যা শুরু অইল্। ইয়ানত উঁর
মিটিংগর মানুষঅক্যলে ভাগ অই গেল্,
8 হারন সদ্যুকিঅক্যলে হঅ, “মরাঅক্যলে আর জিন্দা অইয়েনে উইট্যো নঅ ।” ইয়ান
বাদে য়িতারা আরো হঅ দে, ফেরেস্তাঅ নাই, হনঅ রুহ্অ নাই; কিন্তু ফরিশিঅক্যলে
এগিন বেক্যিনই বিশ্যাস গরে।
9 তহন বিরাট গোলমাল শুরু অইল্ আর ফরিশি দলর হয়েকজন আলেম উটিয়েনে তুমুল
হইজ্যা ফসাদ শুরু গরি দিল্। য়িতারা হইল্, “আঁরা এই মানুষ্যুয়ার হনঅ দোষ দেকিত
নঅ ফাইর। অঅত হনঅ রুহ্ বা হনঅ ফেরেস্তা ইবার লগে হতা হইয়্যে।”
10 য়েই হইজ্যা এন্ বিরাট অই উটিল্ দে, মেইন সেনাফতি ডরাইল্ য়িতারা ফোলরে ছিরি
টুঁরা টুঁরা গরি ফেলিবো। তেঁই সৈন্যঅক্যলরে উকুম দিল্ যেন্ য়িতারা যাইয়েনে
মানুষঅক্যলর আতর ত্যুন ফোলরে ছারাই আনিয়েনে সেনানিবাসত লই যাআ।
11 ফররদিন রাতিয়া ফভু ফোলর হাছে থিয়াইয়েনে হইল্, “সঅসি অঅ, জেরুজালেমত
যেইল্যা তুঁই আঁর বিষয়ে সাক্যি দিয়্যো য়েই ডইল্যা রোমতঅ তোঁয়ার ত্যুন সাক্যি দঅন
ফরিবো।”

হযরত ফোলরে মারি ফেলিবার ষড়যন্ত্র

12 ফররদিন বেইন্যা ফজরত ইহুদিঅক্যলে উগ্যুয়া ষড়যন্ত্র গরিল্ আর ফোলরে মারি নঅ
ফেলন ফইয্যন্ত কিছুই হ্যাইতো নঅ বুলি সোঅন হ্যাইল্।
13 চল্যিশজনরঅ বেশি মানুষ এই ষড়যন্ত্র গরিল্।
14 য়িতারা মেইন ইমামঅক্যলর আর ইহুদি বুরা নেতাঅক্যলর হাছে যাইয়েনে হইল্,
“ফোলরে মারি নঅ ফেলন ফইয্যন্ত কিছুই হ্যাইতাম নঅ বুলি আঁরা হোটিন সোঅন
হ্যাইয়্যি।
15 এহন অনরা আর উঁর মিটিংগর মানুষঅক্যলে এই বেফারে আরো ভালা গরি তদন্ত
গরিবার অজুআতে ফোলরে অনরার সাম্নদি আনিবার লাই মেইন সেনাফতির হাছে হ্যবর
ফাটন। য়িবা এডে ফোঁছিবার আগদিই আঁরা তেঁইরে শেষ গরি ফেলিবার লাই রেডি অই
থাকিলাম।”

16 কিন্তু ফোলর বোইনর ফোয়া এই ষড়যন্ত্রর হতা উনিত্ ফাইয়েনে সেনানিবাসত গেল্
আর ফোলরে য়েই হ্যবর জানাইল্।
17 তহন ফোল একজন শতফতিরে ডাকিয়েনে হইল্, "এই জোয়ানরে মেইন সেনাফতির
হাছে লই যঅন। তেঁইর হাছে ইবার কিছু হইবার আছে।"
18 তহন য়েই শতফতি য়েই জোয়ানরে লইয়েনে মেইন সেনাফতির হাছে যাই হইল্, "বন্দি
ফোল আঁরে ডাকা ফাটাইয়েনে এই জোয়ানরে অনর হাছে লই আইস্তো হইল্, হারন
অনর হাছে য়িবার নাকি কিছু হইবার আছে।"
19 মেইন সেনাফতি তহন য়েই জোয়ানর আত ধরি একফাশদি লই যাইয়েনে হইল্, "আঁরে
তুঁই কি হইতা চঅ?"
20 য়েই জোয়ান ফোয়া হইল্, "ইহুদিঅক্যলে ঠিগ গইজ্যে, ফোলর বিষয় আরো ভালা গরি
হ্যবর লইবার অজুআতে তেঁইরে আইয়্যেরদে হালিয়া উঁর মিটিংগর সাম্নদি লই যাইবার
লাই অনরে অনুরোধ গরিবো।
21 অনে য়িতারার হতাত রাজি নঅ অইবান, হারন চল্যিশজনরঅ বেশি মানুষ লুকাই
থাকিয়েনে ফোলর লাই অফেক্যা গরি আছে। ফোলরে খুন নঅ গরন ফইয্যন্ত এই
মানুষঅক্যলে কিছু হ্যাইতো নঅ বুলি সোঅন হ্যাইয়্যে। য়িতারা রেডি অইয়েনে এহন হ্যালি
অনর রাজি অইবার অফেক্যাত আছে।"
22 মেইন সেনাফতি য়েই জোয়ানরে বিদায় গরিবার সমত এই উকুম দিল্, "এই হতা দে
তুঁই আঁরে জানাইয়্যো য়িয়ান কেউঅরে নঅ হইয়্যো।"

সিজারিয়াত হযরত ফোল

23 ফরদি মেইন সেনাফতি তেঁইর দুই জন শতফতিরে ডাকিয়েনে হইল্, "দুইশ সাধারন
সৈন্য, সোত্যোরজন ঘোড়া চলাইন্যা সৈন্য আর দুইশ সেলধারি সৈন্যরে আজিয়া রাইত্
নঅটার সমত সিজারিয়াত যাইবার লাই রেডি রাক।
24 আর ফোলর লাইঅ ঘোড়ার বেবস্তা গইজ্যো যেন্ য়িবারে সইসালামতে মেইন শাসনহত্যা
ফিলিক্সর হাছে লই যঅন যাআ।"
25 মেইন সেনাফতি এই সিটি লেকিল্:
26 "আঁই, ক্লাডিয়াস লুসিয়াস, মআন শাসনহত্যা ফিলিক্সর হাছে এই সিটি লেকির। আঁর
সালাম গ্রঅন গরন।
27 "ইহুদিঅক্যলে এই মানুষ্যুয়ারে ধরিয়েনে ফ্রায় খুন গরি ফেইল্যেল্, কিন্তু আঁই আঁর
সৈন্যঅক্যলরে লই যাইয়েনে য়িবারে উদ্যার গরি আন্যি, হারন আঁই জানিত্ ফাইল্যাম
য়িবা একজন রোমিয়।
28 ফরদি আঁই জাইন্তাম চাইলাম কিল্যাই মানুষঅক্যলে য়িবারে দুষি গরের। য়িয়ানর লাই
য়িতারার উঁর মিটিংগর হাছে আঁই য়িবারে লই গেলাম।
29 আঁই বুঝিত্ ফাইল্যাম দে, য়িতারার শরিয়তর বিষয় লইয়েনে য়িতারা য়িবারে দুষি
গরের্, কিন্তু মরিবার বা জেলহ্যানাত যাইবার মতন এন্ হনঅ দোষ য়িবার নাই।

30 যহন আঁই জানিত্ ফাইল্যাম মানুষঅক্যলে এই মানুষ্যুয়ার বিরুদ্যে ষড়যন্ত্র গইজ্যে
তহনই আঁই য়িবারে অনর হাছে ফাটাইলাম। যারা য়িবারে দুষি গরের য়িতারারেঅ আঁই
উকুম দিলাম যেন্ য়িতারা ইবার দোষর বিষয়ে অনর হাছে হঅ।”
31 তহন সৈন্যঅক্যলে মেইন সেনাফতির উকুম মতন ফোলরে রাতিয়া য়িতারার লগে
গরিয়েনে আন্তিফাত্রি শঅর ফইয্যন্ত লই গেল্।
32 ফরর দিন য়িতারা ঘোড়া চলাইন্যা সৈন্যঅক্যলর লগে ফোলরে ফাটাই দিয়েনে
সেনানিবাসত ফিরি গেল্।
33 ঘোড়া চলাইন্যা সৈন্যঅক্যলে সিজারিয়াত ফোঁছিয়েনে সিটিগান আর ফোলরে মেইন
শাসনহত্যার আতত্ দিল্।
34 মেইন শাসনহত্যা সিটিগান ফরিয়েনে ফোল হঅন্ জাগার মানুষ য়িয়ান ফুছার গরিল্।
ফোল দে কিলিকিয়া ফদেশর মানুষ য়েই হতা জানিত্ ফারিয়েনে তেঁই হইল্,
35 “তোঁয়ারে যারা দুষি গরের য়িতারা এডে ফোঁছিবার ফর আঁই তোঁয়ার হতা
উইন্যোম।” ফরদি তেঁই বাদশা হেরোদর বাড়ির আজতত্ ফোলরে ফাআরা দিয়েনে
রাইক্তো হইল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 24

হযরত ফোলর বিচার

1 ফাঁচ দিন ফরদি মআ-ইমাম অননিয় হয়েকজন ইহুদি বুরা নেতা আর তর্তুল্য নামর
একজন উকিলরে লইয়েনে সিজারিয়াত গেল্ আর ফোলর বিরুদ্যে মেইন শাসনহত্যার হাছে
নালিশ জানাইল্।
2-3 ফোলরে ডাকি আনিবার ফর তর্তুল্য এই হইয়েনে ফোলর দোষ দেহ্যাইতো লাগিল্,
“অঅ মাননিয় ফিলিক্স, অনর অধিনত আঁরা বউত দিন ধরিয়েনে বউত শান্তিত আছি।
অনে অনর গেয়ান দিয়েনে এই জাতির বউত উন্যতি গইজ্যোন। ইয়ানর লাই আঁরা
অক্যল সমত বেক জাগাত অনরে আঁরার গভির কিতগ্যতা জানাই থাকি।
4 কিন্তু অনর সময় যেন্ আর নষ্ট নঅ অঅ ইয়ানর লাই আঁই এই অনুরোধ গরি, অনে
দয়া গরি আঁরার হতা উনন্। আঁরা অল্ফ হতাত বেক হইয়্যোম।
5 “আঁরা দেক্যি এই মানুষ্যয়া উগ্যুয়া আফদ; অক্যল সমত য়িবা গোলমালর সিষ্টি গরি
থাকে। সারা দুনিয়ার ইহুদিঅক্যলর মাঝে য়িবা গোলমাল বাজাই বেড়াআ। য়িবা নাসারা
নামর উগ্যুয়া ধর্ম-বিরুদ্য দলর নেতা।
6-7 বায়তুল-মোকাদ্যস ফইয্যন্ত য়িবা নাফাক্ গরিবার চেষ্টা গইজ্যে বুলি আঁরা য়িবারে
ধজ্যি।
8 আঁরা য়িবারে যে দোষ দিইর, অনে নিজে য়িবারে জেরা গইল্যে বেক কিছুই জানিত্
ফারিবান।”
9 এই হতাগিন দে আঁসা য়িয়ানত ইহুদিঅক্যলেঅ সাই দিল্।

10 তহন মেইন শাসনহত্যা ফোলরে ইশারা গরনর ফর ফোল হইতো লাগিল্, “আঁই জানি,
বউত বছর ধরিয়েনে অনে এই ইহুদি জাতির বিচার গরি আইস্তা লাইগ্যোন; য়িয়ানর
লাই আঁই বউত খুশি অইয়েনেই নিজর ফক্যে হতা হইর।
11 আজিয়া বারো দিনর বেশি নঅঅ অঅ আঁই এবাদত গরিবার লাই জেরুজালেমত
গেইয়্যিলাম। অনে হ্যোজ-হ্যবর লইলে য়িয়ান সহজেই জানিত্ ফারিবান।
12 আঁরে যারা দোষ দিতো লাইগ্যোন য়িতারা বায়তুল-মোকাদ্যসত আঁরে কেউঅর লগে
হোইজ্যা ফসাদ গইত্যো নঅঅ দেকন বা মজলিস-হ্যানাত বা শঅরর অইন্য হনঅ মিক্যা
মানুষঅক্যলরে উসকানি দিতো নঅঅ দেকন।
13 আঁর বিরুদ্যে এহন য়িতারা যে দোষ দেহ্যাআর য়িয়ানর ফরমান য়িতারা অনর হাছে
দিত্ ফাইত্যো নঅ।
14 যাই অক, এই হতা আঁই অনর হাছে সিকার গরির্ দে, ইসা মসিহ্র ফথ, যিবারে
য়িতারা ধর্ম-বিরুদ্য ফথ হঅ, আঁই য়েই ফথতই আঁর ফুর্বফুরুষঅক্যলর আল্লাহ্র এবাদত
গরি থাকি। তোরাত শরিফর লগে যা কিছুর মিল আছে য়িয়ানত আর নবিঅক্যলর
কিতাবত আঁই ইমান রাকি।
15 য়িতারা যেন্ আশা গরে য়েইল্যা আঁরঅ আল্লাহ্র উঅর এই আশা আছে দে, সত্ বা
অসত্ বেক্যিনরে আবার জিন্দা গরা অইবো।
16 য়িয়ানর লাই আঁই আল্লাহ্ আর মানুষর হাছে অক্যল সমত আঁর বিবেকরে ফরিষ্কার
রাকিবার চেষ্টা গরি।
17 “বউত বছর ফরদি আঁই জেরুজালেমত গেইয়্যিলাম যেন্ আঁর জাতির গরিব
মানুষঅক্যলরে কিছু টিঁয়া-ফুইসা দিত্ ফারি আর ফশু হোরবানি দিত্ ফারি।
18 নিজরে ফাক-সাফ গরিবার ফর যহন আঁই য়েই হাম গইত্যাম আছিলাম তহনই য়িতারা
আঁরে বায়তুল-মোকাদ্যসত দেকিত্ ফাইয়্যেল্। আঁর হাছে মানুষজনরর ভিড়অ নঅঅ অঅ
বা আঁরে লই হনঅ গোলমালঅ নঅঅ অঅ।
19 কিন্তু এশিয়া ফদেশর হয়েকজন ইহুদি য়েডে আছিল্। অনর হাছে য়েই ইহুদিঅক্যলেরই
আইয়্যোন উচিত আছিল্ আর আঁরে দোষ দিবার যুদি কিছু থাকে তইলে য়িতারারই
য়িয়ান দঅন উচিত আছিল্।
20 বা এডে যারা আজির আছে য়িতারাই হঅক, আঁই যহন উঁর মিটিংগর সাম্নদি থিয়াই
আছিলাম তহন য়িতারা আঁর কি দোষ ফাইয়্যেল্।
21 হ্যালি এই উগ্যয়া বিষয়ে য়িতারা আঁর দোষ দিত্ ফারে দে, আঁই য়িতারার সাম্নদি
থিয়াই জোর গলায় হইয়্যিলাম, ‘মরাঅক্যলর আবার জিন্দা অইয়েনে উটিবার বিষয় লই
আজিয়া অনরার সাম্নদি আঁর বিচার অঅর।’ ”
22 ইসার ফথর বিষয়ে ফিলিক্স বউত ভালা গরিয়েনে জাইন্তো। তেঁই বিচার গরা বন্ধ
গরি হইল্, “মেইন সেনাফতি লুসিয়াস আইয়োনর ফর আঁই তোঁয়ারার বিচার শেষ
গইজ্যোম।”
23 তেঁই ফোলরে ফাআরা দিবার লাই শতফতিরে উকুম দিল্, কিন্তু তেঁইরে কিছুটা
সাধিনভাবে রাইক্তো হইল। তেঁই অনুমতি দিল্ যেন্ ফোলর বন্ধুঅক্যলে আইয়েনে দরহার
মতন তেঁইর দেহ্যাশুনা গরিত্ ফারে।

24 হয়েক দিন ফরদি ফিলিক্স তেঁইর ইহুদি বউ দ্রুষিল্যারে লগে গরি আইল্। তেঁই ফোলরে
ডাকা ফাটাইয়েনে তেঁইর হাছে মসিহ্ ইসার উঅর ইমানর হতা উনিল্।
25 ফোল যহন সত্ভাবে চলা, নিজরে দমনত রাকা আর রোজ আঁশরর বিষয়ে হইল্,
তহন ফিলিক্স ডরাইয়েনে হইল্, "তুঁই এহন যঅ; সময়-সুযোগ মতন আঁই তোঁয়ারে ডাকা
ফাটাইয়্যোম।"
26 তেঁই আশা গইজ্যেল্ ফোল তেঁইরে ঘুষ দিবো। য়িয়ানর লাই বারবার ফোলরে ডাকাই
আনাইয়েনে তেঁই তেঁইর লগে হতা হইতো।
27 দুই বছর ফার অই যঅনর ফর ফিলিক্সর জাগাত ফক্যিয় ফিষ্ট আইল্। ফিলিক্স
ইহুদিঅক্যলরে খুশি গরিবার লাই ফোলরে জেলহ্যানাতই রাকি গেল্।

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 25

মেইন শাসনহত্যার সাম্নদি হযরত ফোলর বিচার

1 য়েই ফদেশত আইবার তিন দিন ফরদি ফিষ্ট সিজারিয়ার ত্যুন জেরুজালেমত গেল্।
2 তহন মেইন ইমামঅক্যলে আর ইহুদি নেতাঅক্যলে তেঁইর হাছে যাইয়েনে ফোলর বিরুদ্যে
নালিশ জানাইল্।
3 য়িতারা ফিষ্টরে বিশেষভাবে অনুরোধ গরিল্ যেন্ তেঁই য়িতারার উঅর দয়া গরি
ফোলরে জেরুজালেমত ডাকা ফাটাআ। ইয়ানর হারন এই দে, য়িতারা ফথর মাঝে লুকাই
থাকিয়েনে ফোলরে খুন গরিবার ষড়যন্ত্র গইত্যো আছিল্।
4 তহন ফিষ্ট হইল্, "ফোলরে সিজারিয়াত আটক রাকা অইয়্যে আর আঁই নিজেই বঅর
তরাতরি য়েডে যাইর্।
5 তোঁয়ারার হয়েকজন হ্যমতাশালি মানুষ আঁর লগে যঅক্ আর যুদি য়েই মানুষ হনঅ
দোষ গরি থাকে তইলে য়িয়ান দেহ্যাই দঅক।"
6 ফিষ্ট য়িতারার মাঝে আষ্ট-দশ দিন হাডাইয়েনে সিজারিয়াত ফিরি গেল্। ফরর দিন
তেঁই বিচারর মিটিংগত বোইয়েনে ফোলরে তেঁইর সাম্নদি আনিবার উকুম দিল্।
7 যে ইহুদিঅক্যল জেরুজালেমর ত্যুন আইস্যেল্ ফোল য়েডে আইয়োনর ফর য়িতারা তেঁইর
চাইরোমিক্যাদি থিয়াইয়েনে তেঁইর বিরুদ্যে বউত বিরাট রহমর দোষ দিল্, কিন্তু য়েগিনর
হনঅ ফরমান দিত্ নঅ ফারিল্।
8 তহন ফোল নিজর ফক্যে এই হতা হইল্, "আঁই ইহুদিঅক্যলর শরিয়ত বা বায়তুল-
মোকাদ্যস বা রোম-বাদশার বিরুদ্যে হনঅ অন্যায় নঅঅ গরি।"
9 ফিষ্ট ইহুদিঅক্যলরে খুশি গরিবার লাই ফোলরে হইল্, "এই দোষগিনর বিচার আঁই যেন্
জেরুজালেমত গরিত্ ফারি য়িয়ানর লাই তুঁই কি য়েডে যাইতো রাজি আছ না?
10 তহন ফোল হইল্, "আঁই এহন রোমিয় বিচারর মিটিংগত থিয়াই আছি আর রোমিয়
সরকারর হাছেই আঁর বিচার অঅন উচিত। অনে নিজে তঅ ভালা গরিয়েনে জানন দে,
আঁই ইহুদিঅক্যলর উঅর হনঅ অন্যায় নঅঅ গরি।
11 তঅঅ, যুদি আঁই মরনর উফযুক্ত হনঅ দোষ গরি থাকি তইলে মইত্যে আঁই রাজি
আছি। কিন্তু এই ইহুদিঅক্যলে আঁর বিরুদ্যে যে দোষ দেএর য়েগিন যুদি আঁসা নঅ অঅ

তইলে য়িতারার আতত্ আঁরে ছারি দিবার অধিকার কেউঅর নাই। আঁই বাদশার হাছে আফিল গরির্।”
12 ফিষ্ট তেঁইর ফরামর্শদাতাঅক্যলর লগে ফরামশ্য গরিয়েনে হইল্, “তুঁই বাদশার হাছে যহন আফিল গইজ্যো তহন বাদশার হাছেই যাইবা।”

ফিষ্ট আর বাদশা আগ্রিফ্য

13 ইয়ার কিছু দিন ফরদি ইহুদিঅক্যলর বাদশা আগ্রিফ্য আর তেঁইর বউ বন্যিকি ফিষ্টরে সালাম জানাইবার লাই সিজারিয়াত আইল্।
14 য়িতারা বউত দিন য়েডে আছিল্ বুলি ফিষ্ট ফোলর বিষয় বাদশারে জানাইল্। তেঁই হইল্, “ফিলিক্স একজন মানুষরে এডে বন্দি ইসাবে রাকি গেইয়্যে।
15 আঁই যহন জেরুজালেমত গেইয়্যিলাম তহন মেইন ইমামঅক্যলে আর ইহুদি বুরা নেতাঅক্যলে এই মানুষর বিরুদ্যে বউত নালিশ জানাইয়্যেল্ আর দুষি ইসাবে ইবারে শাস্তি দিতো হইয়্যেল্।
16 “আঁই য়িতারারে হইলাম, ‘হনঅ মানুষর বিরুদ্যে যুদি হনঅ নালিশ গরা অঅ তইলে যারা নালিশ গইজ্যে য়িতারার সাম্নদি নিজরে নিদ্যোষ বুলি ফরমান গরিবার সুযোগ নঅ ফঅন ফইয্যন্ত য়িবারে শাস্তি দিবার হতা রোমিয়অক্যলর চলতি নিয়মত নাই।’
17 “য়েই ইহুদিঅক্যলে আঁর লগে আইয়োনর ফর আঁই দেরি নঅ গরিয়েনে ফরদিনই বিচার গইত্যাম বোইলাম আর য়েই মানুষরে আইন্তো উকুম গইল্যাম।
18 যে মানুষঅক্যলে য়িবারে দোষ দিতো আছিল্ য়িতারা যহন হতা হইবার লাই উটিয়েনে থিয়াইল্ তহন আঁই যেইল্যা ভাব্যিলাম য়েইল্যা হনঅ নালিশ য়িতারা নঅ গরিল্,
19 বরং য়িতারার ধর্ম-মতন আর ইসা বুলি একজন মরা মানুষ সম্যন্দে য়িবারে দুষি গরিল্। ফোল নামে য়েই মানুষ্যয়া দাবি গরে দে, য়েই ইসা বাঁচি আছে।
20 এই বেফারগিনর তালাইশ কেন্ গরিয়েনে লইয়্যোম য়িয়ান বুঝিত্ নঅ ফারিয়েনে আঁই ফুছার গইল্যাম, এই দোষগিনর যেন্ বিচার গরন যাআ য়িয়ানর লাই য়েই মানুষ জেরুজালেমত যাইতো রাজি আছে কিনা।
21 কিন্তু য়িবা যহন বাদশার রায়র লাই অফেক্যা গইত্যো আঁর হাছে আফিল গরিল্ তহন বাদশার হাছে নঅ ফাটন ফইয্যন্ত য়িবারে ফাআরা দিয়েনে রাইকতো আঁই উকুম দিয়্যি।”
22 তহন আগ্রিফ্য ফিষ্টরে হইল্, “আঁই নিজে এই মানুষ্যয়ার হতা উইন্তাম ইচ্ছা গরি।” ফিষ্ট হইল্, “হালিয়া উনিত্ ফাইবান।”

আগ্রিফ্যর সাম্নদি হযরত ফোল

23 ফররদিন বাদশা আগ্রিফ্য আর বন্যিকি মেইন সেনাফতিঅক্যলরে আর শঅরর মেইন মেইন মানুষঅক্যলরে লইয়েনে মআ জাকজমকর লগে মিটিংগর ঘরর মাঝে ঢুকিল্। ফিষ্টর উকুমে ফোলরে য়েডে আনা অইল্।
24 তহন ফিষ্ট হইল্, “বাদশা আগ্রিফ্য ও আর যারা এডে আজির আছন, অনরা এই মানুষ্যয়ারে দেইক্তা লাইগ্যোন। বেক ইহুদিঅক্যলে জেরুজালেমত আর সিজারিয়াত আঁর

হাছে আফিল গইজ্যে আর চিল্যাইয়েনে হইয়্যে দে, এই মানুষ্যুয়ার আর বাঁচি থাকন উচিত নঅঅ।
25 কিন্তু আঁই দেকিলাম, মরনর শাস্তি দিবার মতন হনঅ দোষ য়িবা নঅঅ গরে। তইলে য়িবা নিজেই যহন বাদশার হাছে আফিল গইজ্যে তহন আঁই য়িবারে বাদশার হাছে ফাটনই ঠিগ গইল্যাম,
26 কিন্তু মআন বাদশার হাছে লেকিবার মতন এন্ সঠিক কিছুই নঅ ফাইলাম। য়িয়ানর লাই আঁই অনরার বেক্যিনর সাম্নদি, বিশেষ গরি বাদশা আগ্রিফ্য অনর সাম্নদি য়িবারে আন্যি যেন্ য়িবারে জেরা গরিয়েনে আঁই অন্তত কিছু লেকিত্ ফারি;
27 হারন আঁর মতে, হনঅ বন্দিরে চালান দিবার সমত য়িবার দোষগিনঅ জানন্ উচিত।”

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 26

1 তহন আগ্রিফ্য ফোলরে হইল্, “তোঁয়ার নিজর ফক্যে হতা হইবার লাই তোঁয়ারে অনুমতি দেয়া গেল্।” তহন ফোল আত বারাই দিয়েনে নিজর ফক্যে এই হতা হইল্,
2 “অঅ বাদশা আগ্রিফ্য, ইহুদিঅক্যলে আঁরে যেতাক্যিন দোষ দিয়্যে য়েগিনর বিরুদ্যে অনর সাম্নদি আজিয়া আঁর নিজর ফক্যে হতা হইবার সুযোগ ফাইয়্যি বুলিয়েনে আঁই নিজরে ভাইগ্যবান মনে গরির্,
3 বিশেষ গরিয়েনে যহন ইহুদিঅক্যলর চলতি নিয়ম আর বারাবারির বিষয়গিন সম্যন্দে অনর ভালা গরিয়েনেই জানা আছে। ইয়ানর লাই ধৈয্য ধরিয়েনে আঁর হতা উইন্তো আঁই অনরে বিশেষ গরি অনুরোধ গরির্।
4 “ছোডহালর ত্যুন, মানি আঁর জিবনর শুরুর ত্যুন আঁর নিজর দেশর আর ফরদি জেরুজালেমর মানুষঅক্যলর মাঝে আঁই কেন্ গরিয়েনে জিবন হাডাইয়্যি ইহুদিঅক্যলে বেক্যিনে য়িয়ান জানে।
5 য়িতারা বউত দিন ধরিয়েনেই আঁরে চিনে আর ইচ্ছা গইল্যে এই সাক্যি দিত্ ফারে দে, আঁরার ধর্মর ফরিশি নামর যে গোঁড়া দল আছে আঁই য়েই ফরিশির জিবনই হাডাইয়্যি।
6 আল্লাহ্ আঁর ফুর্বফুরুষঅক্যলর হাছে যে ওয়াদা গইজ্যেল্ য়িয়ানত আঁই আশা রাক্যি বুলিয়েনে এহন আঁর বিচার গরা অঅর।
7 আঁরার বারো গুষ্টির মানুষঅক্যলে দিন-রাইত মন-ফ্রান দিয়েনে আল্লাহ্র এবাদত গরিয়েনে য়েই ওয়াদার ফুন্যতা দেকিবার আশায় আছে। মআরাজ, য়েই আশার লাইই ইহুদিঅক্যলে আঁরে দোষ দেএর।
8 আল্লাহ্ যে মরাঅক্যলরে জিন্দা গরে এই হতা বিশ্যাসযোইগ্য নঅঅ বুলিয়েনে অনরা কিল্যাই মনে গইত্যা লাইগ্যোন?
9 “আঁই নিজেই বিশ্যাস গইত্যাম, নাসরতর ইসার বিরুদ্যে যেগিন গরা যাআ য়েগিনর বেক্যিনই আঁর গরন উচিত,
10 আর ঠিগ য়েগিনই আঁই জেরুজালেমত গইত্যাম আছিলাম। মেইন ইমামঅক্যলর হাছর ত্যুন হ্যমতা ফাইয়েনে আঁই ইসায়ি ইমানদার বউতজনরে জেলহ্যানাত দিতাম আর য়িতারারে মারি ফেলিবার সমত য়িতারার বিরুদ্যে ভোট দিতাম।

11 য়িতারারে শাস্তি দিবার লাই আঁই ফ্রায়ই এক মজলিস-হ্যানার ত্যুন অইন্য মজলিস-
হ্যানাত যাইতাম আর ইসার বিরুদ্যে হতা হইবার লাই আঁই য়িতারার উঅর জোর
হ্যাডাইতাম। য়িতারার উঅর আঁর এত গোস্যা আছিল্ দে, য়িতারার উঅর জুলুম
গরিবার লাই আঁই বিদেশর শঅরগিনত ফইয্যন্ত যাইতাম।
12 "এন্ গরিয়েনে একবার মেইন ইমামঅক্যলর হাছর ত্যুন হ্যমতা আর উকুম লইয়েনে
আঁই দামেস্কত যাইতাম আছিলাম।
13 মআরাজ, তহন বেলা অনুমান দুঁইজ্যা। ফথর মাঝে সুয্যর ত্যুনঅ উজ্যল এক্যান
ফঅর আসমানর ত্যুন আঁর আর আঁর উঁয়াইজ্যাঅক্যলর চাইরোমিক্যাদি জইলতো লাগিল্।
14 আঁরা বেক্যিনে মেডিত ফরি গেলাম আর আঁই উনিলাম য়িব্রু ভাষাত হনে যেন্ আঁরে
হঅর, 'শোল, শোল, কিল্যাই তুঁই আঁর উঅর জুলুম গইত্যা লাইগ্যো? কেঁডা বোয়াইন্যা
লাডির মুকত লাত্যি মারিয়েনে কি তুঁই নিজর হোতি নঅ গইত্যা লাইগ্যো না?'
15 "তহন আঁই হইলাম, 'ফভু, অনে হঅন?'
16 "ফভু হইল্, 'আঁই ইসা, যিবার উঅর তুঁই জুলুম গইত্যা লাইগ্যো। এহন উঢ, তোঁয়ার
ঠেংগত ভর দিয়েনে থিঅ। সেবাহারি আর সাক্যি ইসাবে তোঁয়ারে নিযুক্ত গরিবার লাই
আঁই তোঁয়ারে দেহ্যা দিলাম। তুঁই আঁরে যেন্ গরিয়েনে দেকিলা আর আঁই তোঁয়ারে যেগিন
দেহ্যাইয়্যোম য়েগিন তুঁই অইন্যর হাছে হইবা।
17-18 তোঁয়ার নিজর মানুষঅক্যলর আর অ-ইহুদিঅক্যলর আতর ত্যুন আঁই তোঁয়ারে
রক্যা গইজ্যোম। য়িতারার চোগ খুলি দিবার লাই আর আঁধারর ত্যুন ফঅরত ও
ইবিলিসর শক্তির আতর ত্যুন আল্লাহ্র হাছে ফিরাই আনিবার লাই আঁই তোঁয়ারে
য়িতারার হাছে ফাটাইর্, যেন্ আঁর উঅর ইমানর হারনে য়িতারা গুনাহ্র মাফ ফাআ
আর যারারে ফবিত্র গরা অইয়্যে য়িতারার মাঝে জাগা ফাআ।'
19 "বাদশা আগ্রিফ্য, ইয়ানর লাই বেহেস্তর ত্যুন এই দশ্যনর মইধ্য দিয়েনে আঁরে যিয়ান
হোয়া অইয়্যে য়িয়ানর অবাইধ্য আঁই নঅঅ অইয়্যি।
20 যারা দামেস্কত আছে ফইল্যাদি য়িতারার হাছে, তার ফরদি যারা জেরুজালেমত আর
গোডা এহুদিয়া ফদেশত আছে য়িতারার হাছে আর অ-ইহুদিঅক্যলর হাছেঅ আঁই তবলিগ
গজ্যি দে, তঅবা গরিয়েনে আল্লাহ্র মিক্যাদি য়িতারার ত্যুন ফিরন উচিত, আর এন্
হাম গরন উচিত যিয়ান দিয়েনে ফরমান ফাআ যাআ দে, য়িতারা তঅবা গইজ্যে।
21 ইয়ানর লাইই ইহুদিঅক্যলে আঁরে বায়তুল-মোকাদ্যসত ধরিয়েনে মারি ফেলিবার চেষ্টা
গইজ্যেল্।
22 কিন্তু আল্লাহ্ আইজ ফইয্যন্ত আঁরে সাইয্য গরি আইয়্যের আর য়িয়ানর লাইই আঁই এডে
থিয়াই উঁর ছোড বেক্যিনর হাছে সাক্যি দিইর্। নবিঅক্যলে আর মুসা যেগিন ঘটিবার
হতা হই গেইয়্যে য়েগিনর বাইরে আঁই কিছুই নঅ হইর ।
23 য়েই হতা অইল্ এই দে, মসিহ্র ত্যুন হষ্টভোগ গরন ফরিবো আর তেঁইর ত্যুন মরনর
ত্যুন ফইল্যাদি জিন্দা অই উটিয়েনে তেঁইর নিজর জাতির মানুষঅক্যলর আর অ-
ইহুদিঅক্যলর হাছে নুরর রাইজ্যর বিষয়ে ঘোষনা গরন ফরিবো।"

24 ফোল এন্ গরিয়েনে যহন নিজর ফক্যে হতা হইতো আছিল্ তহন ফিষ্ট তেঁইরে বাধা
দিই চিল্যাইয়েনে হইল্, "ফোল, তুঁই ফঅল অই গেইয়্যো। তুঁই বউত লেহ্যাফরা গইজ্যো
আর য়েই লেহ্যাফরাই তোঁয়ারে ফঅল গরি তুইল্যে।"
25 তহন ফোল হইল্, "মাননিয় ফিষ্ট, আঁই ফঅল নঅঅ। আঁই যেগিন হইর য়েগিন আঁসা
আর যুক্তিফুন্য।
26 বাদশা তঅ এই বেক বিষয়ে জানে আর আঁই তেঁইর লগে খোলামেলাই হতাগিন হইত্
ফারি। আর এই হতা আঁই নিচ্যয়ই জানি দে, ইয়ার কিছুই তেঁইর চোগ নঅঅ এরাআ,
হারন এই ঘটনাগিন তঅ গোফনত নঅঅ ঘটে।
27 বাদশা আগ্রিফ্য, অনে কি নবিঅক্যলর হতা বিশ্যাস গরন না? আঁই জানি অনে
গরন।"
28 তহন আগ্রিফ্য ফোলরে হইল্, "তুঁই কি এত হম সময়র মইধ্যেই আঁরে ইসায়ি ওয়াইবার
চেষ্টা গইত্যা লাইগ্যো না?"
29 ফোল হইল্, "সময় হম অঅক বা বেশি অঅক, আঁই আল্লাহ্র হাছে এই মুনাজাত গরি
দে, হ্যালি অনে নঅঅ, কিন্তু যারা আজিয়া আঁর হতা উইন্তা লাইগ্যোন য়িতারা
বেক্যিনে যেন্ আঁর মতন অঅন — হ্যালি এই সিয়োল ছাড়া।"
30 তহন বাদশা উটিল্ আর তেঁইর লগে লগে মেইন শাসনহত্যা ফিষ্ট আর বন্যিকি ও
যারা য়িতারার লগে বোই আছিল্ বেক্যিনে উটিয়েনে থিয়াইল্।
31 তারফর য়িতারা য়েই ঘর ছারি গেল্ গই আর একজন অইন্যজনরে হইতো লাগিল্,
"এই মানুষ্যুয়া মরনর শাস্তি ফাইবার বা জেল হ্যাডিবার মতন কিছুই নঅঅ গরে।"
32 আগ্রিফ্য ফিষ্টরে হইল্, "এই মানুষ্যুয়া যুদি বাদশার হাছে আফিল নঅ গইত্যো তইলে
য়িবারে ছারি দঅন যাইতো।"

ফাঁচ লম্বর সিফারা: ফেরিত 27

রোমর ফথদি হযরত ফোল

1 জাঁআসত গরিয়েনে আঁরারে ইতালিত লই যঅন ইস্তির অঅনর ফর ফোল আর আরো
হয়েকজন বন্দিরে যুলিয় নামর একজন শত-সেনাফতির আতত্ দেয়া অইল্। যুলিয়
আছিল্ বাদশার নিজর সৈন্যদলর একজন শত-সেনাফতি।
2 আঁরা আদ্রামুত্যিয় বন্দরর এক্যান জাঁআসত উটিয়েনে যাত্রা শুরু গইল্যাম। এশিয়ার
বিন্য বিন্য বন্দরত যাইবার লাই জাঁআসগান রেডি অইয়েনেই আছিল্। মেসিডোনিয়া
ফদেশর থিষলনিকি শঅরর আরিষ্টার্খ আঁরার লগে আছিল্।
3 আঁরার জাঁআস ফরর দিন সিডনত থামিল। যুলিয় ফোলর লগে বউত ভালা বেবার
গরিল্ আর তেঁইরে তেঁইর বন্ধুঅক্যলর হাছে যাইবার অনুমতি দিল্ যেন্ তেঁইর
বন্ধুঅক্যলে তেঁইরে দরহারি জিনিসফাতি দিত্ ফারে।
4 ফরদি য়েডের ত্যুন আবার আঁরার জাঁআস ছারিল্। বাতাস আঁরার উল্টামিক্যাদি থাকনে
সাইফ্রাস দিফর যে মিক্যাদি বাতাস নঅ আছিল্ আঁরা য়েই মিক্যা ধরিয়েনে গেলাম।

5 ফরদি আঁরা কিলিকিয়ার আর ফাম্‌ফুলিয়ার সাম্‌নদি যে সাগর আছিল্‌ য়েই সাগর ফার
অইয়েনে লুকিয়া ফদেশর মুরা শঅরত আজির অইলাম।
6 শত-সেনাফতি য়েডে আলেকজান্দ্রিয়ার এক্যান জাঁআস ফাইল্‌। য়েই জাঁআসগান ইতালি
দেশত যাইতো আছিল্‌ বুলি তেঁই আঁরারে লইয়েনে য়েই জাঁআসত উটিল্‌।
7 আঁরার জাঁআসগান বউত দিন ধরিয়েনে বউত আস্তে আস্তে চলিয়েনে বউত হষ্টে ক্লিদোন
শঅরর হাছাহাছি আজির অইল্‌, কিন্তু বাতাস আঁরারে আর আগাই যাইতো নঅ দিল্‌।
তহন আঁরা ক্রিট দিফর যে মিক্যাদি বাতাস নঅ আছিল্‌ য়েই মিক্যাদি ধরিয়েনে
সল্‌মোনির ফাশ দিয়েনে চলিলাম।
8 সাগরর কিনার ধরি হষ্ট গরি যাইয়েনে আঁরা সুন্দর ফোতাশ্রয় বুলি এক্যান জাগাত
জানাইর্। আঁরা য়িয়ান জানাইর যেন্ তোঁয়ারার আর আঁরার মইধ্যে এক্যান যোগাযোগ-
সম্যন্দ গড়ি উঢে। এই যোগাযোগ অইল্ বাবা আর তেঁইর ফোয়া ইসা মসিহ্ ও আঁরার
মাঝে।
4 আঁরার আনন্দ যেন্ ফরিফুন্য অঅ য়িয়ানর লাইই আঁরা এগিন বেক্যিন লেকির।

আল্লাহ্ই নুর

5 যে হতা আঁরা ইসা মসিহ্র হাছর ত্যুন উনিয়েনে তোঁয়ারারে জানাইর য়িয়ান এই —
আল্লাহ্ নুর; তেঁইর মইধ্যে আঁধার বুলি কিছুই নাই।
6 যুদি আঁরা হই দে, আল্লাহ্ আর আঁরার মইধ্যে যোগাযোগ-সম্যন্দ আছে অথচ আঁধারত
চলি তইলে আঁরা মিছা হতা হইর, আঁসার ফথদি নঅ চলির্।
7 কিন্তু আল্লাহ্ যেইল্যা নুরত আছে আঁরাঅ যুদি য়েইল্যা নুরত চলি তইলে আঁরার মইধ্যে
যোগাযোগ-সম্যন্দ থাকে আর তেঁইর ফোয়া ইসার রক্ত বেক গুনাহ্র ত্যুন আঁরারে ফাক-
সাফ গরে।
8 যুদি আঁরা হই আঁরার মইধ্যে গুনাহ্ নাই তইলে আঁরা নিজরারে ফাঁকি দিই। য়িয়ানত
ইয়ানই বুঝা যাআ দে, আঁরার দিলত আল্লাহ্র আঁসা নাই।
9 যুদি আঁরা আঁরার গুনাহ্ সিকার গরি তইলে তেঁই তহনই আঁরার গুনাহ্ মাফ গরে আর
বেক অন্যায়র ত্যুন আঁরারে ফাক-সাফ গরে, হারন তেঁই নির্ভরযোইগ্য আর হনঅ দিনঅ
অইন্যায় নঅ গরে।
10 যুদি হই আঁরা গুনাহ্ নঅঅ গরি তইলে আঁরা তেঁইরে মিছাহ্যোর বানাই, আর তেঁইর
কালাম আঁরার দিলত নাই।

২৩ লম্বর সিফারা: ১ ইউহোন্যা 2

1 আঁর ফ্রিয় ফোয়াছাঅক্যল, তোঁয়ারা যেন্ গুনাহ্ নঅ গর য়িয়ানর লাইই আঁই তোঁয়ারার
হাছে এই হতাগিন লেকির। তঅ যুদি কেউ গুনাহ্ গরিই ফেলে তইলে বাবার হাছে
আঁরার ফক্য অইয়েনে হতা হইবার লাই একজন আছে; তেঁই ইসা মসিহ্, যিবা নিদ্যোষ।
2 আঁরার গুনাহ্ দুর গরিবার লাই মসিহ্ তেঁইর নিজর জিবন হোরবানি গরিয়েনে আল্লাহ্রে
খুশি গইজ্যে। হ্যালি আঁরার গুনাহ্ নঅঅ, কিন্তু বেক মানুষর গুনাহ্ দুর গরিবার লাই
তেঁই য়িয়ান গইজ্যে।

হযরত ইসা মসিহ্র উকুম ফালন

3 যুদি আঁরা তেঁইর বেক উকুম ফালন গরি চলি তইলে আঁরা নিচ্যিত গরিয়েনে বুঝি দে,
আঁরা তেঁইরে জানিত্ ফাজ্যি।
4 যিবা হঅ "আঁই তেঁইরে জানি," অথচ তেঁইর উকুম ফালন নঅ গরে য়িবা মিছাহ্যোর;
য়িবার মইধ্যে আঁসা নাই।
5-6 কিন্তু যিবা তেঁইর কালাম ফালন গরে য়িবার মইধ্যে আল্লাহ্র মহব্যত আঁসাই ফুন্যতা
লাভ গইজ্যে। যুদি কেউ হঅ য়িবা তেঁইর মইধ্যে আছে তইলে যেন্ গরিয়েনে তেঁই
সইল্তো য়েন্ গরিয়েনে য়িতারারঅ চলন উচিত। ইয়ান দিয়েনেই আঁরা জানিত্ ফারি দে,
আঁরা তেঁইর লগে যুক্ত আছি।

য়েই নয়া উকুম

7 ফ্রিয় ফোয়াছাঅক্যল, আঁই তোঁয়ারার হাছে হনঅ নয়া উকুমর হতা নঅ লেকির, বরং
ফইল্যার ত্যুনই যে উকুম আছিল্ য়েই ফুরানা উকুমর হতাই লেকির। তোঁয়ারা যে হতা
আগদি উইন্যো য়িয়ানই য়েই ফুরানা উকুম।
8 তঅ এই দে উকুমর হতা এহন আঁই তোঁয়ারার হাছে লেকির য়িয়ান ফুরানা অইলেঅ
নয়া। এই উকুমর সইত্যতা ইসা মসিহ্র মইধ্যে আর তোঁয়ারার জিবনত দেহ্যা গেইয়্যে,
হারন আঁধার হাডি যাআর আর য়েই আসল নুর এহন জলের।
9 যিবা হঅ য়িবা নুরত আছে অথচ য়িবার ভাইঅরে ঘিনা গরে য়িবা এহনঅ আঁধারতই
রইয়্যে।
10 যিবা য়িবার ভাইঅরে মহব্যত গরে য়িবা নুরত থাকে আর য়িবার মইধ্যে উছুট
হ্যাইবার হনঅ হারন নাই।
11 কিন্তু যিবা য়িবার ভাইঅরে ঘিনা গরে য়িবা আঁধারতই আছে আর আঁধারতই
চলাফিরা গরের্। য়িবা নঅ জানে য়িবা হডে যাআর, হারন আঁধার য়িবার চোগ আঁধা
গরি দিয়্যে।
12 ফোয়ামাইয়্যাঅক্যল, মসিহ্র লাই তোঁয়ারার গুনাহ্ মাফ গরা অইয়্যে বুলিয়েনেই আঁই
তোঁয়ারার হাছে লেকির।
13 বাবাঅক্যল, য়েই ফইল্যার ত্যুনই যিবা আছে তোঁয়ারা তেঁইরে জাইন্যো বুলিয়েনেই
তোঁয়ারার হাছে লেকির। জোয়ান ফোয়াঅক্যল, ইবিলিসর উঅর তোঁয়ারা জিত্যো

বুলিয়েনেই তোঁয়ারার হাছে লেকির। ফোয়ামাইয়্যাঅক্যল, আঁই তোঁয়ারার হাছে লেকিলাম, হারন তোঁয়ারা বাবারে জান।
14 বাবাঅক্যল, আঁই তোঁয়ারার হাছে লেকিলাম, হারন য়েই ফইল্যার ত্যুনই যিবা আছে তোঁয়ারা তেঁইরে জাইন্যো। জোয়ান ফোয়াঅক্যল, আঁই তোঁয়ারার হাছে লেকিলাম, হারন তোঁয়ারা বলবান ও আল্লাহ্‌র কালাম তোঁয়ারার দিলত রইয়্যে, আর তোঁয়ারা ইবিলিসর উঅর জিত্যো।

দুনিয়ারে ভালা নঅ বাইস্যো

15 তোঁয়ারা দুনিয়া আর দুনিয়ার হনঅ কিছু ভালা নঅ বাইস্যো। যুদি কেউ দুনিয়ারে ভালাবাসে তইলে য়িবা বাবারে ভালা নঅ বাসে,
16 হারন দুনিয়ার মইধ্যে যেগিন আছে — শরিলর হামনা, চোগর লোভ আর সংসারিক বিষয়ে অহংকার — এগিনর হনঅগানই বাবার হাছর ত্যুন নঅ আইয়্যে, দুনিয়ার ত্যুনই আইয়্যে।
17 দুনিয়া আর দুনিয়ার হামনা-বাসনা শেষ অই যাআর, কিন্তু আল্লাহ্‌র ইছ্যা যিবা ফালন গরে য়িবা চিরহাল থাকিবো।

দজ্যাল

18 ফোয়াছাঅক্যল, এ-ই শেষ সময়। তোঁয়ারা তঅ উইন্যো দে, দজ্যাল আইয়্যের, কিন্তু তেঁইর আরো বউত দজ্যাল এরই মইধ্যে আই গেইয়্যে। য়িয়ানর লাই আঁরা বুঝিত্ ফারির্ দে, এ-ই শেষ সময়।
19 এই দজ্যালগিন আঁরার মইধ্যর ত্যুন বাইর অই গেইয়্যে। য়িতারা কিন্তু আঁরার মানুষ নঅ আছিল্। যুদি য়িতারা আঁরারই অইতো তইলে আঁরার লগেই থাইক্‌তো, কিন্তু য়িতারা বাইর অই গেইয়্যে বুলি বুঝা যাআর, য়িতারা কেউই আঁরার নঅঅ।
20 তোঁয়ারা কিন্তু য়েই ফবিত্রজনর হাছর ত্যুন অভিষেক ফাইয়্যো, মানি ফাক-রুহ্‌রে ফাইয়্যো আর তোঁয়ারা বেক্যিন আঁসারে জানিত্ ফাইজ্যো।
21 আঁসারে নঅ জান বুলি দে আঁই তোঁয়ারার হাছে লেকিলাম য়িয়ান নঅঅ, কিন্তু তোঁয়ারা আঁসারে জান আর ইয়ান-ও জান দে, আঁসার ত্যুন মিছা নঅ আইয়্যে; আর য়িয়ানর লাইই আঁই তোঁয়ারার হাছে লেকিলাম।
22 যিবা হঅ, ইসা মসিহ্ নঅঅ, য়িবা মিছাহ্যোর বাদে আর কি? বাবা আর ফোয়ারে যিবা অসিকার গরে য়িবাই তঅ দজ্যাল।
23 ফোয়ারে যিবা অসিকার গরে য়িবার লগে বাবার হনঅ সম্যন্দ নাই, কিন্তু ফোয়ারে যিবা সিকার গরে য়িবার লগে বাবারঅ সম্যন্দ আছে।
24 ফইল্যার ত্যুন যেগিন তোঁয়ারা উনি আইস্‌তা লাইগ্যো য়েগিন যেন্ তোঁয়ারার দিলত থাকে। ফইল্যার ত্যুন যেগিন তোঁয়ারা উনি আইস্‌তা লাইগ্যো য়েগিন যুদি তোঁয়ারার দিলত থাকে তইলে তোঁয়ারা ফোয়া আর বাবার লগে যুক্ত থাকিবা।
25 ইয়ানই অইল্ আখেরি জিবন, যেগিন মসিহ্ আঁরারে দিবার ওয়াদা গইজ্যে।

26 যারা তোঁয়ারারে বিফথত লই যাইবার চেষ্টা গরের য়িতারার সম্যন্দে আঁই তোঁয়ারার
হাছে এগিন বেক্যিন লেকিলাম।
27 কিন্তু তোঁয়ারা মসিহ্র হাছর ত্যুন অভিষেক ফাইয়্যো, মানি ফাক-রুহ্রে ফাইয়্যো।
তেঁই তোঁয়ারার দিলত থাকে। ইয়ানর লাই অইন্য কেউঅর শিক্যার তোঁয়ারার দরহার
নাই। বেক বিষয়ে ফাক-রুহ্ই তোঁয়ারারে শিক্যা দেএর। তেঁই আঁসা, মিছা নঅঅ।
য়িয়ানর লাইই যেন্ গরিয়েনে তেঁই তোঁয়ারারে মসিহ্র মইধ্যে থাইক্তো শিক্যা দেএ য়েন্
গরিয়েনেই মসিহ্র মইধ্যে থাক।
28 ফোয়াছাঅক্যল, য়িয়ানর লাই হইর, তোঁয়ারা মসিহ্র মইধ্যেই থাক যেন্ তেঁই যহন
ফকাশিত অইবো তহন আঁরার সঅস থাকে আর তেঁই যহন আইবো তহন তেঁইর সাম্নদি
আঁরার ত্যুন শরম ফঅন নঅ ফরে।
29 যুদি তোঁয়ারা জান দে, তেঁই হনঅ দিনঅ অন্যায় নঅ গরে তইলে ইয়ানঅ জানি
রাইক্যো — যারা নিয়াই হামত নিজরারে বেস্ত রাকে, আল্লাহ্র ত্যুনই য়িতারার জন্ম
অইয়্যে।

২৩ লম্বর সিফারা: ১ ইউহোন্যা 3

আল্লাহ্র সন্তান

1 চঅ, বাবা আঁরারে হত মহব্যত গরে! তেঁই আঁরারে তেঁইর সন্তান বুলিয়েনে ডাকে, আর
আসলে আঁরা য়িয়ানই। ইয়ানর লাই দুনিয়া আঁরারে নঅ জানে, হারন দুনিয়া বাবারেঅ
নঅঅ জানে।
2 ফ্রিয় সন্তানঅক্যল, এহন আঁরা আল্লাহ্র সন্তান, কিন্তু ফরদি কি অইয়্যোম য়িয়ান এহনঅ
ফকাশিত নঅঅ অঅ। তঅ আঁরা জানি, মসিহ্ যহন ফকাশিত অইবো তহন আঁরা
তেঁইরই মতন অইয়্যোম, হারন তেঁই আসলে যেইল্যা, য়েই চিয়ারাতই আঁরা তেঁইরে
দেকিত্ ফাইয়্যোম।
3 যে কেউ মসিহ্র উঅর এই আশা রাকে য়িবা নিজরে হ্যাঁটি গইত্যো থাকে যেইল্যা
মসিহ্ হ্যাঁটি।
4 যারা গুনাহ্ গরে য়িতারা আল্লাহ্র কালাম অমাইন্য গরে। গুনাহ্ অইল্ আল্লাহ্র কালাম
অমাইন্য গরন।
5 তোঁয়ারা তঅ জান দে, আঁরার গুনাহ্ দুর গরিবার লাইই মসিহ্ ফকাশিত অইয়্যেল্।
তেঁইর মইধ্যে হনঅ গুনাহ্ নাই। যারা মসিহ্র মইধ্যে থাকে য়িতারা গুনাহ্ত ফরি নঅ
থাকে।
6 যারা গুনাহ্ত ফরি থাকে য়িতারা মসিহ্রে নঅঅ দেকেঅ আর নঅঅ জানেঅ।
7 ফোয়াছাঅক্যল, কেউ যেন্ তোঁয়ারারে বিফথত লই নঅ যাআ। মসিহ্ অন্যায় নঅ
গরে, আর যে কেউ নিয়াই হামত নিজরে বেস্ত রাকে য়িবাঅ অন্যায় নঅ গরে।
8 যিবা গুনাহ্ গইত্যোই থাকে য়িবা ইবিলিসর, হারন ইবিলিস ফইল্যার ত্যুনই গুনাহ্ গরি
চলের। ইবিলিসর হামরে তচনচ গরিবার লাইই ইব্নুল্লাহ্ ফকাশিত অইয়্যেল্।

9 আল্লাহ্‌র ত্যুন যিবার জন্ম অইয়্যে য়িবা গুনাহ্‌ত ফরি নঅ থাকে, হারন আল্লাহ্‌র সভাব য়িবার মইধ্যে থাকে। আল্লাহ্‌র ত্যুন জন্ম অইয়্যে বুলি য়িবা গুনাহ্‌ত ফরি থাকিত্‌ নঅ ফারে।
10 যারা নিয়াই হামত নিজরারে বেস্ত নঅ রাকে আর ভাইঅরে মহব্যত নঅ গরে, য়িতারা আল্লাহ্‌র নঅঅ। ইয়ানতই ফকাশ ফাআ, হারা আল্লাহ্‌র সন্তান আর হারাই বা ইবিলিসর সন্তান।
11 যে হতা তোঁয়ারা ফইল্যার ত্যুন উনি আইস্‌তা লাইগ্যো য়িয়ান এই — আঁরার ত্যুন একজন অইন্যজনরে মহব্যত গরন উচিত।
12 য়িয়ানর লাই আঁই হইর, আঁরা যেন্‌ হাবিলর মতন নঅ অই। হাবিল ইবিলিসর মানুষ আছিল্‌ আর য়িবার ভাইঅরে য়িবা খুন গইজ্যেল্‌। কিল্যাই য়িবা য়িবার ভাইঅরে খুন গইজ্যেল্‌? হারন য়িবা হ্যারাফ হাম গইত্যো, আর য়িবার ভাই নিয়াই হাম গইত্যো।

একজন অইন্যজনরে মহব্যত গর

13 ভাইঅক্যল, দুনিয়ার মানুষঅক্যল যুদি তোঁয়ারারে ঘিনা গরে য়িয়ানত আচ্যাইয্য নঅ অইয়্যো।
14 আঁরা ভাইঅক্যলরে মহব্যত গরি বুলিয়েনেই বুঝিত্‌ ফারির্‌, আঁরা মরনর ত্যুন জিবনত ফার অই আস্যি। যারা মহব্যত নঅ গরে য়িতারা মরনর মইধ্যে থাকে।
15 ভাইঅরে যিবা ঘিনা গরে য়িবা খুনি। হনঅ খুনির মইধ্যে দে আখেরি জিবন নঅ থাকে, য়িয়ান তোঁয়ারার অজানা নাই।
16 মসিহ্‌ আঁরার লাই নিজর ফরান দিয়্যেল্‌, য়িয়ানর লাই মহব্যত কি য়িয়ান আঁরা জানিত্‌ ফাজ্যি। তইলে ভাইঅক্যলর লাই নিজর ফরান দঅন আঁরারঅ উচিত।
17 এই দুনিয়াত হ্যাই-দাই বাঁচি থাকিবার মতন অবস্তা যিবার আছে, য়িবা য়িবার ভাইঅক্যলর অভাব দেকিয়েনেঅ যুদি চোগ বন্ধ গরি রাকে তইলে কেন্‌ গরিয়েনে য়িবার দিলত আল্লাহ্‌র লাই মহব্যত থাকিত্‌ ফারে?
18 ফোয়াছাঅক্যল, আঁরা যেন্‌ হালি মুকর মহব্যত নঅ দেহ্যাইয়েনে হামর মইধ্য দিয়েনে সত্যিহারর মহব্যত দেহ্যাই।
19-20 ইয়ানত আঁরা জানিত ফাইজ্যোম দে, আঁরা সইত্যর। য়িয়ান বাদে হনঅ বেফারে যুদি আঁরার দিল্‌ আঁরারে দুষি গরে তইলে আল্লাহ্‌র সাম্‌নদি আঁরার দিলরে আঁরা সান্তনা দিত্‌ ফাইজ্যোম। আল্লাহ্‌ আঁরার দিলর ত্যুন উঁর আর তেঁই বেক কিছুই জানে।
21 ফ্রিয় ফোয়াছাঅক্যল, আঁরার দিল্‌ যুদি আঁরারে দুষি নঅ গরে তইলে আল্লাহ্‌র সাম্‌নদি আঁরার সঅস থাকিবো।
22 য়িয়ানর হারনে আঁরা যেগিন চাইয়্যোম য়েগিন তেঁইর হাছর ত্যুন ফাইয়্যোম, হারন তেঁই যে উকুমগিন দিয়্যে য়েগিন আঁরা ফালন গরি আর তেঁই যে হামগিনত খুশি অঅ আঁরা য়েগিনই গরি।
23 তেঁইর উকুম এই — আঁরা যেন্‌ তেঁইর ফোয়া ইসা মসিহ্‌র উঅর ইমান আনি আর একজন অইন্যজনরে মহব্যত গরি। এই উকুমই তেঁই আঁরারে দিয়্যে।

24 তেঁইর উকুম যিবা ফালন গরে য়িবা তেঁইর মইধ্যে থাকে আর তেঁইঅ য়িবার মইধ্যে থাকে। যে ফাক-রুহ্ তেঁই আঁরারে দিয়্যে য়েই ফাক-রুহ্র মইধ্য দিয়েনে আঁরা বুঝিত্ ফারি দে, তেঁই আঁরার দিলত থাকে।

২৩ লম্বর সিফারা: ১ ইউহোন্যা 4

আল্লাহ্র রুহ্রে চিনি লইবার উফাই

1 ফ্রিয় ফোয়াছাঅক্যল, তোঁয়ারা বেক রুহ্রে বিশ্যাস নঅ গইজ্যো, বরং যাচাই গরি চঅ য়েগিন আল্লাহ্র ত্যুন আইস্যে কি না, হারন দুনিয়াত বউত ভন্ড নবি বাইর অইয়্যে।
2 আল্লাহ্র রুহ্রে তোঁয়ারা এই উফায়ে চিনিত ফারিবা — যে রুহ্ সিকার গরে ইসা মসিহ্ মানুষ অইয়েনে আইস্যেল্ য়েই রুহ্ই আল্লাহ্র ত্যুন আইস্যে;
3 কিন্তু যে রুহ্ এই ইসারে অসিকার গরে য়েই রুহ্ আল্লাহ্র ত্যুন নঅঅ আইয়্যে। ইবা য়েই দজ্যালর রুহ্। য়েই রুহ্ দে আইয়্যের য়িয়ান তঅ তোঁয়ারা উইন্যো, আর আসলে য়েই রুহ্ এহনই দুনিয়াত আছে।
4 কিন্তু ফোয়াছাঅক্যল, তোঁয়ারা আল্লাহ্র। তোঁয়ারা য়েই ভন্ডঅক্যলর উঅর জিত্যো, হারন এই দুনিয়াত যিবা আছে, য়িবার ত্যুন যিবা তোঁয়ারার দিলত আছে তেঁই মআন।
5 য়েই ভন্ডঅক্যল এই দুনিয়ার; য়িয়ানর লাই য়িতারা এই দুনিয়ার হতা হঅ আর দুনিয়া য়িতারার হতা উনে।
6 আঁরা আল্লাহ্র; যিবা আল্লাহ্রে জানে য়িবা আঁরার হতা উনে, কিন্তু যিবা আল্লাহ্র নঅঅ য়িবা আঁরার হতা নঅ উনে। ইয়ান দিয়েনেই আঁরা আঁসার রুহ্ আর ছলনার রুহ্রে চিনিত্ ফারি।

আল্লাহ্ নিজেই মহব্যত

7 ফ্রিয় ফোয়াছাঅক্যল, আঁরা যেন্ একজন অইন্যজনরে মহব্যত গরি, হারন মহব্যত আল্লাহ্র হাছর ত্যুনই আইয়্যে। যারার দিলত মহব্যত আছে, আল্লাহ্র ত্যুনই য়িতারার জন্ম অইয়্যে আর য়িতারা আল্লাহ্রে জানে।
8 যারার দিলত মহব্যত নাই য়িতারা আল্লাহ্রে নঅ জানে, হারন আল্লাহ্ নিজেই মহব্যত।
9 আঁরার লাই আল্লাহ্র মহব্যত এন্ গরিয়েনে ফকাশিত অইয়্যে — তেঁই তেঁইর একমাত্র ফোয়ারে এই দুনিয়াত ফাটাই দিয়্যেল্ যেন্ আঁরা তেঁইর মইধ্য দিয়েনে জিবন ফাই।
10 আঁরা দে আল্লাহ্রে মহব্যত গজ্যিলাম য়িয়ান নঅঅ, কিন্তু তেঁই আঁরারে মহব্যত গরিয়েনে তেঁইর ফোয়ারে ফাটাই দিয়্যেল্, যেন্ ফোয়া তেঁইর নিজর জিবন-হোরবানির মইধ্য দিয়েনে আঁরার গুনাহ্ দুর গরি আল্লাহ্রে খুশি গরে। ইয়ানই অইল্ মহব্যত।
11 ফ্রিয় ফোয়াছাঅক্যল, আল্লাহ্ যহন এন্ গরিয়েনে আঁরারে মহব্যত গইজ্যে তহন আঁরারঅ একজন অইন্যজনরে মহব্যত গরন উচিত।
12 কেউ হনঅ দিনঅ আল্লাহ্রে নঅঅ দেকে। যুদি আঁরা একজন অইন্যজনরে মহব্যত গরি তইলে বুঝা যাইবো দে, আল্লাহ্ আঁরার দিলত আছে আর তেঁইর মহব্যত আঁরার দিলত ফুরাফুরি গরিয়েনে হাম গরের্।

13 তেঁইর রুহ্ তেঁই আঁরারে দান গইজ্যে, আর য়িয়ানতই আঁরা জানিত্ ফারি দে, আঁরা
তেঁইর মইধ্যে আছি আর তেঁইঅ আঁরার দিলত্ আছে।
14 আঁরা দেক্যি আর সাক্যি দিইর দে, বাবা ফোয়ারে মানুষর নাজাতদাতা ইসাবে
ফাটাইয়্যেল্।
15 যে কেউ সিকার গরে ইসা ইব্নুল্লাহ্, আল্লাহ্ য়িবার মইধ্যে থাকে আর য়িবাঅ আল্লাহ্র
মইধ্যে থাকে।
16 আঁরা জানি আল্লাহ্ আঁরারে মহব্যত গরে, আর তেঁইর মহব্যতর উঅর আঁরার বিশ্যাস
আছে। আল্লাহ্ নিজেই মহব্যত। মহব্যতর মইধ্যে যিবা থাকে য়িবা আল্লাহ্র মইধ্যেই থাকে
আর আল্লাহ্ য়িবার মইধ্যে থাকে।
17 এন্ গরিয়েনে মহব্যত আঁরার দিলত ফুন্যতা লাভ গরে, যেন্ রোজ আঁশরত আঁরা
সঅস ফাই, হারন এই দুনিয়াত আঁরার জিবন তেঁইরই জিবনর মতন।
18 এই মহব্যতর মইধ্যে ডর নাই, বরং ফরিফুন্য মহব্যত ডররে দুর গরি দেএ, হারন
ডরর লগে শাস্তির চিন্তা ফেঁসাই থাকে। যিবা ডরাআ য়িবা মহব্যতত্ ফুন্যতা লাভ নঅঅ
গরে।
19 তেঁই আঁরারে ফইল্যাদি মহব্যত গইজ্যেল্ বুলিয়েনেই আঁরা মহব্যত গরি।
20 যিবা হঅ য়িবা আল্লাহ্রে মহব্যত গরে অথচ য়িবার ভাইঅরে ঘিনা গরে য়িবা
মিছাহ্যোর; হারন চোগে দেহ্যা ভাইঅরে যিবা মহব্যত নঅ গরে য়িবা অদেহ্যা আল্লাহ্রে
কেন্ গরিয়েনে মহব্যত গরিত্ ফারে?
21 আঁরা তেঁইর হাছর ত্যুন এই উকুম ফাইয়্যি দে, আল্লাহ্রে যারা মহব্যত গরে য়িতারা
যেন্ ভাইঅরেঅ মহব্যত গরে।

২৩ লম্বর সিফারা: ১ ইউহোন্যা 5

আল্লাহ্র সন্তান দুনিয়ারে জয় গরে

1 যারা ইমান আইন্যে ইসা-ই য়েই মসিহ্, আল্লাহ্র ত্যুনই য়িতারার জন্ম অইয়্যে। যারা
বাবারে মহব্যত গরে য়িতারা তেঁইর সন্তানরেঅ মহব্যত গরে।
2 যহন আঁরা আল্লাহ্রে মহব্যত গরি আর তেঁইর উকুম ফালন গরি তহন জানি দে,
আল্লাহ্র সন্তানঅক্যলরেঅ আঁরা মহব্যত গরি।
3 আল্লাহ্র উকুম ফালন গরনই অইল্ আল্লাহ্রে মহব্যত গরন। তেঁইর উকুম ভারি
বোজার মতন নঅঅ,
4 হারন আল্লাহ্র ফত্যিউয়া সন্তান দুনিয়ার উঅর জিতি থাকে। দুনিয়ার উঅর যিয়ান
জিত্যে য়িয়ান অইল্ আঁরার ইমান।
5 যারা ইমান আনে ইসা আল্লাহ্র ফোয়া, একমাত্র য়িতারাই দুনিয়ার উঅর জিতে।

হযরত ইসা মসিহ্র বিষয়ে সাক্যি

6 ইবাই ইসা মসিহ্, যিবা ফানি আর রক্তর মইধ্য দিয়েনে আইস্যেল্। হ্যালি ফানির মইধ্য
দিয়েনে নঅঅ, কিন্তু ফানি আর রক্তর মইধ্য দিয়েনে আইস্যেল্। ফাক-রুহ্ এই বিষয়ে
সাক্যি দেএ, হারন তেঁই নিজেই আঁসা।
7-8 ফাক-রুহ্, ফানি আর রক্ত — এই তিনর মইধ্য দিয়েনে য়েই সাক্যি আইয়্যের্ আর
য়েই তিনর সাক্যি এক।
9 আঁরা মানুষর সাক্যি গ্রঅন গরি থাকি, কিন্তু আল্লাহ্র সাক্যি য়িয়ানর ত্যুনঅ উঁর;
আর তেঁই তেঁইর ফোয়ার বিষয়ে য়েই সাক্যি দিয়্যে।
10 ইব্নুল্লাহ্র উঅর যিবা ইমান আনে য়িবার দিলত য়েই সাক্যি আছে। যারা আল্লাহ্র
হতাত ইমান নঅঅ আনে য়িতারা তেঁইরে মিছাহ্যোর বানাইয়্যে, হারন আল্লাহ্ তেঁইর
ফোয়ার বিষয়ে যে সাক্যি দিয়্যে য়িয়ানত য়িতারা ইমান নঅঅ আনে।
11 য়েই সাক্যি এই দে, আল্লাহ্ আঁরারে আখেরি জিবন দিয়্যে আর য়েই জিবন তেঁইর
ফোয়ার মইধ্যে আছে।
12 ইব্নুল্লাহ্রে যিবা ফাইয়্যে য়িবা য়েই জিবনঅ ফাইয়্যে; কিন্তু ইব্নুল্লাহ্রে যিবা নঅঅ
ফাআ য়িবা য়েই জিবনঅ নঅঅ ফাআ।

শেষ হতা

13 তোঁয়ারা যারা ইব্নুল্লাহ্র উঅর ইমান আইন্যো, তোঁয়ারার হাছে আঁই এগিন লেকিলাম
যেন্ তোঁয়ারা জানিত্ ফার দে, তোঁয়ারা আখেরি জিবন ফাইয়্যো।
14 আল্লাহ্র উঅর আঁরার এই নিচ্যয়তা আছে দে, তেঁইর ইচ্ছামতন যুদি আঁরা কিছু চাই
তইলে তেঁই আঁরার হতা উনে।
15 যুদি আঁরা জানি, আঁরা যেগিন চাই যেগিন তেঁই উনে তইলে ইয়ানঅ জানি দে, আঁরা
তেঁইর হাছর ত্যুন যেগিন চাইয়্যি য়েগিন আঁরা ফাই গেইয়্যি।
16 যুদি কেউ য়িবার ভাইঅরে এন্ গরিয়েনে গুনাহ্ গইত্যো দেকে যেগিন মরনমুকি নঅঅ,
তইলে য়িবা আল্লাহ্র হাছে চাইবো আর য়িয়ানত তেঁই য়িবারে বাঁচাই রাকিবো। আঁই এডে
য়িতারার হতাই হইর যারা গুনাহ্ গরের অথচ য়িতারার গুনাহ্ মরনমুকি নঅঅ। কিন্তু
মরনমুকি গুনাহ্অ আছে। য়েই বিষয়ে অনুনয় গরিবার হতা আঁই তোঁয়ারারে নঅ হইর।
17 বেক ডইল্যা অন্যায়ই গুনাহ্, তঅ বেক গুনাহ্ মরনমুকি নঅঅ।
18 আঁরা জানি, আল্লাহ্র ত্যুন যিবার জন্ম অইয়্যে য়িবা গুনাহ্ত ফরি নঅ থাকে।
আল্লাহ্র ত্যুন যিবার জন্ম অইয়্যেল্ তেঁইই য়িবারে রক্যা গরে, আর ইবিলিস য়িবারে
ধরিত্ নঅ ফারে।
19 আঁরা জানি আঁরা আল্লাহ্র, আর গোডা দুনিয়া ইবিলিসর হ্যমতার নিচে ফরি আছে।
20 আঁরা আরো জানি দে, ইব্নুল্লাহ্ আইয়েনে আঁরারে বুঝিবার শক্তি দিয়্যে যেন্ সইত্য
আল্লাহ্রে আঁরা জানিত্ ফারি। যিবা আঁসা আল্লাহ্ আঁরা তেঁইর লগে যুক্ত, মানি তেঁইর
ফোয়া ইসা মসিহ্র লগে যুক্ত। তেঁইই আঁসা আল্লাহ্ আর তেঁইই আখেরি জিবন।
21 ফোয়াছাঅক্যল, ফতিমার লগে তোঁয়ারার হনঅ সম্যন্দ নঅ থক্।

২৪ লম্বর সিফারা: ২ ইউহোন্যা

২৪ লম্বর সিফারা: ২ ইউহোন্যা 1

1 আল্লাহ্ যিবারে বাছি লইয়্যে য়েই মাইয়্যাফোয়া আর য়িবার ফোয়াছাঅক্যলর হাছে য়েই বুরা নেতা আঁই এই সিটি লেকির। আল্লাহ্র আঁসার মইধ্য দিয়েনে আঁই তোঁয়ারার বেক্যিনরে মহব্যত গরি। হ্যালি দে আঁই তোঁয়ারারে মহব্যত গরি য়িয়ান নঅঅ, কিন্তু যারা আল্লাহ্র আঁসা জানিত্ ফাইয্যে য়িতারা বেক্যিনে তোঁয়ারারে মহব্যত গরে।
2 যে আঁসা আঁরার দিলত আছে আর চিরহাল ধরিয়েনে আঁরার লগে থাকিবো য়েই আঁসার লাইই আঁরা তোঁয়ারারে মহব্যত গরি।
3 বাবা আল্লাহ আর য়েই বাবার ফোয়া ইসা মসিহ্র হাছর ত্যুন আঁসা আর মহব্যতর মইধ্য দিয়েনে রহমত, মমতা আর শান্তি আঁরার লগে থাকিবো।

আঁসা আর মহব্যত

4 বাবা আঁরারে যে উকুম দিয়্যে য়েই মতনই তোঁয়ার হয়েকজন ফোয়ামাইয়্যা আল্লাহ্র আঁসার ফথদি চলের দেকিয়েনে আঁই বঅর খুশি অইয়্যি।
5 আঁরা যেন্ একজন অইন্যজনরে মহব্যত গরি, ইয়ানই অইল্ তোঁয়ার হাছে আঁর অনুরোধ। ফ্রিয় বোইন, আঁই যেগিন লেকির য়েগিন হনঅ নয়া উকুম নঅঅ, বরং এই উকুম আঁরা ফইল্যার ত্যুনই ফাইয়্যিলাম।
6 মহব্যত অইল্ আল্লাহ্র উকুম মতন চলন। তোঁয়ারা ফইল্যার ত্যুনই যে উকুমর হতা উনি আইস্যো য়েই মতনই তোঁয়ারা মহব্যতর ফথদি চল।
7 দুনিয়াত এন্ বউত মানুষ বাইর অইয়্যে যারা ছলনা গরি বেড়াআ। ইসা মসিহ্ দে মানুষ অইয়েনে আইস্যেল্ য়িতারা য়িয়ান সিকার নঅ গরে। এই ডইল্যা মানুষঅক্যলই ছলনাহারি আর দজ্যাল।
8 তোঁয়ারা সতর্ক থাক, যেন্ তোঁয়ারার মিন্যোতর ফল নঅ আরাইয়েনে তোঁয়ারা ফুরস্কারর বেক্যিনই লাভ গরিত্ ফার।
9 যারা মসিহ্র দেয়া শিক্যার সিমানা ছারাই যাআ আর য়েই শিক্যাত ইস্তির নঅ থাকে য়িতারার দিলত আল্লাহ্ নাই। কিন্তু যিবা য়েই শিক্যাত ইস্তির থাকে য়িবার দিলত বাবা আর ফোয়া দুইজনই আছে।
10 যুদি কেউ তোঁয়ারার হাছে আইয়েনে য়েই শিক্যা নঅ দেঅ তইলে তোঁয়ারার বাড়িত্ য়িবারে গ্রঅন নঅ গইজ্যো আর সালামঅ নঅ জানাইয়্যো।
11 যিবা য়িবারে সালাম জানাআ য়িবা য়িবার হ্যারাফ হামরঅ ভাগ লঅ।
12 যুদিঅ তোঁয়ারার হাছে আঁর বউত হতা লেকিবার আছিল্ তঅঅ হঅজ আর হালিত্ য়েগিন লেইক্তাম নঅ চাই। য়িয়ানর ত্যুন আঁই তোঁয়ারার হাছে যাইয়েনে মুকামুকি হতা হইবার আশা গরি, যেন্ আঁরার আনন্দ ফুরন অঅ।
13 আল্লাহ্র বাছাই গরা তোঁয়ার বোইনর ফোয়ামাইয়্যাগিন তোঁয়ারে সালাম জানার।

২৫ লম্বর সিফারা: ৩ ইউহোন্যা

২৫ লম্বর সিফারা: ৩ ইউহোন্যা 1

1 আল্লাহ্‌র আঁসার হারনে আঁই যিবারে মহব্যত গরি আঁর য়েই ফ্রিয় বন্ধু গাইয়র হাছে য়েই বুরা নেতা আঁই এই সিটি লেকির।
2 ফ্রিয় বন্ধু, আঁই মুনাজাত গরি যেন্ তোঁয়ার বেক কিছুই ভালাভাবে চলে আর রুহ্‌র মিক্যাদির ত্যুন তুঁই যেইল্যা ভালাভাবে সইল্‌তা লাইগ্যো ঠিগ তোঁয়ার শরিলঅ যেন্ ভালা চলে।
3 আঁই বঅর বেশিই খুশি অইলাম যহন হয়েকজন ইমানদার ভাই আইয়েনে তোঁয়ার বিষয়ে এই সাক্যি দিল্ দে, আল্লাহ্‌র আঁসার ফতি তুঁই বিশ্যস্ত আছ আর য়িয়ানর মইধ্যেই সইল্‌তা লাইগ্যো।
4 আঁর ফোয়াছাঅক্যলে দে আল্লাহ্‌র আঁসার মইধ্যে চলাফিরা গরের্, এই হতা উননর ত্যুন উঁর আনন্দ আঁর আর নাই।
5 ফ্রিয় বন্ধু, নঅ চিনিয়েনেঅ ইমানদার ভাইঅক্যলর লাই তুঁই যেগিন গইত্যা লাইগ্যো য়েগিন বিশ্যস্ত ভাবেই গইত্যা লাইগ্যো।
6 জামাতর বেক্যিনর সাম্‌নদি য়িতারা তোঁয়ার মহব্যতর হতা হইয়্যে। আল্লাহ্ য়িয়ানত খুশি অঅ য়েই ডইল্যা তুঁই য়িতারার যাত্রার বেবস্তা গরি দিলে ভালা গরিবা।
7 য়িতারা মসিহ্‌র লাইই বাইর অইয়্যে আর অ-ইমানদারঅক্যলর হাছর ত্যুন কিছুই গ্রঅন নঅঅ গরে।
8 য়িয়ানর লাই এই ডইল্যা মানুষঅক্যলরে সাইয্য গরন আঁরার উচিত, যেন্ আল্লাহ্‌র আঁসার লাই আঁরাঅ য়িতারার হামর ভাগি অই।
9 আঁই জামাতর হাছে এক্যান সিটি লেক্যিলাম, কিন্তু দিয়ত্রিফেস্ জামাতর মইধ্যে মেইন অইতো চাআ বুলিয়েনে আঁরার হতা নঅ মানে।
10 য়িয়ানর লাই য়িবা যেগিন গরের আঁই আইয়্যোনর ফর য়েগিন বেক্যিনরে জানাইয়্যোম। য়িবা আঁরার বিরুদ্যে ইংসা গরিয়েনে বউত মিছা হতা হইয়্যে। য়িয়ানতঅ সুকি নঅ অইয়েনে য়িবা নিজেঅ ভাইঅক্যলরে গ্রঅন নঅ গরের্ আর যারা য়িতারারে গ্রঅন গইত্যো চাআর য়িতারারেঅ বাধা দেএর আর জামাতর ত্যুন বাইর গরি দেএর।
11 ফ্রিয় বন্ধু, হ্যারাফির ফিছদি নঅ যাইয়েনে বরং ভালার ফিছদি চল। যিবা ভালা হাম গরে য়িবা আল্লাহ্‌র বান্দা, আর যিবা হ্যারাফ হাম গরে য়িবা আল্লাহ্‌রে নঅঅ দেকে।
12 বেক্যিনে দিমিত্রিয়র ফশংসা গরের, এন্ কি, আল্লাহ্‌র আঁসাঅ য়িয়ান গরের্। আঁরাঅ তেঁইর ফশংসা গরির্। তুঁই তঅ জান আঁরা যেগিন হই য়েগিন আঁসা।
13 আঁর বউত হতাই তোঁয়ারে লেকিবার আছিল্, কিন্তু হালি-হলমত আঁই য়েগিন লেইক্‌তাম নঅ চাই।
14 আশা গরি বউত তরাতরি তোঁয়ারে দেকিত্ ফাইয়্যোম, আর তহন মুকামুকি অইয়েনে আঁরা হতা হইত্ ফাইজ্যোম।

15 তোঁয়ার শান্তি অঅক। তোঁয়ার বন্ধুঅক্যলে তোঁয়ারে সালাম জানার। য়েডিয়ার বন্ধুঅক্যলর ফত্যিকরে আলিদা আলিদা গরিয়েনে আঁরার সালাম জানাইয়্যো।

২৬ লম্বর সিফারা: এহুদা

২৬ লম্বর সিফারা: এহুদা 1

1 আঁই ইসা মসিহ্‌র গোলাম আর ইয়াকুবর ভাই এহুদা। বাবা আল্লাহ্‌ যারারে ডাইক্যে ও
মহব্যত গইজ্যে আর ইসা মসিহ্‌ যারারে রক্যা গইজ্যে য়িতারার হাছে আঁই এই সিটি
লেকির।
2 আল্লাহ্‌ তোঁয়ারারে বউত রহমত, শান্তি আর মহব্যত দান গরক।

ভন্ড ওস্তাদঅক্যল

3 ফ্রিয় বন্ধুঅক্যল, গুনাহ্‌র ত্যুন যে নাজাত আঁরা বেক্যিনে ফাইয়্যি য়েই নাজাত সম্যন্দে
আঁই তোঁয়ারার হাছে লেকিবার লাই বউত বেশি আগ্রয়ি আছিলাম। কিন্তু তঅঅ ইসায়ি
ইমান, যিয়ান আল্লাহ্‌ তেঁইর বান্দাঅক্যলরে চিরহালর লাই দিয়্যে, য়িয়ানর ফক্যে যেন্‌
তোঁয়ারা জানে-ফরানে যুদ্য গর য়েই উত্‌সাঅ দিবার লাই আঁই তোঁয়ারার হাছে লেহ্যন
দরহার মনে গইল্যাম।
4 ইয়ানর দরহার আছে, হারন যে মানুষঅক্যলর আজাব সমন্দে আগেই কিতাবত লেহ্যা
অইয়্যেল্‌ য়িতারা তোঁয়ারার মইধ্যে চুবে চুবে ঢুকি ফইজ্যে। আল্লাহ্‌র ফতি এই
মানুষঅক্যলর ডর নাই; আঁরার আল্লাহ্‌র রহমতরে য়িতারা লম্ফটতার উগ্যয়া অজুআত
মনে গরে আর যিবা আঁরার একমাত্র মালিক ও ফভু য়েই ইসা মসিহ্‌রে য়িতারা অসিকার
গরে।
5 তোঁয়ারা অবইশ্য এই বিষয়গিন ভালা গরিই জান; তঅঅ আঁই তোঁয়ারারে এই হতা
মনে গরাই দিতাম চাই দে, মিসর দেশর ত্যুন বনি-ইসরাইলঅক্যলরে উদ্যার গরি
আনিবার ফরদি যারা ইমান নঅঅ আনে ফভু য়িতারারে তচনচ গইজ্যেল্‌।
6 এগিন বাদে যে ফেরেস্‌তাঅক্যলে নিজরার অধিকার রক্যা নঅ গরিয়েনে নিজরার জাগা
ছারি গেইয়্যেল্‌ গই য়িতারার হতা মনত গর। য়েই মঅা দিনর বিচারর উদ্যেশ্যে আল্লাহ্‌
য়িতারারে চিরহালর লাই আঁধারত বাঁধি রাইক্যে।
7 সাদুম, আমুরা আর য়েগিনর আশফাশর বেক শঅরর মানুষঅক্যলেঅ ঠিগ য়িতারার
মতনই জেনা, এন্‌ কি অসাভাবিক জেনা গইজ্যেল্‌। যারা চিরহালর আগুনত ফুরিবার
আজাব ফাইবো ইতারা য়িতারারই নমুনা অই আছে।
8 তঅঅ এই ভন্ড ওস্তাদঅক্যলে য়েইল্যা গরিয়েনে হ্যারাফ হ্যোয়াবর বশে নিজরার গাআ
নাফাক গরের, ফেরেস্‌তাঅক্যলর শাসন অগ্রাইয্য গরের আর য়েই গোরবর ফাত্রঅক্যলর
বিরুদ্যে কুফরি গরের।
9 মেইন ফেরেস্‌তা মিকাইল্‌ যহন মুসার মরাশরিল নিয়েনে ইবিলিসর লগে তর্কাতর্কি
গইত্যো আছিল্‌ তহন তেঁই য়িবার বিরুদ্যে হনঅ কুফরি গরিয়েনে য়িবারে দুষি গইত্যে
সঅস নঅঅ গরে। তেঁই বরং হইয়্যেল্‌, "ফভু যেন্‌ তোঁয়ারে বাধা দেঅ।"
10 কিন্তু এই ভন্ড ওস্তাদঅক্যলে যিয়ান নঅ বুঝে য়িয়ান সমন্দে হ্যারাফ হতা হঅ আর
বুদ্যিছারা ফশুর মতন নিজর ত্যুনই যিয়ান বুঝে য়িয়ানতই তচনচ অঅ।

11 আয় হায় যেই মানুষঅক্যল! য়িতারা কাবিলর ফথত গেইয়্যে, লাভর লাই বালামর
ভুলর আতত নিজরারে ছারি দিয়্যে আর কারুনর মতন বিদ্রোও গরিয়েনে তচনচ অই
গেইয়্যে।
12 এই মানুষঅক্যলে যহন দ্যুসঅস নিয়েনে তোঁয়ারার মহব্যতর হ্যানাত যোগ দেএ তহন
তোঁয়ারার য়েই হ্যানাত য়িতারা হাসারার মতন অঅ। ইতারা হ্যালি নিজরার বিষয়েই
চিন্তা গরে। ইতারা বাতাসে বই লই যঅইন্যা ফানিছারা মেউলার মতন। ফল ফারিবার
সমত ফলছারা বুলি য়িঁওর উদ্যা আঁরি ফেলা গাছর মতন ইতারা দুইমিক্যার ত্যুনই
মরা।
13 ইতারা তুয়ানর মাঝে সমুদ্রর ঢেউঅর মতন; সমুদ্রর ফেনার মতনই ইতারার শরমর
হামগিন ভাসি উঢে। ইতারা ঘুরি বেরাইন্যা তারার মতনই; চিরহালর লাই বিরাট আঁধার
ইতারার লাই জমা গরি রাকা অইয়্যে।
14-15 আদমর বংশর সাত লম্বর মরতফোয়া ইদ্রিস নবি এই মানুষঅক্যলর বিষয়ে আগেই
হইয়্যেল্, “চঅ, ফভু তেঁইর আজার আজার ফবিত্র ফেরেস্তাঅক্যলরে নিয়েনে বেক্যিনর
বিচার গইত্যো আইয়্যের, আর ডরহিন মানুষগিন ডরহিন যে সমস্ত হ্যারাফ হাম গইজ্যে
আর য়েই ডরহিন গুনাহ্গার মানুষগিন ফভুর বিরুদ্যে যে হোটিন হতাগিন হইয়্যে
য়েগিনর লাই তেঁই য়িতারারে দুষি গইত্যো আইয়্যের।”
16 এই বেক মানুষগিন অক্যল সমত অখুশির ভাব দেহ্যাআ, নিজরার ভাইগ্যর দোষ দেএ
আর দিলর হ্যারাফ হামনা-বাসনা অনুযায়ি চলাফিরা গরে। য়িতারা নিজরারে নিয়েনে
অহংকার গরে আর লাভর লাই মানুষঅক্যলরে তোশামোদ গরে।

ইস্তির থাক

17 কিন্তু ফ্রিয় বন্ধুঅক্যল, যে হতাগিন আঁরার হযরত ইসা মসিহ্র সাআবিঅক্যলে আগে
হইয়্যেল্ য়েগিন তোঁয়ারা মনত গরি চঅ।
18 য়িতারা তোঁয়ারারে এই হতা হইতো, “ঠঁঅশা-বিদ্রুফ গরনই যারার সভাব য়িতারা
শেষ সমত আইবো আর য়িতারার ডরহিন হামনা-বাসনা অনুযায়ি চলিবো।”
19 এই মানুষঅক্যলে দলাদলির সিষ্টি গরে আর য়িতারা নিজরার ইছ্যামতন চলে।
য়িতারার দিলত ফাক-রুহ্ নাই।
20 কিন্তু ফ্রিয় বন্ধুঅক্যল, তোঁয়ারা তোঁয়ারার ফরম ফবিত্র ইমানর উঅর ভিত্যি গরিয়েনে
নিজরারে গড়ি তুল আর ফাক-রুহ্র মইধ্য দিয়েনে ফরিচালিত অইয়েনে মুনাজাত গর।
21 আঁরার হযরত ইসা মসিহ্র দয়া যেন্ তোঁয়ারারে আখেরি জিবনত লই যাআ য়িয়ানরই
অফেক্যায় তোঁয়ারা আল্লাহ্র মহব্যতর মইধ্যে থাক।
22 তোঁয়ারার মইধ্যে যারার ইমান ইস্তির নঅ য়িতারারে দয়া গর।
23 আগুনর ত্যুন তুলি আনিয়েনে অইন্যতারারে রক্যা গর। গুনাহ্ সভাবর মইধ্য দিয়েনে
যারার জিবন হাসারা অইয়্যে য়িতারার নাফাক হঅর ফইয্যন্ত ঘিনা গর আর নিজরারে
সাবধানে রাকিয়েনে য়িতারারে দয়া গর।

ফশংসার দোয়া

24-25 একমাত্র আল্লাহ্ যিবা আঁরার নাজাতদাতা তেঁই তোঁয়ারারে উছুট হ্যাইবার আতর ত্যুন রক্যা গরিয়েনে নিকুত অবস্তাত নিজর মইমার সাম্নদি খুশির লগে আজির গরিত্ ফারে। বেক যুগর আগদির ত্যুন যেইল্যা আছিল্ য়েইল্যা এহনঅ আর চিরহাল আঁরার হযরত ইসা মসিহ্র মইধ্য দিয়েনে আল্লাহ্র ফশংসা, মইমা, শক্তি আর হ্যমতা থক্। আমিন।

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 1

1 এই কিতাবর মইধ্যে যেগিন লেহ্যা অইয়্যে য়েগিন ইসা মসিহ্ই ফকাশ গইজ্যে। এই
বিষয়গিন আল্লাহ্ মসিহ্র হাছে ফকাশ গইজ্যেল্, যেন্ যে ঘটনাগিন কিছুহালর মইধ্যেই
অবইশ্যই ঘইট্যো যাআর য়েগিন তেঁই তেঁইর গোলামঅক্যলরে জানাআ। মসিহ্ তেঁইর
ফেরেস্তা ফাটাইয়েনে তেঁইর গোলাম ইউহোন্যারে এই বিষয়গিন জানাইয়্যেল্।
2 আল্লাহ্র কালাম আর ইসা মসিহ্র সাক্যি সম্যন্দে ইউহোন্যা যেগিন দেইক্যেল্, য়েই বেক
বিষয়েই তেঁই এডে সাক্যি দিয়্যে।
3 আল্লাহ্র কালাম যেগিন এডে লেহ্যা অইয়্যে, যিবা য়েগিন তেলাওয়াত গরে য়িবা
মোবারক আর যারা য়েগিন উনে ও ফালন গরে য়িতারাঅ মোবারক, হারন সময় হাছে
আই গেইয়্যে।

সালাম

4-5 আঁই ইউহোন্যা এশিয়া ফদেশর সাত্যুয়া জামাতর হাছে লেকির। যিবা আছে, যিবা
আছিল্ আর যিবা আইয়্যের তেঁই আর তেঁইর সিংহাসনর সাম্নদি যে সাত্যুয়া রুহ্ থাকে
য়িতারা আর ইসা মসিহ্ তোঁয়ারারে রহমত ও শান্তি দান গরক। ইসা মসিহ্ই বিশ্যস্ত
সাক্যি ও মরনর ত্যুন তেঁইই ফইল্যাদি জিন্দা অই উইট্যেল্, আর তেঁইই দুনিয়ার
বাদশাঅক্যলর শাসনহত্যা। তেঁই আঁরারে মহব্যত গরে আর নিজর রক্ত দিয়েনে গুনাহ্র
ত্যুন আঁরারে মুক্ত গইজ্যে।
6 তেঁই আঁরারে লইয়েনে এক্যান রাইজ্য বানাই তুইল্যে ও তেঁইর বাবা আর আল্লাহ্র
এবাদত-হামর লাই ইমাম বানাইয়্যে। চিরহাল ধরিয়েনে ইসা মসিহ্র গোরব অঅক আর
চিরহাল ধরিয়েনে তেঁইর শক্তি থক্। আমিন।
7 চঅ, তেঁই মেউলার লগে আইয়্যের। ফত্যিউয়া চোগ তেঁইরে দেকিবো; যারা তেঁইরে
গাঁইত্যেল্ য়িতারাঅ দেকিবো আর দুনিয়ার বেক জাতি তেঁইর লাই জোরে জোরে হাঁদিবো।
য়িয়ানই অঅক, আমিন।
8 মাবুদ আল্লাহ্ হঅর, "আঁইই য়েই আল্ফা আর ওমিগা যিবা আছে, যিবা আছিল্ আর
যিবা আইয়্যের। আঁইই সর্বশক্তিমান।"

হযরত ইউহোন্যার দশ্যন

9 আঁই তোঁয়ারার ভাই ইউহোন্যা; ইসার লগে যুক্ত অইয়েনে আঁই তোঁয়ারার লগে একই
হষ্ট, একই রাইজ্য আর একই ধৈয্যর ভাগি অইয়্যি। আল্লাহ্র কালাম আর ইসার সাক্যি
তবলিগ গজ্যিলাম বুলি আঁরে ফাট্ম দিফত নিয়েনে রাকা অইয়্যেল্।
10 ফভুর দিন এক রইবারে আঁই বিশেষভাবে ফাক-রুহ্র বশত্ আছিলাম। এন্ সমত
আঁর ফিছদি শিংগার আবাজর মতন একজনর জোর গলার আবাজ উনিলাম।

11 তেঁই আঁরে হইল্, “যিয়ান দেকিবা য়িয়ান উগ্যয়া কিতাবত লেহ্য, আর য়িয়ান ইফিষ, ইজমির, ফর্গাম, থুয়াতিরা, সার্দ্যি, ফিলাদেলফিয়া আর লায়দিকেয়া — এই সাত্যুয়া শঅরর সাত্যুয়া জামাতর হাছে ফাটাই দঅ।”
12 যিবা হতা হইতো আছিল্ তেঁইরে চাইবার লাই আঁই ঘুরি থিয়াইলাম আর সোনার সাত্যুয়া বাত্যিদানি দেকিলাম।
13 য়েই বাত্যিদানিগিনর মাঝদি ইব্নে-আদমর মতন কেউ একজন আছিল্। তেঁইর ফিঁদনত্ ঠেং ফইয্যন্ত লাম্বা ফোশাক আছিল্ আর তেঁইর বুগত্ সোনার ফাট্যি বাঁধা আছিল্।
14 তেঁইর মাথার চুল ভেরার কেঁশর মতন ও বরফর মতন সাদা আছিল্ আর তেঁইর চোগ আগুনর শিকার মতন আছিল্।
15 তেঁইর ঠেং আছিল্ আগুনত ফোড়াইয়েনে ফরিষ্কার গরা বউত চক্চইক্যা ফিতলর মতন, আর তেঁইর গলার আবাজ আছিল্ জোরে বোই যইন্যা স্রোতর আবাজর মতন।
16 তেঁই তেঁইর ডাইন আতত্ সাত্যুয়া তারা ধরি রাইক্যেল্ আর তেঁইর মুকর ত্যুন উগ্যয়া ধার ছুরি বাইর অই আইস্তো আছিল্ যিয়ানর দুই মিক্যাদিই ধার আছিল্। ফুরা তেজে জলন্ত সুয্যর মতনই তেঁইর মুকর চিয়ারা আছিল্।
17 তেঁইরে দেকিয়েনে আঁই মরার মতন তেঁইর ঠেংগর হাছে ফরি গেলাম। তহন তেঁই তেঁইর ডাইন আত আঁর উঅরদি রাকিয়েনে হইল্, নঅ ডরাইয়্যো। আঁইই ফইল্যা আর শেষ,
18 আঁইই চিরজিবন্ত। আঁই মজ্যিলাম, আর চঅ, এহন আঁই যুগ যুগ ধরিয়েনে চিরহাল জিন্দা আছি। আঁর হাছে মরন আর মরা রুহ্গিনর জাগার চাবি আছে।
19 ইয়ানর লাই তুঁই যেগিন দেকিলা, যেগিন এহন ঘটের আর এগিন বেক্যিনর ফরদি যেগিন ঘটিবো য়েগিন লেকি রাক।
20 যে সাত্যুয়া সোনার বাত্যিদানি ও আঁর ডাইন আতত যে সাত্যুয়া তারা তুঁই দেকিলা য়েগিনর গোফন মানি এই — য়েই সাত্যুয়া তারা অইল্ য়েই সাত্যুয়া জামাতর সাতজন ফেরেস্তা আর সাত্যুয়া বাত্যিদানি অইল্ য়েই সাত্যুয়া জামাত।

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 2

ইফিষর জামাতর হাছে

1 “ইফিষ শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য —
যিবা তেঁইর ডাইন আতত সাত্যুয়া তারা ধরিয়েনে সোনার সাত্যুয়া বাত্যিদানির মাঝদি ঘুরি বেরাআ তেঁই এই হতা হঅর:
2 আঁই তোঁয়ার হাম, মিন্যোত আর ধইয্যর হতা জানি। আঁই জানি তুঁই হ্যারাফ মানুষঅক্যলরে সইয্য গরিত্ নঅ ফার, আর যারা সাআবি নঅ অইয়েনেঅ নিজরারে সাআবি বুলি দাবি গরে য়িতারারে ফরিক্যা গরিয়েনে চাইয়্যো আর য়িতারা দে মিছাহ্যোর য়িয়ানর ফরমানঅ ফাইয়্যো।

3 তোঁয়ার ধৈয্য আছে আর তুঁই আঁর লাই বউত হষ্ট সিকার গইজ্যো, অঅরান অই
নঅঅ ফর।
4 তঅঅ তোঁয়ার বিরুদ্যে আঁর এই হতা হইবার আছে দে, আঁর লাই ফইল্যাদি তোঁয়ার
যে ডইল্যা মহব্যত আছিল্ য়িয়ান তুঁই আআরাই ফেইল্যো।
5 ভাবি চঅ, তুঁই হত উচুলর ত্যুন হত নিচদি লামি গেইয়্যো। এই অবস্তার ত্যুন তুঁই মন
ফিরঅ আর ফইল্যাদি যে হামগিন গইত্যা য়েগিনত ফিরি যঅ। যুদি তুঁই মন নঅ
ফিরঅ তইলে আঁই তোঁয়ার হাছে আইয়েনে তোঁয়ার বাত্যিদানিগান য়িয়ানর জাগার ত্যুন
সরাই ফেইল্যোম।
6 তঅ এই এক্যান গুন তোঁয়ার আছে দে, নিকলায়তিয়অক্যলে যেগিন গরে য়েগিন তুঁই
ঘিনা গর, আর আঁইঅ য়েগিন ঘিনা গরি।
7 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর। যিবা
জিতিবো য়িবারে আঁই আল্লাহ্র জান্যাতুল-ফেরদোসর জিবন-গাছর ফল হ্যাইতো দিয়োম।

ইজমিরর জামাতর হাছে

8 "ইজমির শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য —
যিবা ফইল্যা আর শেষ, যিবা মইজ্যেল্ আর জিন্দা অইয়্যে, তেঁই এই হতা হঅর:
9 তোঁয়ার হষ্ট আর অভাবর হতা আঁই জানি, কিন্তু তঅঅ তুঁই ফুইসাআলা। নিজরারে
ইহুদি হইলেঅ যারা ইহুদি নঅঅ বরং ইবিলিসর দলর মানুষ, য়িতারা তোঁয়ার বিরুদ্যে
যেগিন হঅ য়েগিন আঁই জানি।
10 তুঁই যে হষ্টগিন ভোগ গইত্যা যাইতা লাইগ্যো য়েগিনত একদমই নঅ ডরাইয়্যো। উন,
ইবিলিস তোঁয়ারার মইধ্যে হয়েকজনরে ফরিক্যা গরিবার লাই জেলহ্যানাত দিবো, আর দশ
দিন ধরিয়েনে তোঁয়ারা হষ্ট ভোগ গরিবা। তুঁই মরন ফইয্যন্ত বিশ্যস্ত থাইক্যো, তইলে
জিতিবার মালা ইসাবে আঁই তোঁয়ারে জিবন দিয়োম।
11 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর। যিবা
জিতিবো দিতিয় মরন হনঅ মতেই য়িবার হোতি গইত্যো নঅ।

ফর্গামর জামাতর হাছে

12 "ফর্গাম শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য — যে ধার ছুরির দুই
মিক্যাদিই ধার আছে য়িয়ানর অধিকারি এই হতা হঅর:
13 তুঁই হডে বসবাস গইত্যা লাইগ্যো য়িয়ান আঁই জানি; য়েডে ইবিলিসর সিংহাসন আছে।
তঅঅ তুঁই আঁর লগে বিশ্যস্ত আছ আর আঁর উঅর তোঁয়ার ইমানরে অসিকার নঅঅ
গর। এন্ কি, যেডে ইবিলিস থাকে য়েডে যহন আঁর বিশ্যস্ত সাক্যি আন্তিফাস্ তোঁয়ারার
সাম্নদি খুন অইয়্যেল্ তহনঅ তুঁই তোঁয়ার ইমানরে অসিকার নঅঅ গর।
14 কিন্তু তঅঅ তোঁয়ার বিরুদ্যে আঁর কিছু হইবার আছে। তোঁয়ার য়েডে এন্
মানুষঅক্যল আছে যারা বালামর শিক্যা মতন চলে। বালাক বাদশারে বালাম শিক্যা

দিয়্যেল্ যেন্ য়িবা মুত্যির সাম্নদি উত্সর্গ-গরা হ্যানা হ্যঅন আর জেনা গরিবার মইধ্য দিয়েনে বনি-ইসরাইলঅক্যলরে গুনাহ্র মিক্যাদি লই যাআ।
15 য়িয়ান বাদে নিকলায়তিয়অক্যলর শিক্যা মতন যারা চলে এন্ হয়েকজনঅ তোঁয়ার য়েডে আছে।
16 হাজেই এই অবস্তার ত্যুন মন ফিরঅ। যুদি মন নঅ ফিরঅ তইলে আঁই বউত তরাতরি তোঁয়ার হাছে আইস্যোম আর আঁর মুকর ছুরি দিয়েনে য়িতারার বিরুদ্যে যুদ্য গইজ্যোম।
17 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর। যিবা জিতিবো য়িবারে আঁই লুকাইন্যা মান্যার ত্যুন এক্যানা মান্যা আর উগ্যয়া সাদা ফাত্যোর দিয়োম। য়েই ফাত্যোরর উঅরদি এন্ উগ্যয়া নয়া নাম লেহ্যা থাকিবো যিয়ান কেউ নঅ জানে; হ্যালি যিবা য়িয়ান ফাইবো য়িবাই য়িয়ান জানিবো।

থুয়াতিরার জামাতর হাছে

18 "থুয়াতিরা শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য — ইব্নুল্লাহ্, যিবার চোগ আগুনর শিকার মতন আর ঠেং বউত চক্চইক্যা ফিতোলর মতন তেঁই এই হতা হঅর:
19 আঁই তোঁয়ার হাম, তোঁয়ার মহব্যত, তোঁয়ার বিশ্যাস, তোঁয়ার সেবা আর তোঁয়ার ধইয্যর হতা জানি। আর তুঁই ফইল্যাদি যে হামগিন গজ্যিলা য়েগিনর ত্যুন এহন দে আরো বেশি হাম গইত্যা লাইগ্যো য়েই হতাঅ আঁই জানি।
20 তঅঅ তোঁয়ার বিরুদ্যে আঁর এই হতা হইবার আছে দে, তুঁই ইশেবল নামর য়েই মাইয়্যাফোয়ার অন্যায় সইয্য গইত্যা লাইগ্যো। এই ইশেবল নিজরে নবি হঅ। য়িবার শিক্যার মইধ্য দিয়েনে য়িবা আঁর গোলামঅক্যলরে ভুলার যেন্ য়িতারা জেনা গরে আর মুত্যির হাছে উত্সর্গ-গরা হ্যানা হ্যাআ।
21 জেনার ত্যুন মন ফিরাইবার লাই আঁই য়িবারে সময় দিয়্যিলাম কিন্তু য়িবা মন ফিরাইতো রাজি নঅঅ অঅ।
22 য়িয়ানর লাই আঁই য়িবারে বিছানাত ফেলাই রাইক্যোম, আর যারা য়িবার লগে জেনা গরে য়িতারা যুদি জেনার ত্যুন মন নঅ ফিরাআ তইলে য়িতারারে বিরাট হষ্টর মইধ্যে ফেইল্যোম।
23 য়িবার ফোয়ামাইয়্যাঅক্যলরেঅ আঁই মারি ফেইল্যোম। য়িয়ানত বেক জামাতগিন জানিত্ ফারিবো দে, আঁইই মানুষর দিল্ আর মন তালাইশ গরি চাই। আঁই হাম অনুযায়ি তোঁয়ারার ফত্যিকরে ফল দিয়োম।
24 অঅ থুয়াতিরার বাকি মানুষঅক্যল, তোঁয়ারা যারা য়েই শিক্যামতন নঅ চল আর যিয়ানরে ইবিলিসর য়েই গভির শিক্যা হোয়া অঅ য়িয়ান নঅ জান, তোঁয়ারারে আঁই হইর: তোঁয়ারার উঅর আঁই অইন্য হনঅ ভার নঅ দিয়োম।
25 হ্যালি যেগিন তোঁয়ারার আছে, আঁই নঅ আইয়্যোন ফইয্যন্ত য়েগিন শক্ত গরিয়েনে ধরি রাক।

26-27 বাবা যেইল্যা আঁরে অক্যল জাতির উঅরদি হোত্যিত্য দিয়্যে, য়েইল্যা যিবা জিতিবো আর আঁই যিয়ান চাই য়িয়ান শেষ ফইয্যন্ত গইত্যো থাকিবো য়িবারেঅ আঁই য়েই হোত্যিত্য দিয়োম। য়িবা লোআর ডান্ডা দিয়েনে য়িতারারে শাসন গরিবো আর মেডির ফাত্রর মতন য়িতারারে চুরমার গরি ফেলিবো।
28 যিবা জিতিবো য়িবারে আঁই বেইন্যা ফজরর তারাঅ দিয়োম।
29 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর।

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 3

সাদ্যির জামাতর হাছে

1 "সাদ্যি শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য — আল্লাহ্র সাত্যুয়া রুহ্ আর সাত্যুয়া তারা যিবা ধরি আছে তেঁই এই হতা হঅর: আঁই তোঁয়ার হামর হতা জানি। জিন্দা আছ বুলিয়েনে তোঁয়ার বউত সুনাম আছে, কিন্তু আসলে তুঁই মরা।
2 তুঁই অঅজাগ অই উঢ আর বাদবাকি যেগিন মরিবার মতন অইয়্যে য়েগিন শক্তিশালি গরি তুল, হারন আঁর আল্লাহ্র সাম্নদি তোঁয়ার হনঅ হামই আঁই শেষ অইতো নঅঅ দেকি।
3 ইয়ানর লাই যেগিন তুঁই ফাইয়্যো ও উইন্যো য়েগিন মনত্ গর ও ফালন গর, আর এই অবস্তার ত্যুন মন ফিরঅ। যুদি তুঁই অঅজাগ অই নঅ উঢ তইলে আঁই চোরর মতন আইস্যোম, আর আঁই হঅন্ সমত তোঁয়ার হাছে আইস্যোম য়িয়ান তুঁই জানিত্অ ফাইত্যা নঅ।
4 কিন্তু সাদ্যিত্ তোঁয়ার এন্ হয়েকজন মানুষ আছে যারা য়িতারার হঅর-সোঅর, মানি সাইল্সলন হাসারা নঅঅ গরে। য়িতারা যোইগ্য বান্দা বুলিই সাদা ফোশাক ফিঁদিয়েনে আঁর লগে চলাফিরা গরিবো।
5 যিবা জিতিবো য়িবা এই ডইল্যা সাদা ফোশাক ফিঁদিবো। জিবন-কিতাবর ত্যুন য়িবার নাম আঁই হনঅ দিনঅ ফুছি নঅ ফেইল্যোম, বরং আঁর বাবা আর তেঁইর ফেরেস্তাঅক্যলর সাম্নদি আঁই য়িবারে সিকার গরি লইয়োম।
6 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর।

ফিলাদেলফিয়ার জামাতর হাছে

7 "ফিলাদেলফিয়া শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য —
যিবা ফবিত্র আর আঁসা, যিবার হাছে দাউদর চাবি আছে, যিবা খুলিলে কেউ বন্ধ গরিত্ নঅ ফারে আর বন্ধ গইল্যে কেউ খুলিত্ নঅ ফারে,
8 তেঁই এই হতা হঅর: আঁই তোঁয়ার হামর হতা জানি। চঅ, আঁই তোঁয়ার সাম্নদি এক্যান খোলা দরজা রাকিলাম যিয়ান বন্ধ গরিবার হ্যমতা কেউঅর নাই। আঁই জানি তোঁয়ার শক্তি বউত হম, কিন্তু তঅঅ তুঁই আঁর কালাম ফালন গইজ্যো আর আঁরে অসিকার নঅঅ গর।

9 যারা নিজরারে ইহুদি হঅ অথচ ইহুদি নঅঅ, ইবিলিসর দলর য়েই মিছাহ্যোর
মানুষঅক্যলরে আঁই তোঁয়ার হাছে আনাইয়্যোম ও তোঁয়ার ঠেংগত ধরিয়েনে সালাম
গরাইয়্যোম, আর য়িতারারে জানাই দিয়োম দে, আঁই তোঁয়ারে মহব্যত গরি।
10 ধৈয্য ধরিবার যে উকুম আঁই দিয়্যিলাম য়িয়ান তুঁই ফালন গইজ্যো; য়িয়ানর লাই এই
দুনিয়ার উঅরদি যে হষ্টর সময় আইয়্যের য়েই সময়র ত্যুন আঁই তোঁয়ারে রক্যা
গইজ্যোম। যারা এই দুনিয়ার য়িতারারে ফরিক্যা গরিবার লাই এই হষ্টর সময় আইবো।
11 আঁই বউত তরাতরি আইর্। তোঁয়ার যিয়ান আছে য়িয়ান শক্ত গরিয়েনে ধরি রাক,
যেন্ কেউ তোঁয়ার জিতিবার ফুরস্কার হারি নঅ লঅ।
12 যিবা জিতিবো য়িবারে আঁই আঁর আল্লাহ্র ঘরর এক্যান হ্যাম্বা বানাইয়্যোম; য়িবা আর
হনঅ দিনঅ বাইরে যাইতো নঅ। আঁই য়িয়ানর উঅরদি আঁর আল্লাহ্র নাম আর আঁর
আল্লাহ্র শঅরর নাম লেইক্যোম। নয়া জেরুজালেমই য়েই শঅর। বেহেস্তর মইধ্যর ত্যুন
আঁর আল্লাহ্র হাছর ত্যুন এই শঅর লামি আইবো। যিবা জিতিবো আঁই য়িবার উঅর
আঁর নয়া নামঅ লেইক্যোম।
13 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর।

লায়দিকেয়ার জামাতর হাছে

14 "লায়দিকেয়া শঅরর জামাতর ফেরেস্তার হাছে এই হতা লেহ্য —
যিবা আমিন, যিবা বিশ্যস্ত আর আঁসা সাক্যি, যিবা আল্লাহ্র সিষ্টির মেইন, তেঁই এই
হতা হঅর: আঁই তোঁয়ার হামর হতা জানি।
15 তুঁই ঠান্ডাঅ নঅ, গরমঅ নঅ। তুঁই অঅ ঠান্ডা নঅত গরম অইলে ভালা অইতো।
16 কিন্তু তুঁই নঅ ঠান্ডা নঅ গরম, য়িয়ানর লাই আঁই তোঁয়ারে আঁর মুকর ত্যুন সেফর
মতন গরিয়েনে ফেলি দিয়োম।
17 তুঁই হইতা লাইগ্যো, 'আঁই ফুইসাআলা; আঁই উঁর মানুষ অইয়্যি, য়িয়ানর লাই আঁর
হনঅ কিছ্যুর অভাব নাই।' বঅর ভালা, কিন্তু তুঁই তঅ নঅ জান দে, তুঁই দুক্যি,
দয়ার ফাত্র, গরিব, আঁধা আর লেংটা।
18 য়িয়ানর লাই আঁই তোঁয়ারে এই উফদেশ দিইর — তুঁই আঁর হাছর ত্যুন আগুনত্
ফোড়াইয়েনে হ্যাঁটি গরা সোনা কিনি লঅ যেন্ তুঁই ফুইসাআলা অইত্ ফার। আঁর হাছর
ত্যুন সাদা ফোশাক কিনিয়েনে ফিঁদ যেন্ তোঁয়ার লেংটা অবস্তার শরম দেহ্যা নঅ যাআ।
আঁর হাছর ত্যুন চোগত দিবার মল্যম কিনি লঅ যেন্ তুঁই দেকিত্ ফঅ।
19 আঁই যারারে মহব্যত গরি য়িতারারই দোষ দেহ্যাই দিই আর শাসন গরি। য়িয়ানর
লাই এই অবস্তার ত্যুন মন ফিরাইতো আগ্রয়ি অঅ।
20 চঅ, আঁই দরজার হাছে থিয়াই আঘাত গরির। কেউ যুদি আঁর গলার আবাজ
উনিয়েনে দরজা খুলি দেঅ তইলে আঁই ভিতরে য়িবার হাছে যাইয়্যোম ও য়িবার লগে
হ্যানা-দানা গইজ্যোম, আর য়িবাঅ আঁর লগে হ্যানা-দানা গরিবো।
21 "আঁই জিতিয়েনে যেইল্যা আঁর বাবার লগে তেঁইর সিংহাসনত্ বোস্যি, ঠিগ য়েইল্যা
যিবা জিতিবো য়িবারে আঁই আঁর লগে আঁর সিংহাসনত্ বোইবার অধিকার দিয়োম।

22 যিবার উনিবার হান আছে য়িবা উনক, ফাক-রুহ্ জামাতগিনরে কি হঅর।”

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 4

বেহেস্তর সিংহাসন

1 ইয়ার ফরদি আঁই বেহেস্তর এক্যান দরজা খোলা দেকিত্ ফাইলাম। শিংগার আবাজর মতন যিবার গলার আবাজ আগে আঁই উন্যিলাম তেঁই আঁরে হইল্, “তুঁই এডে উটি আইয়্যো। এগিন বেক্যিনর ফরদি যেগিন অবইশ্যই ঘইট্যো যাআর য়েগিন আঁই তোঁয়ারে দেহ্যাইয়্যোম।”
2 আর তহনই আঁই ফাক-রুহ্র বশত বেহেস্তত্ উগ্যয়া সিংহাসন দেকিত্ ফাইলাম। আঁই দেকিলাম, য়েই সিংহাসনত্ একজন বোই আছে।
3 তেঁইর চিয়ারা ঠিগ হিরা আর সাদ্যিয় মনির মতন। সিংহাসনগানর চাইরোমিক্যাদি উগ্যয়া রংধনু আছিল্; য়িয়ান দেইক্তে ঠিগ এক্যান ফান্যার মতন।
4 য়েই সিংহাসনর চাইরোমিক্যাদি আরো চব্যিশ্যয়া সিংহাসন আছিল্, আর য়েই সিংহাসনগিনত্ চব্যিশজন নেতা বোই আছিল্। য়িতারার ফোশাক আছিল্ সাদা আর য়িতারার মাথাত সোনার তাজ আছিল্।
5 য়েই সিংহাসনগানর ত্যুন বিজ্লি, ভয়ংকর আবাজ আর ঠাঢারর আবাজ বাইর অইতো আছিল্। সিংহাসনর সাম্নদি সাত্যুয়া বাত্যি জইল্তো আছিল্। য়েই বাত্যিগিন আল্লাহ্র সাত্যুয়া রুহ্।
6 য়েই সিংহাসনর সাম্নদি যেন্ ফোটিকর মতন ফরিষ্কার এক্যান আইনার সমুদ্র আছিল্। য়েই সিংহাসনগিনর মাঝদির সিংহাসনগানর চাইরোফাশদি চাইরজন ফ্রানি আছিল্। য়িতারার সাম্নদির আর ফিছদির মিক্যা চোগে ভরা আছিল্।
7 ফইল্যা ফ্রানিউয়ার চিয়ারা সিংহর মতন, দিতিয়উয়ার গরুর বাইচ্যার মতন, তিতিয়উয়ার মানুষর মতন আর চাইর লম্বরগানর উড়ন্ত ইগল ফাকির মতন।
8 এই চাইরজন ফ্রানির ফত্যিকর ছ্যোউয়্যা গরিয়েনে ফাক আছিল্ আর বেক জাগা চোগে ভরা আছিল্। য়েই ফ্রানিগিন দিন-রাইত এই হতাই হইতো আছিল্, “সর্বশক্তিমান মাবুদ আল্লাহ্, যিবা আছিল্, যিবা আছে আর যিবা আইয়্যের, তেঁই ফবিত্র, ফবিত্র, ফবিত্র।”
9 চিরজিবন্ত মাবুদ আল্লাহ্, যিবা সিংহাসনত্ বোই আছে, এই ফ্রানিগিন যহনই তেঁইরে ফশংসা, সম্যান আর শুকরিয়া জানাআ,
10 তহন য়েই চব্যিশজন নেতা সিংহাসনর অধিকারি, মানি যিবা চিরহাল ধরিয়েনে জিন্দা আছে তেঁইরে উইত অইয়েনে সইদা গরে। এই নেতাঅক্যলে তহন য়েই সিংহাসনর সাম্নদি য়িতারার তাজ খুলি রাকিয়েনে হঅ,
11 “আঁরার মাবুদ আর আল্লাহ্, তুঁই ফশংসা, সম্যান আর হ্যমতা ফাইবার যোইগ্য, হারন তুঁইই বেক কিছু সিষ্টি গইজ্যো; আর তোঁয়ারই ইছ্যাত য়েগিন সিষ্টি অইয়্যে ও টিগি আছে।”

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 5

1 যিবা য়েই সিংহাসনর উঅর বোই আছিল্ তেঁইর ডাইন আতত্ আঁই উগ্যয়া কিতাব
দেকিলাম। কিতাব্যুয়ার ভিতরে আর বাইরে লেহ্যা আছিল্ আর সাত্যুয়া মোঅর দিয়েনে
সিলমোঅর গরা আছিল্।
2 ফরদি আঁই একজন শক্তিশালি ফেরেস্তারে জোর গলাত এই হতা হইতো উনিলাম, "হনে
এই সিলমোঅরগিন ভাঁগিয়েনে কিতাব্যুয়া খুলিবার যোইগ্য?"
3 কিন্তু বেহেস্তত্ বা দুনিয়াত বা দুনিয়ার গভিরত কেউই য়েই কিতাব্যুয়া খুলিত্ নঅ
ফারিল, ভিতরে চাইত্অ নঅ ফারিল্।
4 তহন আঁই বউত হাঁইন্তো লাগিলাম, হারন এন্ কেউঅরে ফাআ নঅ গেল্ যিবা য়েই
কিতাব্যুয়া খুলিবার বা চাইবার যোইগ্য।
5 ফরদি নেতাঅক্যলর মইধ্যে একজন আঁরে হইল্, "নঅ হাঁইন্দো। এহুদা বংশর সিংহ,
যিবা দাউদর বংশধর, তেঁই জিতি গেইয়্যে। তেঁইই য়েই সাত্যুয়া সিলমোঅর ভাঁগিয়েনে
কিতাব্যুয়া খুলিত্ ফারে।"
6 চাইরজন ফ্রানি আর নেতাঅক্যলর মাঝদি যে সিংহাসনগান আছিল্ য়িয়ানর উঅর
উগ্যয়া ভেরার বাইচ্যারে আঁই খিয়াই থাইক্তো দেকিলাম। আঁর মনে অইতো আছিল্ যেন্
য়েই ভেরার বাইচ্যারে মারি ফেলা অইয়্যেল্। য়েই ভেরার বাইচ্যার সাত্যুয়া শিং আর
সাত্যুয়া চোগ আছিল্। আল্লাহ্র যে সাত্যুয়া রুহ্রে দুনিয়ার বেক জাগাত ফাটাআ অঅ
এই চোগগিন আছিল্ য়েই সাত্যুয়া রুহ্।
7 ফরদি য়েই ভেরার বাইচ্যা আইয়েনে যিবা সিংহাসনত্ বোই আছিল্ তেঁইর ডাইন আতর
ত্যুন কিতাব্যুয়া লইল্।
8 কিতাব্যুয়া লইবার ফর য়েই চাইরজন ফ্রানি আর চব্যিশজন নেতা ভেরার বাইচ্যার
সাম্নদি উইত অইল্। য়িতারার ফত্যিকর আতত্ উগ্যয়া গরিয়েনে বিনা ও উগ্যয়া
গরিয়েনে ধুফ ভরা সোনার ফেঁলা আছিল্। য়েই ধুফ ভরা ফেঁলাগিন অইল্ আল্লাহ্র
বান্দাঅক্যলর মুনাজাত।
9 য়িতারা এই নয়া হাউয়ালিগান গাইতো আছিল্: "তুঁইই য়েই কিতাব্যুয়া নিয়েনে য়িয়ানর
সিলমোঅরগিন খুলিবার যোইগ্য, হারন তোঁয়ারে মারি ফেলা অইয়্যেল্। তুঁইই তোঁয়ার রক্ত
দিয়েনে ফত্যি বংশ,
ভাষা, দেশ আর জাতির মইধ্যর ত্যুন আল্লাহ্র লাই মানুষঅক্যলরে কিন্যো।
10 তুঁই য়িতারারে নিয়েনে উগ্যয়া রাইজ্য বানাই তুইল্যো আর আঁরার আল্লাহ্র এবাদত-
হাম গরিবার লাই ইমাম বানাইয়্যো। দুনিয়াত য়িতারাই রাজত্য গরিবো।"
11 ফরদি আঁই চাই দেকিলাম; আর আঁই য়েই সিংহাসন, ফ্রানি ও নেতাঅক্যলর
চাইরোমিক্যাদি বউত ফেরেস্তার গলার আবাজ উনিলাম। য়েই ফেরেস্তাঅক্যলে আছিল্
সইংক্যাত আজার আজার, কুটি কুটি।
12 য়িতারা জোরে জোরে এই হতা হইতো আছিল্: "যে ভেরার বাইচ্যারে মারি ফেলা
অইয়্যেল্, তেঁইই হ্যমতা, ধন, গেয়ান, শক্তি, সম্যান,
গোরব আর ফশংসা ফাইবার যোইগ্য।"

13 তারফর বেহেস্তত্, দুনিয়াত, দুনিয়ার গভিরত্ আর সমুদ্রত যেত ফ্রানি আছে, এন্
কি, য়েগিনর মইধ্যে আর যা কিছু আছে বেক্যিনরে আঁই এই হতা হইতো উনিলাম:
"সিংহাসনর উঅরদি যিবা বোই আছে তেঁইর আর য়েই ভেরার বাইচ্যার ফশংসা, সম্যান,
গোরব ও হ্যমতা চিরহাল থক্।"
14 য়েই চাইরজন ফ্রানি হইল্, "আমিন।" তারফর য়েই নেতাঅক্যল উইত অইয়েনে সইদা
গরিল্।

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 6

সিলমোঅরগিন

1 ভেরার বাইচ্যা যহন য়েই সাত্যুয়া সিলমোঅরর ফইল্যাউয়া ভাঁইংতো আছিল্ তহন আঁই
চাই দেকিলাম; আর আঁই য়েই চাইরজন ফ্রানির মইধ্যে একজনরে ঠাঢার ফরিবার মতন
আবাজে হইতো উনিলাম, "আইয়্যো।" তহন আঁই উগ্যুয়া সাদা ঘোড়া দেকিত্ ফাইলাম।
2 যিবা য়িয়ানর উঅরদি বোই আছিল্ তেঁইর আতত উগ্যুয়া ধনুক আছিল্। তেঁইরে
উগ্যুয়া তাজ দেয়া অইল্ আর তেঁই জিতইন্যার মতন বাইর অইয়েনে জয় গইত্যে গইত্যে
চলিল্।
3 ভেরার বাইচ্যা যহন দিতিয় সিলমোঅর ভাঁগিল্ তহন আঁই দিতিয় ফ্রানিরে হইতো
উনিলাম, "আইয়্যো।"
4 তহন আগুনর মতন লাল অইন্য উগ্যুয়া ঘোড়া বাইর অই আইল্। যিবা য়েই ঘোড়ার
উঅর বোই আছিল্ তেঁইরে দুনিয়ার ত্যুন শান্তি তুলি লইবার হ্যমতা দেয়া অইল্, যেন্
মাইন্ষ্যে একজন অইন্যজনরে মারি ফেলে। তেঁইরে উগ্যুয়া উঁর তলোয়ারঅ দেয়া অইল্।
5 ভেরার বাইচ্যা যহন তিতিয় সিলমোঅর ভাঁগিল্ তহন আঁই তিতিয় ফ্রানিরে হইতো
উনিলাম, "আইয়্যো।" তারফর আঁই উগ্যুয়া হালা ঘোড়া দেকিত্ ফাইলাম। যিবা য়েই
ঘোড়াউয়ার উঅরদি বোই আছিল্ তেঁইর আতত্ উগ্যুয়া দাঁড়িফল্যা আছিল্।
6 আর আঁই য়েই চাইরজন ফ্রানির মাঝদি কেউঅরে হইতো উনিলাম, "একজন ডেলি
লেবারর এক দিনর ইন্কামে হ্যালি এক কেজি গেঁউ বা তিন কেজি যব ফাআ যাআ।
তেল আর আংগুর-রস তুঁই নষ্ট নঅ গইজ্যো।"
7 ভেরার বাইচ্যা যহন চাইর লম্বর সিলমোঅর ভাঁগিল্ তহন আঁই চাইর লম্বর ফ্রানিরে
হইতো উনিলাম, "আইয়্যো।"
8 তহন আঁই উগ্যুয়া ফেকাইশ্যা রংগর ঘোড়া দেকিত্ ফাইলাম। যিবা য়েই ঘোড়ার
উঅরদি বোই আছিল্ তেঁইর নাম মরন; আর মরা রুহ্গিনর জাগাউয়া ঠিগ তেঁইর
ফিছদি ফিছদি সইল্তো আছিল। দুনিয়ার চাইর ভাগর এক ভাগর উঅরদি য়িতারারে
হ্যমতা দেয়া অইল্, যেন্ য়িতারা তলোয়ার, দুর্বিক্য, মরন আর দুনিয়ার বইন্য জন্তু
দিয়েনে মানুষঅক্যলরে মারি ফেলে।
9 যহন তেঁই ফাঁচ লম্বর সিলমোঅর ভাঁগিল্ তহন আঁই উগ্যুয়া হোরবানগাহ্র নিচদি এন্
বেক মানুষর রুহ্ দেকিত্ ফাইলাম যারারে আল্লাহ্র কালামর লাই আর সাক্যি দিবার
লাই মারি ফেলা অইয়্যেল্।

10 য়িতারা জোরে চিল্যাইয়েনে হইল্, “অঅ ফবিত্র ও সইত্যময় মালিক, যারা এই
দুনিয়ার, য়িতারার বিচার গইত্যো আর য়িতারার উঅর আঁরার রক্তর ফতিশোধ লইতো
তুঁই আর হত দেরি গরিবা?”
11 তহন য়িতারার ফত্যিকরে উগ্যয়া গরিয়েনে সাদা ফোশাক দেয়া অইল্ আর হোয়া
অইল্, য়িতারার সঅ-গোলাম আর ভাইঅক্যলরে, যারারে য়িতারারই মতন গরিয়েনে
মারি ফেলা অইবো য়িতারার সইংক্যা ফুরন নঅ অঅন ফইয্যন্ত য়িতারা যেন্ আরো
কিছুদিন অফেক্যা গরে।
12 তারফর আঁই দেকিলাম, তেঁই যহন ছঅ লম্বর সিলমোঅর ভাঁগিল্ তহন বিরাট ভুসাল
অইল্। সুয্য এক্যবারে হালা অই গেল্ আর গোডা চাঁনগানই রক্তর মতন লাল অই
উটিল্।
13 জোর বাতাস বইলে যেইল্যা ডোংগুলা গাছর ত্যুন ডোংগুলা অসময়ে ফরি যাআ ঠিগ
য়েইল্যা গরিয়েনে আসমানর তারাগিন দুনিয়ার উঅর হ্যোসি ফরিল্।
14 বডি রাকা হঅজর মতনই আসমান বডি গেল্; আর ফত্যিউয়া ফাআর ও দিফ নিজর
নিজর জাগার ত্যুন সরি গেল্।
15 দুনিয়ার অক্যল বাদশা আর মেইন মানুষ, সেনাফতি, ফুইসাআলা ও শক্তিশালি মানুষ
আর ফত্যি গোলাম ও সাধিন মানুষ ফাআরর গাঁতাত গাঁতাত আর ফাত্যোরর আড়ালে
আড়ালে নিজরারে লুকাই ফেলিল্।
16 য়িতারা ফাআর ও ফাত্যোরগিনরে হইল্, “আঁরার উঅরদি ফর আর যিবা য়েই
সিংহাসনত্ বোই আছে তেঁইর মুকর সাম্নদির ত্যুন ও ভেরার বাইচ্যার গজবর ত্যুন
আঁরারে লুকাই রাক,
17 হারন য়িতারার গজব নাজিলর য়েই মআন দিন আই ফইজ্যে, আর হনে য়িয়ানর
সাম্নদি থিয়াই থাকিত্ ফারে?”

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 7

সিলমোঅর গরা এক লাক চুচল্লিশ আজার ইসরাইলিয়

1 ইয়ার ফর আঁই চাইরজন ফেরেস্তারে দুনিয়ার চাইর হোনাত্ থিয়াই থাইক্তো
দেকিলাম। য়িতারা দুনিয়ার চাইর হোনার বাতাস আট্কাই রাইক্যেল্, যেন্ দুনিয়া, সমুদ্র
বা হনঅ গাছর উঅর বাতাস নঅ বাআ।
2 ফরদি আঁই আর একজন ফেরেস্তারে ফুক মিক্যাদির ত্যুন উটি আইস্তো দেকিলাম।
তেঁইর হাছে জিন্দা আল্লাহ্র সিলমোঅর আছিল্। যে চাইরজন ফেরেস্তারে দুনিয়া আর
সমুদ্রর হোতি গরিবার হ্যমতা দেয়া অইয়্যেল্ য়েই চাইরজন ফেরেস্তারে তেঁই বউত
জোরে চিল্যাইয়েনে হইল্,
3 “আঁরার আল্লাহ্র গোলামঅক্যলর হোয়ালত্ সিলমোঅর নঅ দঅন ফইয্যন্ত দুনিয়া, সমুদ্র
বা গাছফালার হোতি নঅ গইজ্যো।”

4 তারফর আঁই য়েই সিলমোঅর গরা মানুষঅক্যলর সইংক্যা উনিলাম। বনি-
ইসরাইলঅক্যলর বেক বংশর মইধ্যর ত্যুন মোট এক লাক চুচল্লিশ আজার মানুষরে
সিলমোঅর গরা অইয়্যেল্:
5 এহুদার বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
রুবেনর বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
গাদর বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
6 আশেরর বংশর মইধ্যর ত্যুন বারো আজার। নফ্তালির বংশর মইধ্যর ত্যুন বারো
আজার। মানশার বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
7 শিমিয়োনর বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
লেবির বংশর মইধ্যর ত্যুন বারো আজার। ইষাখরর বংশর মইধ্যর ত্যুন বারো আজার।
8 সবুলুনর বংশর মইধ্যর ত্যুন বারো আজার। ইউসুফর বংশর মইধ্য ত্যুন বারো
আজার।
বিন্ইয়ামিনর বংশর মইধ্যর ত্যুন বারো আজার।

সাদা ফোশাক ফিঁদা মানুষর ভিড়

9 ইয়ার ফরদি আঁই ফত্যি জাতি, বংশ, দেশ আর ভাষার মইধ্যর ত্যুন এত মানুষর
ভিড় দেকিলাম দে, য়িতারার সইংক্যা কেউ গনিত্ নঅ ফারিল্। সাদা ফোশাক ফিঁদিয়েনে
য়িতারা য়েই সিংহাসন আর ভেরার বাইচ্যার সাম্নদি হ্যাজুর ফাতা আতত লই থিয়াই
আছিল্।
10 য়িতারা জোরে চিল্যাইয়েনে হইতো আছিল্: "যিবা সিংহাসনত্ বোই আছে, আঁরার য়েই
আল্লাহ্ আর ভেরার বাইচ্যার আততই গুনাহ্র ত্যুন নাজাত রইয়্যে।"
11 তারফর ফেরেস্তাঅক্যলে বেক্যিনেই য়েই সিংহাসনর, নেতাঅক্যলর আর চাইরজন
ফ্রানির চাইরোফাশদি থিয়াইল্। য়িতারা সিংহাসনর সাম্নদি উইত অইয়েনে আল্লাহ্রে সইদা
গরি হইল্,
12 "আমিন। ফশংসা, গোরব, গেয়ান, শুকরিয়া, সম্যান, হ্যমতা আর শক্তি চিরহাল
ধরিয়েনে আঁরার আল্লাহ্রই অঅক। আমিন।"
13 তহন একজন নেতা আঁরে হইল্, "সাদা ফোশাক ফিঁদা এই মানুষঅক্যল হারা? আর
হডের ত্যুনই বা য়িতারা আইস্যে?"
14 আঁই তেঁইরে হইলাম, "সঅন, য়িয়ান অনেই জানন্।" তেঁই আঁরে হইল্, "য়েই মঅাহষ্টর
মইধ্যর ত্যুন যারা আইস্যে ইতারা তারাই। ইতারা ইতারার ফোশাক ভেরার বাইচ্যার
রক্তত্ ধুইয়েনে সাদা গইজ্যে।
15 য়িয়ানর লাই ইতারা আল্লাহ্র সিংহাসনর সাম্নদি আছে আর বেহেস্তর এবাদত-
হ্যানাত্ ইতারা দিন-রাইত তেঁইর এবাদত গরের। যিবা সিংহাসনর উঅরদি বোই আছে
তেঁইই ইতারার উঅরদি তেঁইর তাম্বু হ্যাডাইবো।
16 ইতারার আর ভুগ লাইগ্দো নঅ, তিরাশঅ লাইগ্দো নঅ; সুয্যর তেজ ইতারার
গাআত আর লাইগ্দো নঅ, বঅর বেশি গরমঅ লাইগ্দো নঅ,

17 হারন য়েই ভেরার বাইচ্যা যিবা সিংহাসনর উঅরদি আছে তেঁইই ইতারার
ভেরাচরাইন্যা অইবো। জিন্দা ফানির ঝন্যার হাছে তেঁই ইতারারে লই যাইবো, আর
আল্লাহ্ ইতারার চোগর ফানি ফুছি দিবো।”

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম ৪

সাত লম্বর সিলমোঅর

1 তারফর ভেরার বাইচ্যা যহন সাত লম্বর সিলমোঅর ভাঁগিল্ তহন বেহেস্তত্ অনুমান
আধা ঘন্টা ধরিয়েনে হনঅ ডইল্যা আবাজ উনা নঅ গেল্।
2 যে সাতজন ফেরেস্তা আল্লাহ্র সাম্নদি থিয়াই থাকে আঁই য়িতারারে দেকিত্ ফাইলাম।
য়িতারার আতত সাত্যুয়া শিংগা দেয়া অইল্।
3 ইয়ার ফর আর একজন ফেরেস্তা আইয়েনে হোরবানগাহ্র সাম্নদি থিয়াইল্। তেঁইর
আতত্ উগ্যুয়া সোনার ধুফদানি আছিল্। তেঁইরে বউত ফরিমানে ধুফ দেয়া অইল্ যেন্
তেঁই সিংহাসনর সাম্নদির সোনার হোরবানগাহ্র উঅরদি আল্লাহ্র বেক বান্দাঅক্যলর
মুনাজাতর লগে য়েই ধুফ হোরবানি গরে।
4 য়েই ফেরেস্তার আতর ত্যুন ধুফর ধুঁয়া আল্লাহ্র বান্দাঅক্যলর মুনাজাতর লগে
উঅরদি আল্লাহ্র সাম্নদি উটি গেল্।
5 তহন য়েই ফেরেস্তা হোরবানগাহ্র ত্যুন আগুন নিয়েনে য়েই ধুফদানিগান ভরিল্ আর
দুনিয়াত ফেলি দিল্। য়িয়ানত ঠাঢার ফরিবার আবাজ ও অইন্যাইন্য ভয়ংকর আবাজ
অইল্, আর বিজ্লি চম্কাইল্ ও ভুসাল অইল্।

সাত্যুয়া শিংগা

6 যে সাতজন ফেরেস্তার আতত্ সাত্যুয়া শিংগা আছিল্, ইয়ার ফরদি য়িতারা য়েগিন
বাজাইবার লাই রেডি অইল্।
7 ফইল্যা ফেরেস্তা তেঁইর শিংগা বাজাইলে ফর রক্ত মিশাইন্যা শিল ও আগুন দুনিয়াত
ফেলা অইল্। য়িয়ানত তিন ভাগর এক ভাগ দুনিয়া, তিন ভাগর এক ভাগ গাছফালা
আর বেক হোস্যুয়া খের ফুড়ি গেল্।
8 ইয়ার ফর দিতিয় ফেরেস্তা তেঁইর শিংগা বাজাইল্। তহন বিরাট জলন্ত ফাআরর মতন
উগ্যুয়া জিনিস সমুদ্রত ফেলা অইল্। য়িয়ানত সমুদ্রর তিন ভাগর এক ভাগ ফানি রক্ত
অই গেল্,
9 সমুদ্রর তিন ভাগর এক ভাগ ফ্রানি মরি গেল্, আর তিন ভাগর এক ভাগ জাঁআস
তচনচ অই গেল্।
10 ফরদি তিতিয় ফেরেস্তা তেঁইর শিংগা বাজাইল্। তহন উগ্যুয়া উঁর তারা বাত্যির
মতন জইলতে জইলতে আসমানর ত্যুন ফরিল্।
11 য়েই তারার নাম আছিল্ সোমরাজ। তিন ভাগর এক ভাগ দইজ্যা আর ঝন্যার
উঅরদি তারাউয়্যা ফরিল্। য়িয়ানত তিন ভাগর এক ভাগ ফানি তিতা অই গেল্ আর
য়েই তিতা ফানির লাই বউত মানুষ মারা গেল্।

12 ইয়ার ফরদি চাইর লম্বর ফেরেস্তা তেঁইর শিংগা বাজাইল্। য়িয়ানত সুয্যর তিন
ভাগর এক ভাগ, চাঁনর তিন ভাগর এক ভাগ আর তারাগিনর তিন ভাগর এক ভাগ
আঁধার অই গেল্। দিনর তিন ভাগর এক ভাগত আর রাইতোর তিন ভাগর এক ভাগত
হনঅ ফঅর নঅ রইল্।
13 ফরদি আঁই উগ্যয়া ইগল ফাকিরে আসমানত্ বউত উঁচুলত উইত্যো দেকিলাম, আর
য়েই ইগল ফাকিউয়ারে জোরে হইতো উনিলাম, "অইন্য যে তিনজন ফেরেস্তা শিংগা
বাজাইতো যাআর, য়িতারার শিংগার আবাজ অইলে যারা এই দুনিয়ার য়িতারার বিফদ,
বিফদ, বিফদ অইবো।"

২৭ লম্বর সিপারা: ফকাশিত কালাম 9

1 তারফর ফাঁচ লম্বর ফেরেস্তা শিংগা বাজাইল্, আর আঁই উগ্যয়া তারা দেকিত্
ফাইলাম। তারাউয়্যা আসমানর ত্যুন দুনিয়াত ফইজ্যেল্। য়েই তারাউয়ারে আবিয়া-
দোজগর চাবি দেয়া অইল্।
2 তারাউয়্যা আবিয়া-দোজগ খুলিল্; তহন বিরাট চুলার ত্যুন যেইল্যা ধুঁয়া বাইর অঅ,
ঠিগ য়েই ডইল্যা আবিয়া-দোজগর ত্যুন ধুঁয়া বাইর অইতো লাগিল্। আবিয়া-দোজগর
ধোঁয়াত সুয্য আর আসমান আঁধার অই গেল্,
3 ও য়েই ধুঁয়ার মইধ্যর ত্যুন বউত খেরগুয়া ফরিং দুনিয়াত বাইর অই আইল্। য়েই
খেরগুয়া ফরিংগিনরে দুনিয়ার কেঁএরা-বিছার মতন হ্যমতা দেয়া অইল্।
4 য়েগিনরে হোয়া অইল্ যেন্ য়েগিনে দুনিয়ার হনঅ খের বা হোস্যুয়া হনঅ কিছু অথবা
হনঅ গাছর হোতি নঅ গরে; হ্যালি যে মানুষঅক্যলর হোয়ালত্ আল্লাহ্র সিলমোঅর নাই
য়িতারারই হোতি গরে।
5 এই মানুষঅক্যলরে মারি ফেলিবার হনঅ হ্যমতা য়িতারারে দেয়া নঅ অইল্ আঁসা, তঅ
ফাঁচ মাস ফইয্যন্ত যন্ত্রনা দিবার হ্যমতা য়িতারারে দেয়া অইল্। কেঁএরা-বিছা যহন হনঅ
মানুষরে শুম ফুটাআ তহন যেইল্যা যন্ত্রনা অঅ এই খেরগুয়া ফরিংগিনর দেয়া যন্ত্রনা
ঠিগ য়েই ডইল্যাই।
6 য়েই সমত মাইন্ষ্যে মরনর তালাইশ গরিবো কিন্তু হনঅ মতেই য়িয়ান ফাইতো নঅ;
য়িতারা মইত্যো চাইবো কিন্তু মরন য়িতারার হাছর ত্যুন ধাই যাইবো।
7 য়েই খেরগুয়া ফরিংগিন দেইক্তে যুদ্যর লাই রেডি গরা ঘোড়ার মতন। য়েগিনর
মাথাত সোনার তাজর মতন এক ডইল্যা জিনিস আছিল্, আর য়েগিনর মুকর চিয়ারা
আছিল্ মানুষর মতন।
8 য়েগিনর চুল মাইয়্যাঅক্যলর চুলর মতন আর য়েগিনর দাঁত সিংহর দাঁতর মতন।
9 য়েগিনর বুগত্ লোআর বুক রক্যার ফোশাকর মতন ফোশাক আছিল্। বউত হতাক্যিন
ঘোড়া একলগে যুদ্যর ঘোড়াগাড়ি টানি লইয়েনে দুঁরি গেলে যেইল্যা আবাজ অঅ, য়েগিনর
ফাগর আবাজ ঠিগ য়েই ডইল্যাই আছিল্।
10 য়েগিনর লেজ আর শুম কেঁএরা-বিছার লেজ ও শুমর মতন আছিল্। ফাঁচ মাস
ফইয্যন্ত মানুষঅক্যলর হোতি গরিবার শক্তি য়েগিনর লেজত্ আছিল্।

11 আবিয়া-দোজগর ফেরেস্তাই আছিল্ এই খেরগুয়া ফরিংগিনর বাদশা। য়িব্রু ভাষাত য়েই ফেরেস্তার নাম আছিল্ আবদ্যোন আর গিরিক ভাষাত আফল্যুয়োন, মানি তচনচহারি।
12 ফইল্যা বিফদ শেষ অইল্। চঅ, ইয়ার ফরদি আরো দুয়া বিফদ আইয়্যের্।
